



ছুটছে ঘোড়া। উড়ছে ধুলো। পেছনে ধেয়ে আসছে খুনীর মিছিল। কোথায় পালাবে আসেম? চারদিকে হাহাকার। গোত্রে গোত্রে যুদ্ধ। মরুর বাতাসে মানবতার করুণ কারা। মান চোখে তাদের অনন্ত প্রতীক্ষা। কবে কাটবে এ বিভীষিকার রাত।? কবে, কোন দিন?

কি অপরাধ ছিল আদী ও ওমরের? কেন হত্যা করা হল সামিরাকে? যে স্বপ্ন দেখছেন ফ্রেমস তা কি সফল হবে? সীন কি রুখতে পারবেন কিসরার ধ্বংস?

একদিকে কাইজার বা কায়সার অন্যদিকে কিসরা—রোম ও পারস্য দুই সুবিশাল আজদাহা। ইতিহাসের অনিবার্য লড়াইয়ে নিমজ্জিত ওরা। কিন্তু কি হবে এ লড়াইয়ের পরিণতি। খুনের দরিয়া সাঁতরে এগিয়ে চলেছে কিসরা। তবে কি আরবের নবীর রাণী মিথ্যে হবে? শেষ পর্যন্ত জয়ী হবে ইরানীরাই? না, কুদরতের নতুন খেলা শুরু হলো। জীবনের সব শক্তি একত্রিত করে আঘাত হানলেন কাইজার। তছনছ হয়ে গেল কিসরার-সামাজ্য। এ এক অবিশাস্য বিশ্বয়। এ বিশ্বয়ের ঘোর কাটতে না কাটতেই হেজায় থেকে এক আলোর বন্যা এসে গুড়িয়ে দিল কিসরা ও কাইজারের দঙ্কের সুউচ্চ চূড়া।

আসেম এখন কোথায়? সিপাহসালারের কন্যা ফুসতিনা তাকে কোথায় নিয়ে যাবে? সে কি পাবে সেই আলোর পরশ, যার জন্য লালায়িত আজ সমগ্র বিশ্ব?

## প্রীতি প্রকাশন

১৯১, বড় মগৰাজার ঢাকা—১২১৭

## নসীম হিজাযীর শ্রেষ্ঠ উপন্যাস

## ক্টান্নসান্ন ও কিসন্না

PriyoBoi.Com ্যক্র	1
Facebook.Com/PriyoBoi	ক
দিলাম।	
Twitter.com/PrivoBoi	



জেরজালেমের পাঁচ মাইল দূরে এক সরাইখানা। চারপাশে তার উঁচু দেয়াল। বাইরে থেকে মনে হয় কিল্লার পাঁচিল। এক বিষন্ন দুপুরে দিতীয়বারের মত এখানে এসে পাঁছিল জাসেম। সাথে শক্ত–সামর্থ চাকর ওবায়েদ। ওরা দামেশক যাবার পথে এখানে এক রাত অবস্থান করেছিল।

বাসেম সদ্য কৈশোর উত্তীর্ণ তরুণ। এ ধরনের তরুনদের কাছ থেকে মানুষ প্রাণউচ্ছল মন মাতানো হাসির ঝংকার শুনতেই বেশী পছন্দ করে। সে তুলনায় তাকে একটু বেশী গন্তীর দেখাছে। যদিও সে সুদর্শন এবং নিটোল স্বাস্থ্যের অধিকারী তবু তার উপর দিয়ে যে অনেক ঝড় বরে গেছে দেখলেই বুঝা যায়। পোশাকে আশাকে সে এক সম্রান্ত আরবেরই মত। তার বলমলে চোখে অহংকার, সাহসিকতা আর ব্যক্তিত্ব খেলা করছে। তার কোমরে তরবারী কুলানো। পিঠে তীরে ভরা তুনীর আর ধন্। তেন্দী এক ঘোড়ার পিঠে বসেছিল আসেম। বসার সে ভঙ্গি দেখলে মনে হয়, ডানে বাঁয়ে সশস্ত্র দুশমন থাকলেও তার দৃঢ়তায় কোন পার্থক্য আসতনা। অথবা আরবী পোশাক ছাড়া রোমান সৈনিকের ইউনিফর্মে থাকলে এবং পেছনে গোলামের পরিবর্তে সৈন্য বাহিনী হলে তার নির্ভাক দৃষ্টিই ঘোষনা করত বিজয় বার্তা।

লয়া চওড়া পেটা শরীর ওবায়েদের। আসেমের চাইতে দশ বার বছরের বড়। ও বসেছিল উটের পিঠে। আরেকটা মাল বোঝাই উট তার উটের রশির সাথে বাঁধা।

আসেম এবং ওবায়েদ সরাইখানার ফটকের কাছে নেমে উট এবং ঘোড়া নিয়ে ভিতরে প্রবেশ করল। সরাইখানাটি দোতালা। সামনে প্রশন্ত আঙ্গিনা। খেজুর পাতায় ছাওয়া বারালা। বারালার একদিকে সাধারণ পথিকদের জন্য চাটাই পাতা। অন্যদিকে ক'খানা পুরনো টেবিল বেঞ্চ। আঙ্গিনার একপাশে আঞ্জির আর জয়তুন গাছের বাগান। বায়ের দেয়াল লাগোয়া ছাপরা আতাবল হিসেবে ব্যবহৃত হয়। ওখানে ঘোড়া এবং উট বাঁধা। কাছেই গাছের ছায়ায় বিশ্রাম লিঞ্জিল ক'জন পথিক।

একটা টেবিলের চারপাশে বসে চারজন ইহুদী জুয়া খেলছিল। একুটু দূরে এক দীর্ঘদেহী 
নিরীর বসে বসে মদ খাচ্ছে। পোশাকে আশাকে তাকে কোন কবিলার সর্দার বলে মনে হয়।
পাশে মাথা নুয়ে দাঁড়িয়েছিল তার কাফ্রী ক্রীতদাস। হাতে মদের সোরাহী। তরবারী ছাড়াও
নিরিরটির কোমরে খঞ্জর ঝুলানো। মদের প্রভাবে জানোয়ারের মত দেখাচ্ছে তার চেহারা।

তৃতীর টেবিলে দূজন খৃষ্টান খানা খাচ্ছিল। জেরুজালেম জেয়ারতে যার্চ্ছে ওরা। সরাইখানার মিশরীর মালিক ফ্রেমস। তাদের সাথে কথা বলছিল। আসেম আর ওবায়েদ ঘোড়া এবং উট একটা গাছের সাথে বাঁধ ছিল। হঠাৎ ফ্রেমসের দৃষ্টি পড়ল তাদের দিকে। তাড়াতাড়ি ছুটে এসে বললঃ 'এখানে থাকতে চাইলে উট না বেঁধে বাইরে ছেড়ে দিন। ঘাস পাতা খেয়ে নিক। ওগুলো দেখাশুনার জন্য চাকর পাঠিয়ে দিচ্ছি।'

- ঃ 'না, ওগুলো মালে বোঝাই, কিছুক্ষণের মধ্যেই আমার রওনা হয়ে যাব। আমাদের চারদিন পূর্বে যে আরব ব্যবসায়ী কাফেলা রওয়ানা করেছে তাদের ধরতে হবে। ওরা গাতফান এবং বনু কলব গোত্রের লোক। আশা করি কয়েক মঞ্জিল পরই ওদের নাগাল পাব। আপনি ওদের ব্যাপারে কিছু বলতে পারবেন ?'
  - ঃ 'গতকাল ওরা এপথে গেছে। সম্ভবত দু'এক হপ্তা জেরুজালেমে অবস্থান করবে।'
- ঃ 'না' ওরা জেরুজালেমে একদিনের বেশী থাকবেনা। আরবে যুদ্ধ বন্ধের দিনগুলো প্রায় শেষ হয়ে আসছে। আমার মত ওদেরও তাড়াতাড়ি দেশে পৌছা জরুরী। আমি আজ সন্ধ্যার মধ্যে জেরুজালেম পৌছতে চাই। আমাদের খাবার ব্যবস্থা করুন। আপনার যে চাকর ঘোড়ার জুতো তৈরী করতে পারে ও যদি অবসর থাকে একটু পাঠিয়ে দেবেন। পথে হয়ত আর স্যোগ পাবনা। তা ছাড়া সবখানে ভাল লোকও পাওয়া যায়না।'
  - ঃ 'তা হবে। এবার বলুন সফর কেমন হল?'
- ঃ 'দামেশকে ঘোড়ার দাম ভালই পেয়েছি। কিন্তু যুদ্ধের কারণে তলোয়ারের দাম বেড়ে যাওয়ায় বেশী আনতে পারিনি কিছু রেশমী কাপড় এনেছি। আশা কবি কাপড়ে ভাল মুনাফা হবে। এরপর প্রয়োজন হলে মুতা থেকে কমদামে তরবারীর কিনে নেব।'
  - ঃ 'প্রার্থনা করি দেশে গিয়ে যেন শুনেন, যুদ্ধ বন্ধ হয়ে গেছে। তাহলে অস্ত্র কিনতে হবেনা।'
- ঃ 'আসলেও যুদ্ধে হাফিয়ে উঠেছি। দু'কবিলার বেশীর ভাগ মানুষই শান্তি চায়। কিন্তু আমরা চাইনা। যুদ্ধ শেষ হয়ে গেছে এরচে বড় দুঃসংবাদ আমার জন্যে আর কিছুই নেই। তাহলে আমার পিতা এবং ভায়ের রক্তের বদলা নিতে পারব না। আমার কবিলার বিত্তশালীরা লড়াই থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। গরীবদের বিবেক এবং আবেগে এখনো ভাটা পড়েনি। কিন্তু ইহুদীদের কাছ থেকে চড়ামূল্যে অন্ত্র কেনার সংগতি ওদের নেই। আমার বিশ্বাস, এ অন্ত্র পেয়ে কবিলার অল্প কজন ময়দানে নেমে এলে অন্যরা ঘরে বসে থাকতে পারবে না।'

ফ্রেমস আলোচনার মোড় পান্টানোর জন্য বলগঃ 'আপনার ভাল ঘোড়াটাই ফিরিয়ে নিয়ে এসেছেন। বিক্রি করতে চাইলে আমি ক্রেতা হতে পারি।'

- ঃ 'বিক্রি করার ইচ্ছে থাকলে আগেই করতাম। আপনার মত দামেশকেও অনেকে এর ভাল দাম দিতে চেয়েছে। কিন্তু ও আমার উৎকৃষ্ট বন্ধু।'
- ঃ 'ঠিক আছে। আপনার যখন এতই প্রিয় তাহলে জোরাজুরী করছিনে। আমি খাবার ব্যবস্থা করছি। আপনারা আসুন।' আসেম ফ্রেমসের সাথে হাঁটা দিল। কয়েক পা এগিয়ে পেছন ফ্রিরে ওবায়েদকে ডাকলঃ ' এসো ওবায়েদ।'

এই তরুণ মূনীবের সাথে ওবায়েদের সম্পর্ক অনেকটা বন্ধুর। কিন্তু তাই বলে কারো সামনে চাকরের সীমা অতিক্রম করতনা। ও বলগঃ 'না, আমার খাবার এখানেই পাঠিয়ে দিতে বলুন।'

- ঃ 'আপনার এ চাকর কোথেকে নিয়েছেন ?' ফেমস প্রশ্ন করণ।
- ২ কায়সার ও কিসরা

ঃ 'ওর সাত বছর বয়সে জামার জাববা ইয়ামেনের এক ইহুদী ব্যবসায়ীর কাছ থেকে ওকে কিনেছিলেন। তখন জামার জন্মও হয়নি।'

এক চাকরকে ঘোড়ার জুতা তৈরী করতে এবং আরকেজনকে খাবার দিতে বলে ফ্রেমস 'নীচে গিয়ে বসল। আসমে বললঃ 'আপনার কি মনে আছে পূর্বেও একবার এখানে এসেছিলাম?'
ঃ'কবে?'

- ঃ 'প্রায় বছর চারেক আগে। আববার সাথে ইয়ামেন যাওয়ার সময় এখানে তিনদিন ছিলাম। এরপর এক কাফেলার সাথে গিয়েছিলাম দামেশকে। ফেরার পথেও একদিন ছিলাম।'
- ঃ 'মনে পড়ছেনা। তবে এবার যাবার পথে আপনার মুখে পালি ভাষা শুনে অনুমান করেছিলাম, আপনি পূর্বেও এসব এলাকা সফর করেছেন।'
- ঃ 'আমি খুব সহজে অন্যের ভাষা আয়ত্ত্বে আনতে পারি। দুমাস দামেশকে থাকার সময় রোমানদের সাথে মেলামেশা করতে গিয়ে তাদের ভাষাও শিখে নিয়েছিলাম।'

পাশের টেবিলের এক জুয়ারী উঠে দাঁড়ালো। কয়েক পা এগিয়ে আসেমকে বলগঃ 'আমাদের সাথে ভাগ্য পরীক্ষা করবে?'

- ঃ 'না, বাড়ী থেকে বেরুনোর সময় শপথ করেছিলাম, আমার প্রতিজ্ঞা পূর্ণ না হওয়া পর্যন্ত মদও ছোবনা, জুয়াও খেলবনা।'
  - ঃ 'তা হলে তুমি আরব হতে পারবে না।'
  - ঃ 'তুমি চাইলে আমি যে আরব জুয়া না খেলেও তার প্রমাণ দিতে পারি।'

ইবুদী আবার আগের জায়গায় গিয়ে বসল। সিরীয়টি তখন সোরাহী শূন্য করে ফেলেছে। অকস্মাৎ দাঁড়িয়ে ইবুদীর কাছে গিয়ে বললঃ 'আমি তোমাদের সাথে ভাগ্য পরীক্ষা করব।'

ইবুদী হতচকিত হয়ে দৈত্যের মত এ লোকটির দিকে চাইতে লাগল। অবশেষে অনেকটা সাহস করে বললঃ 'দেখুন, আমরা গরীব ইবুদী। একজন সম্মানিত লোকের সাথে বাজি ধরার দুঃসাহস করি কিভাবে?'

সিরীয়টি তার ঘাড়ে ধাক্কা দিয়ে নীচে ফেলে দিল। এরপর গর্জে উঠলঃ 'গরীব ইহুদী হলে আমাদের সমান সমান বসার সাহস হল কেন?'

আরেক ইহুদী কালঃ 'দেখুন, এটা সরাইখানা। এখানে বাড়াবাড়ি করবেননা।'

- ঃ 'আমি তোমাদের চামড়া তুলে ফেলব।' বলেই তার মৃখে ঘূষি মেরে দিল। সংগীর মত সেও চেয়ার থেকে ছিটকে পড়ল। বাকীরা ভয়ে কয়েকপা পিছিয়ে দাঁড়াল। সিরীয় মাতালটি তখন গালাগালি শুরু করল অশ্লীল ভাষায়।
  - ঃ 'ও কে? 'অনুচ্চ কণ্ঠে আসেম প্রশ্ন করল।
- ঃ 'ও সিরীয়ার এক কবিলার সর্দার। ওকে সরাইখানায় স্থান দেয়াই আমার বোকামী হয়েছে।
  সকাল থেকে এ পর্যন্ত দুই পিপে মদ গিলেছে। যেসব মুসাফির দূরে বসে আছে তাদেরকে
  কয়েকবার এর গালি শুনতে হয়েছে। এক জংগী কবিলার সর্দার না হলে ওরা এতক্ষণে এর
  হাড় গুড়ো করে ফেলত। আমার এক চাকরকে জেরুজালেম পাঠিয়ে দিয়েছি। ওখানকার এক
  রোমান অফিসার আমার বন্ধু। তিনি কোন সিপাইকে পাঠিয়ে দিলে নেশাটেশা সব ছুটে যাবে।'

পড়ে থাকা ২২দীকে কয়েকটা লাথি মেরে সে নিজের জায়গায় ফিরে এল। মদের শৃণ্য পিপে কতক্ষণ উন্টে পান্টে দেখে ছেমসকে লক্ষা করে চিৎকার দিয়ে বললঃ 'দাঁড়িয়ে দাঁড়িয়ে কি দেখহিস শেরবিদে।'

- ঃ 'আক্স আপনি অনেক খেয়েছেন।' ফ্যাসফ্যাসে গলায় বলল ফ্রেমস।
- ঃ 'কি বাজে বকছিস।' গর্জে উঠল সে।
- ঃ 'আমি .....আমি বলছি শরাব আর নেই।'
- ঃ 'মিথ্যে কথা। আমি সরাইখানা আর তোর ঘরে তল্লাশী নেব।' সিরীয়টি উঠে ঘরের দিকে পা বাড়াতেই চারজন চাকর তার পথ রোধ করে দাঁড়াল। সে অকমাৎ তলোয়ার বের করলে। চাকররা ভয়ে একদিকে সরে গেল। দ্রেমস কয়েক পা এগিয়ে বললঃ 'আপনি বাড়াবাড়ি করছেন। আমি আপনাকে ভেতরে যেতে দেবনা।'

আচম্বিত তরবারি সোজা করল সে। দ্রেমস হকচকিয়ে উন্টো পায়ে সরে যেতে লাগল। সিরীয়টি তার বৃকে তরবারী ধরে ফেটে পড়ল অট্রহাসিতে। অসহায়ের মত চিৎকার করতে লাগল দ্রেমসের চাকররা। সিরীয় ব্যক্তির কাফ্রী চাকর তরবারী নিয়ে মৃনীবের সাহায্যে ছুটে এল। সে ধমকে ধমকে ফ্রেমসের চাকরদেরকে দূরে রাখার চেষ্টা করছিল।

দ্রেমস চিৎকার দিয়ে বললঃ 'আমায় দয়া করুন। আমি এক দেশত্যাগী মিসরী। আমি কোন অপরাধ করিনি। আমি কেবল বলতে চাইছিলাম, মাতাল অবস্থায় সফর করা ঠিক নয়। আপনি চাইলে মদের পুরো মটকাই এনে দিতে পারি।'

সিরীয়টি তরবারী তার ঘাড়ে লাগিয়ে কললঃ 'ছোটলোক। চিৎকার বন্ধ কর।' দ্রেমস নিক্প হয়ে গেল। সিরীয়টি কখনো হাত পেছনে সরিয়ে নিত। আবার কখনো ফ্রেমসের পেট, ঘাড়, বুক অথবা মুখের সামনে নিয়ে যেত তরবারী। দর্শকরা এতক্ষণ ভাবছিল যে ফ্রেমসের অন্তিম সময় খুব নিকটে। এখন অনুভব করছে, এ দৈত্যের মত লোকটি নিজের বীরত্ব জাহির করছে। হঠাৎ ভেতর থেকে এক বালিকা বেরিয়ে এল। চিৎকার দিতে দিতে দৈত্যেটার হাত ধরার চেষ্টা করল সে। কিন্তু দৈত্যের হাতের এক ঝটকায় মেয়েটি মুখ পুবড়ে পড়ে গেল। ফ্রেমস চিৎকার দিয়ে বললঃ 'আন্তুনিয়া। এখান থেকে পালিয়ে যাও আন্তুনিয়া।'

মেয়েটি তাড়াতাড়ি উঠতে গেল। কিন্তু সিরীয় ব্যক্তি বাম হাতে তার চুলের মৃঠি ধরে ফেলল।
চিৎকার দিতে দিতে একজন মহিলা বেরিয়ে এল। সম্ভবত মেয়েটির মা হবে। সে এসেই
আশপাশের লোকদের সাহায্যের জন্য ডাকাডাকি শুরু করল। সিরীয়টি তরবারী আবার ফ্রেমসের
ঘাড়ে রেখে বললঃ 'এ মহিলা যদি চুপ না করে তোমার গর্দান উড়িয়ে দেব।'

নিশ্চ্প হয়ে গেল মহিলা। আসেম আর ধৈর্য্য ধরতে পারলনা। হঠাৎ তরবারী বের করে সিরীয়টির কাছে গিয়ে বললঃ 'তোমার মত কাপুরুষ কোথাও দেখিনি।'

সিরীয়টি ঘাড় ফিরিয়ে আসেমের দিকে তাকাল। বললঃ 'এ কাপুরুষ না হলে প্রথম আঘাতেই এর গর্দান উড়িয়ে দিতাম।'

ঃ 'কাপুরুষ সে নয়- তুমি।'

সিরীয় ব্যক্তি যেন নিজের কানকেই বিশ্বাস করতে পারলনা।

ঃ 'তুমি আমায় কাপুরুষ বলছ, জান আমি কে?'

ঃ 'হাাঁ, তোমায় আমি চিনি। ত্মি একটা জানোয়ার। এক দুর্বল পুরুষ আর এক অসহায় বালিকার গায় হাত তুলতে তোমার লজা করলনা?'

সিরীয়টি আগুন ঝরা চোখে আসেমের দিকে তাকাল। মেয়েটিকে এক দিকে সরিয়ে পরপর কয়েকটা আঘাত করল আসেমকে। আসেম তার আঘাত ঠেকিয়ে কয়েক পা পিছিয়ে গেল। কিন্তু পান্টা আক্রমণ করতেই তার বীরত্বপনা তয় আর উৎকন্তায় রূপান্তরিত হল। দর্শকরা এতক্ষণ নিঃশ্বাস বন্ধ করে দাঁড়িয়েছিল। এবার সবাই হাততালি দিতে লাগল। সিরীয় ব্যক্তির কায়্রী চাকর মুনীবকে পিছু সরতে দেখে আসেমকে পেছন থেকে আঘাত করতে চাইল। কিন্তু ধবায়েদ তার ঘাড় ধরে এক পটকান দিয়ে নীচে ফেলে দিল। তার হাত থেকে তরবারী কেড়ে নিয়ে বুকে পা রেখে বললঃ 'বাঁচতে চাইলে এভাবেই শুয়ে থাক।'

একটু পর সিরীয় লোকটি ক্লান্ত ঘোড়ার মত হাঁপাতে লাগল। ছ'জন দ্রুতগামী সওয়ার সরাইখানায় প্রবেশ করে ঘোড়া থেকে লাফিয়ে পড়ল। ছুটে এগিয়ে গেল ফ্রেমস। দেখতে অফিসারের মত একজনকে লক্ষ্য করে বললঃ 'আপনার খুব দেরী হয়ে গেছে। আমার হেফাজতের জন্য এক ফেরেস্তা আসবে জানলে আপনাকে কন্ত দিতামনা। এ আরব যুবক না থাকলে এখানে আমার লাশ দেখতে পেতেন।'

রোমান অফিসারের দৃষ্টি ছুটে গেল আসেম এবং তার প্রতিদন্ধীর দিকে। কোন কথা না বলে তিনি এগিয়ে এলেন। যুদ্ধের অবস্থা দেখে হস্তক্ষেপ করার প্রয়োজন মনে করলেননা। তার হাতের ইশারায় তার অন্য সাথীরাও দর্শকদের সাথে গিয়ে দৌড়াল।

একের পর এক আক্রমণ করে আসেম তাকে খুঁটি পর্যন্ত নিয়ে গেল। খানিক পূর্বে এখানেই ফ্রেমস অসহায় দৃষ্টি মেলে মৃত্যুর প্রতীক্ষা করছিল। শরীরে কোন আঘাত না করে আসেম ছিন্ন তিন্ন করতে লাগল তার দামী পোশাক। মাতাল হবার পরও ধীরে ধীরে নিঃশ্বেষ হয়ে এল সর্দারের শক্তি। আসেম তলোয়ারের মাথা দিয়ে তার পাগড়ী একদিকে ছুঁড়ে ফেলে বললঃ 'মদ শিয়ালকে সিংহের সাহস দেয়না। ইচ্ছে করলে তরবারী ফেলে নিজের জীবন বাঁচাতে পার।'

আসেমের কথায় প্রতিদ্বন্ধী সচেতন হয়ে উঠল। আহত পশুর মত আসেমের উপর ঝাপিয়ে পড়ল সে। কিন্তু এ ছিল এক অন্ধ আবেগ। কয়েক পা পিছিয়ে গেল আসেম। সিরীয়টির চোখে আঁধার নেমে এল। এলোপাথারী তরবারী ঘুরাল কয়েকবার। হঠাৎ মুখ থুবড়ে পড়ে গেল।

রোমান অফিসার এগিয়ে এলেন। আসেমের বাহ ধরে নিজের দিকে ফিরিয়ে কালেনঃ 'যুবক! তৃমি এক ভদ্র লোকের সাহায্য করেছ। তোমাকে অশেষ ধন্যবাদ। সময় মত এসে পুরো ঘটনা দেখতে পারিনি বলে আফসোস হচ্ছে। তুমি মন্ত এক হাতীকে পরাজিত করেছ।'

আসেমের হাবতাব দেখে ফ্রেসম রোমান অফিসারের কথার অন্বাদ করে দিল। আসেম পালি ভাষায় বললঃ 'ও মাতাল ছিল। এক মাতাল কে পরাজিত করায় কোন বাহাদুরী নেই।'

ফ্রেমস বললঃ 'তুমি একে চেননা। এর ব্যাপারে আমি অনেক কিছু শুনেছি। অসি চালনায় সমগ্র এলাকায় তার সমকক্ষ কেউ নেই।'

ঃ 'তবে আমার দুঃখ করা দরকার। কারণ' আজ ওর হশ ছিলনা।'

অফিসার বললেনঃ 'তুমি বাহাদুর এবং ভদ্র। রাজি হলে তোমাকে ফৌজে ভর্তি করে নেব।'

ঃ 'ধন্যবাদ।আমি দেশে যাচ্ছি। ওখানে আমার অনেক প্রয়োজন।'

ঃ 'তোমার বাড়ী কোথায়?'

ঃ 'আমি আরব থেকে এসেছি। আমার বাড়ী ইয়াসরিব।'

ঃ 'আমার নাম পাতইউস। যাবার সময় আমার বাড়ীতে দাওয়াত নিলে খুশী হব।'

ঃ 'শুকরিয়া। যত তাড়াতাড়ি সম্ভব আমায় বাড়ী পৌছতে হবে। নয়তো আপনার ওখানে বেড়াতে আমার আপত্তি ছিলনা।'

ঃ 'ফ্রেমস আমার বন্ধু। তুমি তাকে বাঁচিয়েছ। এবার বল তোমার কি উপকার করতে পারি!'

অফিসারকে লক্ষ্য করে একজন বলণঃ 'স্যার, তিনি আমাদের সকলের জীবন রক্ষা করেছেন। সরকার এ ধরনের জানোয়ারকে এতটা স্বাধীনতা দিয়ে রেখেছে, কল্পণও করা যায়না। আমাদের মনে হয়েছিল, একটা হিংস্র পশু খাঁচা ডেংগে বেরিয়ে এসেছে।'

এক ইহুদী বললঃ 'এক নিম্পাপ বালিকার গায়ে হাত তুলতেও এ পশ্টার কোন লজা হয়নি। আমি আশংকা করছিলাম, মাতাল অবস্থায় আবার না আমাদের সকলকেই হত্যা করে।'

একে একে সব মুসাফির অফিসারের কাছে তার বিরুদ্ধে অভিযোগ করতে লাগল। সুযোগের সদ্যাবহার করল ওবায়েদ। সে পূর্বেই সিরীয় ব্যক্তির তরবারী নিয়ে নিয়েছিল। এবার তরবারীর থাপ এবং খণ্ডরও তুলে নিল। সিরীয়টির কান্দ্রী চাকর ভয়ার্ত চোখে মুনীবের অসহায়ত্ব দেখছিল। কিন্তু ওবায়েদ যখন তার মুনীবের পকেটে হাত ঢুকিয়ে টাকার থলে তুলে নিল, কান্দ্রী দাঁড়িয়ে থাকতে পারলনা। দৌড়ে এসে ওবায়েদের হাত ধরে ফেলল। এক ঝটকায় নিজের হাত মুক্ত করে তাকে ধাকা দিয়ে সরিয়ে দিল ওবায়েদ। কান্দ্রী সামনে বাড়ার সাহস করলনা। বরং হৈ হল্লা করে সকলের দৃষ্টি আকৃষ্ট করল নিজের দিকে।

ঃ 'এ কে।' রোমান অফিসার ক্রন্ধ স্বরে প্রশ্ন করলেন।

ঃ 'এ ওই পশুটার চাকর।' ফ্রেমস বলগ।

কাফ্টী ওবায়েদকে দেখিয়ে রোমান অফিসারকে কালঃ 'স্যার, ও আমার মুনীবের তলোয়ার এবং খঞ্জর ছিনিয়ে নিয়েছে। তরবারী আমারটাও তার হাতে। মুনীবের জ্ঞান ফিরে এলে আমার চামড়া তুলে ফেলবেন। তার তরবারী বহু মূল্যবান।'

ঃ'তোমার মুনীবের জ্ঞান ফিরবে কয়েদখানায়। তোমার কিচ্ছু হবেনা এ ব্যাপারে নিশ্চিত্ত হলে তাকে মুক্ত করব। তার ঘোড়া এখানে থাকলে তাকে ঘোড়ায় তুলে তুমি সহ চল।'

কাট্টী নীরব হয়ে গেল। কিন্তু ওবায়েদ তরবারী খাপে পুরার সময় আবার সে চিৎকার দিয়ে বললঃ'জ্ঞান ফিরলেই আমার মুনীব তরবারীর কথা জিজ্ঞেস করবেন। ও আমার তরবারী, মুনীবের খজের এবং টাকার থলে কোথাও লুকিয়ে রেখেছে।'

রোমান অফিসার এগিয়ে ওবায়েদের হাত থেকে তলোয়ার নিয়ে বললেনঃ 'ত্মি কে?'

ঃ 'ও আমার চাকর।' আসেম জবাব দিল। 'আমাদের দেশে মুনীব যাকে পরাস্ত করে, গোলামরা তার তরবারী ছিনিয়ে নেয়াকে কর্তব্য মনে করে। সিরীয়টি যেহেত্ আপনার প্রজা, ওর ব্যাপারে আপনিই ফয়সালা দেবেন।'

মৃদ্ হেসে আসেমের দিকে তাকালেন অফিসার। খাপসহ তরবারী ওবায়েদকে ফিরিয়ে দিতে দিতে বললেনঃ 'চমৎকার তরবারী। এক বিজয়ী বীরকে পুরস্কার থেকে বঞ্চিত করতে চাইনা।'

- ঃ 'ওবায়েদ।' আসেম বল্ল, 'আমাদের শৃধু তলোয়ারের প্রয়োজন। টাকার থলে ফিরিয়ে দাও।' ওবায়েদের মনমরা ভাব দেখে ফ্রেমস বললঃ 'আমার আন্তাবলে ওদের সুন্দর দুটো ঘোড়া রয়েছে। ওগুলো কি করব?'
- ়ঃ 'ঘোড়ার মালিকতো অজ্ঞান। রোমান সরকার তার ঘোড়ার দায়িত্ব নেবেনা। আপনি নিশ্চিত্ত থাকুন, ও কোনদিন এ সরাইখানায় আসবেনা। আমাদের আসার পূর্বেই কেন ওকে হত্যা করা হলনা এজন্য আমার দুঃখ হচ্ছে।' বলল অফিসার।

কান্দ্রী বললঃ 'স্যার, মুনীবকে ঘোড়ার পিঠে চাপিয়ে আপনার সংগে যাবার জন্য বলেছিলেন।'

ঃ 'তোমার মুনীবের মাথায় ঠাভা পানি ঢালতে হবে। জ্ঞান ফিরলে ও নিজেই জেরুজালেমের কয়েদখানাপর্যন্ত যেতে পারবে।'

এক ইছদী চিৎকার দিয়ে বললঃ 'স্যার, ওর জ্ঞান ফিরে আসছে।' দর্শকদের দৃষ্টি ছুটে গেল সিরীয় ব্যক্তির দিকে। সে আড়মোড়া ভেংগে ট্রুঠে দাঁড়াল। এরপর দুহাতে মাথা টিপে বসে পড়ল। ফ্রেমসের চাকর এক কলসী পানি উপুড় করে ঢেলে দিল তার মাথায়। সাথে সাথে দর্শকরা হাসিতে ফেটে পড়ল। অফিসারকে ফ্রেমস বললঃ 'একট্ বসুন। আপনার জন্য শরাবের ব্যবস্থা হচ্ছে।' একটি চেয়ার টেনে নিয়ে বসলেন অফিসার। ফ্রেমস আসেমের দিকে তাকিয়ে বললঃ 'আপনিও বসুন। আমি খাবার পার্ঠিয়ে দিছি।'

আসেম অফিসারের কাছে বসতে বসতে বললঃ 'আপনাকে ধন্যবাদ। আমার জন্য দুটো তলোয়ার অনেক বড় পুরস্কার।'

- ঃ 'দুটো। কিন্তু আমি তো অন্য তলোয়ার দেখিনি।'
- ঃ 'আমার চাকর ওটা কোথাও লুকিয়ে রেখেছে।'
- ঃ 'আমি এই প্রথম এক আরবকে লড়তে দেখলাম। তোমাদের ফৌজ নিশ্চয় ভাল।'
- ঃ 'আরবেকোন ফৌজনেই।'
- ঃ 'আরবে ফৌজ নেই তো সরকার কিভাবে চলে?'
- ঃ 'ওখানে কোন সরকারও নেই।'
- ঃ 'ফৌজ নেই, সরকার নেই, তাহলে রাষ্ট্র চলে কিভাবে?'
- ঃ 'আরব কোন রাস্ট্রের নাম নয়।'
- ঃ 'তার মানে তোমাদের কোন সম্রাট নেই ং'
- १'ना।'

অফিসার হতভম্ব হয়ে প্রশ্ন করলেনঃ 'তাহলে ওখানে আছেটা কি?'

- ঃ 'ওখানে শৃধু কবিলা এবং গোত্র আছে।'
- ঃ 'রাষ্ট্র, সরকার এবং সেনাবাহিনী ছাড়া কবিলা গুলো টিকে আছে কিভাবে। তার মানে ওদের মধ্যে কি করে শান্তি প্রতিষ্ঠা হয়?'



- ঃ 'শান্তি শব্দ আমাদের কাছে জণারিচিত। মরতে এবং মারতেই আমাদের জন্ম। আরবের বাইরে এক দেশের সাথে আরেক দেশের লড়াই দেখেছি। কিন্তু ভগানে শুদু কবিগার সাথে কবিগার বৃদ্ধ হয়। অনারবে জয় জথবা পরাজয়ের পর যুদ্ধ শেষ হয়ে যায়। কিন্তু আমাদের লড়াই কোনদিনশেষহয়না।'
  - ৪ 'দু'টো কবিলার লড়াই কেবল কোন শক্তিশালী সরকারই শোষ করতে পারে।'
  - ঃ পূট ও হত্যার স্বাধীনতা ছিনিয়ে নেবে, এমন সরকাররের কলনাও করতে পারিনা।

৪ 'কিন্তু তোমায় দেখলেতো ডাকাত মনে হয়না।'

ঃ 'আমার প্রভিন্ধনী গোত্রের কোন হত্যকোরী এখানে থাকলে আমান্ত ভিন্ন রূপে দেখতেন।'

এক বয়স্ক ইহুদী সসংকোচে এগিয়ে এল। সন্ধানের সাথে সালাম করে কালঃ 'স্যার। ময়দান থেকে কোন নতুন সংবাদ এসেহে?'

চোখ লাল করে ইহদীর দিকে তাকিয়ে পাতইউস বলমেনঃ 'কি সংবাদ জানতে চাও?'

জ্যাবাচেকা খেয়ে ইছদী কালঃ' আমরা আপনাদের নিজয়ের খবর শূনতে চাই। আমার দৃঢ় বিশ্বাস, আরমেনিয়ার ময়দান ইরানীদের কবরস্থান হবে।'

ঃ 'তোমাকে ধন্যবাদ। কিন্তু ময়দানের তাজা খবর হলো, ইরানীরা যে এগাকায় প্রবেশ করে, সেখানকার ইহুদীরা তাদের সংগে যোগ দেয়। তবিষ্যত নিয়ে আমাদের কোন দৃশ্চিতা নেই। নিজের শক্তির উপর আমাদের আন্থা রয়েছে। রোম ইরানের যুদ্ধের চিন্তা না করে নিজের চিন্তা কর। বাইরের দুশমন শায়েন্তা করে আমরা যখন খরের শক্রের দিকে শজর দেব, তখন তোমাদের অবস্থা কি হবে তেবে দেখেছ।'

ঃ 'আরমেনিয়ার ইছদীরা পথ্ছট হয়ে গেছে। পাপের শাস্তি ভারা ভোগ করবে। কিন্তু আগনাদের মত মহৎপ্রাণ শাসকের প্রতি আমাদের আনুগত্যে ঘাটতি হবেনা। সিরিয়ার সমন্ত

ইহনীরাআপনাদেরজন্য দৌয়াকরছে।'

দ্বিতীয়বার সালাম দিয়ে ইহুদী ওন্টো পায়ে সরে গেল।

একটু পর আনেমের খাবার এল। খাওয়া শৃক্ত করল ও। মদের গ্লাস তুলে নিল পাওইউস। পাশে বসেছিল ছেমস। এক গ্লাস শেষ করে টেবিল থেকে সোরাহী হাতে নিল পাওইউস। গ্লাসে মদ ঢাগভে ঢালতে আসেমকে বললঃ' খুব ভাল মদ। কয়েক ঢোক গিলে দেখ ভোমার সকল ক্লান্তি দূর হয়ে যাবে।'

ঃ 'বাড়ী থেকে বেরোবার সময় জাববা এবং ডায়ের কবরে দাড়িয়ে শপথ করেছিগাম, তাদের খুনের বদলা শা নেয়া পর্যন্ত মদ ছেবিনা। আমি আমার প্রতিজ্ঞা রক্ষা করব। কর্তব্য শেব করে মদ

ভাল কি মন্দ সে প্রশ্নও করবনা।

কিছুক্দণ আদেয় এবং দ্বেমদের সাথে কথা বলে উঠে দাঁড়াগেন পাডইউস। বিদায় নিয়ে লাফিয়ে ঘোড়ার পিঠে চড়লেন। বেরিয়ে গেলেন তিনি। সিরীয়কে জেরজালেম পৌছানোর দায়িত্ব দেয়া হল তিনজন সিপাইকে। পাতইউস বেরিয়ে যেতেই ওরা মদের উপর ঝাপিয়ে পড়ল। দেখতে না দেখতে শৃণ্য হয়ে গেল সোরাহী। ফ্রেম্স জারেক সোরাহী তাদের সামনে দিয়ে বললঃ 'এতে তোমাদের সংগীদেরও অংশ রয়েছে।'

৮ কার্যনার ও কিসরা

খানিক পর বনীকে নিয়ে সিপাইরা চলে গেল। কিন্তু যোড়ার জুতো তৈরীর জন্য থাকতে হল জাসেমকে। কাজ শেষে শ্রেমসের কাছে বিদায় চাইল সে। ছেমস বললঃ 'সন্ধ্যাতো হয়ে এল প্রায়। এড ভাড়াহড়ার কি দরকার। রাভে থাকুন। ভোরে রওনা হয়ে যাকেন। আমার জন্য না হলেও আমার স্থী এবং গেয়েকে ভো কৃতজ্ঞতা প্রকাশের সুমোগ দেবেন।'

ভাসেম ছেমসের এ হৃদ্যভাপূর্ণ দাভয়াত প্রভ্যাখ্যান করতে পারগনা। সূর্যান্তর সময় জেরজাণেম থেকে এক কাফেলা এল। ওরা গালায় যাছে। জাসেমকে লোভালার এক কামরায় রেখে স্কেমস ভাদের দেখাশোনায় ব্যস্ত হয়ে পড়ঙ্গ। আসেমের কামরাটি উভপদন্ত সরকারী কর্মকর্তা এবং বিশেষ লোকদের জন্য নির্দিষ্ট ছিল। কক্ষের বিলাস বহুগ সালগোজ এক আরবের জন্য নতুন। আসেম কিছুক্প মোলায়েম গালিচায় বসে থেকে একটা চেয়ারে উঠে বসল। একট্ পর হন্ত দন্ত হয়ে রুমে ঢুকল ওবায়েদ। কোন ভূমিকা না করেই বলগঃ 'আদনি অনুমতি দিলে দৃ'টো ঘোড়া বিক্রি করতে পারি। এক ব্যবসায়ী ভার পরিবর্তে দৃটি ভরবায়ী এবং কয়েকটি রেশমের চাদর দিতে চাইছে। ঘোড়া দৃ'টো সাথে নিয়ে যাওয়া বিপজ্জনক। জেরজালেমে সেকবিলার কেউ ঘোড়া দুটো চিনে ফেপলে আমরা ফেসে যাব। সরাইখানার মালিকও বিক্রির পক্ষেই মত দিছেন।'

ু 'জাজ খোদা আমাদের উপর বহুত মেহেরবানী করেছেন। এতাক্ষণ যোড়া নিয়েই ভাবছিলাম। ওগুলি এক্টা বাঁচে দাও। একটা ব্যাপারে ডোমার উপর আমি অসভুষ্ট। রোমান অফিসার সরাইখানার মালিকের বন্ধু না হলে চুরির দায়ে তোমায় পাকড়াও করা হত। এক বিশজনক ব্যক্তির তরবারী ছিনিয়ে নিলে অফিসার হয়ত কিছু ভাবতনা। কিন্তু ডার পকেটে হাত দিতে তোমার লক্ষা করলনা?'

ঃ 'আমি গবেট নই। লোকটার জন্য অফিসারের একটু আন্তরিকতাও ছিলনা। আপনি যথন ভার দামী পোষাক ছিড়ছিলেন তখন তিনি হাসছিলেন। সরাইখানার সব লোকজন আমাদের পক্ষে। রোমান অফিসার রেগে গেলেও বড় জোর এগুলো ফিরিয়ে দিতে হত। কিতৃ আমার অন্মানই ঠিক। জামার আফসোস, আপনি আমায় বাহবা দেননি। থলের ভেতর কি আছে ভাও জিজ্জেস করেননি?'

- ঃ'এখনবল।'
- ঃ 'থলের মধ্যে ত্রিশটি স্বর্ণ মূদ্রা এবং বায়ানটি রৌপ্য মূদ্রা আছে। আরো একটা জিনিয পেয়েছিয়ার খবর এখনো কেউ জানেনা।'
  - ° के खिनिम स्मेणे ?
  - ঃ 'আংটি। এত সাবধানে খুলেছি যে তার চাকরও টের পায়নি।'
  - ্ব 'আছা তৃমি যাও। তাড়াতাড়ি ঘোড়া দৃটি বিক্রি করে ফেল।'
  - ঃ 'আগনি যাবেননা ?'
- ঃ 'না। আমি জানি এসৰ ব্যাপারে ভূমি আমার চাইতে বেশী সর্ভক। জার শোন। থলি জার আংটিতে আমার কোন জংশ নেই। এবার যাও।'

ওবায়েদ মৃদ্ হেসে হাঁটা দিল। দরকায় গিয়ে হঠাৎ পেছন ফিন্সে বদলঃ'ল কাময়াতো কোন মহলের অংশ বলে মনে হয়। এমন কার্পেট———।'

আসেম ক্ষ্যাপা কণ্ঠে বলপঃ 'তুমি যদি এ কন্দের কোন কিছুতে হাত দাও তাহলে তোমার চোখ উপড়ে ফেলব। ভাগো এখান থেকে।' ওবায়েদ বেরিয়ো দেল। বিভানায় গা এলিয়ে দিল আসেম। ঘন্টা খানেক পর স্কেমল এসে দেখল ও দুমিয়ো আছে। দ্রেমন তার বাহু ধরে নাড়া দিল।উঠে বসলআসেম।

- ঃ 'খাবার দিতে দেরী হল বলে দৃঃখিত। জাপনি ভোরেই মাজেন ওলে আমার দ্রী এবং মেয়ে জাপনাকে তাদের পসন্দমত কিছু খাওয়াতে চাইল। এ জন্যেই একটু দেরী হল। চলুন ওরা জাপনার জপেক্ষা করছে।'
  - ঃ'ঘোড়া বিক্রি হয়ে গেছে?'
- ঃ 'হাঁ। বিনিষয় কম পাওয়া গেলেও একটা দুশ্চিতা গেল। আশনার চাকরটা কিন্তু ভারী চালাক।ও খুব ক্লান্ত ছিল। এজন্য আগে ভাগে খাইয়ে দিয়েছি।'

মেজবানের স্থাথে হটি। দিল আ্সেয়। সরাইখানার পেছন দিকে ঘর। আজিনায় ফ্রেমসের স্ত্রী এবং মেয়ে দাঁড়িয়েছিল। রুমের ভেডর থেকে আলো এসে লাফিয়ে পড়ছিল খোলা দরকা পথে।

আতুনিয়া পিতার হাত থেকে মশাল নিয়ে দেয়ালে আটকে দিল। কথ্যে চুকে দশুর্থানে বসল আসেম। আতুনিয়ার মা সিরিয়া, ফিলিন্তিন এবং মিসরীয় খাদ্য সন্তার মেহ্মানের সামনে হাজির করল। আসেম জীবনে এই প্রথম অভিজাত পরিবেশে বসার স্যোগ পেয়েছিল। স্বীয় দারিদ্রতা ও তীব্রভাবে অনুভব করতে লাগল। ও আতুনিয়াকে প্রথম অসহায় অবস্থায় দেখেছিল। দামী পোশাকে এখন ওকে রাজকুমারীর মত মনে হচ্ছে। খাবার মৃহুতে ওদের আলোচনার বিষয় ছিল রোম—ইরানের যুদ্ধ। আরমেনিয়া এবং ইন্তাকিয়ায় ইরানীদের অন্তাচারের কাহিনা বর্ণনা করে ফ্রেমস বললঃ 'জানিলা এ বাড়ের শেষ কোথায়? আমরা যুগমুল ধরে প্রাচ্য এবং পাশ্চাত্যের এ তয়ংকর ঝড়ের মোকাবিলা করছি। মিসর এবং সিরিয়ায় এক জালিমের পতন হলে আরেক জালিম এসে পতাকা তুলে ধরে। আজ আমরা রোমানদের গোলাম। কাল হয়ত পরতে হবে ইরানীদের গোলামীর জিজির। তুমি খোশনসীর নওজোয়ান। এমন এক মরণতে তুমি থাক, যেখানে রোম ইরানের সংঘর্ষ নেই। তোমাদের ভাগ্য তোমাদের হাতে। হয়তো বা জারবে শস্য শামল উপত্যকা আর সূরম্য শহর নেই। কিন্ত পূর্ব অথবা পশ্চিম থেকে কোন দৈত্য এসে তোমাদের বন্তি অথবা শহর বরবাদ করে দেবে সে আশংকা নেই।'

- ঃ 'ধ্বংসের জন্য বাইরের কোন শক্তির প্রয়োজন নেই। আমাদের বন্তিগুলো পুড়ে ছাই হওয়ার জন্য ঘরের আগুনই যথেষ্ঠ। আপনি হয়ত জানেননা, জারবদের রক্ত গরম হলে একে অপরের জন্য হায়েনার চেয়েও হিংস্র হয়ে ওঠে।'
- ঃ 'তোমাদের গৃহযুদ্ধের কথা আমি জানি, কিন্তু তোমরা আমাদের মত অ্সহায় নও। ইচ্ছা করনেই তরবারী কোষবন্ধ অথবা কোষমুক্ত করতে পার। তোমার দেশ অন্য রাষ্ট্রের শক্তি পরীক্ষার ক্ষেত্রও নয়।'

- ঃ 'আমরা আপনাদের চেয়েও বেশী অসহায়। যে মাটিতে আমাদের খুন ঝরে তার তৃষ্ণা কখনো মেটেনা। মাটির এ পিপাসা মেটানোর জন্য আরো অনেক রক্ত ঢালতে হয়। হত্যার প্রতিশোধ নেয়া আমাদের জীবনের লক্ষ্য। বংশানুক্রমে চলতে থাকে এ জিঘাংসা। রোম ইরানের সিপাইরা সম্রাটের জন্য যুদ্ধ করে। আমরা রক্ত ঢালি প্রতিহন্ত্রী কবিলাকে নিঃশেষ করার জন্য।'
- ঃ 'তোমার কথায় মনে হয় আরবের বর্তমান অবস্থায় তুমি সভুষ্ট নও। আরবের প্রতিটি কবিলায় তোমার মত যুবক জন্ম নিলে একটা বিপ্লব আসতে পারে।'
- ঃ 'বাড়ী থেকে অনেক দূরে বসে এমন আলাপ করা যায়। হয়তো এ এখানকার আবহাওয়ার প্রভাব। কিন্তু আরবের ইাওয়ায় শ্বাস নিলে নিজের গোত্রের সন্মানের জন্য রক্ত ঝরানো হবে আমার জীবনের চরম লক্ষ্য। বাপ ভায়ের জনাত আত্মার ফরিয়াদ এক মৃহূর্তের জন্যও যরে থাকতেদেবেনাআমায়।'
- ঃ 'এক অসহায় মিসরীর জন্য যে মহৎপ্রাণ নিজের জীবন বিপন্ন করতে পারে, কেবলমাত্র প্রতিশোধ নেয়ার জন্যই সে হত্যায়ক্ত ঘটাবে আমার কিন্তু তা বিশ্বাস হয়না।'
  - ঃ 'অকারণে এতদুর অন্ত কিনতে আসিনি।'

ফ্রেমসের স্ত্রী এতোক্ষণ নীরবে তাদের কথা শূনছিল। এবার স্বামীকে বললঃ 'এর সাথে তর্ক করছেন কেন ? দুশমন হয়ত ওর অনেক ক্ষতি করেছে। এখন যুদ্ধ ছাড়া অন্য কোন পথ খোলা নেই। ও আমাদের উপকার করেছে। এ উপকারের কি প্রতিদান দেয়া যায় তাই চিন্তা করুন।'

- ঃ 'অপনাদের নেক দোয়াই আমার প্রতিদান।'
- ঃ 'টাকা পয়সা দিলে হয়ত অপমান বোধ করবে। তোমার তো তরবারী দরকার। আমার স্ত্রী দুটো তরবারী কিনেছে। আশা করি তার এ উপহার তৃমি খুশী মনে গ্রহণ করবে।'

ি ফেমসের স্ত্রী বললঃ 'আভুনিয়া আপনার গোলামকে কাফ্টী এবং তার মুনীবের তলোয়ার ছিনিয়ে নিতে দেখেছে। তখন থেকেই আপনাকে তরবারী দেয়ার জন্য ও জেদ ধরে বসে আছে।'

ঃ 'শুকরিয়া ত্মাপনাদের। ত্মাসলেও আমার তলোয়ারেরই প্রয়োজন বেশী।'

ওদের খাওয়া শেষ হলো। পাশের কামরা থেকে ভরবারী দৃটি নিয়ে এস আন্তুনিয়া। আসেমের দিকে বাড়িয়ে দিয়ে কালঃ 'এক বীর পুরুষের শ্রেষ্ঠ উপহার হচ্ছে তরবারী। আজ যদি ভাই বেঁচে থাকতেন, একটা তরবারী তার কোমরে বেঁধে বলতাম, এই বাহাদুর আমাদের ইজ্জত বাচিয়েছেন। আজ থেকে ভার দোন্ত আমাদের দোন্ত। ভাইকেও আপনার সাথে যেতে বলতাম।'

আতুনিয়া এই প্রথম তার সাথে কথা বলছিল। কি এক আবেগে কতক্ষণ নিশ্চুপ হয়ে রইল আসম। অবশেষে তরবারী হাতে নিয়ে বললঃ 'আপনার ভাই বেঁচে থাকলে তাকে বলতাম, আমার চে' তোমার পিতা আর বোনের তোমাকে বেশী প্রয়োজন। যে পিতৃ রক্তের বদলা নিতে পারেনা এক আগতুকের দুঃখের ভাগী হওয়া তার সাজেনা।'

ফুমস কলনঃ' গতহপ্তায় মন্তার ক'জন ব্যবসায়ী এখানে এসেছিল। তাদের কাছে শুনেছি, মন্তায় এক নবীর আবিভবি ঘটেছে। তিনি মানুষকে সত্য, ন্যায় এবং ইনসাফের শিক্ষা দেন। এরা ভার বিক্রণ করে। তব্ও তারা স্বীকার করেছে যে, আরবের নবী এক শরীফ বংশের সন্তান। যে অল্প ক'জন ভার উপর ইমান এনেছে মন্তাবাসীর হাতে কঠিন যন্ত্রণাভোগ করার কায়সার ও কিসরা ১১

পরও দ্বীন থেকে ফিরে যায়না ওয়া। নবুরতের দাবী করার পূর্বে তিনি কেমন ছিলেন, এ গ্রন্থ ওদের করেছিলাম। ওরা বলেছে, তিনি সত্যবাদী, জামানতদার। তরা সত্যবাদিতায় প্রীত হয়ে মকার দোকেরা তাকে 'আল আমীন' উপাধি দিয়েছিল।'

- ঃ 'মকার নবীর কথা আমিও শুনেছি। তিনি অসংখ্য খোদাকে মিগা। বলে এক খোদার দিকে আহবান করেন। তার শিক্ষা বুগযুগ ধরে চলে আমা কবিগা এবং গোরের নিয়মনীতির পরিপন্থী। কেউ কেউ তাঁকে যাদুকরও বলে। তবে তিনি স্তিট্র নবী এলে তার সতা ও ন্যায়ের ধর্ম আরবরা গ্রহণ করবেনা। যে দ্বীন উচ্ নবিচ্ ,ধনীলদরিদ্রের প্রতেদ মিটিয়ে দেয় ওরা তা গ্রহণ করতে পারেনা। আমি শুনেছি, মকার লোকেরা হাটে মাঠে তাকে উপহাস করে। ক'জন গরীব দৃংখী তার যাদুতে প্রভাবিত হয়ে থাকলে একে সফলতা করা গায়না। এ নবীকে নিয়ে জামি কশ্বনো গভীর ভাবে তিতা করিনি। শোনা কথায় আপনিও প্রভাবত হরেন না। যে আরবের ত্রিত বালি সাগরকে শুবে নেয়া, সেখানে কোন কল্যাণ জন্ম নিতে পারেনা। যে নবীর শিক্ষা গোঙীর ভাবধারার বিরুদ্ধে প্রকাশ। যুদ্ধ খোষণা করেছে, সে ধর্ম কিভাবে সফল হতে পারেণ
- ঃ 'আছকের পৃথিবী সীমাহীন আধারে ঢাকা। এমনটা আগে কনকো ছিলনা। মানবতা আজ এক মৃষ্টিদ্তকে আহবান করছে। খোদা এ অসহায় অবস্থায় বালাদের ছেড়ে দিতে পারেননা। যার আগমন সম্পর্কে ভবিষ্যতবাণী করা হয়েছে তিনি নিন্দয়ই আসকেন। বিভিত্ত মানুষের আঁসু বৃথা যাবেনা। তিনি আসবেন আকাশ জমিনের জনত করুণা সিঞ্চিত হয়ে। ভার তীব্রছটার হতাশ ঢোখে জ্বলে উঠবে আশার আলো। তার অমিত তেজে কেপে উঠবে কায়দার ও কিসরার সিংহাসন। নিপীড়িত মানবতা খুঁজে পাবে শান্তির আশ্রয় । তিনি আকবেন বঞ্চিত সর্বহারা মানুষের সাথে। হায়। যদি জানতাম তিনি কখন এবং কোথায় আসবেন!'

স্থেমস বলে যাতে । আসেমের মনে হল জাকাশ জমিনের সীমানা ছাড়িয়ে ভার দৃষ্টি বিচরণ করছে মহাশূন্যের জগার্থিব বিস্তারে। কিছুক্লণ ভেবে নিয়ে সে বললঃ 'জাপনি কায়সার ও কিসরা দুজনের বিরোধিতা করেন?'

স্থেমসের ঠোঁটে ফুটে উঠল ব্যথা ভরা এক টুকরেঃ হাসি। ঃ 'এখনো বুবাতে পারনি ?' পাসেমের মনে হল এ হাসি একজন সরাইখানার মালিকের হাসি নর।

ভোরে মেজবানের সাথে বিদায়ী মোসাফেহা করছিল আসেম। শ্রেমণ বললঃ 'ডোমাকে দুটো কথা বলব। আবার যদি কথনো এদিকে আস – এ ছরের দুয়ার ভোমার জন্য খোলা থাকবে। দিডীয়টি হল্ছে, পরাজিত দুশমনের শাহরণে ভোমার ভরবারী পৌছে গেলে যদি হাত সরিয়ে লাও, ভবে সে হবে ভোমার বাহাদুরী।'

- ঃ 'এক বন্ধুর বাড়ীর পথ কখনো ভূজবনা। কিন্তু দূশমনের শাহরণে তগোয়ার রেখে ভা ভূলে নেয়া এক তারবের পক্ষে সম্ভব নয়।'
  - ঃ 'কিন্তু আমার মন বলছে, পতিত দুশমনকৈ ভূমি আখাত কররতে পাবেনা।'

জালেম বিষয় হাসি নিয়ে ছেমনের দিক থেকে মৃথ ঘুরিয়ে গোড়ায় চড়ে বসগ। সরাইখানা থেকে বেরিয়ে এল ভারা। গত কয়েক প্রহরের ঘটনা গুলো ভার কাতে মনে হল স্বপের মত। কখনো আনভূনিয়ার কথা মনে হলে ঠোটে ফুটে উঠতো এক চিনতে মধ্র হাসি। কিন্তু ভাকে ১২ কায়সার ও কিসরা

নিধে ভাবনার গভীরে ভ্বতে গেলে তার চোখের সামনে ভেসে বেড়াত আনত্নিয়ার গভীর সমূদ্র–নীল চোখের পাতার স্বপ্নময় পৃথিবী।



সময়ের বাস্ত্রর জীবনের রাজপথ থেকে অতীত চিহ্ন মুছে দিদিল। হডাশ আধারে মুরপাক খাওয়া মুসাফিরের দৃষ্টির আড়াল হয়ে যাদিল ধ্রুবতারা। মানবতার পিরহান ডুবছিল খুন আর অসুরদরিয়ায়।

রোম উপসাগ্ররের যে পূর্ব এলাকা কখনো মিসরীয় ফিরাউন আবার কখনো বাবেলের শাসকদের হাতে ধ্বংস হতো— এখন প্রায় এক স্থাজার বছর থেকে তা হল ইরান এবং ভাদের পশ্চিমা প্রতিদ্বনীর শক্তি পরীক্ষার ক্ষেত্র।

যিশ্ খৃষ্টের জন্মের সাড়ে পাঁচশো বছর পূর্বে সাইরাসের জন্ম। তার উথান প্রাচ্যের ইতিহাসে নতুন যুগের সংখোজন করেছিল। এ রাখাল সম্রাট বাবেলকে ধ্বংসন্তুপে পরিণত করেছিল। এরপর বলখ থেকে বদফরাস প্রণালী এবং ভূমধ্য সাগর থেকে ভূরে সাইনা পর্যন্ত উড়িয়েছিল বিজয় পতাকা। মাত্র পঁচিশ বছরের মধ্যে ইরানের সীমানা পাঞ্জাব থেকে গ্রীস পর্যন্ত বিস্তৃত হয়েছিল। তখন মিসর ছিল এ বিশাল সালভানাতের একটা সূবা ঘাত্র। এরপর প্রায় দৃ'ল বছর প্রাচ্য অথবা পাশ্চাত্ত্যে সাইরাসের উত্তরসূরীদের কোন প্রতিহন্দী ছিলনা। গ্রীস হঠাৎ গা ঝাড়া দিয়ে উঠল। মাকদুনিয়া থেকে বেরিয়ে এল এক নওলোয়ান। এশিয়ায় ইরানী পভাকা দলিত মথিত করে পৌছল পাঞ্জাব পর্যন্ত। মিসর, বাবেল এবং নিনোয়ার শাসকদের অতীত চিহ্ন আলেকজান্ডার দ্যা গ্রেটের পদভারে মৃহে গেল। আলেকজান্ডারের শক্তি যথন দুর্বল হয়ে এল ইউরোপে যাথা তুশদ আরেক জাজদাহা। তার সুংকারে কালের দৃষ্টি রোমের দিকে নিবদ্ধ হলো। োমান সৈন্যরা একদিকে প্রাচ্যের ভাগো পথে দৌড়াছিল জন্যদিকে পদানত করছিল ্ডরোপের সেসব দেশও যারা তথনো সভ্য দুনিয়ার দৃষ্টির আড়ালে ছিল। ফিশুখৃষ্টের জন্মের ৬৪ নংসর পূর্বে রোমানরা সিরিয়ায় আলেক্জান্ডারের উত্তরসূরীদের পরাজিত করে এশিয়া ্তিরোপের শক্তিশালী সাম্রাজ্যের অধিকারী হল। কিন্তু অতীতের ইনফিলাফাৃলোর মত এ নত্ন ইনকিলাবও প্রজাদের জন্য হল কেবল মুনীবের পরিবর্তন। তখনো মানবতার তাজা রক্তে রংগীন হু ছিল রাজভন্রের আগখেলা।

খুটবাদ অসহায় মানুষের জন্য বয়ে এনেছিল নতুন জীবনের পয়গাম। কিন্তু যেদব শাসক নিশাপ করোদীদের কে ক্ষ্বার্ত সিংহের সামনে ছুঁড়ে ফেলে উল্লাসে ফেটে পড়ত, এদ্বীন তাদের কাড়ে অপরিচিত মনে হল। প্রায় তিনশো বছর পর্যন্ত এ ধর্ম তাদের মনে কোন প্রভাব সৃষ্টি করতে খারেনি। এ সময় অসহায় দুর্বল খুষ্টানরা রোফানদের হাতে সইছিল অসহনীয় নির্যাতন।

চত্র্থ শতানীর পূর্তে সমটি কন্ত্নতীন খুৱান ধর্ম গ্রহণ করকো। রোমের পরিবর্তে বাজনাতিনের ধ্বংসভূপের উপর স্থাপন করলেন নতুন রাজধানী কল্বনভূনিয়ার ভিত্তি। কেবল রোমই নয় বরং প্রাচ্য পাশ্চাভ্যের ধ্বংসভূপে ক্মতাশর লামকদের উপান লভনের যে কাহিনী টাকা ছিল— কন্তুনভূনিয়া ভৌগলিক, রাজনৈতিক জনং অর্থনোতক দিক জেকে মে সব শহরের উপর প্রেষ্ঠিত্ব লাভ করেছিল।

৩৯৫ খৃষ্টাব্দ পর্যন্ত কন্ত্বনতুনিয়ার উত্তরসূরীরা কখনো সামালাকে নোমান লবং বাজনাতিন শাসকদের মধ্যে ভাগ করে নিত আবার কখনো এক হয়ে তেওঁ। সমাল বিভাজনের মৃত্যুর পর এ সামাল্য দু'ভাগে ভাগ হয়ে গেগ । এরপরই কল্পুনতুনিয়ায় নোমানদের পূর্বভাগের নালতানাত শক্তিশালী হতে থাকে এবং রোমে তাদের কমতা দুর্বল হতে আকে। বাদাশ শতকের শেষ দিকে মধ্য ইউরোপের অসভা কবিন্দাগুলো নোমে কড় বইনে দিন। দলে, রোমানদের ভবিষ্যতের সর আশা ভরসার কেন্দ্রবিশু হয়ে রুইশ কপুনতুনিয়ার নামককা।

দেড়শো বছরের মধ্যে রোমানদের নতুন রাজধানী হলো পৃতিনার নিশাল লবং অপরাজের শহর। প্রাচ্চ্যের দিকে এগিয়ে যাবার জন্য আলেকজাভার দ্যা লোট যে পথ নিক্তক করেছিলেন কর্ত্বক্রিয়ার উত্তরস্বীদের জন্য সে পথও উথুক্ত হলো। কিনু বুল আড়মোড়া ভাঙ্তল আর একবার। ইরালের নিভূনিভূ অগ্রিপিড অকথাৎ দাউ দাউ করে অলে উলা। পুরাসপুস এবং গ্রীদের হাতে যে পভাকা জবনমিত হয়েছিল এবার তা দললার কিলারে, মাদায়েনের পাঁচীলে পাঁচীলে শোভা পাছিল। ইরানে সাসানী বংশের উথান হাতহানে নদ্দ বুলের সূচনা করে। কর্ত্বভূনিয়ার শাসকরা এশিয়ায় এই প্রথম প্রতিধন্ধার মুখোমুলা হল।

ইরানের কিসরা এবং রোমের কায়দার ছিল পূর্ব পশিনসের দুই সমধ্যনা প্রাক্ষাহা। এ দুই লাংগা তলোয়ার ঠোকাঠুকি করার জন্য সর্বদা উন্মুখ হয়ে পাকতো । ৫৯৭ খুঁগান্দে এ দুই অজগরের লড়াইয়ের ক্ষেত্র ছিল মধ্যপ্রাচ্য । প্রাচ্যে রোমের লক্ষানা দুশমন ছিল ইরান। পাশ্চাত্যে ইরানীদের শত্র ছিল রোম।

অগ্নিমন্তপ ছেড়ে বাইরে দৃষ্টি ছুড়লে অগ্নি পুলারীদের দৃষ্টিতে তেনে উঠত ত্রিত্বাদের গির্জাগুলো। প্রাচ্যের সীমানা ছাড়িয়ে গোলে মাদায়েন কল্পনতুনিয়ার শাসনদের চোথের কটো হয়ে ফুটত। রক্তের নদী বয়ে যেত কথনো মাদায়েন কথনো কল্পনতুনিয়ায়। সিরিয়া এবং আর্মেনিয়ার মানুষ গুলো কেবল অসহায় দৃষ্টি মেলে ভাকিয়ে আকত। এই মাতাকলে পিষ্ট হওয়া মানুষ গুলো তথনি শান্তি পেত, দুই সাম্রাজ্য যথন জড়িয়ে পড়ত আন্তর্তনীন কোনলো।

এখানে কেবল শাসকদের হিফাজতের জনাই তৈরী হও রাজনৈতিক এবং নৈতিক নিয়মনীতি। ক্ষমতার দাবীদারের সীমা সংখ্যা ছিলনা। অনেকেই লোভাতুর দৃষ্টি মেলে ভাকিয়ে থাকত রোম ইরানের মসনদের দিকে। এখানে বসেই একজন মানুধ অন্য মানুধের শান্তি এবং বিভি ছিনিয়ে নিত। ক্ষমতার ছব্দে পরাজিত দলকে হত্যা করে উৎসব করা হত দেশব্যাপী। কারণ, দেবতার দেবতা রাজাধিরাজ দুশমনের যড়যন্ত্র ধূলায় মিশিয়ে দিয়েছেন। সম্রাটের প্রশন্তিগানের প্রতিযোগিতা চলত তামীর ওমরাদের মধ্যে। ধর্মীয় গুরুরা প্রার্থনা করতো তাদের জন্যে। কিন্তু যড়যন্ত্রকারীরা বিজয় লাভ করলে এসব আমীর ওমরা এবং ধর্মীয় গুরুরাই তাদের প্রশংসায় হয়ে উঠতো পঞ্চমুখ।

এ পরিবর্তনের প্রভাব শৃধু জামীর স্বমরা এবং ধর্মীয় নেডাদের মধ্যেই সীমাবদ্ধ থাকত। এদের ছিল প্রজাদের হাড় চিবানোর ক্ষমতা এবং অধিকার।

নৈতিক এবং সাংস্কৃতিক উন্নতির জন্য নয় বরং ধর্ম ব্যবহৃত হত সাম্রাজ্যের জন্য আর সে সাম্রাজ্যের বুনিয়াদ ছিল জুলুম ও অভ্যচারের উপর প্রতিষ্ঠিত। এ সেতুর মাধ্যমে এসব ধর্মীয় নেতার। সম্পদশালীদের কাতারে শামিল হত।

ইরানের ধর্মীয় চিন্তাধারায় মানবতা এবং জাতৃত্ত্বে কর্মনাও করা ফেতনা। যরদশত পাপ-পূণ্যের ব্যাপারে কোন ধারণা দিয়ে থাকলে তা শতবছরের ধূলায় মলিন হয়ে গিয়েছিল। যে ধারনা উচু নীচ্র প্রভেদ মিটিয়ে দেয়, অগ্নি পূজারীদের প্রধান দায়িত্ব ছিল সমাজকে সে চিন্তাধারা থেকে দুরেরাখা।

রাজ্যের বড় বড় পদগুলি নির্ধারিত ছিল কয়েকটা বংশের জন্য। বর্ণ হিলুরা যেমন ক্রিয় অথবা ব্রাহ্মণ হতে পারেনা, ইরানে তেমনি সাধারন মানুষ রাজপদ লাভ করতে পারতনা। প্রজাদের জানমালের বাগড়োর ছিল শাহানশাহের হাতে। এরপর ক্ষমতা ছিল অন্বরাজ্য সমূহের শাসক বংশের। এরাই পেভ বিজিভ এলাকার গভর্ণরী এবং ফৌজি নেতৃত্ব। ক্ষমতায় জমিদারদের স্থান ছিল তৃতীয়। খাজনা আদায় করার জন্য প্রয়োজনে এরা পেও ফৌজি সাহায্য। জমিদার এবং কৃষকদের মাঝে ছিল সরকারী কর্মকর্তার স্থান। প্রজাসাধারণকে চাকর গোলামের মভ মনে করা হত। জমিদারী বিক্রির সাথে ওদেরকেও বিক্রি করা হত। ওরা ছিল সে ভেড়ার মত, যার গোলাও, পলম এবং হাড় শুধু অপরের প্রয়োজন মেটায়।

এ সমাজ ব্যবস্থার বিরুদ্ধে এক আন্দোপন মাথা চাড়া দিয়ে উঠে। ব্যক্তি মালিকানার মূলাচ্ছেদ করে সর্বহারাদের রাজ কায়েদ করাই ছিল এর উদ্দেশ্য। এরা জমি জিরাতের মত নারীদেরকেও জাতীয় সম্পত্তিতে রূপান্তরিত করেছিল। জীবনের সূথ বঞ্চিত যে সব মানুষগুলা মানবেওর জীবন খাপন করছিল এ আন্দোলনে স্বভাবতই তারা সাড়া দিয়েছিল। জমিদাররা তাদেরকে শুধু জমি এবং ফদল থেকে বঞ্চিত করেনি, বরং ওদের নারীদেরকে নিজের তোগের জন্য নির্দিষ্ট করে রেখেছিল। তথনকার শাসক ছিল কোববাদ। দেশী বিদেশী বিপর্যয়ের মুখে সে এ আন্দোলনের সহযোগিতা করতে বাধ্য হল। কিতৃ তরা যখন আমীর ওমরাদের বাড়ী বাড়ী গুটগাট শুরু করল, পুড়িয়ে দিতে লাগল ওদের বাড়ী ঘর, ছিনিয়ে নিতে লাগল ওদের ব্রী কন্যা, কোববাদ তথন সহযোগিতার হাত গুটিয়ে নিল। এবার আমীর ওমরা, এবং ধর্মীয় নেতাদের নির্দেশ সৈন্যরা আন্দোলনের প্রভাব। অগ্নি পৃজকদের ধর্ম আবার হারানো ক্ষতা ফিরেশেয হয়ে গেল এ নতৃন আন্দোলনের প্রভাব। অগ্নি পৃজকদের ধর্ম আবার হারানো ক্ষতা ফিরেশেয

শ্রোম ধার ইরানের রাজনৈতিক অবস্থায় কোন পার্থক্য ছিলনা। খৃষ্টবাদ সুন্দরের শিক্ষা দিলেও সে এসব সম্রাটদের মনমানসিকতা পরিবর্তন করতে অক্ষম ছিল, যারা চোখ মেলেছিল প্রাচীন গ্রাক সভ্যতায়। সিরিয়া এবং ফিলিভিন শত শত বছর থেকে গ্রাচ্য পাশ্চাভ্যের ঝড়ের দাপট কায়সার ও কিসরা ১৫ সয়ে যাচ্ছিল। খৃষ্টবাদের শিক্ষা এসব নিপীড়িত মানুযের জন্য ছিল শান্তির পরগাম। স্বাভাবিক কারণেই এখানে খৃষ্টবাদের জালো ফুটে উঠে ছিল। কিন্তু প্রকাদের মনের এ পরিবর্তন শাসকদের জন্য অসহনীয় হয়ে উঠল। প্রায় তিন শতান্দী পর্যন্ত খৃষ্টানদের উপর চলল অমানুষিক নির্যাতন। এরপর যখন পূর্ব ইউরোপের জনগনও এ ধর্ম গ্রহন করতে লাগল, নমনীয় হয়ে এল সরকার। কায়সার বাহ্যিক বেশতুষা পরিবর্তন করল কিন্তু তার স্বভাব প্রকৃতির পরিবর্তন হলোনা। এতোদিন কন্তুনত্নিয়ার রাজাদের নিরে মৃকুট পরাত ব্রাহ্মণ ঠানুত, এবার সে দায়িত্ব পেল পোল পান্তীরা। আগে শক্রের উপর চড়াও হওয়ার সময় দেবতাদের কাহায় চাওয়া হন্ত, এখন তরবারী তোলার সময় কুশতে চুমো খাওয়া হয়। ভরবারী একটা, বদল্যা শধু ভরবারীর খাপ।

খুইবাদে জুপুম অভ্যাচারের পরিবর্তে প্রেম এবং ভালরাসার শিকা দেয়া হত। মানুষ প্রভাবিত হয়েছিল এ কারনেই। কিন্তু এর প্রকাশ ঘটেছিল কৈরাগাবাদের মাধ্যমে। প্রথম দিকে কেন্ট কেন্ট অর্থনৈতিক কারনে বৈরাগাবাদকে প্রহন করাপ। ধর্মা শহর প্রাম কেন্টে চপে গোল বিজন এলাকায়। এসব পান্নীরা চিল্লা দিত। মুম্মেত মাটিতে ওয়ে। গহা করাত করাত দুধা তৃষ্মার দৃংসহ জালা। অত্তিক উন্নতির জন্য নানা রক্তমের দৈহিক কর্ত্ত সহা করাত এরা। দুনিয়ার সব সমস্যা হেড়ে দিয়েছিল রাই প্রধানদের জনা। ফিন্তু পোকেরা ওদেরকে খোদা প্রেমিক ভেবে এদের পেছনে প্রেমি থাকতো। রোগ মুক্তির জন্য, বাবসা বাণিজ্যে উন্নতির জন্য সাহায্য চাইত ওদের কাছে। জাদের উত্তাপ এবং শীতের কইডোগ করতে চাইত ওয়া। কিন্তু তাদের মাথার উপর শামিয়ানা টালিয়ে দেয়া হত। এক টুকরো শুকনো ক্লটিতে শুধা মেটাতে চাইত তয়া, কিন্তু তাদের সামনে সম্পদের জুপ জমা করা হত। সংযম এবং যোগ সাধনার মাধ্যমে ওরা পাপের খলন চাইত। কিন্তু লোকেরা তাদের অলৌকিক শক্তির কথা দেশে প্রেচার করে বেড়াও। ওরা মতই পালতে চাইত দুনিয়া থেকে, মানুষ ওত বেশী এদের শিতু ভূতে। এদের মৃত্যুর পর ওদের কবরের উপর তৈরী হত বিশাল অট্রালিকা এবং গীর্জা।

ধীরে ধীরে বৈরাগ্যবাদ খৃষ্ট ধর্মের গুরুত্বপূর্ণ হান লাভ করল। যে সমাজে ধন সম্পদের ভিত্তিতে মানুষের পরিমাণ করা হত, সেখানে নিঃম্ব এবং ত্রিন্ত ব্যক্তি মানুষের পরিমাণ করা হত, সেখানে নিঃম্ব এবং ত্রিন্ত বাক্তি মানুষের পালা উদ্ভাবন হতে লাগল সংযম সাধনার নতুন নতুন পদ্ধতি। কোন কোন পান্তী দীপের নির্জন গৃহায় জীবনের শেষ দিন পর্যন্ত সাধনা করত। আবার কেউ কেউ কোন বন অথবা মরুভূমিতে উচ্ স্তম্ভ তৈরি করে চূড়ায় বনে বনে কাল কাটাত। কেউ হয়তো দিগম্বর থেকে খোদা প্রেমের প্রদর্শনী করত। অনেকে জাবার হাতে গলায় এবং সারা শরীরে লোহার জারী শিকল পোঁচিয়ে রাখত। প্রথম দিকে দুনিয়া থেকে হতাশ হয়েই এপথ অবলমন করেছিল জনেকে। কিন্তু পরে এ পাগলামী হয়ে গেল ধর্মের জংগ। এ খানকা গুলোতে আশ্রয় নিয়েছিল লক্ষ্ক লক্ষ্ক মানুষ। ওরা হল গীর্জার আওতাত্ত্ত। এদের দেখাশোনার ভার ছিল পোপের উপর। সরকারের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে ধর্মের পতাকা কুল্ল করার জন্য পোপরা ছিল সদা ভৎপর। গীর্জার আইন ছিল রাষ্ট্রের আইনের চেয়েওভয়ংকর।

খৃষ্টানরা যে ভাবে স্বেচ্ছায় কষ্ট স্বীকার করছিল, খৃষ্টবাদের দৃদিনেও কোন সম্রাট ভাদেরকে এত কষ্ট দেয়নি। ওদের ধর্মীয় শিক্ষার মূলমন্ত্র ছিল, মানুষ জন্মগত ভাবেই পাপী। আত্মার বড় লক্ত্র হল দেহ। আত্মার নিঞ্জির জন্য দেহের উপর অত্যাচার করা ছাড়া অন্য কোন পথ নেই। গীজা হল এমন মশাল, যার উত্তাপে আত্মা দেহের পংকিজ্তা থেকে রক্ষা পায়।

কুসংস্কারে বিশ্বাসী জনগন অন্ধ বিশ্বাসে, বঞ্চিত মানুষ স্বচ্ছণতা লাভের আশায় এবং পাণীরা পাপ মৃক্তির প্রেরনায় এসব গীর্জায় প্রবেশ করত। কিন্তু ওরা এখানে এসে এমন শোকদের দেখা পেতে, যারা তাদের হাড় গোড়ের উপর গীর্জা প্রতিষ্ঠা করার পথ খুঁজে পেয়েছিল।

গীর্জায় প্রবেশ করলে অতীতের সাথে ওদের সকল সম্পর্ক ছিন্ন হয়ে যেত। এমনকি পেছনের কথা ভাবাও ছিল পাপ। নতুন পাদ্রীদের দেখাশোনার দায়িত্ব দেয়া হত প্রশিক্ষন প্রাপ্ত পাদ্রীদের ছিপর। দিনরাত ওদের চোখে চোখে রাখা হত। কোন পাদ্রী পাহারাদারদের উপস্থিতি ছাড়া ভাজীয় স্বজ্বনের সাথে দেখা করতে পার্তনা। কারো সাথে দেখা করতে অস্বীকার করলে সে পাদ্রীকে সম্মানের চোথে দেখা হত।

দীর্ঘ দিন পানাহার এবং বিশ্রাম না করা ছিল প্রশিক্ষনের বিশেষ দিক। হাত পা ধোয়া এবং গোসল ছিল নিষিদ্ধ। শরীর ও পোশাক নোংরা এবং দুর্গন্ধ যুক্ত রাখা অথবা উলংগ থাকাকে পূণ্যের কাজ মনে করা হত। বিকৃত করা হত সুন্দর চেহারা এবং সুদর্শন শরীর। কোন সুন্দরী রাহেবার এক চল্ছ্ উপড়ে ফেলা এবং স্বাস্থ্যবান পাদ্রীর এক পা ভেংগে ফেলা ছিল স্বাভাবিক ব্যাপার। গীর্জার আইন ভংগকারীকে একশো বেত্রাঘাত করা হত। দূনিরার কোন কিছুতে মালিকানা দাবী করা ছিল ক্ষমাহীন অপরাধ। এফনকি ভুল করে আমার জুতা, আমার জামা বললেও দু দোরা মারা হত। ওদের সাথে জেলের কয়েদীর চাইতে কঠোর ব্যবহার করা হত। দৈহিক কার্মের পর নিদ্রা খানিকটা প্রশান্তি আনতে পারে। কিন্ত ক্ষ্মার্ত পাদ্রীদেরকে যুমুতে দেরা হত না। কারণ, নিদ্রায় আত্মা পংকিল হয়ে পড়ে।

প্রতিটি শান্তির পর এসব হতভাগাদের বলা হত, এর সবই তোমাদের বল্যাণের জন্য। এ জন্যাচারে জনকে পার্গল হয়ে যেও। রাত শুধু নয়, দিনেও ওরা জসংখ্য শরতান দেখতে পেত চোখের সামনে। ওদের মনে হত, পাপের সাগরে ভ্বে যাছে ওরা। কামনিক পাপের জন্য বড় পাদ্রীর কাছে শান্তি কামনা করত। কেউ কেউ আত্মহত্যা করে বসত। পাপের ভয়ে জনেকের মন্তিস্ক বিকৃত ঘটত। ষষ্ঠ শতকে এধরনের পার্গলের সংখ্যা এত বেশী ছিল যে, তাদের জন্য জেরজালেমে মানসিক হাসপাতাল প্রতিষ্ঠা করতে হয়েছিল।

একবার পাদ্রী অথবা মাদার হলে কেউ প্রাণ নিয়ে পালাতে পারতনা। স্বেচ্ছায় কেউ কর বরন না করলে তাকে বাধ্য করা হত। প্রথম দিকে অনুস্থ লোকেরাই এখানে আসত । কিন্তৃ বৈরাগ্যবাদ খৃষ্টবালের অন্ন হয়ে যাবার পর অভিজাত ও সবল লোকেরাও আসা শুরু করণ। সেনাবাহিনীতে ভর্তি হওয়া যে সব রোমান যুবকদের জন্য বাধ্যভামূলক ছিল, প্রাণ বাঁচানোর জন্য ওরাও গীর্জায় আশ্রয় নিত।

প্রভাবশালী লোকদের অংশ গ্রহনের ফলে বৈরাগ্যবাদ আরো সমানজনক স্থান লাভ করণ। বিশপদের দৃষ্টি ফিরে গেল বিশেষ ব্যক্তিদের দিকে। এরা ব্যবসায়ী এবং সরকায়ী কর্মকর্তার কায়সায় ও কিসরা ১৭ কাছে গিয়ে বশত,ভোমার জমুক সন্তানকে বিশ্ব জন্য উৎসর্গ করলে ইহ ও পারলৌকিক কল্যাণ লাভ করবে। মুজির পথ থেকে তাদের ফিরিয়ে রাখলে ওদের সারজীবনের পাপের ভার ভোমাদেরকে বইতে হবে। পাদ্রীদের বক্তৃতার প্রভাবে পিতা মাতা তাদের সন্তানদের ওদের হাতে তৃলে দিত। পাদ্রীদের অলৌকিক শক্তির প্রচারের মাধ্যমে মানুষের মনে ভয় চৃকিয়ে দেয়া হত।

প্রতিটি গীর্জা ছিল একটা রাষ্ট্র। এখানেও ছোট পাদ্দীরা বড় পাদ্রীদের হকুম মানতে বাধ্য ছিল। গীর্জা ছিল অতেল সম্পদের মালিক। সামর্থ অনুযায়ী সবাই এখানে সাহায্য করত।

কল্পনা বিলাস আর শারিরীক রেশ ওদের সংকীর্ণমনা করে দিয়েছিল। এরা ছিল জীবনের প্রতি বিতৃষ্ট। মানুষের সাথে নমনীয় ব্যবহার করা তাদের পক্ষে সম্ভব ছিল না। নিজেদের সংকীর্ণ এবং অন্ধকার পথ ছাড়া অন্য কোন পথ গ্রহন করতে প্রভৃত ছিলনা কেউ। ধর্মীয় ব্যাপারে নুন্যভম ক্রটিও ওরা সহা করতনা। আত্মশৃদ্ধির ফেপথ তারা উদ্ধাবন করেছিল তাকে মুক্তির মানদন্ডে যাচাই করা অথবা সমালোচনা করা ছিল অমার্জনীয় অপরাধ।

উপদল গুলোর সামান্যতম মত পার্থক্যে একে অপরের উপর ঝাঁপিয়ে পড়ত। কাউকে হত্যা করে অথবা জীবত্ত পুড়িয়ে ভাবত নিহও ব্যক্তির উপর ওরা অনুগ্রহ করেছে। কারো হাডে নিহত হওয়ার সময় ওরা মনে মনে শান্তনা খুঁজত যে, আত্মা অপবিত্র শ্রীর থেকে মৃতি পেয়েছে।

প্রচন্ড শক্তির অধিকারী হয়েও রোম সম্রাট গীর্জার ব্যাপারে হস্তক্ষেপ করত না। দু'দলের মধ্যে সংঘর্য হলে রোমান সিপাইরা টের পেত যে, গীর্জার পবিত্রতা রক্ষকরা ওদের চেয়েও ভয়ংকর এবং রক্তপিপাসু।

সমাট এবং গীর্জা ছাড়া তৃতীয় শক্তি ছিল সিনেট । এরা গনতন্ত্র প্রতিষ্ঠার দায়িত্বে ছিল। শাসকের মর্জির উপর ভিত্তি করেই ওরা রাজকীয় ব্যাপারে হস্তক্ষেপ করত। দুর্বল শাসক হত সিনেটের হাভের পুতৃল। কিন্তু কোন শক্তিশালী সমাট ভার কাজে সামান্য হস্তক্ষেপও সহা করতনা।

মূর্তি পূজারী শ্লীকদের কিছু প্রনো রসম রেওয়াজ রোমের মত কন্তৃনভূনিয়ায়ও পৌছল। রোমের মত এখানে ও জাতীয় খেলা ছিল রথ চালনা। বাজনাতিনরা ধর্মীয় রসমের মত এ রসমকেও পালন করত।

প্রথম দিকে এ স্কো হত চিন্ত বিনাদনের জন্য। পরে এখান থেকেই মারামারির সূত্রপাত হল। রথ চালকরা পরন্ধর মারামারি করত। ধর্মীয় উপদল গুলোর মতই এরা সরকারের কাছে গুরুত্ব পেত। সরকারের সমর্থন প্রান্ত দলের অত্যাচারে দুর্কিমহ হয়ে উঠত প্রতিদ্বনীর জীবন। ওরা রাতের বেলা অস্ত্র নিয়ে বেরুত। শহরের অলি গলিতে চলত অবাধ লুটপাট এবং হত্যালীলা। এদের অত্যাচারের শিকার হত নিরাপরাধ মানুষও। বিন্তশাদীদের সম্পদ কেড়ে নিত তরা। স্বামী—ভায়ের সামনে ধর্মিতা হত ন্ত্রী ও বোনেরা। মা—বাবার কোল থেকে ছিনিয়ে নেয়া হত সুন্দরী মেরেদের। কিন্তু বাধা দেয়ার শক্তি কারো ছিলনা। কেন্ট ঘরের দ্যার বন্ধ করে রাখলে আগুন জ্বালিয়ে দেয়া হত সে ঘরে। কন্তৃনত্নিয়ার হাত থেকে কাউকে বাঁচাতে ব্যর্থ হয়েছিল ধর্ম। সাধারনের বাড়ীর মত গীর্জা এবং থানকাও নিরাপদ ছিলনা। কৌজ এবং পুলিশ কায়নার ও কিসরা

ভা দেখত। কিন্তু রাজভন্ত্রের শক্তিমন্তা প্রতিরোধের মৃখে বাধা হয়ে দাঁড়াত। কোন গভর্নর অথবা দায়রা জর্জ বিচায়ের দৃঃসাহস দেখালে তাকে জীবন হারাতে হত। সরকারী সমর্থন প্রাপ্ত ক্রীড়া চক্রেন্য অত্যাচারের সামনে সরকারী প্রশাসন ছিল নির্বাক। নত্ন সরকার অন্য দলের সমর্থক হলে অত্যাচারী দল নির্বাভনের শিকার হত।

রোমান শাসকদের এ ব্যবহার বাইরের কোন দুশমনের সাথে নয় বরং গ্রজার সাথে রক্ষকের ব্যবহার। এদের উন্নতির জন্যই গীর্জায় প্রার্থনা করা হত।

এ ছিল সে যুগ, যখন রোমান শাসকদের অধীনে ছিল চৌষট্রিটি সুবা, ন'শো গয়ন্তিশটি শহর এবং অসংখ্য গ্রাম। এ বিশাল সাম্রাজ্যের যে সব বিবেকবান মানুষ জীবনের রাজপথে ঘূরে ঘূরে মরত-কি দুর্বিসহ ছিল তাদের রাজ। রোম ইরানের সংঘাতময় সে দিনগুলো ছিল কত না ভয়ংকর।

এ সব শাসকরা খোদার জমিনে কেবলমাত্র নিজেদের স্বার্থ চাইত। দু'জাডিই ছিল একই রকম নিষ্ঠুর, কুসংস্থারবাদী এবং সংকীর্ণমনা। কিন্তু এরপরও প্রাচ্য পাশ্চান্ডোর জাডিগুলো এদের কাছেই সভ্যতা সংস্কৃতির শিক্ষা নিতে বাধ্য হত। এ ছিল এমন মেঘমাদা যা মরু সাহারার পথহারা মুসাফিরের দৃষ্টি আকৃষ্ট করতে পারত। এশিয়া এবং ইউরোপের উত্তর এবং মাঝের দেশগুলোতে চলছিল মুর্খতা এবং বর্বরতার ঝড়ো হাওয়া। এদের অধিকাংশই ছিল বেদুইন এবং হিন্তে উপজাতি। এরা মংগোলিয়া থেকে বেরিয়ে বিভিন্ন সময় ছড়িয়ে পভ্ত এশিয়া ইউরোপ।এর পর উর্বর ভূমি অধিকার করে সভ্য হয়ে জীবন যাপন করত। কৃষির বদৌলতে ফিরে যেত এদের আর্থিকাবস্থা। মুছে ফেলত বেদুইন আচার অভ্যাস। তখন মধ্য এশিয়া থেকে ছুটে আসতো বর্বরতার নতুন সয়লাব। বাধ্য হয়ে ভাদের জন্যও স্থান ছেড়ে দিতে হতো। কখনো রোম কখনো ইরান—মান, হন, এবং চভালদের প্রচ্ছ আক্রমনের সক্ষুখীন হত।

ওসব কবিদার শাখা প্রশাখা বাড়তি জনসংখ্যার জন্য মংগোদিয়া পর্যান্ত ছিলনা। বাধ্য হয়ে ওরা খুঁজে নিত নতুন নতুন চারন ভূমি।

জারব ছিল রোম ইরানের ক্ষু এবং দুর্বল প্রতিবেশী। তবুও জারবরা ছিল ওদের প্রতাবমৃক্ত। প্রাচ্য জথবা পাল্চাত্য থেকে কোন ঝড় উঠলে তা মরুর বাণুকায় ডুবে যেত। 'নির্দিষ্ট ভূখত নিয়েই রাষ্ট্র। ব্যক্তি এবং কবিলার সমন্বয়ে গড়ে ওঠে জাতি' জারবরা নাগরিক জীবনের এ ধারনা থেকে শত শত বছর পেছনে ছিল।

ইয়ামেন এবং সিরিয়ার পুরনো বাণিজ্য পথে বাইরের সংস্কৃতির খানিকটা প্রভাব ছিল। ভাও সীমিত। আরবের সীমান্তবর্তী বসতি, আজুরক্ষার জন্য যাদেরকে কোন শক্তির কাছে ধর্না দিতে হতো, কেবলমাত্র ভাদের ভেডরই ছিল রাষ্ট্রের ক্ষ্মীণ কল্পনা। বিশাল মক্রতে বাস করত যাযাবর বেদুইনরা। উটের পশম এবং চাগলের চামরার তৈরী ভাবু ছিল ওদের ঘর। ভেড়া বকরী উট যোড়া চরানো এবং শিকার করাকেই ওরা বীরস্কের কাজ মনে করত।

দক্ষিণের শস্য শ্যামল এলাকা রাষ্টের রূপ পেয়ে আবার শেষ হতে গিয়েছিল। কিন্তু সে বিপ্লবের আঁচ লাগেনি এসব মরুচারীদের গায়। দানাপানি হীন উত্তপ্ত ভূমির প্রতি কারো লোভ ছিলনা। এরপরও মরুচারীরা শান্তির মুখ দেখতনা। বাইরের শক্রর ভয় ওদের ছিলনা। কিন্তু

তদের বর্বর রদম রেওয়াজ রোম ইরানের চাইতেও বিশক্ষানক হয়ে পড়েছিল। ওরা বাইরের বিক্দুর ঝঝা থেকে নিরাপদ ছিল, কিন্তু ঘরের আগুন থেকে বাঁচার কোন উপায় ছিল না। গোত্রীয় কোনকে সীমাবদ্ধ ছিল তদের অতীত ইতিহাস। ব্যক্তি থেকে শুরু হত এ দড়াই। পানির ঝরনা, চারন ভূমি অথবা গৃহপালিত পশু হাত করতে সংঘর্ষে লিপ্ত হতো। এরপর ময়দানে বেরিয়ে আদত দমগ্র কবিলা। শুরু হত সুটপাট আর হত্যায়জ্ঞ। বছরের পর বছর ধরে জ্বতে প্রতিশোধের আগুন। এক বংশ নিঃশেষ হয়ে গেলে ময়দানে আদত নতুন বংশ। প্রতিশোধের অগ্নিকৃতে জ্বালানী সর্বরাহ করত বতুন এবং কবিরা। ওদের সাহিত্যের বিরাট অংশ পুরনো শক্রতা চাঙ্গা করার জন্য রচিত হতো।

যায়াবর সমাজের ভিত্তি হিল গোত্রীয় প্রণা। ব্যক্তির চূড়ান্ত লক্ষ্য গোত্রের সন্মান রক্ষা করা। স্বীয় কবিলার কাউকে হত্যা করা হলে ভাকে ক্ষমা করা হতা না। এরা শুধুমাত্র পালিয়ে গেলেই বাঁচতে পারত। দুশমনের বিশ্লম্থে ক্ষমীল ব্যবহার করণেও তাকে সন্মান দেয়া হত।

দুর্বল কবিলাগুলো সবল কবিলার সাহায্য নিত। বিনিময়ে দিতে হত জনেক কিছু। কখনো বিবাদমান দৃটি কবিলার মাঝে এসে দীড়াত সবল কোন কবিলা। সন্ধি হত কিছুদিনের জন্য। যে কবিলার বেশী লোক নিহত হয়েছে অপর পক্ষকে তার রক্তের ঋন পরিশোধ করতে হত।

জন্মসূত্র ছাড়াও কবিশাভূক্ত হওয়ার পথ ছিল। কোন অপরিচিত লোক কারো বাড়ী খেলে অথবা কফৌটা রক্ত জিহবায় নিয়ে কবিলাভূক্ত হতে পারত। এছাড়া কখনো ক্ষুদ্র কবিলাগুলো বড় কবিলায় বিলীন হয়ে যেত। এরপর প্রতিশোধ ভূলত দৃশমনের উপর।

জারবরা বেমনি ছিল জাহেল, তেমনি জেনী। রক্তপিপাস্ এবং অহংকারী মরূর উগ্র জাবহাওয়ায় ওরা উটের মত কটসহিচ্ছু এবং খেলুর গাছের মত কঠোর প্রাণ হয়ে গিয়েছিল। কিন্তু এ কট সহিচ্ছুতা এদের অর্থনৈতিক সাফল্যের জন্য বাবহার করতনা। বরং জাহেলিয়তের জীধারে দৃঢ়ভাবে টিকে থাকার কাজে আসতো। বাগ দাদরে নিয়ম নীতিতে জটল থাকা ছিল বাহাদুরী। নতুন কোন পথ খুঁজে নেয়া ছিল কাপুরুষভা এবং ভীরুভার পরিচায়ক।

হয়রত ইরাহীম (জাঃ) খোদার প্রথম ঘর কালা প্রতিষ্ঠা করেছিলেন মন্কার। কিন্তু শিরকের ঝড়ো হাওয়ার এখানে তৌহিদের প্রদীপ নিচ্চে গিয়েছিল। খোদার প্রথম ঘর রূপ নিয়েছিল মন্দিরে। তখনো কালা ছিল আরবদের কেন্দ্র। শতশত বছরের আহেলী বন্যার তোতে ইব্রাহীমের শিক্ষা মৃছে গিয়ে কিছু শিরকী রসম রেওয়ান্ধ বেঁচে ছিল।

মাঝে মাঝে দৃ'একজনের হৃদয়ে ঝাপটা দিও দ্বীনি ইব্রাহীমের রোশনী। আরবের খাইরের ক্ষতবিক্ষত মানুষগুলো সচেতন ছিল। ওখানকার পথহারা মৃসাফির কোন মৃতিদাতাকে চিনতে পারতো। বিশেষ করে সিরিয়ার খৃষ্টান এবং ইহুদী ধর্ম জায়কগন হতাশ হয়ে পড়েছিল। তাদের দৃষ্টি ছুটে যেত ফিলিস্তিনের সে উপত্যকার দিকে, যেখানে আসবেন এক মৃতি দৃত। আসমানী কিতাবগুলো যার আগাম খবর দিয়েছিল। আঁধারে ঘ্রপাক খেলেও ওরা আলোর প্রতিক্ষায় ছিল। ভ্রুম জন্যাচারের চাকায় পিষ্ট হলেও ওরা ন্যায় ইনসাফ এবং দয়া ছায়ার প্রত্যালী ছিল।

কিন্তু এ আলো বঞ্চিত ছিল আরব হৃদয়। গুরা ভালো মন্দে পার্থক্য করতে পার্তনা। অন্ধকার অতীত নিয়ে গুরা গর্ব করত। বর্তমান নিয়ে ছিল তুই। গুরা কোন আলোর প্রত্যাশী ছিগনা। ২০ কায়সার ও কিসরা অন্ধকারেই তরা চলতে চাইছিল। পূর্বসূরীদের পথ থেকে সরে গিয়ে কোন নতুন পথ গ্রহণকে বরদাশত করতনা তরা। বাপদাদার যুগ থেকে চলে আদা বদ–রসমকে তরা ঘূপা করতনা। কোন উচ্চাকাংখা ছিলনা তদের জীবনে। মৃত্তি পিয়াসী মানুষ ছিল বে আপোর প্রতিক্ষায়, সে আলো থেকে তরা দূরে থাকতে চাইছিল।

এই উষর পাথুরে জমিনকেই খোদা নিয়ামতের বৃষ্টিতে সজীব করতে চাইছিলেন। এ ভয়াল অধার জাকাশকেই নবুয়তের সৃতীক্ষ রোশনীতে চাইছিলেন আলোময় করতে। এ হচ্ছে সে যুগের ইতিহাস- যখন মক্কায় ভোরের আলো নিয়ে একজন নবী এলেন, ভার আগমনে চমকে উঠল হতাশার আধারে ঘুরপাক খাওয়া মুসাফিরের দল।



ইয়াসরেবের খর্জুর বীথি ঘেরা এক বিশাল বাড়ী। বাড়ীটা ইহুদী নেতা কা'ব বিন অপরাফের। বাড়ীর লাগোয়া খেজুর গাছের ছায়ায় বিশ্রাম করছিল শমূন এবং তার বংশের কয়েকজন ইহুদী। ওরা চাটাইতে বন্দে বন্দে কা'বের অপেক্ষা করছিল। কা'ব আসতেই দর্গিড়য়ে পড়ল স্বাই। কা'ব শমুনকে প্রশ্ন করলঃ 'হিবরো এখনো আসেনি?'

ঃ 'আমার চাকর তাকে আপনার দেয়া সংবাদ পৌছে দিয়েছে। সে তাড়াতাড়িই আসবে বলেছিল। কিন্তু আপনি তো জানেন, সে এক বিটকিলে মেন্ডান্ডের লোক। ও এলে আপনি একটু শাসিয়ে দেবেন। আমাদের কাছ থেকে খন নিয়ে আবার আমাদের চোখে চোখ রেখে কথা বলে। গতমাসে তার কাছে তাগালায় গিয়েছিলাম। সে আমার সাথে মারামারি করার জন্য তৈরী হয়ে গিয়েছিল।'

বাগানের ভেতর দিয়ে পাঁচজন আরবকে এগিয়ে আসতে দেখে তাদের প্রতি ইংগিত করে কা'ব কালঃ 'ওই যে ওরা আসতে। ওদের সাথে সতর্ক হয়ে কথা বদবে। দীর্ঘ পড়াইয়ে ক্লান্ত হয়ে পড়েছে জাওস এবং খাজরাজ। নেতা গোছের কেউ কেউ ভেতরে ভেতরে সন্ধির চিতা ভাবদা করছে। আমার আশংকা হতে, ওদের যুদ্ধ বদ্ধ হয়ে গোলে আমাদের বিরুদ্ধে যে কোন দিন এক হয়ে থেতে পারে। ভোমাদের কেউ এমন ব্যবহার করবেনা যাতে ভারা সন্ধি করতে বাধ্যহয়।'

হিবরো এবং তার সংগী কাছে আসতেই ইহুদীরা নীরব হয়ে গেল। হিবরোর দাড়ি অর্থেকেরও বেশী শাদা। পেটা শরীর। ভরাট মুখ। গাঙীর্য পূর্ণ চেহারায়ও যৌবনের দীঙি। ভান হাত কনুই থেকে কাটা। গালে এবং কপালে পুরনো আঘাতের চিহ্ন। বামহাতে একটা মজবুত লাঠি। বাকী চারজনের দুজন হিবরোর সমবয়সী। অন্য দুজনের বয়স পনর থেকে আঠারোর মধ্যে। চার জনের কোহরেই ভরবারী ঝুলানো।

কাবের হাভের ইশারায় ওরা ইহুদীদের কাছে বসে পড়গ। কা'ব ভাদের নিকটে বসতে বসতে বশসঃ 'আমি আশ্চর্য হঙ্গি হিবরো, এ শান্তির দিনেও সশস্ত্র পাহারায় বাড়ী থেকে বের হৃছ্?'

ঃ 'আমার মলে হয় খালি হাতের চেয়ে তরবারীই শান্তির বেশী সহায়ক।'

এক ইছদী বলনঃ 'সতর্কতা মন্দ নয়। গড পরশৃ বনু খাজরাজের তিনজনকে অন্ত নিয়ে শহরে ঘোরাফেরা করতেদেখেছি।'

ঃ 'হিবরো, ভূমি নাকি শম্নের সাথে কথার খেলাফ করেছ? আমি চাই স্থাপারটা ভোমরা নিজেরাই মীমাংসা করে নাও।' কাব বলগ।

ক্রোধে বিবর্ণ হয়ে গেল হিবরোর চেহারা। কড়া চোখে শম্নের দিকে ভাকিয়ে বললঃ 'আমি ভার সাথে কোন প্রতিজ্ঞাই ভংগ করিনি।' শমুন বললঃ 'ও আমার ঋণ পরিশোধ না করে ভার ঘোড়া কোথাও বিক্রি করে ফেলেছে।' হিবরো শম্নের পরিবর্তে ক্য'বের দিকে ভাকিরে বলগঃ 'ওর ঋণ পরিশোধ করভেতো আমি অস্বীকার করিনি। কয়েক মাস সময় চেয়েছি মাত্র।'

ঃ 'নিজের ঘোড়া জপরের কাছে বিক্রি করলে আমি তোমায় সময় দেব কেন? শ্বরবাড়ী, বাগান আর ছাগল–ভেড়া বিক্রি করে ভোমায় পালিয়ে যাবার সুযোগ দেব কোন দুঃখে!'

হিবরো রাগে লাল হয়ে গেল। এবার তাদের কথায় হস্তক্ষেপ করার প্রয়োজন জনুভব করল ক'াব।

  - ৪ 'তোমরা নাকি ভার হাত পা বেঁধেছিলে। তবে কি মরার পর রশি খুলে পালিয়ে গেছে?'
  - ঃ 'ডাকাতরা কোথাও হয়ত পূঁতে রেখেছে।'
- ৪ 'বেওয়ারিশ লাশের সৎকার করার মত ডাকাতের কথা আমি আজ পর্যন্ত শুনিনি। ও বেঁচে আছে। ডাকাতরা ওকে সাথে করে ইয়াসরিব নিয়ে এসেছে। তাই যদি হয় তবে ভাের নাগাদ বন্ খাজরাজের হাজার হাজার লােক জায়ার বাড়ীর সামনে জমায়েত হয়ে যাবে। তথন তােমার উট ঘােড়ার সমস্যা কােন সমস্যাই থাকবেনা। ভূমি এত বেঅক্বা আহম্মক, পালানাের পূর্বে হাত পা বাঁধা একটা লােককে শেষও করতে পায়লেনা।'।
- ৪ 'আমায় গালগোলি করলে যদি আপনার কোন উপকার হয় তবে আমি কিছুই বলবনা। এমনকি হতে পারেনা যে, ডাকাতরা তার বাধন খুলে দিয়েছে। আশপাশের কোথাও পালিয়ে এখন মৃত্যুর প্রহর গুনছে।'
  - ঃ 'আরে ধ্যাৎ। তুমি শৃধ্ বলতে পারো এক বেলকৃফ আত্মীয়ের উপর নির্তর করে আমি ভূল করেছি। তুমিবস। সামি এখূনি আসম্ভি।'

শমুন বেরিয়ে গেল। খানিক পর ফিরে এসে বসল দাউদের পাশে।

- ঃ 'আপনি কোথায় গিয়েছিলেন ?'
- ঃ 'গুমরদের বাড়ীতে এক চাকরকে পাঠিয়েছি। ডাকাতরা ভার সাথে একে গুর এখন বাড়ী থাকার কথা। যদি বাড়ী না এসে থাকে তবে ভোমাকে এখুনি গিয়ে ভাকে খুঁজতে হবে। কোথাও জীবিত পেলে ভাকে হত্যা করাই হবে ভোমার প্রথম কাজ।'
- ঃ 'ওকে নিয়ে এত উৎকণ্ঠিত হওয়ার কোন কারণ নেই। ও বেঁচে থাকপেই শৃধ্ আমাদের বিভয়নার কারণ হতে পারে। আমি নিজের পক্ষে সাফাই পেশ করে কাব, ডাকাতদের মোকাবেশা করে ও আহত হয়েছে। যখন বলব আমার চাকরও আহত, তখন কেউ অবিশ্বাস করভেগারবেনা।'

বিরক্ত হয়ে শমূন বললঃ 'কিন্তু ওমর স্বখন বলবে তোমরা তাকে হত্যার চেষ্টা করেছ তখন ইয়াসরিববাসী তোমার কথা শুনবে কেন ?'

ঃ 'ইয়াসরিবের ইহুদীরা সমর্থন করলে বনু খাজরাজ আমায় অবিশ্বাস করার সাহস পাবেনা।' কায়সার ও কিসরা ৪৫

- ঃ 'আদীকে কি কাব ? তাকে বলেছিলাম ওমর দুশৈ স্বর্ণ মূদ্রা চুরি করে পালিয়েছে।'
- ঃ 'আমি আপনার পক্ষে সাক্ষী লেব। কাব, ভাকাতরা গুমরের কাছে দু'শ স্বর্গ মুদ্রা পেয়েছে। এ'টাকা সে কোথায় পেয়েছে জানিনা।'

শমুন কিছুন্দন তেবে বললঃ 'ওমর তোমাদের সাথে সফর করেছে, একথা স্বীকার করার দরকার নেই। বরং তোমরা বলবে, কতন্দন ভাকাতের মোকাবিলা করে তোমরা পালিরে এনেছ। রাতের আধারে ভাকাতকে দেখা যায়নি। এরপর ওমর আমাদের বিরুদ্ধে কিছু কালে বলব, চুরির অপবাদ পুকানোর জন্য ও আমাদের বিরুদ্ধে বদনাম করছে। ঘোড়া যদি তাদের বাড়ীতেই পাওয়া যায় তবে আর যাবে কোথায়। লোকদের বলব, ওমর ভাকাতদের লাথে ছিল। কিন্তু এসব পরের কথা। এখনকার কাজ হল ও বেঁচে আছে কিনা তা জানতে হবে।'

ঃ 'খোদার কসম, জারবের কোন মানুব আপনার বৃদ্ধির ধারে কাছেও থেতে পার্বেনা। তারেস এবং কাবের পরিবর্তে আপনি সব ইহুদীর নেতা হওয়ার উপযুক্ত।'

পূব আকাশ ফিকে হয়ে উঠেছে। বিছানায় শুয়ে আছে ওমর। নোমান এবং সামিরা তার পায়ের কাছে। আদী এবং ওতবা পাশেই এক বেক্সে বসা। আদী বদলঃ 'ওমর, আমার দৃঢ় বিশ্বাস শমুন তোমার উপর মিথ্যা অপবাদ দিয়েছে। মৃত্যু পর্যন্ত তাকে আমি ক্ষমা করবনা। কিন্তু যে তোমায় এখানে পৌছে দিয়ে গেছে, কে সে ? তুমি যদি তার পরিচয়টা জেনে নিতে। চিরদিন আমরা তার কৃতজ্ঞতা পাশে বন্দী হয়ে রইলাম।'

ঃ 'আববা, রাতের জাধারে আমি হামগাকারীদের চিনতে পারিনি। এর পর আমি জ্ঞান হারিয়ে ফোলি। জ্ঞান মধন ফিরাগ তথন আমি জনেক দুরের এক বস্তিতে পড়েছিগাম। হয়ত ওরা বিশেষ কোন কারণে আমালের বাড়ী পর্যন্ত আদোনি। তবুও আমার বিশ্বাস, একদিন লা একদিন সে আপনার কাছে আসবেই।'

ঃ 'সে আমাদের কোন দুশমনওতো হতে পারে।' সামির। কাল। আদা ক্রন্ধ কণ্ঠে কালঃ 'ওমরের জীবন রক্ষাকারী আমাদের দুশমন হতে পারেনা।'

- ঃ 'জাববাজান' আমি বেঁচে আছি শমুনের কাছে এখনো হয়তো এ সংবাদ পৌছেনি। আপনি কাউকে আমার কথা বলবেননা। তাহলে আর হয়ত আমায় চোর প্রমাণ করার চেষ্ট করবেনা। ওকে কদিন চুল রেখে পরে ইচ্ছেদত অপমানিত করতে পারব। আমি বলতে গারি, আমার মৃত্যুর ব্যাপারে নিশ্চিত হলে লে অবশ্যাই নীবর থাকবে।'
  - ঃ 'তুমি আর কাউকে বলনিতো?'
  - ঃ 'না। তবে আমাদের ঢাকররা হয়ত গোপন করতে পারবেনা।'
    - ঃ 'আখি ওদের নিষেধ করে দেব।'

হঠাৎ চমকে উঠল লোমান। ঃ' মনে হয় কেউ কটকের কড়া নাড়ছে।'

- ঃ 'দেখ গিয়ে। চাকরগুলো সারা রাত ঘুসুতে পারেনি। এখন হয়ত দুমিয়ে আছে।'
- ঃ 'দাড়াঁও নোমান।' ওমর বলল, 'লমুন হয়ত আমার খোঁজে ল্যাক পাঠিয়েছে। আমিই যাঞ্ছি।' বলে আদী বেরিয়ে গেল। উঠান পার হয়ে ফটকের ফাঁকে উকি দিয়ে দেখন শমুনের চাকর

দাড়িয়ে আছে। ক্রোধে বিবর্গ হয়েগেল আদীর চেহারা। চাকরটি বলসঃ 'অনেক্ষণ থেকে আপনার চাকরকে ডাকা ডাকি করছিলাম।'

- ঃ 'ওরা পূব ক্লান্ত, আমরা রাততর ওমরকে থুঁলেছি।'
- ঃ 'মুনীব খুব চিন্তা করছেন। তার কোন খোঁজ পেলেন কিনা এজন্য আমায় পাঠিয়েছেন।'
- ঃ 'তোমার মুনীবকে গিয়ে কাবে, আমরা জাবার তার খোঁজে যাছি। তাকে না পেলেও কড়ায় গভায় তার ঋণ শোধ দিয়ে দেব।' শমুনের চাকর ফিরে গেল।

বড়সড় কামরা। দাউদের সাথে নান্তা করছিল শমুন। দাউদের তিনজন চাকর হতনত হয়ে কব্দে প্রবেশ করন। ঃ 'জনাব, আন্তদের এক ব্যক্তির বাড়ীতে আমাদের খোড়া এবং উট দেখেছি।' তিনজনের একজন কলা। শমুন বান্ত হয়ে প্রশ্ন করণ ঃ 'কার বাড়ীতে ?'

- ঃ 'যে ছেলেটা আগনার কাছে ছিল তার চাচা হিবরোর বাড়ীতে।'
- ঃ 'অসম্ভব। হিবরো ভাকাত নয়। তাছাড়া তার একটা হাত নেই।'
- ঃ 'ভার পাড়া প্রতিবেশীর কাছে শুনদাম, ভার যে ভাতিভা নিরিয়া গিয়েছিল সে ফিরে এসেছে।অনেকজিনিয়পত্রসাথে এনেছে।'
  - ঃ 'হ্যা'। স্বায়ন্তা নিজের চোখে দেখেছি। তমর যে ঘোড়ায় ছিল সেটাও ওখানে রয়েছে।'
- ঃ 'তবে জার কোন চিতা নেই। হিবরোর ভাতিভাকে আমি চিনি। বনু বাজরাজের কোন
  খুবককে হত্যা করার সুযোগ ও হাতহাড়া ফরবেনা। বিশেষ করে আদীর হেলেকে। এবার
  ভোমরা বলতে পার যে ভমর ভোমাদের সংগে ছিল। আদেম কাফেলা আক্রমন করে ভাবে
  হতাং করেছে। লাশের ব্যাপারে এবার আমাদের কোন মাধা ব্যাধা নেই। তার আর্টায় খজনরা
  গিয়েই খুঁজে নেবে। শান্তির দিনে আওস খাজাাজের লোকদের হত্যা করেছে এখনর সমন্ত
  ইয়াসরিবে ছড়িয়ে পড়বে। এখন থেকে বারোমাস ভদের তলোমারের বংকার শোনা যাবে।
  ইয়াসরিববাসী ভূলে যাবে কোরাইপদের যুদ্ধের কাহিনী।'
  - ঃ 'আসেম ওমরকে হত্যা করেছে ভা কি লোকজন বিশ্বাস করবেং'
- ঃ 'তোমার বৃদ্ধি খ্ব মোটা। ওমর তোমাদের সাথে ছিল উট খোড়াই তার প্রমান। ওমর নেই তার পিতার জন্য এ—ই যথেষ্ঠ। আসেম হয়ত তেবেছে ওমরকে পিটানোর পর ডোমারা তয়ে পিছন ফিরে চাইবেনা। কিন্তু বোকাটা ভাবেনি হত্যার দায় দায়িত্ব তার উপর চাপিয়ে দেরা কত সহজ: আমি আশ্চর্য হচ্ছি, আসেম ওমরের ঘোড়া নিয়ে এল কেন? তার মানে মরমর অবস্থার আসেম তার বাধন খুলে দিয়েছিল। হয়ত ওমরকে চিনতে পারেনি। তোমরা তাড়াতাটি ওখানে পিয়ে দেখা। ওমরকে জীবিত পেলেই হত্যা করবে। তার লাশের হিফাজতের জন্য তোমার চাকরদের রেখে আসবে। আসেমের বাড়ীতে ওমরের ঘোড়া এবং খায়বরের পথে তার লাশ দেখলে আসেমই যে হত্যাকারী কেউ আর এ ব্যাপারে সন্দেহ করবেনা।'
  - ঃ 'কিন্তু ঘোড়াতো ওমরের নয়। বরং'আগনি দিয়েছিলেন।'

- ঃ 'ঐ একই হল। আমাদের শৃধু প্রমাণ করতে হবে এ যোড়ায় চড়েই ওমর তোমাদের সাথে গিয়েছিল। সময় নষ্ট করোনা। তোমার না ফেরা পর্যন্ত আমি কোন পদক্ষেণ নেবনা। আস্তাবলে তালা ঘোড়া আছে। আমাদের ছেলেদেরও তোমার সাথে পাঠাব।'
  - ঃ 'বিশ্বাস করুন, আমি দারুন ক্লান্ত।'
  - ঃ 'বিশ্রামের চাইতে এ কাজ বেশী গুরুত্বপূর্ণ। যাও দেরী করোনা।'

মন খারাপে করে উঠে দাঁড়াল দাউদ। একট্ পর ও ইয়াসরিবের খেজুর বাগান থেকে বেরিয়ে জাসছিল। সাথে শদুনের তিন ছেলে এবং ভার নিজস্ব চাকর। ভিনদিন পর। বাড়ীতে চাটাইর উপর বসেছিল ওমর। আদী ভেতরে চুকতেই ওমর উঠে দাঁড়াল।

- ঃ 'বসো। আজ তোমার শরীর কেমন ?'
- ঃ 'সম্পূর্ন সৃস্থ। মাথার ব্যর্থান্ত কমে গেছে।'

দুজন চাটাইতে বসে পড়ল। আদী বললঃ 'এবার চোমার পুর্কিয়ে থাকার দরকার নেই। এইমাত্র পফুলের সাথে দেখা করে এলাম। তার দৃষ্টি এখন জনাদিকে। কে নাকি খারবরের এক ইত্দীর উট জোড়া ছিনিয়ে নিয়েছে। জামাদের এক শক্রর ছরে পাওয়া গেছে সে মাল। এ জন্য ইত্দীরা খ্ব ক্রুন্ধ। আমার বিশ্বাস এখন থেকে ইত্দীরা সরাসরি বন্ আওসের বিরুদ্ধে আমাদের সহযোগিতা শুরু করবে।'

- ৪ 'উট ঘোড়া কোথায় পাওয়া গেছে।'
- র 'হিবরের ঘরে। তার যে ভাতিজা তোমার সাথে শমুনের কাছে ছিল সে–ই এনেছে।

  সোহেলের ছেলে ডাকাতি করল। কি আন্চর্য তাইনা ?'
  - ঃ 'খায়বরের ইহদীদের সম্পদ লুট করেছে একথা কি শমূন জাপনাকে বলেছে?'
  - ঃ 'হ্যাঁ, ওদের উপর রাতে আক্রমন করা হয়েছিল। তার একটা চাকরও আহত হয়েছে?'
- ঃ 'জাববা। শমূন আমার উপর যেমন মিগ্যা অপবাদ দিয়েছে, জানেমের উপরও কি তেমন মিগ্যা অপবাদ চাপাতে পারেনা ?'
- ঃ 'ওরা আমাদের নিকৃষ্ট দুশমন। তাদের পঞ্চে ওকাগতি করা তোমার সাজেনা। তার হাত রংগীন হয়েছে তোমার ভায়ের খুনে। আজ ভোরে ইহুদীদের কজন লোক সেখাদে গিয়ে উট আর ঘোড়া দেখে এলেছে। আসেম নাকি এগুলো পথে কৃড়িয়ে পেয়েছিল। আর তাই মালিক নেই তেবে নিয়ে এলেছে। তার কথা তার নিজের কবিলার লোকেরাও বিশ্বাস করছেনা। ইহুদীরা তার চাচাকে বলল, তোমার ভাতিকা ইহুদীদেরকে উত্তেজিত করে ভাল করহেনা। এর মীমাংসার ভার পড়েছে কাঁব বিন আশ্রাফের উপর।'
  - ঃ 'ডার মানে মাগ ফিরিয়ে দিতে আসেম অশ্বীকার করেছে?'
  - ঃ 'না, মাল ইহুদীরা নিয়ে গেছে।'
  - ঃ 'ডাহলে ঝগড়াটা কি নিয়েং'
- ঃ 'ঝগড়া হবেনা ? আসেম কাফেলার উপর আক্রমন করল। সেদিন ইহুনীরা ওদের বাড়ীতে গিয়েছিল। এতগুলো লোকের সামনে শমুনের গায়ে হাত তুলতে আসেমের একটু ও বাঁধলনা। ও

যখন সাফাই পেশ করছিল শমুন তখন তাকে মিথ্যেবাদী বলেছে। সাথে সাথে দাড়ি থরে সাই করে আসেম তার মুখে এক ঘৃষি মেরে দিল। ঘৃষির চোটে শমুনের একটা দাঁত ভেংগে গেছে।'

ঃ'ইস! আমি এমন তামাশাটা দেখতে পারলামনা। জাসেম তার একটা মাত্র দাঁত ভেংগেছে বলেসামার দুঃখ হচ্ছে।'

- ঃ 'সোহেলের পূত্র না হলে আমি ভাকে পূরস্কৃত করতাম। তবে আমি কিন্তু থূশীই হয়েছি। এখন ইছদীরা আওসের বিপক্ষে চলে যাবে। তারা কোন সাহায্যই পাবেনা। কা'ব বলেছে, ইয়াসরিবের সব লোকদের উচিৎ এঘটনার দিকে নজর দেয়া। আজ ইছদী কাফেলা লুঠিত হল। কাল ইছদী অইছদী সব এক হয়ে যাবে। তাছাড়া এ ঘটনা ঘটলো শান্তির দিনে। সব কবিলার নেড্স্থানীয় লোকদেরকে কা'ব আজ নিজের বাড়ীতে দাওয়াত দিয়েছেন। ভবিষ্যুতে যেন এঘনটি না ঘটে তার ব্যবস্থা নেয়া হবে। আমিও ওখানে যাক্ছি। আমি আসেম এবং তার চাচাকে দেশ থেকে বের করে দেয়ার প্রস্তাব করব।'
  - ঃ 'আওস কি এ প্রস্তাব সমর্থন করবেং'
- ঃ 'ইহদীরা তো সমর্থন করবে। আওস ইহদীদের ক্যাপাতে চাইবেনা। ইহদীদের সভূষ্ট করার জন্য ওরা যে কোন ত্যাগ স্বীকার করতে প্রভূত। আমি শুনেছি, শমুনের গায় হাত তোলায় আসেমের জাজীয়রাও তার উপর রাগ করেছে। হিবরো তো তাকে থাপণড় মেরে দিয়েছিল।'
- ঃ 'আমার আশংকা হচ্ছে, আওস জার খাজরাজের লোকজন ওখানে একত্রিড হলে লড়াই শুরু করে দেয় নাকি!'
  - ঃ 'কা' বের বাড়ীতে কেউ এ সাহস করবেনা। সবাইকে জন্ত ছাড়া খেডে বলা হয়েছে।'
  - ঃ 'আববা, ভাপনি তো বলেন কা'ব নীচ, প্রতারক। এ যুদ্ধে তারও ষড়যন্ত্র রয়েছে।'
  - ঃ 'হ্যা। কিন্তু হায়েনার মৃথ এবার অন্যদিকে।' আদী যাবার জন্য উঠে দাঁড়াল।
  - ঃ 'আপনি কোথায় যাতেন ?'
  - ঃ 'আমাদের লোকজনকে কিছু পরামর্শ দিতে হবে। আমরা এ সৃযোগ হাত ছাড়া করকনা।'
  - ঃ 'যে ইহুদীর ঘোড়া ছিনিয়ে নেয়া হয়েছে, শমুন কি তার পরিচয় দিয়েছেন।'
  - ঃ 'বলেনি। আমিও জিজ্ঞেস করা দরকার মনে করিনি।'
  - ঃ 'আক্রেমনটা কোথায় হয়েছিল, তখন ভারা কি করছিল, তাও তাকে জিজ্ঞেস করেননি?'
- ঃ 'না। কিন্তু এসৰ অধান্তর প্রশ্নের মানে কিং তবে কি'....েশেষ শব্দ জাদীর কণ্ঠে জাটকে রইল। হতভদ্বের মন্ত জাদী ভাকিয়ে রইল ওমরের দিকে।
- ঃ 'আববা। সে ভার চাকরদের সহায়তায় এক অসহায় ব্যক্তিকে হভ্যা করছিল। মন্ত্রুমের চিৎকার শুনে ছুটে এসেছিল কোন এক মুসাফির। ভার ভয়েই অভ্যাচারীরা জিনিষপত্র রেখে প্রাণ নিয়ে পালিয়ে গেছে। সে মন্ত্রুম যুবক আপনার সন্তান—যাকে আধমরা রেখে ওরা পালিয়ে গিয়েছিল। আববা, বাস্তব অনেক সময় অবিশ্বাস্য এবং বেদনাদায়ক হয়।' শেষ কথা গুলোর সাথে সাথে ওমরের চোখ দ্'টি অশ্রুতে ভরে গেল। অবসন্ধ দেহে বসে গড়ল আদী। অসম্ভব এক নীরবতা নেমে এল ঘরে। দ্'জন দ্'জনের দিকে ভাকিয়ে রইল নির্বাক দৃষ্টিতে।

নীরবতা ভাঙ্ক ওমর ঃ 'জাববা, আমার জীবন রক্ষাকারী আমাদের নিকৃষ্ট দুশমন আসেম। সে আমায় বাড়ীর বাইরে ছেড়ে যায়নি বরং এ কক্ষ পর্যন্ত পৌছে দিয়েছিল।'

জাদীর কণ্ঠ থেকে বেরিয়ে এল এক পরাজিত চিৎকার।ঃ 'একথা জাগে কানি কেন? সামিরা। কমপক্ষে তোমারত মিথ্যে কান উচিৎ হয়নি।'

- ঃ 'আববা। একথা গোপন রাখার জন্য আসেম আমায় দিব্যি দিয়েছিল।'
- ঃ 'কিন্তু কেন?'
- 'হয়ত মানবতার খাতিরে ও আমার জীবন বাঁচিয়েছে। কিন্তু এ অপরাধ প্রচার করতে চায়নি। অথবা আমাদের গোত্রের সামনে আমাকে হেয় করতে চায়নি। আমি যখন অসহায় ছিলাম, তখন তার সাহায্য চেয়েছি। আমার দ্রবস্থা দেখে হয়ত তার মনে করুণা জেগেছিল। তখনি বুঝেছিলাম, আমরা দুজন নিজ নিজ কবিলার সাথে গাদ্দারী করছি। দু'জনই ছিলাম অপরাধী। কোন অপরাধী তার অপরাধ প্রকাশ করতে চায়না। নিজের পক্ষে সাকাই পেশ করার সময় ও আমার প্রসংগ পর্যন্ত ভোলেনি। এত হিম্মত আমার নেই। আমায় বেহায়া বলে গালি দিতে পারেন। কিন্তু আমি যার কাছে কৃতজ্ঞ তাকে অশ্বীকার করবো কি ভাবে?'
- ঃ 'ও আমার মাথায় একটা পাহাড় চাপিয়ে দিয়েছে। কিন্তু সোহেদের পুত্র, হিবরোর ডাতিজা আমার ছেদের জীবন বাচিয়েছে এ ও কি সম্ভবং মানাতের শপথ। আমার বংশের কাছে সে চরমপ্রতিশোধ নিয়েছে।'
  - ঃ 'শমুন কে কি আমার কথা বলে দিয়েছেন ?'
- ঃ 'ঙ্মি নিষেধ না করলে এ বোকামী হয়ত করে বসতাম। আজ আমার সাথে সে খুব ডাল ব্যবহার করেছে। তার কথাবার্তায় মনে হল, সে তোমার বড় কল্যাণকামী। চুরির কথা সে বেমালুমভূলেই গেছে।'
- ঃ 'আৰবা। আমি বেঁচে থাকণো ভাকে আর ইয়াসরিবে থাকতে হবেনা এই ছিল ভার সবচাইতেবড় দুচিন্তা।'



ইয়াসরিবের নেতৃত্বাদীয় লোকেরা জমায়েত হয়েছে কা'ব বিন আশরাফের বাড়ীতে। বাড়ীর সামনে খেজুর গাছের ছায়ায় বসেছে মজলিশ। মাঝখানে কা'ব। ডানে বামে এবং পেছনে ইবুদী এবং সামনে জাওস ও খাজরাজের লোকজন। ডাদের মাঝে একট্খানি জায়গা ফাঁকা। দর্শকদের বেশীর ভাগই ইবুদী। ওদের সংখ্যা ধীরে ধীরে বেড়ে যাছিল। কা'বের পরনে দামী জুরা। বসেছে মূল্যবান কার্পেটের উপর। বাকী সবার জন্য চাটাইর ব্যবস্থা। দীর্ঘদিন পরে তলোয়ারের ঝনঝনানি ছাড়াই আওস ও খাজরাজ একত্রে বসেছে। কা'বের কথা মত সবাই এসেছে শূন্য হাতে। খালি হাত হলেও ওদের ধরন ধারনে মনে হছিল এখানে ওরা নিম্পত্তির জন্য আসেনি। বত কার্যার ও কিসরা

## www.priyoboi.com

একে অপরের ইচ্ছাগুলো জানতো, এখানে এসেছে কেবল ইহুদীদের সভূষ্ট করার জন্য। বন্ খাজরাজ ভেবেছিল আজ বনু আওস চরম ভাবে লজ্জিত হবে। তরবারী রক্তে না ভ্বিয়েই মন্ত এক বিজয় কামাবে খাজরাজ। ইহুদীরা বেঁকে বসলে আওস একদিনও ইয়াসরিবে থাকতে পারবে না। অপর দিকে বন্ আওস যে কোন মূল্যে ইহুদীদেরকে খুশী রাখতে চাইছিল। ওরা জানত, খাজরাজ ইহুদীদের সাথে মিলে গেলে আওস ইয়াসরিবে থাকতে পারবেনা।

দর্শকদের ভীড় চিরে এগিয়ে এল আদী। বসল কা'বের সামনের ফাঁকা জায়গায়। তার কবিশার লোকেরা ইশারায় তাকে কাছে ডাকতে চাইল। কিন্তু আদী তা ভুক্তেপ করলনা। কা'ব বললঃ 'বস আদী।'

ঃ 'পাপনার সংবাদ পেয়েছি বলেই এসেছি। পামি এ মিটিংয়ে বংশ নিতে চাইনা। আন্তসের এক ব্যক্তির সাথে একজন ইহুদীর ঝগড়ায় আমার কবিশার সকলকে ডাকা ঠিক হ্যানি। আমাদের দু গোত্রের সম্পর্ক একত্রে বসার মত নয়।'

কা'ব চকিতে শমুন এবং দাউদের দিকে ভাকিয়ে আবার জাদীর দিকে ফিরে বললঃ
'ব্যাপারটা আসম এবং দাউদের মধ্যে সীমাবদ্ধ থাকলে কাউকে এখানে আসার কন্ত দিতাম না।
জামার লোকেরা নিজের সমস্যা জনসমক্ষে তুলে ধরার মত কেমকুব এখনো হয়নি। আপনারা
বসুন, আমরা হিবরো এবং তার ভাতিজার অপেক্ষা করছি। গুরা এলে বুঝবেন, আপনাদেরকে
অযথা কন্ত দেইনি। গতকাল শুনলাম, আপনার এক ছেলে নাকি নিখোজ হয়ে গেছে। এজন্য
,আমি খুব দুঃখিত। আছা, তার কি কোন সন্ধান পেলেন?'

ঃ'না, এখনো তার কোন সন্ধান পাইনি।'

ক'জন দর্শকের চিৎকার শোনা গেলঃ 'গুই যে গুরা আসছে।' আদী নিজের কবিলার লোকদের সাথে গিয়ে বসল। কিছুক্ষণের মধ্যেই জীড় চিরে এগিয়ে এল আসেম এবং হিবরো। হিবরো আগুসের লোকদের কাছে গিয়ে বসল। কিন্তু দাঁড়িয়ে রইল আসেম। কা'ব বললঃ 'কিহে যুবক, তুমিগু বস।'

- ঃ 'না। আমি আসামী। একজন আসামীর দাঁড়িয়ে থাকাই উচিৎ।'
- ঃ 'তৃমি কি স্বীকার কর তোমার বাড়ীতে যে উট ঘোড়া পাওয়া গেছে ভা দাউদের?'
- ঃ 'জনিনা। রাতের বেশা ওগুলো আমি রাস্তায় পেয়েছিলাম। লাওয়ারিশ ডেবে সাথে নিয়ে এসেছি, দাউদ যখন মালিকানা দাবী করল সাথে সাথেই তাকে ফিরিয়ে দিয়েছি।'
- ঃ 'কি আশ্চর্য। পথে এতগুলো পশু তোমার অপেক্ষা করছিল। আমি কতদিন সে পথে আসা যাওয়া করেছি, খোড়া থাক একটা ছাগলও পাইনি।'

বনু খাজরাজ পট্টহাসিতে ফেটে পড়ল। অনেক কষ্টে ক্রোধ সংযত করে রাখল বনু আওস। আসেম বন্দাঃ ' আপনি একটা ছাগলও গাননি তা আমার অপরাধ নয়। হয়ত আপনি হতভাগা অথবা আপনার দৃষ্টি রাতে বেশী দূর যায়না।'

দরবারে শুরুতা নেমে এল। ইবুদীরা রাগে ফুলতে লাগল। হিবরো চিৎকার দিয়ে বললঃ
'আমেম, বেকুন্দের মত কথা বলোনা।' আওসের এক প্রবীন ব্যক্তি দাড়িয়ে কা'বকে বললঃ
'আপনি আসেমের জন্য যে শান্তি নির্ধারণ করবেন, আমরা ডাই মেনে নেব।'
কারসার @Priyoboi.com

কা'ব দাউদের দিকে হিন্নে কালঃ 'তুমি কিছু কাবে?' দাউদ দাঁড়িয়ে বলতে লাগলঃ 'আসেম রাতের অধারে আমাদের অক্রেমণ করেছিল। এক সংগীর লাশ ফেলে রেখে আমরা পালাতে বাধ্য হল্ম। আমার এক চাকরও আহত হয়েছে। তকে পথের এক বস্তিতে রেখে এসেছি। আমার পশুগুলো ফিরে পেয়েছি। চাকরের যখমও ততটা বিগদজনক নয়। শান্তির দিনে বিনা উস্কানিতে আক্রমণ করাকেও ক্ষমার দৃষ্টিতে দেখতে পারি। কিন্তু ও এক নিরপরাধ শোককে হত্যা করেছে। রাতের অন্ধকারে সে তরবারী ধরার সুযোগও পায়নি।'

দাউদের এক সংগীর হত্যার খবরে বনু খাজরাজ বরং খুশীই হল। ওদের বিশ্বাস জন্মাল যে ইষুদীরা এ ব্যাপারে নীরব হয়ে বদে থাকবেনা। কা'ব প্রশ্ন করনঃ' নিহত ব্যক্তি কে ছিল?'

- ঃ 'এর জবাব আমি দেব। তার পূর্বে নিশ্চিত হতে চাই যে এরা এখানে হান্দামা করবেনা।'
- ঃ 'তুমি নিশ্চিত থাকো। এরা আমায় কথা দিয়েনে, আমার বিশ্বাস এখানে কেবল নির্বাচিত লোকেরাই গদেছেন।
  - ঃ 'নিহত ব্যক্তি হল খাজ্য়াজ গোত্রের এক যুবক। ওমর। জাদীর হেলে ওমর।'

মজণিশে আবার নিস্তব্ধড়া নেমে এগ। খাজরাজের গোকেরা স্তব্ধ বিষয়ে একে ত্রণরের দিকে তাকাতে লাগল। শুরু হল চাপা গুজন। ধীরে ধীরে সে শব্দ বড় হতে লা্গল। কিন্তু আদীর যে চোখে জ্বলবে প্রতিশোধের আগুন-সে চোখ নির্বিকার। আদী অনিমেধ চোখে তাকিয়ে রইল আদেষের দিকে। কেউ তাকে ঝাক্নি নিয়ে কালঃ 'আদী, শুনছ কিছু। আসেম ভযরকে হত্যা করেছে।' কোন জবাব না দিয়ে আদী ভার হাত সরিয়ে দিল। বনু খাজরাজের ভেডর শুরু হল তুমূল হট্টগোল।

ঃ 'খামোশ। খামোশ।' দু'হাত উপরে ভূলে চিৎকার দিয়ে বলন কা'ব। মজনিশ শান্ত হয়ে

গোল। কা'ব আসেমের দিকে ফিরে বলল ঃ 'ভূমি কিছু কাবে?'

ঃ 'জামি শৃধু বলতে পারি দাউদ মিথ্যাবাদী। আমি কাউকে হত্যা করিনি।'

দাউদ বন্দগঃ 'শান্তির দিনে কাউকে হত্যা করা এমন অপরাধ নয় যে তর জলসায় আসেম তা স্বীকার করবে। ও তো ওমরের লাশও কোথাও পৃকিয়ে ফেলেছে। আমরা অনেক চেষ্টা করেও লাশের কোন হদিস পাইনি। যদি মনে করেন মিথ্যা বলছি ,তবে শমুনকে জিজ্ঞেস করে দেখুন।'

ঃ 'কি শমুন। তুমি কিছু বদবে।' কা'ৰ বদদ।

ঃ কয়েক বছর থেকেই ওমর ভামার কাছে। সেদিন কি মদে করে হঠাৎ ও ঘোড়া নিয়ে কোথায় চলে গেল। পরে বুঝলাম কিছু টাকাও নিয়ে গেছে। সাথে সাথে ভার পিতাকে কথাটা বলেছি। এরপর দাউদ ঘোড়া খুঁজতে এখানে এলে শুনলাম, ইয়াসরিব থেকে বেরিয়ে ওমর ওর সাথেই গিয়েছিল। ওমরকে কে হড্যা করেছে জামি জানিনা। কিন্তু ওমর যে ঘোড়া নিয়েছিল দাউদের পশুর সাথে তাও আসেমের বাড়ীতেই পাওয়া গেছে। আদীকে জিজেদ করুন, ওমর এখনো বাড়ী পৌঁছেনি। তাহলে ধরে নিভে হল্ছে, খুন হয়ে গেছে হভভাগা। হড্যাকারী শান্তির দিনের সন্মান করেনি, এ জন্য আমার দৃঃখ নেই। গুমর চুরি করে পালিয়েছে আদীকে তা বলেছিলাম। কিন্তু দাউদের কাছে পুরো ঘটনা শোনার পর তা আদীকে বলতে সাহস পাইনি। দাউদ লাশ খুঁজে পায়নি, এও আমার নীরব থাকার আরেকটা কারণ। আমার ধারণা ছিল, ৫২ তামদার ও কিসরা

আহত হয়ে হয়ত কোথাও আজুগোপন করে আছে। কিন্তু এতদিনেও যখন ফিরগনা, এর মানে তাকে কোথাও পূঁতে রাখা হয়েছে। দাউদের বর্গনা মেনে দিলে হত্যাকারী আদেম ছাড়া আর কে হবে?' কা'ব চাইল আদীর দিকেঃ 'আপনি কিছু কাবেন?'

আদী দাঁড়াল। এগিয়ে এল আনেমের কাছে। খানিক এদিক ওদিক ভাকিয়ে আনেমের চোখে চোখ রাখল। আচহিত ভার বাহু ধরে ঝাকুনি দিয়ে বললঃ 'বেকুক। ভূমি নীরব কেন? কেন বলছনা ওমর মরেনি, বেঁচে আছে। ভোমার অসহায়ত্ত্বের ভাগালা দেখার জন্য ভার পিভা ভাকে বাড়ীতে পুকিয়ে রেখেছে। কেন বলছনা, ওমরকে নিজের ফাঁধে বয়ে আমার বাড়ীতে পৌঁছে দিয়েছিলে?'

মজলিশে নেমে এল থমথমে নিস্তব্ধতা। আদীর এক আজীয় এগিয়ে তার হাত ধরে বঙ্গলঃ 'সাহস হারিওনা আদী। তোমার ছেলের রক্ত বৃথা যাবে না। কবিদার প্রতিটি লোক তোমার সাথে ররেছে।' তাকে ধাকা দিয়ে পেছনে সরিয়ে আদী চিৎকার দিয়ে বলল ঃ 'আমি তোমাদের করুণা চাইনা। তোমরা সবাই পাগল হয়ে গেছ।'

- ঃ 'প্তকে বাড়ী নিয়ে যাও।' কা'ব কাল, 'ছেলে হারানোর বেদনায় ধর মাথা ঠিক নেই।'
- ঃ' আমি সম্পূর্ণ সুস্থ। আপনি শমুন আর দাউদের চিন্তা করুন। ওদের জিজ্ঞেস করুন তোমরা নির্বাককেন?'

মজলিশের দৃষ্টি ছুটে গেল শথুন এবং দাউদের দিকে। আদী খানিকটা থামল। চাইল আদেমের দিকে। ঃ 'এখানে এমন একজন সান্দী রয়েছে যে তোমায় নির্দোষ প্রমাণ করতে পারে। তৃমি তাকে ডাকছনা কেন? ও শুধু তোমার ডাকের অপেক্ষায় আছে। ওমরকে মৃত্যুর হাত থেকে বাঁচালোই কেবল তোমার অপরাধ। তোমার আশংকা তোমার কবিলার লোকেরা তোমার বিপক্ষে চলে যাবে। কিন্তু আমি আমার কবিলার লোকদের তয় পাইনা। স্বীকার করতে লঙ্জা নেই যে তুমি আমার ছেলের জীবন রক্ষা করেছ। আমি তোমার কাছে কৃতজ্ঞ। একরাতে কয়েকজন ইথুদী তাকে হত্যা করছিল। কিন্তু তার আর্ত চিংকার তোমায় চঞ্চল করেছ। তমর, তমর এবার তুমি আমতে পার।'

ভীড় ঠেলে এগিয়ে এল ওমর। দাড়াল আদেম এবং আদীর কাছে। ভার নাক এবং চোখ ছাড়া সমস্ত শরীর চাদরে ঢাকা। লোকের। অবকে বিশয়ে ভার দিকে চাইডে লাগল। ওমর চেহারার পর্দা সরিয়ে কা'ব বিন আনরাফের দিকে ভাকিয়ে বললঃ ' শান্তির দিনে আমায় হত্যার পরিকল্পনা করা হয়েছিল একথা সভ্য। তবে সে যড়যন্ত্রের সাথে আদেমের কোন সম্পর্ক নেই। অপরাধী বসে আছে আপনার ডানে। শম্ন, ভূমি আমাকে চেন ?'

এতক্ষণ ধীরে ধীরে সাহস সঞ্চয় করছিল শমূন। এবার উঠে দাঁড়িয়ে বলদঃ 'ডোমার্কে চিনবনা কেন? ত্মি আমার ঘর থেকে চুরি করে পালিয়ে ছিলে। তবু তোমায় জীবিত দেখে আমি খুশী হয়েছি।'

ঃ 'তৃমি যে দাউদের উপর আমাকে হত্যা করার ভার দিয়েছিলে সে তা পালন করতে পারেনি।এজন্য খুনীহর্ডনি।'

কায়সার ও কিসরা ৫৩

- ঃ 'মিথ্যে কথা। নিজের অণরাধ ঢাকা দেয়ার জন্য তৃষি আমার নামে অপবাদ রটাতে চাইছ।' কা'ব ছাড়া সব ইহুদী দাঁড়িয়ে হট্টগোল করতে লাগল।
- ঃ 'ও মিথ্যা বলছে। ও ভূল বলছে। শমুনের অপমান আমরা সইবনা।'

তমর গর্জে উঠলঃ 'তোমরা না শুনলেও একথা সত্য যে এ ষড়যন্ত্রের উদ্দেশ্য ছিল যুদ্ধ বদ্ধের দিনেও আওস ও খাজরাজ যেন শান্তিতে বসে না থাকতে পারে। দাউদ তোমার বাড়ীতে মেহমান ছিল একথা কি মিথ্যে? তার ঘোড়া খায়বর পর্যন্ত পৌছে দিতে তৃমি আমায় বাধ্য করনি? দাউদের সাথে কি আমায় শেষ রাতে পাঠিয়ে দেয়া হয়নি? আমায় কেন হত্যা করতে চেয়েছিলে এ ভরজলসায় কি তার কারন শুনতে চাও?' শমুন চিৎকার দিয়ে কলঃ 'হিবরোর ভাতিজার সাথে তোমার কি সমঝোতা হয়েছে আমি জানিনা। কিন্তু এক চোরকে আমার গায়ে কাদা ছিটানোর অনুমতি আমি দেবনা।'

ঃ 'এখানে মুখ খোলার জন্য আমি তোমার অনুমতির তোয়াকা করিনা।'

ইহুদীরা চিৎকার শুরু করলঃ 'ডোমার কোন কথাই আমরা শুনতে চাইনা, তুমি মিথ্যুক।'
দারুন উৎকণ্ঠা নিয়ে কা'ব দাড়িয়ে কালঃ 'কোন কারনে দু'জন শক্র পরস্পর মিশে গেলে
তাদেরকে গালগালি দেয়া ঠিক নয়। কিন্তু তৃতীয় পক্ষকে বেহুদা জড়ানো ভদ্রতা নয়। আওস
এবং খালরাজকে আমি মোবারকবাদ দিছি। সন্ধির জন্য দু'যুবক এগিয়ে এসেছে। কিন্তু শম্ন
ওমরকে হত্যা করতে চাইছিল একথা জামি বিশ্বাস করিনা। আউস এবং খালরাজ পরস্পরের
দিকে সন্ধির হাত বাড়াতে চাইলে কেউ বাগড়া দেকেনা।'

হিবরো দরাজ কণ্ঠে বললঃ 'আওস এবং খালরাজের মাঝে সন্ধি হতে পারেনা। আমরা আমাদের প্রিয়ন্তনের রক্ত বৃথা যেতে দেবনা।'

থাজরাজের এক ব্যক্তি দাঁড়িয়ে বলগঃ 'তুমি ডেবেছ আমরা সন্ধি করব? মানাতের শপথ। দেহে এক বিন্দু রক্ত থাকভে আমাদের তলোয়ার কোষবন্ধ হবেনা।'

মৃত্তুর মধ্যে মজলিশের রং পান্টে গেল। একট্ পূর্বে ইছদীরা ছিল অবাঞ্চিত পরিবেশের মৃথোমুখী। কিন্তু এখন ওরা নিশ্চিত্তে আওস এবং খাজরাজের ঝগড়া শুনছিল। কা'ব কলাঃ 'আপনারা কথা দিয়েছিলেন উত্তেজিত হবেন না। আশা করি প্রতিশ্রুতি রক্ষা করবেন। এমন কিছ্ করবেন না যাতে গড়াই শুরু হয়ে যায়। আমি মজলিশ শেষ করলাম। আপনারা শান্তিপূর্ণ ভাবে এখান থেকে বিদায়নিন।'

লোকজন উঠে হাঁটা দিল। হিবরো আদেমের পাশ দিয়ে যাবার সময় তার দিকে অগ্নিবান হেনেঃ 'ভোমার কাছে এমনটি আশা করিনি। আদীর ছেলের জীবন এত মুগাবান নয় যে তুমি বাপ ভাইয়ের রক্তের কথা ভূলে যাবে।' বন্ খাজরাজের এক ব্যক্তি আদীকে বগছিলঃ 'আমার ছেলে মৃত্যুর সময় আওসের কারো কাছে এক ফোটা পানি চাইলেও লজ্জায় কাউকে মুখ দেখাডামনা।'

ভাতস এবং খাজরাজের লোকেরা আদেম, আদী এবং ওমরের দিকে খুণার চোখে তাকাতে ডাকাতে বেরিয়ে গেল। জাওসের কাছে আদেমের অপরাধ ছিল ক্ষমার অযোগ্য। আদীর ছেলের জীবন বাচানো যে—সে অপরাধ নয়। অপরদিকে আদী এবং ওমর এমন সময় আসেমের পক্ষে ৫৪ কার্যনার ও কিসরা মৃথ খুলল, ইহুদীরা যখন আউসের বিরুদ্ধে যাচ্ছিল। তরা তিন জুন দাঁড়িয়ে রইল কডক্ষন। তীড় কমে এলে আসেমত পা বাড়াল। আদী এবং ওমর তাকে অনুসরণ করল। একট্ গিয়ে ওমর ডাকলঃ 'আসেম, দাঁড়াও।'

ও দীড়িয়ে পেছনে ফিরে চাইল। ওমর নিকটে এসে বললঃ 'আসেম, প্রতিক্তা রক্ষা করতে পারশামনা বলে দৃঃখিত। ডোমার অপমান আমি সইতে পারিনি। ইহুদীদের ষড়যন্ত্র ফাঁদ করে দেয়া আমার কর্তব্য হিল। একটু পূর্বে আমরা ছিলাম কবিলার অহংকার। কিন্তু এখন একটু সহানুভৃতি থেকেও বঞ্চিত।'

ধরা অওয়াজে আসেম বললঃ 'তোমার বিরুদ্ধে আমার কোন অভিযোগ নেই।'

- ঃ 'আনেম' আদী বন্দন, 'আমার মাথায় পর্বত চাপিয়ে দিয়েছ। কিন্তু আমার বুঝে আসছেনা একথা প্রকাশ করতে ওমরকে তুমি কেন নিষেধ করেছিলে। তুমি তো জানতে ওমর চিরলীবন লোকচন্দুর আড়ালে থাকতে পারবেনা।'
- ঃ 'ইহুদীরা সাথে সাথে ওমরের সন্ধান পেলে আজ এডাবে কথা বগতনা। ওরা কত মিথ্যুক, দাগাবান্ধ এবং ঠগ ইয়াসরিববাসীর সামনে আমি ডা প্রমান করতে চাইছিলাম।'
- ঃ 'কিন্তু প্রতারক প্রমান করার পরও তো ওদের কিছুই করতে পারনি। তোমার কাজের ফলে বনু আওস তোমার বিপক্ষে চলে গেছে। আমার কবিলার লোকজনও জামায় ভাল চোখে দেখছেনা।'
- ঃ 'ভমরকে বাড়ী পৌছোনোর কথা ভাবতে গিয়ে মনে হয়েছে আমি জপরাধ করছি। কিন্তু এখন মনে হচ্ছে, আমি ঠিকই করেছি। সেদিন বেশী দূরে নয়, যে দিন আমার কবিলার প্রবীনরা একথাটা বুঝতে পারবেন।'
- ঃ 'ডোমার কবিলা তো তোমার মুখও দেখতে চাইছেনা। আমি আশ্চর্য হচ্ছি, এত বড় পরাজয়ের পরও তুমি আশাবাদী?'
- ়ে ঃ 'জাপনি এনে আমার পক্ষে আওয়াজ না তৃপলে হয়ত পরাজয়ের গ্লানি নিয়েই বেরোডাম। কিন্তু এখন মনে হচ্ছে, এ আমার প্রথম বিজয়।'
- ঃ 'এটি তোমার প্রথম এবং শেষ বিজয়। ভোমার এ পথ আওস এবং খাজরাজের জন্য নতুন। কেউ তোমার সাথে জাস্তবেনা।'
  - ঃ 'আপনিও আমার সাথে থাকবেননা ?'
  - ঃ 'জ্ঞানিনা। বাপদাদার পথ ছেড়ে হয়ত নতুন পথ গ্রহন করার সাহস আমার হবেনা।'
- ঃ গত লড়ইি গৃলোতে আমাদের যথেষ্ঠ শিক্ষা হয়েছে। একথা কি আপনি কথনো ভেবে দেখেছেন, অনেকে প্রকাশ্যে যুদ্ধ করে কিন্তু ভেতরে ভেতরে হাফিয়ে উঠেছে। যুদ্ধের নিভূনিভূ আগুন আবার জ্বলে উঠুক অনেকেই ভা চায়না।'
- ঃ 'ক্লান্তিকর অবসরতাই কবিলা গুলোকে মোকাবেলা থেকে সরিয়ে রেখেছে। এ শ্রান্তি দূর হয়ে গোলে পরস্পরের রক্ত ঝরানোর জন্য নুন্যতম বাহানারও প্রয়োজন হবেনা। আওস এবং ধাজরাজের মধ্যে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার চেষ্টা পাগলামী ছাড়া কিছুই নয়। আসেম, তৃমি পাগল। হয়ত আমিও পাগল হয়ে যাব। কিন্ত এ বস্তিতে আমাদের কেন স্থান হবেনা।'

কার্যসার ও কিসরা ৫৫

আদেম নিঃশব্দে হটো শুরু করণ। আদী ওমরের বাহ ধরে কলংঃ 'এলো বারা। যে জমিনে তুমি ফুল দেখতে, সে জমিন কাঁটা ছাড়া তোমায় কিছুই দিতে পারবেনা।



কা'ব বিন আশরাফের বিশাল বাড়ী। রাতে বাড়ীর এক প্রশন্ত কক্ষে বসে ছিল ইছদীদের পনরজন নেতৃস্থানীয় ব্যক্তি। শমুন সকলের দৃষ্টি তার উপর হুমড়ি খেয়ে পড়ল। তার দিকে ক্রেদ্ধ চোঝে তাকিয়ে কা'ব কলল ঃ 'বসো। তোমার দুঃসাহসিক বোকামীর পরিনতি নিয়ে আমরা ভাবছিলাম।দাউদকোথায়?'

ঃ 'খায়বর চলে গেছে। ভকে এখানে রাখা ভাল মনে করিনি।'

কা'বের কপালে ফুটে উঠল চিন্তার বলি রেখা। কক্ষে নেমে এপ অখন্ড নিরবতা। অবশেষে এক ইহুদী বগলঃ 'ঘটনাটা সন্তিয় দৃঃখজনক। তবে আপনি কোন চিন্তা করবেনলা। আমি আওস এবং খাজরাজের জোক জনের সাথে কথা বলেছি। দৃঢ়তার সাথে বগলেও পারি, তদের আবেগ উদ্ধাস পূর্বের মতেই রয়ে গেছে। ওরা কোন অবাঞ্চিত ঘটনার জন্ম দেকেনা।'

- ঃ 'অউসের লোক থাজরাজের লোকের জীবন বাচিয়েছে। ডারপর খাজরাজের দুজন লোক ডর জলসায় তার পক্ষে কথা বলেছে, এ কোন সাধারণ ঘটনা নয়। কি দুঃসাহসঃ জীবনে এই প্রথম ওরা আমাদের চোখে চোখ রেখে কথা বলেছে। ডোমাদের কাছে মামূলী হলেও আমার কাছে তা মামূলী নয়।'
- ঃ 'আপনি যদি আওস এবং খাজরাজের ঐক্যের আশংকা করেন, তবে কালই দৃ'নলের মধ্যে। যুদ্ধ বাধিয়ে দিতে পারি।' আরেক ইহুদী বলগ।
- ঃ 'তোমরা ওদেরকে গবেট ডেবে ভ্ল করো না। ওদের দীর্ঘ দিনের সংঘর্ষ ভোমাদের কৃতিত্বের কারণে নয়। বরং ওদের রক্তে মিশে আছে গোন্তীয় সংঘাত, জিঘাংসা এবং প্রতিশোধস্প্রহা। কখনো যদি এক হয়ে ওরা ভোমাদের বিরোধিতা শুরু করে ভবে ভোমাদের পরিনতি কি হবে ভবে দেখেছ?'

আরেক ইছদী দাঁড়াল ঃ 'আকাশে দুটা সূর্যের অন্তিত্ব সম্ভব হলেও ওদের ঐক্য সম্ভব নয়! ওদের মধ্যে এমন কোন গোত্র নেই যারা পূর্ব পুরুষের রক্তের প্রতিশোধ নিতে চায়না। ওদের বিশ্বাস, প্রতিশোধ না নিলে নিহত ব্যক্তির কবর আধারে ছেয়ে থাকে। কেবল রক্তই পারে তার ভূষিত আত্মার ভূফা মেটাতে। ওদের মাঝে ঐক্যের কোন সম্ভাবনা নেই। আরবে যতদিন পোত্রীয় সমান্ত থাকবে কখনো ওরা এক হতে পারবেনা।'

ঃ 'আরবরা জেদী এবং মূর্য একথা সভা। এ মূর্যতা নিয়েই ওরা গর্ব করে। কিন্তু তোমরা হয়ত শূননি মঞ্চার একব্যক্তি নবুওতের দাবী করেছে। সে এ মূর্যতা আর গোমরাহীর বিরুদ্ধে আওয়াজ ত্লেছে। মূর্তিপূজা, জন্লীলভা, মিগ্রা, শূটপাট এবং হত্যা করতে সে নিষেধ করে। সে ৬ে বায়সার ও কিসরা লাকি বলে বেড়াচ্ছে, সব মানুষই ভাই ভাই। আমি শুনেছি, আরবের সবচে অহংকারী এবং আজুতার গোত্র কোরেশরা ধীরে ধীরে ভার দিকে ঝুঁকে পড়ছে। আরবরা গোমরাহী আর অজ্ঞতার চোরাবালিতে ডুবে ছিল, কীরণ কেউ তাদের মুক্তির পথ দেখায়নি। ওদের মাঝে গোত্রীয় বিদ্বেষ ছড়িয়ে পড়েছে, কারণ কেউ তাদেরকে ঐক্যের আনল দেয়নি। কল্যাণ এবং নেকীর সঠিক চিত্র নেই বলেই ওরা নিজস্ব সমাজ নিয়ে গর্ব করে। কিন্তু যদি কেউ তাদের চিত্তা চেতনায় পরিবর্তন আনতে পারে, তবে তারা নহিরবিহীন শক্তির অধিকারী হতে পারবে।

বন্ কয়েনুকা গোরের এক ইছদী সদার জ্বীহাসিতে ফেটে পড়ল। ঃ 'আগনি যদি মুহামদের (তার প্রতি রহমত বর্ষিত হোক) প্রতি ইংগিত দিয়ে থাকেন তবে জেনে রাখুন, সে আমাদের কিছুই করতে পারবেনা। তার ব্যাপারে কিনা কি শুনে আপনি পেরেশান হয়ে গেছেন। খোদার কসম, মকা গিয়ে দেখে আসুন, লোকেরা তাকে উপহাস করছে। কাঁটা ছড়িয়ে দিছে তার আসা যাওয়ার পথে। মঞ্চার জন্তকভন অসহায় দুর্বল এবং গরীব তার ভাকে সাড়া দিয়েছে। ভরা মার খাছে প্রতিদিন। উত্তপ্ত বালিতে চিৎ করে শুইয়ে বুকে পাথর চাপা দিয়ে রাখা হয় ওদের।'

ঃ 'আর ওরা এসব অত্যাচার সহ্য করছে?'

ঃ 'হ্যা', এছাড়া কিইবা করার আছে! মঞ্চায় কোরেশদের মোকাবিলা করার প্রশ্নই ওঠেনা।
আমার দৃত্ বিশ্বাস, ওই নবী একদিন কোরেশদের হাতেই শেষ হয়ে যাবে অথবা মঞা ছেড়ে
পালাবে। আপনি ভার ব্যাপারে কোন চিত্তা করবেন না। এখন আমাদের স্থানীয় সমস্যার প্রতি দৃষ্টি
দেয়া উচিৎ। যত তাড়াভাড়ি সম্ভব আওস ও খাজরাজের মাঝে যুদ্ধ বাধাতেহবে, যাতে আসেম
অথবা আদীর দৃষ্টি আমাদের দিকে নিবন্ধ না হয়।'

ঃ 'তোমাদের ভড়কে দেয়ার জন্য মহার নবীয় উল্লেখ করিনি। মনে রেখ, আওস ও খাজরাজ কোনদিন এক হবেনা এমনটি ভাবা ঠিক নয়। ওরা একই মায়ের দু সন্তান। একই রক্ত ওদের শরীরে। ওরা ফেন আসেম এবং আদীর প্রভাবে প্রভাবান্বিত না হয় সে দিকে আমাদের সজাগ

দৃষ্টিরাখতে হবে।'

এক ইছদী বশস ঃ ' আজ আওসের প্রতিটি লোক আসেমকে কটাক্ষ করছে। ওদিকে থাজরাজের লোকেরা ওমরকে বলছে জিল, কাপুরুষ। আপনি নিশুন্ত থাজুন। এরা কবিলাকে প্রভাবিত করতে পারবেনা।' শম্ন এতক্ষন নিশ্চুপ বসে ছিন। সে কাল ঃ' আপনাদের জন্য একটা খুদীর খবর রয়েছে। আসেমের চাচা আমার পাওনা টাকা নিয়ে এসেছিল।'

বিরক্তির স্বরে কা'ব বলল ঃ কিন্তু এখানে আমাদের খুশী হবার কি আছে?' সবাই হেসে উঠল। নিজের অস্থৃতি সংযত করে শমুন আবার কাল ঃ 'আমি বলতে চাঞ্লিম, সে ঋণ পরিশোধ করেনি।'

ঃ 'তোমার এ উদারতার কারণ জানতে পারি কি?'

কায়সার ও কিসরা ্রণ

- ঃ 'ডোমার এ উদারতার সে খুশী হয়েছে?'
- ঃ 'হ্যা'। সে বলেছে, এ টাকায় কবিশার জন্য আরো কিছু অস্ত্র কিনতে পারব। আমার সাথে কথা বলার সময় ও সে দিনের সে ঘটনার কোন গুরুত্ব দেয়নি। তার ধারণা, আদীর ছেলে আসেমকে য়াদু করেছে।'
- ঃ 'খুব ভাল করেছ। বনু খাজরাজের কেউ এলে ভার সাথেও এমন ব্যবহার করবে।
  ভোমাদের স্বাইকে বলছি, আওস ও খাজরাজ উভয়কে সাহায্যের আশ্বাস দেবে। ওদের
  উত্তেজিত করার জন্য কবিগান যথেষ্ঠ কার্যকর। ভোমরা এ সুযোগের সন্মবহার করবে। আদী,
  ওমর এবং আসমকে বিপদজনক মনে হয়। ভবিষ্যতে হয়ত ভাদেরকেও চোখে চোখে রাখতে
  হবে। আপাততঃ ওদের কাজ পর্যবেক্ষন করা হচ্ছে আমাদের কর্তব্য।'

এ ঘটনার পর প্রায় তিনি মাস চলে গেছে। এ তিনমাসে আওস এবং খাজরাজের মধ্যে কোন
দ্বিটনা ঘটেনি। এ ব্যাপারটা ইহুদীদের ভাবিয়ে ভূলেছিল। বাগানে এবং চারণভূমিতে ওরা তীর
ছোঁড়ত এবং তরবারী চালানোর কসরত করত। বাড়ী থেকে বের হত সশস্ত্র হয়ে। সড়ক,
বাজার অথবা গলি গৃচিতে একে অপরের পথ রোধ করে দাঁড়ানোর সম্ভাবনা ছিল প্রচ্র।
একদল মুখ খুলবে, জরাব দিবে অন্যদল। আচ্বিত বুকে জ্বলে উঠবে ক্রোধ আর প্রতিশোধের
আগুন। কিন্তু এমন কিছু ঘটেনি। পথে দেখা হলে দুদলই পাশ কেটে চলে যেত।

তরবারী কোবমুক্ত করার জন্য কেবল কোন বাহানার প্রয়োজন ছিল। ওরা আগুনঝরা দৃষ্টিতে পরস্পরের দিকে ভাকাত। কখনো হাত চলে যেতো তরবারীর বাটে। কিন্তু তা বের হতোনা।

এ দিনগুলো আসেমের জন্য ছিল ধৈর্যের চরম পরীক্ষা। ঘরে বাইরে সে যেন এক অপরিচিত ব্যক্তি। ও পশু নিয়ে চারণ ভূমিতে যেত। কিন্তু ছেলে বৃড়ো সবার দৃষ্টি বলে দিজিল যে সে অসহনীয় অপরাধ করেছে। তীর আর অসি চালনার প্রতিযোগিতায় ও অংশ নিত, কিন্তু কেউ আওস এবং খালারাজের অতীও যুদ্ধগুলির প্রসংগ ভূলে তাকে উত্তেলিত করতে চাইলে ও অস্বস্তিতে মুখ ফিরিয়ে নিত।

তার চাচার ভেতর জাহেলী যুগোর খারবদের সকল বদগুন ছিল। ডাভিজার বৃদ্ধি বিবেক লোপ পেয়েছে কবিলার সামনে সে তা স্বীকার করতনা। আসেমের উদাসীনভা দেখে সে ভাবত আদী তাকে যাদু করেছে। সে আত্মীয় স্বজনকৈ বলত, আমার ডাভিজা তো এমন ছিলনা। ও ছিল এক সিংহ। তার সমত্ল্য কোন বীর বনু খান্ধরাজে ছিল না। তাকে দেখলে ওরা জীবন নিয়ে পালাত। পিতা, ভাই এবং প্রিয়জনের রক্তের কথা সে কিভাবে ভূলে যেতে পারে। রক্তের প্রতিশোধ নেয়ার জন্য সে সিরিয়া থেকে তন্ত্র এনেছে। মানাতের শপথ, নিক্মই তাকে যাদু করা হয়েছে।

যাদ্র গ্রভাব নষ্ট করার জন্য সে অনেক কিছুই করেছে। মন্দিরে গিয়ে মানাতের কাছে প্রার্থনা করেছে। অনেকের কাছ থেকে নিয়েছে তাবিজ কবজ। এক ইহুদী কবিরাজ প্রায়ই আসভ। জোর করে হাত পা বেঁধে ধূপধূনি দিয়ে কি সব মন্ত্র তন্ত্র পড়ত। কয়েকটা পবিত্র স্থানের মাটিও তার শরীরে মালিশ করা হয়েছিল। আসেম প্রতিবাদ করত। চিৎকার দিয়ে বলত, আমি সম্পূর্ন সৃস্থ। আমায় কেউ যাদ্ করেনি। কিতু তার এ চিৎকার কেউ কানে তুলতনা। হিবরো সবদিক থেকে যথন নিরাশ হয়ে পড়েছিল, শমুন এক ইছদী কবিরাজের সন্ধান বলগ। অনেক কাক্তি মিনতি করে তাকে বাড়ী নিয়ে এল হিবরো। প্রায় তিনঘন্টা পর্যন্ত তাকে অনেক ঝাড়ফ্ক করা হল। এরপর সরে গিয়ে হিবরোকে কলগঃ 'তোমার ভাতিজ্ঞার উপর বড় মারাজুক যাদুর প্রভাব রয়েছে। এর চিকিৎসার একটাই পথ। ভা কিন্তু ভোমায় করা যাবেনা।'

- ঃ 'কোন '?' চঞ্চল হয়ে হিবরো প্রশ্ন করল।
- ঃ 'ভূমি যদি বাসে দাও এক ইছদী চিকিৎসা করছে তবে আমি বিপলে পড়ব।' হিবরো সকল দেবতার নামে শপথ করে কাল যে সে কাউকে বলবেনা। ইছদী বলগ ঃ 'যে যাদ্ করেছে আসেম যদি তাকে নিজের হাতে কোতল করে রক্তাক্ত তরবারী আমার কাছে নিয়ে আসে তবে সাথে সাথে যাদ্র প্রভাব দূর করে দিতে পারব।!'
  - ঃ 'কিন্তু যাদু করণ কে?'
  - ঃ 'সেটা বের করা তোমার দায়িত্ব। বিপজ্জনক দৃশমনকে বশ করার জন্যই এ বাদ্ করা হয়।'
  - ঃ 'দে দুশমনকে আমি চিনি।'

এরপর আদী এবং তার ছেনেকে হত্যা করতে উদুদ্ধ করাই ছিল হিবরোর প্রধান কাজ। এর জন্য সে অনলবর্ধী কবি গায়কদের ডেকে আনতো। আসেমের পিতা এবং ভাইদের ব্যথাত্র মৃত্যুর কাহিনী সেতারের তারে সূরে সূরে করণ তাবে ফুঠে উঠত। বর্ননা করত তাদের কবরের তীবণ অন্ধকারের কথা। ওদের গানে কাব্যে ভেসে বেড়াত নিহতদের তৃষিত আত্মার করিয়াদ। শেষে গুরা আদী এবং গুমরের আনলের বর্ণনা দিও।

ওদের কাব্যে ফুটে উঠত বন্ সাওসের এক গবিত যুবকের অধপতনের কাহিনী। হিবরোর অক্লান্ত চেষ্টা দেখে আসেমের মনেও সন্দেহ দোলা দিয়ে যেত। কিন্তু আবার ভাবত, আদী এবং ওমর আমায় যানু করে থাকলে ওদের যাদূ করল কে? আমি যেমন শক্তর জীবন রক্ষা করেছি তেমনি ওরাও তো ভর ভগদায় আমার পক্ষে আওয়াজ তুলেছে। আমার আত্মীয়রা আমায় বগছে যে জামি প্রিয়জনের রক্তের কথা ভূলে গেছি। ওরাও তো একই জপরাধের মুখ্যেমুখী। ওরাওতো সন্তানদের রক্তের কথা ভূলে গেছে। এরপর ওর ভাবনার আকাশে ডেসে উঠত সামিরা। হতাশার কালো অধারে জ্বলে উঠত আশার আলো। আমি কি যাব ওর কাছে? প্রায় একমাস পর্যন্ত এ মানসিক দিখাদন্দে ভূগল আদেম। না, ভার কখনো ওখানে যাবনা। দু'জনের দু'টো ভিন্ন পথ, ভিন্ন মঞ্জিল। এক দৈব দুর্ঘটনা জাদীর মনে পরিবর্তন এনেছে। কিন্তু নিজের মেয়ের অপবাদ ভিনি সহ্য করবেননা। সামিরা কানে নিরাশার অশ্রু ছাড়া তাকে আমি কিছুই দিতে পারবনা। মানুষ আমাদের উপহাস করবে। আরবের কোথায়ও আমরা এওটুকুন আশ্রয় পাবনা। না, আর কোন দিন ওর কাছে যাবনা। কিন্তু নতুন মাস খনিয়ে এলেই ওর চিন্তা চেতনায় ঝড় উঠত। ও ভাৰত, আকাশের কোল খেঁযে যখন ভেসে উঠবে সেই উজ্জ্ব সিতারা–তখন ও আমার পথ চেয়ে থাকবে। আমি না গেলে কি ভাববে ও। না, যেতেই হবে সামায়। আমি বাব। ভাকে বগব, তৃমি পাগঙ্গামী করছ সামিরা। তোমার এ স্থপ্ন কোন দিন সত্যি হবেনা। আমার আধার ভূবনে ভোমার স্থান নেই সামিরা। আমার কবিগার প্রতিটি গোক তোমার শক্রে। ওরা তোমার পিতা এবং ভাইকে অপদন্ত করবে। আমায় ভূলে যাও সামিরা। অ্যমার জন্য ভূমি যে কষ্ট পাবে।

কায়সার ও কিসরা ৫৯

অবশেষে এক রাভে পর্বতের কোণে গিয়ে দাঁড়াল আক্রম। দাঁড়াল এনে সামিরার মৃথোম্থী। কোণায় এসেছে, কেন এসেছে এ জন্ভুতি ওর ছিলনা তথন। ও ভূলে গেল অতীভের সব তিক্ততা। ভূলে গেল শংকিত ভবিষ্যতের কথা। ওর মনে হল বর্তমানের প্রতিটি নিঃশ্বাস যেন সমগ্র অতীতের চাইতে মৃল্যবান।

ঃ 'সংমিরা।' ও বলছিল। 'জামি বলতে এসেছি আয় কোন দিন এখানে আসবন্য।'

হেদে উঠল সামিরা। তর মনে হল আধার রাতের কোলে ফুটে উঠেছে আনন্দের জগনিত ঝলমলে সিতারা। নিজের কথা তর নিজের কাছেই নির্থক মনে হতে লাগল। পর্বতের কোলে পাশাপাশি বদল তরা। আদেম জনেকটা মোলায়েম স্বরে বললঃ 'সামিরা। আমার কথাটা বিশ্বাস হয়নি?'

- ঃ 'কোন কথা ?'
- ৪ 'এই যে, অমি আর এখানে আসবনা।'
- ঃ 'না। এক হাজার বার, দুহাজার বার বদশেও আমি বিশ্বাস করিনা।'
- इ<sup>°</sup>र्कन २<sup>°</sup>
- ঃ 'কারণজাপনি কারো মন ভাঙতে চামনা।'
- ঃ 'কিন্তু এর পরিনতি কি হবে জান ?' ঃজানিনা।'
- ঃ 'আওস ও খাজরাজ একে অপরের দৃশমন তাও জাননা ওদের শক্রতা আমাদের মারেও আগুনের পাহাড় হয়ে দাঁড়াবে।'
- ঃ 'এখন তো কোন পাহাড় পর্বত কিছুই দেখছিনা।' জাবার হাসতে চাইল ও। কিন্তু বিধন বেদনায় ভরে গেল ভার কণ্ঠ। আকাশের চাঁদ আরো এগিয়ে গেল। চূপচাপ গড়িয়ে গেল সময়। অবশেষে আসেম বদসঃ 'কি ভাবছ সাধিরাং'
  - ঃ 'ভাবহি, দিনের খালোয় আমরা একে জপরকে কখনো দেখিনি।'
- ঃ 'তৃমিতো জন সামিরা, দিনে আমরা পরস্পরকে কোনদিন দেখতে পাবনা। প্রদীপের আলোয় একে অপরকে দেখাটাও ছিল এক আকন্থিক ব্যাপার। আঁধার রাতের মুসাফিরের মৃতই আমাদের পরিচয়। রাতের পথহারা পথিক এক সমর বিচ্ছিত্র হয়ে যায়।'

কথার মোড় ঘুরাতে চাইল সামিরা। ঃ 'আমরা যদি আকাশের দু'টো নন্দত্ত হতাম। রাওতর । একে অপরকে দেখভাম নীরবে, নিশ্চিন্তে।'

- ঃ 'তুমি তারাদের যুব তালবাস ?'
- ঃ 'হ্যা'। জামি সব সময় তারাদের দিকে তাকিয়ে থাকি। সন্ধায়ে এক ঝলমলে তারা থেসে উঠে আপনি তা লক্ষ্য করে দেখেছেন?'
  - ঃ 'হ্যা'। তাকে আমরা সন্ধ্যাতারা বলি।'
- ঃ 'ওই তারাটা আমার। তর নাম সামিরা। জার এই তারা' আকাশের দিকে ইংগিত করে ও বলল 'কিছুদিন থেকে একেও জামার ভাল লাগে। জামি এ তারার একটা নাম রেখেছি।'
  - <sup>१</sup> 'कि नाम द्वारपष्ट?'

৬০ কারসার ও কিসরা

ৱ'আমেম।'

ওরা অনেক্ষন কথা বলস। এক সময় বিদায়ী চাঁদের দিকে তাকিয়ে আসেম বললঃ 'এবার আমায় যেতে হয়।' ওঠে দাঁড়াল দু'জন। সামিরা বললঃ 'আসেম, এ মাসটা ছিল অনেক দীর্ঘ। সামনের মাস হয়ত এরচে দীর্ঘ হবে। তৃমি আসবেনা ? থাক বলতে হবেনা। আমি জানি নিশ্চয়ই তুমিআসবে।'

ঃ 'অবশ্যই আমি আসব।'

পরের মাসে আসেম আরো দৃড়তা নিয়ে বলতে এলো যে সামিরার সাথে এই হবে তার শেষ দেখা। কিন্তু পর্বতের পাশে গিয়ে দেখল সামিরা নেই। ও অনেক্ষন পর্যন্ত অপেক্ষা করল। শেবে নিরাশ হয়ে উঠে দাঁড়াল। অপেক্ষার বিড়ম্বনা সয়েও ও এক ধরনের স্বন্তি অনুভব করছিল। কমপক্ষে মৃথোমুখী হবার তিক্ত বান্তবতা থেকে তো বাঁচা গেল। আমি দৃঃখ ছাড়া ওকে কিছুই দিতে পারবনা। সামিরা বুঝে থাকলে ভালই করেছে। পর্বতচ্ড়া থেকে নামতে গিয়ে ও ভাবল, সামিরার না আসার অন্য কোন কারণও তো থাকতে পারে। তবে কি সে অসুস্থ ই উৎকণ্ঠায় ভরে উঠল ওর মনটা। হতভদ্বের মত কিছুক্ষণ দাড়িয়ে থেকে ও ধীরে ধীরে নামতে লাগল। কিন্তু ক্রি থেতে না যেতেই কারো কন্ঠ থেকে ডেসে এল ঃ 'দাঁড়াও।'

ও থমকে দীড়াল। হস্ত দন্ত হয়ে ছুটে এল সামিরা। ঃ 'ডেবেছিলাম তুমি চলে গেছ। নোমানের জর। আববা তার কাছে বসে আছেন। এই মাত্র তিনি শৃতে গেছেন। আমি দুঃখিও। ভোমাকে অনেকক্ষণ অপেক্ষা করতে হয়েছে। কিন্তু আমার আসার সুযোগ ছিলনা। নোমান একটু পর পর জেগে উঠে। আমার তয় হচ্ছে, আববাকে আবার জাগিয়ে দেয় কীনা। আমি যাক্ছি। তবে একমাস অপেক্ষা করতে পারবনা। নোমানের জন্য দুতিন দিন হয়ত হর থেকে বেরোতে পারবনা। ভাহলে সামনের হপ্তায় এসো। কি, আসবে ?'

৪ 'সামিরা তোমায় ব্লতে চেয়েছিলাম.....।'

মাঝখানে কথা কেটে সামিরা বলগঃ 'আবার যখন আসবে তখন মন ভরে কথা বলব। আগামী হপ্তার ঠিক এদিনের মাঝরাতে আমি তোমার অপেক্ষা করব। আগামী হপ্তায় আসতে না পারলে টোন্দ তারিখ রাতে অবশ্যই আসবে। বলো না কবে আসবে?' কি, কথা কাছো না যে!'

ঃ 'ঠিক আছে, ভৌদ্দ তারিখে আসব। কিন্তু না এলে কিছ্ মনে করবে না তো ?'

৪ 'মনে করব কোন অসুবিধার কারণে আসতে পারনি। তারণর থেকে প্রতিটি রাতে আমি তোমার পথ চেয়ে থাকব। নোমানের ব্যাপারে নিশ্চিত্ত হলে তোমাকে কালই আসতে বাধ্য করতাম। এ চৌদ্দদিন আমার কাছে চৌদ্দ মাসের মত মনে হবে।'

৪ 'কিন্তু জোমার আলোয় এভাবে কথা বলা কি ঠিক হবে। কেউ এদিকে এলে ভো অনেক

দূর থেকে দেখতে পাবে।'

ঃ 'এ স্থানটা বড় নির্জন। আমাদের বাড়ী তো বন্তির শেষ মাথায়। রাতে কেউ এদিকে আমেনা। তবুও আমাদের নাবধান হওয়া উচিৎ। আমাদের বাগানে চাদের জাগো প্রবেশ করেনা। বাগানের ডানদিকে আমি তোমার অপেক্ষা করব। ঘন বৃক্ষের আড়ালে চাদ ছাড়া কেউ আমাদের দেখবেনা।এখনআমিবাচ্ছি।

কায়দার ও কিন্দা ৬১ @Priyoboi.com আসেম চঞ্চল হয়ে বগলঃ 'একট্ দাঁড়াও সামিরা।' সামিরা দাঁড়াল। একট্ থেমে বগলঃ ' তুমি কাছিলে দিনের আলোয় আমরা একে অপরকে দেখিনি। আগামী দিন সূর্যোদয়ের সময় তুমি পর্বতের এদিকে একবার এসো। আমিও ঘোড়ায় চড়ে এ পথে চলে যাব।'

- ঃ 'কিলু ভূমি না এলে জামি সন্ধ্যা পর্যন্ত বসে থাকব।'
- ঃ 'আমি নি'চয়ই আসব।'

সামিরা হাঁটা দিল। কয়েক পা গিয়ে থমকে দাঁড়াল। চকিতে পেছন ফিরে চাইল একবার। এরপর ছুটে গাছের আড়ালে হারিয়ে গেল। আসেম নিশ্চল পাথরের মত অনেকক্ষন দাঁড়িয়ে রইল। এক সময় দীর্ঘশ্বাস টেনে বাড়ীর দিকে পা বাড়াল। ও বৃথতে পারছিল, নিজের সিদ্ধান্তে ও জটল থাকতে পারেনি। কিন্তু কোন উৎকণ্ঠা ছাড়াই ও এক ধরনের প্রশান্তিও জন্তব করছিল। ও মনে মনে কাছিল, ওর সাথে কথা বলার সুযোগ হয়নি ভালই হল। এত অল্প সময়ে তাকে কিইবা হলা যেত। অতীত বর্তমান সম্পর্কে বৃথিয়ে তাকে শান্তনা দিতে এবং তার অশ্রু মুছে দিতে সময়ের প্রয়োজন। ভালই হল। নয়তো আজকে কথা বলার সুযোগ পেলে হয়ত জার কোনদিনদেখাহতোনা।

নিজের মনের কাছেই এর জবাব খুঁজছিল আসেম। তার মনে হঙ্গিল প্রবল এক শক্তির সামনে ওর মানসিক শক্তির ভিত গুড়িয়ে যাচ্ছে। ও এমন অনুভূতি থেকে মুক্তি পেতে চাইছে যা ঢুকে গেছে ওর হৃদয়ের গভীরে।

ভাবার ওর প্রশান্তি চরম উৎকণ্ঠায় রূপ নিচ্ছিল। ও বলছিল, হায় সামিরা। তোমার সাথে যদি দেখাই না হত তুমি যদি জাদীর মেয়ে না হতে, আর জামি যদি না হতাম সোহেলের সভান । তোমায় কিভাবে বুঝাব আমরা একে জপরের জন্য নই। আমি যে গথে পা রেখেছি সামিরার বাড়ীর চারদেয়ালের বাইরে সে পথ শেষ হয়ে গেছে। না, না, সামিরা, ভামরা এক হতে গারবনা। সামনের বার না হলেও তার পরের সাক্ষাতে বুকে পাযাণ বেঁধে হলেও তোমায় বলব, জামাদের এ পর কোনদিন সত্য হবেনা। আমরা আশার যে উচু মহল তৈরী করছি তার কোন ভিত নেই। আমাদের ভাগ্যে রয়েছে বঞ্চনা। কালের নির্দয় হাত যে দিন আমাদের জারা করে বিচ্ছিয় করবে সেদিনের অপেক্ষায় থাকব কেন ? কোবসুক্ত তরবারী নিয়ে আমাদের কবিলা দুজনার মাঝে বাঁধা হয়ে দাঁড়াবে। তাদের সে সুযোগ দেব কেন ? অরকার আর বিপজনক পথ ধরে কেন এগিয়ে যাব। আমরা পেছনেও চাইতে পারিনা। সামিরা, আমার সামিরা, কথা দাও, সাহস হারাবেনা। জশ্রু ছলছল হয়ে উঠবেনা তোমার জাঁথী। পরিনতিতে তুমি শথকিত নও। কিন্তু কাটায় ভরা পথে আমি তোমায় নেবনা। তুমি নারী। তোমার দুঃখ জামি সইতে পারবনা।

বিছানায় শোবার সময় ভোরে দেখা করার কথা জাসেমের মনে হল। জনেক্ষণ এপাল ওপাল করে কাটিয়ে দিল ও। পরদিন সূর্যোদয়ের সময় পাহাড়ের পাশে ঘোড়া থামাল জাসেম। জাচম্বিত ভার মনে হল পৃথিবীর সকল সৌন্দর্য, সব আকর্ষণ সামিরা ছিনিয়ে নিয়ে এসেছে। কিন্তু সে কেবল কয়েক মৃত্তের জন্য।

সামিরার চেহারায় আশার ঝলকানি। ঠোঁটে মৃদ্ হাসি, চোখে প্রেমের পরাগ। আসেম ভূশে গেল অতীতের দৃঃখ মৃসীবতের কথা। বর্তমান এবং ডবিষ্যতের সব অস্বস্তি, সব শংকা মৃছে ৬২ কামসার ও কিসরা গেল ভার মন থেকে। ক্ষীন কণ্ঠে দুজন দুজনের নাম ধরে ডাকল। এক মোহময় সূরের আর্বেশে ঝংকৃত হয়ে উঠল ওদের নীরব ভূবন।

ঃ 'এবার যাও আসেম।' সামিরার চোখ ফেটে জশ্রু বেরিয়ে এল। আসেমের মনে হল কেউ ডাকে ঝাকুনি দিয়ে ঘূম থেকে জাগিয়ে তুলছে। ও চারদিকে দৃষ্টি বুলিয়ে ঘোড়া ছুটিয়ে দিল।

দিনের তৃতীয় প্রহর। বাড়ীর আঙ্গিনায় খেলুর তলায় শ্যেছিল হিবরো। সাঈদা ভার কয়েক পা দ্রে বসে সূতা কাটছিল। আসেম আঙ্গিনায় প্রবেশ করল। তাকে দেখেই মুখ ফিরিয়ে গান গাঁওয়া শৃরু করল সাঈদা। ক্রোধে, উৎকন্ঠায় আসেম কতক্ষণ দাঁড়িয়ে থেকে কালঃ 'সাঈদা, আবার এ গান গাইলে তোমার চরকি ভেংগে ফেলব।'

সাঈদা বেপরোয়া জবাব দিলঃ 'আমার চরকি ভাংগা ছাড়া আপনি কিইবা করতে পারেন। তবে এতে আপনার বাপ ভাইয়ের তৃষিত আত্মার পিপাসা মেটানোর রক্ত নেই।'

সঙ্গিদার কথা গুলো ওর কাছে অসহ্য মনে হচ্ছিল। কিন্তু বোনকে ও খুব স্থেহ করত। প্রতিটি ব্যাপারে তার পক্ষ নিত। কিন্তু ওমরের জীবন বাঁচানোর পর আর সকলের মত আসেম সাইদারও শ্রন্ধা হারিয়েছিল। প্রথম প্রথম ও বলত ঃ 'আমার বান্ধবীরা আমায় বিদ্রুপ করে। ওরা বলে, ভোমার চাচাত ভাই ভীরু শিয়াল হয়ে গেছে। এসব কথায় ব্যর্থ হয়ে ও মা–বাবার সুরে সুর মিলিয়ে তাকে চটাতে চাইত। কিন্তু আসেম কেমন যেন তার হয়ে গিয়েছিল। ও বলল ঃ 'সাইদা! এ গান তোমায় আর বেশীদিন গাইতে হবেনা। আমি চলে যাছি।'

চমকে উঠল সাঈদা। ঃ 'কোথায় যাতেল।'

ঃ 'তা দিয়ে তোমার দরকার কি!'

সঙ্গিদা অনিমেষ চোখে আসেমের দিকে ভাকিয়ে রইল। অশ্রুতে ডিজে এল ভার অখির পাতা। ঃ'ডাইজান, আপনি রাগ করলে আর কখনো এ গান গাইব না।'

- ঃ 'তোমার উপর রাগ না করলেও কিছু দিনের জন্য আমায় বাইরে যেতে হবে।'
- १ 'ना, ना, जाववा जाशनारक खाउ एक एक वनना।'
- আচন্বিত চোথ খুলল হিবরো। বসতে বসতে বললঃ 'কি বললে আসেম। কোথায় যাছে?' ঃ'সিরিয়া।'
- ঃ 'বাড়ী ছেড়ে পালাতে চাইছ?' চঞ্চল হয়ে উঠল হিবরো।
- ঃ 'পাগাব কেন ? আমি ব্যবসার উদ্দেশ্যে যাচ্ছি।'
- १ 'কিন্তু তৃমি 'তো জান, ইরানী লশকর এগিয়ে আসার ফলে আরবের ব্যবসায়ীরা এখন
  সিরিয়ারদিকেয়ায়না।'

## @Priyoboi.com

ঃ 'গাতফানের যে সব ব্যবসায়ীর সাথে আমি জেব্লুজালেয় সফর করেছিলাম, ওরা আবার
. সিরিয়া যাছে। গত পরশৃ এ সংবাদ পেয়েছি। আমি ভাদের সাথে যেতে চাইছি। আপাততঃ
দামেশকে এবং জেব্লুজালেমে ইরানীদের আক্রমনের কোন সন্তাবনা নেই। উন্তরের শহর
গুলোতে ভীতি ছড়িয়ে পড়ার কারণ হছে, ওখানকার বিভেশালীরা ধন সম্পদ নিয়ে
কন্ত্নভূনিয়া এবং ইব্লোলারিয়া চলে যাছে। ফলে মূল্যবান জিনিষও ওখানে খুব কম দামে
বিক্রি হছে। আপনি আমায় সামান্য কিছু টাকা দিলে আশা করি আগের চে বেশী লাভ।
ইরানীদের জন্য সামনে যেতে না পারলে ফিরে আসব। ইতিমধ্যেই অনেক ব্যবসায়ী কাফেলা
দামেশকে পৌছে গেছে। ওখানে কাপড়ের দাম খুব কম। এ সফরে লাভের আশা না থাকলেও
আমার কিছুদিন বাড়ীর বাইরে থাকা উচিৎ।'

হিবরো অনেকক্ষন মাথা ঝুকিয়ে চিন্তা করল। এরপর মাথা তুলে আদেমের দিকে ডাকিয়ে বললঃ 'ডোমার অংশের টাকায় আমি হাত দেইনি। যখন ইচ্ছে নিতে পার। কিন্তু ডোমার ব্যবসায়ে আমার কোন আকর্ষণ নেই। আমার ভাতিজা বনু খাজরাজের ভয়ে পালিয়েছে, এখন লোকের এ অপবাদও আমায় শুনতে হবে। ইচ্ছে করলে ভোমার বাগানও বেঁচে দিতে পার।'

- ঃ 'চাচাজী। আপনি জানেন আমি ভীতৃ নই। কিন্তু আওস এবং খাজরাজের যুদ্ধ আমাদের দ্'দপের বরবাদী ছাড়া কিছুই বয়ে আনবেন। এতে কেবল ইহুদীরাই ফায়দা দূটবে।'
- ঃ 'এ তোমার মনের কথা নয়। যাদ্ যাদ্র প্রভাব। গত যুদ্ধে তাদের লোকবল এবং অন্তবন বেলী ছিল একথা সত্য। কিন্তু জয়ের পরও তো কয়েক মাস ওরা আমাদের সামনে আসার সাহস পায়লি। হঠাৎ তোমার পিতা নিহত হলেন। বাধা হলাম যুদ্ধের প্রস্তৃতি লিতে। তুমি সিরিয়া যাবার পর ওরা কয়েকবার হুমকি দিয়েছে। কিন্তু বুঝিয়ে সুঝিয়ে আমাদের কবিলার যুবকদের দমিয়ে রেখেছি। তাদের বলেছিলাম, কদিন অপেকা কর। আসেম ভোমাদের জন্য উন্নত মানের তরবারী নিয়ে আসবে। ভোমাদের একজন নেতা প্রয়েজন। আমার ভাতিলা ভোমাদের সে ইচ্ছে পূরণ করতে পারবে। ভোমারা ভার আসা পর্যন্ত অপেকা কর। ওরা বার বার আমায় জিজেস করত, আসেম কবে আসবে? আর কতদিন আমাদের ভীরু কাপুরুষের অপবাদ শুনতে হবে? তুমি এলে, কিন্তু ততদিনে ভোমার পৃথিবী বদলে গেছে। কবিলার ইচ্ছেত সমান দ্রে থাক, ভোমার কাছে তোমার পিতার রচ্চেরও কোল দাম নেই। কবিলার লোকেরা এখন আমায় উপহাস করে। হায়। ভাল পর্যন্ত যদি বেঁচে না থাকতাম। ভোমার বিরুদ্ধে আমার কোন অভিযোগ নেই। এর সব ওমর এবং আদীর স্থাদুর ফল। আমি জানি, যতদিন পর্যন্ত ভোমার ভলোয়ারে এদের খুন না বারবে ততোদিন পর্যন্ত এ যাদুর প্রভাব নষ্ট হবেনা।'

ঃ 'তাহলে চাচাজী আমায় তো যাদু করা হল, বনু খাজরাজের হলোটা কি ? এ আড়াই মাস পর্যন্ত ওরাও ভো যুদ্ধের কথাই বলছেনা।'

ই 'দরকার কি? ওরা তো এমনিই বিজয়ী দল। প্রতিটি নিহত ব্যক্তির প্রতিশোধ ওরা তুলে নিয়েছে। তাছাড়া তোমার কালে ওরা নিশিত যে আমরা পরাজয় মেনে নিয়েছি। ওরা যুদ্ধের প্রস্তৃতি না নিশেও আমার কবিলা বেশী দিন নিশ্চ্প থাকবেনা। তাদের বলবনা, আমার তাতিজার উপর থেকে যাদ্র প্রভাব দূর হওয়া পর্যন্ত অপেক্ষ কর।'

- ় 'আমাদের কবিলাকে বাড়াবাড়ি করতে হবেনা। ইহুদীরা আমাদের চেয়ে বেশী দ্রদর্শী এবং সতর্ক। আমার দৃঢ় বিশ্বাস, তরা এমন পথ বের করবে, যতে আওস ও খাজরাজ তরবারী তুগতে যাধ্য হয়। আমাদের শান্তির আড়াই মাস ওদের জন্য খুব কটের হিল।'
- ঃ 'ভূমি কথায় কথায় ইহুদীদের প্রসংগ টামছ কেন? তালের ঘাড়ে নোষ চাপিয়ে দায়িত্ব এড়াতে পারবেনা।' হিবরো উত্তেজিত হয়ে গড়ল।
- ঃ 'চাচাজী, ইবুদীরা পর্দার আড়ালে 'আডস ও থাজরাজ উডয়ের পিঠ চাপড়ায় একথা কি ঠিক নয়? শড়াই চালিয়ে যাবার জন্য ওরা কি দ্'্দলকেই ঋণ দেয়নি? 'ওমর হড্যার মিখ্যা অপবাদ কি চাপায় নি আমার ঘাড়ে?'
  - ঃ 'ইছুদীদের যা ইত্থে বলতে পার। কিন্তু কিভাবে বুঝলে খাজরাজ আমাদের বদ্ধু হয়ে গেছে।'
- ঃ 'বনু খাজরাজ আমাদের বন্ধু নয়। কিন্তু ওদের চে' বিপজ্জনক দুশমন আমি দেখেছি। যে লড়াইতে ইছুদীদের উদ্দেশ্য পূর্ণ হয় আমি সে যুদ্ধের জন্য তরবারী ধরতে নারাজ।'
- ঃ 'জামাদের কবিলার ছেলে বুড়ো সবাই যখন বনু খাজরাজের সামনে সারি বেঁধে দাঁড়াবে তথনও কি তুমি তরবারী ধরবেনা?'
- ঃ 'জানিনা। তবে তখন হয়ত আমি এখানে থাকবনা। ইহুদীদের তেহারায় আনন্দের চেউ বয়ে যাবে তা আমি সইতে পারব না। বসুন তো চাচা, আওস এবং থাজরাজ দুডাই হিগনা। আমাদের রক্ত কি এক নয়?'

উত্তেজিত কঠে হিবরো কলনঃ 'জুমি পাগল। একেব্যরে পাগল হয়ে গেছ। ইস, ভোমার থাদুর যদি কিছু করতে পারভাম। জুমি যেখানে ইচ্ছে যেতে পার। আমি ভোমায় বাধা দেবনা। মনে করব, যে ভাতিজার বীরতে আমি গর্ব করতাম, সে মরে গেছে।'

হিবরোর স্ত্রী ঘর থেকে থেরিয়ে এসে বলগঃ 'বলি হচ্ছে টা কি? জাবার বৃঝি ওর সাথে গড়াই শুরু করেছেন। যাদুর প্রভাব কি কথায় দূর হবে?' হিবরো নির্ভর রইল। ভার স্ত্রী সাহিদার কাছে গিয়ে বসল। একটু পর সে জাসেমের দিকে ফিরে বলগঃ 'সালেম আসেনি ?'

ঃ 'ওবায়েদের সাথে আসছে। আমি একটু আগেই চলে এসেছি।'

সহসা বাইরে থেকে কারো পায়ের শব্দ ডেদে এল। গুরা সবাই চঞ্চল হয়ে দরজার দিকে ভাকাডে লাগল। ভেডরে ঢুকল সাঈদার মামা মুন্যির। তার পেছনে তার দৃ'যুবক ছেলে মাসুদ এবং জাবের তার কবিলার সাত ব্যক্তি। উৎকন্থা নিয়ে হিবরো উঠে দাঁড়াল। মুন্যিরের দিকে ভাকিয়ে বলল ঃ 'সম্ভবতঃ কোন ভাল খবর নিয়ে আসনি।'

- ঃ 'আনেম তোমায় কিছু বলেছে। ও জাজ আমাদের এক বিজয়কে মাটি করে দিয়েছে।' বিবরো চাইল আনেমের দিকে। নিকুপ দাঁড়িয়ে আছে ও। আনেমের চাচী বলদঃ 'কি হয়েছে ভাইয়া।'
- ঃ 'আদীর ছেশেরা জামাদের চারণ ভূমিতে হামলা করেছিল। ও তাদের সহযোগিতা করেছে।'
- ঃ 'মিথ্যে কথা।' চিৎকার দিয়ে বদল আসেম। 'ওদের কয়েকটা উট এবং বকরী আমাদের সীমানার কাছে চলে এনেছিল। মাসুদ আর জাবের ওগুলো হাকিয়ে তেতরে নিয়ে এল। একট্ পর আদীর ছেলে এবং চাকররা আসতেই আমি ওগুলো তাদের দিয়ে দিয়েছি।'

কায়সার ও কিসরা ৬৫

ঃ 'আমার ছেন্দের বিপক্ষে ওদের তরফদারী করতে ভোমার দভ্জা করদনা ?'

জাবের বলগঃ 'আনেম মিথ্যে বলছে। ওদের পশুপুলো নিজেরাই আমাদের সীমানায় প্রবেশ করেছিল। সুতরাং ওগুলো আমাদের। তার কবিদার লোকেরা আমাদের ধমক দিয়েছে। চিন্নাচিন্নি করে লোকজন জমা করেছে। আমরা আমাদের সংগীদের ডাকছিলাম। আসেম পশুপুলো ওদের দিকে হাকিয়ে দিল। আমাদেরকেও অনেক কিছু বলেছে।'

্রেলেধে বিবর্ণ হয়ে উঠল আনেমের চেহারা। ঃ 'জাবের! ডোমার বাপ আর আমার চাচা এখানে না থাকলে আমায় মিথ্যুক ক্ষতে পারতেনা।'

মুনষির ক্রেন্ধ কণ্ঠে বললঃ 'আমার ছেলেকে ভয় দেখিওনা। আদীর ছেলেরা কি ভাবে পশ্ ছিনিয়ে নেয় আমি ওখানে থাকলে দেখে নিতাম। তুমি শত্রর পক্ষে মুখ খোলার সাহস পেলে কোথায়?' আদেম শ্রেষের সাথে বললঃ 'আপনি ওখানে থাকলে দেখতেন অল্প কজন লোক দেখে আপনার ছেলেরা ডেড়ার মত কেমন ভগ্গী ভগ্গী করছে। ওদের চিৎকার পর্বতের ওপাশে থাকা রাখালদের কান পর্যন্ত যায়নি। খাজরাজের সাথে তর্ক করেছে অন্য কেউ, এরা নয়। আপনার বীর সন্তানেরা তো ভাদের কাছে ঘেষতেই সাহস পায়নি। মাসুদ তো একটা উট ধরে দাঁড়িয়েছিল, পালাতে হলে যেন অন্য পায়ের সাহাখ্য নেয়া যায়।'

মাসুদ বলপঃ 'কি সব বলছ। অন্যদের সংবাদ দেয়ার জন্য জামি উট ধরে দাভ়িয়েছিলাম। '

- ঃ 'তাহলে তাদের পশুগুলো তেরাও করার সময় কেন তাবনি যে তোমরা আট দশজনের তয়ে পালিয়ে যাবে। তখনও তাদের তে' আমাদের লোক বেশী ছিল একথা কি ঠিক নয়?'
  - ঃ 'কিন্তু তুমি তো আমাদের লোকদের লড়তে নিষেধ করেছিলে।'
- ঃ 'ব্যা । আমি ওদের নিষেধ করেছিলাম। প্রথম আঘাতটা তোমরা করবে নিশ্চিত হলে তোমাদের নিরাশ করতামনা। আমার মত আদীর ছেলেরাও তাদের লোকদের শান্ত করছিল একথা কি ঠিক নয়?'

মূন্যরি অন্যান্য লোকদেরকে লক্ষ্য করে বললঃ 'ভোগরা ভো শূনলে, আসেম জাবার শত্রর সামনে নিজ গোত্রের লোকদের অপমানিত করল।'

- ঃ 'আমি শত্রুর সহযোগিতা করিনি। আপনার সন্তানদেরকে অপকর্ম থেকে বিরত রেখেছি।'
- ঃ 'হিবরোর ভাতিজা না হলে তোমায় দিতীয় বার মূখ খোলার সুযোগ দিভাম না। এতক্ষণে এখানে পড়ে থাকত তোমার লাল।'
- ঃ 'থাক থাক, জার বলতে হবেনা। জাপনার তরবারীর ধার আপনার ঠোঁটের মত হলে নিশ্চয়ই আমি তয় পেতাম। কিন্তু গত যুদ্ধে আপনার বীরত্বপনা দেখেছি। লাফ ঝাঁপ দেয়ার সময় আপনি সবার আগে জার যুদ্ধের সময় সবার পেছনে ছিলেন। এরা সবাই তার সাক্ষী।'

হিবরো গলা ফাটিয়ে বললঃ 'আসেম । ত্মি পাগল হয়ে গেছ। বেহায়া বেশরম। আমায় একেবারে শেষ করে দিলে।'

রাগে ফুসতে ফুসতে এগিয়ে এল জাবের। আসেমের মুখে চড় দেয়ার চেষ্টা করতেই আসেম খপ করে ভার ঘাড় ধরে ফেলল। এরপর একটা পটকান দিয়ে নীচে ফেলে দিল। চোখ লাল করে এগিয়ে এপ মুনষির এবং মাসুদ। কিন্তু মাঝে এসে দাড়াল বিবরো। ঃ 'মুদযির, জামার উপর রহম করো। তুমি জান যাদুর প্রভাবে আসেমের মাথা ঠিক নেই। কথা দিন্দি, ও জার আমার কাছে থাকবেনা। আমি সন্দিত মুন্যির। আমায় ক্ষমা করো।'

মূন্যির তাচ্ছিল্যের সাথে আসেমের দিকে তাকিয়ে দুড বেরিয়ে গেগ। ছেলেরা গেল তার সাথে। খানিক পর বাকী লোকেরাও বেরিয়ে গেল। এতোক্ষণ হতত্বের মত তাকিয়েছিল সাদদা। এবার কাদতে কাদতে এক দিকে সরে গেল সে। হিবরের প্রী স্থামীর দিকে চেয়ে বলগ ঃ 'তোমার ভাতিলা আমার ভাইকে অপমান করেছে। হয়ত ওকে বাড়ী থেকে বের করে দাও। নয়তো আমি এ বাড়ীতেই থাকবনা।'

কোন জবাব না দিয়ে চাটাইতে বসে পড়ল হিবরো। আসেম বললঃ 'চাচী, আর আপনাকে বিরক্ত করবনা। আমি নিজেই চলে যাব।'

আসেদের চাচী নীরবে স্বামীর পাশে বসে পড়ল। আসেম কন্ডক্ষণ হতভ্ষের মত দাড়িয়ে রইল। এরপর ধীরে ধীরে বাইরের দরকার দিকে পা বাড়াল। হিবরো পেছন থেকে ডেকে বসলঃ 'আসেম দাড়াও।'

ও দাড়াল। যাড় ফিরিয়ে ভাকাল পেছন দিকে। হিবরের চোথে অশু চিক চিক করছে। আকর্ম হল আসেম। ও সর সময় চাচার চোথে দেখে এসেছে ঘূণা আর প্রতিশোধের আগুন। মনে প্রচত ব্যথা পেল সে। হিবরো দাড়াল। এগিয়ে এসে আসেমের বাহু ধরে টেনে ঘরে নিয়ে গেল। কলনঃ 'সোহেলের পুত্র এ বাড়ী থেকে এভাবে যেওে পারেনা। যেতে যখন চাচ্ছোই আমি ভোমায় বাঁধা দেবনা। আমি জানি ভূমি জপারগ, অসহায়।'

বিষয় কণ্ঠে আসেম বলশঃ 'চাচাজী। আপনাকে সভুষ্ট করতে পারশামনা বলে আমি দুঃখিত। '

ঘরের এক কোণে রাখা সিন্দৃক খুলে হিবরো একটা থলে বের করণ। গলেটা আসেয়ের দিকে বাড়িয়ে ধরে কলনঃ 'এই লাও ভোমার টাকা। এখান থেকে শুধু শমুলের ঋণের টাকাটা ডিয়াকরেরেখেছি।'

ঃ 'না চাচাজী। আমার থার এর প্রয়োজন নেই। আমি ব্যবসার ইচ্ছে বদলে ফেলেছি।' হিবরো ঝাঁঝের সাথে বগলঃ 'আসেম, এগুলি নিয়ে নাও। আমায় তার কট দিওনা।' একান্ত বাধ্য হয়ে হাত বাড়িয়ে দিল আসেম। কি তেবে কলগঃ 'চাচাজী । আজকেইতো

যাজিনা। কদিন এক বন্ধুর বাড়ীতে থাকব। আপনার কাছে রাখুন। যাবার সময় নিয়ে যাব।'

ঃ 'ন্।, না, আমি আর ওটাকা ছোবনা। কোন বন্ধুর বাড়ী থাকার দরকার নেই। ক'দিন আমার সাথে থাকতে না চাইন্দে আমি অন্য কোথাও চলে যাই।'

হিবরো ঘর থেকে বেরিয়ে গেল। একপাশের দেয়ালে হেলান দিয়ে জাসেমের দিকে বিষন্ন দৃষ্টিতে তাকিয়েছিল সাইদা। ও তাড়াতাড়ি এগিয়ে বল্লঃ 'দিন। আপনার আমানত আমি রাখব।' আদেম টাকার থলেটা ভার হাভে তুলে দিশ। অনিরুদ্ধ কালার আবেগ সংঘত করে সাইদা কলেঃ 'আপনি যাবেননা ভাইয়া।' আসেম ভার মাথায় হাত বুলাতে বুলাতে কলেঃ 'সঞ্জিনা, তুমি খুশী হলে আমি আরো কদিন ভোমার মায়ের গালি শুনতে রাজি।'

ঃ 'কদিন পরও যেতে পারবেননা। আপনি সব সময় এখানে গ্রুক্তবেন। কথা দিচ্ছি, আশা আর আপনাকে কিছু বসবেননা। ভাইয়া। আপনার মনে আছে, আমি যখন ছোট্ট ছিলাম, তখন আপনার রাগ হলে আমার মারতেন ? এখনো আমায় মারুন। আমি তো বেশী বড় হয়ে যাইনি।'

ত্তকে কাছে টেনে নিয়ে আদর করে মাধায় হাত কুলাতে লাগল আসেয়। সাইদা কৌপাতে ফৌপাতে কলণঃ 'আপনি কাড়ীতে থাকলে রাতে আমি ভয় পাইনা। কারণ, কিছু হলে আপনাকে ছেকে ভূসতে পারব। আপনাকে দেখলে চোর ডাকাড, জীন-পরী সব পালিয়ে যাবে। কিজু আপনি না থাকলে আমি সব কিছুডেই ভয় পাব।'

- ঃ 'জামি না থাকলেও সালেম এবং চাচাজান তো থাকবে।'
- ঃ 'না, না, জাপনাকে সবার প্রয়োজন।'
- ঃ 'সাঈদা, তোমায় শুধু কথা দিজে পারি যে, তোমায় দেখার জন্য অবশ্যই আমি ফিরো আসব। কিন্তু আমি গোলেই আমার কবিন্যর ভাল হবে। তুমি চিন্তা করোনা। আমি তাড়াতাড়ি ফিরে আসব। গেল সফরে তোমার ধারনার পূর্বে ফিরে অসিনি ?'
  - ৪ 'তখন তো আপনি রাগ করে যাননি १'
- ঃ 'এখনো রাগ করে যাছিনা। আমার যাওয়া যে কত দরকার একদিন নিশ্চয় তোমার বুঝাতে পারব।' উঠানের দিকে ভাকাল সাঈদা।ঃ 'আববা বেরিয়ে গেলেন। আমার আশংকা হঙ্গে তিনি আবার রাগ করে কোথায়ও চলে যান নাকি?'
  - ঃ 'ভূমি নিশ্চিন্ত থাক। আমি তাঁকে নিরো আসহি।'

আদেম বেরিয়ে গেল। হিবরো গোরালের কাছে দাঁড়িয়ে ওবায়েদের সাথে কথা বসছিল। আদেমকে দেখে ঘৃণায় মুখ ফিরিয়ে নিল। তার রাপ দেখে আদেমও জন্য নিকে চলে গেল। ও কোথায় বাজে, কডকণ পর্যন্ত তার এ খেরালও ছিলনা। তার কানে বাজহিল চাচা এবং মুনফিরের তিন্ত শন্দগুলো। হঠাৎ তার মনে হল আজ চতুর্দনী। তার উদান, বিষদ্ধ আর বিজন পুথিবী সামিরার উজ্জন হানিতে তরে উঠল।

জাবাদী প্রান্তর ছাড়িরে গেল ও। কিছুক্ষণ এদিক ওনিক ঘুরে পর্যতের কাছে গিয়ে বসে পড়ল। সূর্য তার দিনের কাজ শেষ করেছে। সন্ধ্যার ছায়ায়া হারিয়ে যাছিল মরুত্মির বিশাল বিত্তারে। উপত্যকার বন্তি থেকে ধুয়ার রেখা কৃতলী পাকিয়ে উপরে উঠে সাঁঝের আবছা জাঁধারে মিশে যাছিল। ইয়াসরিবের মরুদ্যান আর পহোড় পর্বতে চাঁদের গা থেকে ঝরে পড়ছিল কুসুমিত জোৎমা।

রাও কখন হবে। দারুণ উৎকণ্ঠা নিয়ে ও উঠে দাঁড়াল। এদিক ওদিক হাঁটল কিছুক্ষণ। কিছুক্ষণ বদে রইল একটা পাণরের উপর। অবশেষে জাদীর বাগানের দিকে হাঁটা দিল।



কোথায় সামিরা। ওয়ে নেই কোথাও। চারদিকে তাকাল আদেম। এরপর ফল খেজুর বৃক্ষের ফাঁকে বলে পড়ল ও। চতুর্নশীর জোৎসা খোয়া রাত। চাঁদের মুখ থেকে ঠিকরে পড়ছে তরল আলো। সে আলো জোয়ার এনেছে মরুর কিছুত মাঠে মাঠে–খেজুর বীথিকার।

চুপচাপ কিছুক্ষন বসে রইল আসেয়। দারুল অন্বস্তি আর উৎকণ্ঠায় এক সময় উঠে পারচারী শুরু করল। গতদিনের ঘটনাপূলা ওর মন বিধিয়ে ভুলেছিল। কয়েক ঘন্টা অপ্বতিকর মানসিক ছলের পর ও পৌছৈছিল এখালে। ও ধরেই নিয়েছিল, সামিরার সাথে এই তার শেব দেখা। ও জনত, এ সাক্ষাতের পর ওর জীবন তরে বাবে বিষদ্ধ ভিক্ততায়। তবৃও সামিরাকে একনজর দেখা এবং তার সাথে দৃ'টো কথা ক্যার কল্পনায় ও প্রশান্তি জনুতব করতে লাগল। কিন্তু ওতো এখানে নেই। আসেম তাক্ষ, হয়ত ও আসবেনা। না, ও নিক্মই আসবে। আমি সময়ের পূর্বেই চলে এসেছি। এখনো মাঝ রাভ হয়নি। কিন্তু তারা ফুটেছে সেই কখন। নিক্মই ক্যেন কারনে ও আসতে পারেনি। কাল আসবে। আমার আরো একদিন জপেক্ষা করতে হবে। হয়ত ও কালও আসবেনা। কোন কারণে সারাদিন ঘর থেকে বেরোতে পারবেনা। আহি যাক্ছি, একথা বলতেও পারবনাওকে।

আসেয়ের কাছে এ মানসিক যন্ত্রণা অসহনীয় হয়ে উঠল। সহসা সৃষ্টির দব সৌদর্য সৃষ্মা ভার দৃষ্টির সামনে ভেসে উঠল। বেড়ে গেল ওর হৃদয়ের ধুক পুকানী। সামিরা আসছে।

বৃক্ষের আড়াশ থেকে থেরিয়ে এল আদেম। জ্ঞাৎসার আলোয় ও দু'হাত প্রসারিত করে দাঁড়াল। সামিরা এগোল। থমকে দাঁড়াল আবার। কিছু সংকোচ, খানিক জড়তা, এরপরই ছুটে এসে আসেমের বৃক্তে ঝাণিয়ে পড়ল।

- ঃ 'তেবেছিশাম ভূমি আসবেনা। তোমায় আর দেখবনা কখনো।'
- ঃ 'আমরা কখনো বিচ্ছিদ্র হবোনা।'
- ঃ 'ত্মি আজ অনেক দেরী করে এল।'
- ঃ 'আববা জেগেছিলেন। কবিলার ক'জন লোক তার কাছে বসেছিল। তারা চলে গেলে ওমর খার ওতবা কথা জুড়ে দিল। তার বেশীর ভাগই তোমাকে নিয়ে।'
  - : 'ञांगादक निरंग ?'
- ঃ 'হ্যা। আপনি দৃ'কবিদার মধ্যে সংঘর্ষ হতে দেননি এ জন্য থাববা খৃব খৃশী হয়েছেন। আজকে যারা আমাদের বাড়ীতে এনেছিল আববা তাদের কাছ থেকে ওয়াদা নিয়েছেন যে তার কখনেংবাড়ারাড়ি করবেনা।'

আনেম দু'হাতে ওর মুখ চাঁদের দিকে খুরিয়ে দিল। গভীর চোখে ভার মুখের দিকে ভাকিয়ে বলগ ঃ'সামিরা! এ মৃহুর্ত গূলো কখনো ভূলবনা। এ মুখ চিরদিন আমার চোখের সামনে ভাসবে। কায়সার ও কিসরা. ৬১ এখান গেকে শত মাইগ দূরে থেকেও অনুভব করব আমি এ খেজুর বাগানে দাড়িয়ে আছি। চাদের রূপাণী আগো গগে গগে পড়ছে ডোমার উপর।'

ঃ 'এখান থেকে শত মাইল দূরে। আধনি কোথাত যাজেন ?'

ः'या।'

্রজান। আশংকা ও শিহরিত আবেগ নিয়ে সামিরা ওর দিকে তাকিয়ে রইল। আসেম মাটিতে বসে পড়ল। সামিরার হাত আকর্ষণ করে বগলঃ 'তুমিও বসো। তোমার সাথে অনেক কথাআছে।' সামিরাবসল।

ঃ 'ওভাবে আমার দিকে চেয়োনা সামিরা। তুমি তো জান তোমার কাছ থেকে বিচ্ছিত্র হওয়া আমার জীবনের চরম পরীক্ষা।'

সামিরা স্ফীণ কর্ছে বলল ঃ 'তুমি কোথায় যাজ্ং'

ঃ'দিরিয়া।'

३ "आभातंकना।"

- ঃ 'সামিরা।' আসেমের কঠে বিষরতা ফুটে উঠল। 'মনে করোনা আমি খুলী মনে যাজি। যদি ভবিষ্যতের ভয়ংকর অন্ধকার শুধু আমার জন্য অথবা আমার ভূলের খেসারত যদি কেবল আমায় দিতে হতো, ভাহলে পরিস্থিতি আরো খারাপ হলেও যেতামনা। কিন্তু আমার দৃঃসহ জ্বাণায় তোমায় ভাগী করতে চাইনা।'
  - ঃ 'আমিও জাপনার সাথে ধাব।' সামিরার কণ্ঠে দৃঢ়তা।
- ঃ 'না সামিরা। ভোমার পা ফুলেল গালিচার জন্য। আমার পথতো কটিয়ে ভরা। রাতের চাঁদের সাথে ভোমার মিতালী। আমার রাত যে আঁধারে ঢাকা। আমার জন্য ইয়াসরিবের জমিন সংকীর্ন হয়ে গেছে। এখান থেকে যাবার পর আমার নিজের কোন দেশ, কোন ঘর থাকবেলা। এখানে ভো ভোমার সবই আছে। ভোমার কাছে এড বড় তাগের আশা করতে পারিনা। ভূমি চলে গেলে ভোমার বাপ ভায়ের কি অবস্থা হবে। ভোমার কবিশার গোকেরা ভালের কি কাবে? একবার গভীরভাবে ভাবলেই তা ব্বাতে পারবে।'
- ঃ 'জাসেম, যদি আমার কটোর কথাই ভাব, তবে আমি এখুনি তোমার সাথে যাব। জিজেস করবনা কোথায় যাচ্ছ? পথে দুঃখ কটোর কোন অভিযোগ করবনা। তোমার সাথে পায়ে কাঁটা ফুটলেও আমি বাথা পাবনা। আমি শুধু জানি 'তোমায় ছাড়া আমি বাঁচবনা।'

সামিরা হাসছিল। হঠাৎ ওর কাজল কাল দুটো চোখে অশ্রু উছলে এল। এক অব্যক্ত যন্ত্রণায় লিষে যাচ্ছিল আসেমের শ্রদয়। অনেক কটে ও কাস ঃ'সামিরা, তুমি হয়ত সব কিছু সইতে পারবে। কিন্তু আমার কবিলার লোকেরা যখন তোমার বাপ ভাইকে উপহাস করবে, এমনকি ডোমার কবিলার বিদ্রুপে যখন তাদের মাধা নীচু হয়ে যাবে, তখন কি সইতে পারবে সামিরা? আওস ও থাজরাজের যুদ্ধ বন্ধ হওয়ার সন্তাবনা সৃষ্টি হচ্ছে। আমার মনে হয় তোমার ভায়ের প্রাণ বাঁচিয়ে আমি ইয়াসরিববাসীদের জন্য কল্যানের পথ খুলে দিয়েছি। ওরা যেন বলতে না পারে যে সৎ কাজের আড়ালে আমি তোমার বাপ ভায়ের উপর প্রতিশোধ নিচ্ছি। আমরা সাহস হারালে আওসও থাজরাজের তরবারী আবার খাপ থেকে বেরিয়ে আসবে। আমি তোমায় ৭০ কারসার ও কিসরা

ভালবাসি সামিরা। তোমায় ছাড়া আমার জীবন উষর মরুর মত। কিন্তু আমাদের ভালবাসার ফলে আওস ও খাজরাজ নতুন করে ধ্বংসের পথে এগিয়ে যাক, তুমি কি তা চাও। তুমি কি চাও আমাদের কারণে ওরা একে অণরের গলায় ভূরি চালাক?'

কোন জবাব না দিয়ে দৃহাতে মৃথ ঢেকে সামিরা ফ্ফিয়ে ফ্ফিয়ে কাঁদতে লাগল। উঠে দাঁড়াল আসেয়। ব্যথাভরা দৃষ্টি নিয়ে ভাকিয়ে রইল সামিরার দিকে। একটু খুকে সামিরার ছুলে বিলি কাটতে কাটতে কলল ঃ'সামিরা। হয়ত জনেকদিন জামরা একে জপরকে দেখবনা। সাহস হারিওনা। এ জবিশ্বরণীয় মৃত্বুর্ত গুলো আর বিশাদমর করে তুলনা সামিরা। ভ্রদয় খুলে দেখাতে পারণে ব্যুতে, আমি খুণী মনে থাছিনা।'

সামিরাও উঠে দাঁড়াল। ওড়নার প্রান্ত দিয়ে অশ্রু মৃত্যে কোল ঃ'আমার কোন অভিযোগ নেই। কিন্ত তুমি যাচ্ছ, একথা কোর জন্য এখানে আসার দরকার ছিলনা।'

- ঃ 'আমি জানতাম, এ সময়টা দৃ'জনের জনাই কটকর হবে। কিন্তু আশংকা ছিল, দেখা না করে চলে গোলে তৃষি আমায় বেঈমান ভাববে। প্রতিটি নিঃশ্বাদে যে সামিরাকে সরণ করি ও আমার সাথে রাগ করেছে, বিদেশে গিয়ে একথা ডেবে আমি কট পেতাম। আমি এ আশা নিয়ে যাছি যে, যখন ফিরে আসব তখন ইয়াসরিবের অবস্থা পান্টে যাবে। মুছে যাবে আওস ও যাজরাজের পুরনো ক্ষত চিহ্ন। আমি যখন ভোমার আবের কাছে নতজানু হয়ে কাব,
  - ঃ সামিয়াকে ছাড়া আমি বাঁচবনা, তখন তিনি নিক্যুই আমায় বিমূখ করবেন না।'
  - ৪ <sup>\*</sup>এখানে থেকে পরিস্থিতি পরিবর্তনের সপেকা করা বায় না १<sup>\*</sup>
- ঃ 'না, সামিরা। এখানে আমি থাকতে পারহিনা। জানি এতে দূজনেই কট্ট পাব। কিন্তু এখানে থেকেও তোময়ে দেখবনা তা জামি সইতে পারবনা। আমাদের এ প্রেমের কথা কদিন পার গোপন থাকবেঃ তাহাড়া কবিলার সাথে আমার সম্পর্ক এতটা খারাপ হয়ে গেছে যে এখন আর এখানেথাকতেপারহিনা।'

সামিরার জন্ত্র শৃকিয়ে গিয়েছিল: এখন হৃদয়ভার হালকা মনে হল ভার কাছে। মনে জাগন্ত এমন প্রশান্তি, যা অংহত সৈনিককে জন্তু সমর্পন করভে বাধ্য করে। আসেম নিজের ভেডর থানিকটা শান্তনা অনুভব করে কলন ঃ 'চলো ভোমায় বাড়ী রেখে আসি।'

- ঃ 'লা।' ধরা আওয়াজে কলল ও। 'ভূমি যাছে। অগমি আমার বাড়ীর পথ ভূলে যাইনি। যাও তুমি।' সামিরার চোথে আবার নেমে এল অক্সর ধারা। আসেম নির্নিমের চোথে তার দিকে তাকিয়ে রইল। সহসা ঘুরে হাঁটা শুরু করল ও। কয়েক পা গিয়ে গমকে দাঁড়াল। ঘাড় ফিরিয়ে চাইল পেছন দিকে। ডাড়াভাভ়ি মুখ ঘ্রিয়ে নিল সামিরা। কানছিল ও। তার ফোফানির শব্দ বিধিছিল সাসেমের কুকে।
- ঃ 'তৃষি যান্ধ না কোন?' সামিরঃ ঝাঝের সাথে বলগ। কিন্তু সে ঝাঝে ছিলনা ক্রোধ অথবা তিজতা। বরং এক অসহায় আবদার ঝরে পড়ছিল সে সুরে। আসেমের মনে হল এখানে আরো কমিনিট পাকলে ভার দৃঢ়তার প্রাসাদ ভেংগে চুর্ন বিচূর্ন হয়ে যাবে। আবার ঘুরল আসেম। সামনের দিকে পা তুলতেই একটা ভারী কণ্ঠ ভেসে এল ঃ 'দাঁড়াও।'

চমকে এদিকে ওদিক চাইডে লাগল আসেম। ডান দিকের বৃক্দের আড়াল থেকে কেউ বেরিয়ে আসছে। আসেম তাভাতাভ়ি তরবারী বের করন।

- ঃ 'আক্রেম পালিয়ে যাও। 'বলে সামিরা এগিয়ে আনেমের বাহু ধরে একদিকে টানতে লাগল।
- ঃ 'আদেমকে পালাতে হবেনা' কলতে কাতে এগিয়ে এল আদী। সংমিরা আদেমকে ছেড়ে পিতাকে জড়িয়ে ধরে কলল ঃ'আববা, ওর কোন অপরাধ নেই, ও ইয়াসরিব ছেড়ে চলে যাচ্ছে। আপনার সম্মানের দিকে চেয়ে চলে যাচ্ছে ও। লোকেরা আপনাকে অপবাদ দিক ও তা চায় নি।'
  - ঃ 'চিক্লাচিক্লি করোনা সামিরা। তুমি যাও। আমি ওর সাথে কিছ্ কথা বসব।' জাদীর কণ্ঠে কোন তিক্তভা নেই। আন্তর্য হল আসেম।
  - ঃ 'আববা ওকে কিছু বলবেন না। ও আপনার দুশমন নয়।'
- ঃ 'বেক্ব। চুপ কর। আমার তো শুনা হাত।' জানী তাকে একদিকে সরিয়ে আসেমের সামনে এদে লাড়াল। তরা কতকক্ষন নীরবে একে অপরের দিকে তাকিয়ে রইল। অবশেষে আদী বলল 
  ১ 'ডোমার তরবারী খাপে চুকাতে পার। আমার গোকেরা ঘুমিরে আছে। পেছন থেকে কেট তোমায় আক্রমন করবেনা।' শভ্জা পেয়ে তরবারী খাপে পুরন্ধ আক্রমন করবেনা।' শভ্জা পেয়ে তরবারী খাপে পুরন্ধ আক্রমন
- ঃ 'তোমাদের কথাবাতা আমি শুনেছি। এবার তোমার সাথে কিছু কথা কাতে চাই। এসো আমার সাথে।' আসেম নড়ল না একচুলও। আনী করেকপা গিয়ে পেছনে তাকিয়ে কাল ঃ 'কি, এক বুড়োকে ভয় করছে।'

কিছু না বলে আদীর পেছনে হাঁটা দিল ও। কয়েক কদম দূরে চরম উৎকণ্ঠা নিয়ে দাঁড়িয়ে ছিল সামিরা। ও দৌড়ে গাছের আড়ালে চলে গেল। খেজুর বাগান পেরিয়ে বাড়ীর চার দেয়ালের সামনে আসের স্থূপের পাশে এসে দাঁড়াল আদী। কন্তগুলো আস মাটিতে বিছিয়ে বলল ৪ 'কি বল, আমরা এখানেই বসি ? ঘূমের লোকদের জাগানো ঠিক হবেনা। বেশী ঠান্ডা লাগছেনা তো?'

- ঃ 'না।' গুরা পাশাপাশি বসল। আদীর ব্যবহারে গুর উৎকণ্ঠা কেবল রেড়েই যাঞ্ছিল।
- ঃ 'সামিরার সংখে তোমার পরিচয় কবে থেকে?' চোখে চোখ রেখে প্রশ্ন করল জাদী।
- ঃ 'জানিনা আমার কথা আপনাকে আশস্ত করতে পারবে কিনা। সামিরাকে যিরে হয়তো কিছু সন্দেহ সৃষ্টি হয়েছে। কিন্তু আপনার লজ্জা পাতমার মত কোন কাজ ও করেনি।'
- ঃ 'শুর পক্ষে দাফাই পেশ করতে হবেনা। শুকে আমি ভাল করে চিনি। তুমি মনে করোনা গুকে পাহার। দিয়ে রাখতে হরেছে। আজকের ঘটনাটা আক্ষিক। শু যখন আলতো পারে বেরিয়ে আক্ষিক আমি জেগেছিলাম। দরজা খোলার শব্দ পেয়ে আমি উঠানের দিকে তাকালাম। শু পা টিপে টিপে আদিনা পার হয়ে ছুটতে লাগল। ইচ্ছের সাথে কুন্ধ করে তোমাদের কথা না শুনলে এখন এভাবে কথা হতনা। কিন্তু তুমি এখনো আমার প্রশ্নের জবাব দাওনি। সামিরার সাথে তোমার কবে থেকে পরিচয়?'
  - ৪ 'ভয়রকে যে রাতে নিয়ে এসেছিলাম, তখনই ওকে প্রথম দেখেছি।'
  - s 'এখন তুমি ইয়াসরিব ছেড়ে যাচ্ছ?'
  - ঃ'হ্যা।'
  - ঃ'সামিরা জামার মেয়ে। তূমি থাকলে জামার লোকেরা অপমানিত হবে এজন্যই তো যাজ্?'
    ৭২ কায়সার ও কিসরা

- ঃ 'হ্যা। এছাড়াজন্যকারণওপাছে।'
- ঃ 'তোমাদের সৰ কথা আমি শুনেছি। তোমাদের এ মুশকিল আমি দূর করতে জক্ষম। আজা, মনে করো সামিরা আমার মেয়ে না হলে তুমি কি করতে?'
  - ঃ 'আপনার কথা বুঝতে পারছিনা।'
  - ঃ ' সামিরা বনু খাজরাজের না হয়ে খন্য কবিলার মেয়ে হলে কি করতে?'
  - ৪ 'জানিনা। তবে বর্তমান পরিস্থিতিতে কাউকে আমার বিপদের ভাগী করতামনা।'
- ৪ 'কবিলার পক্ষ থেকে দামিরার পিতার যদি কোনে তয় না থাকত এবং সে যদি স্বেচ্ছায় নিজের মেয়েকে তোমার হাতে তুলে বিত তখন কি করতে?'

ঃ সম্ভব হলে সামিরার পিতাকে বৃকিয়ে কাতাম যে, এ মৃত্যুর্তে আমার একা যাওয়াই উচিৎ। কিন্তু আমি খুব শীদ্র ফিরে আসব। অথবা আমার ইচ্ছেও বদলে ফেলতাম। কিন্তু সামিরার পিতার অপারগভার কারণ জানা কি আমার পক্ষে সম্ভব নয়ং

আদী মাথা ঝুকিয়ে গভীর চিন্তায় ভূবে গেল। খানিকপর মাথা ত্লে আদেমের দিকে তাকিয়ে বলল ঃ'তোমায় আমার জীবনের এক গৃহত্বপূর্ণ কাহিনী শোনাব। আমার বিশ্বাস, এতে নিশ্চয়ই ভূমি আকর্ষণ অনুভব করবে। আজ থেকে খোল বছর পূর্বের ঘটনা। এক ব্যবসায়ী কাফেলার সাথে দামেশক যাজিলায়। কেনানা গোডের হারেস নামের এক ব্যক্তি আমাদের সংগে ছিল। অম সময়ের মধ্যেই আমাদের মধ্যে বন্ধুত্ব গড়ে উঠল। আমরা ফিরে এলাম। ওকাজের মেলার আর অল কদিন বাকী। ইয়াসরিবের অনেকে ওখানে যাবার প্রভূতি নিজ্জিল। হারেস কদিন আমার কাছে রইল। এর পর এক কাফেলার সাথে আমরা ওকাজের মেলায় চলে গেলাম। ওকাজে যাবার অন্য কারণও ছিল। আমার স্ত্রী ছিল বাপের বাড়ীতে। ওদের বাড়ী ছিল ওখান থেকে মাত্র পাঁচ মাইল দূরে। ভেবেছিলাম, ফিরতি পথে ছেলেমেয়েদের নিয়ে আসব।

শ্বন্তর বাড়ী গিয়ে শ্নলাম একটা মেয়ে হয়েছিল আমার। জন্মের কয়েক দিন পর মারা খায় মেয়েটা। এতে দারুন আঘাড পায় আমার স্ত্রী। বার বার বলত, মেয়েটা কিয়ে সুন্দর ছিল। বিভিন্ন কবিলার মহিগারা অনেক দূর থেকেও তাকে দেখতে আদত। আমার শ্বান্ডড়ী এবং শালীরাও তার খুব প্রশংসা করল। কিন্তু হারেস আমায় ধন্যবাদ দিয়ে কলেও 'ত্মি তো এক মেয়ের পিতা হবার অপমান থেকে বেঁচে গেলে। বড় ভাগ্যবান ভূমি। পরপর দৃ'টো মেয়েকে আমি জীবত করে দিয়েছি। এবার বাড়ী থেকে বেরোবার সময় ওজ্জার নামে শপণ করেছিলাম যে, এবারও যদি মেয়ে জন্ম দাও তার সাথেও সেই একই ব্যবহার করব।'

ওকাজের মেলা শেবে ফিরে আসতে চাইলাম। হারেসের বাড়ী ছিল দ্যাইল দূরে। সে জার করে আমাকে তার বাড়ী নিয়ে গেল। গিয়ে শুনলাম করেক মাস পূর্বে তারও এক কন্যা সন্তান জন্মছে। হারেস ক্ষেপে গেল। আমি তাকে বোঝাতে চাইলাম কিন্তু কোন ফল হলনা। ও বলল, ঘরে বিহাক্ত সাপ পৃষ্ঠে রাজি আছি কিন্তু মেয়ের পিতা হওয়ার অপমান সইতে পারবনা। আমার স্তীর সামনেই ওজ্জার নামে শপথ করেছিলাম। জন্মর সাথে সাথে মেরে ফেললে আমায় এ পরীক্ষায় পড়তে হতোনা। এখন ও চার মাসের শিশু। তবু আমার শপথ আমি পালন করবোই।

ক্যুদার ও কিনরা ৭৩

তখন গ্রীদ্বকাল। রাতে আমরা বাইরের মুক্ত বাতাদে বদেছিলাম। হারেস এক পিপে মধ এনে আমার সমেনে রাখল। তার অনুরোধে লে কড়া শরাবের করেক ঢোক আমিও পান করলাম। কিন্তু ও দেশার গিলে মাতাল হয়ে বকবক করল কভক্ষণ। ঘূম ভাড়িয়ে আলছিল আমার চোখে। আমি শুয়ে পড়লাম। হাঝ রাতে হটুগোলে আমার ঘূম ডেংগে গেল। হতভবের মত এদিক ভিদিক চাইতে লাগলাম আমি। হারেস ওখানে ছিলনা। তার ঘরে থেকে নারীর কালার বন্ধ ভেনে আনহিল। আমি দৌতে গেলাম দেখানে। ভাকলামঃ হারেস, হারেস।

হারেসের স্ত্রী বেরিয়ে এল। পাগলিনীর মত নিজের চুল টানছিল ও। এবার চিংকার নিয়ে বলগঃ 'সে আমার মেয়েকে নিয়ে গেছে। লাভ ওচ্ছার দোহাই, আমার মেয়েকে বাঁচাও। আজ কেউ আমার সাহায্য করেনি। নবাই জানে হারেস মেয়েটাকে জীবন্ত গেড়ে ফেলবে। তবু কেউ ঘর থেকে বেরুলনা।' আমি জিজ্জেস করলামঃ সে কোন দিকে গেছে?' ও একদিকে ইংগিত করল। আমি সেদিকে নৌড়োতে লাগলাম। একটু পর বন্তির একটু দূরে শিশুর কারার শব্দ শূনলাম। এবার শব্দ লক্ষ্য করে ছুটতে গাগলাম। মেয়েকে মাটিতে রেখে হারেস গর্ভ যুঁড়ছে। আমাকে দেখে রেগে গেল সে। চিৎকার করে বললঃ 'এখানে কেন এসেছ্?'

- ঃ 'তে। মায় সাহায্য করতে চাই।' আমি বদলাম।
- ঃ 'গর্ভ খৌড়ার জন্য ভোমার দাহায্যের প্রয়োজন নেই। জামার দাহায্য করতে চাইলে গুলা টিপে এর বিরক্তিকর কালটো থামিয়ে দাও।'
  - ঃ 'ভূমি এখন মাভাগ। নেশা দূর হলে এর কালা ভোমায় বিরক্ত করবেনা।'
  - ঃ 'অমার মন ভোগানোর চেষ্ট করোনা। অমার প্রতিজ্ঞা আমি পূর্ণ করবই।'

জাবার গর্ড খুড়তে লাগল হারেস। এগিয়ে জমি তার হাত ধরে ফেললাম। ক্রেন্ধ হয়ে ও জমোয় পেছন নিকে ঠেলে নিয়ে ধনগ ঃ 'জমি তীরু কাপুরুষ নই।'

ঃ 'হারেস, ওক্ষা ডোমার মেয়ের জীবন নিতে চায়না। এ জন্য আমায় এখানে পাঠিয়েছেন। তুমি যদি ওর পিতা না হতে চাও আমাকে দিয়ে দাও। আমার স্ত্রী একে মেয়ের মত পাদবে। ওর কথা আমি গোপন রাখব। কেই তোমায় অপবাদও দেবেনা।'

ক্ষেণে উঠল হারেদ ঃ 'না, না, এ হতেই পারেনা।' হঠাৎ ও মেয়েটাকে ধরার চেট্টা করদ।
জামি মাঝখানে এসে দাঁড়ালাম। দুজনের মধ্যে ধন্তাধন্তি শুরু হল। মাতলে থাকায় ওকে আমি
সহজেই কাবু করে ফেললাম। মেয়েটা কেন যেন হঠাৎ কালা বন্ধ করে দিল। আমি তাকে
জনেক্ষণ মাটিতে চিৎ করে ধরে রাখলাম। ধীরে ধীরে তর রাগ ক্যে এল। ও বলল ঃ 'আদী,
কবিলার কারো আমার সামনে আসার সাহস নেই। কিন্তু তুমি আমার মেহ্মান।'

- ঃ 'অমি তোমার বন্ধু। জামার বিশ্বাস তুমি মাতাল না হলে এ হাতাহাতিও হতোনা। তুমি যে কি করছ তা এখন বৃথতে পারহনা।'
  - ঃ 'আমায় হেড়ে দাও ৷'
  - ঃ 'জাগে কথা দাত এ নিস্পাপ শিশুর গায় হাত ভূলবেনা।'
  - ঃ 'যদি কথা না দিই।'

- ঃ 'ওজ্জার দোহাই', তাহঙ্গে এভাবে তোমার বুকে বসে থাকব। ভোরে ভোমার কবিশার লোকেরা এসে আমার সাথে কি ব্যবহার করবে সে ডয়ও করবনা।'
  - ঃ 'একটা মেয়েকে বাঁচানোর জন্য ভূমি কি জামার কবিগার হাভে জীবন দিতে চাইবে?'
  - ঃ 'আমি শপথ করেছি এ মেয়েকে বাঁচাব।'

হারেস কল ঃ 'তবে কি একে বাঁচালোর জন্যই ওজ্জা তোমায় এখানে পাঠিয়েছেন ?'

- ঃ 'আমার দৃঢ় বিশ্বাস ওজ্জা ওর প্রাণ নিতে চাননা।'
- ঃ 'লোকেরা আমায় তীক্ত কাপুরুষ বলবে।'
- ঃ 'ও থে বেঁচে আছে তা কেউ জানবেনা। আমি এখুনি চলে যাব।'

পাষাণ হৃদয়ের অধিকারী হলেও হারেস ছিল একজন মানুষ। খানিক পর ভার ডেভর আমূল পরিবর্তন এল। ও বলল ঃ 'ভোমার ঘরে ও কি মর্যাদা পাবে?'

ঃ 'ওকে নিজের মেয়ের মত মনে করব। তোমার বিশ্বাসের জন্য প্রয়োজনে শপথ করব। তুমি জান আমার মেয়েটা মরে গেছে কিন্তু সবাই তো জার তা জানেনা। তকে বাড়ী নিয়ে গেলে কেউ সন্দেহ করবে না।' অবশেষে ও হার মানল। আমি বন্দাম ঃ 'আমি এখানেই দাঁড়াব, তুমি আমার ঘোড়াটা নিয়ে এসো।'

ও হটা দিল। আমি বলগামঃ 'মেয়েটা বেঁচে আছে তোমার স্ত্রীকে এ সংবাদ দিও।'

কোন জবাব না দিয়ে ও চলে গেল। ফিরে এল তার স্ত্রীকে সাথে নিয়ে। ও বলন ঃ 'আমার স্ত্রী বিশ্বাস করেনি। এজন্য সাথে নিয়ে এগুম। সন্তান থেকে বিচ্ছিন হলেও ও বেঁছে আছে তেবে তার স্ত্রী অনেকটা আশ্বন্ত হল। এগিয়ে আমার হাত থেকে শিশুটিকে নিয়ে বলন ঃ 'ও ক্ষুধার্থ। অনুমতি পেলে দুধ খাইয়ে দিই।'

মেয়ে নিয়ে ও এক পাশে বনে পড়ল। দুধ খাইয়ে উঠে দাঁড়াল। বুকের সাথে ঝাপটে ধরে চুমো খেল বার বার। আমি ঘোড়ায় চড়ে বসলাম। কেঁদে কেঁদে ও মেয়েকে আমার হাতে তুলে দিল। হারেস আমার পাথে মোসাফেহা করে বলল ঃ 'তোমার কাজটা কদ্বর সঠিক জানিনা। তবুও আমি ভোমার কাছে কৃতজ্ঞ। হায়। প্রথম মেয়েটা যখন দাফন করছিলাম যদি তখন আসতে। শিশু মেয়েটি তার দাড়ি ধরার চেট্ট করছিল। ও তার হাতটা তুলে চুমো খেল। হঠাৎ আমার কোল থেকে টেনে ভকে বুকে জড়িয়ে ধরল। তার মাথা এবং তোখে মুখে চুমো খেয়ে আমায় ফিরিয়ে দিতে দিতে খলল ঃ 'আদী। ও এখন তোমার মেয়ে, এজন্য আদর করলাম। এবার খাও।' খানিক দূরে যেতেই তার মায়ের আওয়াল তেনে এল ঃ 'দাড়ান।' আমি ঘোড়ার কলগা টেনে ধরলাম। ও দৌড়ে আমার কাছে এদে বলল ঃ 'আপনাকে বলা হয়নি ওর নাম সামিরা।' থামল আদী। গতীর চোখে তাকাল আসেমের দিকে।

- ঃ 'সামিরা কি তার বাবা-মাকে দেখেনি ?' প্রশ্ন করল জাসেম।
- ঃ 'না। বছর তিনেক পর হারেস এক যুদ্ধে নিহত হয়। কদিন পর তার মায়েরও মৃত্যু ঘটে।'
- ঃ 'সঃমিরা কি ভাবে যে ও আপনার মেয়ে নয়।'
- ঃ 'না। এখন ওকথা শ্নলে হয়ত বিশ্বাসই করবেনা। নিজের মেয়ের মতই তাকে আমি শ্লেহ করি। সামিরার পাঁচ বছর বয়সে ওর মার মৃত্যু হয়। মৃত্যুর সময় বলেছিল ওর যেন কোন কট কায়সার ও কিসরা ৭৫

না হয়। আমিও তাকে কথা দিয়েছিলাম। আজ সামিরার চোখে অশ্রু দেখে আমার কর্ট ছচ্ছিল। এজন্যেই তোমায় ঘটনা খুলে কলাম। এবার ভবিষ্যতের জন্য কোন সিদ্ধান্ত নিয়ে তেবোনা যে সে তোমার শক্রুর মেয়ে। ও এক এতীয় এবং জসহায়। ওর মন ছেংগে তোমার বংশের গৌরব রাড়াতে পারবেনা। ওর কালার শক্রু শুনে আমার মনে হয়েছিল সে সময়ের কথা, যখন হারেস ওর জন্য গর্ত খুঁড়ছিল। পাশে পড়ে কাঁদছিল ও। আমার মনুযত্ববোধ তকে হারেসের কাছ থেকে ছিনিয়ে আনতে বাধ্য করেছিল। আজন্ত আমার বিবেক তাকে তোমার হাতে তুলে দিতে বলছে। শক্রু অথবা মিত্ররা কি বলবে সে তাবনা আমার নেই। মেয়ের পিতা হওয়া হারেসের কাছে অপমানকর ছিল। কিন্তু যখন তার ভেতরের পিতৃত্বে জাগিয়ে ত্লগাম, নিজেই মেয়েকে আমার হাতে তুলে দিয়েছিল। ভোমার কাজ আমার জতীত বিশ্বাস ভেংগে দিয়েছে। তুমি ভমরের জীবন রক্ষা করার পূর্বে ভারতাম, আমার জীবনের শান্তি হল তোমার কবিশার সাথে যুদ্ধ করা। আমার ভেতরের মৃত অনুভূতি তুমি চাঙ্গা করে দিয়েছ। ছিনিয়ে নিয়েছ প্রতিশোধ আর রক্ত ঝরানোর আনন্য। কিন্তু এজন্য আমার দৃঃখ নেই। আসেম, আমার কারবে ওকে হতাশ করোনা। জাল এ মৃহূর্তে আমি একে তোমার হাতে তুলে দিতে প্রস্তুত।'

অক্রতে ভরে গেল আসেয়ের চোখ। এ আঁসু কৃতজ্ঞভার আঁসু। ও বলগ ঃ 'আমি আপনার কাছে কৃতজ্ঞ। কিন্তু সামিরাকে সূখ দিতে পারবেন ওকে আনার সময় এ প্রশান্তি আপনার ছিল। আপনি নিশ্চিত ছিলেন যে বাড়ীর কেউ ওকে অনাদর অথবা ঘৃণা করবেনা। কিন্তু আমার অবস্থা সম্পূর্ণ ভিন্ন। দুঃখ ছাড়া ওকে আমি কিছুই দিতে পারবনা।'

- ঃ 'এক কল্যান অসংখ্য কল্যানের দুয়ার খুলে দেয়। তুমি যে উপমা স্থাপন করলে তার পরিনতি ইয়াসরিবের চিরস্থায়ী শান্তি। কদিন পর এখানকার অবস্থা সম্পূর্ণ বদলে যাবে। তোমার যাবার দরকার নেই। আরবের ভবিষ্যত সম্পর্কে আমি খুব আশাবাদী। মন্ধায় যে নতুন দ্বীনের আবিতাব ঘটেছে তা তুমি নিশ্চয়ই শুনেছ। সে দ্বীনের নবী মানুষকে সাম্য এবং আতৃত্বের শিক্ষা দিছেন। যারা তার প্রতি ঈমান আনছে তারা বংশ এবং গোত্রের প্রাচীর তেংগে পরস্পরে ভ্রাতৃ বন্ধনে আবদ্ধ হক্ষে। হয়তো এ নবীর বদৌলতে সমন্ত আরবে প্রনো সমান্ধ তেংগে প্রতিষ্ঠিত হবে নতুন সমান্ধ। হেজাযে এ দ্বীন প্রতিষ্ঠিত হলে ইয়াসরিবে এর প্রভাব পড়বে নিশ্চয়ই। অন্ধকারে ঘুরে মরার চে বাড়ীতে বসে প্রভাতের আলো ফোটার অপেক্ষায় থাকা কি ভাল নয়?'
- ঃ 'সে দ্বীনের ব্যাপারে আমিও নানা কথা শুনেছি। কিন্তু শুটপাট ও নরহত্যা যাদের অস্থিমজ্জায় মিশে গেছে তাদের চরিত্র বদশে যাবে আমি এমন আশা করিনা। যে দ্বীন গোত্রীয় প্রথা ভেংগে দিতে চায় তাকে প্রতিরোধ করার জন্য ময়লানে নেমে আসবে আরবের তামাম কওম। এখানে কবিগাগুলোকে পরম্পরের বিরুদ্ধে ক্ষেপানো যায়—ঐক্যবদ্ধ করা য়য়না। ওমরের সাহায়্য করা আমার ব্যক্তিগত ব্যাপার। অথচ আমার গোত্র এমনকি নিকটাত্রীয়রাও তা নিয়ে হৈ চৈ জুড়ে দিয়েছে। শত শত বছর ধরে যে আরব রক্তে জলছে প্রতিশোধের আগুন সে দ্বীনের কারণে ওরা ভাল হয়ে যাবে আপনি কিভাবে এমন ভাবতে পারেন গ আমি তো শুনেছি

কোরেশদের জত্যাচারে নতুন মুসলমানদের জন্য মক্কায় থাকাই অসম্ভব হয়ে পড়েছে। এরপরও যদি আপনি যেতে নিষেধ করেন তবে যাবনা।'

ঃ 'আমাকে দুটো দিন সময় দাও। দেখি ভোদার সমস্যার কিছু করতে পারি কিলা। একান্তই যদি বাড়ী না থাকতে পার তবে আরব ছোট নয়। হয়তো তোমাদের দু'জনের জন্য কোন আশ্রয় খুঁজে পাব। এবার বিশ্রাম করগে। এখন থেকে যখন ইচ্ছে সোজা পথেই আমার বাড়ীতে আসতে পার। তবুও পোক চক্ষুর আড়ালে থাকা উচিৎ। প্রয়োজন হলে ভোমায় যে কোন উপায়ে হোক সংবাদদেব।'

আসেম উঠে দাঁড়াল। হাত বাড়িয়ে দিল জাদী। মোসাফেহা করে আসেম হাঁটা দিল। ধীরে ধীরে জাদীও ঘরের দিকে চলল। দরজার সংথে হেলান দিয়ে বারান্দায় দাঁড়িয়ে হিল সামিরা। পিতাকে জাসতে দেখে ও কাঁদতে লাগগ। জাদী তার মাধায় হাত বুলিরে দিতে দিতে বলগঃ 'এখানে দাঁড়িয়ে ফাঁদহ কেন? তেওরে চলো।'

- ঃ 'আববা।' বড় মূশকিলে কালা সংযত করে ও বস্গ, 'অগ্নমি আপনার মেয়ে নই, একথা ওকে বসতে গেলেন কেন।'
- ঃ 'সামিরা, অন্দেকবার তেবেছি একথা তোমায় বলব। কিন্তু সাহস হয়নি। আজ আসেমকে একথা বলার প্রয়োজন ছিল।'
  - ঃ 'আমি আপনার মেয়ে হলে আপনি হয়ত গজ্জায় আমায় গলা টিপে মেরে ফেলতেন :
  - ঃ 'ভূমি পাগল হয়ে গেছ। ষাও বিশ্রাম করগে।'
- ঃ 'আমি আপনার মেয়ে নই একথা আমার বিশ্বাসই হচ্ছেনা। না, আববা অসম্ভব। আমি নোমানের বোন নই, এহতেই পারেনা।'
- ঃ 'ভূমি নোমানের মায়ের দুধ পান করেছ। সামিরা ভূমি আমার মেয়ে নও, অন্য কেউ একথা কল্পনাও করেনা। এখন চলো।' অক্র মুছতে মুছতে আদীর পেছনে চলল সামিরা।

বাগান থেকে বেরিয়ে আসছিল আসেন। হঠাৎ ও দেখল বাগান থেকে একশো কনম দূরে একটা লোক দৌড়োক্ছে। ভাড়াভাড়ি বৃক্ষের আড়ালে দাঁড়াল ও। বাগানের কাছে এসে লোকটির গতি মহুর হয়ে এল। একটু পর পরই সে কিরে কিরে কিরে চাইছিল পেছন দিকে। অরেকজন লোক তীব্রগতিতে এ লোকটাকে ধাওয়া করছে। প্রথম লোকটি বাগানে প্রকেশ করে আসেমের কাছাকছি অন্য গাছের আড়ালে দাঁড়াল। পেছনের লোকটি বাগানের কাছে এসে থমকে দাঁড়াল। কভক্ষন এদিক ওদিক তাকিয়ে আবার কিরে গোল। প্রথম লোকটি দাঁড়িয়ে দাঁড়িয়ে দারুন ভাবে হাফাছিল। তার দৃষ্টি থেকে বাঁচার জন্য আরেকটু আড়ালে সরে এল আসেম। তার মনে তখন বিভিন্ন প্রস্ন। এ লোকটি কে? কারা একে ধাওয়া করছে? লোকটি এদিকে এল কেন? আদীর চাকর হলে কেন এখানে দাঁড়াবে। ধাওয়াকারীরা এর দূশনম হলে এখানে এসে কাউকে ডাকলনা কেন?

বৃক্ষের আড়াল হওয়ায় ওর চেহারা দেখা যাচ্ছিল না। লোকটি বাগানের বাইরে পা রাখন। আসেম দেখল চোখ ছাড়া ভার সমস্ত চেহারা ঢাকা। আসেমের সন্দেহ হল। দ্রুত একটা ডাইড দিয়ে ও লোকটির ঘাড় চেপে ধরল। অফুট আর্ডনাদ করে উঠল লোকটি। অনেক চেষ্টা করেও আসেমের দৃঢ় হাত থেকে ছুটতে পারননা। ধাকাতে ধাকাতে ও তাকে বাগানে নিয়ে এল।

- ঃ 'এই তৃই কে?' লোকটি নিরুতর।
- ঃ 'কথা বলছিস না কেন?'

লোকটি হতভবের মত আসেমের দিকে তাকিয়ে বলল ঃ 'আমি নিরপরাধ। আমায় ছেড়ে দিন।' আসেম তার মুখোল ছিড়ে ফেলল। উৎকণ্ঠা ভরা দৃষ্টিতে কতক্ষন তার দিকে তাকিয়ে থেকে বলল ঃ 'তুমি শমুনের চাকর না। এখানে এসেছ কেন ? কারা তোমায় ধাত্যা করেছে?'

- ঃ 'আমার কোন দোষ নেই। ওরা ডাকাত, ডাকাত আমার পিছু নিয়েছে।'
- ঃ 'বাজে কথা বলোনা। রাতে কোন ডাকাত চাকরের পেছনে ছোটেনা। ব্যাণার কি বল। মনে হয় চুরি–চামারি কিছু একটা করেছ। আমার কথা হচ্ছে, তুমি এদিকে কেন?'
  - ৪ 'কোনদিকে দৌড়াচ্ছি ভয়ে তাও জানা ছিলনা।'
  - ঃ 'ভূমি কি শমুনের বাড়ীতে চুরি করেছ? এরা কি শমুনের চাকর?'

লোকটির চোথে আশার আলো ফুঠে উঠল। ঃ 'আপনার তো কিছু ক্ষতি করিনি। আমায় এত কিছু জিজ্জেস করছেন কেন ? আমি শমুনের বাড়ীতে চুরি করে থাকলে সেডো আপনার দুশমন।' আসম ভাকে ছেড়ে দিয়ে বলল ঃ 'কি কি চুরি করলে?'

ঃ 'ভার স্ত্রীর অলংকার চুরি করেছি। কিন্তু এখন আমার কাছে কিছুই নেই।'

আসেম ওমরের কাছে এ চাকরকে জড়িয়ে শমুনের স্তীর নামে অনেক কিছু শুনেছিল। এ জন্য আর বাড়াবাড়ি না করে বলল ঃ 'ভাগ বেটা।' চাকরটি পড়তে পড়তে উঠে দাঁড়িয়েই ভৌঁ দৌড়। আসেম হাঁটা দিল বাড়ীর দিকে।

ইহুদীদের খেজুর বাগালের পাশ দিয়ে যাবার সময় ওর কানে ভেসে এশ কিছু শোকের ডাক চিৎকার। ও ভাবদ ওরা হয়ভ চাকরটাকে খুঁজছে। এতরাতে ও কারো সামনে পড়তে চাইলনা। এ জন্য পথ হেড়ে একটা বাগানে লুকিয়ে পড়ল। লোকগুণো চলে গেলে ও বেরিয়ে আবার বাড়ীর পথ ধরল। বাড়ীর কাছাকাছি আসতেই ওর কানে ভেসে এল নারী পুরুষের সমিলিত কারার শব্দ। বাড়ীর একদিকে আগুন জ্লছে। ও কতক্ষন হতভব হয়ে দাড়িয়ে রইল। এরপর দৌড়ে বাড়ীর উঠানে চলে এল। ওখানে নারী পুরুষের ভীড়। বাইরের পাঁচিল লাগোয়া ছাপরা পুড়ে ছাই হয়ে গেছে। খড়ের গাদা থেকে ধুয়া উড়ছে। কয়েকজন লোক পানি ঢালছে তাতে।

- ঃ 'কি হয়েছে? জাগুন লাগল কিভাবে?' একজনকৈ প্রশ্ন করল আসেম।
- ঃ 'জানিনা। আমি এই মাত্র এলাম।'

আরেক জনকে জিজেস করল আসেম। কিন্তু বলতে পারলনা কেউ। এক ব্যক্তি এগিয়ে শ্লেষের সাথে বলল ঃ 'তোমার চাচাকেই জিজেস করনা। আহত হওয়ার পর সে তো তোমার নাম ধরেই ডাকাডাকি করছিল।'

কথাটা বলন মুনযির। আসেম তার দিকে লক্ষ্য না করে ভীড় ঠেলে সামনে এগিয়ে গেল। বারান্দার চাটাইতে পড়ে আছে হিবরো। সাঈদা, তার মা, সালেম এবং আরো কন্ধন অস্থীয়া তার পাশে বসে আছে। হিবরোর বুক এবং সাঈদার বাহুতে ব্যান্ডেজ বীধা। ঃ 'কি হয়েছে চাচাজী হ' আসেমের উৎকণ্ঠা তরা প্রশ্ন। হিবরো আসেমের দিকে তাকিয়ে চোখ বন্ধ করে নিল। দাঈনা এবং তার মা কোকাচ্ছিল। আসেমকে দেখেই ওরা বিশাপ ভূড়ে দিল। কবিলার এক বৃদ্ধা প্রশ্ন করলেন ঃ 'তৃমি কোথায় ছিলেহ' তার প্রশ্নের জবাব না দিয়ে সাঈদার দিকে ফিরল আসেম।

ঃ 'সাঈদা ভূমি আহত ? বলো কি হয়েছে?'

কারা থামিয়ে সাইদা কল ঃ 'আমার কিচ্ছু হয়নি ভাইয়া। সাধারণ যথম। কেন আমি বেঁচে রইলাম। দুশমনের তীর কেন আমার বুকে এসে বিধলনা।' মুন্যির এগিয়ে টিগুনি কেটে কালঃ 'থাক মা থাক। জমন করে বলোনা। তোমার ভাইয়ার মনটা খুব নরম কিনা।'

ফিরে চাইন্স আসেম। ক্রোধে বিধর্ণ হেয় গেল চেহারা। হঠাৎ এক চাকরের দিকে দৃষ্টি পড়ভেই আসেম চিৎকার দিয়ে বলল ঃ 'হা করে দাড়িয়ে আহিস কেন? বল আমাদের বাড়ীতে কেঅক্রিয়নকরেছে।'

ঃ 'উট ঘোড়ার দাপাদাপিতে আমাদের ঘূম ভেংগে গেল। বাইরে এসে দেখলাম আন্তাবলে আগুন জলছে। পাঁচটি ছাগল ছাড়া বাকী পশুগুলো আমরা বের করে নিলাম। আগনার চাচা ঘর থেকে বেরোতেই পাঁচিলের উপর থেকে তীর বর্ষন শুরু হল। একটা তীর লেগে তিনি আহত হয়ে গেলেন। সাঈদা এবং সালেম বাইরে নামতেই আরেক ঝাক তীর ছুটে এল। সালেম বেঁচে গেলেও একটা তীর এসে সাঈদার হাতে বিধল।

এরপর হামলাকারীরা দেরাল থেকে লাফিয়ে নেমে পালাতে লাগল। আমরা যখন ওদের ধাওয়া করল, তখন ওরা বাগানের বাইরে ঘোড়ায় চড়ে পালাফিল। একজনের সওয়ারী ছিলনা। আমরা অনেকদ্র পর্যন্ত ভাকে ধাওয়া করলাম। কিন্তু ভার গতি ছিল ভীব্র। ওবায়েদ বলল, ভোমরা যখমীদের দেখাশোনা করগে। আমি এর পিছু নিচ্ছি। তখন আমরা বাড়ী ফিরে এলাম।

- ঃ 'তাদের কাউকে চেননি ?'
- <sup>।</sup> শা, ওরা মুখোশ পরেছিল।'
- ঃ 'যে দৌড়াঞ্ছিল সেও মুখোল পরা ছিল?'
- ঃ'হাী।'
- ঃ 'চাচাজী আমি এর প্রতিশোধ নেব। আপনার জখম ততো মারাত্মক নয়তো?' হিবরো উঠে বসলো। ক্ষতের বেদনা সত্ত্বেও আনন্দে ঝলমলিয়ে উঠলো তার চোখ দু'টো।
- ঃ 'না। আমি নিজেই তীর টেনে খুলে ফেলেছি। আমাদের শক্রেরা ধনুও ধরতে জানেনা।'
- ঃ 'ভাইয়া, শক্রন্ধা আমাদের কয়েক ফোটা রক্ত হলেও ঝরিয়েছে। আপনি ছাড়া জন্য কেউ এর প্রতিশোধ নেবে আমি ভা সইতে পারছিলাম না।'
- ঃ 'তুমি নিশ্চিত্ত থেকো সঙ্গিদা। এ রক্তের জন্য ওদেরকে চড়া মূল্য দিতে হবে।' বলেই জাসেম এদিক ওদিক তাকিয়ে ভাকল, 'ওবায়েদ! ওবায়েদ।' হিবরো বলল ঃ'ও ফিরে এসেই কবিলার আরো কজনকে সাথে নিয়ে গেছে। সালেম এবং মুন্যিরের ছেলেরাও গেছে তার সাথে।'

<sup>ঃ &#</sup>x27;কোথায় গেছে?' চঞ্চন হয়ে প্রশ্ন করল আদেম।

ঃ 'আক্রমনবারীদের খুঁজতে গেছে। ওবায়েদ ভাদের বাড়ী চিনে এসেছিল। প্রতিশোধ নেয়ার বাংগারে ভোমার মত না বদলে থাকলে বলতে পারি যে ওবায়েদ দুশমনকে আদীর বাড়ীতে দুকতে দেখেছে। আদেমের রক্ত জমে গেল যেন। তাও মৃত্তুর্তের জন্য। হঠাৎ তার হংগিত লাফিয়ে উঠল। কামরা থেকে ছুটে বেরিয়ে গেল ও। হাতে নিল যেড়ার বলগা। পোকের ভীড় ঠেলে উঠানের এক কোণে পৌছল। নিজের খোড়ার বাধিন খুলে লাফিয়ে উঠে কমল তার পিঠে। যোড়ার ক্রের শন্দ শুনে ধর্ব ভারে হিবরো কলল ঃ 'কি মৃন্যির, দেখলেভো । ও আ্যার ভারের সন্তান।তার ধ্যনীতে আ্যাদেরই রক্ত।'

ঘোড়ার উদোম পিঠে বন্দে আদেম যখন আদীর বাড়ীর দিকে যাছিল তখন দারুন উৎকণ্ঠা নিয়ে নিজের কামরায় পয়তারী করছিল শমূন। চাকর কৃতকৃতে চোখে তার দিকে তাকিয়েছিল। স্থঠাৎ ভার দিকে ফিরে শমূন বণল ঃ 'তুমি কি নিন্তিত যে ও আদেম ছিল।'

- ঃ 'জী। চাঁদের আলোয় তাকে আমি ভালভাবে দেখেছি। কিন্তু আমার বুখো আসছেনা এত রাতে সে আদীর বাগানে কি করছিল। শম্ন ঝাঁঝের সাথে কল ঃ 'ও আদীর বাগানের খেলুর চুরি করতে যায়নি। আরে কেন্ফ, ও গিয়েছিল আদীকে হত্যা করতে। ইস। যদি জ্ঞানভাম নিজে নিজেই আগুন জলে উঠাবে ভবে কি ফুঁ দিতে যেতাম। এখন তুমি আমার জন্য নতুন বিপদ নিয়ে এলে। এ থেকে বাঁচার কোন পথই তো চোখে দেখছিনা।'
- ঃ 'থামিতো আপনার নির্দেশ পালন করেছি। আপনি বৃক্ছেছিলেন আমায় ধাওয়া করলে যেন পাদীর বাগানে চুকে যাই।'
- ঃ 'ছেই বদমাইশ। তেমোর চেয়ে বেশী দৌড়াতে পারে এমন নাকি ইয়াসরিবে কেউ নেই। তাহলে সে তোমায় ধরুল কিভাবে?'
- ঃ 'আমি মিঞ্চে বলছিন।: ধাওয়াকারীরঃ ভো আমায় পায়নি। কখনো দৌভের গতি কমিয়েছিলাম। কারন ওরা যেন নিরাশ হয়ে ফিরে না খায়। কিন্তু আসেম যে বাগানে ঘাপটি যেরে বসে আচম্বিত আমার ঘাড়ে লাফিয়ে পড়বে এ কথা কে জানত?'

খানিক চিন্তা করে শমূন বলল ঃ 'আন্দেম ভোমায় চিনেছে?'

- ঃ 'জী। আমার মুখোশ ছিড়েই ও বলগ, ভূমি শমুনের ঢাকর না।'
- ঃ 'আর সাথে সাথেই তোমায় ছেড়ে দিল।'
- 3"蜀门
- ঃ 'বাজে কথা। নিশ্যুই জিজেন করেছে তৃমি কেন এখানে এসেছ ? সত্যি করে কর, নয়তো আমি তোমার চামড়া তুলে ফেলব।'
  - ঃ 'জী সে জিজেস করেছিল।'
- ঃ 'তা ডুমি কি বললে?'
- ৪ 'কালাম আমি ডাকাতের ভয়ে পালাজি। ও কাল, ফিথ্যে কথা। নিশ্চয়ই কিছু চুরি করেছ।
  ভার চাকররা তোমায় ধাওয়া করছে। জীবন বাঁচানোর জন্য একথা আমি স্বীকার করেছি।'

শমুন কতকটা আশ্বন্ত হয়ে বলল ঃ 'জীবনে এ একটা বুদ্ধির কথা বলেছ। কাল চুরির অগরাগে সবার সামনে তোমায় বেত খেতে হবে। আসেম থেন বিশ্বাস করে ভূমি ঠিকই চুরি করেছ। কিন্তু ও বড় বিপজ্জনক। ওর হাত থেকে আমার বাঁচাটাই কঠিন।'

ঃ 'ক্য়েকদিনের মধ্যেই আমি তাকে হত্যা করব। কিন্তু দোরা থাওয়ার পর আমায় কি

পুরস্কার দেবেন।"

ঃ 'তোমার পুরস্কার হবে, একটু আতে দোরা মারা। নয়তো তৃমি করুণার পাত্র লও। তুমি

একটা কাজের পশু না হলে জামি তোমার দু'টো হাতই কেটে ফেলতাম।'

্ব 'আপনি কিছু ভাববেদ না। আমার দৃঢ় বিশ্বাস হিবরোর লোকেরা এডোক্ষনে আদীর বাড়ী আর্ত্রমন করেছে। ভোরেই আওস ও খাজরাজ ময়দানে নেমে আসবে। তখন হয়তে। আমার দোরাও মারতে হবেনা। কিন্তু এখন পর্যন্ত আক্রমন না করে থাকলেও কোন চিন্তা নেই। যে আগুন আম্বা জ্বেলেছি ভা নেভানো অনুসম অথবা আদীর পক্ষে সত্তব হবেনা।'



যোড়ার খুরের খটাখট শব্দে গভীর নিদ্রা থেকে জেগে উঠল আদী। ধড়ফড় করে বিহানায় উঠে বদল। পাশের বিহানায় ঘুমিয়েছিল ওতবা। জাদী তাকে ধাকা দিয়ে জাগিয়ে বলপঃ 'ওতবা, সম্ভবত খোড়া গুলো রশি ছিড়ে ফেন্সেছে।' ওতবা উঠতে উঠতে বদল ঃ 'জাফি দেখছি জাববা।'

ওতবা হাতের আগতো চাপে ছিটকিনি খুগগ। দরজার এক পাল্লা ফাঁক করে বাইরে উকি মারণ সে। একটা ভয়ার্ভ ঘোড়া এলোপাথাড়ি ছুটাছুটি করছিল। ওভবার কেমন যেন খটকা লাগল। তার মনে হল ভারি কি যেন উঠোনে পড়েছে। বাইরে নেমে ঘ্যেড়াটি ধরে ফেলন ওতবা। গপায় হাত দিয়ে দেখল রশি ছিড়েনি বরং কেউ ধারাগ ছুরি দিয়ে কেটে দিয়েছে। হঠাৎ ওমরের নজর গড়ন্স ছোড়ার পেছনে। পায়ের দিকে একটা তীর বিধৈ আছে। ও চঞ্চল হয়ে উঠন। এক টানে খুদে ফেলল ভীরটা। এর পর ভয়ার্ড কন্তে চাকরদের ডাকাডাকি করতে লাগস। কিন্তু আন্তাবশের দিক থেকে অন্য ঘোড়ার হ্রেষা শব্দ ছাড়া কিছুই শোনা গেলনা। ও ঘোড়া নিয়েই কয়েক পা এগোল। আবার দাড়িয়ে চাকরদের ভাকতে লাগল। আচম্বিত একটা তীর এসে ওর বাহুতে বিধল। আঙ্গিনার পাশের থেজুর বাগানের দিকে তাকিয়ে 'ডাকাত ডাকাত' বলে চিৎকার দিয়ে এক দিকে সত্রে এদ সে। অন্তাবলের দিক থেকে পাঁচজন সশস্ত্র লোক বেরিয়ে এল। এবার ঘরের রোখ করণ ও। কিন্তু বৃক্ষের ফাঁকে ফাকৈ এগিয়ে ওরা তার পথ রোধ করে দাঁড়াল। তয় দুর হয়ে ওর ভেতরের শক্তি মাথা চাড়া দিয়ে উঠগ। দ্রুত ও বাড়ীয় শেষ কঙ্গের দেয়াগের কাছে পৌঁছে গোল। কক্ষটা সামিরার। একটা জানালা খোলা। আক্রমনকারীরা মুখোল পরে আছে। গুরা ওতবার কয়েক পা দুরে তানে বায়ে দাঁড়িয়েছিল। এ সময় একফোগে স্বাদী, ওমর এবং নোমান বেরিয়ে এল। স্বাইরে দাঁড়ান লোকদের উপর ঝাপিয়ে পড়ল ওরা। ওমরের প্রথম আঘাতে কায়সার ও কিসরা

## @Priyoboi.com

একজন নীতে পড়ে গেল। বাকীরা উল্টো পায়ে পিছিয়ে যেতে লাগল। ওতবার কাছে পৌঁছে গেল জাদী এবং নোমান। কিন্তু ওমর শঞ্জকে ধাওয়া করে উঠোন পেরিয়ে দেয়ালে নিয়ে ঠেকাল। ওতবা চিৎকার দিয়ে কালঃ' ভাইয়া, ওদিকে দুশমনের তীরন্দান্ত। আপনি পিছিয়ে আসুন।' ওমর পিছনে ফিরণ। সাথে সাথে ছুটে এল কয়েকটা তীর। ও মুখ থ্বড়ে পড়ে গেল। ঃ 'জাববা আপনি ভেডরে যান। ভরা সংখ্যায় জনেক।' বলেই ওডবা ডানদিকের লোকদের উপর ঝাপিয়ে পড়ল। আদী এবং নোমান ছুটে গেল ওর সাহায্যে। সমস্ত শক্তি দিয়ে চিৎকার দিল আদীঃ 'নোমান, ভেডরে গিয়ে দরজা বন্ধ করে দাও।' কিন্তু নোমান ভেকে সামিরাকে দরজা বন্ধ করতে বশপ। ওতবার তপোয়ারের যায় একজন মাটিতে পড়ে তড়পাতে লাগল। দিতীয় আঘাতে আহত হল আয়েকজন। কিন্তু এরপর ও আর আঘাত করার সুযোগ পেলনা। দুশমনের ঘা এসে পড়ল তার মাথায়। ও পড়ে গেল। এক ব্যক্তি ওতবাকে আরেকটা আঘাত করল। কিন্তু আদীর তরবারীর সাথে অটিকে গেলে তার তলোয়ার। ওতবা দাড়িয়ে কৌপা পায়ে পিছিয়ে যেতে সাগল। হামলাকারীরা তভোক্ষনে বায়ে চলে এসেছে। তালের প্রচন্ত আক্রমনের মূখে আলী এবং নোমানকে পিছিয়ে জাসতে হল। রক্তে ভিজে গেছে ওডবার পোশাক। ভাদী এবং নোমান থানিকক্ষন ওদের ঠেকিয়ে রাখার চেষ্টা করল। হঠাৎ তরবারীর স্বা খেল আদী। সে চিৎকার দিয়ে বক্ষাঃ 'পালিয়ে যাও নোমান। ভেতর থেকে কবাট বন্ধ করে দাও। আমরা এখন ওদের কিছ্ই করতে পারবনা। নোমান অবাধ্য হয়োনা। আমার কবিলার গোককজন এলে তোমরা বাঁচতে পারবে। এতক্ষনে চাকররা হয়ত সংবাদ পৌছে দিয়েছে।'

কিন্তু বিজয় নিশ্চিত ডেবে হামলাকারীরা ওদের কোনঠাসা করার চেষ্টা করছিল। এক খ্যক্তি বলসঃ 'চাকররা সংবাদ দিতে গেছে ভেবে থাকলে ভূল করেছ। জামরা ওদের হাত পা বেঁধে রেখেছি। নাংগা তরবারী নিয়ে আমাদের দু'লন তখানে দাড়িরে আছে। তোমাদের ডাকে ভোমাদের কবিলার কেউ আসবেনা। এখন অন্ত ছেড়ে দেয়া ছাড়া তোমাদের কোন উপায় নেই।'

ঃ 'দাড়াও, তোমরা তো দেখতে পাছ এখন আমাদের বাঁচার কোন পথ নেই।' বলেই আদী দেয়ালে পিঠ লাগিয়ে দাঁড়াল। আক্রমন কারীরা ভালুতে থুণু মেরে হাতে হাত ঘহতে লাগল। আদী বলগঃ 'তোমরা ঘোড়া নিঙে চাইলে নিয়ে যাও, আমাদের দয়া কর। আমরা তো কারো 'ফতি করিনি।' একবাাজি বলগ ঃ 'আহমকের দল, দেখছটা কিং ভাড়াভাড়ি ভাকে খতম করে দাও।'

ততবা দাঁড়িয়ে দাঁড়িয়ে কপাল থেকে রক্ত মুচছিল। বললঃ 'জাববা, ওদের কাছে করুণা ভিন্দা করবেননা। আমি এখনো বেঁচে জাছি।' বলেই প্রচন্ত আক্রমন চালাল সে। ভানে বায়ে এলোপাথাড়ি তরবারী ঘুরিয়ে ও সামনে এগোল। পিছে সরতে লাগল হামলাকারীরা। এ ছিল মৃত্যুর পূর্ব জাবেগ। কয়েক পা পিছিয়ে ওরা পান্টা আঘাত করল। দুভাগ হয়ে গেল ওতবার দেহ। আদী এবং নামান এগিয়ে গেল। কয়েক পা যেতে না যেতেই মুখ থুবড়ে পড়ে গেল জাদী। ভক বিষয়ে দাঁড়িয়ে রইল নামান। ও নুয়ে পিডাকে তুলতে চাইল। কয়েক কদম দ্রে ওতবার লাশের উপর তখনো ওরা আঘাত করছিল। আচরিত কক্ষ থেকে তেনে এল এক নারীর হংকার। সাথে সাথে প্রতিপক্ষের একজন মাটিতে পড়ে গোল। হতবাক হয়ে এদিক ওদিক ৮২ কারসার ও কিসরা

চাইতে লাগল ওয়া। জানালা থেকে শুন শুন শুনে ছুটে এল আরেকটা তীর। জাহত হও আরেক জন। ওয়া ডয়া পেয়ে পালাতে লাগল। কেউ লুকাল খেজুর গাছের আড়ালে। কেউবা দেয়াল টগকে ওপাশে লাফিয়ে পড়ল। বাকীরা ছুট দিল ফটকের দিকে।

জানালা দিয়ে সামিরা বললঃ 'নোমান, আববাকে নিয়ে ভাড়াতাড়ি ভেতরে চলে এসো।' আদীকে উঠতে সাহায্য করল নোমান। ককাতে ককাতে সে উঠে কয়েক কদম এগিয়ে দর্ভার কাছে এসে মাটিতে পড়ে গেল।

- ঃ 'আমায় নিয়ে ব্যস্ত হয়োনা যে কোন ভাবেই হোক কবিলার লোকদের সংবাদ দাও।'
- ঃ 'আপনাকে একা ব্রেখে যাবন্য আখি। ওরা এখনি হয়ত জানার আক্রেমন করে বসবে।'

সামিরা দরজা খুলে বেরিয়ে এল। দুজনে ধরাধরি করে আদীকে ডেডরে নিয়ে শুইয়ে দিল। আদী আবার কালঃ 'নোমান, আমার কথা না শুনলে বন্ধ ঘরে ইদুঁরের মত মারা পড়ব। ওরা আবার আক্রমন করশে দরজা ভেংগে ফেলবে অথবা ঘরে আগুন লাগিয়ে দেবে। পশ্চিমের দেয়াল টগকে বেরিয়ে যাও। মানাতের দোহাই, আমার অন্তিম কথা অমান্য করোনা।'

ঃ 'যাও লোমান। জানালা দিয়ে তীর ছুড়ে আমি ওদের দৃষ্টি এদিকে ফিরিয়ে রাখছি।'

আদীর বাড়ী ছিল বসতি থেকে দ্রে। চারদিকে বাগান ঘরা। নোমান বৃথতে পারছিল ফিরে

এসে সে সামিরাকে পাবেনা। তব্য়ো যে করেই হোক কবিলার লোকদের সংবাদ দিতেই হবে।

থরা আওয়ালে বলল ঃ 'আববা, যদি এ নির্দেশটা না দিতেন!' দরজা খুলে ও বেরিয়ে গেল।

সামিরা করাটে ছিটকিনি লাগিয়ে ভাড়াভাড়ি জানালার পালে গিয়ে দাঁড়াল। উঠানে নীরবভা

ছেয়ে আছে। এ নিস্তব্ধতা ওর মনে ভয় ধরিয়ে দিচ্ছিল। পাঁচিলের পাশে ঘন বৃক্ষের আড়ালে

কারা যেন নড়াচড়া করছে। ওর ইদয়ের ধুকধুকানী বেড়ে গেল।

ঘর থেকে বেরিয়ে বাগালের দেয়াল যেষে ও একটা খেজুর বৃক্ষের কাছে পৌছল। শৌ শৌ শালে দুটে এলো দুটো জীর। সাথে সাথে শোনা গেল ওদের ডাক চিৎকার ঃ 'ওকে ধর, মারো, ওই যে, পালাছে।' শান্ত ডাবে একটা গাছে উঠল নোমান। একপা পাঁচিলের উপর রেখে বাইরে লাফিয়ে পড়ল। হৈ হল্লোর করতে করতে এগিয়ে এল কয়েকজন। জানালা থেকে সাঁই করে একটা তীয় এসে একজনকৈ ফেলে দিল। ও চিৎকার দিয়ে বললঃ 'থবরদার। সামনে এগিতনা। বাড়ীটা লোক জনে ভরা।'

আক্রমন কারীরা আবার গাছের আড়ালে ফিরে গেল। কিছুক্ষন পর তাদের একজন বুলল গ্লাজা, ভোমরা কি চিন্তা করছ। এই মাত্র একজন দেয়াল টপকে বেরিয়ে গেল। সে জাদীর মেজা ছেলে। কবিলার সবাইকে নিয়ে তার ফিরে আসা পর্যন্ত কি এখানে অপেক্ষা করবে ? চাচা আপন জান বাঁচা। এবার ফিরে চলো।' কিন্তু আরেকজন দৃঢ়ভার সাথে বললঃ 'না, ক্মেনোনা। এখানে আমার ভায়ের লাশ পড়ে আছে। মানাতের শপথ! এর প্রতিশোধ না নিয়ে খ্রামি ফিরবনা। তুমি ভীক্ষ কাপুক্ষের হলে আমাদের সাথে আসলে কেন?'

্ব'ত্যি তীক্র কাপুরুষ । ভায়ের লাশ ফেলে বাগানে এসে প্কিয়েছ। শিয়ালের মত দৌড় না দিগে আমরা এতক্ষনে ওদের দরজা ডেংগে ফেলতাম।' ঃ 'তোমরা অবথা সময় নই করছ।' ভৃতীয় ব্যক্তি বলগ। 'সকাশ হল বলে। আদী আহত। এখন আর যুদ্ধ করার শক্তি তার নেই। জার ছেলে যদি পালিয়ে গিয়ে থাকে তবে বাড়ীতে তার শাশ এবং একটা ব্যলিকা ছাড়া জার কেউ নেই। ছিঃ ছিঃ, ভীরের ভয়ে তোমরা ভেড়ার মত পালিয়ে এসেছ। সাহস থাকেতো চল আমার সাথে।'

ঃ 'চলো, চলো।'

ওরা গাছের আড়াল থেকে বেরিয়ে দরজার দিকে এগিয়ে চলল। সামিরার তীরে থাহত হল আরেকজন। অন্যরা দৌড়ে দরজায় পৌছে গেল। তাড়াতাড়ি জানালা বন্ধ করে সামিরা পিতার কাছে ছুটে এল। ওরা দরজা ধাককাতে ধাককাতে কাল ঃ' আদী, বেরিয়ে এসো। নয়তো বাড়ীতে জাগুন লাগিয়ে দেব।' দামিরা কালা কঠে কালঃ 'আববা, এখন আমরা কিছুই করতে পারবনা। আমাদের সময় ফুরিয়ে এসেছে। কবিলার লোকেরা এসে হয়ত জামাদের লাশও দেখবে লা। আমাদের বাড়ীটা যদি ক্সতির এভ দূরে না হতো!'

- ঃ 'কি ব্যাপার আদী। আগুনে পুড়ে মরার পূর্বে ছেলেদের লাশও দেখবেনা!'
- ঃ 'আগুন লাগাতে ভোমাদের বাঁধা দিতে পারব না। তবে মনে রেখ, এ অগ্নিলিখা আমার ঘরেই সীমাবদ্ধ থাকবেনা। খাজরাজ চিরদিন বীরের মত ময়দানে পড়াই করেছে। চোরের মত রাতে কারো রাড়ীতে আক্রেমন করেনি।'
  - ঃ 'ন্যাকামি করোনা। ভূমি আমাদের বাড়ী পোড়াভে চাতনি ?'
- ঃ 'লাত, মানাত, এবং ওজার শপথ, ইব্রাহীমের খোদার শপথ, জামি কারো বাড়ীতে জাগুন দেইনি।কিন্তু তোমরাকে?'
  - ঃ 'আমি হিবরোর ছেলে সালেম। এখন আর ভোমার বাঁচার আশা নেই।'
- এক ব্যক্তি বলসঃ 'অভো আগাপের দরকার কি । হেই, ভোমরাণকি দেখছ। দরজার সামনে শৃকনো ঘাস এনে আগুন ধরিয়ে দাও জগদি।'
  - ঃ 'ত্যোমরা আমায় মারতে চাও?'
  - ঃ 'কেন্, এখনো কি সন্দেহ হচ্ছে?'
- ঃ 'ইয়াসরিবের লোকেরা মেয়েদের গায় হাত তোলেবা। যদি কথা দাও ওর কোন ক্ষতি করবেনা, তাহলে আমি আজুসমর্পন করব।'
  - ঃ 'তোমার তৃতীয় হেলে পালিয়ে গেছে ?'
- । কিন্তু ওকে ভীরুভার অপবাদ দিতে পারবেনা। কবিলার লোকজন নিয়ে খ্ব শীঘ্রই ও ফিরে আদবে। মনে রেখ, আমার মেয়ের গায় হাত ভুললে তোমাদের কারো ঘর শিরাপদ থাকবেনা। আমার দৃ'ছেলে নিহত হয়েছে। আমার আর বাঁচার ইচ্ছে নেই। আমার রক্তে তোমাদের হাত রাংগাতে চাইলে আমি আসব। তবে শর্ত হল, এ অসহায় মেয়ের গায় হাত ভুলবেনা। কিন্তু তোমরা কথা না দিলে আমি আগুনে পুড়তেও রাজী। আমার বাড়ীতে আগুন দেয়ার খায়েশ তোমরা মেটাতে পার। কিন্তু মনে রেখ, সমগ্র ইয়াসরিব পুড়ে ছাই না হওয়া পর্যন্ত এ আগুন নিতবেনা।' আক্রমনকারীরা নিরুত্ব । দরজার ছিদ্র পথে সামিরা দেখল দরজার সামনে শ্কানো

ঘাদের স্থূপ। এক ব্যক্তি মশাণ বিয়ে এগিয়ে এল। বিতীয় জন তার হাত ধরে কোলঃ 'থাখো, তর সাথে আমায় কথা বৃদতে দাও।'

ঃ 'এখন কথা বৰার সময় দেই।' বলে মশাল ছিনিয়ে ঘাসে ফেলে দিল তৃতীয় ব্যক্তি।

শুকনো যাস দাউ দাউ করে জ্বলে উঠলো। এক ব্যাক্তি দৌড়ে এসে দরকা থেকে ঘাস দূরে থেলে বলগ ; 'তোমরা এমন এক অন্যায়ের পথ খুলে দিব্দ, যা প্রতিরোধ করা আমনের দারা সম্ভব হবে না। ' এরপর সে গলা চড়িয়ে বলগঃ 'আদী, তোমায় বীরের মত মরার সুযোগ দিছি। আগুন দিতে আমাদের বাধ্য করোনা। ভূমি বেরিয়ে এলে তোমার মেয়েকে আমরা কিছুই করবনা। কিছু দরকা খুললে ও যদি তীর ছোড়ে তবে তার পরিণাম তোমার ছেলেদের চাইতে তয়াবহ হবে।' কম্পিত পায়ে উঠে দাঁড়াল আদী। সামিরাকে একদিকে সরিয়ে দরজার ছিদ্র পথে বাইরে তাকাল। শুকনো ঘাস গুলো তথনো জনছে। আদী কলগঃ ' দাঁড়াও, আমি আসহি।' সামিরা পিতাকে জড়িয়ে ধরে চিংকার দিয়ে বহুলঃ 'না আববা না, এভাবে আপনি আমায় বাঁচাতোরকেনা।'

ঃ'দামিরাং আমি বেরিয়ে গেলেই ভূমি কবাট বন্ধ করে দিও। আমার বিশ্বাস, ওরা আগ্ন লাগানোর সাহস করবুবনা। এর ফল কি হবে ভা তারা নিশ্চই জানে।'

ঃ 'জারবা। মরতে হয় আপনার সাথেই মরব।'

ঃ 'অবুঝ হয়োনা মা, আমায় ছেড়ে দাও।' অদী ওকে এক দিকে সরিয়ে দরজার হিটকিনি খুলে বেরিয়ে এল। তার পোশকে রক্তে ডেজা। আক্রমনকারীরা অর্ধবৃত্তের আকারে এগিয়ে এল। আপুনের শিখায় ঝলমল করছিল ওদের ওরবারী। দরজার পালের দেয়ালে গিঠ ঠেকিয়ে দাঁড়াল আদী। শান্ত ভাবে তরবারী তুলে ওরা এগিয়ে আসছিল। কিন্তু তিন জন দাঁড়িয়েছিল অনেক দূরে।

মুনখিরের ছেলে মাসুদ বঙ্গল ঃ 'তোমাদের তলেয়ার কি আদীর রক্ত চায়না। এসো আহরা একতে আখাত করব।' ওদের একজন বললঃ 'তরবারীর তৃফা মেটাতে চাই খাজরাজের যুবকদের ভাজা রক্তে। এক ভাহত দুর্বল বৃদ্ধের রক্তে হাত রহীন করতে চাইনা।'

ঃ 'তোর হয়ে এল প্রায়। তোমরা তাড়াতান্তি ভোমাদের কান্ধ সেরে ফেল।'

হঠাৎ উদ্যত তরবারী হাতে কক থেকে বেরিয়ে এল লামিরা। চোখের পদ্ধকে ও ভাক্রমনকারীদেরসামনে এসেদাড়াল।

ঃ 'সামিরা।' আদী চিৎকার দিয়ে কেল, 'তুমি ডেতরে যাও। সামিরা। সামিরা।' কিতু ভার আওয়াল আক্রমনকারীদের অট্রহাসিতে হারিরে গেল। ধপাস করে পড়ে গেল আদী।

ভাবের সংগীদের লক্ষ্য করে কলাঃ 'লাঁড়াও। ওদিক সরে ভোমরা একটা মজা দেখতে থাকো।' সামিরার গায় কয়েকটা আঘাত করল জাবের। ও পেছনে সরওে লগেল। হঠাৎ আদীর পানো লেগে ও চিৎ হয়ে পড়ে গেল। অট্রহাসিতে ফেটে পড়ল ওরা। জাবের এগিয়ে ওরে চোথের সামনে তরবারী ন্যচাতে লাগল। একব্যক্তি চিৎকার দিয়ে বললঃ 'জাবের, আদীকে আমরা কথা দিয়েছিলাম ওর মেয়ের গায় হাত ত্লকনা।'

ঃ 'আমি কোন কথা দেইনি।' ঘাড় ঈষৎ সরিয়ে নিল সামিরা । জাবের তরবারী জাবার তার মুখের কাছে নিয়ে গেল। ভারেক ব্যান্ডি বগল ঃ 'বাগানের দিকে ঘোড়ার চ্দুরের শব্দ শোনা যাচ্ছে। সম্ভবত আসছে কেউ ।' ওরা ভয়ার্ড চোখে ফটকের দিকে চাইতে লাগল।

ঃ 'তোমরা এত ভয় পেয়ে গেলে কেন ?' আরেক ব্যক্তি কলন। 'আমাদের লোকেরা রাস্তায় পাহারা দিছে। কেউ এশে ওরা আমাদের সতর্ক করবে।' সুযোগ পেয়ে সামিরা জাক্রমন করে বসল। এবার পিছু সরহিল জাবের। তাকে একের পর এক আঘাত করে যাছিল সামিরা।

মাসুদ চিৎকার দিয়ে বললঃ 'তোমরা কি দেখছ, ও মেয়ে নয়। আন্ত রাক্ষসী।' মাসুদ ভাকে হামলা করল। ঘাড়ে ঘা খেয়ে একদিকে সরে গেল ও। এবার জাখের তরবারী বসিয়ে দিল ভার বৃকে। আগুনের পাশে পড়ে গোল সামিরা। কিছুক্ষনের জন্য উঠানে লেমে এলস্তর নীরবতা।

এক ব্যক্তি শ্লেষের সাথে বলসঃ 'মূনযিরের ছেলে এই প্রথম তরবারী চালনা পরীক্ষা করণ। তাও এক অসহায় বালিকার উপর। নয়তো প্রতিটি যুদ্ধেই ও ছিল একজন দর্শক।'

মুন্যিরের ছেলেরা রাগে ফুসডে লাগল। আদী দাঁড়াতে চাইল, কিন্তু পারলনা। শেষে হামাগৃড়ি দিয়ে সামিরার কাছে চলে এল।

ঃ 'সামিরা। সামিরা। যা আমার।' মেয়েকে বুকের সাথে সাপটে ধরল জাদী। সামিরার বুকের জাজা রক্তে ভার হাড ভিজে গেল। হাউটা আগুনের সামনে মেলে ধরল জাদী। এরপর সমস্ত শক্তি দিয়ে চিৎকার করে কল ঃ'জানোয়ারের দল। জার কিসের অপেক্ষা। আমায়ও হত্যা কর। আমি সামিরার জনাই ভয় পেয়েছিলাম। পার কোন দিন ও আমার জন্য তরবারী তুলতে আসবেনা।' মাসুদ কালঃ 'দাঁড়িয়ে আছ কেন। ওকেও শেষ করে দাও।' কিন্তু এ নির্দেশ না মেনে চঞ্চল দৃষ্টিতে একে অপরের দিকে চাইতে লাগল। থানিক পূর্বের রক্ত পিয়াসী লোকগুলো একটা মেয়ের লাশ দেখে যেন ভড়কে গেছে। লড়াই ছিল বেদুইনদের নিত্যদিনের ব্যাপার। কিন্তু কোন মেয়েকে হত্যা করা ছিল ওদের প্রকৃতি বিরুদ্ধ। তাছাড়া ঘোড়ার পায়ের শন্ধও এগিয়ে আসছিল। ওরা আদীর চেয়ে বেশী করে তাকাছিল ফটকের দিকে।

এক ব্যক্তি বলল ঃ 'জাবের ও মাসুদ এবার লাশের উপর তালোয়ারের অনুশীলন করতে পার।
তথ্য নেই, সওয়ার দৃশফন হলেও একা। বিপদের সময় আমরা তোমার হিফাজত করব।
মানাতের শপথ। তোমরা একটা মেয়েকে মারবে জানলে কখনো তোমাদের সাথে আসভামনা।
জানিনা এবার ইয়াসরিবে কত মা বোন নিহত হবে।'

দ্রুতগামী সতয়ার উঠোনে এসে প্রবেশ করল। ওদের কাছে এসেই ঘোড়া থেকে লাফিয়ে পড়ল। আসেমকে দেখে সালেম এগিয়ে এল। ঘোড়ার বলগা হাতে তুলে নিতে নিতে বলগঃ 'ডাইয়া, আমরা প্রতিশোধ নিয়েছি। ওই দেখুন আদী আর তার দু'ছেলের লাশ পড়ে আছে এপাশে। এ মেয়েটা না জাবের ভাইকে আক্রমন করেছিল। আপনি কোঞায় ছিলেন ?'

আসেম আগুনের কাছে সরে এল। এ হৃদয়বিদারক দৃশ্য দেখে বিপন্ন বিদরে ও স্তরিত হয়ে দাঁড়িয়ে রইল কতক্ষন। তারপর কাশের কাছে বসে সামিরার মাথা কোলে ভূলে নিয়ে ডাকল ঃ 'সামিরা, সামিরা, আমি এসেছি। আমার দিকে তাকাও । কথা বল সামিরা। আমি তোমার আসেম।' বলতে বলতে ভারী হয়ে এল আসেয়ের কঠা।

৮৬ কায়সার ও কিসরা

আদী বাথায় ককিয়ে উঠন। ঈষৎ মাথা তুলে কালঃ 'অনেক দেরীতে এসেছ আনেম। সামিরা আর কোনদিন তোমার দিকে ভাকাবেনা। ওমর এবং ওতবা ওকে কাছে ডেকে নিয়েছে।'

জাবের এগিয়ে ভরবারী উদ্ধৃত করে বলগঃ 'ওমর, ওতবা তোমায়ও কাছে ডাকছে। তোমার কবিশার সবাইকে ওরা এ ডাবে ডেকে নিলে ডালই হতো।' আসেম উঠে দাঁড়াল। ধাকা দিয়ে জাবেরকে একদিকে ফেলে দিল। চোখের পলকে ওর তরবারী হাতের মূঠোয় চলে এল।

মাসুদ চেটিয়ে কলগঃ 'গুকে ধরো, মারো। ও গান্দার।' সাথে সাথে ও আসেমকে অক্রিমন করল। নিজের তরবারী দিয়ে আঘাত ঠেকাল আসেম। এরপর ঝাপিয়ে গড়ল আহত সিংহের মত। কয়েক কলম পিছিয়ে গেল মাসুদ। কিন্তু আসেমের প্রচন্ড আঘাতে তার লাশ মাটিতে পড়েত ডড়পাতে লাগল। পেছল থেকে আক্রমন করতে চাইল জাবের। আদী চিৎকার দিয়ে বলল ঃ 'আসেম, পেছন————।' চকিতে পিছন ফিরল ও। জাবেরের তরবারী তখন তার মাথার উপরে। জাইত দিল আসেম। জাবেরের তরবারীর আঘাত মাটিতে গিয়ে পড়ল। আসেম তরবারী ঠেকাল তার কুকে। জাবের পিছিয়ে যেতে যেতে দেয়ালে গিয়ে ঠেকল। ছুটে এল সালেম। আসেমের বাম হাত ধরে বলল ঃ 'ভাইয়া, আপনি একি করছেন। ডাইয়া.....।'

জাবেরের বৃক্ থেকে ভরবারী না সরিয়েই হাত ঝটকা মেরে তাকে ফেলে দিল জাসেম। আসেম অপাঙ্গে চাইল অন্যদের দিকে। হতত্বের মত দীজিয়ে দাঁজিয়ে ওরা এ অবিশ্বাস্য দৃশ্য দেখছিল। ঃ 'সামিরাকে কে হত্যা করেছে? হেই ভীক্ত কাপুরুষের দল, আমি জিজ্জেদ করছি কে সামিরার হত্যাকারী?'

জাবের চেটিয়ে বলল ঃ 'বন্ধুরা আমার। ডোমরা দাঁড়িয়ে দাঁড়িয়ে কি দেখছ। আসেমের জ্ঞান্ ্রেই। ওর ডেডর এখনো আদীর হাদুর প্রভাব রয়েছে । বাঁচাও আমায়। ' কিন্তু কেউ এগিয়ে আসার সাহস পেলনা। সালেম আবার আসেমের হাত ধরে বললঃ 'ডাইয়া, আমরা এ মেরেনির জীবন বাঁচানোর ওয়াদা করেছিলাম। কিন্তু ওই হঠাৎ আক্রমন করে বসল। ও হামলা না করলে জাবের ভাইয়া তার গায় হাত তৃসতনা।' তার হাত সরিয়ে গালে এক চড় কষে দিল আসেম। ও মাটিতে পড়ে গেল। আসেম জাবেরের দিকে তাকিয়ে গর্জে উঠল ঃ 'তুই কি সামিরাকে হত্যা করেছিল? হায়। মুন্যিরের যদি দশ হাজার সন্তান থাকত। তবে সামিরার প্রতি ফোটা রক্তের জন্য এক একটাকে হত্যা করতাম।' ও আবার চেটিয়ে উঠলঃ 'আমার উপর দয়া কর আসেম, দয়া কর।' আসেমের হাত নড়ে উঠল। এফোড় ওফোড় হয়ে গেল জাবেরের বুক। ধপাস করে পড়ে গেল তার দেহ। আসেম পাগলের মত তার লালে আঘাত করে যেতে লাগল।

৪ 'ভাইসব।' একব্যক্তি চেঁচিয়ে বলস, 'ভোমরা কি দেখছ, মূনযিরের দু ছেলে নিহত। ফিরে গিয়ে আমরা কিভাবে মূখ দেখাব। এরচে' আমাদের মরে যাওয়াই ভাল। আসেম পাগল হয়ে গেছে। ওকে পাকড়ো। মার। জলদি ঘেরাও কর। কিছুক্ষণের মধ্যে খাজরাজের সব লোক এসে যাবে।' ওরা অর্ধবৃদ্ধাকারে এগোতে লাগল। একদিকে সরে ফৌফাতে লাগল সালেম।

আচাহিত এক লাফে সরে গেল আসেম। তার প্রথম আঘাতেই পড়ে গেল একজন। অন্যরা গালাতে লাগল। আসেম উঠানের মাঝে দাঁড়িয়ে ক্রোধ কম্পিত কঠে কাল ঃ 'ভীক্র কাপুরুষের লগ, তোমাদের বলতে এসেছিগাম যে, আমাদের বাড়ীতে শম্নের ইহুদীরা আক্রমন করেছিল। কায়সার ও কিসরা ৮৭

## @Priyoboi.com

আদী এর কিন্ধু জানত না। শমুনের পোকেরা যখন আমাদের বাড়ীতে আক্রমন করছে আমি তখন এ বাগানে বসে আদীর সাথে কথা কছিলাম। কিন্তু বলার সময় ফুরিয়ে গেছে। ভোমাদের লড়তে খুব শখ। এসো, ভোমাদের সে শখ পূর্ণ হোক। খেউ খেউ করা কুকুরের মত জেজ গৃটিয়ে পালাজ্ঞ কেন ? এসো।

কিন্তু এগিয়ে আসার সাহস পেগলা কেউ। সহসা বাইরে থেকে ভোসে এল নাকারার শব্দ। এক স্বক্তি চেটিয়ে বলগঃ 'দুশমন এসে গেছে। পালাও। জলদি পালাও।'

- ঃ 'দীড়াও। লাশ ফেলে যাবনা।'
- १ 'পাগল আর কি ? লাশ তোলার সময় কোথায় ? আদীর ছেলে য়খন বেরিয়ে গিয়েছিল তথম এ ব্যাপারে চিত্তাভাবনা করার দরকার ছিল। এখন চাচা আপন জান বাঁচা।' বলল আরেক ব্যক্তি। মৃত্তর্তের মধ্যে উঠোন ফাঁকা ইয়ে গেল। কিতৃ সালেম দাঁজিয়ে রইল আসেয়ের পালে। আসেম জুদ্ধ কঠে বলল ৪ 'তৃমি দাঁজিয়ে আছ কেন ? য়াও।'
  - ঃ 'না, জামি যাবনা। আমি আপনার সাথে থাকব।'

আদেম তার হাত ধরে টেনে কটক পর্যন্ত নিয়ে গেল। সালেম চিৎকার করে উঠল ঃ 'ভাইয়া, ভাবের আর মাপুদের মত আমায় কেন হত্যা করছেননা। কবিলার সামনে এখন কোন মুখে বাব।' আসেম ধারা দিয়ে তাকে ফটক থেকে বের করে দিল। কয়েক পা সামনে গিয়ে মুখ পুবড়ে গড়ে গেল সে। তাড়াভাড়ি উঠে ভয়ার্ত চোখে তাকাল আসেমের দিকে। এর পর ছুটে বাগানে অদৃশ্য হয়ে গেল। আসেমের নির্বাক দৃষ্টিরা উঠোনে গড়ে থাকা লাশগুলোর দিকে চাইতে লাগল। ঘটনাটা কেমন যেন অবিশ্বাস্য মনে হছিল ওর কাছে। তবু ও নিজকে প্রবোধ দেয়ার চেষ্টা করছিলঃ 'না, সামিরা মরতে পারেনা। নিক্ট আমি স্বপ্ন দেখছি। ও মরে যাবে জার আমি বেঁচে থাকব এ কি করে সভব।' অকআৎ কেণে কেণে উঠল তার শরীর। ধীরে ধীরে পা ফেলেও সামিরার লাশের দিকে এগিয়ে গেল।

- ঃ 'পানি, পানি।' আদীর ক্ষীণ কন্ঠ ভেদে এল। ও ছুটে দরজার পাশের কলসী থেকে পানি নিয়ে এল। আদীকে কয়েক ঢোক পান করিয়ে আবার মাটিতে শৃইয়ে দিল। এরপর সামিরাকে তুলে গ্রাস ভূলে ধরল তার মুখে। কিন্তু ঠোঁটের দ্'পাশ দিয়ে গড়িয়ে পড়ল সে পানি। আসেমের হাত থেকে খদে পড়ল পানি ভরা পাত্র।
- ঃ 'সামিরা, সামিরা।' লাশটা বুকের সাথে চেপে ধরণও। 'আমার দিকে একটু ভাকাও। ক্বথা বল সামিরা। পৃথিবীতে আমায় একা ছেড়ে চলে যেওনা। আমি অপরাধী সামিরা। হায়, যদি আমি এখানে না আসতাম। যদি দৃ'জনের দেখাই না হত। হায়, যদি জানতাম, আমাদের ভালবালা এ বাড়ীতে ডেকে আনবে নারকীয় ধংসলীলা।'

ভাকাশের দিকে তাকাল আসেয়। বললঃ 'হে লাত, মানাত, হোকল আর ওজা। ভায়ি তোমাদের করুণার তিথিরী। আমার উপর দয়া কর। যদি তোমাদের দৃষ্টি থাকে তবে আমার ভবস্থা লেখ। যদি কান থাকে আমার ফরিয়াদ শোন। যদি তোমার দেয়ার শক্তি থাকে আমি সামিরার জীবন তিক্ষা মাগছি। মান অথবা বছরের জন্য নয়। এক মুভূর্তের জন্য সামিরাকে আমায় ফিরিয়ে দাও। এরপর দৃনিয়ার কোন শক্তি ওকে আমার কাছ থেকে ছিনিয়ে নিতে ৮৮ কায়সার ও কিসরা

পারবেনা। এরপর সমগ্র পৃথিবীও যদি এ বাড়ী আক্রমণ করে, আমি একাই ঠেকাব। জাকাশের নির্দয় শক্তি ওপো। সামিরার জন্য আমি নিজের কবিলার বিরুদ্ধে লড়তে পারি এটুকু ওকে দেখতে দাও। ওগো ইবরাহীম ইসমাঈলের খোদা, তেঃমার কাছে সাহায্য ভাইছি।'

আদী পড়েছিল পাশে। বড় বড় শ্বাস নিচ্ছিল সে। বাইরে শোলা যাচ্ছিল মানুধের ডাক চিৎকার। কিন্তু আসেম উদাসীন। ও ডাকিয়ে রইল সামিরার নিল্পাপ মুখের দিকে। কথনো আবার বুকে জড়িয়ে ধরত তাকে। বাইরের হট্টগোল উঠোনে প্রবেশ করল। আসেমের সেদিকে কোন তুক্লেগ নেই। কেউ গলা ফাটিয়ে বললঃ 'চেয়ে চেয়ে কি দেখছ। ওডো আসেম। ওকে পাকড়াও।হত্যাকরো।'

কিতৃ আদেম পূর্বের মতই বনে রইল। উদাস চোথে ও চারপাশের লোকগুলোর দিকে তালিয়ে মাথা নূইয়ে দিল। কে একজন কললঃ 'নোমান, প্রথম আঘাত করার অধিকার তোমার।' ও উদ্ধত তরবারী নিয়ে এগিয়ে এল। কিতৃ মুমূর্য প্রাদী উঠে বসল অকসাং। নিজের দূই হাত আদেমের মাথার উপর প্রসারিত করে কলগঃ 'না না, ওকে কিছুই বলো না। প্রামাদের জন্য ও মুন্যিরের নু'ছেলেকে হত্যা করেছে। এখন ও তোমাদের আপ্রয়ে.....েনোমান, আমার শেষ ইচ্ছে..... ওকে তৃমি বদ্ধ মনে করো। আমার ভায়েরা! আসেম আমার পুত্রদের হত্যার প্রতিশোধ নিয়েছে। ভোমাদের আর তরবারী তোলার প্রয়োজন নেই।' এদ্বর বলেই প্রাদীর কণ্ঠ বৃদ্ধ হয়ে এল। কেপৈ উঠল শরীর। মাথাটা একদিকে কাত হয়ে পড়ে গেল। নোমান তরবারী একদিকে ভূঁড়ে কেলে পিতার মাথা নিজের কোলে তুলে নিল।

ঃ 'জাববা জাববা।' ব্যথা ডরা কণ্ঠে ডাকল ও।

শরীরে কয়েকটি ঝাকুনি দিয়ে আদীর ঘাড় ঢলে পড়ল। এক প্রবীন এগিয়ে এপেন। নাড়ীতে হাত দিয়ে তিনি মুখ মুরিয়ে নিশেন। নোমান ফুলে ফুলে কাঁদতে লাগল।

পূব আকাশে ফুটছিল প্রভাত রশ্মি। আসেম সামিরার লাশ বুকে জড়িয়ে ধরে তেমনি বসে আছে। কবিলার লোকেরা আদী এবং ভার ছেলেদের লাশ ভেতরে নিয়ে গেল। আনেমের কাঁধে হাত রাখল এক ফুবক। ও উদাস চোখে তার দিকে তাকাল। এরপর কিছুনা বলেই সামিরার লাশ ভূলে কক্ষের দিকে হাঁটা দিল। সীমাহীন উৎকণ্ঠা এবং বিষয়ে নিয়ে এতাক্ষণ যারা আসেমের দিকে তাকিয়েছিল তাকে আসতে দেখে সরে দাঁড়াল এদিক ওদিক। দরজার কাছে গিয়ে দৃষ্টি ঝাপসা হয়ে এল তার। তেতরে গিয়ে সামিরাকে আনগোছে বিছানায় ওইয়ে দিল। এরপর ধীরে থা কেলে বেরিয়ে এল ঘর থেকে। তার দু'চোখ থেকে বয়ে চলছিল অশ্রন ধারা। লোকপুলো এতাক্ষণ কানাঘুষা করছিল। নীর্ন্ন হয়ে গেল ওকে আসতে দেখে। সবার মনেই ছিল প্রন্ন। কিন্তু কোউ এগোতে সাহস পেলনা। আদী এবং তার দুছেলের চাইতে আসেমের হাতে মুন্যবিরের সন্তানদের নিহত হওয়ায় ওরা বেশী আশ্বর্য হরেছিল। খাকরাজের তরবারী যখন তার মন্তক ছুইছিল মুমূর্য আদী তখন তার মাথার উপর হাত প্রসারিত করে দিয়েছিল।

সামিরার লাশ যেখানে ছিল ওখানে ফিরে তরবারী তুলে নিল জাসেম। এদিক ওদিক তাকিয়ে নিজের ঘোড়ার দিকে এগিয়ে গেল। নোমান ছুটে এসে তার হাত ধরে বললঃ 'আপনি কোণায় যাজ্বনং'

কায়সার ও কিসরা ৮৯

আসেম তাকে বুকের সাথে জড়িয়ে ধরণ। অনেক কটে কালা সংযত করে কালঃ 'কোথায় যাচ্ছি জানিনা।' খাজরাজের এক প্রবীন ব্যক্তি কালেনঃ 'আসেম। বুঝতে গারছিনা অ্যমাদের জন্য কেন তুমি মুনযিরের দু' ছেলেকে হত্যা করলে। আমরা তোমায় খাশ্রয় দিতে প্রস্তুত।'

ঃ 'আমরে কারো আশ্রয়ের প্রয়োজন নেই।' বেপরোয়া জবাব দিল আসেম। এক যুৱক ফোড়ার ব্রুগা আসেমের হাজে দিতে দিতে বললঃ 'আমাদের আশ্রয়ে থাক্তভে না চাইলে তাড়াতাড়ি ইয়াসরিব ত্যাগ কর। নয়তো তোমার কবিন্ধার লোকেরা তোমায় মেরে ফেগবে।'

ঃ 'আমি ইয়াসরিব ছেড়ে যাছি। ডবে যাবার পূর্বে এখানে একটা কাজ সম্পন্ন করব।' লাফিয়ে ছোড়ার পিঠে ৮ড়ে বসল আসেম। চোখের পলকে বাড়ী খেকে বেরিয়ে গেল।

আদীর বাড়ী থেকে মাইল খানেক দুরে একটা প্রশস্ত সড়ক। সড়কের দুপাশে কাঁচা ইটের দেয়াল। দেয়ালের ভেডর ইহুদীদের বাগান। হঠাৎ দ্বাক্তি দেয়ালের উপর থেকে লাফিয়ে আসেমের পথ রোধ করে দাড়াল। তাদের দেখেই চিনে ফেল্প আসেম। সমস্ত শক্তি দিয়ে ফোড়ার লাগাম টেনে ধরল ও। ঃ 'ওবায়েদ, তুমি কোথায় ছিলে?'

- ৪ 'আমি রাস্তা পাহারা দিছিলাম। সালেম বলেছিল কেউ আদীর সাহায্যে একে যেন নাকারা বাজিয়ে সতর্ক করে দিই। আপনি পথ অতিক্রম করার সময় আমি চিনেছিলাম। আপনাকে বাধাও দিতে চেয়েছিলাম। কিন্তু আপনি খেয়ালই করলেন না। খাজরাজের লোকদের ভাক চিৎকার শুনে নাকারা বাজিয়ে আমার দুজন সংগী পালিয়ে গেল। কিন্তু ওদের দেরী দেখে আমার সন্দেহ হলো। আমি বাগান হয়ে আদীর বাড়ীর দিকে হাঁটা দিলাম। পথে পালিয়ে যাওয়া লোকদের পায়ের শন্ধ পেলাম, বিশ্বাস ছিল ওরা আমাদের লোক। তবুও নিশ্চিত হওয়ার জন্য বৃক্ষের আড়ালে লুকিয়ে পড়লাম। কয়েক কদম দূর দিয়ে ওরা আপনাকে গালাগালি করতে করতে চলে গেল। এজন্য ওদের সামনে যাওয়া ভাল মনে করলামনা। এরপর আহত গা নিয়ে এক ব্যক্তি রাস্তা পার হবার সময় আমি সামনে এসে দেরী হবার কারণ জিজেন করলাম। জবাব না দিয়ে সে আমার মুখে খুড় ছুড়ে আমার উপর হামলা করল। আমি একদিকে দৌড় দিয়ে বেঁচে গেলাম। ও আমায় ধাওয়া না করে আপনাকে গালি দিতে দিওে চলে গেল। আরেকটু গিয়ে সালেমকে পেয়েগেলাম।
- ঃ 'ডারপর সালেম তোমায় বলগ, আমি গান্দার এবং হত্যাকারী। কি কথা বলছনা কেন?' তবায়েদ কাঁদ কাঁদ স্বরে কালঃ 'আগনি মুন্যিরের ছেলেদের হত্যা করেছেন আমার বিশ্বাসই হয়নি। কিন্তু যদি ডা ঠিকই হয় তবুও আমি আপনার চাকর।'
- ঃ 'আজ থেকে ভূমি মুক্ত। সালেমকে সাক্ষী রেখে বলছি, আমার ভাগের স্থাবর সম্পত্তি তোমায়দিয়েযাছি।'
  - ঃ 'স্বামায় মেরে ফেললেও ত্রাপনাকে ছেড়ে কোথাও যাবনা।'
- ঃ 'তোমায় একটা কাজ করতে হবে। আদীর বাড়ীর কাছে লুকিয়ে জামার জন্য অপেক্ষা কর। কোন বিপদ দেখলে বলবে, আমার নির্দেশ পালন করছ। কিছুক্ষনের মধ্যেই আমি এসে যাব।' সালেম ধরা আওয়াজে বললঃ 'ভাইয়া, আপনি কোথাও হাজেন ?'
  - ঃ 'জামি যে বাড়ী ফিরবনা এ ব্যাপারে নিশ্চিত থাকো।'
  - ঃ 'ডাইরা, আপনি ওদিকে যাবেননা। কবিলার প্রতিটি লোক আপনাকে খুঁজছে?'
  - ৯০ কায়সার ও কিসরা

ঃ 'সালেম, এখন আমার বাঁচার কোন আগ্রহ'নেই। ভূমি বাড়ী ফিরে যাও।'

সালেম আসেমের ছোড়ার বাগ হাতে নিয়ে বলগঃ 'আগনি এদিকে কেন যাছেন না কালে আমি এখান থেকে এক চুলও নড়বনা। মানাডের লগথ। পৃথিবীর সব দুশমন এগেও আমি এখানথেকেয়াবনা।'

- ঃ 'কোথায় যাচ্ছি জানতে চাও?'
- ঃ'হাা।'
- ঃ 'ঠিক আছে। আমার পেছনে উঠে বলো।'

সালেম এক লাফে আসেমের পেছনে উঠে বসল। ঘোড়া ছুটিয়ে দিল আসেম। থানিক পর সালেম বললঃ 'ভাইয়া, এদিকে যাবেননা। কবিলার লোকেয়া আগনাকে দেখলেই আক্রমন করবে।আববাও তখন আপনার সাহায্য করতে পারবেননা।'

- ঃ 'সালেম। বরং বলো কবিলার লোকেরা তোমায় জাবের এবং মাসুদের হত্যাকারীর সাথে দেখলে তুমি লজ্জা পাবে।'
- ঃ 'ভাইয়া। আমি আপনার জন্য আগুনে ঝাপ দিতে প্রস্তৃত। কিন্তু আদীর মেয়ের জন্য আপনি ওদের হত্যা করলেন, তা আমার কাছে খুব খারাপ পেগেছে। যারা আমাদের বাড়ীতে আগুন দিয়েছে, আযবাকে আহত করেছে, ভাদের আপনি কিভাবে ক্যা করতে গারেন?'

আসেম ঘোড়ার লাগাম টেনে ধরে বলগঃ 'সে সময় আমি আদীর বাগানে তার সাথে কথা কাছিলাম। তার ছেলেরা ঘূমিয়ে ছিল।'

- ঃ 'এ হতেই পারেনা। গুবায়েদ হামদাকারীদের একজনকে ধাওয়া করে আদীর বাড়ী পর্যন্ত পৌছেছিল। ভাকেই জিভেস করে দেখতে পারেন।'
- ঃ 'তার দরকার নেই। ওবায়েদ যাকে ধাওয়া করেছিল সেছিল শম্নের চাকর। তাকে বশা হয়েছিল আমানের গোকেরা ধাওয়া করলে সেকেন ধাওয়াকারীকে আদীর বাড়ী পর্যন্ত নিয়ে যায়।'
  - ৪ 'আপনাকে আমি বিশ্বাস করি। কিন্তু আপনি কি করতে চাইছেন ?'
  - ঃ 'এখনই বুঝতে পারবে।'

ভান দিকের পাঁচিল একদিকে খানিক ভাংগা। ওখানে ঝোপ থেকে গতিয়ে গতিয়ে গ্রালতা উপরে উঠে গেছে। তই পথে ঘোড়া সহ ভেতরে চুকে পড়ল আসেম।

ঃ 'এতো শমুনের বাগান। আপনি কি ভার বাড়ীতে হামলা করবেন?'

যোড়া থেকে নামতে নামতে জাসেম বলগঃ 'হামলা করার প্রয়োজন পড়বে না। তুমি এখানেই দাঁড়াও। বিশব দেখলে যোড়া নিয়ে বেরিয়ে কেও।'

- ৪'......কিন্ত স্থামি १'
- ঃ 'চুপ। কথা ক্যার সময় নেই। কবিগার শোকজন তোমার সাক্ষী বিশ্বাস করবে তেবে তোমায় সাথে নিয়ে এসেছি। আমার কাজে কারো সাহায্যের দরকার মনে করলে ওবায়েদকে নিয়ে আসতাম।'
- ঃ 'ঠিক আছে। আমি জোরাজুরি করবনা। কিন্তু কোন বিপদ দেখলে আপনাকে ফেলে পালিয়ে যাব, এমনটি আশা করবেননা।'

কায়সার ও কিসরা ১১

যন বৃদ্দের আড়াগে অদৃশ্য হয়ে গেশ আসেয়। প্রায় শ'খানেক কদম দুরে শমুনের ভেতর বাড়ীর দেয়াল। আসেম পাঁচিলে চড়ে ভেতরে তাকাল। ডানদিকে শমুনের থাকার ছরের দরকা বন্ধ। বায়ে ছাপরা। ওখানে খুমিয়েছে চাকররা। আসেম উঠোনে লাফিয়ে পড়ে ছাপরার দিকে পা বাড়াল। তিন ব্যক্তি খুমিয়ে আছে ওখানে। ওদের নাক ডাকার শব্দ শোনা খাছে। গাট্রা গোট্রা তাগড়া একজনের নাক ডাকার শব্দ ছিল ভয়ংকর। আলতো ভাবে খোঁচা দিয়ে আসেম তাকে জাগিয়ে তুলল। তার বুক স্পর্ণ করল আসেমের ওয়বারী। বিড় বিড় করে চোখ মেলল সে। ভরার্ড খৃষ্টিতে চাইতে লাগল আসেমের দিকে। তরবারীতে খানিক চাপ দিয়ে আসেম কালঃ 'চিল্লাচিল্লি করলে খুন করে ফেলব। প্রাণের মায়া থাকে তো আমার সাথে এস। উঠে দাঁড়াও। সংগীদের দিকে তাকাবেনা। ওরা তোমার সাহায্য করতে পারবেনা। ইছে করলে ওদেরও হত্যা করতেপারি।'

চাকরটা তয়ে কীপতে কীপতে উঠে দাঁড়াল। আনেম তার গলায় কাঁদ আটকে রশি ধরে টান মারল। তরবারী ঘাড়ে রেখে বলগঃ 'নিঃশব্দে আমার সাথে এসো।'

একান্ত বাধ্য হয়ে চাকরটি আসেমের সঙ্গে হাঁটা দিল। বারান্দায় পৌঁছে চাকর মুখ খুলগঃ 'আমায়কোথায় নিয়েযাচ্ছেন?'

ঃ 'দরজা খুলে নীরবে আমার সাথে হাঁটতে থাক।'

কাঁপা হাতে ও দরজা খুললে দু'লনেই বাগানে প্রবেশ করল। হঠাৎ বায়ে শোনা গেল ঘোড়ার পায়ের শব্দ। বুক্দের আড়াল থেকে বেরিয়ে এর সালেম।

ঃ 'ডাইয়া' ঘোড়া থেকে নেমে ক্রমা প্রার্থনার ডংগীতে বলন সালেম 'ওখানে থাকতে পারলামনা। ভোর হয়ে গেছে। দেরী করা ঠিক নয়।'

কিছু না বলেই ঘোড়ায় চড়ে বসল আসেম। এর পর শমুনের চাকরকে লক্ষ্য করে কলন ঃ
'রাডেওর দৌড়ঝাপ করে ক্লান্ড হয়ে গেছ। ডোমার জন্য কোন সওয়ারের ব্যবস্থা করতে
পারলামনা বলে দুঃখিত। কিছুক্ষণ আমার সাথে দৌড়াতে হবে। খবরদার, পালাতে চেষ্টা
করোনা। আর আমি যা কাব ঠিক ঠিক জবাব দেবে।'

- ঃ 'কথা দিন আমায় হত্যা করবেননা।'
- ্ ঃ 'কিন্তু জবাবে মিথ্যা বললে সে কথা ঠিক রাখতে পারবনা। বলতো, রাতে আমাদের বাড়ী থেকে জাদীর বাড়ী পর্যন্ত কেন্ট কি ভোমায় ধাওয়া করেছিল?'
  - इ 'बी शो?'
  - ঃ 'তুমি কখন জাদীর বাগানে গৃকিয়েছিলে তখন কি ওখানে আমায় লেখেছিলে।'
  - ঃ'ভীহাী।'
  - ঃ 'আমাদের বাড়ীতে তাগুন লাগানোর পর তৃমি পালাচ্ছিলে?'
- ঃ 'আমি নির্দোষ। আমি বাইরে দাঁড়িয়েছিলাম। এক গোলাম হিসেবে আমি মূলীবের নির্দেশ গালনকরছিলাম।'

- ঃ 'শব্দের অণরাধের শাস্তি ভোমায় দেবনা। কিন্তু সত্যিমতি করে বলতো, শম্ন কি ভোমায় বগেছিল বে, ধাওয়াকরীকে আদীর ঘর পর্যন্ত নিয়ে খাবে। যাতে আমাদের গোকেরা মনে করে আদী এবং ভার ছেপেরাই এ কাজ করেছেং'
  - ঃ 'আমায় দরা করুন। তিনি আমায় মেরে ফেলবেন।' রশিতে টান মেরে গর্জে উঠল আসেমঃ 'খবিশ, ঠিক জ্বাব দাও।'
    - ঃ 'জামায় দয়া করুন। আফিতো শুধু মুনীবের হুকুম ভাগীণ করেছি।'
  - ঃ 'সালেম , এবার বাড়ী ফিরে খাড়। এ যুদ্ধে কেন আমি জড়িয়ে পড়িনি বৃথতে পারলে তো? আমার কবিলা আমার নিরাপ করবে হয়ত। কিন্তু আদীর বাড়ীতে আসা লোকগুলো সম্ভবত বৃথতে পারবে যে আমরা ইহুদীদের লাডের জন্যই পরস্পরের রক্ত ঝরাছি। এ ব্যক্তি খুব শীঘ্রই তোমার কাছে পৌঁছে যাবে। নিজের সাংফাই পেশ করার জন্য নয় বরং আমি চলে গেলে যেন আমার নাম নিতে ভোমরা লজা না পাও সে জন্য। তুমি যাও। ওবায়েদকে পথে পেলে একে তর হাওলা করে দেব।'
  - ঃ 'ভাইয়া, জয়থা সময় নষ্ট না করে নিজের কথা তাবুন ! জাবের এবং মাসুদ নিহত হবার পর কেউ আমার কথায় কান দেবেনা। আপনি তাড়াতাড়ি চলে যান। ওহোদ পর্বতের পালে যে ঝর্নাটা, আমি ওখানে আপনার অপেক্ষা করব।'

আদেষ ঘোড়া ছুটিয়ে ছিল। হাতে ধরা রশি। সাথে সাথে দৌড়াতে লাগল শমুনের চাকরটা। থাজরাজের লোকেরা আদীর বাড়ীতে জড়ো হয়েছিল। বিলাপ করছিল মহিলারা। নিহতদের রক্ত ভরা পিয়ালা দরজার সামনে রাখা হয়েছিল। প্রতিটি মানুয সে রক্তে ভাসুল ডুবিয়ে প্রতিশোধ নেয়ারশপর্থনিচ্ছিল।

যোড়া ছুটিয়ে জান্বিনায় চুকল জাসেম। শমুনের চাকরের শরীর যামে ভিজে গিয়েছিল। তার পেছনে খোলা ভলোয়ার হাতে ওবায়েদ। উঠানে এসেই রশিতে হেঁচকা টান দিল জাসেম। চাকরটা ধণাস করে মুখ থুবড়ে পড়ে গেল।

খাজরাজের শোকেরা পূর্বেই আন্দেমের তৎপরতার কথা শ্রনেছিল। এ জন্য তার আগমনে কেউ চঞ্চলতা দেখায়নি। কিন্ত শম্নের চাকর এবং ওবায়েদেকে দেখে পরস্পর কানাবুদা শুরু করণ।

ও 'আমার ভায়েরা।' আদেম বলল, 'বলেছিলাম ইয়াসরিবে আমার একটা কাজ অসম্পূর্ন রয়েছে। এখন শমুনের চাকরকে আপনাদের সামনে হাজির করে আমার কর্তব্য শেষ করব। আওস এবং খাজরাজ কেবলমাত্র ইছদীদের স্বার্থেই পরস্পারের রক্ত ঝরাছে। এ চাকরটা ভার সাক্ষী দেবে। আপনারা জানেন, কবিলার সাথে আমার সম্পর্ক শেষ হয়ে গেছে। ভাদের কে মধ্যে কে বাঁচল সে নিয়ে আমার কোন মাথা ক্যাথা নেই। আমি এখানে থাকবনা। আমার দৃষ্টিরা কায়সার ও কিসরা ১৩

@Priyoboi.com

জাপনাদের ধ্বংস্যক্ত দেখবেনা। কিন্তু ইয়াসরিব ছাড়ার পূর্বে বলে যেতে চাইছি যে, আওস ও খাজরাজের মাঝে যে আগুন ছলে উঠেছে তা ছালিয়েছে ইছদীরা। শমুনের চাফরের কাছে তা জিল্ডেস করে দেখুন। রাতে যখন আমাদের বাড়ীতে জাক্রমন হয়েছিল আমি তখন এ বাগানে বসে আদীর সাথে কথা বলছিলাম। সামিরা ছাড়া এ মোলাকাতের খবর কেউ জানতনা। আমি যখন বিদায় নিচ্ছিলাম শমুনের এ চাকরটা দৌড়ে এসে বাগানে ঢ্কল। এক ব্যক্তি তাকে ধাওয়া করে ফিরে গেল। তাকে বাগানে ঢ্কার কারন জিল্ডেস করায় সে বলল, মুনীবের ঘরে চুরি করে পালান্ডে। শমুনের বাড়ীতে চুরির ব্যাপারে জামার কোন আগ্রহ ছিলনা। আমি ওকে ছেড়ে দিলাম। বাড়ী গিয়ে নেখি আপ্তাবল জগতে। আমার কবিলার লোকেরা বলল যে আদীর লোকেরা আক্রমন করেছে। ওবায়েদ লাকি একজন কে আদীর বাড়ী পর্যন্ত ধাওয়া করেছিল। আর তখনি শুনলাম মুন্যিরের হেলেরা আদীর বাড়ী আক্রমন করার জন্য রওনা হয়ে গেছে। আমি এক মৃহুর্তে দেরী করিনি। কিন্তু এসে দেখি ওদের কাজ শেষ হয়ে গেছে।

শমুনের চাকর নিঃসাড় হয়ে পড়েছিল। আসেম ওবায়েদকে ইঙ্গিত করল। ওবায়েদ তাকে যাড় ধরে দাঁড় করিয়ে দিল। আসেম বললঃ 'বগতো আমি যা বলেছি তা কি সভিয়ং'

- ঃ 'হা।' মাথা নুইয়ে জবাব দিল সে।
- ঃ একথা ঠিক নয় যে, হামলার পর শম্ন তোমাকে জাদীর বাড়ীর দিকে জাসতে বলেছিল?'
- ঃ'জী। আমি নির্দোষ। আমি তো চাকর। যুনীবের নির্দেশ পালন করা ছাড়া আয়ার উপায় নেই।'
- ঃ 'ওবায়েদ, একে আমার চাচার কাছে নিয়ে খাও। এখন যা বলল তা অস্বীকার করলে সালেমের হতে তৃশে দেবে। এর গর্দান উভিয়ে দিতে ও শম্নের তোয়াল্লা করবেনা। ইহুদী বসতি ছেড়ে অন্য পথে যেও।' ওবায়েদ গোলামের গলার রশি হাতে নিয়ে বললঃ 'কিন্তু আমি তো তাপনারসাথে যেতেচাই।'
- 'যে মৃসাফিরের মঞ্জিল আছে তার সংগ দেয়া যায়। কিন্তু আমার সামনে ঠিকানান্থীন পথ ছাড়া কিছুই নেই। ভূমি যাও।' কেনে ফেলল ওবায়েদ। এরপর গোলামের রশি ধরে টানতে টানতেবেরিয়েগেল।

উপস্থিত লোকেরা ধীরে ধীরে মৃথ খুলতে লাগল। জাদেম নির্বাক হয়ে তাদের দিকে ভাকিয়ে রইল। অবশেষে বলসঃ 'মৃন্যিরের ছেলেরা সামিরা, জাদী এবং নোমানের ভাইদের কোতল করেছে, আমিও মৃন্যিরের ছেলেদের হত্যা-করেছি। এ বিশ্বয়্র জাওস ও খাজরাজের নয় বরং ইহুদীদের। আগনাদের মাঝে ভূণার আগৃন জালিয়েছে ওরা। এ আগৃনে উগবগ করে ফুটতে থাকবে আপনাদের রক্ত। আমার অগরাধের শান্তি জামি পেয়েছি। আগুনে ঝলনে গেছে আমার বাগানের সব গুলো ফুল। ইয়াসরিবে আমার জার কোন আকর্ষণ নেই, কিছু চাওয়ার ও নেই।'

ভারী হয়ে এল আসেমের কণ্ঠ। ঘোড়া ছুটিয়ে দিল ও। লোমান ফটকের বাইরে ছুটে এসে বন্দাঃ 'আসেম দাঁড়াও। কবে থেকে সামিরার সাথে ভোমার সাথে পরিচয় জানিনা। ও যদি বেঁচে থাকত আর যেতে চাইত ভোমার সাথে আমি ভার পথ রোধ করতামনা। আযার পিভার পক্ষে ভ্মি ভরবারী ধরেছ এদ্রই আমার জন্য যথেষ্ঠ। এফনকি ভখন কবিলার অপবাদেরও পরোয়া করভামনা। ইচ্ছে করলে ভাকে শেষ বারের মত দেখতে পার।' আতি কটো অনিক্রন্ধ কারা সংযত করে আসেম বলগ ঃ 'নে!মান, ওকে দেখে আমি নিজকে এন নামতে পারবনা।' এক বৃদ্ধ এগিয়ে এলেন। ঃ 'দেরী করোনা বাবা। ইয়াসরিবে বেঁচে অকানতি তোমায় জন্য মুশকিল হয়ে দাঁড়াবে।'

ে তোমার ঘোড়া ক্লান্ত হয়ে গেছে। আমার এ তাজাদম ঘোড়া নিয়ে যাও।' নোমান বলন। । 'না শাক। ও আমার শেষ বন্ধু। ওকে এখানে ছেড়ে ফেতে মন চাইছেনা।' গোড়া ছুটিয়ে দিল আসেম।



বুল উঠেছে খানিক আগে। পর্বতের কোল ঘেষে এগিয়ে যাচ্ছিল আসেম। হঠাৎ চূড়ার আড়াল লোকে খোড়া সহ সালেম বেরিয়ে এল। ঘোড়ার বলগা টেনে ধরণ আসেম। ঃ 'সালেম, এলিকে একা আসা ভোমার উচিৎ হয়নি। খাজরাজের লোকেরা ডোমায় দেখলে নেকড়ের মত ছিড়ে খুঁড়ে খাবে ?'

। 'আমার জন্য ভারবেদনা। চপুন, আপনাকে কোন নিরাপদ স্থানে পৌছে দিয়ে আদি।'

জানেম খোড়া ছুটিয়ে দিল। তার অনুসরণ করল সালেম। সিরিয়ার রাস্তা থেকে প্রায় চার মার্রণ দূরে সরে এল গুরা। একটা পর্বত চূড়ার জাড়ালে দু'জনই খোড়া থেকে নামণ। সালেম তার তরা ভুনীর আর ধনু জাসেমের দিকে বাড়িয়ে ধরে বললঃ ' ঘোড়ার উদোম পিঠে থালি হাতে বেশী দূর যেতে পারবেননা। এজন্য পানির মশক এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিয় নিয়ে ক্রান্তে বিশী দূর যেতে পারবেননা। এজন্য পানির মশক এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিয় নিয়ে ক্রান্তে আমার ঘোড়ায় উঠে বসুন। থলিতে খেলুর, রুটি এবং মাখন আছে। তাহাড়া সাইদার কাহে আদনার গাছিতে টাকাও ব্যাগে রেখেছি। বাড়ী থেকে খেরিয়ে কবিলার একদল সওয়ার দেখেছি। গুরা সিরিয়ার পথে পাহারা দিতে যাছিল। আমি কলাম, আপনি মঞ্চার দিকে গেছেন। গুরান্ত ক্রিনিকে চলে গেছে। কবিলার জন্যান্য লোকেরা মামার বাড়ীতে আপনার বিরুদ্ধে শ্রতিশোধ নেয়ার শপথ নিজে। ওদেরকেও বলেছি, আপনি মঞ্চার দিকে গেছেন। একথা শুনে আরো ক্রেকজন সেদিকে চলে গেছে, এরপর আপনার সকরের জন্য প্রয়োজনীয় সাম্গ্রী সংগ্রহ করা ছিল আমার বড় কাজ। গুথানে আমি গ্রনেকজন অপেক্ষা করেছিলাম। আশংকা হ্যিছন আগনি আবার চলে গেলেন নাকি? এখন জলদি ঘোড়ায় উঠে বসুন। '

- ঃ 'আমার খোড়াটা ছেড়ে দিতে ফন চাইছেনা। তোমার খোড়ার জিন লাগিয়ে নিচ্ছি।'
- ঃ 'ঠিক আছে। জলদি করুন। ওরা মকার পথ খুঁজে এদিকে চলে আসতে পারে।' আসেম আড়াভাড়ি মালেমের যোড়ার পিঠ থেকে জিনিবপত্র তুলে নিজের যোড়ার পিঠে চাপাল।
  - ঃ 'গাণেম, সঙ্গিদাকে সব বলে দিয়েছ ?'
- ঃ 'হা'। এখন খর মনে আপনার ব্যাপারে কোন ভূল ধারনা নেই। ও জাবের এবং মাসুদের জন্য কাদিছে, আর আপনার নিরাপন্তার জন্য দোয়া করছে। '

কায়সার ও কিসরা ৯৫

৪ 'তৃমিও কি আমার নিরাপতার জন্য দোয়া কর ?'

জবাব না দিয়ে সাক্ষেম আসেমের দিকে তাকাল। ঝাপসা হয়ে এশ ওর চোখ। ঃ 'এখন সোজা বাড়ী চলে যাবে। শমুনের চাকরটাকে আদীর বাড়ীতে লোকদের জমায়েতে হাজির করেছিলাম। এরপর ওবায়েদের সাথে পাঠিয়ে দিয়েছি ঃ কিন্তু আমার আশংকা হচ্ছে যে, ভোমার মামার শোক একেও জাবার একটা যভ্যন্ত মনে করবে। চাকরটা ওথানে গিয়ে ফিরেও মেডে পারে। লোকেরা তথন ওবায়েদকে মারার জন্য তৈরী হয়ে যাবে।'

- ঃ 'ভাইয়া, আপনি নিশ্চিত্ত থাকুন। কবিলার সব লোক এখন, মামার ঘরে। আমি চাকরদের বলে এসেছি আমার অংসা পর্যন্ত ওবায়েদ যেন বংইরে অপেন্দা করে।
  - ঃ 'চাচাজান আমার কথা কিছু জিজ্ঞেন করেছিলেন ?'
- ঃ 'না, লড়াইর কথা এখনো তাকে কেউ বলৈনি। আমিও তাকে পেরেশান করতে চাইনি।
  দাঈদা বাড়ীর বাইরে আমার জন্য অপেক্ষা করছিল। মাসুদ আর জাবেরের খবর ও কার কাছে
  শুনেছে। তার মনের তার হালকা করার জন্য সব খুলে ক্ষতে হয়েছে। তাকেও ওবায়েদের কথা
  বলে এসেছি। এখন সময় নষ্ট করা যাবেনা।'

আন্মেম ঘোড়ায় চড়তে যাবে চঞ্চল হয়ে সালেম বলল ঃ 'দাড়ান। সম্ভবত কেউ আসহে।' পর্বতের ওপাশ থেকে ঘোড়ার পায়ের শব্দ ভেসে এশ। উদ্বিপ্ন চোখে সালেমের দিকে চাইতে লাগলআসেম।

- ঃ 'আমি আনছি' বলে ঘোড়ার দাগাম আদেমের হাতে দিয়ে ও পর্বত চূড়ায় উঠে গেল। একটা পাথরের আড়ালে লুকিয়ে দৃষ্টি ছুড়ল ওপালে। ফিরে এসে বলগা হাতে ভূলে বলল ঃ 'ওল্লা আমাদের কবিনার লোক। সম্ভবত আপনার সন্ধান পেয়েছে।'
  - ঃ 'কজন ওরা ?'
- ঃ 'তিনজন। কিন্তু তাদের সাথে সংখর্মে যাওয়া ঠিক হবে না। তাহলে ওরা ফিরে গিয়ে কহিলার সব লোক এদিকে নিয়ে আসবে। আপনাকে ধাওয়া করবে সিরিয়া পর্যন্ত। আপনি এখানেই থাকুন।আমিওদের অন্য দিকে নিয়ে যাঙ্গি।'

জবাবের অপেক্ষা না করেই ঘোড়ায় উঠে কদল সালেম। মৃহুর্তের মধ্যে পর্বতের ওপাশে পৌছে গেল। কভক্ষন নিকল দাঁড়িয়ে রইল আসেম। এর পর ঘোড়াটা বোপের জাড়ালে বেঁধে চূড়ায় উঠে এল। তিনজন সওয়ার সিরিয়ার পথে অনেক দ্রে চলে গেছে। সালেম তীর গতিতে তাদের জনুসরন করছিল। সওয়াররা একটা পাহাড়ের কাছে থেমে পিছন ফিরে সালেমের দিকে চাইতে লাগল। ওদের কাছে এসে ঘোড়া থামাল সালেম। খানিক দাঁড়িয়ে থেকে স্বাভাবিক গতিতে ইয়াসরিবের দিকে ফিরে চলল। ওরা যখন পর্বতের নিকট দিয়ে ফচ্ছিল, পাথেরের আড়ালে বসে আসেম উৎকর্ন হয়ে তাদের কথা শুনতে লাগল। ওদের একজন বলছিল ঃ 'আমারও পরামার্শ তাই। এখানে পাহারা দিলেই ভাল হয়। তোমার আববাও বলেছিলেন সিরিয়া ছাড়া সে অন্য কোন দিকে যাবেনা।'

ঃ 'ভার ঘোড়া চিনবনা আমার দৃষ্টি শক্তি অতোটা ক্ষীণ নয়।' সালেমের কণ্ঠ। 'জায়ার দৃঢ় বিশ্বাস এতোক্ষনে সে অহোদ পর্বতের ওপাশে চলে গেছে।'

- ঃ 'সে ওদিকে গিয়ে থাকলে তুমি আমাদের পেছনে আসছিলে কেন?'
- । 'তাকে ধরতে হলে ডোমাদের সাহায্য প্রয়োজন। আমি একা পারবনা। তই পাহাড়টা পার কল্যার সময় তোমাদের ডেকেছিগাম। কিন্তু তোমরা খেয়াল না করেই চলে গেলে।'
  - ঃ 'কিন্তু তৃমি একা এদিকে এসেছো কেন?'
- া 'আমার সন্দেহ হয়েছিল মকার পথে না গিয়ে সে আশপাশে লুকিয়ে রাতের অপেক্ষা করতে পারে। বনু কোরাইজার বাগানের কাছে যখন গৌছলাম এক রাখাল বলল, এই মাত্র এক ব্যক্তি বাগান থেকে বেরিয়ে গেছে। ঘোড়ার্ বর্ণনা শুনে আমার একীন হয়েছে যে ও আসেম ছাড়াকেউন্য়।'

অন্য একজন বসগ ঃ 'আমার মনে হয় আসেমের পিছু না নিয়ে কবিদার লোকদের সতর্ক করা দরকার। সন্ধ্যা পর্যন্ত গুঁজে না পেলে রাতের মধ্যে ও অনেক দূর এগিয়ে যাবে। '

এর বেশী শুনতে পেশনা আসেম। সওয়াররা অদৃশ্য হয়ে গেলে চ্ড়া থেকে নেমে এশ ও। শোড়া খুলে শাফিয়ে তার পিঠে চড়ে বসল।

একটা বড় ফাড়া কেটে গেল। এবার ও নিশ্চিত্তে পথ চলছিল। হঠাৎ ওর মনে প্রশ্ন জাগল, আমি যাজি কোথায় ? জীবনের প্রতিটি শ্বাস ওর কাছে অসহ্য মনে হল। অতীতের সাথে ওর সব সম্পর্ক কেটে গেছে। ধুলোর সাথে মিশে গেছে জাগামী দিনের সব জাশা ভরসা। যে ভূমির বিশাস বিভার সামিরার উচ্ছল হাসিতে রংগীন হয়ে উঠত আজ তা এক ভয়ানক শুনাতায় হারিয়েগেছে।

আক্ষান আরবের বড় পূঁজি বংশ গৌরব আর গোত্রীয় শক্তিমন্তা। এ পূঁজিও হারিয়ে গেছে তার। বনুআন্তম তাকে শিখিয়েছিল লড়তে এবং মারতে। কিন্তু জীবনের চেয়ে প্রিয় দে প্রথা থেকেও দে মুখ ফিরিয়ে নিয়েছে। যে তলোয়ার সে কিনেছিল বনু খাজরাজের সাথে লড়াই নরার জন্য, তা রংগীন হয়েছে স্বগোত্রীয়দের খুনে। আরব আইনে স্বগোত্রের খুন বারান ছিল অমার্কানীয় এপরাধ।

আশার যে জীণ প্রদীপের আলায়ে ও নতুন মজিল দেখেছিল, তা নিভে গেছে। সামিরার মৃদ্যতে ভেংগে গেছে ওর জাগামী দিনের জাশা ভরসার প্রাসাদ। অতীতের নিয়ম নীতি ছেড়ে ও যে নতুন পথের সন্ধান করেছিল তা শেষ হয়েছে কাটাভরা বাস্তবভায়। নৈরাশ্য এবং আশা যে প্রিকাকে সকল পথ এবং প্রতিটি মজিল থেকে নিম্পৃত্ত করে দেয় ও যেন তেমনি এক মুদ্যামিনা। অতীতের কোল থেকে ওর পিছনে ছুটে আসছিল মৃত্যুর বিভিষিকা।

ভানিয়াতের আনন্দ বেদনায় গুর কোন আকর্ষন ছিলনা। তবুও জীবনের সর আবেগ উচ্ছাস লেকে বঞ্চিত হবার পরও ও কবিলার লোকদের হাতে মরতে চাইলনা। তার কাছে ইয়াসরিব লেকে পঞ্চিত হবার পরও ও কবিলার কল্পনা করা আত্ম প্রবঞ্চনা বৈ নয়। সিরিয়ার পথে ওর লাক প্রথারে দেরা। ওখানে আলোর কল্পনা করা আত্ম প্রবঞ্চনা বৈ নয়। সিরিয়ার পথে ওর লাক প্রথাতি ছিল যে, এ অধার হেড়ে ও দূরে সরে যাছে। হায়। ও খাদ জানভ, মাত্র কয়েক মাজিল প্রেনে, ফারান গিরির ফুড়ায় ডেসে উঠেছে নবুওতের সূর্য। যার দীন্তিময় আলোয় কাম্যালনা উঠনে ইয়াসরিবের দিক বিদিক। যে দেশ থেকে ও হতাল হয়ে পালিয়ে যাজে ওখানে বর্ষিত হবে আকাশ যমিনের সকল নেয়ামতের বৃষ্টি। যে জমিন ওর জন্য সংকীর্ন হয়ে গৈছে, সে জমিন হবে বিশ্বের সকল শান্তিকামীদের কেন্দ্র বিশ্ব। যেখানে ও দেখেছে জন্যায় আর পাপের অনুশীলন, সেখানে বৃদন্দ হবে কল্যানের পতাকা। যেখানে ও পশৃত্ব, বর্বরতা আর প্রতিশোধের আগুন দেখেছে ওখানে হেসে উঠবে প্রেম ও ভালবাসার ফুল্ল পরাগ।

ইসলামের নবী সম্পর্কে ও শুনেছে যে মন্ধার ভূমি তার জন্য সংকীর্ন হয়ে গেছে। কোরেশরা তাকে শত্রু মনে করে। তার পথে কাঁটা ছড়িয়ে দেয়। তার অল্প কলন জনুসারীদেরকে রান্তা নাটে হাটে মাঠে পেটানো হচ্ছে। কোরেশরা অপরিমেয় শক্তির মালিক। তাদের রসম রেভয়াজের পরিপন্থী কোন দ্বীন সেথানে সফল হতে পারবেনা।

এমন কোন সভ্যভাষীর সাথে আসেমের দেখা হয়নি যিনি ভার পথ রোধ করে দাঁড়িয়ে কাবেন ভূমি কোথায় থান্ছ? নিজের ভবিষ্যভ নিয়ে ভূমি নিরাশ কেন? এ উপত্যকায় সভ্যের বিজয় পতাকা উডভীন করার জন্য কূদরত যে কাফেলাকে নির্বাচন করেছেন, ভাদের জন্য কেন অপেক্ষা করছনা? সিরিয়ার পরিবর্তে কেন হেজাফের দিকে ভারাজ্বনা? যে উপত্যকা থেকে ভূমি পালিয়ে যান্ছ, সে উপত্যকা হবে দ্নিয়ার সকল বঞ্চিত, নিপীড়িত অসহায় মানুষের আশা ভরসার কেন্দ্রবিশ্। এখানে খেজুরের চাটাইতে বসে খেত পাথরের প্রাসাদ আর মর্মরের অট্রালিকার কিসমতের ফয়সালা করা হবে। মন্ধায় যে নবী এসেছেন তিনি আওস ও খাজরাজকে একই কাভারে দাঁড় করিয়ে দেবেন। ভূগা, প্রতিহিংসা অথবা শক্রভা নয়, এ জমিন দেখবে ভাতৃত্ব আর ভালবাসার অনুশীলন। তোমাকে শান্তির অম্বেষায় কোথাও যেতে হবেনা।'

কয়েকদিন পর আসেম এক সন্ধ্যায় বনু গাতফানের রইস যায়েদ বিন ওবাদার বস্তিতে প্রবেশ করল। যায়েদ একজন ব্যবসায়ী। জেরুজাশেম থেকে ফেরার পথে আসেম তার সাথে সফর করেছিল। আসেমের চেহারায় এত পরিবর্তন হয়েছিল তে, যায়েদ প্রথম তাকে চিনতেই পারেনি। আসেমকে পরিচয় দিয়ে বলতে হল, ৪ 'আমি আসেম। ইয়াসরিব থেকে এসেছি।'

যামেদ মোসাফেহা করতে করতে বললঃ 'আমায় মাফ কর ভাই। চেহারা দেখে ডো ডোমায় চিনতেই পারিনি।' জিহবা দিয়ে শুকনো ঠোঁট ভিজিয়ে জাসেম বললঃ 'বিপন্ন ব্যান্তির পরিবর্তন হতে সময় লাগেনা। এক অসহায় কি আপনার বন্তিতে আশ্রয় পাবে? দুশমন আমার পিছু নিয়েছে। হয়ত এখানেও পৌছে যাবে।' যামেদ এক যুবককে ডেকে কালঃ 'এর ঘোড়াটা আভাবলে নিয়ে যাও। আসেম, তুমি আমার সাথে এস।' আসেম ভার সাথে হাটা দিল। একটু পর এক আড়ায়রপূর্ণ দন্তরখানে মেযবানের সাথে খেতে বসল আসেম।

কয়েক গ্রাস মুখে দিয়ে আসেম হাত তুলে ফেলল। যায়েদ পেরেশান হয়ে বললঃ 'কি হল?'

- ঃ 'না, কিছুনা। মাথা ধরেছে। আমার একটু ঘুমানো প্রয়োজন।'
- ঃ 'তোমার বিশ্রামের জন্য আলাদা ঘরে ব্যবস্থা করেছি। মেহমানদারীর শালীনভার বিরোধী না হলে বলতো কারা তোমার পিছু নিয়েছে? ওরা কজন এবং কত দূরে?'
- ঃ 'ওরা পাঁচ দলে ভাগ হয়ে আমায় ধাওয়া করছে। শেষ দশ্টাকে এখান থেকে ভিন মাইল পেছনে দেখেছি। ওরা সর্বমোট জনাপঞ্চাশেক হতে পারে।'

ঃ 'পঞ্চাশজন তোমায় ধাওয়া করছে জার তোমার কবিলা তোমার সাহায্যে এগিয়ে এলনা!'

ঃ 'ওরা বনু থাজরাজের নয় বরং আমার কবিশার লোক। ওদের চোখকে ফাঁকি দিয়েই আমি এখানে এসেছি। পথ শ্রমের দীর্ঘ ক্লান্তির পর আপনার বস্তিই ছিল আমার এক্যাত্র ভরসা। ইয়াসারিব থেকে চলে আসার দু'দিন পর ওদের প্রথম দলটিকে দেখেছিলাম। এর পর পথ ছেড়ে দৃ'দিন পর্যন্ত আমি মরুভূমিতে এলোপাথাড়ী ঘূরেছি। তৃতীয় দিনের সন্ধ্যায় ক্ষ্ধা পিপাসায় কাহিশ হয়ে পড়পাম। বনু কলবের বস্তির কাছে এলে এক রাখাল বলপ, ইয়াসরিবের পনর বিশ জন সওয়ার বন্তির রইসের কাছে অবস্থান করছে। রাওটা মরুভূমিতে কাটালাম। পরের তিনদিনও এদিক ওদিক ঘুরলাম। এসময় খবর পেলাম বনু কলবেরও একছল লোক আমায় খুঁজছে। রাত কাটালাম এক বেদুইনের তাবুতে। পোকটা জামায় যথেষ্ট খাভির সমান করণ। খেয়ে দেয়ে শুয়ে পড়লাম। লোকটি আলতো পায় বেরিয়ে গেল। আধো ঘুমে হঠাৎ আমার ঘোড়ার ডাক শূনতে পেলাম। চঞ্চল হয়ে বাইরে এসে দেখি সে ঘোড়ায় চড়ার চেষ্টা করছে। আমি জানতাম আমার ঘোড়ায় অন্য কেউ সওয়ারী করতে পারবেনা। এজন্য একপাশে দাড়িয়ে দেখতে লাগলায়। বেদুইন অনেক্ষন চেষ্টা করে নিরাশ হয়ে পড়ল। এরপর নিজের উটে চড়েই একদিকে বেরিয়ে গেল। জামি ভাবলাম ও হয়ত ওদের কাছে আমার সন্ধান দিতে যাতে। নিদ্রার জন্য ঘোড়া এবং টাকা পয়সা সব দিতে প্রস্তুত ছিলাম। কিন্তু ঘুমের ঘোরে নিহত হতে মন চাইলনা। সূতরাং যোড়ার পিঠে জিন লাগিয়ে সওয়ার হয়ে গেলাম। গ্রায় পাঁচ ক্রোল চলার পর শক্তি নিঃশেষ হয়ে এল। ঘোড়াটি ছেড়ে দিয়ে বালির উপর শুয়ে পড়লাম। অভ্যধিক শীতে শেষ রাতের দিকে চোখ খুলে গেল। আগুন জালানোর দরকার হল। শৃকনো কাঠখড় খুঁজহি, হঠাৎ ঘোড়ার পায়ের শব্দ ভেসে এল। চাঁদের আবছা আলোয় দেখলাম পর্বতের খানিক দূরে কজন সওয়ার। তাদের পথ দেখাচ্ছে একজন উটের আরোহী। এ বেদুইনটা আমায় খুমের ঘোরে কেন হত্যা করশনা ডেবে আশ্চর্য হলাম।'

৪ 'এতে আশ্বর্য হওয়ার কিছু দেই। তোমায় ধরিয়ে দিয়ে ও বড় রকমের পুরস্কার আশা
করছিল। তোমার পুরো কাহিনী আমি শুনব। তবে এখন নয়। তোমায় বিশ্রামের প্রয়োজন। এসো
আমার সাথে।' আসেম ভার সাথে বেরিয়ে এল। একট্ পর প্রশন্ত উঠানের এক কোণে একটা
তোট ঘরে প্রবেশ করল।

ঃ 'এবার নিশ্চিত্তে খুমিয়ে পড়। ইয়াসরিবের সব লোক এশেও আমার লোকেরা ভোমার হিফাজত করতে পারবে। আমার দৃঢ় বিশ্বাস, ইয়াসরিবের পোকদের সভুষ্ট করার জন্য বন্ কলব আমাদেরকে শত্রু বানাতে চাইবেনা।'

আসেমকে শান্তনা দিয়ে যায়েদ তাবু থেকে বেরিয়ে এল। বিহানায় পিঠ দিতেই গাঢ় নিদ্রা আসেমকে জড়িয়ে ধরল। ঘূম ভাঙল শেষ রাতে। পিপাসায় তথন ওর কণ্ঠ শুকিয়ে আসছিল। জর অনুভব করছিল শরীরে। চাঁদের আলায় ঘরের কোণে দেখতে পেল পানির সোরাহী। দুগাস পানি থেয়ে আবার বিছানায় এসে শুয়ে পভ়ল সে। কিন্তু শরীরের অসহ্য ব্যথায় ওর ঘূম এলনা। গুগোলারের সখয় তাবু থেকে বেরিয়ে কতক্ষন বাইরে হাটাহাটি করে আবার এসে শুয়ে পড়ল। গায়েদ ভাবুতে প্রবেশ করতেই উঠে বসল আসেম।

@Priyoboi.com

- ঃ 'অমি তো ভেবেছিলাম এখনো যুমিয়ে আছ।'
- ঃ 'অনেক দিন পর একট্ শান্তিতে ঘূমিয়েছি। কিন্তু কি জান্তর্য, এই প্রথম আমি রুণন্তি অনুভব করনাম। সারা শরীরে ব্যথা। মনে হয় জুর আসছে।'
  - ঃ 'সন্ধ্যায় তোমাকে অসুস্থ মনে হঙ্গি। আশাকরি ক'দিন বিশ্রায় নিজেই ঠিক হয়ে যাবে। '
  - ঃ 'আর একরাত বিশ্রাম নিতে পারশেই সৃস্থ হয়ে যাব। আপনাকে আর কত কষ্ট দেব।'
- ঃ 'আসেম। তোমায় চিরদিনের জন্য আশ্রয় দিয়েছি। আমার বংশের লোকেরা অনুভব করছে এতে আমরা ঠকিনি। বন্ গাতফানে সকল সলরিদের সামনে ছোমনা করব যে, তুমি আমাদের কবিলার অন্তর্ভূক্ত হয়েছ। আমার বংশের সাথে তোমার সম্পর্ক হবে রক্তের সম্পর্ক। হয়ত এখানে বৃক্ষরাজি শোভিত মরুদ্যান এবং সবৃজ্ঞ চারনভূমি নেই। কিন্তু আমাদের গর্ব হল জন্যান্য কবিলার কয়েকজনকৈই আমরা আশ্রয় দিয়েছি।'
- ঃ 'আপনার শোকর গোজারী করছি। কিন্তু আমার এখনকার কোন সিদ্ধান্ত সঠিক হবেনা। আমায় কি কয়েকদিন চিন্তা করার সময় দেয়া যায়না।'

শরমিন্দা হয়ে যায়েদ বলগঃ 'তোমায় শর্তহীন ভাবে আশ্রয় দিয়েছি। কিন্তু আমার দৃত বিশ্বাস, সুস্থ মনে ভাবলে আমার আহবান ফেলে দিতে পারবেনা।'

পঞ্চম দিন। আসেমের জুর অনেকটা সেরে এগ। আরো ক'দিন বিশ্রাম করার পর ও সম্পূর্ন সূত্র হয়ে উঠগ। ধাওয়াকারীরা বন্ কগবের এগাকা খুঁজে এসেছিল গাতফানের কাছে। যায়েদ ছিল প্রভাবশালী সদরি। এ কারনে জন্য কোন সদার তাদের সহযোগিতা করতে রাজী হয়নি। একদিন যায়েদ খবর পেল যে পাঁচ জন সওয়ার এ বস্তির দিকে আসছে। বাঁধা দেয়ার জন্য সে বিশজন লোক পাঠিয়ে দিল। গ্রাম থেকে দ্'দ্রোশ দুরে যায়েদের শোকেরা তাদের হামলা করল। ধোড়া এবং অপ্রশন্ত ছিনিয়ে তাদের ফিরিয়ে দিল। এরপর কেউ এদিকে আসার সাহস্ করেনি।

হণ্ডা তিনেক পর যায়েদের হোট বোনের বিয়েতে কবিগার সর্গার এবং রইসরা জমায়েত হল।
যায়েদ তাদের সামনে হাজির করল আসেমকে। কালঃ 'আমার বন্ধুরা। আওস গোত্রের এক
বাহাদুর যুবক আশ্রয় নেয়ার জন্য আমার কবিলাকে নিবাচন করেছে। আমারি কারনে বন্
গাতফানের অন্তাগারে বৃদ্ধি পেল এক উৎকৃষ্ট তরবারী। আমাদের কবিগায় তাকে অন্তর্ভূক্ত
করতে আগনাদের অনুমতি চাইছি। আমার বিশ্বাস, খুলী হয়েই আগনারা এজায়ত দেবেন।
আসেম এখনো সন্দেহ করছে যে, তাকে আশ্রয় দিয়ে আমরা বন্ আওসের শক্র হতে চাইবনা।
আপনারা সবাই যদি বলেন, আজ থেকে আসেমের বন্ধু আমাদের বন্ধু ওর শক্র আমাদের শক্র
তবে হয়তো ও নিশ্বিত হবে।

কবিশার এক প্রভাবশালী সদার দাঁড়ালেন। ঃ 'কবিলার পক্ষ থেকে আমি কাছি, আসেম যদি আমাদের বন্ধুকে বন্ধু মনে করে, শক্রর বিরুদ্ধে তরবারী ধরার হিন্দত রাথে তবে তোমায় মোবারকবাদ পেশ করছি।' গর্বে বৃক ফুলিয়ে যাগ্রেদ বলল ঃ 'আসেম আপনাদের নিরাশ করবেনা। কি আসেম, আমায় শরমিশা করবেনা তো ?'

## www.priyoboi.com

িত্ব জবাব না দিয়ে মাথা নত করে রইল আদেম। যায়েদ খানিক নীরব থেকে বললঃ 'আদেম আমার কর্তব্য পালন করেছি। এবার এরা তোমার মুখে শুনতে চাইছেন যে আজ থেকে বনু গাতফানের বন্ধুরাই তোমার বন্ধু হবে। তুমি নীরব কেন?'

সকলেই আসেমের মুখের দিকে তাকিয়েছিল। ও মাথা ভূপে বিষন্ন কণ্ঠে বললঃ 'আমি আপনাদের কাছে চির ঋণী। যা পারব না এমন প্রতিশ্রুতি দেয়া কৃতজ্ঞতা নয়। ইয়াসরিব ছাড়ার সময় দোন্ত এবং দৃশমনের মধ্যে পার্থক্য করার শক্তি থেকে কুদরত আমায় বঞ্চিত করেছেন। ওখানে যাদের সমর্থনে তরবারী ধরেছিলাম ওরা আমার বন্ধু ছিলনা। ওরা আমার ভাই, থিতা এবং বন্ধুদের হত্যাকারী কবিপার লোক। যাদের হত্যা করেছি ওরা আমার নিছের লোক। গতকাল পর্যন্ত আমিও ছিলাম একটা কবিদার সন্তান। আমারও ছিল দোস্ত দুশমন। কিন্তু এখন আষার কোন বন্ধু অথবা শক্রে নেই। অমি বাপ দাদার পথ থেকে সরে গেছি। আমার সামনে সাহারার ধূধু মরু। নৈরাশ্য আর হতাশার পাঁকে আকন্ঠ ভূবে যাওয়ার পরও শুধু থেঁচে থাকার তাগিদেই এদুর এসেছি। আমি কোন সন্মানের পাত্র নই। যিনি আমান্ত বেঁচে থাকতে সাহায্য করেছেন আমার সে উপকারীকে নিরাশ করছি বঙ্গে দুঃখ হচ্ছে। আমি প্রতিজ্ঞা করেছি, স্নার কেনেদিন তরবারী ধরবনা। আরবে কেউ এমন কথা বগলে ভাকে পাগল বগা হয়। যে নিজের হাতে নিজের গোলায় আগুন দিতে পারে সে পাগল নয়তো কি? নিজের কাজে পজ্জিত নই ডেবে আপনারা আশ্চর্য হচ্ছেন। কিন্তু ব্লতে পারি, জীবনে এ পরিস্থিতির পুনরাবৃত্তি ঘটলে ঠিক ঠিক তাই করব, যার কারনে কবিলা এবং পরিবারের সাথে আমার সম্পর্ক ছিন হয়েছে।' আদেম থামল। কোমরে ঝুলানো ওরবারী খুলে মাটিতে রেখে ব্যুলঃ 'আমার মানব রভেন পিপাসা মিটে পেছে। ফুরিয়ে গেছে তরবারীর জরুরত। যদি মনে করেন আমি আপনাদের লক্ষিত করেছি তাহশে আমার গর্দান পেশ করছি।

আসেমের হাত থেকে ভরবারী নিল যায়েদ। ক্রোধে কাঁপছিল সে। আসেম হাঁট্ গেড়ে ইসে মাথা নুইয়ে দিল। খাপ থেকে ভরবারীর অর্ধেকটা খুলে থেমে গেল যায়েদের হাত। কবিলার লোকদের দিকে অসহায় দৃষ্টি মেলে বগলঃ 'এ পাগগটাকে আমি আশ্রয় দিয়েছি।' এক ব্যক্তি বগলঃ 'তুমি নাকি ওকে আশ্রয় দিয়ে গর্বের কাজ করেছ?'

ঃ 'একে পাগদ বলে যায়েদ দোষ ছাড়াভে চাইছে ?' আরেকজন বদল। 'কিন্তু সে আমাদের দুন্তি প্রত্যাখ্যান করে গোটা কবিগার অপদান করেছে। শান্তি স্বব্ধপ কমপক্ষে ওকে বন্ আওসের কাছে পাঠিয়ে দেয়া হোক। '

এক প্রবীন সর্দার গণ্ডীর কণ্ঠে বললেনঃ 'না, তা হতে পারেনা। যায়েদ এক পাগলকে আশ্রয় দিয়ে থাকণে আমরা বেঈমানী করবনা। আমাদের সীমানায় গুরু একটা পশম্ভ নড়বে না।'

- ঃ 'আমাদের সীমানার বাইরে?' এক যুবকের প্রশ্ন।
- s 'ভখন যাছেদের জিন্দাদারী শেষ হয়ে যাবে।'

সায়েদ আসেমকে তরবারী ফিরিয়ে দিতে দিতে বলসঃ 'নাও। এক ভীরু কাপুরুথের তরবারীতে আমার কাজ নেই।'



ক্ষনিকের জন্য আসেমের রক্তে খেলে গেল উত্তপ্ত শিহরন। যায়েদের হাত থেকে তরবারী নিয়ে কোষমুক্ত করল ও। মাথাটা মাটিতে রেখে তলোয়ারের মাঝখানটায় পায়ের চাপে ডেংগে ফেলন। এরপর দ্রুত পায়ে এগিয়ে গেল আন্তাবলের দিকে।

উপস্থিত শোকেরা শুভিত হয়ে পরস্পরের দিকে তাকিয়ে রইল। কবিসার এক সর্দার কালেনঃ 'এ পাগলটা বড়ো কোন আঘাত পেয়েছে। ওকে যেতে দাও। বনু আওসকে সংবাদ পাঠিয়ে দাও যে তোমাদের আসামী আমাদের আশ্রয় থেকে বেরিয়ে গেছে। '

যায়েদ বুগলঃ 'ও নিজে ইয়াসরিবের দিকে না গেলে বনু আওস ডাকে ধরতে পারবেনা।'

ব্রের পিতা এতাক্ষন নীরবে বসেছিলেন। তিনি বন্ধনেনঃ 'যায়েদ। আজ খুশীর দিন। একটা পাগলকে ক্ষমা করে দেয়া যায়না। কবিলার লোকদের অনুরোধ করব কেউ যেন ওর পিছু না নেয়।' এক যুবক ক্ষ্যাপা কণ্ঠে বনলঃ 'এ বিধিনিষ্ধে আমাদের সীমানার মধ্যে থাকা উচিৎ। ওর ঘোড়াটা খুব মূল্যবান। পকেটও শুন্য নয়। আমরা না নিলে পথে অন্য কেউ তো নিয়ে নিতে পারে।'

ঃ 'ও যে পাগল তাতে জামার সন্দেহ নেই।' এক সর্দার বলগ। 'এক পাগগের সম্পদ পূট হুরা জামাদের কবিগার গর্ব নয়। চোরদের জনাই ওকে ছেড়ে দাও।'

বাইরে থেকে ভেদ্রে আদছিশ আদেমের ঘোড়ার খটাখট শব্দ। খানিকপর এক চাকর এদে কলনঃ 'ওই পাগলটা তীর এবং তৃনীরও এখানে ফেলে গেছে।'



শীতের মন্তশুস। রাতের মেথে ছাওয়া আকাশ থেকে ঝির ঝির বৃষ্টি পড়ছিল। ছেমসের সরাইখানার কাছে এসে ঘোড়া থামাল আগত্ত্ব। ঘোড়া থেকে নেমে ফটকের কড়া নাড়ল। কিন্তু ভেতর থেকে কোন জবাব এলনা। আবার কড়া নাড়ল আরোহী। ভেতরে কারো আসার পায়ের শব্দ হল। লোকটি দরজায় এসে গ্রশ্ন করল ১'আপনি কি জেরুজালেম থেকে এসেহেন ১' ১'হাাঁ।

দরজা খুলে গেল। যোড়া সমেত ডেডরে চুকল আগত্তক। সরাইখানার চাকর প্রশ্ন করস ঃ 'আপনার সংগীকোথায়?'

- ঃ 'জামি একা। রাতটা জেরুজালেম কাটাতে চেয়েছিলাম। কিন্তু শহরের ফটক এড ডাড়াডাড়ি বন্ধ হয় তা জানা ছিলনা।'
  - ঃ 'তাহলে কোন রোমান অফিসার আপনাকে এখানে পাঠান নি ?'

4 = 1

ঃ 'দাড়ান। অমি এক্ষ্নি আসছি।' বলে চাকরটা চলে গেল।

আগভূক একটা ছাপরার নীচে গিয়ে দাঁড়াল। খানিক পর চাকরের সাথে ফ্রেমস বেরিয়ে এল। হাতে মশাল। ফ্রেমস আগভূককে প্রশ্ন করল ঃ 'আপনি জ্যোক্তালেমের দিক থেকে এসেছেন ?'

ঃ 'হ্যা। অসময়ে আপনাকে কষ্ট দিতে হচ্ছে। শহরের ফটক বন্ধ থাকায় আমাকে এদিকে আসতেহপ।'

- ঃ 'পথে কারো সাথে দেখা হয়েছে?'
- ঃ 'জেরুজালেম থেকে এ পর্যন্ত সবটা রাস্তাই ফাঁকা।'
- ঃ 'সরাইখানা মুসাফিরে বোঝাই হয়ে আছে। বৃষ্টির কারনে গাজার এক কাফেলাও এখানে এসে উঠেছে। আপনার জন্য ভালো কোন ব্যবস্থা করা যাচ্ছেনা বলে দুঃখিত।'
- ঃ 'আমার বিশ্বাস এই বৃষ্টি ভেজা রাভে আমায় রাস্তায় থাকতে কাবেন না। আপনি বোধ হয় আমায় চিনতে পারেননি। এর আগেও আমি এখানে এসেছিলাম। সরাইখানায় স্থান না হলে আমি আস্তাবলেও থাকতে পারব। খাবার না থাকলে ক্ষ্পার্ত থাকব। কিন্তু আমার ঘোড়ার জন্য অবশ্যই কিছু দানা পানির বন্ধান্ত করতে হবে।'

সরাইখানার মালিক আরো কাছে সরে এসে মশাল উঠিয়ে বলল ঃ 'আরে আসেম! আমায় ক্ষমা করো ভাই। ডোমার জন্য গোটা সরাইখানা খালি করে দিতে পারি।' এরপর চাকরকে ক্ষমঃ 'হেই বে–আঞ্চেল, দাড়িয়ে আছ কেন? এর ঘোড়া আন্তাবলে নিয়ে যাও। আর দোতালায় খাবার পাঠিয়েদাও।'

-ঃ 'না, থাকা। এখন খাবনা। সকালে দেখা যাবে। আপনাকে অসময়ে কষ্ট দিছি বলে স্তিটে আমিদুঃখিত।'

স্ক্রেমস ভার হাত ধরে টানতে টানতে বলগঃ 'এলো। আমার কোন কষ্ট হচ্ছেনা। আমি কারো অপেক্ষা করছিলাম। ডাদের জন্য থাবার তৈরী করে রেখেছিলাম। ওরা তো জার এলনা, ডার বদলেখোদাতোমান্ত্রণাঠিয়েদিয়েছেন।'

য়েমসের সাথে হাঁটা দিল আসেম। খানিক পর ওরা দোভালার এক বড় কামরায় পৌছল। করেক মাস পূর্বে এ কক্ষেই এক রাভ কাটিয়েছিল আসেম। কিন্তু এখন তা আগের মত সুসজ্জিত নয়। সেই নরম তুলতুলে গালিচা আর ঝলমলে পর্দা নেই। ভার বদলে দুটো খাটে পরিচ্ছন বিছানা পাতা। মাঝে একটা তেপয়া ও চারটে চেয়ার। ফায়ার প্রেসে আগুন জলছিল। ডানে বায়ে দুটো প্রদীপ। ছেমস বলসঃ 'আজ প্রচন্ত শীত। জেরুজালেমের মেহমানদের মেন কোন কন্ত না হয় এ জন্য আগুন জেলেছিলাম। এ আবহাওয়ায় এখন আর ওদের আসার সন্তাবনা নেই। কিন্তু ওরা এসে গেলে তোমার জন্য অন্য ব্যবস্থা করতে হবে। জামার বাসা খালি ছিল। হঠাৎ সিরিয়া থেকে এক কাফেলা এসে পৌছল। শীতে কাঁপছিল ওরা। বাসটো তাই ওদের ছেড়ে দিতে হয়েছে। এখন জামার কাছে আর ছেট্টে একটা রুম্ম আছে। ওরা এলে তোমায় ওখানেনিয়েযাব।'

ঃ 'আমায় নিয়ে অত পেরেশান হওয়ার দরকার নেই। আমার মাটিতে শৃয়ে অভ্যাস পাছে। বৃষ্টি থেকে বাঁচার জন্য কেবল ছাদের প্রয়োজন।'

- ঃ 'কিন্তু আমার নাক ভাকার শব্দ শুনলে ভোমার মনে হ্বে ছাদ ভেংগে পড়স্থে। আনত্নি কাত, আমার নাক থেকে একসঙ্গে পাঁচটা শব্দ বের হয়।'
  - ঃ'ওরা এখানে নেই হ'
- ঃ 'না। গেল হণ্ডায় তদের ইস্থান্দারিয়ায় পাঠিয়ে দিয়েছি। দামেশকের দিকে ইরানীদের অগ্রান্ডিয়ান থেমে গেলে ওরা ফিরে আসবে। না হয় আমায়ও এখান থেকে পালাতে হবে।'
- ঃ 'আমি পথে শ্রুনেছি ইরানীদের অগ্রাভিয়ানের কারনে জেরুজালেম এবং সিরিয়ার অন্যান্য শহরের লোকেরা তয়ে ইস্কান্দারিয়া এবং কন্তৃনত্নিয়ার পথ ধরেছে। হয়ত এর সবই গুজব।'
- ঃ 'না গুজব নয়। ইরানীরা ইন্তাকিয়া দখল করার পর রোদান আমীর ওমরারা সিরিয়ার বিভিন্ন শহর থেকে ছেলে মেয়েদের সরিয়ে নিচ্ছিল। ইরানীরা আরো এগিয়ে এলে অবভাসন্পদ লোকেরাও পালাতে শুরু করেছে। এখন তো সাধারন মান্যও ইস্থান্দারিয়া এবং মিসরের অপরাপর শহরের দিকে পালাতে।
  - ঃ 'আপনি যে মেহমালের অপেকা করছেন কে –সে?'
- ঃ 'অমি শৃধ্ জানি ওরা দ্'জন সন্মানিত মহিলা। তাঁদের দামেশকে পৌছাতে আমায় সাহায্য করতে হবে। তুমি তো পাতইউসকে জান। গেল ফির তোমার সাথে পরিচয় হয়েছিল। তিনি আমায় সংবাদ পাঠিয়েছেন যে, রাতে ওরা এখানে থাকরে। তাদের দামেশক পৌছানোর ব্যবস্থাও আমায় করতে হবে। কেউ তাদের পিছু নিলে আমায় সংবাদ দেয়া হবে। তথন কয়েকদিন পৃকিয়ে রাখতে হবে ওদের। এরা কে এ ব্যাপারে আমিও তোমার মত অক্ত। কিন্তু পাতইউস আমার এমন এক বন্ধু যার জন্য আমি যে কোন ঝুকি নিতে প্রস্তৃত। এখন আরো কিছুক্তন তাদের জন্য অপেক্ষা করব। চাকর তোমার কাপড় এবং খাবার নিয়ে আসছে। আমার পোশাক তোমার শরীরে কেমানান হলেও তোমার ভেজা কাপড় বদলানো দরকার।'

স্ক্রেমস কক্ষ থেকে বেরিয়ে গেল। খাওয়া শেষ করে ভেজা জামা আগুনের উপর মেলে ধরল আদেম। ফ্রেমস জাবার কক্ষে চুকল। আদেমের পাশের চেয়ারে বসতে বসতে বললঃ 'রাতের এক প্রহর শেষ। অথচ বৃষ্টি থামার নামগন্ধও নেই। এই বাদলা রাতে জেরুজালেম থেকে দুজন মহিলা এখানে পৌছতে পারবেন বলে মনে হয়না। ভোমার ঘুম না এসে থাকলে এসো বসে বস পদ্ধ করি।'

- ঃ 'জাপনার সাথে কথা বললে আমার ঘূম ও আসবেনা ক্লান্তিও লাগবেনা।'
- । 'আমার কি সৌভাগ্য তৃমি আবার এসেছ। আজ আমার মনে হয়েছিল আমার স্থী আর মেয়েকে একা পাঠিয়ে জুল করেছি। জামারও তাদের সাথে থাকা দরকার ছিল। কিন্তু এখন ভাবছি, আমার না যাওয়ার মধ্যে কুদরতের কোন রহণ্য ছিল। আমার বন্ধু এসে ফটক থেকে ফিরে যাবে থোলা হয়ত ভা চাননি। কিন্তু তৃমি একা কেন। এখন বড় বড় কাফেলাও সিরিয়য় পথ ধরতে ভয় পায়। ভোমাকে খ্ব দ্বল মনে হজে। চেহারা বলছে অনেক কটা মাড়িয়ে এজুর এসেছ। গেলবার তরবারী ছিল ভোমার করছে সবতে গ্রুজ্পুর্ণ। অথচ ভ্মি এখন তরবারীশুন্য। আসেছ। গোলবার তরবারী ছিল ভোমার করছে সবতে গ্রুজ্পুর্ণ। অথচ ভ্মি এখন তরবারীশুন্য। আসেছ, আমি ভোমার সব কথা, সব কাহিনী শুনতে চাই। তুমি খেন নিভিত্তে খেডে পার

এজন্য কিছুক্ষনের জন্য বেরিয়ে গিয়েছিলাম। আসেম, আমি তোমার বন্ধু । বন্ধু হিসেবেই প্রশ্ন করছি, তুমি বাড়ী হেড়েছ ? কোথায় যাবে? আর আমি তোমার কি সাহান্য করতে পারি?'

কওন্দন মাথা নৃইয়ে চিন্তা করল আসেম। এরপর য়েমসের দিকে তাকিয়ে বলনঃ 'দেশের মাটি আমার জন্য সংকীর্ণ হয়ে গেছে। দুর্ভাগ্যের আধার আমার ধাওয়া করছে। আমি পালাছি। আরব সীমান্তের বাইরে আমার কোন মঞ্জিশ ছিলনা। এখনো এ কামরার বাইরে সরা দুনিয়া আমারজন্য সন্ধকারময়।'

- ঃ 'যুদ্ধে কি তোমার শক্ররাই বিজয়ী হয়েছে?'
- ঃ 'আমি যে দেশ ছেড়েছি সেখানে আমার কোন দোস্ত অথবা দৃশমন নেই। আমি প্রেম আর প্রতিশোধের আবেগ হারিয়ে ফেলেছি—এই আমার অপরাধ। আপনার কাছে এসেছি, কারন, আবেগ বঞ্চিত হওয়ার পরও আমি বাঁচতে চাই।'
  - ঃ 'সব ঘটনা খুলে বুলতো।'

দেশ ছেড়ে আসার পর ফ্রেমসই প্রথম ব্যক্তি যে তাকে হদরভার হালকা করার দাওয়াত দিছিল। ও সকৃতজ্ঞ দৃষ্টিতে চাইল ফ্লেমসের দিকে। শুরু থেকে সব কথাই কাল ও। সামিরা এবং আদীর ছেম্পেদের মৃত্যুর প্রসঙ্গ বসতে গিয়ে চোখ ফেটে অক্র বেরিয়ে এল। কথা শেষ করণ আসমে। তার কাঁধে স্থেহের হাত বুলিয়ে দ্রেমস ধরা আওয়ান্তা বলগঃ 'আসমে, দুঃখের ভূবনে জুমি একা নও। সমগ্র মানবতা আজ হতাশার আঁধার থেকে ছুটে পাগাতে চাইছে। আমার দশ বছর বয়সে ইস্কান্সারিয়ার পাদ্রীরা আমার পিতাকে জীবত পুড়িয়ে মেরেছিল। ভার অপরাধ, তিনি বৈরাগ্যবাদের সমালোচনা করেছিলেন। ভার দুবছর পর রোম সম্রাট বেবিশনের চৌরান্তায় আমার ভাইকে বিদ্রোহের অপবাদ দিয়ে ফাঁসিতে বুলিয়েছিল। এরপর দীর্ঘ আট বছর আফি কখনো মিসর কখনো সিরিয়া এবং জারমেনিয়ায় ছুটে বেরিয়েছি। জামার বৃকে জনছিল ঘূণা জার প্রতিশোধের আগুন। কিন্তু বেঁচে থাকার ইচ্ছা আমার ডেডর প্রবল হয়ে উঠল। অনুভব করণাম, আমি অসহায়। আমি সমাজ পরিবর্তন করতে পারবনা। গীভা এবং সরকারের আনুগত্য করেই জামি বাঁচতে পারি। এরপর ইক্কান্সারিয়ার এক সরাইখানায় চাকরী নিলাম। মালিক ছিলেন শরীফ এবং ভদ্র। দু'বছর পর ণেলাম শ্রম এবং বিশ্বস্তভার প্রতিদান। তিনি আমায় ব্যবসার অংশীদার করলেন। সে বছরেই এক খানদানী ঘরের মেয়েকে বিয়ে করলাম। এক বছর পর সরাইখানার মালিক ইত্তেকাল করকেন। ডিনি নিঃসন্তান ছিলেন। তার সম্পত্তির মালিক হল তার ডাই। আমি আলাদা ব্যবসা শুরু করলাম। আমার পুঁজির এডাব ছিল। কিন্তু স্ত্রীর বড় ভায়ের সহযোগিতায় জন্ন ক'দিনের মধ্যে 'আমার যথেষ্ট উন্নতি হল। ব্যবসায়িক প্রয়োজনে একদিন আমায় জেব্লজাশেম আসতে হল। মরুভূমির তেজী দুপুর। আমাদের কাফেলা বিশ্রামের জন্য এক জায়গায় থামল। আশপাশে অনেক ঘরবাড়ী জনশূন্য। রান্তার ওপারে ছিল নামে মাত্র একটা দোকান। দোকানদারের সাথে আলাপ করে জানলায়, এ বাড়ীতে একটা সরাইখানা ছিল। কয়েক বছর পূর্বে ডাকাত এর মালিক এবং তার ছেলেকে হত্যা করেছে। তবন থেকে এ বাড়ী খালি পড়ে আছে। তার বর্তমান ওয়ারিস জেরুজালেমের বড় ব্যবসায়ী। অমি দোকানদারের কাছে তার ঠিকানা জেনে নিশাম।

> ক্ষা ক্রিমন ১০৫ **@**Priyoboi.com

পরদিন দেখা করদাম মালিকের সাথে । আমার ধারনার চেয়ে কমদামে বাড়ীটা কিনে নিলাম। বাড়ীটার তখন পড়ো পড়ো প্রবস্থা। কিন্তু সাফার বিশ্বাস ছিল, এখানে পয়সা খরচ করণে বিফলে যাকেনা। এ কক্ষটা তৈরী করেছিলাম উর্চু পর্যায়ের লোকদের জন্য। বছর থানেকের মধ্যে জার ইস্থান্দারিয়া যেতে পারিনি। ব্যবসায় এভটা উন্নতি হল যে পাশের দোকানদার দোকান ছেড়ে আমার এখানে চাকরি শুরু করণ। এড কিছুর পরও আমি দ্ভিতা মুক্ত হইনি। আমি জানতাম, এখানেও গীর্জার কোন পাদ্রীর রোবে পড়তে পারি যে কোন সময়। আমার ভাই ও পিতার অপরাধে আমায় পাকড়াও করা হতে পারে। সূতরাং আয়ের এক বড় জংশ তাদের পেছনে ব্যয় করতে লাগলাম। ওরা এ পথে এপে কয়েকদিন এখানে রাখার চেষ্টা করি। জন্য সময় উপটোকন নিয়ে নিজেই চলে যাই। একবার জেরুজালেমের বিশ্বপ পানি পান করার জন্য এখানে থেমেছিলেন । ডাকে রূপোর পাত্তে খাইয়ে ফাবার সময় ওগুলি উপহার হিসেবে দিয়ে দিয়েছি। পরের বার তিনি এলে আমি বলদ্যম, আমার বাড়ী বেবিগন। বাপ ভায়ের ভূলের কারনে আমিও গুখানে যেওে পারছিনা। তার দয়া হল। তিনি বেবিলনের বিশাপের নামে একটা চিঠি লিখলেন। যার বিষয়বস্তু ছিল, কোন মিসরীয় রোম সালতঃনাতের এত অনুগত হতে পারে, ফ্রেমসের পূর্বে জামি তা দেখিনি। বেবিলনে এমন গোকের প্রয়োজন আছে। এর পর আমি দেশে গিয়ে বিশপকে চিঠির সাথে একটা সোনার পেয়াগাও উপহার দিলাম। এতে আমার অতীতের সব অপরাধ মুছে গেল। গিতার যে সব স্থাবর সম্পত্তি সরকার বাজেয়াফত করেছিলেন তা আদায় ফিরিয়ে দেয়া হল। পাতইউসকে আমি এদন শরাব পান করিয়ে ছিলাম যাতে সে আমার বন্ধই হয়ে গেল।

বন্ধু মনে করে তুমি আমার কাছে এসেছ। কথা পূলো কালাম যেন আমার ঝাপারে তোমার ব্যস্তব ধারণা হয়। বাহ্যিক দৃষ্টিতে মনে হয় আমি সুখী। কিন্তু এ সুখের পথ খুঁজতে গিয়ে আমার বিবেক মরে গেছে। আমার এ দেহটাই বেঁচে আছে। আত্মা ঘূরে মরছে গাঢ় অঞ্চকারে। প্রতিনিয়ত সামি পশুত্ব, বর্বরতা আর মুর্থতার বিরুদ্ধে আমার বিবেকের চিৎকার শূনছি। কিন্তু জাপিমকে সভূষ্ট করার জন্য ঠোঁটে ধরে রাখছি মুচকি হাসি। আমি ফখন মরতে চাইছিলাম তখন আমার আত্মা বেঁচেছিল। ভাল মন্দের ব্যাপারে আবেগ প্রকাশ করতে পারতাম। কিন্তু যখনই বেঁচে থাকার ইচ্ছে প্রবল হল, সত্যিকার যানুষ থেকে দুরে সরে পড়েছি। রোমানদের গোলামী এক অভিশাপ। কিন্তু হামেশা প্রতিটি রোমানকে বুঝাতে হয় যে, তোমরাই মানবতার বন্ধু। গীর্জার যেসব খোদারা থানকা গুলোকে জীবন্ত মানুষের কবরস্থানে পরিণত করেছে আমি তাদের ঘূণা করি। কিন্তু ডাদের বিরুদ্ধে মুখ খোলার সাহস জামার নেই। আমি ছিলাম দুর্বল। এ জন্মই এপথ গ্রহন করেছিলাম। কিন্তু তোমার অবস্থা আমারচে ভিন্ন। বড়ের গতি রুদ্ধ করে দেয়ার জন্য তোমার জন হয়েছে। এ নিস্তরঙ্গ নীবর জীবন বেশী দিন তোমার ভাগ লাগবেনা। সে বার দৈত্যের মন্ত সিরীয়টার উপর ব্যন ত্মি ঝাঁপিয়ে পড়েছিলে, বার বার স্থামার মনে হয়েছিল এমন বীরোচিত জীবনের কয়েকটা মৃহূর্ত যান আমি পেতাম। তার মানে আমি রক্ত পিপাস্দের ভালবাসি তা নয়। আমি একে ঘূণা করি। নিপীড়িডের পক্ষে তরবারী ভুলতে না পারার মড অপমান আর কিছুই নেই। আমি কয়েক বারই এ পরিস্থিতির সম্খীন হয়েছি। আজ এমন

গুনাংকে দেখছি, যে বিবেকের আহবানে সাড়া দিয়ে শক্তর পক্ষে জন্ত্র ধারন করেছে। এখন নিজ্যে দুর্বগভার জন্য লজা হচ্ছে। আসেম, ড্মি হয়ত কোন কঠিন আঘাত পেয়েছ। কিন্তু ড্মি দুর্বল বা অসহায় নও। ভুল ভূমি করনি। করনি কোন অপরাধ অথবা পাপ। শুধু নিজের জন্য খুঁলছিলে এক নভুন পথ। এতে ভোমার পা ক্ষন্ত বিক্ষত হয়ে থাকলে তার অর্থ এ নয় যে, সে পথ ভূল ছিল। এক দৃঢ়টেতা যুবক আমার কাছে এসেছে। এ যে আমার গর্ব। ধ্রুৎসের পথে চলার জন্য ভোমার সৃষ্টি হয়নি আসেম। ভূমি সাধারণ মানুষের চে ভিন্ন।

এবার ঘূমিয়ে পড়। তোমার ক্লান্তি দূর হয়ে গেলে নিশ্চিত্তে কথা বনব। তোমার প্রকৃতির দাখে সঙ্গতি রেখে হয়ত তোমার জন্য কোন কাজও খুঁজে পাব।' আসেমের কীধ চাপড়ে উঠে দাঁড়াল ফুেমস। এর পর ভালতো পাগ্নে কক্ষ থেকে বেরিয়ে গেল।

আসমে গভীর ঘূমে আছেন। দ্রেমস এবং ভার চাকর কক্ষে প্রবেশ করল। সাথে এক তরুনী এবং একজন মহিলা। চাকরের হাজে কাপড় চোপর বোঝাই ব্যাগ। ভেজা। মহিলাদের গাথেকেও পানি ঝরছিল। ব্যাগটা কামরার এক কোণে রেখে ও ফায়ার প্রেসে আগুন ভালাতে লাগল।' দ্রেমস রোমান ভাষায় কালঃ 'পাডইউসের দেয়া সংবাদ আমি দৃপ্রেই পেয়েছিলাম। কিন্তু এ বাদলা নিনে আপনারা জেরুজালেম থেকে বের হবেন ডাবিনি। আমি এখনি কামরা খালিকরে দিছি।'

মহিলাকে ভার আচরণ ও পোশাকে বেশ উর্চু বংশীয়া মনে হচ্ছিল। তিনি বদশেনঃ 'নির্ভরযোগ্য লোক ছাড়া আর কেউ যেন আমাদের আগমন সংবাদ জানতে না পারে। এ কে?'

ঃ 'ও এক বিপন্ন যুবক। আমার পরিচিত। আপনারা ওর উপর নির্ভর করতে পারেন।'

দ্রেমস আসেমকে জাগানোর চেটা করল। কিন্তু নিমিলীত চোখে কতক্ষন বিভূবিত করে পাশ ফিরল আসেম। মহিলা বললেনঃ 'থাক, ওকে জাগানোর দরকার নেই। আমরা কিছুক্ষনের মধ্যেই এখান থেকে বেরিয়ে যাব। বৃষ্টি থামলেই হয়। দামেশক না পৌঁছা পর্যন্ত শান্তি পাবনা।'

- ঃ 'আপনারা একাই দামেশক যাচ্ছেন ?' ফ্রেমসের উৎকন্ঠা জড়ানো প্রশ্ন।
- ঃ 'আপনি কোন বিশ্বস্ত লোক দিতে পারশে ভালই হয়। তা না হলে আমাদেরকে একাই যেতে হবে।চাকরটা আমাদের সাথে আদতে পারেনি।'
  - ঃ 'আপনাদের কেমন যেন চঞ্চল মনে হচ্ছে।মনে হয় কোন বিপদে পড়েছেন।'
  - ঃ 'পাতইউস তোমায় কিছু বলেনি?'
- ঃ 'তিনি আমায় শৃধ্ বলেছেন, রাডে জেরুজালেম থেকে দুজন মহিলা তোমার কাছে আসবে। ওদের যথাসন্তব সাহায্য করবে। গাডইউসের মামূলী ইঙ্গিতকেও আমি নির্দেশ মনে করি। আমার উপর আস্থা রাখতে পারেন। ডেবে আন্তর্য হচ্ছি, এমন রাতে তিনি কিভাবে আপনাদের একা একা পাঠাতে পারলেন।'
- ঃ 'আমাদের সাথে তিনি দৃজন সিণাই পাঠিয়ে ছিলেন। ওরা সরাইখানার দরজা থেকে ফিরে গেছে। ওদেরকে আমাদের সাথে কেউ দেখে ফেলুক তা ওরা চায়নি। ভোরেই হয়ত জেরুজালেমে আমাদের খোঁজাখুজি শুরু হয়ে যাবে। ওরা আমাদের এক চাকরকে হত্যা করেছে। আরেক জনকে করেছে বনী। আমি এবং আমার মেয়ে ইরানীদের গোয়েশা, ওরা ভার

ক্ষাড়িল বিসরা ১০৭ Priyoboi.com মৃথ দিয়ে এমন স্বীকারোক্তি নিতে চাইছে। জেরজালেমের গভর্নর আমাদের উপর হাত তোলার সাহস পায়নি। ক'জন পাদ্রীর মাধ্যমে সাধারন মানুখকে আমাদের বিরুদ্ধে ক্ষেপিয়ে দিয়েছে। আমার আশংকা ছিল, দামেশক দখল করে ইরানী লগকর যদি জেরজালেমের দিকে এগিয়ে আসে, তবে এরা আমাদের হস্ত্যা করবে। গভর্নরের চেষ্টা ছিল আমরা যেন পালাতে না পারি।'

- ঃ 'গভর্নরের সাথে আপনার শক্রতা কি নিয়ে?'
- ঃ 'ও আমার পিতার অধীনে সাধারণ অফিসার ছিল। আমি যে ওর গালে চড় মেরেছিলাম সেকথা সেভুলে যায়নি।'
- ঃ 'জ্রেক্জালেমের গভর্নরকে আমি ভালই চিনি। আমার ভয় হচ্ছে, আপনার জন্য দামেশকও খুব নিরাপদ হবেনা। গোয়েন্দাগিরীর অপবাদ অত্যন্ত বিপঞ্জনক।'

মহিলা বিরক্তির সাথে বললেনঃ 'না, ভূমি আমার পিতাকে জাননা। কোন প্রকারে একবার দামেশক গৌহতে পারলে গভর্নরের প্রাণ বাঁচানোই মুশ্কিল হয়ে পড়বে।'

- ঃ 'কিন্ত ইরানীদের অগ্রাভিযানের ফলে দামেশকের পরিস্থিতি থারাপ হয়ে গেছে। তারা দামেশক কজা করলে আপনারা কি করবেন। এর চে' দামেশক না গিয়ে ইস্কান্দারিয়া গেলে ভাল হয়না?'
  - ঃ 'আমার পিঙা দামেশকে আছেন। যেকোন ভাবে হোক ওথানে আমায় পৌছতেই হবে।'

ফায়ার প্রেসে আগ্ন জালানোর পর তরুনী আ্গুনের উপর হাত প্রসারিত করে দাঁড়ালঃ 'মাফ করবেন। এতোক্ষন খেয়ালই ছিলনা। আগে কাণড় পান্টে নিন। আমি আপনালের চাদর নিতে পারি।আপনাদেরজন্য খাবারওপ্রস্তৃত।'

ঃ'আমরা খেয়ে এসেছি।'

কামরার এক পাশে চঙ্গে গেল যুবজী। ব্যাগ খুলে ভেজা কাণড়গুলো উন্টে পান্টে দেখতে লাগল। চাকরকে ফ্রেমস কালঃ 'আগ্নের উপর ধরে কাপড়গুলো শুকিয়ে নিয়ে এসো।' মহিলার দিকে ফিরে কালঃ 'ডকে জাগিয়ে নীচে। নিয়ে যাই। ও থাকলে আপনাদের অসুবিধা হবে।'

- ঃ 'না, থাক। তকে কট্ট দিয়ে লাভ কি? বরং আমাদের সাথে দেয়ার জন্য আপনি একজন বিশ্বান্ত লোক দেখুন। ভোর পর্যন্ত বৃষ্টি না কমলেও আমাদেরকে চলে যেতে হবে। গভর্নর টের পেলেএখানেও ছুটে আসবে।'
- ঃ 'আপনি নিশ্চিত্ত থাকুন। বাইরে আমার লোক রয়েছে। কাউকে এদিকে আসতে দেখলেই আমায় সংবাদ দেবে। তখন আপন্যদের এমন গোপন কক্ষে লুকিয়ে রাখব, যার খবর আমার সব চাকরও জালেনা। আপনাদের জন্য হয়ত একজন সংগীরও ব্যবস্থা করতে পারব।'
  - ঃ 'সে কি আপনার চাকর হ<sup>‡</sup>
  - ঃ'না, সে আমার মেহমান।'
  - ३ ''रकाथाग्र*्*म ?'

্যেশেশ বিহানার দিকে ইঙ্গিত করে কল্লঃ 'ও ক্ষি দামেশকে যেতে রাজী হয় তবে আখনারা এয়চে' ভাগ পার কোন সংগী পাবেন না।'

- ঃ 'ও কি জেরুজালেমের অধিবাসী ?'
- ঃ 'না, ও এক আরব।'
- ঃ 'আরব।' চমকে প্রশ্ন করণ তরুনী। 'আপনি এক আরবকে বিশ্বাস করেন ?'
- ঃ 'হ্যা'। যে সৎ উদ্দেশ্যের জন্য ত্যাগ স্বীকার করেছে তাকে বিশ্বাস করতে আমি বাধ্য।' মেয়েটির মা বলগেনঃ 'কোন আরব কি সৎ উদ্দেশ্যে ত্যাগ স্বীকার করতে পারে?'
- ঃ 'হার্ট। কুদরত কোন জাতির জন্য কল্যানের সব পথ রুদ্ধ করেন না।'
- ঃ 'কোন ভারব ভাল কাজ করতে পারে আমি এই প্রথম শোনলাম।' ভর্কনীর কণ্ঠে বিষয়।
- ঃ 'আপনাদের শান্তনার জন্য শৃধ্ এন্দ্র বলব, এ সফরে যদি আমার মেয়েকে পাঠাতে হতো তবুয়ো এর উপরই নির্ভর করতাম। আমরা ওর বিশ্রামে ব্যখাত সৃষ্টি করিনি এর মধ্যেও হয়ত কোন কল্যান ছিল। ও অনেকদিন পর নিশ্চিন্তে ঘৃমিয়েছে। এবার আমায় অনুমতি দিন। বৃষ্টি কমে এলেই আপনাদের সফরের ব্যবস্থা করব।' কামরা থেকে বেরিয়ে গেল ফ্রেমস।

স্থা দেখছিল আসেম। কতক্ষন বিভূবিড় করে পাশ ফিরল ও। হঠাৎ আগুনের পাশে বসা মেয়েটি ঘুরে তার দিকে তাকাতে লাগল। মেয়েটির পাশের চেয়ারে হেলান দিয়ে নিঃস্বাভূ পড়েছিলেন তার মা। যুকতী কক্ষে ঢোকার পর এই প্রথম আসেমের দিকে গভীর চোখে তাকিয়েছিল। আরবরা মূর্য, পশু এ যুবককে দেখার পর ওর এতদিনের লালিত এ ধারনা ফেন এলোমেলো হয়ে যাচ্ছিল। ওর কেন খেন বিশ্বাস হচ্ছিলনা, একই কক্ষে এক অসহায় দম্পতি আর এক আরব। তার নিজের বংশ গৌরবের উপর প্রাধান্য লাভ করেছিল অসহায়তের অনুভূতি। মায়ের দিকে তাকাল ও। মনে হল এক অব্যক্ত যাতনায় পিট্ট হচ্ছেন তিনি।

হঠাৎ আবার বিজ্বিজ্ করতে করতে বিজ্ঞানায় হাত পা ছুঁড়তে গুরু করণ আসেম। লেগ সরে গেল এক দিকে। যুবতী চঞ্চল হয়ে উঠল। তার মনে হল ও দুমের মধ্যে কারো সাথে লড়াই করছে। যেমে কেয়ে উঠল আসেম। জাবার নীরব হয়ে গেল খানিক পর। চুপচাপ পড়ে রইল কিছুক্দন। হঠাৎ চোখ খুলতেই ওর দৃষ্টিরা ঝালিয়ে পড়ল এক অপরিচিত চেহারার উপর। তয় পেয়ে মুখ ঘুরিয়ে নিল মেয়েটি। ঘাড়ের উপর ছড়িয়ে ছিল তার সোনালী চুল। চাদরের ফাকে দেখা যাচ্ছিল খেত পাথরের মত মস্ন, নিটোল বাহ। জাক্ষর্য হয়ে আসেম দৃষ্টি ফিরিয়ে নিল। তাকিয়ে রইল হাদের দিকে। আচাইত উঠে বসতে বসতে বললঃ 'আমি কোগায়ং'

মেয়েটা স্বাবার তাকাল আসেমের দিকে। ওর আকাশের মত স্নীল দৃ'চোখে স্মুদ্রের গভীরতা। ওখানে খেলা করছে প্রভাত রশ্মি।

ঃ 'ত্মি——ত্মি ——কে?' তাসেমের সংকোচ জড়ালো প্রশ্ন। মেয়েটি এদিক ওদিক মাথা নেড়ে গ্রীক ভাষায় বলস্ঃ 'আমি আপনার ভাষা বৃঝিনা।' দ্রত খাট থেকে নেমে পড়ল জাসেম। এক পালে দাড়িয়ে গ্রীক ভাষায় বললঃ 'মাফ করুন। সরাইখানার মালিক সম্ভবত আপনাদের অপেক্ষায় ছিলেন। আমায় এ শর্তে রুম দেয়া হয়েছিল যে, মেহমান এপেই কামরা খালি করে দিতে হবে। আমায় জাগিয়ে দেয়ার দরকার ছিল। এখানে শুয়ে থাকার কোন অধিকার আমার ছিলনা।'

ঃ 'তৃষি ঘৃষ্চ্ছিলে। আমরা ভেবেছি দেরী করবনা। এজন্য তোমায় কট দেইনি।'
মেয়েটি ভার মাকে ঝাকুনি দিডে লাগল। মহিলা চমকে এদিক ওদিক তাকিয়ে আসেমের
দিকে তাকিয়ে বললেনঃ 'কি, তোমার ঘৃম পুরো হল?'

- ঃ 'জী, কিন্তু আমার জন্য আপনাদের অনেক কট হয়েছে।'
- ঃ 'এখানে জামাদের দেরী করার ইচ্ছে ছিলনা। নয়তো ভোমায় জাগিয়ে দিতাম। বৃষ্টি না থাকলে তো এখানে বসতামই না। তুমি দাঁড়িয়ে কেন ? বসো।'

আসেম একটা চেয়ার টেনে নিয়ে বসল। মহিলা নির্নিমেষ নয়নে তাকিয়ে রইলেন তার দিকে। অবশেষে বললেনঃ 'সরাইখানার মালিক তোমার খ্ব প্রশংসা করেছেন। তুমি আমাদের সাথে দামেশক পর্যন্ত থাবে? আমরা শুধু বৃষ্টি থামার অপেক্ষায় আছি। সকাল পর্যন্ত বৃষ্টি না থামলেও আমাদের রওয়ানা করতে হবে। আমরা এখন জীবন মৃত্যুর মুখোমুখী। সরাইখানার মালিক বলেছেন, তুমি এক বাহাদুর নওজায়ান। তোমার আন্তরিকতা এবং বিশ্বন্ততা নির্ভরযোগ্য। আমাদের তোমার সাহায্য প্রয়োজন। আমাদের সাথে দামেশক পর্যন্ত গোলে এর পূর্ণ প্রতিদান গাবে।' সাহায্য প্রত্যোজী চারটি চোখ আবদারের দৃষ্টি নিয়ে আসেমের দিকে তাকিয়ে রইল। চাহনি দেখেই আসেম বৃঝতে পারছিল এরা বিপন। খানিকটা ভেবে নিয়ে ও বললঃ 'খদি সরাইখানার মালিক তাই চায় তবে আমি অবশ্যই আপনাদের সাথে যাব। কোন প্রতিদান আমি চাইনা। কিন্তু শুনেছি ইরানীদের অগ্রাভিযানের ফলে দামেশক জনশুন্য হয়ে খাদেহ, এ পরিক্তিতিতে ওখানে আপনাদের কোন অসুবিধা হবে নাতো?'

ও 'ইরাদীদের দিক থেকে আমাদের কোন ভয় নেই। দামেশক জনশূন্য হয়ে গেলেও আমরা যাব। আমরাতো এতটা অসমর্থ নই যে তোমার খিদমভের প্রতিদানও দিতে পারবনা। বিশেষ কারণে জেরুজালেম থেকে আমাদেরকে শূন্য হাতে বোরোতে হয়েছে। চাকর বাকরও সাথে আনতে পারিনি। তবু তোমাকে দেয়ার মত এখনো আমার কাছে অনেক কিছুই আছে।'

কড় কড়াৎ করে বান্ধ পড়ল কোথায় যেন। সাথে সাথে তীব্র হয়ে এল বৃষ্টির শব্দ। মহিলা চঞ্চল হয়ে বললেনঃ 'ডোর হল প্রায়। খোদা মালুম এ ঝড় কখন থামবে। এখনকার প্রতিটি মৃষ্ট্রুও আমাদের কাছে মৃশ্যবান। ভোর হলেই যে ওরা আমাদের পিছু নেবে ভাতে সন্দেহ নেই।'

ঃ 'কারা আপনাদের পিছু নিয়েছে ?'

মহিলা হঠাৎ নিজকে সামজে নিয়ে বললেনঃ 'ভোমার পেরেশানীর কারণ নেই। আমরা কোন অপরাধ করিনি। শুধু একটা ঝুট ঝামেলা থেকে বাঁচতে চাইছি। ওরা যেন আমদের পিছু না নিডে পারে এজন্য জেরজাপেমের একজন বড় অফিসার তদবীর করছেন। তবুয়ো এখানে আমাদের সময় নষ্ট করা ঠিক হবেনা।'

ঃ 'আমার মনে হয় বৃষ্টি কমে আসছে।' আসেয় কক্ষ থেকে বেরিয়ে গেল। খানিক পর ফিরে এসে বললঃ 'পশ্চিম আকাশ পরিস্কার হয়ে আসছে। এ ছিটেফোটা মেঘ বেশীক্ষন থাকবেনা। আপনাদেরযোড়াআছে?'

ঃ'হাী।'

ঃ 'তাহলে বৃষ্টির মধ্যেও এগিয়ে খাওয়া উচিৎ ছিল। আমি মালিককে জাগিয়ে দিচ্ছি।'

ফ্রেমস হঠাৎ কক্ষে প্রবেশ করে কক্ষঃ 'তুমি ভেবেছ আমি ঘুমিয়ে আছি, না। ঘোড়া প্রস্তুত। আমি কেকা বৃষ্টি থামার অপেক্ষা করছিলাম। তোমর কাছে একটা আবদার নিয়ে এসেছি। এরা দামেশক যাজেন। প্রয়োজন একজন বিশ্বত সংগীর। তোমাকে ছাড়া এর উপযুক্ত আর কাউকে দেখছিনা।' মহিলা কালেনঃ 'ওকে অনুরোধ করার দরকার নেই। ও আমাদের সাথে যাজে।'

রুমে তুকল ফ্রেমসের চাকর। হাতের কাপড় বিছানার উপর রাখতে রাখতে বলগঃ 'এই নিন। এগুলি ডাল ভাবে শুকিয়ে এনেছি।' ফ্রেমস মহিগাকে ফ্ললঃ 'ডাড়াভাড়ি তৈরী হয়ে নিন। আমরা নীচে অপেক্ষা করব।'

খৃটিতে ঝুলানো আংটা থেকে কাপড় নিতে গেল আসম। দ্রেমস চাকরকে বলনঃ 'এ কাপড়গুলি নিয়ে ওর যোড়ার পিঠের থলিতে রেখে এসো। এরপর মহিলাদের নিয়ে এসো নীচে। আসেম, সফরের জন্য তোমার এ পোশাক উপযুক্ত নয়। আমর সাথে এসো। ভোমার জন্য জন্য কাপড়ের ব্যবস্থা করেছি।'

স্থেমসের সাথে হাঁটা দিল আসেম। একটু পর ফ্রেমসের থাকার ঘরের ছোট্র এক কামরায় প্রবেশ করল ওরা। সিন্দুক খুলে রোমান অফিসারের উর্দি বের করল ফ্রেমস। আসেমের দিকে এগিয়ে ধরে কলনঃ 'তুমি রোমান অফিসার হিসেবে দামেশকে থাকা। আরবী পোশাকের চে এ পোশাকে ওদের ভাল হেফাজত করতে পারবে। এটি আমার এক বন্ধুর দেয়া শেষ চিহ্ন। সেনাবাহিনী থেকে পালিয়ে ও জেরুজালেমের এক গীর্জায় আশ্রয় নিয়েছিল। যাবার সময় এ উর্দি ছেড়ে গিয়েছিল এখানে। দু'বছর কাটিয়েছে পান্ত্রী হিসেবে। পালিয়েছে ওখান থেকেও। এরপর তার আর কোন সংবাদ পাইনি। ও ছিল ঠিক তোমার সমান লখা। এ উর্দি তোমার গায় ঠিক টিক লাগবে। নাও, তাড়াভাড়ি কর।'

- ঃ 'কিন্তু আমি তো রোমান ভাষা জানিনা। কটা শব্দ মাত্র বগতে পারি। মনে হয় আমার গায়েররওও ওপেরধোকা দিতে পারবেনা।'
- ঃ 'তুমি জনেক ফর্সা। রোম জার গ্রীকের যে সব লোকজন দীর্ঘ দিন থেকে এ এলাকায় বাস করছে তারা এখানকার ভাষা শিখে ফেলেছে। ভূমি গ্রীক ভাষা স্কর করে বলভে পার। কোথাও রোমান ডাফায় কথা বগার দরকার হলে কোন এক ছুভায় এ মহিলাদের এগিয়ে



দেবে। ওদের সতর্ক এবং বৃদ্ধিয়তি বলে মনে হয়। রাস্তায় যাদের দেখা পাবে ওরা এ পোশাক দেখলেই ভড়কে যাবে। পানি চাইলে পাবে দৃধ। কোন বিপদ এলে এদের ধাওয়াকারীদের পদ্দ থেকেই আসতে পারে। এ জন্য যত তাড়াভাড়ি সম্ভব এগিয়ে যাবে। এরা দামেশকের এক প্রভাবশানী গোকের সন্তান।।, আযার বিশ্বাস, ধাওয়াকারীরা কয়েক মাইলের বেশী এগোডে সাহস করবেনা। এ উর্দির বদৌলতে প্রয়োজন মত তাজাদম ঘোড়াও পাবে।

উর্দি পরে নিল আদেম। স্তেমস সিন্দৃক থেকে তরবারী বের করে বললঃ 'খোদার কসম। এবার কারসারের দরবারে গেলেও কেউ তোমায় সন্দেহ করবেনা।'

- ঃ 'এ ডরবারী আমার প্রয়োজন নেই। প্রতিজ্ঞা করেছি, জীবনে ভার কোন দিন তলোয়ার ধরব না। আমার প্রতিজ্ঞা আমি রক্ষা করতে চাই।'
- ঃ 'অংশেম। তুমি বীর যুবক। পথে এমন পরিস্থিতি সৃষ্টি হতে পারে যে, না পালিয়ে তুমি লড়াই করতে চাইবে। আমার তো দৃঢ় বিশ্বাস, এ অসহায় মহিলারা অক্রোত হলে তুমি এদের বৃকফাটা চিৎকার বরদাশত করতে পারবেনা। এদের ধরার জন্য জেরুজালেমের গতর্নর নিশ্চরই এক প্লাট্ন সৈন্য পাঠাবেনা। দৃ'চার ব্যক্তির মোকাবিলা করার জন্য তোমার তরবারীর প্রয়োজন হবে। যদি জানতাম বিপদের সময় এ মহিলাদের দিকে না ভাকিয়ে শৃধু নিজের জীবন বাঁচানোর চেষ্টা করবে তাহলে তোমায় তরবারী নিতে বলতামনা।'

নিরুত্তর রইণ আদেম। ফ্রেমস ভার কোমরে তরবারী বাধিতে বাধিতে বগলঃ 'ভূমি যথন ভোমার অতীত কাহিনী বলছিলে, আমি তথন ভাবছিলাম দেশের রাজনৈতিক অস্থিরতার কারনে আমায় হয়ত এখান থেকে চলে যেতে হবে। আমি বাবার সময় ভোমায় ইস্কান্দারিয়া নিয়ে যাব। এরপর ওখান থেকে চলে যাব বেবিনন। কিন্তু কুদরত ভোমায় দিয়ে এ খেদমত নিতে চাইছিলেন। তবুও ভূমি ভাড়াতাড়ি ফিরে এসো। ভোমার আসার প্রেই যদি পরিস্থিতি আমায় যেতে বাধ্য করে তবে প্রথমে ইস্কান্দারিয়া এবং পরে বেবিননে ভোমার অপেকা করব।'

আদেয় সিন্দৃক থেকে তীর তুনীর বের করতে করতে বলগঃ 'প্রতিজ্ঞাই যখন ডাঙলায় সশস্ত্রহতে আপত্তি কি?'

ওরা যখন কক্ষ থেকে বেরিয়ে এল বৃষ্টি থেমে গেছে। ফিকে হয়ে এসেছে পুব আকাশ। খানিক গর। ফটকে দাড়িয়ে ফ্রেমস। দূর থেকে ভেদে আসছিল মেহমানদের যোড়ার ক্রুরের খটাখট শব্দ। সূর্য উঠেছে আরো আগে। তীব্র গতিতে কয়েক মাইল এগিয়ে গেল আসেম এবং তার সংগীনি দু'জন। অসম্ভব ক্লান্তিতে ঘোড়াগুলো হাফাচ্ছিল। লাগাম টেনে ধরল আসেম। ঘাড় ফিরিয়ে চাইল পেছনে। মেয়েটার মা তার পালে এসে কালঃ 'ঘোড়াগুলো ক্লান্ত হয়ে গেছে। একটু বিশ্রাম করাপ্রয়োজন।'

ঃ 'কিন্তু দুপুরের আগেই জামাদের আরো অনেক দূর এগিয়ে যাওয়া উচিত।'

মেয়েটা কলনঃ 'আপনার কি ধারনা যে এপথ দামেশক পর্যন্ত গিয়েছে?' মেয়েটি এই প্রথম আদেমকে আপনি সম্বোধন করছিল জার দিনের ঝলমলে জালোয় দেখছিল এক বলিষ্ঠ যুবককে। মেয়েটির বয়স বড়জোর চৌদ্দ কি পনের হবে। তবুও ভার চোখে মৃথে ফুটে উঠছিল যৌবনের্মীণ্ডি।

- ৪ 'হাা। এপথে পূর্বে ও জামি সফর করেছি।'
- ঃ 'আমরা অনেক দূর চলে এসেছি। খানিকটা বিশ্রাম করে নিলে হয়না।' মেয়েটির চোখে কাতর অনুনয়।
  - ৪ 'না।' জাসেমের জনমনীয় কণ্ঠ।' দুপুরের আগে আমরা বিপ্রাম করবো না।'
  - ৪ 'বেটি!' মহিলা কালেন। 'সাহস সম্বয় কর। আমাদের মঞ্জিল এখনো অনেক দূরে।'


সামনে পথের বাঁক। ঘোড়ার ক্ষুরের সাথে রথের চাকার যর ঘর শব্দ ভেসে এপ ওদের কানে। আসেম ভাড়াভাড়ি ঘোড়ার কাগা টেনে ধরল। পথের একদিকে সরে সংগীনিদের কাগঃ 'সম্ভবত ওরা সৈনিক। আপনারা ঘোড়া সরিয়ে পথ ছেড়ে দিন। ওরা যেন মনে করে যে আমরাও জেরুজালেম থেকে এসেছি। এরপর হয়ত ওদের মুখোমুখী হতে হবেনা।'

গুরা পথ ছেড়ে দিল। বাকের আড়াল থেকে বেরিয়ে এল দুটো রথ এবং কজন সশস্ত সন্তথার।
সামনের রথে একজন রোমান অফিসার। কাছে এসে তিনি হাতের ইন্দিতে সালামের জর্বার
দিয়ে ক্লান্ত ঘোড়ার পিঠে চাবুক কমলেন। ওরা একট্ দূরে চলে যেতেই আসেম স্বস্থির নিঃশ্বাস
ছেড়ে সংগীনিদের বলসঃ 'এ উর্দি পরে আমি নিজকে ভংর্সনা করছিলাম। এরা আমায় কিছু
জিজেস করলে কি জবাব দিতাম।'

ঃ' এত ভয় পাওয়ার কি আছে ?' মেয়েটি বলদ, 'ওরা আসছে দামেশক থেকে। তদেরকে আমার আববার নাম কললেই যথেষ্ঠ ছিল। ওদের যদি কোতাম, তুমি এক আরব। আমাদের জন্যই এ পোশাক পরেছ তবুও কিছু বলতনা। দামেশকের সেনাবাহিনীর দায়িতৃশীদ সব অফিসারই আববাকে চেনেন। আমাদের কোন বিপদ এলে তাু কেবল জেরুজালেমের গতর্নরের পক্তথেকেই আসতে পারে।'

ঃ' গভর্নরের লোকেরা আপনাদের খৌজে বেরিয়ে থাকলে এদের কাছে সংবাদ পেয়ে যাবে। ভাহলে বিশ্রাম করার সময় আমরা পাবনা। এখন চলুন।'

কায়দার ও কিসরা ১১৩



ঘোড়া ছুটিয়ে দিল আসেম। মা মেয়ে অসহায় দৃষ্টিতে তাকাল পরস্পরের দিকে। এরপর কিছু না বলেই চাবুক কমল ওরাও। ঘন্টাখানেক পর একটি উপত্যকায় প্রবেশ করল ওরা। মাঠ ভরা সবুজের সমারোহ। মাঝখানে একটা ছোট্ট নদী। মাথে মাঞে ভুটা আর গমের লকলকে শীষ। কোথাও কোথাও দাঁড়িয়ে আছে যয়তুন কৃষ্ণ।

একটু দূরে গাঁয়ের বস্তি। সড়ক থেকে সরে নদীর জীরে খোড়া থামাল আসেম। খোড়াকে পানি খাইয়ে সংগীনিদের বলগঃ 'গাঁয়ে না গিয়ে এখানেই কিছুটা জিরিয়ে নিলে ভাল হয়। আগনাদের যোড়াগুলোকে পানি খাইয়ে নিন। আমি একটা ভাল স্থান খুঁজে নিছি।'

মেয়েটি যোড়া থেকে নেমে পড়ল। যোড়ার সাথে বাধী মণক থেকে কয়েক ঢোক পানি পান করে অবসর দেহে বসে পড়ল নদীর পারে। মা ও বসল তার পালে। আসের বলগঃ 'যোড়ার বলগা হাতে রাখুন। হয়তো পানি পান করেই ছুট দেবে।' বিরস মনে উঠে দাঁড়াল মেয়েটি। যোড়ার বাগ হাতে তুলে নিতে নিতে বললঃ' অমোদের যোড়ার এখন পালানোরও শক্তি নেই।'

ঘোড়া সহ এগিয়ে গেল আসেম। মেয়েটির হাত থেকে বলগা তুলে নিতে নিতে বললঃ ' এ লকলকে শস্যের শীষ ক্ষার্ড ঘোড়ার ধৈর্যের বীধ ভেংগে দেবে। সাহস সঞ্চয় করুন। সড়কের পালে বিশ্রাম করা আমাদের জন্য উচিৎ হবে না।'

- ঃ' আবার ঘোড়ায় চড়ার শক্তি আমার নেই।'
- ঃ' কয়েক কদম হটিটিই আয়াদের জন্য ডাঙ্গ হবে। জাসুন।'

মা উঠতে উঠতে বলগঃ 'এদো মা' ও ঠিকই বলছে। সামান্য কট থেকে বাঁচার জন্য সড়কের পাশে বিশ্রাম করার ঝুঁকি নেয়া ঠিক হবেনা।'

ঠোঁট ফুলিয়ে তার পেছনে হাঁটা দিল তরুণী। নদীর তীর ধরে চলতে লাগল ওরা। একটা ছোট টিলা পেরিয়ে ওরা থাফল। আদেম এদিক ওদিক তাকিয়ে কালঃ 'মনে হয় এ স্থানটা নিরাপদ। কমপক্ষে সড়ক থেকে কেউ দেখবেনা।'

মা মেয়ে বসল মাটিতে। জাসেম খোড়া তিনটি বেঁধে রাখল একটা গাছের সাথে। এরপর ব্যাগ খুলে ওদের সামনে মেলে ধরে বললঃ 'নিশ্চেন্তে জাপনাদের খুব ক্ষ্ধা পেয়েছে। জামাদের মেজবান ব্যবস্থার কোন তুটি করেননি। এ খাবার গোটা সফরের জন্য যথেষ্ঠ।'

তরুণী কালঃ' আপনার আকেল তো মল নয়। আমরা সামনের মঞ্জিলেও কি এই বাসী খাবার খাব নাকি?'

৪'হ্যা, যদি টাটকা খাবার পাওয়া না যায়।'

তরুণী আরো কিছু বলতে চাইছিল। কিন্তু ক্ষার মুখে কথা ফুটলনা। গোশত এবং রুটির করেক টুকরো মুখে পুরে ক ঢোক পানি পান করদ ও। একটু স্বাভাবিক হয়ে আধার ও মুখ খুললঃ' আমি আপনার ভুল দূর করতে চাই। আমরা জের্জালেম থাকতে গারিনি কারণ গভর্মর গোপনে আমাদের বিরুদ্ধে ক্যাক্তর কর্ছিল। তার গোরেলারা আমাদের বিরুদ্ধে শোকদের

উত্তেজিত করে তৃগেছিন। কিন্তু জেরুজাপেয়ের বাইরে আমাদের বিপদের কোন আশংকা নেই। গতনিবার লোকেরা আমাদের পিছু নেয়ার সাহস করহেনা। আপনি আমার নানাকে চেনেন না। চিনলে আমাদের নিরে এতটা শংকিত হতেননা। আপনি দেখকেন, গতর্নর ফখন বৃথাকেন আমার তার উপর ক্রেছ তথন সে আমার নানার পায়ে পড়ে কর্লবে যে, আমি নিরাপরাধ। আমি তো আশিনার মেয়ে এবং নাতনীর হিফাজত ক্রছিশাম। ইরানী চাকরদের আমাদের সাথে জ্যোলাশেয় এনে তুল করেছি। দুশমনের গুজব শুনে জনগন ক্ষেপে গেছে। আমাদের ছাগল জ্যোলা মত ছাকাবেননা। ক্লান্তিতে আমার শরীর অবসন্ধ হয়ে গড়েছে।

েয়েটির কথায় বাঁধা দিল ভার মা। ঃ 'এসব তুমি কি কছে ফুসভিনা। আমাদের জীবন ও বৈশ্বত বিপদ্ম। এখনো আমাদের এক চাকর ওদের কয়েদখানায়। ওর অপরাধ, আমাদের বিরুদ্ধে ও কোন মিথ্যা সাক্ষ্য দেয়নি।'

যুবতী ক্লান্ত দৃষ্টিতে আদেমের দিকে তাকিয়ে কলনঃ' ওরা যদি জামাদের ধরে নিয়ে যায় আগনি দামেশকে পৌছার চেষ্টা করবেন। শহরের পূর্ব ফটকের লাগোয়া জামাদের বাসা। নানার নাম থিয়োডোনিস। আপনি যখন তাকে কলকেন যে জাপনার ফুসতিনা এক ঝড়ো রাভে জেনুজালেম থেকে বের হয়েছিল। ক্লান্তিকর দীর্ঘ সফরের পর তাকে গ্রেফডার করা হয়েছে। তখন দেখবেন গভর্নরের সাথে কি ব্যবহার করা হয়। জামার আক্বাকেও আপনি চেন্দেন না। জাজা, ওকে আববার পরিচয়টা দিয়ে দাও। আমরা যে বিপদ মৃক্ত এরপর যদি ওর বিশ্বাস হয়।

মেরেটির মা এবং জাসেম উৎকণ্ঠিত দৃষ্টিতে তার দিকে তাকিয়ে রইলেন। কিছুক্ষণ পর নিদ্রায় ফুসতিনার চোবের গাভা জড়িয়ে এশ। যুমের ঘোরে বিভূ বিভূ করতে লাগশ ও।

ঃ' তাপনিও একটু বিশ্রাম নিয়ে নিন।' মহিলাকে কলল ভাসেম।

নরম ঘাসের উপর শুরে পড়লেন মহিলা। কিছুক্দণের মধ্যে মেরের মত তিনিও ঘূমিয়ে পড়লেন। আসের নির্নিমের নরনে তাকিরে রইল ফুসতিনার ঘূমন্ত চেহারার দিকে। তার সুলর কমনীয় চেহারায় ফুটে উঠছিল পরিক্রতা, ব্যক্তিত্ব এবং অহংকার। গত ক'ঘনীর ঘটনাগুলো ওর কাছে রমের মত মনে হচ্ছিল। একদিকে এ স্বর্গ ছিল মনোহর, হৃদয়গ্রাহী—অপর দিকে ওর কাছে যনে হচ্ছিল এ এক উপহাস। ও তাবছিল, রাতে জেরুজালেমের ফটক বন্ধ না থাকলে ফেমসের সরাইখানায় আসতে হতো না। দেখা হতো না এদের সাথে। পৃথিবীর সাথে ক্রকা সম্পর্ক ছিন করে আমিতো শান্তির অরেযায় বেরিয়েছিলাম। কারো সাথে দেখা করতে চাইনি। চাইনি কারো সারিধ্য। তবে কেন তিন বিপল্লকে একই পথে ঠেলে দেয়া হলো। কুদরত কি ফুসতিনার পরিবর্তে এখানে সামিরাকে রাখতে পারতনা। তার সাথে আমার প্রথম সাক্ষাৎ এরচে বেণী আকমিক এবং অভাবিত। মে অবাঞ্চিত সাক্ষাৎকে আমি কুদরতের ইঞ্চিত মনে করে ভেবেছিলাম, আমরা একে অপরের জন্য। দুনিয়ার কোন শক্তি আমাদের বিজ্ঞিন্ন করতে পারবেনা। সামিরাবিহীন ভবিয়াতের কল্পনাও করতে পারিনি। কিন্তু এখন ও যে নেই। আর

কোন দিন ওকে দেখবনা। সামিরা, শুধু সামিরার কাছে যাবার জন্য মানাতের কাছে মিনতি করেছিলাম। তিনি জসহায় ওমরকে আমার সামনে এনে দিয়েছিলেন। আদীর বংশের জন্য আমার ভেতর সৃষ্টি করেছিলেন বন্ধুত্ব আর ভালবাসার আবেগ। নিজের কবিলার সাথে গান্দারী করছি একথা কখনো ভাবিনি। হায়। যদি জানতাম আমিই ওর মৃত্যুর দুয়ার খুলে দিছি। যদি ব্রথভাম, এ কল্যাণ কামনাই হবে আমার জীবনের চরম অপরাধ। যদি জানতাম, আমি যে ফুলে হাত দেব জ্বলে পুড়ে নিঃশেব হয়ে যাবে সে ফুল।

আসেয়ের ভেতরটা পুড়ছিল এক দুঃসহ অন্তর্জালায়। বিষন্ন বেদনায় ও চোখ মুদে কেলল। ও মনে মনে বললঃ 'ওগো আকাশের নির্দয় শক্তি, জার জামায় নিয়ে উপহাস করতে পারবে না। আর কোন নতুন স্বপ্নে বিভোর হবনা আমি। কোন স্বলীল করনা আমায় আর পেরেশান করতে পারবেনা। পুল্পের হাসি দেখে হাত দেবনা আর জার জুলিংগে। আমার শুনা হাত থেকে কিছুই নিতে পারবেনা কেউ। দামেশকে পৌছার পর এদের সাথে জামার আর কোন সম্পর্ক থাকবেনা। আমাদের পথ চলবে ভিন্ন দিকে।

বার বার ওর চোথ আছড়ে পড়তো ফ্সতিনার মূখে। ফুসতিনার দিকে তাকিয়ে ওর মনে তেনে বেড়াত কতগুলো প্রশ্ন। জীবনের বিরান পথে চলতে গিয়ে কি কোন সফর সংগীর প্রয়োজন হবেনা। ক্ষনিকের এ সায়িধ্যের কৃতি কি আমায় চক্ষল করে তুলবেনা। আনেমের কাছে এ প্রয়োজন হবেনা। ক্ষনিকের এ সায়িধ্যের কৃতি কি আমায় চক্ষল করে তুলবেনা। আনেমের কাছে এ প্রয়োজনে কোন জবাব ছিলনা। ফুসতিনাকে যতই ও দেখত, জড়িয়ে পড়ত অভহীন ভাবনার বেড়াজালে। ও ডাবত, ডবিয়্যাতের নিঃসীম একাকিত্বে এ মুখজবি ওকে ভাড়া করতে থাকবে। তবুয়ো ওর মনে লাভনা ছিল য়ে, বিপদে না পড়পে ওরা এ নিঃস্ব আরবের দিকে চোথ তুলে চাইতনা। দামেশকে পৌছলে এমনিতেই ভিন্ন হয়ে যাবে দুজনার পথ। হঠাৎ কারো পদশব্দে ও চমকে পেছন ফিরে চাইল। ধীরে ধীরে এক বৃদ্ধ চুড়ায় উঠছেন। দাঁড়িয়ে গেল আন্সেম। কাছে এসে বৃদ্ধ হাতের ইশারায় সালাম করল। বললঃ' সড়ক ছেড়ে এদিকে আসার সময় আমি আপনাকে দেখেছিলাম। ভোবেছিলাম, হয়ত গ্রামে যাজেন। আমি থেতের দিকে যাজিলাম, দেখলাম আপনি এখানে বসে আছেন। সড়ক ছেড়ে এদিকে না এলে সামনেই একটা সরাইখানা পেতেন। ভাল মনে করলে আমার বাড়ীতে জাসুন। গ্রামের বাইরে ওই যে বাগানিট, আমি থাকি তার পেছনে।'

- ঃ 'থন্যবাদ। আমরা একটু বিশ্রাম করেই রওনা করব।'
- ঃ 'তাহলে আমি আপনার কি খিদমত করতে পারি ?'
- ঃ 'আমাদের ঘোড়া গুলো 'কুধার্ড। স্তদের জন্য দানাপানির ব্যবস্থা করলে বেশী খুশী হব।'
- ঃ' আপনি খুব ডাল। রোমানরা ডাদের ক্ষ্পার্ত ঘোড়াগুলো আমাদের কসলের ক্ষেতে ছেড়ে দেয়। আমি এক্ষ্নি এদের দানাপানির ব্যবস্থা করছি।' বুড়ো চলে গেল।

যোড়াগুলো দানাপানি খাচ্ছিল। আসেমের পাশে বসেছিল বুড়ো এবং ভার ছেলে। বৃদ্ধ কৃষক বললেনঃ 'কিছু মনে না করলে একটা কথা জিজেস করতে চাই।'

ঃ'বগুন।'

- ঃ 'আমার এক ছেলে সেনাবাহিনীতে চাকরী করে। গত মাসে গাজা থেকে সংবাদ দিয়েছিল দামেশকে যাছে। এর পর কোন সংবাদ পাইনি। কয়েকদিনের জন্য ওর ছুটি মঞ্জুর করাতে পারলে বড় উপকার হবে। ওর অসুস্থা মা ওকে দেখার জন্য বেকারার হয়ে আছে। ছুটি না পেলেও ওর কুশলাদি জানা দরকার।'
- ঃ'ঠিক আছে। দামেশকে গিয়ে তকে খুঁজব। কিন্তু আপনিতো জানেন, এখন ছুটি পাতরা মুশকিল। তবু আপনাকে তার কুশল সংবাদ স্থানানোর চেষ্টা করব।'
- ৪' আপনি খৃব মেহেরবান। নয়তো রোমান অফিসাররা সিরীয়াবাসীর সাথে কথা বলতেও অপমানিত বোধ করে। আজ কজন রোমান সেনা আমাদের গায়ের উপর দিয়ে চলে গেছে। তদের কাছে এ কথা বলতেই আমায় চাবুক মেশ্রে দিল। গ্রামের এক ব্যক্তি আমায় ধমক দিয়ে সরিয়ে না দিলে তারা রথের চাকায় আমাকে পিষে ফেলত।
  - s' হয়তো কোন মাথা পাগলা ছিল।'

যুবক বললঃ 'আমি ওখানে থাকলে কলতাম, ইন্তাকিয়া এবং হেমদে তোমরা পরাজিত হয়েছ তাতে আমাদের অপরাধটা কোথায়?' তয়ার্ত চোখে ছেলের দিকে তাকালেন বৃদ্ধ। এরপর আমেমের দিকে ফিরে বললেনঃ 'ছেলেটা একটা গবেট। আপনি শুর কথায় কিছু মনে নেবেননা।'

ঃ' আপনি খামোখা পেরেশান হচ্ছেন। কোন সচেতন সন্তান পিতার সাথে কারো দ্র্যবহার সইতে পারেনা। ও রোমান অফিসারের গাগে চড় মারণেও আমি বগডাম ও ঠিকই করেছে।'

একার বৃড়োর আকর্য হবার পালা। ঃ' জনাব, ডিনি কলনেন, 'আমরা এমনটি কলনাও করতে পারিনা। আমাদের ওফাদারী এবং বিশ্বস্ততায় আপনি কোন সন্দেহ করবেন না।'

- ভ 'আপনাদের বিশ্বস্ততায় আমার কোন সন্দেহ নেই। একজন অফিসার আপনাদের সাথে

  দ্ব্রিবহার করায় আমি লচ্জিত। দামেশকে গিয়েই আপনার হেলের খৌজ নেব। ওর নাম কিং'
  - ঃ 'ওর নাম ইউসুফ। দেখতে ঠিক এর মত। তাকে দেখলেই আপনি চিনভে পারবেন।'

কিছুক্ষন ডেবে জাসেম বলগঃ 'দামেশকের পরিস্থিতি ভাগ নয়। ওখানে কভক্ষন থাকতে পারবতাও জানিনা। তবুও সময় পেশেই ভার খৌজ করব।'

- ঃ 'জাপনার ধারনায় দামেশকের অবস্থা কি খুব খারাপ ?'
- ৪ 'কিছুটা ঘোলাটে তো বটেই। কিন্তু আমার বিশ্বাস ইরানীরা শহর দখল করতে পারবেনা।'
- ঃ 'আমারত ধারনা ফোকাসের মত জালেম শাসকের হাত থেকে নিস্কৃতি পাওয়ার পর ফলুনত্নিয়ার অবস্থা বদলে যাবে। আমাদের নত্ন সম্রাট ময়দানে এলে ইরানীদের গতি খুরে খাবে।' রোম ইরানের যুদ্ধ নিয়ে আসেমের কোন মাথা ব্যথা ছিলনা। ফোকাস কেমন জালেম

কায়দার ও কিসরা ১১৭

ছিল, নজুন সম্রাটের ইচ্ছে কি, এতেও তার কোন আগ্রহ নেই। এক সহজ সরল বৃদ্ধ ওকে রোমান অফিসার মনে করছেন। আসেম তাকে বলতে পারছেনা যে এ পোশাক আমার নয়। এ অতিনয় বেদুইন নিয়ম নীতির খেলাফ। লঙ্কায় ও মাটির সাথে মিশে যাছিল।

রোমান দেনাবাহিনীর এক বড় অফিসারের সাথে কথা বলছে, এতে বুড়ো খুব খুনী। পূর্ব পশ্চিমের তাজা থবর জানার জন্য তার ভেতর সীমাহীন উৎসূক্য। অনিচ্ছা সত্ত্বেও জাসেম বুড়োর প্রশ্বের জবাব দিজিল।

সূর্য ঢলে পড়ছে পশ্চিম আকাশে। ফুসতিনার মাকে বাহু ধারা দিয়ে জাগিয়ে দিল জাসেম। উঠে বসলেন তিনি। উৎকঠিত দৃষ্টি মেলে তাকিয়ে রইলেন বুড়ো এবং তার ছেলের দিকে।

আসেম বলনঃ 'অনেক ঘূমিয়েছেন। আরতো দেরী করা যায়না। যোড়াগুলোর ক্লান্তিও দুর হয়েছে। এ ডদ্রলোক ওদের দানাপানির ব্যবস্থা করেছেন।' মা ফুসতিনাকে জাগিয়ে দিলেন। খানিক পর খোড়ায় চেপে বসল ওরা। বৃড়ো কালেনঃ 'সন্ধ্যা হল প্রায়। রাতটা আমার এখানে কাটালেই খুলী হভাম।'

- ঃ 'না, যতনীয় সম্ভব আমাদের দামেশক পৌছতে হবে। জাবার এপথে এলে জাপনার বাড়ীতে বেড়াব। গ্রামের বাইরে দিয়ে কোন রাস্তা সড়ক পর্যন্ত গিয়ে থাকলে আমাদের সে পথটা দেখিয়ে দিন। এখন গ্রামের ভিডর দিয়ে যাবনা। লোকজন নানান প্রশ্ন করে আমাকে উত্যক্তকরে তুলবে।'
- 'ইরানীদের অভিযানের ফলে লোকেরা সন্তর হয়ে আছে। সাধারন লোকের ধারণা রোমানরাই দেশের সংবাদ ভাদ বলতে পারে।' বৃড়ো বললেন, 'নদীর ভীর ঘেষে এগিয়ে গেলে একটা মেঠো পুথ পাবেন। ও পথ দামেশকের পথের সাথে মিশেছে। অনুমতি পেলে আমার ছেলেকে সাথেদিয়েদিই।'

ঃ 'না,না। ওকে কষ্ট দেয়ার দরকার লেই।'

ফুসন্তিনার যা একটা স্বর্নমূদ্র। বুড়োর দিকে তুঁড়ে কালেন ঃ 'নাও তোমার যজ্রী।' মাটি থেকে না ভূব'ল বুড়ো অসহায় দৃষ্টিতে আসেমের দিকে তাকিয়ে রইলেন। একলাকে ঘোড়া থেকে নেমে এল আসেম। মাটি থেকে স্বর্নমূদ্র। ভূলে বুড়োর ছেলের দিকে এগিয়ে ধরে কলনঃ 'নাও, ভোমার পুরস্কার।'

ছেলেটি পিডার দিকে চাইল। ডার ইন্ধিত পেয়ে আসেমের হাত থেকে মূদ্রা তুলে নিল। আবার ঘোড়ায় চেপে বসল ও। কিছুটা দুরে গিয়ে আসেম পেছন ফিরে ফুসভিনার মা'কে বসলঃ 'কৃষক গরীব হতে পারে কিন্তু ডিখিরী নয়। ওর মনে কট দেয়া আপনার উচিৎ হয়নি।'

লক্ষা নয়, তিক্ত কঠে মহিলা বললেনঃ 'কিছুনা দিলে বরং ওই আমাদেরকে ভিখিরী মনে করত। স্বর্ণ দেখলে কোন সিরীয় বাসীর মনে দুঃখ হয় তা আমি আজো শৃনিনি। ওদের খৃশী করার জন্য তোখার ঘোড়া থেকে নামা ঠিক হয়লি।' এ অহংকারী মহিলার ভাবসাব বলে দিছিল যে, আমি শুধু জেরুজালেমের গভর্নরকেই ভয় পাই। আমি অমৃকের কন্যা, অমৃকের দ্রী। এ বিপদ মৃদিবত এক কৃষকের চোখে আমায় খাটো করতে পারবেনা। আসেমের উৎকন্ঠা জড়ামো দৃষ্টি মৃরে গেল। এ নিয়ে বাড়াবাড়ি করার ইছে হলনা তার। বৃদ্ধ কৃষক তথানা পর্বত চূড়ায় দাঁড়িয়ে ছেলেকে বলছিলেনঃ 'এ দু মহিলা কোন আমীরজাদী হবে হয়ত। কিন্তু এ যুবকের মা হতেই পারেনা। এক রোমান অফিসার আমার সাথে বন্ধুর মত ক্তবহার করেছেন। তুমি নিজেই তো দেখলে। কিন্তু গ্রামের কেউ শুনলে বিশ্বাসই করবেনা। তিনি কথা দিয়েছেন, আবার আসবেন। এমন শরীফ ব্যক্তি মিথ্যা বলতে পারেননা। আমার দৃঢ় বিশ্বাস, দামেশক পৌছেই তিনি তোমার ভায়ের সন্ধান করবেন। এর সহযোগিতায় সে সেনাবাহিনীতে তরককী করবে দেখে নিও।'

- ঃ 'ব্দিন্তু ভার কথাবার্ভায় মনে হল তিনি রোমান নন।'
- ঃ 'গবেট। তিনি রাখালের পোশাকে থাকলেও তার রোমান হওয়া সম্পর্কে আমার কোন সন্দেহথাকতনা।'
- ঃ 'কিন্তু আৰবা, তিনি আমাদের গ্রামের ভেত্র দিয়ে গেলেননা কেন? কোন ব্যাপার কি তিনি পুকোতেচাইছিলেন?'

বৃদ্ধ এনুগা হয়ে বললেনঃ 'আরে পাগল, গাঁয়েতো ভোমার মন্ত বোকার অভাব নেই। ওরা সব পথিককেই আন্ধেবাজেপ্রশ্ন করে।'

সূর্যান্তের পূর্বেই ওরা কয়েক মাইল এগিয়ে গেল। এক জায়গায় সভ্কের পাশেই দেখা গেল এফটা ছোট গ্রাম। আসেম বলগঃ ' সভ্কের পাশের গাঁয়ে রাভ কাটানো ঠিক হবেনা। এখানে ঘোড়াকে পানি খাইয়েই আমরা চলে থাব। বিশ্রামের জন্য সামনে ভাল স্থান খুঁজে নেয়া যাবে।'

. ঃ 'আমার কোন আপত্তি নেই। ইচ্ছে করলে মাঝ রাত পর্যন্ত সফর করতে পার ?'

সভৃক থেকে নেমে এল ওরা। গ্রামের করেক ব্যক্তি কুয়া থেকে পানি তুলছিল। পানি পান করে মশক ভরে নিল আসেম। ওখান থেকে ফিব্রে রওনা হতেই এক প্রবীন বলল ঃ 'রাতটা আমাদের এখানেই থাকুন।' কিন্তু আসেম ঘোড়ার বাগ ঘুরিয়ে বলল ঃ 'ধন্যবাদ। আমরা সামনের গ্রামে থাকব।' এক যুবক প্রবীন লোকটিকে বলল ঃ 'আপনি তো লোক মন্ট নন। বলি, এরা থাকতে চাইলে আমাদের গ্রামে এদের উপযুক্ত স্থান কোথায়ে?'

- ঃ 'আমি জানতাম একজন রোমান অফিসার এখানে থাকবেন না। ভাইতো দাওয়াত দিলাম।'
- ঃ 'আব্দ পর্যন্ত কোন রোমান অফিসারকে অস্ত্রের প্রহরা ছাড়া রাতে সফর করতে দেখিনি।'
- ঃ 'শামনের গ্রাম কতদ্রে লোকটা ভাওতো জানেনা।'

প্রবীন ব্যক্তি বলল ঃ 'আরে ভাই, এমন ঘোড়ায় কয়েক মাইল যেতে কষ্টটা কোথায়। এর সংগীরাপেছনেআসছেহয়তো।' মেঠো পথ ঘুরে আসেম এবং তার দাথীরা দড়কে এসে খোড়ার গতি বাড়িয়ে দিল। কিছুক্ষন পর ওরা এক বিত্তীন ময়দান পার হচ্ছিল। আশগাশে জন বসতির কোন চিহ্ন নেই। মেঘমুক্ত আকাশ। দশমীর চাঁদ থেকে ঝরে পড়ছিল থোকা খোকা জোৎসা। দড়কের দ্পাশে বালিয়াড়ি। মাঝে মাঝে লতাগুল্মের ঝোপ। শ্রান্ত খোড়াগুলো স্বাভাবিক গতিতে এগিয়ে চলেছে। আচমিত ঘোড়ার বলগা টেনে ধরল আসেম। ঘাড় ফিরিরো তাকাল পেছন দিকে। মা মেয়ে ভর পেরে ঘোড়া থামাল।

ঃ 'ব্যাপার কি ?' ফুসতিনার উৎকণ্ঠিত প্রশ্ন।

আসেম হাতের ইন্ধিতে ওদের থামতে বক্ষা। দ্বিতীয়বার প্রশ্ন করার সাহস পেলনা ওরা। তিনজনই উৎকর্শ হয়ে দাঁড়িয়ে রইল। অবশেষে আসেম বলগ ঃ 'মনে হয় কেউ আসছে। ঘোড়ার পায়ের আওয়াজ শোনা য়াছে। ওরা যে আমাদের অনুসরন করছে এমন কথা নয়। তবুও রাস্তার পাশে সরে ওদের পথ করে দেয়া উচিৎ। আসুন।' আসেম ভাড়াভাড়ি ভানদিকে ঘোড়া হাঁকাল। মা মেয়ে অনুসরন করল তার। একটু পর ওয়া এসে দাঁড়াল বালিয়াড়ির আড়ালে। ফুসভিনা ফিস ফিস করে কলল ঃ 'এরা নিকয়ই গভর্নরের লোক। কথা দিন ওরা আমাদের ধরে নিয়ে গেলে আপনি দামেশক গিয়ে আমার নানাকে সংবাদ পৌছাবেন।'

- ঃ 'সড়ক থেকে ওরা জামাদের দেখবেনা। এদিকে এনে গোলেও ভয় পাওয়ার কিছু নেই। ওরা মাত্র চারজন। জামার ত্নীর তীরে ভরা।'
  - ঃ 'ওরা যে চারজন আপনি জানলেন কিভাবে?'
- ঃ 'প্রামি এক আরব। ঘোড়ার পায়ের শব্দ শূনলেই বুঝতে পারি। আপনি নিশ্চিন্ত থাকুন। ওরা এদিকে আসবেনা। পেছনের গ্রামের লোকেরা কিছু বলে থাকলে সামনের গ্রামে না গিয়ে ওরা থামবেনা।' আসেমের এ শান্তনায় ওরা আশ্বন্ত হলনা। ওরা উৎকর্ণ হয়ে সভকের দিকে তাকিয়ে রইল। ধীরে ধীরে নিকটভর হল ঘোড়ার পায়ের শব্দ। আসেম ফুসন্তিনাকে বললঃ 'বলিনি ওরা চারজন।' ফুসন্তিনার মা বললঃ 'এখন আর সড়কে চলা আমাদের জন্য নিরাপদ নয়।'
  - ঃ 'তার দরকার ও হবেনা। আসুন।'

ওরা নিঃশব্দে আসেমের অনুসরন করল। ঘন্টা খানেক চলার পর ফুসতিনার মা বগল ঃ 'আমরা কোন দিকে যাজি?'

- ঃ 'দামেশকের দিকে।' আসেমের নির্লিগুজ্বাব।
- ঃ 'এ বিরান মক্রতে কি আপনার রাস্তা ঠিক থাকবে?'
- ঃ 'ডয়ের কারন নেই। আকাশের নক্ষত্র দেখেই পথ চলি আফরা। এখন ভার বেণী দূর যাবনা। বিশ্রামের জন্য একটা উপযুক্ত স্থান খুঁজছি। এ রাতটা কাটাতে হবে খোলা আকাশের নীচে।'

ত্তরা অসহায় উদ্বেগ আর চঞ্চলতা নিয়ে আসেমের অনুসরন করে চলল। অবশেষে কতগুলো উটু বালিয়াড়ির মাঝে যোড়া থামিয়ে আসেম বলল ঃ 'আমার মনে হয় এ স্থানটা উপযুক্ত।' যোড়া থেকে নেমে পড়ল ওরা। আসেম যোড়াগুলো ঝোণের সাথে বেঁধে রাখল। এর পর পুরুদো ভালপালা জড়ো করে চকমকি পাথর ঘষে আগুন জ্বালাতে লাগল। ফুসতিনা এবং তার মা একপালে বসে নীরবে তার কাজ দেখছিল। শুকনো কাঠে আগুন জ্বলে উঠল। ফুন্তিনার মা বসল ঃ 'এখানে আগুন জ্বালানোয় কোন অসুবিধা নেইতো?'

ঃ 'না।' ও শান্ত ভাবে জবাব দিল। 'আমরা সড়ক থেকে অনেক দূরে। শীডের রাতে আগ্ন ছাড়া রাত কাটানো যাবেনা। আপনারা কাছে চলে আসুন।'

মা, মেয়ে দু'জনই আগুনের কাছে এসে বসল। ফুসতিনা হাত বাড়িয়ে কাল ঃ 'শীতে আমার শরীর কাঁপছে। আমি এতোক্ষন ভাবছিলাম এ মরু বিয়াবানে হঠাৎ আমরা দেখব এক গীর্জা। কোন নেকদীল পান্ত্রী আমাদের ভেতরে ভেকে. নিয়ে কাবেন যে, ওই কক্ষে তোমাদের জন্য কায়ার প্লেসে আগুন জ্বাছে। এ মুহুর্তে আগুনের চেয়ে বড় চাওয়া আমার কিছুই ছিলনা।'

আদেম ব্যাগ থেকে গরম কাপড় বের করে মাটিতে বিছিয়ে কাল ঃ 'এখানে খপুন। আমি আরো কিছু কাঠ কুড়িয়ে আনছি।'

তরবারী দিয়ে ঝোপের শৃকলো ডালপালা কাটছিল আসেম। ফুস্তিনা ওগুলো এনে জমা করছিল আগুনের পাশে।ঃ 'আপনি খামোখা কষ্ট করছেন। এ ঝোপঝাড় কাঁটায় ডরা।'

ঃ 'এমন সফরের পর সামান্য কটায় কিই বা ভার হবে?'

দৃপুরের বেঁচে যাওয়া খাবার নিয়ে বসল তিনজন। বিজ্ঞান মরুতে এই প্রথম রাত কাটাচ্ছিলেন মা মেয়ে। নিদ্রা তথ্যা ক্লান্তির পরিবর্তে ওদের উপর তর করছিল তয়। মা তার মেয়েকে চোখের ইশারায় বৃঝাচ্ছিলেন যে, এক বিপদ থেকে বাঁচতে গিয়ে আমরা আরেক বিপদের সম্খীন হয়েছি। এ অপরিচিত যুবক আমাদের অসহায়ত্ত্র ফায়দা তৃলতে চাইলে এ নিঃসক্ষ বিজ্ঞান আমরা কি করতে পারব। কিন্তু আসেমের দিকে তাকালে তার হৃদয়ের ভার হালকা হয়ে যেও।'

হঠাৎ ফুসতিনার যা প্রশ্ন করসেন ঃ 'তোমার নাম তো জানা হয়নি।'

इ 'पामातनाम पारम्य।'

কিছুক্ষন নীবর থেকে তিনি আবার কালেন ৪ 'ত্মি সরাইখানায় ছিলে এ আমাদের সৌভাগ্য। তোমাকে ধন্যবাদ যে আমাদেরকে দামেশক পৌছানোর জিমা নিয়েছ।'

- ঃ 'প্রামার জানা মতে দামেশকের পথে কোন বিপদ আসার কথা নয়। তবুও জামি চাই আপনারা ডালোয় ডালোয় বাড়ীতে পৌছে যান।'
  - ঃ 'তোমার এ উপকারের প্রতিদান কোন দিন দিতে পারবলা।'
  - ঃ 'আমি নিজের খুশীতেই এ দায়িত্ব গ্রহণ করেছি।'

ফুসতিনা প্রশ্ন করল ঃ 'ওরা জামাদের উপর হামলা করলে আপনি কি করতেন ?' জাসেম থিত হেনে বলল ঃ 'আমি জানিনা। তবে তুনীরের কয়েকটা তীর কমে যেত।'

ঃ 'আর ওরা বেশী হলে?'

কায়সার ও কিসরা ১২১

- ঃ 'ভাহদে তীর বেশী খরচ হত। কিন্তু আপনারা গ্রেফভার হোন, তা চাইভামনা। মাফ করণন। আমরা আক্রান্ত হলে লড়াই না করে দামেশক গিয়ে আপনার নানাকে সংবাদ দেয়ার পরামর্শ আমি গ্রহণ করতে পারভামনা। স্বাড়ী থেকে বেরিয়ে যখন সিরিয়ার পথ ধরেছিলাম, ফেলে দিয়েছিলাম ভরবারী। প্রতিজ্ঞা করেছিলাম আর কোন দিন লড়াই করবনা। কিন্তু আপনাদের হিফান্সতের দায়িত্ব নেয়ার পর সরাইখানার মালিক যখন আমার হাতে তলোয়ার ভূলে দিলেন, তথনি বৃথেছি যে, পথে আপনারা কোন বিপদে পড়লে আমি নিজের প্রতিজ্ঞায় অটল থাকডে পারবনা।'
  - ঃ 'আমানের জন্য আপনি নিজকে বিপদে ফেলডেন ?'
- ঃ 'বেঁচে থাকার কোন ইচ্ছে আমার নেই। সূতরাৎ সন্দেহ করার ও নেই কিছু।' ফুসতিনার মা গভীর দৃষ্টিতে আসেমের দিকে তাকালেন। দক্ষা পেলেন নিজের সন্ধিশ্বভায়। বলবেন ঃ 'আমরা কে ? কোন ধরনের বিপদে পড়েছি, তাতো জিত্তেস করলেনা?'
- ঃ 'জিজেস করার কি প্রয়োজন। বিপন্ন মানুষের মুখ দেখলেই বুঝতে পারি। তবুও আপনাদের কথা পুনলে জনেকটা চিন্তামুক্ত হভাম। কিন্তু যদি এমন কোন কথা থাকে যা প্রকাশ করা যাবেনা, তাহলেথাক।'
- ঃ 'তোমায় বিশ্বাস না করলে তো জামরা জকৃতক্ত হব। তাহলে শোন। আমার নাম ইউসিবা।
  ফুসতিনা জামার মেয়ে। গ্রীক বংশে জামার জন্ম। সেনাবাহিনীতে তর্তি হবার পর জামার দাদা
  কন্তৃনত্নিয়া থেকে দামেশক চলে এসেছিলেন। যোগ্যতার বলে পৌছেছিলেন প্রধান সেনাপতির
  দায়িত্বে। এরপর এফ সিরীয় মেয়েকে বিয়ে করে দামেশকেই স্থায়ী ভাবে বসবাস করতে
  লাগলেন। ইরান সীমান্তের এক কিল্লার মুহাফিজ ছিলেন জামার জাববা। জামার বয়স তথন
  পনের। এ সময় মা ইত্তেকাল করেন। জাববা আমায় নিয়ে এলেন নিজের কাছে। জামার জন্মর
  পূর্বেই ইরানীদের মোকাবিলা করে আমার দুই চাচা নিহত হন। এর দু'বছর পর দাদার মৃত্যু
  ফটে। সীমান্তের এ কিল্লা এক মেয়ের জন্য নিরাপদ ছিলনা। কিন্তু জাববা সব সময় জামায়
  নিজের কাছে রাখতে চাইছিলেন। সুযোগ পেলেই তিনি জামায় সওয়ারী এবং তীর চালনা শিক্ষা
  দিতেন। তিনি জামায় একাকীত্ব জন্তব করতে দিতেননা। পিতার সাথে প্রায় চার মাস থাকার
  পর ইরানের বিশ্ববের সংবাদ জাসতে লাগল। একরাতে জামি গভীর ঘূমে জাছর। জাববা জামায়
  জাগিয়ে বললেন ঃ 'বেটি। ইরানের সম্রাটকে দেখতে চাইলে কাপড় পান্টে তাড়াতাড়ি বেরিয়ে

আমার কেমন যেন অবিশ্বাস্য মনে হচ্ছিল। আববার কাছে জিজেস করে জানলাম, সামরিক অভ্যুথানের মাধ্যমে সেনাপতি বাহরাম ক্ষমতা দখল করেছেন। খসক পারতেজ এখানে পালিয়ে এসেছেন। ইরানের আভ্যন্তরীন বিপর্যয়ে আববা খুব খুলী হয়েছিলেন। কিন্তু পলাতক সমাটকে আশ্রয় দেয়া বড় সমস্যা ছিল। তিনি জানতেন না কায়সার তাকে বরন করবে কি হত্যা করবে। এরপরও তাকে অত্যর্থনা জানাতে তিনি বাধ্য হলেন। ইরানীদের কল্পনা করেও আমি শিউরে উঠতাম। কিন্তু মনে মনে সম্রাটকে দেখার প্রকা ইচ্ছে জাগল। পোশাক পান্টে বেরিরে এলাম আমি। সূর্য তখন উঠি উঠি করছিল। অফিসার এবং সিপাইরা কাতার বেঁধে দাঁড়িয়েছিল কিন্তার ফেটকে। আমার জাগামী দিনের জীবন সংগীর সাথে এখানেই আমার প্রথম পরিচয়। লামী শোশাক আর আকর্ষনীয় চেহারায় তাকে উচ্চ বংশীয় মনে হচ্ছিল। মনিমূজা খচিত তর্বারী ঝলমল করছিল তার কোমরে। তিনি কথা কাছিলেন আমার পিতার সাথে। তার পেছনে দাঁড়িয়েছিল এক ইরানী চাকর। আমি ক'কদম দূরে হতবাক হয়ে দাঁড়িয়ে রইলাম। ইনিডে জাববা আমায় কাছে ডাকলেন। রাজ্যের জড়তা নিয়ে আমি এগিয়ে গোলাম। আমি তেবেছিলাম ইনিই ইরানের সম্রাট। বুঁকে তাকে সালাম করলাম। আমার আববা এবং জন্যান্য অফিসাররা হেসে উঠলেন। এ যুবক ছিল শাহানশার এক বিশ্বস্ত সংগী। আমার আববাকে ও—ই ইরান সম্রাটের আগমন সংবাদ দিয়েছিল।'

ইউসিবং লয়া কাহিনী জুড়ে দিল। মাঝখানে ফুসতিনা বলে উঠল ঃ 'আআ। সবার সামনেই আপনি এ গল্পের ঝাঁপি খুলে বসেন। এসব শুনে ওর লাভ কি ? ওর এখন বিশ্রামের প্রয়োজন।'

ক্রে দৃষ্টিতে মেয়ের দিকে তাকালেন ইউসিবা। এরপর আসেমের দিকে ফিরে বললেন ৪ 'সব কাহিনী শূনিয়ে তোমায় পেরেশান করবনা। তার নাম ছিল সীন। তাকে আমার ভাল লাগার কারণ ছিল, সে আমাদের ভাষায় জর্নগল কথা বলে যাছিল। পরে জেনেছি, নওশেরওয়ার বিজয় যুগে সিরিয়া এবং আরমেনিয়া থেকে ইরানীরা যে সব মেয়েদের ধরে নিয়ে গিয়েছিল এর মা ছিল তাদের একজন।

থসক পারভেজ আমাদের কিল্লায় ছিলেন একদিন। পরদিন চলে গেলেন গভর্নরের কাছে। কলুনতুনিয়া থেকে কায়সারের পয়গাম আসা পর্যন্ত তাকে সেখানেই থাকতে হল। শিকারের বায়ানায় সীন একবার আমাদের এখানে এলেন। ছিলেন তিন দিন। অনুভব করলাম যে, ইরানীদের সম্পর্কে আমার ধারণা পান্টে যাছে। তার কথাবাতায় মনে হল খৃষ্টানদের প্রতি ভার কোন দ্বণা নেই। শাহানশার খাস ব্যক্তি হওয়ার কারনে আববা তাকে বিশেষ যত্ম আতি করলেন। সীন বার বার বলছিলেন যে, রোম সম্রাটের সাথে সির্কি হলে রোম ইরানের মৃদ্ধ বন্ধ হয়ে যাবে। সীনের বিদায়ের দিন। সন্ধ্যায় ঘোড়ায় সওয়ায়ী করে আমি ফিরে আসছিলাম। দেখলাম ও কিল্লায় বাইরে পায়চায়ী করছে। ও আমায় থামতে ইশায়া করল। আমি থামলায়। ও আমায় ঘোড়ার বাগ হাতে নিয়ে বলল ৪ 'আগামী কাল চলে যাছি। হয়তো আর কোনদিন আপনাকে দেখবনা। কায়সারের সহযোগিভায় কয়েকদিনের মধ্যে আময়া মাদায়েন আক্রমনকরব।' আমি শগুকিত হয়ে বললাম ৪ 'ভেতরে চলুন। এখানে দাড়িয়ে কঞা বলা ঠিক নয়।'

- ঃ 'আপনি আমায় ভয় পাচ্ছেন ?'
- ঃ 'না। জাপনি ইরানের সম্রাট হলেও আমি ভয় পেতামনা।'

কায়দার ও কিসরা ১২৩

ঃ 'আমি ইরালের সম্রাট হলে আমার রাজমুকুট তোমর পায়ে রেখে দিতাম।'

তার এ কথা শুনে জামি হতভাষের মত তাকিয়ে রইলাম। হঠাৎ কি হল, একটানে বলগা
টেনে নিয়ে ঘোড়া ছুটিয়ে দিলাম আমি। যথন ককে তুকলাম তখনো আমার পা কাঁপছিল।

ধৃকপুক করছিল স্কদয়। জায়নার সামনে দাঁড়িয়ে মনে হল শরীয়ের সব রক্ত একে চেহায়ায় জয়া

হয়েছে। রাতে জাববা খেতে ডাকলেন। মাথা ধরার ছুতা দিয়ে আমি বিহানায় শুয়ে রইলাম।
পরাদিন সীন চলে গেল। রোমের সিপাইরা পারভেজের সাহায্যে মাদায়েনের দিকে এগিয়ে চলল।
আববাকেও যেতে হল সাথে। কিল্লায় একা না রেখে আববা আয়য় তার এক বল্পুর কাছে
পাঠিয়ে দিলেন। তিনি ছিলেন গর্ভনর। কিল্লায় আববার সহকারী ছিলেন এলোকেস। এ চরিত্রহীন
লোকটি এ পদের খোগ্য ছিলনা। কিল্ডু কন্তুনতুনিয়ার এক সন্ত্রান্ত বংশে জন্ম নেয়ায় কারনে
ইনভাকিয়ার গর্ভনর তার ব্যাপায়ে সুপারিশ করেছিলেন। ওই এল্ডোকেশ এখন জেরজালেমের
গতর্নর। আববার অনুপৃস্থিতিতে সে একদিন আমার কাছে বিয়ের পয়গাম নিয়ে এল। জবাবে
আমি কযে এক চড় লাগিয়ে দিয়েছিলাম তার গালে। তার সাথে আমার শক্রেতার এটাই শুরু।

বাহরাম পরাজিত হল। আবার ক্ষমতায় বদলেন পারতেজ। আববা ফিরে এলে জামিও শহর থেকে কিল্লায় ফিরে এলাম। রাতে থাবার সময় তিনি জামায় মাদায়েনের বর্ণনা দিচ্ছিলেন। সীনের কথা জিজ্জেস করলাম জামি। জাববা গভীর দৃষ্টিতে জামার দিকে ভাকালেন। এরপর বললেনঃ 'সীন কয়েক দিনের মধ্যে এখানে জাসবে।'

ঃ 'কেন ?' চঞ্চল হয়ে প্রশ্ন করলাম আমি। আববা কালেন ঃ 'কেন ভূমি জাননা ?'

আমার বুকে কাঁপন ধরল। সীনের বিদায়ী কথাগুলো আমার প্রায়ই মনে পড়তো। জেবেছিলাম ও দিতীয় বার আমায় বিরক্ত করবেনা। ও আবার আসছে। খুলী হতে পারলামনা। মনে কেমন খেন ভয় হতে লাগল। তবুয়ো অনেকটা সাহস করে বললাম ঃ 'আববা। আপনাকে কেমন খেন উৎকণ্ঠিত মনে হচ্ছে।'

ঃ 'মা। সীন ভোমাকে বিয়ের প্রভাব দিয়েছে। আমাদের সিপাহসালারও ডার পক্ষে স্পারিশ করশেন। এ ব্যাপারে থসরু পারভেজও আগ্রহী। আমাদের অন্যসব অফিসারদের ধারনা, এ বিয়োর ফলে রোম ইরানের সম্পর্ক ভাল হবে।'

আমি দাভিয়ে গোলাম। আববা হাড ধরে আমায় তার পাশে বসালেন। বদলেন ৪ 'বেটি! এতো লোকের মোকাবিলা করা আমার একার পক্ষে সম্ভব নয়। একথা সম্রাট মুরিসের কানে গেলে তিনিও পারতেজের মত সমর্থন করবেন। সীন ইরান সম্রাটের প্রিয় পাত্র। কিন্তু তুমি রাজি না হলে তোমায় বাধ্য করবোনা। আমি ওখানে বলে এসেছি যে, মেয়ের মত থাকলে আমার কোন আপত্তি নেই। এ বিয়েতে তোমার মত না থাকলে সীনের সামনে তা প্রকাশ করতে হবে। আমি তাকে কথা দিয়েছি, তোমার সাথে কথা বলার স্যোগ দেব। ও বলেছে, তোমার অমত হলে ও বাড়াবাড়ি করবেনা। সীন এ মাসের মধ্যেই আসছে। এ সময়ে তুমি তাল করে তেবে দেখ।

পরদিন আববা আমায় ডেকে জিজেন করলেন ঃ 'ইউসিবা। এন্ডোকেসের ব্যাপারে ভোমার কি ধারণা। আজ নেও ভোমার বিয়ের পয়গাম পাঠিয়েছে। আমি একথা সেকথা বলে তাকে ফিরিয়ে দিয়েছি। ভোমার যদি পছল হয় তবে সীনকে জবাব দেয়া সহজ হবে।'

আমি রেগে মেগে বদদাম ঃ 'আপনার গরহাজিরীতে সে আমার কাছে এসেছিল। আমি তাকে উচিৎ জবাব দিয়েছি। সে কোন সাহসে আপনার সামনে মুখ খুলল। আমি তাকে ঘৃণা করি। আমি জানি সে ইন্তাকিয়ার গতর্শরের আত্মীয়। না হলে আপনি তাকে চাকরও রাখতেন না।'

ভাববা সেদিনই তাকে চাকরী থেকে বরখান্ত করে ইন্তাকিয়া পাঠিয়ে দিলেন। কদিন পর সীন এল। তার সাথে ছিলেন মাদায়েনের রোমান রাষ্ট্রদ্তের বিশেষ প্রতিনিধি এবং কজন ইরানী ওয়রা। সীন সবার সামনে ভাষাকে বিয়ের প্রস্তাব করল। জামি বেন বোবা হয়ে গেলাম। জবাব না দিয়ে ছুটে গেলাম জামার কামরায়। ও এল জামার পেছনে পেছনে। জামি কখন দুহাতে মুখ টেকে কাদিতে লাগলাম, ও বললঃ 'ইউসিবা। জামি জাগুন পূজা করি। এজনা তুমি জামায় ভয় পাও। যরদন্তের কসম। তোমার ধর্মীয় ব্যাপারে কোন দিন হস্তক্ষেপ করবনা। তুমি জান পারভেজও এক খৃষ্টান তরুনীকে বিয়ে কয়েছেন। জামার ভাগ্য তোমার হাতে। তোমায় বাধ্য করবনা। কিন্তু কোন সিদ্ধান্ত নেয়ার পূর্বে ভেবে দেখ তোমায় ছাড়া জামি বাঁচ্বনা। তোমায় জামি গভীর ভাবে ভালবাসি।'

সীমাহীন উৎকণ্ঠা নিয়ে আববা ভার পেছনে দরজায় দাঁড়িয়ে ছিলেন। তিনি এগিয়ে সীনের কাঁধে হাত রেখে বললেন ঃ 'তোমার এর বেশী আর বলতে হবেনা। আমার মেন্তে তার কিসমতের ক্যুসাগা করে ফেলেছে।' তৃতীয় দিন আমাদের বিয়ে হয়ে গেল। আসেম অধৈর্য হয়ে প্রশ্ন করল ঃ 'আপনার স্থামী কি বেঁচে আছেন ?'

- ঃ 'হ্যা। কিন্তু এখন কি অবস্থায় আছেন তা আমি জানিনা।'
- ঃ 'তিনি কোথায়?'
- ঃ 'কন্তুনতুনিয়ায় আসার পর তাকে গ্রেফতার করা হয়েছিল। পুরো ঘটনাই তোমায় কাছি।
  বিয়ের পর স্বামীর সাথে মাদায়েন চলে গেলাম। জীবনের স্বগীল দিনপুলো আনন্দেই কেটে
  যাচ্ছিল। সম্রাট মুরিসকে পারভেজ পিতার মত শ্রন্ধা করতেন। আমার মনে হল রোম ইরানের
  লড়াই চিরদিনের জন্য বন্ধ হয়ে গেছে। মাদায়েনে আমাদের পারীরা নিচিত্তে তবলীগ করতেন।
  কিলু কয়েক বৎসর পর বুঝতে পারলাম, ইরানের ধর্মীয় গুরুরা খুটানদের প্রসারে লংকিত।
  ইরান সম্রাটও একে সহজ্জতাবে গ্রহণ করতে পারলেন না। আমার স্বামী ছিলেন ইরান শাহের
  বিশ্বন্ত বন্ধু। আমি বুঝতে পারলাম, তলে তলে যুদ্ধের প্রস্তৃতি চলছে। কিতৃ কায়সারের সাথে
  কিসরার হৃদ্যতার ফলে আপাততঃ যুদ্ধের তেম্বন কোন সভাবনা ছিল্না। হঠাৎ
  একদিন সংবাদ পেলাম কল্তুনতুনিয়ায় বিশ্বব এসেছে। মুরিসকে হত্যা করে ক্ষমতা হাতে
  নিয়েছে ফুকাস।

ইরানের আয়ীর ওমরারা পারভেজকে রোম আক্রমন করার পরামর্গ দিল। পারভেজ এ স্থোগের অপেক্ষায় ছিলেন। সূতরাং তিনি ঘোষনা করলেন যে, জামরা এ হত্যার প্রতিশোধ নেব। জামার স্বামী ছিলেন যুদ্ধ বিরোধী। তিনি ভর জলসায় বললেন, কোন পদক্ষেপ নেয়ার পূর্বে জামাদের অবশ্যই চিন্তা ভাবনা করতে হবে। শাহানশার জনুমতি পেন্দে জামি কন্তুনতুনিয়া যেতে প্রস্তুত। তথানে কোন শান্তনাপ্রদ সমাধান না পেলে জামরা রোমানদের উপর হামলা করব। শাহ যুক্ষের জন্য উদগ্রীব ছিলেন। তবুও জামার স্বামীর জাবদার রক্ষা করণেন।

আমার পিতা বৃড়ো বয়েলে চাকরীতে ইন্তফা দিয়ে দামেশক চলে এনেছিলেন। অনেক দিন থেকে ভাই তার সাথে দেখা নেই। ফুসতিনাও নানাকে দেখতে চাইছিল। মামীর সাথে আমরা রগুনা করলাম। পথে এসে তার পথ জুদা হয়ে গেল। দু'জন বিশ্বস্ত চাকর এবং কজন সিপাই আমাদের সাথে দিয়ে তিনি কালেনঃ 'কত্নত্নিয়ার কাজ সেরে আমি ভোমাদের মাদায়েন নিয়ে যাব।' সন্ধায় সীমান্ত চৌকির একজন সালার আমাদের দামেশক পৌহানোর জিমা নিলেন। সিপাইদের ফিরিয়ে চাকর দু'জনকে রেখে দিলাম। দামেশকে পৌছে কয়েক মানের মধ্যে সীনের কোন সংবাদ পেলামনা। খোঁজ খবর নিয়ে জানলাম ফুকান তাকে গ্রেফতার কয়েছে। আমাদের তথনকার অবস্থা ব্যতেই পারছ। আববা তাকে মুক্ত করার জনেক চেষ্টা করলেন। যথন রোম সামান্যের উপর ইরানীদের আক্রমণ হল তথন বুঝলাম যে, প্রকে আর মুক্ত করা সম্ভব নয়। দোয়াই আমাদের শেব ভরসা।

এক পাদ্রী বলদেন, জেরুজালেমে নাকি দোয়া কবুল হয়। আর দেবী করিনি। চলে এলাম জেরুজালেম। আসার সময় জাববা পাডাইউদের নামে চিঠি গিখলেন। তিনি আমাদের মথেট যত্ম আজি করলেন। অনুরোধ করজেন তার খালায় থাকার জন্য। কিন্তু আমি তাকে আলাদা তাড়ায় বাসা দেখতে বলগাম। দুদিন পর উঠলাম নতুন বাসায়। এবার বিভিন্ন গীজাঁয় যাওয়া শুরু হল। প্রতিজ্ঞা করণাম, সীনের মুক্তির লংবাদ না পেলে দেশে ফিরবনা। প্রতিটি গীজাঁয় মন খুলে নজরানা দিতে লাগলাম। আমার অর্থের জভাব ছিলনা। কোন কোন গীজাঁ থেকে পাদ্রীদের পবিত্র হাডিডও সংগ্রহ করেছি। এজনা আমাকে মূল্যকান অলংকারাদি দিতে হয়েছে।

ঃ 'পাদ্রীদের হাভিভও ।' জানেমের বিষয় ভরা প্রশ্ন।

আদেমকে হতবাক হতে দেখে ফুসতিনা ফিক করে হেসে ফেলগ। ইউসিবা ফুল্ব দৃষ্টিতে তার দিকে ভাকিয়ে আবার আদেমের দিকে ফিরে ফালেন ঃ 'ঈশ্বরের নামে জীবন উৎসর্গকারী পাদ্রীদের হাড়গোড়কে আমরা অতি পবিত্র মনে করি। জেরুজালেমের গীর্জায় কোন কোন পাদ্রীদের হাড় গুল্যবান অলংকারের চেয়েও দামী মনে করা হয়। এক রাহেবের দেড়গো বছরের প্রনো হাড় স্পর্শ করার আনন্দে বিশপকে আমার মুক্তার হার খুলে দিয়ে দিয়েছিলাম। বিশপ আমায় সে ব্যর্গের একটা ভাংগা টুকরা দিয়েছিলেন। কিন্তু তুমি এক আরব। ইরানীদের মত তুমিও এর মাহাত্ম ব্রাবেনা।

ন নিয়ে আদেমের তর্কে জড়িয়ে পড়ার ইচ্ছে ছিলনা। ইউসিবার কাহিনীর শেষ তংশ লোনার জন্য ও উদগ্রীব ছিল। কাল ঃ 'মাফ করুন। এনিয়ে আমি তর্ক করতে চাইনা। এরপর কি ময়েছেরপুন।'

ঃ 'প্রায় বিশদিন পর স্ত্রীকে নিয়ে পাতইউস জামার বাসায় এলেন। বলদেন, ফিলিন্তিনের নতুন গতনঁর তার দায়িত্ব বৃঝে নিয়েছেন। জাগামী দিন তিনি এলাকার সন্মানিত লোকদের জন্য এক প্রিতি ভোজের জায়োজন করেছেন। লিষ্টে আমি ফুসতিনার এবং আপনার নাম লিখে দিয়েছি। গঙনঁরকে জাপনার পিতার নাম বলায় তিনি খুব খুশী হয়েছেন। আমাকে বলেছেন, জাপনাকে যেন জকর্মণ হিলা। তবুয়ো খুসতিনার জন্য যেতে হয়েছিল।

দুর্ভাগ্য আমাদের। এ নতুন গতর্ণর ছিল এন্ডোকেশ। যাকে আমি কিল্লা থেকে অপমান করে তাড়িয়ে দিয়েছিলাম। ব্যাপায়টা বৃথতে পায়লাম ভার বাড়ীতে ঢোকার পর। উপরে উপরে সে আমাদের যথেষ্ট বজ্ব আজি করল। কিন্তু অলক্ষণের মধ্যেই বৃথতে পায়লাম, অভীত অপমান লো ভোপেনি। আমার ইরানী স্বামী কয়েদখানায় সে জানত। নে এও জানত যে, আমি থিউডিসিদের মেয়ে। আমায় অযথা বিরক্ত করলে তার পরিনাম তাল হবেনা। কয়েকটা দিন ভালায় ভালায় কাটল। কিন্তু যখনই জেরুজালেমের দিকে ইরানীদের এগিয়ে আসার সংবাদ শেলায়, ওখানে থাকা বিপজ্জনক মনে হল। লোকেরা কিভাবে জেনে গিয়েছিল আমার স্বামী এবং চাকর দুজনই ইরানী। তরা বিশ্বজ্ব হয়ে উঠল। একদিন গীর্দ্ধা থেকে ফিরে বাড়ীর দরভায়ে দেখলাম জনতার তাড়। কাছে আসতেই তরা আমার বিরুদ্ধে য়োগান পুরু করল। তরা বেটুয়ান, গাজার, ইরানীদের গোয়েলা ইত্যাদি য়োগান দিতে লাগল। প্রদের কয়েকজন 'ধরো মারো' বলে আমাদের দিকে এগিয়ে এল। আমরা দৌড়ে পাশেয় বাড়ীতে ঢুকলাম।

তেতরে কজন মহিলা এবং শিশু। এক মহিলা তাড়াতাড়ি দরজা বন্ধ করে দিলেন। মিছিল কারীরা দরজা ডাঙৰে এমন সময় একদল রোমান সিপাই ওখানে এসে পৌছল। ওয়া লোকদের নারীয়ে দিলে জামরা নিজের বাড়ীতে এলাম। একজন সিপাইকে পাঠিয়ে দিলাম পাতইউসকে সংবাদ দেয়ার জন্য। সংবাদ পেয়ে পাতইউস এল। সব শুনে চলে গেল পুলিল স্পারের কাছে। ফিরল রাতে। তার কাছে শুনলাম, জামরা যখন গীজায় তখন পুলিল জামাদের বাড়ীতে তল্পানী নিয়েছে। ধরে নিয়ে গেছে জামাদের দুজন চাকরকে। আমরা ইরানী গোয়েলা এখন ওদের কাছ থেকে এ স্বীকৃতি আদামের চেষ্টা চলছে।

আমি তথনি এন্দ্রোকেশের কান্থে যেতে চাইলাম। পাতইউস কল, তার কান্থে গিয়ে কোন ফায়দা হবেনা। আমি তার সাথে দেখা করে এসেছি। তিনি বলেছেন, প্লিশের জনুসন্ধান শেব না হলে তার কিছুই করার নেই। সামায় কালেন, বিক্ক লোকদের দূরে সরিয়ে রাখতে। আপনি নিশ্চিত থাকুন। আপনার কিছু হবেনা। আমার সিপাইরা দিনরাত আপনার বাড়ী পাহারা দেবে।'

কায়সার ও কিসরা ১২৭

ঃ 'আমার চাকররা খৃষ্টধর্ম গ্রহণ করেছে এস্ডোকেশকে একথা বলেননি ং'

ঃ 'বঙ্গেছি। কিন্তু তিনি বশশেন, ধর্মীয় ব্যাপার গীর্জার উপর ছেড়ে দেয়া হবে। গীর্জা ওদের ধর্মদ্রোহী জাখ্যা দিলে জামার কিছ্ই করার নেই।'

একবার ভাবগাম আববাকে সংবাদ দিই। আবার মনে হল তিনি তো আমাদের মতই অসহায়। আরো কয়েকটা দিন নির্বাঞ্জাটে কেটে গেল। বাইরে কি হচ্ছে কিছুই জানিনা। বাইরে উকি মারার অনুমতিও আমাদের ছিলনা।

দরজার প্রহরারঙ্ক সিপাইরা আমাদের বাজার সেরে দিও। আমাদের বিরুদ্ধে একটা বড় ধরনের বড়যার চলছে এ ব্যাপারে আমরা নিশ্চিত ছিলাম। বেশ ক'দিন পাতইউদ আমাদের বেগন সংবাদ দেরনি। সিপাইদের বললাম আবরাকে সংবাদ পাঠাতে। ওরা দরাসরি অধীকার করল। একদিন বাসায় এলেন বিশপ এবং কজন পাত্রী। আমাদের বিভিন্ন প্রশ্ন করলেন। ভারা জানতেন গীজা গুলোতে আমি মন ভরে দান করেছি। কিন্তু কথাবার্তায় মনে হল আমাদের ধর্ম দলপর্কেই ভারা সলেহ করছেন না বরং আমাদেরকে ইরানের গোরেলা মনে করছেন।

রাগের বলে কি বলেছি জানিনা। বিশপ আমার উপর গীর্জা অব্যাননার অপবাদ আরোপ করলেন। আমি তাঁর পায়ে পড়ে কাঁদতে থাকগাম। তিনি থানিকটা সরম হয়ে বললেন ঃ 'ডোমাদের কথা বাদ দিলেও দু'জন ইরানী গোয়েন্দা তোমরা সাথে নিয়ে এসেছ। হয়ত তাদের তোমরা সন্দেহ করনি। কিন্তু ওরা আমাদের চোখে ধূলা দিতে পায়েনি। নিরপরাধ প্রমান করতে চাইলে একটা বড় ভাগে স্বীকার করতে হয়ে। আমরা ভোমাদের শাস্তি দিতে আফিনি। এসেছি ভোমাদের জন্য মৃত্তির পথ খুলে দিতে। ভোমার মেয়েকে পারী হবার অনুমতি দিলে ভোমাদের বিরুদ্ধে কেন্দ্র অভিযোগ থাকবেনা।' আমি বলগামঃ ঈশ্বরের দোহাই, আমার চাকররা খৃষ্টান। ওরা গোয়েন্দ্র নিয় বি

ঃ 'হতে পারে।' বিশপ বলদেন। 'তবুও মানুষকে শান্ত করার জন্য ধর্মের প্রতি ভোমার নিষ্ঠার প্রমান দিতে হবে। ফুসতিনাকে আমাদের হাতে ছেড়ে দাও।' আমি তার পায়ে পড়ে বললাম ঃ 'পবিত্র পিতা। ফুসতিনা আমার একমাত্র সন্তান। ওকে আমার বুক থেকে ছিনিয়ে নেবেশনা।'

শেষ পর্যন্ত জামার দিক থেকে নিরাশ হয়ে ধরা ফুলডিনাকে বৃথাতে লাগন। ও ভারে জড়িরে ধরল জামায়। বিদায় বেলায় বিশণ জামায় শাসিয়ে বলগেন, তোমরা গোমরা হয়ে গেছ। উত্তেজিত জনতা ভোগাদের বাড়ীতে চড়াও হলে জামাদের কিছুই করার নেই। তথন সরকারও ভোমায় রক্ষা করতে পারবেনা।

এর সব কিছুই আমার কাছে অবিশ্বাস্য মনে হজিল। রাতে হঠাৎ পাতইউস এনে হাজির। সে বলল, আমরা বিপদের মুখোমুখী। হস্ত্রপা দিয়ে দিয়ে জামার এক চাকরকে হত্যা করা হয়েছে। কিন্তু আমাদের বিরুদ্ধে কোন সাক্ষ্য সে দেয়নি। আরেক জনকে শান্তি দেয়া হচ্ছে। এড্যোকেশের ধারণা, চাকর আমাদের বিরুদ্ধে সাক্ষী দিলে তার সৃধিধা হবে। আমি তাকে বললাম ৪ 'চাকরটা মরে গোণেও অমোদের বিরুদ্ধে মিথাা সাক্ষী দেবেনা।

১২৮ কায়দার ও কিসরা

- ঃ 'তাতে কিছু আসে যায়না। পুলিল যিক্যা কথা কললে মৃত চাকররা উঠে তার প্রতিবাদ করবেনা। মন দিয়ে শূনুন। আপন্যদের এখান থেকে পালিয়ে যেতে হবে। সে ব্যবস্থা আমি করেছি। একজন বিশপ তার গীর্জায় আপনাদেরকে আশ্রয় দেবে।'
- ঃ 'বিশপ আজ সকালে এসে আমার মেয়েকে গীর্জার হাওলা করে দেয়ার জন্য তলেক পীড়াপীড়ি করেছে। যাবার বেলা আমায় শাসিয়ে গোছে।'
- ঃ 'আমি তার সাথে দেখা করেছি। তয় তর দেখিয়ে বাধ্য করেছি আপনাকে আশ্রয় দেয়ার জন্য। কাল বিশপ আবার আসবে। সূর্যান্ত পর্যন্ত তাকে ব্যস্ত রাখবেন। সন্ধ্যার পর আপনারা তার সাথে গীর্জায় চলে যাবেন।

গীর্জাটা শহরের বাইরে। গীর্জাটা দ্রে থাকতেই আপনাদের উপর অক্রেমণ করা হবে। হামলাকারীদের দুজন যোড়ার পিঠে করে আপনাদের পৌছে দেবে একটা সরাইখানার। সরাইখানার মালিক আমার বন্ধ। তাকে জরুরী নির্দেশ পাঠিয়ে দেয়া হবে। অন্যান্য লোকেরা বিশপ এবং পারীদেরকে অনেক দ্রে রেখে আসবে। ওরা ফিরে এলে আমানের কাজ হবে ভূল পথে আপনাদেরকে অনুসন্ধান করা। চাকরদের জন্য কিছুই করতে পারলামনা। আপনাদের ব্যাপারে নিন্ডিভ হলে ওকে নিয়ে ভাবব। আগামী দিনের মধ্যেই আপনাদের এ স্থান ত্যাগ করতে হবে। চাকর আপনাদের বিরুদ্ধে কিছু কালে, কোন পদক্ষেপ নিতে ওরা দেরী করবেনা। এত্যোকেশের উপর ভরসা করা যায়না। সে যেমন ভীরু তেমনি অত্যাচারী। তা যাক। কাল বিশপ এলে আপনারা এক মৃহুর্ভও এথানে থাককেননা।

- ঃ 'পথে কারা আমাদের উপর হামলা করবে?'
- ঃ 'তা জেনে তাপনার কি হবে। তবে তারা সৈনিকের ইউনিফর্মে থাকবেনা।'

পাতইউস চলে গেল। পরের রাতে গুড়ি গুড়ি বৃষ্টি পড়ছিল। বিশপ এবং তার সংগীদের অনেক্ষন ধাকতে হল।

হিশপ বললেন ঃ 'আগামী দিন বৃষ্টি থামলে গীর্জায় যাব।' আমি বললাম ঃ 'উন্তেজিত জনতা আগামী দিন হয়ত আমাদের বাড়ী অক্রেমন করে বসবে।'

আমরা রওনা করলাম। পথে মৃখোশ পরা কজন লোক আমাদেরকে আক্রমণ করল। চোখের গণকে বিশপ এবং পাদ্রীদের হাত পা বেঁধে ঘোড়ায় তৃলে নিল। তারা টু শব্দটি করলনা।' আসেম দাড়াল। কিছু শৃকনো ডাল আগৃনে ফেলে বলল ৪ 'আমায় বিশ্বাস করেছেন এজনা আমি ফুডার্গ। ভবিষ্যতে আমায় বিশ্বস্তই পাবেন। আপনারা এবার খুথিয়ে পড়ুন।'

। 'আমার সুম আসছেনা। তুমি বরং ঘুমোও। দৃপুরে মোটেও তোমার বিশ্রাম হয়নি।' আসেম একটু সরে শুতে শুতে বলগ ঃ 'অসুবিধা হলে আমায় জাগিয়ে দেবেন।'



গভীর রাড। ফুসতিনার ঘুম ডেংগে গেল। ইউসিবা পাশে বসে আগুন পোহাছিলেন।

ঃ 'আন্মা। আপনি এখনো মুমান নি ?'

ঃ 'বেটি।' মায়ের কঠে ক্লান্তির আবেশ। 'এই বিজন ময়তে রাতে কমপশে একজনের জেগে থাকাউচিৎ।'

ঃ 'জামি অনেক ঘূমিয়েছি। এবার আপনি শুয়ে পডুল।'

ইউসিবা শুয়ে পড়লেন। আগুনে জ্যরো ক'খান শুকনো ডাগ ফেলে ফুসতিনা বসে রইল পাশে।

ঃ 'মা, ও ঘুমাক। কিন্তু ডোমার নিদ্রা এলে ওকে ভূলে দিও।'

ঃ 'জাপনি ঘুমানতো।আয়ারআর ঘুম্বাসবেনা।'

একটু পর ইউসিবা ঘূমিয়ে পড়শেন। ভয়ার্ড চোথে এদিক ওদিক চাইতে লাগল ফুসতিনা। রাতের স্তব্ধতা ছিঁড়ে কখনো ছুটে আসছিল নেকড়ের চিংকার। ভয়ে এতটুকু হয়ে যেত ও। বৃক ধড়ফড় করতো। আবার নেমে আসতো নীরবতা। ওর মনে হত পর্বতের আড়াল থেকে হঠাৎ বেরিয়ে আসবে অসংখ্য দুশমন। এসেই হামলা করবে ওকে।

ও কখনো সাহস করে দাঁড়াত। বড় বড় চোখ মেলে তাকাত চার দিকে। বসে পড়ত আবার।
নিশৃতি রাতের নিঃসঙ্গ বিভীষিকা ওর গলা টিপে ধরত। তবুও আগুনের লাল আতার জাসেমের
চেহারার দিকে দৃষ্টি পড়লে সকল তয় মিলিয়ে যেড ওর। ও শৈশবে ইরানী চাকরদের কাছে
শ্নেছিল যে হিংদ্র জত্তু আগুন দেখলে তয় পায়। এজন্য আসেমের ত্বুপ করা ডালপালা একট্
পরপরই জাগুনে ছুঁড়ে দিত। কিতু আরেক দৃশ্চিত্তা গ্রাস করল ওকে। লকলকে জারি শিখা তো
অনেক দূর থেকে দেখা যেতে পারে।

হঠাৎ কান খাড়া করে সতর্ক হয়ে উঠল আসেমের ঘোড়া। পা দিয়ে মাটি আঁচড়াতে লাগল।
আর চি হি হি শল জুড়ে দিল নাক দিয়ে। এরপর দিতীয় ঘোড়াটাও চঞ্চল হয়ে উঠল। উৎকর্ন
হয়ে এদিক ওদিক চাইতে লাগল ফুসভিনা। বায়ে পর্বত ঘেযে কি যেন একটা নড়ে চড়ে উঠল।
ভব্ধ হয়ে গোল ধর রক্ত সঞ্চালন। কিন্তু মূহুর্তের জন্য। প্রতিরোধ শক্তি জেগে উঠল ওর ভেতরে।
ও হামাগৃড়ি দিয়ে আসেমের দিকে এগোতে লাগল। ওর ভয় কম্পিত হাত দুটো আঁকড়ে ধরল
আসেমের বাহ। চমকে চোহা ফুলল আসেম। কোন দিকে না ডাকিয়েই তরবারী হাতে
দাঁড়িয়ে গোল।

ঃ 'নেকড়ে নেকড়ে।' পাহাড়ের দিকে আছ্ল ডুলে বলগ ফুসতি্না।

পনতের দিকে তাকাল প্রাসেম। এরপর শান্ত ক্ষ্ঠে ফললঃ 'প্রাপনি তাে, প্রামায় তয় পাইয়ে দিয়েছিলেন প্রামিতোভেবেছিদুশমন এসেগেছে।'

কুলাজনা আড়াতাড়ি ধনু আসেমের দিকে এগিয়ে ধরে বদল ঃ 'আপনি নেকড়ে গুলো দেখতে গালেননাঃ এই ঝোপের একেবারে নিকটে।'

আলেম তার ধুনু না নিয়ে ছোট একটুকরো কাঠ তুলে পর্বতের দিকে ছুঁড়ে মারল।

দ 'লারা পালিয়ে গেছে। এবার নিশ্চিত্তে ঘুমোনগে।'

কুনতিনা উদ্বিশ্ন হয়ে বলন ঃ 'আপনি ভাবছেন ওগুলো নেকড়ে নয় ? খোড়া গুলো ক্রমানো ভয়ে চিহি কিরছে।'

- ঃ 'ও গুলো নেকড়েই ছিল। তবে মাত্র দু'টো।'-
- ঃ 'পাহাড়ের ওপাশে আরো আছে। জাগুন দেখে ওরা জাক্রমন করেনি। কিন্তু জামি যে সব কাঠ শেষ করে ফেলেছি।'

আন্যেম চক্ষেপ হয়ে কাল ঃ 'আপনি রাজ্ভর জেগেছিলেন ?'

'না, আমি অনেক ঘূমিয়েছি। জেগে দেখি আখা বসে আছেন। আমি বসে তাকে শৃইয়ে

দিয়েছি।' আসেম আকাশের দিকে চাইল। এরপর ফুসতিনার দিকে তাকিয়ে বলনঃ 'রাত প্রায়
শোষ। কিছুজনের মধ্যে আমাদের রওনা করতে হবে। ও বলনঃ 'আপনার কি দৃত বিশ্বাস,

নেকডে গুলো একত্রিত হয়ে আমাদেরকে আক্রমন করবেনা?'

আদেয় আগুনের পাশে কমতে কমতে কলনঃ 'আপনি নিচিন্ত থাকুন। বনের সব নেকড়ে এলেও আমি আপনার হেফাজত করতে পারব।' কিছুটা আশ্বস্ত হল ফুসতিনা। আদেয়ের পাশে বসে কলনঃ 'আপনি কখনো নেকড়ের সাথে গড়াই করেছেন।'

- 8 'ना' जारका रम मुखांग **२**सनि।'
- ঃ 'কোন মানুষেরসাথেপড়েছেন।'
- ঃ 'হা।। কিন্তু আমি খুন পিণাসু নই।' আমি কেবল সে সব মানুষকে ঘূণাকরি হারা অণরের রন্তের গল্পে মাতাল হয়ে ওঠে।' কি ফেন ভাবলো ফুসতিনা। এর পর বললঃ 'আপনি যখন ঘূমিয়ে। ছিলেন আমার কেবলি মনে হচ্ছিল, এন্ডোকেশের লোকেরা ঝোপের আড়াল থেকে বেরিয়ে এসে আমাদের হেরাও করে ফেলবে। আমি ভাবছিলাম পনর বিশব্দন লোক আচমকা আএখন করলে আপনি কি করতে পারবেন।'
  - ঃ 'আপনি হয়ত তেবেছেন আমি পালিয়ে যাবো।'

সরাসরি চোখে চোখ রেখে ভূসতিনা খললঃ 'আমি ভাবছিলাম, গতকালও যে আরব যুবকের সাথে আয়াদের পরিচয় ছিলনা, সে কেন আয়াদের জন্য ঝুঁকি গ্রহন করবে।'

ঃ 'জামার জীবন কারো কাজে আসতে পারে, কাল এ উপলব্ধি আমার ছিলনা।' আসেমের ভারাক্রান্ত কণ্ঠ।



- ঃ 'আগনাকে দেখে মনে হয় আমাদের মত আগনার জীবনের উপর দিয়েও কোন ঋড় বয়ে গেছে। ' আসেমের মনে হল দুজনার মাঝের অপরিচিতির দেয়াল ধ্বনে যাছে। মনে মনে শিউরে উঠল ও।
- ঃ 'আমার মনে হয় সূর্যোগয়ের পূর্বে কয়েক মাইল এগিয়ে যেতে পারলে ভাল হয়। ঘোড়াগুলো ক্ষার্ড। দানাপানি পাওয়া যায় আমাদেরকে এমন কোন জায়গায় চলে যাওয়া উচিৎ। আপনার আমাকে জাগিয়ে দিন। আমরা জেরজালেম থেকে যত দুরে যাব ততই নিরাপদে থাকব।'

সূর্য ওঠার ঘন্টা খানেক পর ওরা এক পাথুরে ময়দান অভিক্রম করছিল। বায়ে ছোট্র ছোট্র পর্বত শ্রেনী। আদেমের শক্ত সামর্থ ব্যোড়া ক্ষুধার্ত হ য়ও মাথা উচিয়ে ইটিছিল। ফুসতিনার খোড়াও চলছিল তার সাথে। কিন্তু ইউদিবা ছিলেন করেক কদম পেছনে। তার ঘোড়ার গতি ধীরে ধীরে কমে আসছিল। এক পাহাড়ের কোলে এসে থামল আসেম। ঘোড়া থেকে নেমে চ্ডায় উঠেগেল। উপরে দার্ডিয়ে ওপাশটা দেখে আবার ফিরে এসে ঘোড়ার চড়ে বন্দল ৪ 'আমরা সড়কের খুব কাছাকাছি রয়েছি। আরেকটু গেলেই একটা গ্রাম পাবো।'

- ঃ 'আমার ঘোড়া আর পারছেনা। এখানে খানিকটা ভিরিয়ে নিলে ভাল হয়না।
- ঃ 'না, এখানে ওদের জুধা দূর করতে পারবনা।'
- নিঃশব্দে এগিয়ে চলন ওরা। নীরবতা তেঙ্গে ইউসিবা বলগেনঃ 'গ্রাম এখনো আসেনি।'
- ঃ 'গ্রাম পেছনে ফেলে এসেছি। জামাদেরকে জারো একটু এগিয়ে যেতে হবে।'
- **% 'श्राध्य थामदवनना !**'
- ঃ 'জাপনাদেরকে নিরাপদ স্থানে রেখে আগে আমি একা গ্রামে যাব।' ফুসতিনা বলগঃ'এই মাত্র বললেন গ্রাম ফেলে এসেছি?'

'আপনি নাকি তীয় চালাতে জানেন। এজন্য এগুলি রোখে গেলাম। আমরা আরবরা সর্বদিক থেকে নিরাল ২য়ো গেলে কমপক্ষে একটা দৃশমন সাথে নিয়ে মরি।' ইউসিবা কিছু কাতে চাইছিল। কিন্তু দ্রুত পাহাড়ের আড়াল হয়ে গেল আসেম।

সভূবের বালে একটা পূরনো সরাইখানা। সরাইখানার সামনে খোলাফো চতুর। ওথানে বাগানেক নারী পূরুষ। কেউ চাটাইতে বনে খানা থাছিল। অন্যরা ঝগড়া করছিল সরাইখানার মালিকের সাথে। চতুরের এক দিকে ছাপরার নিচে সাতটা ঘোড়া বাঁধা। জন্যদিকে করেকটা উট বনে ঘলে আবর কাটছিল। সড়ক থেকে নেমে চতুরে প্রবেশ করল আসেম। ভাকে রোমান আফিলার ডেবে লোকেরা ভার চারপাশে ভীড় জমাল। একব্যক্তি অনুযোগের স্বরে বললঃ 'দেখুনতো, আমাদের ছেলেমেরাগুলো ক্ষ্ধায় কেমন করছে, সরাইখানার মালিক ওদের খাবার দিছেনা। লোকটা ইছদী। আপনি ওকে একটু বলুন ভো।'

িশাল ভূঁড়ি দূলিয়ে এগিয়ে এল সরাইখানার মাগিক। আসেমের সামদে এসে গলা ফাটিয়ে ব্লদঃ 'হজুর। জামি ইছদী নই, একজন খৃষ্টান। ওদের কালাম যে দূটি কাফেলা এখান দিয়ে খানার সময় বাসী খাবার পর্যন্ত খেয়ে গেছে। একট্ দেরী করলে ওদের কটি তৈরী করে দিতে পারি।কিন্তু ওরা কথাই শুনতে চাইছেনা।'

ইটগোলকারীদের দিকে ভাকিয়ে আদেয কালঃ 'তোমরা ক'মিনিট সবুর কর। ভোমরা কি চাও এ লোকটা ব্যবসা গৃটিয়ে চলে যাক?'

কণার চেয়ে জাসেমের পোশাক দেখে ওরা এদিক ওদিক সরে গেল। সরাইখানার মাজিক শব্দির শ্বাস টেনে বন্দাঃ 'ইরানী গোয়েন্দাদের কোন সংবাদ পেলেন?'


ঃ 'কোন ইরানী গোয়েনা।' উৎকঠা গোপন করে আচেম প্রশ্ন করেল।

সরাইখানার মাগিক গড়ীর দৃষ্টিতে আসেমের দিকে তাকিয়ে কলাঃ 'মাফ করুন। সকাল থেকে যারা গ্রামের প্রতিটি ঘরে জন্নাশী নিচ্ছে আমি তেবেছিলাম আপনিও তাদের সাথে।'

শুকনো ঠোঁটে জিহবা বুলিয়ে জাসেয় বলগঃ 'কারা ভল্লাশী নিছে?'

- ঃ 'ওরা ভেরুজালেম থেকে এসেছে। ওখানে দুজন মহিলা গোয়েলাগিরী করত। ওরা এদিকে গালিয়ে এসেছে। সাথে রয়েছে একজন রোমান অফিসার।'
  - ঃ 'আন্তর্য। গ্রামবাসীরা গোয়েলাদের খাশ্রয় দেয়ার সাহস কোথায় পেলং'
- ঃ 'গ্রামের লোকেরা গান্ধার নয়। কিন্তু ওরা আমাদের কথা না শূনে সরাইখানা ভক্লানী নিয়ে গ্রামের দিকে চলে গেছে।'
  - ঃ 'ওরা কলন।'
- ঃ 'ওরা পাঁচজন। যাবার সময় বলে গেছে যে, মেয়ে দৃ'টোকে পাওয়া না গেলে গ্রামে জাগুন লাগিয়েদেবে।আপনিকোথেকে এসেছেন!'

কায়সার ও কিসরা ১৩৩



- ঃ 'দামেশক থেকে। যত ভাড়াভাড়ি সম্ভব আমায় জেরুজালেম পৌছতে হবে। পেছনে আমার ঘোড়াটা মরে গেছে। এন্দ্র হেঁটে এসেছি। এমৃহুর্তে একটা ভাজাদম ঘোড়া জরুরী।'
- ঃ 'আমার কাছে দুটা ঘোড়া ছিল। জেরুজালেমের সিপাইরা ওগুলো নিজের জন্য রেখে গেছে। ওদের রাজি করাতে পারলে আমার আপন্তি নেই। দেখুন, এ ধুসর খোড়াটা কত সুন্দর।'
- ঃ 'গুরা ইরানী গোয়েলাদের পিছু নিয়ে থাকলে মাঝে ব্যাঘাত সৃষ্টি করা ঠিক হবেনা। আমার জন্য একটা উটের ব্যবস্থা কর। আমি জেরুজালেমের গডর্শরের কাছে এক জরুরী পয়গাম নিয়ে যাচ্ছি। সামনের বস্তিতে ঘোড়া পেলে ভোমার উট রেখে যাব। এ জন্য তুমি উপযুক্ত মূল্য পাবে।'
- ঃ 'উটগুলো এসব মুসাফিরদের। সিপাইরা ওগুলোও নিয়ে গেছে। ওরা কিছুক্ষনেয় মধ্যেই ফিরে আসবে। আপনি বরং ওদের সাথেই কথা বলুন। কিছু মনে না করলে এফটা প্রশ্ন করর।'
  - ঃ'বল।'
  - ঃ 'ইরানীরা নাকি দামেশক আক্রমন করেছে।'
  - এক বুড়ো বলগঃ'হ্যাঁ, ভাগ কথা, রোমান ফৌজ কি পারবে দামেশকের হেফালত করতে?'
- ঃ 'যে কোন মূল্যে দামেশক রক্ষা করা হবে। অত চিন্তার কারন নেই। দামেশক থেকে অনেক দুরেই ওদের গতি রুদ্ধ হবে।'

এক যুবক এগিয়ে এল।ঃ 'জনাব' আমি দাফেশক থেকে এসেছি। গোকদের আর কত দিন মিথ্যে প্রবোধ দেবেন?' লোকজন এসে আনেমের চার পাশে জমা ২তে লাগল। আসেম বললঃ 'গুজব হুড়ানো কত বড় অপরাধ তা জান?'

- ঃ 'তা আমরা জানি।' আরেক ব্যক্তি এগিয়ে বগল। 'কিন্তু সত্য লুকালে মানুধ গুজবকেই বিশ্বাস করে।' আাসেম সটকে পড়তে চাইছিল। তেতরে এসে ঢুকল পাঁচজন সশস্ত সিপাই। প্রমাদ গুনল আসেম। কিন্তু সূথের বিষয় ওরা স্বাই সিরীয়। অফিসার গোছের একজন এগিয়ে আসেমকে সালাম করে বললঃ 'আপনি কোথেকে এসেছেন?'
  - ঃ 'দামেশকথেকৈ।'
  - ঃ'কখন পৌছেছেন ?'
  - ঃ'এইমাত্র।'
    - ঃ 'পথে একজন রোমান অফিসারের সাথে দুজন মহিলা দেখেছেন?'
- ঃ 'রাতে কয়েকটা কাফেলার সাথেই দেখা হয়েছে। কিন্তু আপনারা যাদের কথা কাছেন ডারা ওদের সাথে ছিল কিনা কাডে পারছিনা।'
  - ঃ 'আমি যাদের কথা বপছি ওরা জেকজালেম থেকে দামেশকে যাচ্ছে।'
- ় 'রাতে দামেশকগামী কোন কাফেলা জামার চোখে পড়েনি। সকালেও কোন মহিলাকে ওদিকে যেতে দেখিনি। পথে জামার ঘোড়াটা মরে গেছে। পায়দল এখানে পৌছেছি। দামেশকের সিপাহসালারের এক পুরুত্বপূর্ন পয়গাম নিয়ে জেরুজাকেম যান্দ্রি। এখন জামার একটা ঘোড়া

দরকার।' সিগ্রীয় অফিসারের চোথে সন্দেহের দোলা লাগল।ঃ 'দামেশক থেকে আপনি একাই আসছেন ১' অফিসার প্রশ্ন করল।

३'च्या।'

ঃ'পথের কোথাও থেমেছিলেন ?'

श्रेची।"

এবার সিরীয় অফিসার আসেমের চ্যোখে ছোখ রেখে প্রশ্ন করলঃ 'কি আন্তর্য। মাইল চারেক পেছনে আমাদের চৌকি। আট দশটা ঘোড়া ওখানে সবসমই থাকে। অথচ আপনি এখানে এসে সাহাযচাইছেন।'

ওর গলায় যেন ফাঁস পড়িয়ে দেয়া হল। তবুও উৎকণ্ঠা চেপে ব্ললঃ 'আপনি হয়ত জানেন না যে চৌকির সিপাইদের দায়েশক ডেকে পাঠান হয়েছে।'

এক ব্যক্তি এগিয়ে এল। ঃ 'গত সন্ধ্যায় ওপথে আসার সময় সিপাইদের ওখানে দেখেছি।' সিরীয় অফিসার আসেমের দিকে প্রশ্নমাখা দৃষ্টি ছুঁতৃল।

ঃ 'পথে ওদের সাথে আমার মাঝরাতে দেখা হয়েছে।' আমার যোড়াটা মরে যাবে জানলে । ওদের একটা নিয়েনিতাম।'

শ্বিত হেসে বন্দা আদেমঃ 'তখন কি জানতাম সবগুলো ঘোড়া গুৱা সাথে নিয়ে গেছে।' সিরীয় আফিসারকে আশ্বন্ত মনে হন। কিন্তু আসেমের মন বদছিল তার সন্দেহ দুর হয়নি। সরাইখানার মানিক জিজ্ঞেস করনঃ 'খাবারের ব্যাপারে আপনার নির্দেশ কি ?'

- ঃ 'ডৈরী হলে নিয়ে এস ঃ' বলল সিরীয় অফিসার।
- ঃ 'থাবার তো তৈরী। এথানে গোকজন জাপনাকে বিরক্ত করবে। ডেডরে জাসুন।'

সিরীয় অফিসার আসেমকে কাল ঃ 'সম্ভবত আপনিও খাননি । আসুন। খাওয়া দাওয়া সেরে আপনার সম্ভরের বলোকত করা যাবে।'

ওর। কন্দের দরোজায় এল। সিরীয় অফিসার একজন সিপাইকে ডেকে কানে কানে কি যেন কাল। সিপাইটি ছুটে গেল ছাপরার নীচে। একটা খোড়ায় চড়ে মুতুর্তে হাওয়া হয়ে গেল।

খানিক পূর্বেও আসেম ভেবেছিল এরা চলে গেলে ফুসতিনা এবং তার মা নির্ঝাঞ্চাটে দামেশক চলে যেতে পারবে। এজন্য ও জেরুজালেম যাবার জন্য মনে মনে প্রস্তুত্ত ছিল। কিন্তু সিপাইকে কোথাও যেতে দেখে ও চঞ্চল হয়ে উঠল। চৌকির অবস্থা দেখতে গেলে এখনি ফিরে আসবে। হয়ত চৌকির সিপাইরাও আসবে তার সাথে। তখন ফুসতিনা এবং তার মাকে খুঁজে বের করবেই। আমি যে রোমান জফিসার নই তা প্রকাশ হয়ে পড়বে। তাহলে আমি এখন কি করবং আমার কি করা উচিৎং

চাকর টেবিলে খাবার রেখে গেল। আনেমের ক্ষ্বা মরে গেছে। তবু ওদের দেখানোর জন্য খাওয়া শুরু করণ।

কায়সার ও কিসরা ১৩৫

নিরীয় অফিসার বলল ঃ'আমরা দামেশকের ব্যাপারে বিভিন্ন সংবাদ শুনে আসছি। কয়েকদিন পূর্বে শুনেছি আমাদের ফৌজ শহরের বাইরে গিয়ে মোকাবিলা করবে। এখন গুজব রটেছে যে ইরানীরা শহরে হামলা করে দিয়েছে। আপনি তো নিক্তই সঠিক সংবাদ দিতে পারবেন।'

ঃ 'জাপনারা জেনে রাখুন যে দামেশকে ইরানীরা চরম তাবে পরাজিত হবে।'

সিরীয় অফিসার জ্যাসেমের মুখের দিকে ভাকিয়ে বললঃ 'আমরা যে দু'জন মহিলাকে খুঁজছি ওরা ইরানী গুওচর। আমরা সংবাদ পেয়েছি এক রোমান অফিসার ওদের সাথে রয়েছে। কিন্তু কোথায় যে গা ঢাকা দিল। সম্ভবত ওদের গেছনে রেখে এসেছি। আমরা একজনকে সামনে পাঠিয়ে দিয়েছি। সামনে গিয়ে থাকলে নিশ্চয়ই খুঁজে পাওয়া যাবে।'

- ঃ 'আপনারা কবে থেকে তদের খুঁলছেল।'
- ঃ 'গডদিন থেকে এক স্তুর্ত বিশ্রাম করিনি। জেরুজালেমের সৈন্যরা আলরফীমের পথে খুঁজছে। কিন্তু গভর্নরের সন্দেহ, ওরা দামেশকের পথে এসেছে। ভেবেছিলাম পথের কোথাও পুকিয়ে থাকবে। কিন্তু দামেশক থেকে আসা কজন সিপাই বলল, ওরা দু'জন মহিলাকে একজন রোমান অফিসারের সাথে দেখেছে। আমি পেছনে রেখে এসেছি দশজন। ওরা আলেপাশের সব কয়টা গ্রামে ভল্লাশী নিচছে। সামনের চৌকির সংবাদ নিয়ে সিপাইটা ফিরে এলেই আমরা ফিরে যাব। সত্যিই কি পেছনের চৌকিতে কেউ নেই।'

দৃ' চার ব্যক্তির থেকে যাওয়া বিচিত্র নয়। কিন্তু কোন ঘোড়া ছিলনা। হঠাৎ বাইরে ঘোড়ার পায়ের শব্দ শোনা গেল। কিছুক্ষনের মধ্যে একট্ পূর্বের সিপাইটি এগিয়ে এল। ভীড়ের কাছে এসে সর্বশক্তি দিয়ে ঘোড়ার কাগা টেনে ধরল। ঘোড়া থেকে নেমে সিপাইটি চিৎকার দিয়ে কাল ঃ 'বরবাদ হয়ে গেছে। গজব হয়ে গেছে। দামেশকে ঢুকে পড়েছে ইরানী ফৌজ।'

কিছুক্দন জফিসারের মূখে কোন কথা ফুটলনা। এরপর দাঁড়িয়ে সিপাইকে প্রশ্ন করলঃ 'পেছনের চৌকি থেকে এড জ্লাদি ফিরে এসেছ?'

- ঃ 'ওখানে যাইনি। পথে একদল সৈন্যের সাথে দেখা। ওদের কাছে এ সংবাদ শুনেছি। তাদের পিছনে ফেলে ভাষি তাড়াতাড়ি ছুটে এসেছি।'
  - ঃ 'ভূমি চৌকিডে যাওনি কেন?'
- ঃ 'ইরানীর। দামেশকে ঢ্কে পড়েছে, আপনার কাছে এর বৃঝি কোন গুরুত্ব নেই। ওখানে নির্বিচারেগনহত্যাচলছে।'

মৃত্বুর্তের মধ্যে জাঙ্গিনার এ প্রান্ত থেকে ও প্রান্ত পর্যন্ত এ দুঃসংবাদ ছড়িয়ে পড়ল। উৎকণ্ঠিত জনতা ছুটে এল ভেতরে । হঠাৎ ক্ষুরের শব্দের সাথে ভেসে এল রথের চাকার ঘর্ষর শব্দ। কেউ চিৎকার দিয়ে কলঃ 'ফৌজ আসছে, ফৌজ আসছে।' একসঙ্গে সবাই ছুটে গেল সড়কের দিকে।

সিরীয় অফিসার কক্ষ থেকে বেরিয়ে গেল। তাকে অনুসরন করল আসেয়। অপাক্তে তার দিকে তাকিয়ে অফিসার সভুকে ছুটে এল। এদিক ওদিক চাইল জাসেয়। আহিনা জনশূন্য। সোকজনের দৃষ্টি দামেশকের পথের দিকে নিবদ্ধ। আসেম সড়কের দিকে এগিয়ে গেল কয়েক পা। হঠাৎ ফিরে এল ছাপরার দীচে। সড়কের কেউ এদিকে তাকাচ্ছেনা। ধুসর যোড়ার সাথে আরো দুটো যোড়ার রশি কেটে ছাপরার পেছন দিয়ে বেরিয়ে এল।

আশগাশের ঝড়ী থেকে তখনো গোকজন সভ্বেত্য দিকে যাজ্জি। কেউ ভার দিকে তাকালনা। এক মহিলা ইঙ্গিভে তাকে থামাতে চাইল। আসেয় দ্রুত ঘোড়া ছুটিয়ে দিল।

ওদিকে ঘটল আরেক ঘটনা। সিরীয়ে অফিসার দু'হাত উপরে তুলে সড়কের মাঝে গিয়ে দাঁড়াল। সামনের রথে এক বিশাল দেহী রোমান। সর্বশক্তি দিয়ে ঘোড়ার কাগা টেনে ধরণ সে। অফিসারটি তাকে সালাম করে কালঃ 'দামেশকের খবর কি?'

- ঃ 'কি বলছ?' রাগে ঠোঁট কামড়ে কাল সে।
- ঃ 'এই মাত্র একটা দৃঃসংবাদ শুনলাম।'
- ঃ 'শুনে ঞ্চাক্তলে পথে দাঁড়িয়ে আয়াদের সময় নষ্ট করছ কেন ?'
- ঃ 'পেছনের চৌফির সিপাইরা কি দামেশক চলে গেছে!'

এবার তার থৈর্যের বাঁধ তেংগে গেল। ছেড়ে দিল যোড়ার বাগ। মৃত্তরে দথ্যে হাওয়ায় তেনে চলদ আটটা রথ। দর্শকরা অফিসারের পাশে ভ্রমায়েত হতে লাগদ। এদিক ওদিক চাইল সে । এরপর চিৎকার দিয়ে বলগঃ 'সে ফোথায় ং কোথায় সেই রোমান ?'

ভার এক সংগী বলন ঃ 'এভক্ষণ ভো এখানেই ছিল।'

তীড় ঠেলে সরাইখানার দিকে ছুটল প্রকিসার। প্রথমে অঙ্গিনার আশপাশটা দেখল। এরপর ভেতরে ঢুকে গলা ফাটিয়ে কল ঃ 'গুকে ধরো। ও যদি পাণিয়ে যায় তবে তোমাদের চামড়া তুলেফেলব।'

সরাইখানার মালিক ছুটে গেল ছাপরার কাছে। মাথায় হাত দিয়ে বলল ঃ 'হায়, হায়। সে আমার ধুসর ঘোড়টো নিয়েগেছে।'

অফিসার ভাড়াভাড়ি একটা ঘোড়ার রশি বুলতে বুলতে বলগ ঃ'ও বেশী দূর খেতে পারেনি। তার সংগীরা আশপাশে কোথাও গুকিয়ে আছে। ও নিশ্চয়ই মহিলাদের সঙ্গী। ভোমরা জলদি ঘোড়ায়উঠে বস।'

এক ব্যাক্তি বলগঃ 'ধূসর ঘোড়ার সওয়ার ওদিকে যাছে।'

- ঃ 'আমিও তাকে দেখেছি।' আরেকজন বলদ। 'কিন্তু সে তো একজন রোমান অফিনার।'
- ঃ 'আরে বেওকুফ, সে রোমান নয়।' বলে লাফ মেরে ঘোড়ায় উঠে বসল অফিসার।

সীমাহীন পেরেশানী নিয়ে মেয়ের দিকে তাকিয়েছিলেন ইউসিবা। ঃ'ফ্সভিনা, ও জনেক দেরী করে ফেলল। বলতো এখন আমরা কি করি?'

- ঃ 'আমা, আমার আশংকা হচ্ছে ও আবার ধরা পড়ল নাকি?'
- ঃ 'আমাদেরকে দেরী না করার জন্য ও বার বার বলে গেছে।'

কারসার ও কিসরা ১৩৭





- ঃ 'আপনি নিজেইতো বৃঝেন ওকে ছাড়া আমন্ত্রা সঞ্চর করতে পারবনা।'
- ঃ 'পাচ্ছারে ফুসন্ডিনা ও আমাদের ধোকা দেয়নি তো ?'
- ঃ 'নিজের যোড়াটা এখানে রেখে গেছে। এরপরও কি তাকে জবিশ্বাস করা যায়?'
- ঃ 'লা, তাকে জবিশ্বাস করছিনা। কিন্তু ধরা পড়লে যন্ত্রণা দিয়ে দিয়ে যদি আমাদের কথা বের ফরে ফেলে। আমাদের জন্য জীবন খোয়াবে ভার জন্য এমন কিইবা আমরা করেছি।'
া পাপনি হয়ত আমার কথা বিশ্বাস করবেন না। সত্যি বলতে কি, অতীত আমায় কিছু শোগাদান। আমার দৃঢ় বিশ্বাস, আমি যদি আবার পেছনে ফিরে যাই বার বার এ ভূলের পুনরাবৃত্তি করব। আবার কোন আহত দৃশমন কে অসংকোচে তার বাড়ী পৌছে দেব। আবার ভালবাসব লাগিরানকে। আমার ভালবাসার ফুলগুলি তার জনা আগুনের ফুলকি হয়ে উঠবে একবার ও সে কিয়া করবনা। নিঃস্ব রিক্ত হয়ে ছুটে যাব জেরুজালেমের কাছের এক সরাইখানায়। দৃতিনাদের সাহায্য করতে গিয়ে ভাবব এই বৃত্তি আমার জীবনের লক্ষ্য। এরপর আমার বিবেক মানগুমের পক্ষে তরবারী ভোলার জন্য আমায় অনুপ্রাণিত করবেনা। আমার শক্তি নিঃশেষ না হওয়া পর্যন্ত আমি জালিমের সাহায্য করব। মজপুমের রক্তে আমার হাত রংগীন না হওয়া পর্যন্ত অন্যারী কোষ বন্ধ করবনা। নিম্পাপ মানুষের বৃক্তে খল্লর চালাতে হাত ক্রীপবেনা।

শক্তাকে যে যুবক শান্তির বানী শুনাতো , দুশমনকে রক্ষা করার জন্য যে হত্যা করেছিল বানন কে, একি সেই নওজায়ান? কবিলার সাথে সম্পাক ছিন্ত হয়ে যাবার পর মানসিক শশান্তির জন্য হিংত হায়েনার সংগী হবাে, কখনা ভাবিনি। সিন্নিয়া থেকে হাবশার সীমান্ত পর্যন্ত শানার হাবশা থেকে কলুনত্নিয়া পর্যন্ত ভ্রমন কারীর পথ কি দু'টো নয়। এত কিছুর পরও কি নিজনে নিঝাস করতে পারি? জীবন তর পথে ঠোকর খেয়ে খেয়ে ক্লান্ত হয়ে একস্থানে বসে থাকাই আমার পুরস্কার। আমায় স্বীকার করতে হবে, পৃথিবী পূর্বে যেমন ছিন, ভবিষ্যতেও তেমন থাকবে। আমি ক্লান্ত চাচা, আমি হেরে গেছি। আগামী দিনের প্রতিটি পথের বাকে আমার জন্য অপেন্দা করছে নিঃসীম জন্ধকার। আগনি বলতেন, পৃথিবী আধারে ছেয়ে গেলে খোদার কোন বান্দা প্রভাত রশ্যির পয়গাম নিয়ে আসেম। ক্লান্ত প্রান্ত কাফেলা নত্ন আশায় বুক বেঁধে আর শেহনে চলতে থাকবে। হায়। মৃত্যুর পূর্বে যদি এমন কোন রাহন্মা পেতাম যার আন্তয়াজ হবে আমায় বিবেকের প্রতিধ্বনি, থিনি আমায় বলবেন পৃথিবীতে কেন এসেছি? কোন পথে নেই ব্রিয়াপ্রতিনা বেলা

হতাশা, প্রবঞ্চনা। কোন বিধান সমাজ জীবনের জশান্তির কাল মেঘ দূর করে দিতে পারে। সে কোন শক্তি জালিমের কৃপাণ তার হাত থেকে ছিনিয়ে নেয়। কোন সে আইন যা বংশ গোত্রের মাঝে ডাতৃত্বের বন্ধন দৃঢ় করে।'

ঃ 'আমার দোন্ত। তুমি একা নও। দুনিয়ার হাজার হাজার মানৃষ তোমার মত ভাবে। তুমি ধার সদ্ধান করছো তার আসার সময় হয়ে গেছে। খার আলোর ঝলক আধারের ভাজ কেটে কেটে দুনিয়াটা আলোময় করে তুলবে, তার আসার সময় আসন্ত। আধার রুপ্তর ঝলমলে তারা হেমন উদ্ধার আলো ফোটার সুসংবাদ দেয়, মজনুম মানবতার ভবিষ্যত তেমনি তার আগমন সংবাদ দিছে। যে সব খোদা প্রেমিক তার পথ পানে তেয়ে আছেন আমি তাদের দেখেছি। তাদের ধারণা, গীর্জা এবং সম্রাটরা এ সমাজ বদলে দিতে অক্ষম। মানুষের মুক্তির জন্য সে মহামানবের প্রয়োজন যাকে দেখলে মনে হবে ইশরের নুর দেখছি।

এ ব্যবসার প্রতি আগার এত আগ্রহ কেন জান আদেম । আমি কবছর থেকে ভাবছি, কোন এক মুসাফির আমার সরাইখানায় এসে বদবে, তুমি খার পথ চেয়ে আছ, তিনি পৃথিবীতে এনেছেন। তথন আমি সব ছেড়ে দুড়ে তার কাছে ছুটে যাব। একবার এক ব্যবসায়ীর কাছে ভানেছিলাম, মন্ত্রায় একজন নবী এসেছেন। কিন্তু ব্যবসায়ী তাকে উপহাস করণ। এরপর তেবেছি মন্তার কোন বিশ্বস্ত লোক পেলে তাকে ভার কথা জিজ্ঞেস করব। এমনকি আমি নিজেই মন্তা যাবার প্রস্তৃতি নিয়েছিলাম। কিন্তু পরিস্থিতি আমায় সে সুযোগ দেয়নি। হয়ত এ সংবাদ ঠিক নয়। তবুও আমি নিরাশ নই। পরগাম নিয়ে কয়েকজন বুযুর্গের মুখে যা ভানেছি ভা মিথ্যে হতে পারেনা।

- ং 'আমি যে আপনার মত ভাবতে পারিনা। আমার দৃষ্টিরা আমায় বার বার প্রভারিত করেছে। কিভাবে আপনার মত করে ভাবব ? আমল নকশে কিভাবে পার্থকা করব। আমার যে বিবেক আমায় ইয়ান সেনাবাহিনীতে যোগ দিতে বাধ্য করেছিল তাকে বিশ্বাস করব কি ভাবে? যে পথ প্রদর্শককে মানুষ খোদার নবী মনে করে কি করে বৃক্ষব সে আরু সব মানুষেরচে ভিন্ন?'
- ঃ 'তিনি ঈশ্বরের নিদর্শন নিয়ে আসবেন। শত্রুও ভার প্রশংসা করবে। অসহায় বঞ্চিত মানুষকে তিনি আশ্রয় দেবেন। প্রতিষ্ঠা করবেন ন্যায় ইনসাঞ্চ। তার ব্যক্তিত্বে অত্যাচারীর মাথা নুয়ে পড়বে। তার পথে বাঁধা দানকারীরা উড়ে থাবে খড়কুটার মন্ত, যেখানে তিনি পা রাখবেন খোদার অনন্ত রহমতের ধারায় তা সিক্ত হবে। সন্মান পাবে ভার অনুসারীরা। বিরোধীরা হবে লাঞ্চিত। তিনি নিক্তই আসবেন। আসেম। তাকে দেখগেই তুমি বুঝতে পারবে, ভোমার আকাশ থেকে দুর্ভাগোর কাল মেঘ কেটে গেছে।'

আদেম কতক্ষণ নিঃশব্দে ফ্রেমসের দিকে তাকিয়ে রইল। অবশেষে বললঃ 'হায়! আপনার কথাগুলো যদি বিশ্বাস করতে পারতাম।'

ঃ 'ডোমার বয়েস আমার সমান হলে ব্ঝাবে এ বিশ্বাসই তোমার শেষ সহল। উঠে দাঁড়াল ফ্লেমস। ঃ 'আপনিযাছেন?'

২৬০ কায়সার ও কিস্যা

া। আপুনি কে কথা দিয়েছি। ও আমার জন্য অপেকা করবে। জুলিয়া কে ভয় পেলে আমার সাথে চল্য

ালের সৃতিক হেদে ফুেমসের সাথে হাঁটা দিলঃ থানিক দুরে পিয়ে বগলঃ 'আমি জুলিয়াকে লা লালনা। ও আমার কাছে চৌরান্তার স্টেচোর মতোন। তবুও কথনো কথনো মনে হয় ও লালের মতোবর বায়ার কাছে চৌরান্তার স্টেচোর মতোন। তবুও কথনো কথনো মনে হয় ও লালের মনে হয় আমার হারানো অতীত দৃত্তির সামনে এসে দাঁভিয়েছে। এটা ওর আত্তরিকতা লালের এনে থালের কিন্তা কিন্তু ওর এ হুদ্যতা দেখলে মনে হয় ফুন্তিনা নতুন রূপ নিয়ে আমার লালের এনে দাঁভিয়েছে। ও যেন আমার বলছে, আমি সীনের কন্যা হলেও নিরহংকার। আমি লালার নই। বয়স বাড়ার সাথে নাথে আমি অতীত ভূলে যাব ওচায়ার এ ধারণা ঠিক নয়। লালার হাত থেকে বাঁচবার জনাই আমার পিতা তোমায় মিসর পাঠিয়েছিলেন তোমায় নাগানাও ভূল। তাকে আমি সব বলেছি। যুদ্ধে ধাবার জনা আমি তোমায় বাধা করেছি আমায় এ লালা দিতে পারবেনা। তুমি ইচ্ছে করেই যুদ্ধে গেছ। আমি কেবল তোমায় সন্তুই করতে লালাভাগান ফিন করে ধরে রাক্তাম। তুমি ফিরে এসো, আহত হলে দেবা করব, অনুত্ব হলে পালার করব। আমার চোখে তেসে বেড়ায় ওর মায়াময় চাহনী। যে চাহনীতে খেলা দাবছে অফুরপ্ত ভালবাসা।'

াাদেয় থামপ। কয়েক পা এগিয়ে আবার কাপঃ 'চাচা, কি বগছি নিজেই জানিনা। আরো কাশ্যান এডাবে বলতে থাকলে আপনি হয়ত আমায় পাগল মনে করবেন। ধলতে লক্ষা নেই, কৃতিনার খৃতিরা আজা, আমায় উদাস করে ফেলে। পৃথিবীয় প্রতিটি সুন্দর মেয়ের চোখেই পেখতে পাই তার ছবি। একদিন ক্লেডিসের বাড়ী থেকে আমি বেড়াতে বেরিয়েছিগাম কিরেছিগাম, রাতে। বলতে পারেন কোথায় গিয়ে ছিলাম?'

ঃ 'ভূমিতো বলেছিলে শহরের বাইরে গিয়েছিলে। ফেরার সময় রাত হওয়ায় পথ হারিয়ে
্বেলেছিলে। কিন্তু সেদিন ভোমায় দেখে বুঝেছিলাম যে, ভূমি মানসিক অশান্তিতে ভূগছ।'

স্থাত্তির পর পানির কাছে চপে গেলাম। ঝাপ দেব হঠাৎ মনে হল আপনি পেছন থেকে আমার জামা চেপে ধরে বলছেন, পাগলামী করোনা আসেম। তুমি সাঁতরে ওপারে থেতে পারবেনা। রোমানদের হাতে না হলেও ইরানীদের হাতে হারা পড়বে। ফুন্তিনা জানবেনা তুমি ওর প্রেমের জন্য জীবন দিয়েছ। এরপর রাতে নৌকা চুরি করে বসফরাস পাড়ি দেব ডেবেছি। কিন্তু স্যোগ পাইনি। কয়েক ঘন্টা এদিকে ওদিকে খোরাঘুরি করার পর নিরাশ হয়ে পড়গাম। জাবেগে ডাটা পড়ল। তথন মনে হল, কি এক ডয়ংকর স্বপু দেখে জেগে উঠেছি।

কস্তৃনত্নিয়া যাবার এ ছিল আমার প্রথম এবং শেষ চেটা। সেদিন লভ্জা আর অনহায়ত্বের অনৃভ্তি আমায় চেপে না ধরলে আপনার কাছে কিছুই গোপন করতামনা। আজা, আমি যদি সেদিন না আসতাম, আপনি কি বৃঞ্জেন আমি বসফরাসের ওপারে চলে গেছি। আপনি আমায় কিভারতেন?

ঃ 'আমি ভাবতাম, এক অসাধারণ যুবক দৃঃসাহসিক অভিযানে চলে গেছে। মনে করতাম, বসফরাসের ওপার থেকে হয়ত কোন মজসুমের আর্তচিৎকার তোমার কানে ভেসে এসেছে। অথবা স্বপুে কেউ োমার সাহায্য চেয়েছে। ভূমি চলে গেছ তাকে সাহায্য করতে।'

আদেম বলনঃ 'বাড়ী থেকে বের হবার সময় যদি বলি আমি ফুস্তিনা কে দেখতে যাচ্ছি। আমি ফিরে পেতে চাই আমার হারানো জতীভকে তখন আপনি কি ফরতেন?'

ঃ 'আমি ভোমায় বাঁধা দিতামনা। তুমি অযথা নিজের জীবন বিপন্ন করবে এমনটি আমি করনোও করিনা। আর তা হলেও কিছুই বলতামনা ভোমায়। আমি ভাবভায়, নিরাপদে বসফরাসের ওপারে পৌঁছার কি সুযোগ রয়েছে। তোমার কোন বিপদ এলে আমি কন্দুর ভোমায় সাহায্য করতে পারি।'

আদেম গ্রম উৎকঠা নিয়ে ফ্লেমদের দিকে ভাকাল:

- ঃ 'আমার সাথে কৌত্ক করছেন?'
- ঃ 'না আসেমা আমি কৌতৃক করছিনা। চোখ বন্ধ করে যারা পথ চলে আমার কাছে তৃমি তাদের মত নও আমি দেখেছি তোমার সচেতন আতা। তৃমি আমায় তোমার মনের সব কথা বন্দণেও মনে করব তৃমি বিপথে চল্ফেনা। '

নীরবে উভয়ে পথ চলতে লাগল। ইঠাৎ থেমে আদেম বশলঃ 'সরাইখানার ব্যবসায় আমি ভূপ্ত' এতে কি মনে হয়না আমি কোন বিপদজনক পথ গ্রহণ করার সাহস হারিয়ে ফেলেছিঃ আমি গুধু বেঁচে থাকতে চাই।'

- ঃ 'না। বর্তমানকে নিয়ে তৃমি সন্তুষ্ট থাকতে পারবেনা। আমার দৃত বিশ্বাস, তোমার বিবেক ইঠাৎ করেই একদিন তোমায় সচেতন করে তৃনবে। এক মুহূর্তত দেরী না করে তৃমি দ্যাড়িয়ে যাবে অড়ের মুখোমুখী।'
- ঃ 'বন্দুনত্নিয়ার লাখো মান্য ধাংদের হাত থেকে বাঁচালোর জন্য আমি কিছু করতে পারি একথাতো আপনি আময়ে কোনদিন বলেননি। আপনি যদি আমায় বিশ্বাস করতেন ভাহলে ২৬২ ক্যানার ও কিমর।

নি ক্রাম ব্রেডিফের সাথে যাধার জন্য আমায় বাধ্য করতেন। ও যে কি বিপজনক অভিযানে নিয়োক তা আপনার অজানা নয়। শোনা যাছে, কাইজারের সাথে জংগী কবিলাগুলোর সন্ধি নাজ। এরপরও কপুনত্নিয়া সম্পতিক আমি নিশ্তিত্ত নই।'

্রাজন একজন রোমান দৈনিক। দেশ রক্ষার জন্য যে কোন যুক্তি তাকে নিতে হবে। কিন্তু ত্রাধিনিজ্যে ইচ্ছের উপর স্বাধীন।'

- ে আপনি কি জানেন, ক্লেভিস আমায় ভার সাথে যেতে বগলেঃ অস্বীকার করতাম না। '
- ঃ 'আনি। ও নিজের জিন্মাদারীতে তোমায় শরীক করণে তাকে প্রকৃত বন্ধু মনে করতামনা।'
- ানিদের একটা সময় ইরানীদের বিজয়ের জন্য ব্যয় করণেও আমার সংস্কৃতি রয়েছে ন্যামানদের জন্য। ক্লেডিসের সাথে কেন গেলাম না এ ভাবনা কথনো আমায় চঞ্চল করে লেনাল। আমি চাই, বাজনাতীন সালভানাভের দৃঃখের রাভ শেষ হয়ে যাক। জানিনা করে সে দিন আসবে। বলুন ভো আমি কি করতে পারি।'
- ঃ 'শুধু অপেক্ষা করতে পার। আসেম। দৃঃসময়ের জনা অপেক্ষা করতে হলেও হিপতের াথোনান। আমি বলতে পারি, এ যুদ্ধ ইরান, রোমান অথবা ত তারীদের রক্তের পিপানা মিটাতে পারবে না। এ যুদ্ধে একজন অন্যজনকৈ পরাজিত করতে পারবে। যার ফলে আজকের লাগেম কাল হবে মজলুম। যে বিধানে আছে ইরানীদের কাছে, না আছে রোমান অথবা ভাঙারীদের কাছেই।'
- ঃ 'আপনি আবার পূর্বের কথায় ফিরে গেলেন। আমার আশংকা হচ্ছে, আপনি আবার সে পথ শুদর্শকের প্রসঙ্গ টেনে আনবেন, যার আগমন ছাড়া ইনসানিয়াতেন মুক্তি সম্ভব নয়।'
- ্ত 'ভূফার্ড ব্যক্তি পানি ছাড়া আর কি চাইন্ডে পারে। তদিকে দেখব বলেই ফ্রেমস সামনের দিকে ইংগিতে করে বলগঃ মারতেশের চাকর , সন্তবত আমাদের খৌজে আসছে।'
- ঃ 'ওরা থেমে গেল। চাকরটা ভাদের দেখেই এক দৌড়ে কাছে এসে বর্গনঃ 'আমি
  আদনাদের থোজেই যাঞ্চিপাম। মুনীব আপনাদের গরপ করেছেন।'
  - । 'কে ক্লেডিস।' ফ্রেমস প্রশ্ন করপ।

  - ঃ 'ও কাবে এনেছে?'
- ় 'গত সন্ধ্যায়। এসেই তিনি কাইজারের সাথে দেখা করতে চলে গেছেন। খাল দৃণুর পর্যন্ত ান নাজ ছিলেন। খাবার পর আপনাদের কাছে আসতে চেয়ে ছিলেন কিন্ত ব্যস্তভার জন্য সন্তব মানি। এখানো তিনি ভার কজন বন্ধু এবং কজন সিনেট সদস্যের সাথে কথা বলছেন '
  - ্যাল্যস আসেনকে বলগঃ 'মনে হয় ক্লেডিস কোন গুরুত্বপূর্ণ থবর নিয়ে এসেছে!'
- ় 'ভাই হবে !' চাকরটি বলগ, 'তিনি নিশুয়ই কোন গুরুত্বপূর্ণ থবর নিয়ে এসেছেন। তা না হলে ফৌজি অফিসার এবং সিনেট সদস্যরা এও ঘন ঘন তার কাছে আসতেননা। ভোরে পান্নীও তার সাথে দেখা করতে এসেছিলেন।'

শ্রমার ও বিসরা ২৬০ @Priyoboi.com



ক্রেডিসের বাড়ীতে শহরের বড় বড় শোকদের আনাগোনায় মনে হজিল আদতেই ও কোন্ গুরুত্বপূর্ণ সংবাদ নিয়ে এসেছে। লোকের ভীড় ঠেলে আদেম এবং ফ্রেমন ভেতরে প্রবেশ করল। খোলা জায়গাটুকু পার হয়ে এল ওরা। কিন্তু বৈঠকখানার সিড়ি পর্যন্ত প্রচন্ড ভীড়। ওরা দাড়িয়ে পড়ল। চাকর বলল ঃ 'আমরা পেছন থেকে চুকুব। আসুন আমার সাথে।'

ওরা চাকরের পেছনে চলল। কিন্তু বাড়ীর পেছন দিকে মহিলাদের ভীড়। বাধ্য হয়ে ফিরে এল ওরা। কয়েক মৃতুর্ত দাড়িয়ে আকার পর পদর বিশব্দন পোক বৈঠকখানা থেকে বেরিয়ে এল। বারান্দার লোকেরা ঢুকে গেল ভেতরে। ফ্রেম্ম্ম এবং আমেম দরকার সংমনে গিয়ে দাড়াল।

লোকদের বিভিন্ন প্রশ্নের জবাব দিছিল ক্লেভিস। ডানে বায়ে ক'জন উচ্চ পদন্ত লোক চেয়ারে বসে। কার্পেটের উপর চাদর পেতে দেয়া হয়েছে। বাকীরা বসেছে সেখানে। এক দীর্ঘকায় কার্ট্টী আসেম এবং ফ্রেমসকে সরিয়ে একজন প্রবীন রোমানের জন্য পথ করে দিল। বৃদ্ধ তেতরে চুকতেই কক্ষের সবাই দাড়িয়ে পড়ল। ক্লেডিস কয়েক পা এগিয়ে বুড়োর সাথে মোসাফেহা করে বলল ঃ 'এসে আপনার কাছে যাওয়া দরকার ছিল। কিন্তু বাড়ী থেকে বেরোভেই পারছিনে।' বৃদ্ধ মুচকি হেসে কালেন ঃ 'জানভাষ, এমন সংবাদ শুনলে কন্তুনভূনিয়ার প্রতিটি সচেতন ব্যক্তি ভোমার সাথে দেখা করভে আসবে।'

রেণ্ডিসের পিতা বৃদ্ধের হাত ধরে শিজের চেয়ারে বসিয়ে দিল। এই বৃদ্ধ একজন সিনেট সদস্য। রেণ্ডিসকে হেভে পোকজনের দৃষ্টি এবার তার দিকে ঘুরে গেল। তিনি কয়েক মৃতুর্ভ নীবর থেকে ক্লেভিসকে লক্ষ্য করে বললেনঃ 'আমি কাইজারের সাথে দেখা করে এসেছি। ভোমায় বেশী প্রশ্ন করে পেরেশান করবনা। তব্ও তুমি যে জংলী রাজার সাথে দেখা করেছ একথা নিজের কানে শুনতে চাই।'

ঃ 'এ খবর তো বাসী হয়ে গেছে। এখন অস্বীকার করলেও কেউ বিশ্বাস করবেনা।'

বৃদ্ধ বললেনঃ 'বেটা। তোমায় মোবারকবাদ দিঞ্চি। এ সাক্ষাতে খদি কাইজারের ইচ্ছে পুরণ হয়, আগামী দিনের ঐতিহাসিকরা ডোমায় রোমের ত্রাণকতা মনে করবে। কিন্তু তোমার কি ধারণা, জংলীরা আমাদের সাথে কোন সমকোতায় আসবে?'

খানিকটা ভেবে নিয়ে ক্লেডিস বঙ্গল ঃ 'আপনাকে কোন শান্তনাপ্রদ জবাব দিতে পারছিনা। শুধুমাত্র কন্তৃকতুনিয়ার পরিস্থিতি আমাকে ভাতারীদের ক্যাম্পে যেতে বাধ্য করেছিল। খাকানের সাথে দেখা করেছি। ইরানীদের মত ওরা সন্ধির খ্যাপারে একরোখা নয়।'

এক রোমান বলগ ঃ 'থাকানের সন্ধির ইচ্ছে থাকলে কন্তৃনত্নিয়া আসতে চাইলনা কেন।'

্রোডসের পরিবর্তে মারকাশ বলগেন ঃ 'সদির প্রয়োজন আমাদের, ওদের নয়: খাকান যে ক্রোডিয়া আসতে রাজী হয়েছেন এটিই ঈশ্বরের করুণা।' আরেকজন বলস ঃ'একা একা আগানীদের ক্যাম্পে যাবার ঝুকি নিয়ে নিঃসন্দেহে ক্লেডিস দৃঃসাহসের পরিচয় দিয়েছে। কিন্তু করে লার এ মৃত্তে কন্তুনতুনিয়া হেডে কোথাও যেতে চাইবেন না।'

। 'নিজের মহলে বদে কাইজার ডাডারীদের অপেকা করবেন না।' মার্টিনের কণ্ঠে বিরক্তি। 'সন্ধির জন্য সমাট তাদের ক্যাম্পে যেভেও পিছপা হবেন না।'

ক্রেডিস বলল ঃ 'আমি ফদ্র জানি, কস্ত্নত্নিয়ার জন্য সমাট যে জোন বৃঁকি নিতে প্রস্তুত।
কিন্তু তিনি একা সেখানে যাবেননা। জনসাধারণকেও তার সাথে যেতে হবে। আমাদেরকৈ প্রমান করতে হবে, আমরা এখনো মরে যাইনি। এ কিন্তু আমরা যদি কন্তুনত্নিয়া থেকে বেরোতে তয় পাই তাহলে সন্ধির ব্যাপারে ওরা আরো কঠোর হয়ে উঠবে। ভাভারীদের ছাউনীতে দেখেছি কৃতি, তীরন্দাজী এবং যোড় দৌড়ের অনুশীলন। আমি পাঁচদিন ওখানে হিলাম। আমাকে জংলী রাজ খাকানের সামনে হাজির হওয়ার পূর্বে এক দৈতোর সাথে লড়তে হয়েছিল। তার ঘাড় তেংগে দিতে পেরেছি বলেই আজ আমি আপনাদের সামনে। আন্তাবলের শাদা খোড়াটা আমায় কৃতির পর পুরস্কার দেয়া হয়েছিল। আমি ফদ্র ব্রেছি, খাকান নিজের শক্তি প্রদর্শন করে কাইজারকে দুর্বগাকরে দিতে চাইবে।'

এক যুবক বলগ ঃ 'কল্পুনত্নিয়ার জনগণ আপনাকে নিরাশ করবেনা। কিন্তু কোন কোন সিনেট সদস্য সমাটের কল্পুনত্নিয়ার বাইরে যাওয়াটা হয়ত পদন্দ করবেনন। কাইজারের নির্দেশ পেলেও এরা হেরাকস যায় কিনা আমার সন্দেহ হচ্ছে।'

ঃ 'আমরা তাদের চিনি।' মারকেশ বলগেন। 'কিন্তু তুমি নিশ্চিন্ত থাক। কেউ এ ব্যাপারে দুর্শলতা দেখালে কন্তুনতুনিয়ায় তার স্থান হবেনা।'

মার্টিন মৃদ্ হেসে ক্রেডিসকে জিজেস করলেন ঃ 'এখানে সিলেট সদস্যাদের সমালোচনা করা হছে। আমিও হেরাকল যেতে ভয় পাছি, তোমার বন্ধুদের আবার এ সন্দেহ হছে নাঞি ঃ'

ঃ 'আমার বন্ধুরা এখনো এতটা নিরাশ হয়নি। ওরা জানে, তাতারীদের ছাউনীতে কোন অভিজ্ঞ লোক পাঠানোর দরকার হলে প্রথমেই আপনার নাম আসবে।'

মার্টিন দাঁড়িয়ে বন্ধদেন ঃ 'ক্লেডিস, ড্মি ক্লান্ত। তা নয়ডো খাকানের সাথে তোমার সাক্ষাতের বিস্তারিত বর্ণনা শুন্ডায়। ত্মি বিশ্রাম কর। তোমার দোন্তদের প্রতি অনুরোধ, তারা যেন তোমায় বিশ্রামের সুযোগ দেয়।'

মার্টিন বেরিয়ে যাবার সাথে সাথে কক্ষ খালি হয়ে যেতে লাগল। ক্লেডিস পিডার পাশে একটা চেয়ারে বসে পড়ল। ক্লেমস এবং আসেম ভেতরে চ্কল। ক্লেডিস শশুরের সাথে মোসাফেহা করে আসেমকে বুকে জড়িয়ে ধরে বলল ঃ 'আসেম, আমি নিজেই তোমার কাছে যেতে চেয়েছিলাম। কিন্তু বাস্তভার জন্য পারিনি।'

ু 'আপনার ব্যস্ততা তো নিজেই দেখলাম।'

তখনো ক'জন উচ্চ পদস্থ লোক বসে ছিলেন। এক অপরিচিত ব্যক্তির সাথে ক্রেডিসের এতটা মাখামাথি দেখে ওরা পেরেশান হয়ে উঠল। ক্রেডিস আসেমের সাথে কথা শেষ করে উপস্থিত লোকদের বললঃ 'আপনারা সম্ভবত আসেমকে চেনেননা। ও এক আরব। ওকে বন্ধু এবং ভাই বলে আমি গর্ব অনুভব করি।'

- ঃ 'ক্লেডিস। তোমার বন্ধু কয়েকদিন থেকে এখানে আসতে চাইছেনা।' মারকাশ বললেন।
- ঃ 'গত কয়েকদিন আমি খুব ব্যস্ত ছিলাম। আশা করি ভবিষ্যতে এমনটি হবেনাঃ'

এক রোখান বৃবক আসেমের দিকে ফিরে বলন ঃ 'আপনি কি কাজ করেন, জানতে পারি ?' ভার ঠোঁটের কোণে শ্রেষের হাসি দেখে ফ্রেমসের গা জুলে উঠল। ঃ ও একটা সরাইখানায় কাজ করে। কেন ভোমার কি কোন ভাপত্তি আছে?'

ঃ 'নাতানয়।'

ক্লেডিস ফ্রেমসের সাথে খানিক আলাপ করে আসেমের দিকে ফিরে বলন ঃ 'জাসেম! হেরাকলে খুব শীঘ্রই আমরা একটা মেলার আয়োজন করছি। আমার কন্তৃনভূনিয়ার সব বন্ধুরা ওখানে যাচ্ছে। কদিনের ডেডর ভূমিও ওখানে চলে এসো।'

- ঃ 'আপনি সেখানে যাচ্ছেন, অন্য কোন আকর্যণ না থাকলেও আমি সেখানে যেতাম।'
- ঃ 'এনো আসেম, একটা জিনিখ দেখাব। যা দেখাব তা কেবল কোন আরবই চিনতে পারে:'
- ঃ 'কি দেখাবে ক্লেডিস।' দীলরেসেরপ্রশ্ন।
- ঃ 'ভূমিও এদো। ত্বাপনরোও আসতে পারেন:'

ক্লেডিস আসেমের হাত ধরে বেরিয়ে এল। তার পেছনে পেছনে এল বাকী সবাই। বারান্দার শেষ মঃথায় পৌছে ক্লেডিস চাকরকে ডেকে বললঃ 'লাগাম বেঁধে ঘোড়াটা নিয়ে এসো।'

চাকরটা আস্তাবদের দিকে চলে গেল খানিক পর ফিরে এল একটা টগবণে ঘোড়া নিয়ে। চাকরটা তাকে ধরে রাখতে পারছিলনা। বাইরে লোকজনের তীড় দেখে বাড়ীর মেয়েরাও আজিনায় নেমে এনেছিল। চাকরের অসহায়ত্ব দেখে ওয়া হেসে লুটোপুটি খেতে লাগল। ক্লেডিস আসেমের কাঁধে হাত রেখে বলল ঃ 'কি দোন্ত। যোড়াটা কেমন মনে হচ্ছে?'

আদেম এগিয়ে খোড়ার বলগা হাতে তৃলে নিল। ঘোড়ার কাঁধে হাত বৃলিয়ে বলস ঃ 'একে চেনার জন্য অভিজ্ঞতার প্রয়েজন নেই। চোখই যথেষ্ট।'

- ঃ 'আন্সেম! এটি খুব বেয়াড়া। এর একজন উৎকৃষ্ট সওয়ার দরকার। ডুমি সওয়ারী করবে?'
- ঃ 'ক্লেডিস! সাত্ত্যারীর ইচ্ছে অনেক পূতা ছেড়ে এসেছি। তবুও ভূমি সন্তুষ্ট হলে আমি এডে সওয়ারীকরব।'
- ঃ 'এর পিঠ থেকে আমি দু'দুবার পড়ে গিয়েছিলাম। ও আমায় তৃতীয়বার ফেলবেনা এ নিরাপন্তা কেবল তুমিই আময়ে দিতে পার।'

এক খুবক বললঃ 'তার মানে স্থাপনি চাইছেন ও ভৃতীয় বার পড়ার সৌডাগ্য অর্জন করুক ?'

ানাগ্যয় হলে এ কথায় জালেম ততোটা গা করতনা। কিন্তু দর্শকদের বিদ্রুপ, মেয়েদের চালা প্রসিতে ওর ব্যক্তিত্বে জাঘাও লাগল। ও কাউকে কিছু না কলেই বাগ টেনে ঘোড়ার পিঠ চালাড়ে সভয়ার হয়ে গেল। ঘোড়াটা লাফ দিল কয়েকবার। আসেম বৃত্তের মত কয়েকবার ভূরে দেও আঙ্গিনা থেকে বেরিয়ে গেল।

মানকশৈ ছেন্সেকে বললেনঃ 'ক্লেডিস। ঘোড়াটা সন্ত্যিই তোমায় দূ'দুবার ফেলে দিয়েছিল?'

- ঃ 'না আববা। আসেমের মত বন্ধুকে তেমন বেয়াড়া ঘোড়ায় চড়তে বলি কি করে?'
- াকজন প্রবীন এগিয়ে এলেন ঃ 'খাকানের এ উপহার ভালই হবে। জীবনে কোনদিন এমন চামৎকার ঘোড়া দেখিনি।'
- ঃ 'আসেম এ খোড়াটা পদন্দ করণে নিজকে আমি ভাগ্যবাদ মনে করব। ওর ঘোড়াটা এরচে' সুন্দরছিল।'

ধীরে ধীরে লোকজন আদিনা থেকে সরে যেতে লাগদ। ক্লেডিস কজন বন্ধুর সাথে এক কক্ষে বদে আসেমের অপেক্ষা করতে লাগদ। সূর্য ভূবোভূবো। ভেতরে চঞ্চলতা ফুটে উঠল ক্লেডিসের চেহারায়। হঠাৎ বাইরে শোনা গেল ঘোড়ার খুরের খটাখট লব। এক চাকর দরভায় উকি দিয়ে বলল ঃ 'ওইযে তিনি এসে গেছেন।'

ওরা সবাই কক্ষ থেকে বেরিয়ে এল। ঘোড়াটা হাফাঙ্ছে। আসেম ঘোড়ার বাগ ভূলে দিল এক ঢাকরের হাতে। এগিয়ে এসে ক্লেভিসকে বলল ঃ 'আপনি আমার সাথে ঠাট্টা করেছেন। ঘোড়া তো সুবোধ বাগকের মত শাস্ত।'

ঃ 'খ্যোড়া কি তোমার পদন্দ হয়েছে? আজ থেকে এ তোমার জন্য উপহার।'

আদেম কৃতজ্ঞ নয়নে বন্ধুর দিকে ভাকিয়ে বললঃ 'ভূমি আমার জন্য এতই যখন করলে আমায় অকৃতজ্ঞ পাবেনা।

রাতের বেলা আসেয় এবং ফ্রেমস বসেছিল সরাইখানার এক কক্ষে। আসেয় বললঃ 'আসলেও আমার একটা ঘোড়া দরকার ছিল। কি আর্ক্য্যা। ঘোড়ায় চড়ে বের হতে এই প্রথম আমার মনে এশে আমি তরবারী স্থাড়া কোথাও যাছি।'

মাস ভর প্রস্তৃতি চন্দ্রলা দেখে মনে হচ্ছিল বাজনাতীন সালতানাতের পুরনো শান শওকত আবার ফিরে এসেছে। হেরাক্লিয়াস রাজধানী ছেড়ে যাবেন কিলা প্রজারা শেষ পর্যন্তও এ ব্যপারে নিশ্চিড ছিলনা। বিজ্ব সময়ের এক হপ্তা পূর্বেই তিনি পৌছে গেলেন। এতে জনসাধারণের মনের আকাশ থেকে নিরাশার কাল মেঘ কেটে গেল। সাহস বেড়ে গেল। ওদের। দলে দলে লোক ক্রিয়াবলা জমায়েত হড়ে লাগল। শহরের বাইরে বিস্তীর্ণ মঠে শুরু হল জম্পীলন। শহরে স্থান না শেয়ে জনেকে মাঠের জাশপাশে তাব্র ব্যবস্থা করণ। শহরের তেতর বাইরের স্থানে স্থানে বসল গায়ক এবং নর্ডকীদের জমজমাট আসর। হাজার হাজার পারী এবং রাহেব কাইজারের সমজভার জন্য প্রর্থনা করতে লাগল।



আদেয় এবং দীলরেন সমাটের একদিন পূর্বে ওখানে পৌছে ছিল। কিন্তু কাইজারেশ অনুগস্থিতিতে মারকেশের উপর পড়প রাজধানী রক্ষার ভার। তিনি কন্তুনভূনিয়া রয়ে গোলেন। হেরাকল এনে আদেয়ের মনে হল এতদিনের নিত্তক প্রকৃতি বাঙ্গায় হয়ে উঠেছে। আনন্দের বীধ ভাংগা জোয়ারে হাবুড়্বু খাচ্ছে কন্তুনভূনিয়ার জনগণ। ইর্নানীদের বিজয় পরবর্তী উচ্ছান্তও দেখেছিল ও কিন্তু রোমানদের আনন্দ ছিল তারচে অনেক বেলী। আদেয় দিনের বেলা কথনো সৈন্যানের প্যারেভ, কথনো ঘোড়ালৌড় আবার কথনো রথযাত্রা দেখত। রাতে দীলরেনের সাথে চলে যেত গালের অসরে। কাইজারের হিফাজত, বড় বড় লোকদের থাকার ব্যবস্থা এবং খেলার মাঠ ঠিকঠাক করার কাজে ব্যস্ত থাকত ক্রেডিস। আসেয়ের সাথে দু'দভ বনে কথা বনার সুযোগ ও পেতনা।

একরাতে ক্লান্ত ক্লেডিস কক্ষে প্রবেশ করল। আসেয়কে একা বঙ্গে থাকতে দেখে প্রশ্ন করণ

- ঃ ' কি আসেম, একা একা কি করছ? দীগরেস কোথায় ?'
- ঃ 'ও নাচ দেখছে। আমি চুপে এসেছি।'
- ঃ 'কেন १ তুমি নাচ পদল করনা ?'
- ঃ 'তা নয়। তবে প্রচন্ড ভীড়ে আমি হাফিয়ে উঠি।'

আসেমের পাশে বসল ক্লেডিস।ঃ ' আমি খুব ক্লান্ত আসেম। কাইজার আর থাকানের এ সাক্ষান্তে কোন লাভ না হলে লোকগুলো নিরাশ হয়ে যাবে।'

ঃ 'একথা তেবে আমিও পেরেশান হয়ে পড়ি। লোকদের আবেগ উচ্ছাস দেখে মনে হয় সন্ধির জন্য নয় বরং ওরা বিজয় আনন্ধের প্রস্তৃতি নিচ্ছে। আজ নাচের এক জলসায় লোকদের হাসির বহর দেখে আমি আশ্চর্য হয়ে গিয়েহিলাছ। ক্রেডিস! সদ্ধি না হলে, অথবা খাকান এখানে না এলে কি মুশকিল হবে বলতো? আমার সাধ্যে কুলালে এই সরল প্রাণ মানুষগুলোকে সব বিপদ মুসীবত থেকে মৃক্তি দিতাম। জলসার পাশ দিয়ে আসার সময় আমার মনে পড়েছে যুদ্ধের মৃত্তু গুলো। সেতারের তাম তলোয়ারের বংকার হয়ে বেজেছে আমার কামে। আমার মনে হল এ গান নয়, বরং শত শত অসহয়ে মানুষের আর্তিছিকার। আমি আর ওখানে দাঁড়াতে পারলামনা। এই মাত্র ভাবহিলাম, জংলীরা যুদ্ধ চালিয়ে গেলে বসফরাস পাড়ি দিতে ইরানীদের বেশী সময় লাগবেনা। জংলীরা ইরানীদের সাথে মিশে কন্তুনতুনিয়া আক্রমন করলে পরিস্থিতি কি দাঁড়াবে।'

ঃ 'জানিনা। কিন্তু ততোদিন আমি শেচে থাকবনা। আমার কানে চুকবেনা লাছ্ডি মা বোনের করণ চিৎকার। আসেম। হতাশ হ'লেই মানুষ নিজকে ধোকা দেয়। এখন আমি সে আত্মপ্রবঞ্চনায় ভূবে থাকতে চাই। আমি চাই সমগ্র কওম এ ধোকার সাগরে ভূবে থাকক।

মংখা মুইয়ে খানিক চিন্তা করণ আসেম। অবশেষে বলনঃ জুনুম অন্যাচারের দিন নিঃশেষ হয়ে গেছে, দুনিয়ার প্রতিটি মজনুম এ আত্মপ্রবহুনায় ভূবে আছে। অথচ জালেমের খড়গ কৃপাণ গৌছেছে ওদের শাহরগ পর্যন্ত। কিন্তু কোথায় তিনি । তিনি কবে আসবেন মজনুম অ' কতদিন দেখবে আলেমের চোখ রাংগানী। আর কতদিন তরা তরি পথ পানে চেয়ে থাকবে।' ে 'কে সে?' ক্লেডিসের চোখে যুখে অবাক চাঞ্চল্য।

চমকে উঠল আসেম। ক্লেডিসের চোখে চোখ রেখে বলল ঃ ' হঠাৎ করেই ফ্রেম্স কাকার কথা মনে পড়ল। তার ধারণা, শান্তির পয়গাম নিয়ে কে একজন আস্বেন। তার সাথে থাকবে খোলায়ী নিদর্শন। তিনি মানুষকে শিখাবেন নতুন জীবন যাগন পদ্ধতি। তিনি হবেন মজপুমের বন্ধু। তার অমিত তেজ অত্যাচারীর খড়গ কৃপাণ ধুলায় স্টিয়ে পড়বে। '

ক্লেডিস মৃচকি হেসে বলন ঃ অন্ত্নিও এ ধরনের কথা বলে। আমি তাকে বলেছি, তিনি মখন আসবেন, আমরা দু'জন ছুটে গিয়ে তার পায়ে শুটিয়ে পড়ব।'

দু'নিন পর। বিশাল চাঁদোয়ার নীচে সোনার কারুকাজ করা চেয়ারে বসেছিলেন কাইজার এবং থাকান। প্রচন্ত শীতের মধ্যেও খেলার মাঠে দারুন উত্তেজনা। কাইজারের বাঁরে খাকান। তারো খায়ে জংলী সর্দারদের জন্য চারটে চেয়ার পাতা। ভানে মন্ত্রী এবং সিনেট সদস্যদের আসন। শেছনের সারিগুলোতে প্রতিটি জংলীর সাথে একজন রোমান। কাইজার এবং খাকালের ঠিক শেছনে কিছুটা স্থান ফাঁকা। তথানে অস্ত্র হাতে দু'জন রোমান ক্লেডিস এবং দু'জন জংলী দাঁজানো। এ মূল শামিয়ানার ভানে বায়ে কয়েক কদম দূরে আরো দুটো চালোয়া টানানো। রোমান এবং হান কর্মকভারা সেখানে বসে। ময়দানের চারপাশে দশকের উপত্রে পড়া ভীড়।

খাকান প্রায় তিনশো সওয়ার নিয়ে এসেছিলেন: রোমানরা ওদের চাদোয়ার নীচে কসাতে চেয়েছিল। কিন্তু সওয়াররা নিজনের বোড়ার পিঠ থেকে নামতে রাজি হয়নি। শ'খানেক সওয়ার চলে গেল শামিয়ানার পেছন দিকে। বাকী দু'শ ছড়িয়ে ছিটিয়ে রইল দর্শকদের তীড়ে! রোমানদের ঘোড়াগুলো ছিল মাঠের বাইরে। রোম এবং য়িকের প্রচিন্ন রীতি জনুবায়ী খেলার জক্ষ হল প্যারেড দিয়ে। পদাতিক বাহিনী মার্চ করে কাইনার এবং মেহমানদের সামনে দিয়ে এগিয়ে গেল। এদের পেছনে এল নর্তকীর দল। মিটি হানির ভুল ছড়িয়ে ওরাত এগিয়ে গেল সামনে। এরপর পালোয়ান, যাদুকর এবং ভাড়দের পালা। সবশেষে রথের নৌড়। 'রথ' প্রচিন গ্রীখের মত রোমানদেরও জাতীয় খেলায় রূপ নিয়েছিল। প্রতিটি রথের সাথে চারটা ঘোড়া। রোমান রথের সওয়ার ছিল দামী পোষাকে আবৃত। কিন্তু জংলীদের পোষাক ছিল নোওয়া, দুর্গন্ধযুক্ত। মাথায় পালকের টুণি। খাকানকে একজন গরীব রোমানেরচে' নিঃস্ব মনে হচ্ছিল। আমের এবং দিলরেস স্থান থেলোয়াড়দের কথনো রোমানদের পোষাকগুলো দেখছিল। আমের এবং দিলরেস স্থান পেরেছিল বায়ের শামিয়ানার নীচে। ওলের মাঝে দৈত্যের মত এক রোমানের পাশে বমেছিল হালকা পাতলা এক রোমান। আচ্বিত জংলীর চেহারায় আটকে গেল গামেমের দৃষ্টি। নোৎরা পোষাক পরার পরও তাকে কেমন যেন পরিচিত মনে হচ্ছে। গভীর ভাবে আদিয়ে রইল ও। ওযে ইরজ এতে আমেমের কোন সন্দেহ রইলনা। কিন্তু ইরজ এখানে

@Briyoboi.com

কেন? একট্ পরে কংলী আসেমের দিকে তাকাল। চোখে চোখ পড়তেই চটজালি ও মৃখ ফিরিয়ে নিল। এবার জারো গাঢ় হল আসেমের সন্দেহ। মাঠে কৃতি শুরু হয়ে গেছে। কিত্তু খেলার প্রতি আসেমের এখন আর কোন মনযোগ নেই। ও বার বার লোকটির দিকে তাকাতে লাগল। ওর হানস্পদ্দন বেড়ে যেতে লাগল ধীরে ধীরে। মাঠে খেলা চলছে। এক রোমান দু'জনকে কাব্ করে তৃতীয় জনের সাথে লড়ছে। হর্যোৎফুল্ল জনতা শ্লোগানে শ্লোগানে দিক বিদিক মুখরিত করে তৃত্বায় জামকা নিজের আসন ছেড়ে দীলরেসের কাছে চলে এল আসেম। তার হাত ধরে বলদঃ 'দীলরেস! কট না হলে আমার আসনে গিয়ে বসো।' দীলরেস কৃত্তি দেখায় এতই মগ্ন ছিল যে নিঃশদে আসেমের আসনে গিয়ে বসে পড়ল। আসেম বসল তার সিটে। খানিক পর লোকটির কাঁধে হাত রেখে ফারসীতে বলল ঃ ' তুমি আমায় চিনতে পারনি ইরজ?' পাংগুটে হয়ে গেল ইর্জের চেহার। কিয়ের বিল্লাক্ষের ক্রেয়া বিল্লাক্ষের স্বান্ধার বিল্লাক্ষের বিল্লাক্ষের বিল্লাক্ষের ক্রিয়া বিল্লাক্ষের বিল্লাক্ষিয়া বিল্লাক্ষের বিল্লাক্ষের বিল্লাক্ষিয়া বিল্লাক্ষিয়

পাংশুটে হয়ে গেল ইরজের চেহারা। জিহবা দিয়ে শুকনো ঠোঁট ভিজিয়ে বলল ঃ 'ভা চিনেছি। কিন্তু এটা কথা খলার উপযুক্ত স্থান নয়।'

ঃ ' দ্রামার মনে হয় এরা কেউই ফারসী জানেনা। তাছাড়া ভোমায় কোন গোপন কথাও ফাঁস করতে হবেনা। স্থায়ি তেবেছিলাম ডিনি এ অভিযানে কোন অভিজ্ঞ লোক পঠোবেন।'

এবার ইরজের মধ্যে স্বাভাবিকতা ফিরে আসতে লাগল। মৃদু হেসে ও বলল ঃ ' যেখানে তুমি আছ সেখানে কোন অভিজ্ঞ গোকের প্রয়োজন নেই। যদি জানতাম তুমি আসবে তবে আমি আসতামনা। কিন্তু ওখানে তো সবাই জানে তুমি কোথায় গায়েব হযে গেছ।'

- ঃ 'যে দায়িত্ব আমায় দেয়া হয়েছে তার জন্য আতাগোপন করার দরকার ছিল। ভেবে আশ্চর্য হচ্ছি, সীন ডোসায় এখানে পাঠালেন কেন? তিনি কি আমায় বিশ্বাস করতে পারছেননাঃ'
- ঃ 'সীন আয়ায় পাঠাননি। আমি সরাসরি কিসরার নির্দেশে থাকানের কাছে এসেছিলাম।' আসেয় থানিকটা ভেবে নিয়ে বঙ্গল ঃ 'ভার মানে ভূমি থাকানের কাছে এসেছ সীন জানেনা ঃ'
- ঃ 'না। আসার সময় ভার সাথে দেখা করেছি। কিন্তু তিনি ভোমার কথা কিছুই ত বলদেননা। ফুন্তিনা এবং ভার মায়ের কথায় বৃঝেছি ভারাও ভোমার ব্যাপারে কিছুই জানেননা'
- ঃ 'ইরজ। আমার ব্যর্থতার জন্য দুঃখ হলেও তোমার সাফল্যে আমি আননিত। কিলু তোমার তো কাইজার আর থাকানের পাশে বসা উচিৎ ছিল।'

ইরজ ফ্যাসফ্যাসে গলায় বলগ ঃ 'আসেম! আমি খাকানের কাছে দৃত হিসেবে এসেছিলাম! আমার দায়িত্ব আমি পালন করেছি।'

ঃ 'আমি তোমায় দেখেই চিনেছি। আমি কেবলই ভাবছিলাম জংলীরা হঠাৎ মারামারি শুরু করলে তুমি বাঁচবে কিভাবে? রোমানরা যে কোন পরিস্থিতির মোকাবেলার জন্য প্রস্তুত।' নালের চেহারা ভয়ে বিবর্ণ হয়ে গেল। তবুও জোর করে ঠৌটে হাসি টেনে র্যালন ঃ 'আমার নালের কাছে শিঠেই রেখেছিঃ সময় মত ভার পিঠে বসতে পারলেই হল।'

শাদেদের বুকের স্পলন আরো দ্রুত হল।

- া 'রাজ, কিসরাকে খুণী করতে হলে খাকান এরচে' ভাল সুযোগ পাবেননা। কিন্তু আমার জনা হয়, জন্দীরা কাইজারের গায় হাত ভোলায় ভূল করে কসলে তিনশো লোকের একজনও কিরে থেতে পারবেনা। গুরা প্রস্তৃতি নিয়েই এখানে এসেছে। বাইরে পাঁচ হাজার সৈন্য সম্পূর্ন কাইজারের প্রতিরক্ষা ব্যবস্থা অত্যন্ত সূদৃঢ়। কোন বিপদ দেখলে তারা চোখের পদকে খাকানকৈ হত্যা করবে।'
- ॥ 'একট্ সতর্ক হয়ে কথা বল আসেম।' ইরজের কণ্ঠে অনুনয়। 'আমাদের কথার ছিটে ফোটা নুনাগেও রোমানরা আমাদের দুজনকেই হত্যা করবে।'
  - ঃ ' তুমি ভেবোনা। এখন খেলা ছাড়া খার কিছতেই রোমানদের আকর্ষণ নেই।'
- ঃ ' ইরজ। কোথাত আমার সাহায্যের প্রয়োজন হলে আমায় হুকুম দিতে পার। কথা দিছি, আজকের সফলতার সব কৃতিত্ব তোমার। জীবন বাজি রেখে তোমার হুকুম পালন করেও এ পুরস্কারের হিস্সাচাইবনা।'
- ঃ ' আমার নির্দেশ মানতে চাইলে বলছি নীরবে এখানে বসে থাকো। তুমি কন্দ্র রোমানদের বিধাসভাজন হতে পেরেছ জানিনা। কিন্তু খাকান আমায় একজন দৃতের বেশী মনে করেননা। মাশংকা হছে, ভোমার সাথে এডটা মাখামাখি দেখলে ওরা আমায় ভূল না ব্রে। তুমি ঐ রোমানকে এখান থেকে সরিয়ে দিয়েছ। এতে সে সন্দেহ করতে পারে। ভোমার বায়ের জংলীটা খনেক্ষণ থেকে আমার দিকে ভাকিয়ে আছে। আমার সাথে আর কথাবলার ভেষা করোনা।'
- ঃ 'এ ভ্লের জন্য আমি দুঃখিত। আসলে তোমায় দেখে চুপ করে বসে থাকতে পারিনি। ওই আনীটাকে বলো যে আমি তোমার দোন্ত।'
  - ঃ 'ও আমার ভাষা বোঝেনা। লোভাষী ভয়ে আমেনি। সে খাকানের তাবৃতে রয়ে গেছে।'
- । 'ইরজা তোমার এ দৃঃসাহস প্রশংসা পাবার যোগ্য। কিন্তু ভেবে পাইনা রোমানরা আগে াগে টের পেয়ে গেলে তুমি পালাবে কিভাবে? যোড়ার পিঠে যারা বসে আছে ওরা শামিয়ানার নানে বসা জংলীদেরচে' সভর্ক। এই জংগীদেরচে' তোমার জীবনের মূল্য জনেক বেশী। তুমি নোন নিগদে পড়লে ফিরে গিয়ে তোমার বন্ধু বান্ধবকে কি জবাব দেব?'
  - ঃ ' পাণাবার সময় এ**লে তুমি আমায় এখানে দেখবেনা** ৷'
- ঃ 'ভোমার জীবনের মৃশ্য অনেক। জংগীটা তোমার দিকে তাকাচ্ছে বলে যদি ভয় পেয়ে। শক্ত, পরে রোমানরাও তো আমায় গভীর ভাবে দেখছে।'
  - া 🗇 করতে হলে সূর্য মাথার উপর এলে বুঝতে পারবে।'



- ঃ 'আমি একজন সৈনিক। জীবন মৃত্যুর খেলায় একজন সৈনিক অন্ধকারে থাকতে চায়না।'
- ঃ 'তোমার ধারণা খাকান সৈন্য নয়। তিনি কি আত্মহত্যা করার জন্যই বসে আছেন।'

উপরে নিশ্চিন্ত হওয়ার ভাব দেখিয়ে আসেম বলল ঃ 'অহেত্ক প্রশ্ন করে তোমায় বিব্রত করবনা। আমি বৃথে ফেলেছি: সূর্য মাধার উপর এলে খাকান এবং তার সংগীরা কোন বাহানায় শামিয়ানা থেকে বেরিয়ে আসবেন। এরপর ঝড়ের বেগে ছুটে আসবে পথে ছেড়ে আসা লশকর। ইরজা খাকান কে ভূমি এখানে আসতে বাধ্য করেছ। কিসরা তোমায় বড় পুরস্কার দেবেন।'

- ঃ 'খাকানকে আমি আনিনি। রোমানদের চেষ্টায়ই এটা হয়েছে। আমি কেবল বন্ধুড়ের পয়গাম নিয়ে তার কাছে গিয়েছিলাম। এক হঙা পূর্বেই কাইজারের দূত থাকানের সাথে দেখা করেছে।'
- ঃ 'একটা বড় বিপদ সম্পর্কে আমায় খরবদার করায় ভোমায় ধন্যবাদ ইরজঃ তোমার আপত্তি না হলে ঘোড়ার পিঠে বদেই খেলা দেখি। আমার ঘোড়া তো দূরে, কোন বিপদ এলে হঠাৎ করে বেরিয়ে যেতে পারবনা।'

আসেম দাঙাল। কিন্তু বায়ের দৈত্যের মত জংগীটা তার কাঁধে চাপ দিয়ে বসিয়ে দিল। সাথে সাথে ইরজ আসমের বাহ ধরে বলগঃ ' আসেম। বাড়াবাড়ি করলে আমাদের দু'জনেরই ক্ষতি হবে। ওদের সন্দেহ দূর করার একটাই পথ, ভূমি মীরবে বসে থাকো।' ততোক্ষনে জংগীর থঞ্জর আসেমের পাজরে এসে ঠেকল। আসেম বলগঃ ' ভূমি ওদের বল আমি তোমার বন্ধু।'

ঃ ' কোন লাভ হবেনা। ওরা আমার ভাষা বুঝবেনা।'

বাধ্য হয়ে বসে রইণ আসেম। ওকে যেন কতগুলি হিংস্ত পশুর মধ্যে বেধৈ রাখা হয়েছে। "রোমানদের দৃষ্টি ভখনো খেলার মাঠে।

দীলরেস একবার আদেমের দিকে ভাকাল। কিন্তু জংলীর বিশাল দেহ থঞ্জরকে আড়াল করে রেখেছিল। যতই সূর্য উপরে উঠতে লাগল আদেমের উৎকণ্ঠা ততই বৃদ্ধি পাছিল। ওর চিৎকারে বিপদ কেটে গেলে ও জীবনের পরোয়া করতোলা। কিন্তু এ মৃত্যুতে বাহাদুরীর চাইতে অধিক প্রয়োজনছিল ধৈর্যের:

রথ প্রতিযোগিতা শুরু হয়েছে। প্রতিদল্পী রোমানদের আবেগ উচ্ছাস চরমে পৌছেছে; রথ যখন শামিয়ানার সামনে দিয়ে যেতে লাগল আঁ৯ সব রোমানদের মত আসমও হাত তুলে তুলে গ্রোগান দিতে লাগল, জংলীটা ভার পাঁজরে খঞ্জরের খোঁটা মেরে ভাকে নীরব করতে চাইছিল। বিজ্বু আসেম বেপরোয়া ভাবে ভার হাত সরিয়ে দিল। রথের দিতীয় চকরে ও আবার চিৎকার শুরু করল। ওদিকে জংলীটা ফুসছিল রাগে। রথ তৃতীয়বার শামিয়ানার সামনে যেতেই আসেম শ্রোগান দিতে দিতে দাভিয়ে গেল। জংলী রক্ত ঝরা দৃষ্টিতে চাইতে লাগল তার দিকে। আশবাশের আরো কজন রোমান আসেমের সাথে দাভিয়ে শ্রোগান দিতে লাগল। রথ চলে যাওয়ার পর বসে পড়ল আসেম। জংলীরা পরস্পরের মুখ চাওয়া চাওয়ি করতে লাগল। ২৭২ কায়সার ও কিসর।

ানা মনে সিদ্ধান্ত নিয়ে ফেলল আসেয়। চতুর্থ বার রথ কাছে আসতেই শ্লোগান দিতে দিতে ও গালিয়ে গোল। তার জ্বার দ্প্রান্ত শক্ত করে ধরে রেখেছিল জংনীরা। কিন্তু আসেয় বোতাম খুলে কেনোজন প্রেই। শেষ রথ কাছে আসতেই জুবা কাঁধ থেকে ফেলে হঠাৎ এক লাফ মারল। কেনামে বিবর্ণ জংলীরা জুবা ফেলে পিছু নিল তার। কিন্তু আসেয় জংলীদের সারি তেংগে তীর গতিতে শামিয়ানার দিকে ছুটে চলল। শামিয়ানার ত্রিশ চল্লিশ কদম দূরে পাহারাদাররা দাড়ানো। এক অপরিচিতকে সমাটের তাবুর দিকে ছুটতে দেখে তার পথ রোধ করে দাড়ালো। পাশ কেটে যেতে চাইল আসেয়। কিন্তু কাইজারের দেহ রক্ষীরা তাকে ধেরাও করে ফেলল। আসেয় টিংকার দিয়ে কললঃ খোদার দিকে চেয়ে আযায় কাইজারের কাছে নিয়ে চলো। তার জীবন বিপার। তোমরা সবাই বিপাদে পড়তে যাক্ছা কিন্তু ওর চিৎকার হারিয়ে গেল পাহারাদারদের হাকডাকের মধ্যে। দু'জন রোমান তাকে এক পাশে দাড় করিয়ে দিল। ধাওয়াকারী জংলীরা দাড়িয়ে পড়ল কয়েক কদম দূরে। হঠাৎ দীলরেস ছুটে এসে বলল ঃ 'ওকে ছেড়ে দাও।'

সিপাইরা হেড়ে দিল ওকে। ও ৰলল ঃ 'দীলরেস, আমায় কাইজারের কাছে নিয়ে চল।'

- ঃ 'এখন কাইজারের কাছে যাওয়া সহজ নয়।' দীগরেস বলগ। 'কোন জরুরী কথা হলে না স্থুটেখামাকে কালেই পারতে!'
- ঃ 'কাইজারের জীবন বিপন্ন দীগরেস। ওই দেখ আমার ধাওয়াকারীরা কাইজারের শামিয়ানারদিকেছুটে যাচ্ছে।'

আসেম একটানে এক রোমানদের হাত থেকে নেজা তুলে ওদের পেছনে ছুটল। দীলরেস এবং ক'জন রোমানও ছুটল তার পিছুপিছু। কিন্তু পথ রোধ করে দাঁড়াল কাইজ্ফরের দেহ রক্ষীরা।

ভাসেম বেপরোয়া হয়ে ওদেরকে আক্রমন করল। ওরা উন্টো পায়ে পেছনে সরতে লাগল। দীগরেস তরবারী নিয়ে দাঁড়িয়ে গেল ভাসেমের পাশে। তভোক্ষণে শামিয়ানা থেকে ধাওয়াকারী অংলীদের সাহায়ে আরো কজন ছুটে এল। কিন্তু খাকানের সিপাইদের গায়ে হাত তোলার সাহস পেলনা রোমান সৈনিকরা। দীলয়েসের ভাক চিৎকারে ওরা ময়লানে এলেও জংলীদেরকে ভয় দেখানোর মধ্যেই ওদের তৎপরতা সীমাবদ্ধ রাখল। কিন্তু রথ এগিয়ে ভাসতেই সবাই এদিক ওদিক সরে গেল। রথ চলে যাবার পর জংলীরা খাকানের কাছে ছুটে গেল। থাকান দাঁড়িয়ে ওদের ইংগিতে কি যেন বলল। ওরা তার চারপাশে জমায়েত হতে লাগল। কাইজার হতভারে মত লাড়িয়ে রইলেন। রোমানরা ভীড় করভে লাগল ভার চার পাশে। আসেম একছুটে শামিয়ানার নীচে চুকে পড়ল। কোন রাজকীয় নিয়মের তোয়াজা না করেই সে বললঃ 'আপনার জীবন বিপর। তাড়াতাড়ি সরে পড়ুন।'

গালান এতক্ষণ সংগীদের সাথে কথা বলছিল। এবার কাইজারের ফাছে এসে বলগ 'আমার গোকেনা বলছে এ পাগলটা নাকি আমায় হত্যা করার জন্য এদিকে এসেছে।'

@Briyoboi.com

ঃ 'আপনি নিশ্চিন্ত থাকুন। এ পাগলটাকে এর আগে কথনো দেখিনি।'

ক্লেডিস এগিয়ে এশ। আগীজাহ। ও পাগল নয়। আমি ওকে চিনি।' এরপর সে খাকানের দিকে ফিরে বলগঃ 'আগনার লোকেরা ডুগ বুঝেছে, আমি ওকে ভাল করেই চিনি।'

- ঃ 'কি? তোমরা আমার লোকদের মিথ্যে বঁলার অপবাদ দিছে। আমি আর এখানেই থাকবনা।'
- ঃ 'আপনি বিশ্বাস রাখুন, এ ঘটনার পুরো ডদন্ড করা হবে।' কাইজারের কঠে অনুনয়। 'ওর জপরাধ প্রমানিত হলে ওকে আপনার হাওলা করে দেব। কিন্তু ঐ দেখুন, আপনার লোকেরা ঘোড়া সহ ময়দানে নেমে এসেছে।'

ঃ'ওরা তেবেছে আমার বিপদ হয়েছে। নিশ্চিত্ত থাকুন, আপনাদের এ খেলা পত হতে দেবনা।'
থাকান হটা দিলেন। সংগী হল জংলীরা। কাইজার ক্রেন্ধ কণ্ঠে পারিষদকে বললেন ঃ' একটা
পাগল আমাদের সন্মানিত মেহমানকে রাগিয়ে দিয়েছে। যাও, ওকে বৃথিয়ে নিয়ে এসো।'

সিনেট সদস্যরা থাকানের পেছনে ছুটে গেল। খাকান একবারও পেছনে ভাকালনা। মাঠে নেমে আসা জংগীরা খাকানের দিকে এগিয়ে আসতে লাগল। কিন্তু খাকানের হাতের ইশারায় ওরা মধ্য মাঠেই থেমে গেল।

প্রথম আটটা রথের প্রতিযোগিতা শেষ হয়েছে। পরবর্তী প্রতিযোগিতা কাইজারের নির্দেশের অপেকায়। কিন্তু কাইজার অসহিষ্ট্ ভংগীতে খাকানের ফিরে আসার অপেকা করছিলেন। ক্রেডিস জাসেমকে কয়েকটা প্রশ্ন করণ। জ্ববাবে আসেম বলে নিল ইরজের সাথে সাক্ষাতের ঘটনা। ক্লেডিস একজন অফিসারকে বলল ঃ ' সিপাইদেরকে ঘোড়াগুলো শামিয়ানার পেছনে নিয়েআসতেবল।'

হেরাক্রিয়াস আরক্ত চোখে ক্লেডিসের দিকে তাকিয়ে বললেন ঃ ক্লেডিস। আমায় পালাবার । পরামশদিওনা।

ঃ 'না আলীক্রাহ। আমি কেবল সতর্ক থাকতে চাইছি।'

হেরাক্রিয়াস ক্রদ্ধ কণ্ঠে বললেন ঃ 'ক্লেডিস । এই হাতে গোনা কটা জ্বংলী যদি আমাদের গোটা লশকর নিঃশেষ করে দেয় তবে কস্তুনত্নিয়ার সিংশসনে না বসে কারো রাখালগিরী করা উচিৎ। তুমি আমার জন্য অপমানকর পরিস্থিতির সৃষ্টি করেছ। যদি জানতে পারি, এ পাগলটা তোমার অস্কারা পেয়ে এ পরিস্থিতি সৃষ্টি করেছে তবে তোমায়ও ক্রমা করবনা।'

- ঃ 'জাহীপনা। ও কিসরার ফৌজে দায়িত্বশীল অফিসার ছিল। ব্যাবিলনে ওই ইরানীদের হাত থেকেআমায়বাচিয়েছিল।'
- ঃ 'ও কিসরার ফৌজের সিপাই হয়ে থাকলে ব্যাপারটা পরিস্কার হয়ে গেল। ওরা আমাদের এ মোলাকাভ ব্যর্থ করে দিতে চাইছে। ওকে বন্দী করে খাকানের হাতে তুলে দাও।'

া 'আলালাহ । ওর ব্যাপারে এত ভাড়াতাড়ি কোন সিন্ধান্ত নেবেননা। এর পুরো জিমা আলানা অজ্বামাদের শত্রু হলে জায়িও যে কোন শান্তি গ্রহনে প্রস্তুত।'

🕯 খামোশ। আমরা তোমার কোন কথা গুনতে চাইনা।'

িশারিরা আন্মেরে ধরে শামিয়ানার একদিকে নিয়ে গেল। ও অসহায় চঞ্চলতা আর উৎকণ্ঠা
িট্রা আনক ওদিক চাইতে লাগল। কাইজার এবং রোমানদের দৃষ্টি ছুটে গেল মধ্য মাঠে।
আনকা আজীদের মধ্য থেকে এক ব্যক্তি শামিয়ানার দিকে ছুট দিল। মুহুর্তের মধ্যে জংলীরা
আলা করতে লাগল তাকে। ও শামিয়ানার প্রায় একশ গজের তেতর এসে পড়েছে। আসেম
করনা দিয়ে বললঃ ওকে বাঁচাও। ওকে সাহায্য কর। জংলীরা ওকে মেরে ফেলবে। ওর
শারাধ, শুধু আমার সাথে কথা বলেছে। জংলীরা বুঝাতে পেরেছে ওর জন্যই থাকানের ষড়যন্ত্র
দীশ্রনা গেছে।

ানেটি প্রাণপনে দৌড়োন্ছিল। ধাওয়াকারীদের তৃগনায় তার গতি ছিল তীব্র। প্রায় কাছে এসে বিশেষে সে। আচহিত এক জংলী তার কাছে এসে তরবারী দিয়ে আঘাত করল। গা বাঁচিয়ে সরে বিশা পো। আরেক জংলীর নেজার আঘাত লক্ষ্য এই হল। এবার সে নেজা ছুঁড়ে মারল। কলজে কালা চিংকার করে পড়ে গেল ইরজ। আবার উঠার চেষ্টা করল। অপর এক জংলী তার বৃক্ষে গালা চালানোর চেই করল। ততাক্ষনে ক্লেডিস এবং ক'জন সিপাই ওখানে পৌছে গেছে। আগীলের ওরা পেছনে সরিয়ে দিল। একটু দূরে দাঁড়িয়ে কতক জংলী ইরজকে গালি দিছিল। আগীলের ডরা পেছনে সরিয়ে দিল। একটু দ্বর দাঁড়িয়ে কতক জংলী ইরজকে গালি দিছিল। আগী বিজের মৃত্যু নিশ্চিত জেনে আর বাড়াবাড়ি করলনা। সিপাইদের হাত থেকে মৃক্ত হবার টেটা করছিল আসম। ক্লেডিস যাড় ফিরিয়ে সিপাইদের বলল ঃ ' ওকে ছেড়ে দাও।'

জাড়া পেয়ে ইরজের কাছে ছুটে এল আসেয়। মাটিতে বসে 'ইরজ ইরজ' বলে ডাকতে লাগল।

নিল্মু ইরজ কোন জবাব দিলনা। এবার জংলীরা নিশ্চিত্ত হয়ে সরে যেতে লাগল। আসেম নিব্যক্তি

আন বসে রইল কভক্ষন। কেঁপে কেঁপে ইরজের চোখের পাতা খুলে গেল। উঠতে চাইল ও।

আন্দেম তার মাথা কোলে তুলে নিল। ঃ 'ইরজ। তোমায় বাঁচাতে পারলামনা বলে দুঃখিত। কিন্তু

গোমার মুখের কয়েকটা শব্দ হাজার হাজার মানুষের জীবন বাঁচাতে পারে।'

দাল ধরা আওয়াজে বলগ ঃ 'জামার কথায় এখন তার কোন ফায়দা হবেনা। থাকানের লশকন এল বলে। নিজের জীবন বাঁচানোর চেষ্টা কর। কি আন্তর্য। আমি তোমায় পালিয়ে যাবার বার্যান বিশিষ্ট। একটু জাগে আমিই তোমায় হত্যা করতে চাইছিলাম। জংগীরা থাকানকে বলেছে আমি রোমানদের গোয়েন্দা। তিনিও তা বিশ্বাস করেছেন। ওরা আমায় হত্যা করতে চাইছিলাম। এদিকে ছুটে জাসার সময় আমার বিশ্বাস ছিল তুমি আহ্বায় আল্লয় দেবে। কিন্তু এখন ক্রিম আমার কোন সাহায্য করতে পারবেনা। পালিয়ে যাও আসেম, জলদি পালাও। নিজের আন্যানা বলেও ফুন্ডিনার জন্য। তোমায় বলিনি যে ও এখনো ভোমার পথ চেয়ে আছে। যাও িয়া বা বলেও ফুন্ডিনার জন্য। তোমায় বলিনি যে ও এখনো ভোমার পথ চেয়ে আছে। যাও িয়া বা বলেও ফুন্ডিনার জন্য। তোমায় বলিনি যে ও এখনো ভোমার পথ চেয়ে আছে। যাও

আসেম। যদি কোন দিন ফুন্তিনার সাথে দেখা হয়, ওকে বলো, যাকে ভূমি মনে প্রাণে ঘৃণা করতে মৃত্যুর সময়ও ভোমার নাম ওর মৃথে ছিল।' ইরজ কাশতে লাগল। কাশির সাথে উঠে এল থোকা থোকা রক্ত। এক সময় নিন্তেজ হয়ে গেল ওর দেহ।

হেরাক্লিয়াস তার পাশে দাঁড়িয়ে ছিলেন। দোডাধী ইরজ এবং আদেমের কথা বার্তা তাকে বৃথিয়ে দিছিল। একজন প্রবীন রোমান বললেন ঃ 'আগীজাহ! মৃত্যুর সময় কোন মানুষ মিথ্যে বলতে পারেনা। থাকানের লশকর এদিকে এলে কন্তুনতুনিয়ার দিকে পালানো ছাড়া উপায় নেই।'

হেরাক্রিয়াস নিবকিঃ কোন সিদ্ধান্ত নেয়ার শক্তি তিনি হারিয়ে ফেলেছেন। এসময় থাকানের কাছে যাওয়া সিনেট সদস্যরা ফিরে এল। এক সিনেট সদস্য এসেই সিপাইদের গালাগালি শুরু করল। ঃ 'তেমাদের মাথা খারাণ। এক গোয়েন্দাকে হত্যা করার জন্য জংলীদের বীধা দেয়ার কি প্রয়োজন ছিল?'

সিপাইরা কাইজারের দিকে চাইতে লাগল। সিনেট সদস্য অনেকটা মোলায়েম সরে বলল ঃ 'আলীজাহ। পরিস্থিতি মারাত্মক ত্রপ নিয়েছে। ঈশ্বরকে ধন্যবাদ, জংলীরা এত তাড়াতাড়ি ইরানী গ্রাফোলাকে চিনতে পেরেছে। ও আমাদের পরিকল্পনা ব্যর্থ করে দিতে চাইছিল।'

- ঃ 'কিছু বুঝে আসছেনা। তোমার কথা সত্য হলে গোয়েন্দা একজন নয়, দু'জন। ক্লেডিসের বন্ধুকে এরচে ডয়ংকর মনে হচ্ছে। থাকান নিশ্তিস্ত হলে ওখানে দাঁড়িয়ে আছেন ধেন?'
- ঃ 'জাহাপনা। তার গোকেরা আমাদেরকে সন্দেহ করছেন। তিনি তাদের সন্দেহ দূর করার চেষ্টাকরছেন।'
  - ঃ 'জংলীরা কি চাইছে যে আমি নিজে গিয়েই ওদের কাব?'

আসেম এউক্ষণ ইরজের পাশে বসেছিল। দাঁড়িয়ে ক্লেডিসকৈ লক্ষ্য করে বলল ঃ 'ও আসলেও ইরানী গোয়েন্দা। খাকান নিজের কাজ দেখানোর জন্য তাকে সংথে নিয়ে এসেছিল। ও এখন মরে গেছে। আপনারা আমার ব্যাপারে কি সিদ্ধান্ত নিলেন ?'

রেগভিস কাইজারের দিকে তাকিয়ে বলল ঃ 'আলীজাহ। যদি মনে করেন ও ষড়যন্ত্র পাকানোর জন্য এখানে এসেছে তবে আমিও সমতাবে অপরাধী। আমাদের দুজনের একই শান্তি হওয়া উচিৎ। কিন্তু আমাদের ব্যাপারে কোন সিন্ধান্ত নেয়ার পূর্বে জংলীদের ব্যাপারে নিশ্চিত হলে ভাল হয়নাং'

ঃ 'জালীজাহ! একে খাকানের ২াতে ভূলে দিন।' এক রোমানের কণ্ঠ। 'জংলীরা এর মুখ থেকে সত্য কথা বের করতে পারবে।'

কাইজার হতভবের মত দাঁড়িয়ে রইলেন। হঠাৎ মাঠের বাম দিকে শোনা গেল দ্রুন্ডগামী ঘোড়ার পায়ের শব্দ। লোকজন সওয়ারের জন্য পথ করে দিল। ময়দানে চুকল একজন রোমান। দুহাত উচু করে চিৎকার দিয়ে বলল ঃ 'সাবধান। ধূশিয়ার। জংগীরা আসছে।'

২৭৬ কায়সার ও কিসরা

া ্রাক্র সর্ব্যারকে দেখেই মাঠের জংগীরা ঘোড়ার পিঠে চেপে দ্রুত মাঠ থেকে বেরিয়ে সালা সংলার কাইজারের সামনে এসেও চিৎকার অব্যাহত রাখল। সাপে কাটা ব্যক্তির মত বেলারিলাস বিসমে 'থ' হয়ে রইগেন।

াতে। ক'কন রোমান সওয়ার বিভিন্ন দিক থেকে ময়দানে প্রবেশ করন। মাঠের এ প্রাপ্ত আনে অসাস পর্যন্ত ছড়িয়ে গেল একটা জাওয়াজ ঃ 'ওরা আসছে, জংলীরা আসছে।'

ানা ব্যা হৈ হল্লোড়, ছ্টাছ্টি। স্থানীয় লোকেরা ছুটল বাড়ীর দিকে। কর্তুনত্নিয়া এবং নিয়া শহর থেকে আসা লোকেরা যে যার যোড়ায় চেপে বসল। ফৌজের সধ্যার এবং নিয়াক সিলাইরা কাইজারের চারপাশে জমায়েত হতে লাগ্ল। কাইজারের সহিস ঘোড়া নিয়ে নান একলাকে ভার পিঠে উঠে বসপেন কাইজার।

্রোজন টিংকার দিয়ে বলন ঃ 'জালীজাহ, সোজা কন্তৃনতুনিয়ার পথ ধরুন। আমরা শত্রুদের গাঁগা গোয়ার চেষ্টা করব।'

নারকার খোড়া ছুটিয়ে দিশেন। রক্ষী দল চলল তার সাথে। দীলরেস এবং জাসেমের মত ক্রোচনাত খোড়া দূরে রেখে এসেছিল। এখন জার সেখানে ফিরে যাখার সুযোগ নেই। এক দিনার নিজের ঘোড়া রেডিসকে দিয়ে দিল। ক্রেডিস তাতে সওয়ার হয়ে গোকদের প্রয়োজনীয় নিলেন দিতে লাগল। দর্শকদের অনেকেই ঘোড়া হারিয়ে একে অপরকে ডাকা ডাকি করছিল। নথু কে শোনে কার কথা। সবাই জীবন বাঁচাতে ব্যস্ত।

যারা পাদ্ধীতে এসেছিল, তাদের পাদ্ধী পড়ে আছে, বেহারারা নেই। রথ প্রতিযোগিরা আল্টানের কথা শুনেই লাপান্তা। ওদের রথের চাকায় পিষ্ট হয়ে কেউ প্রাণ হারাল, কেউবা হল আহত।

নিজের যোড়া আনতে ছুটল আনেম। পথে পালিয়ে যাওয়া মানৃষের ধান্তাধারি। পালানোর প্রতিযোগিতায় নেমেছে সবাই। অনেক শিশু নারী ডীড়ের চাপে চেপ্টা হয়ে যাছিল। এক আনুতে দুজন শক্ত সামর্থ লোক একটা ছোড়া কজা করার চেষ্ট করছিল। এক বৃদ্ধ চিৎকার করে বলছিল ঃ 'এ ভাকাতদের হাত থেকে আমায় বাঁচাও। এ ঘোড়া আমার। ওরা নিয়ে যাছে।'

মানুষের প্রচন্ত ভীড়ে আসেম কোন দিকে যাঙ্ছে বৃথতে পারগনা। এরপর ওর কানে ভেসে এল হালার হালার অধের ক্ষুর ধ্বনি। আচম্বিত তার দৃষ্টি ছুটে গেল ক্লেডিসের বৃড়ো চাকরের দিকে। বৃদ্ধ তাবুর কাহে দাঁড়িয়ে।

- ঃ 'আমার থোড়া কোথায়?' বুড়োকে প্রশ্ন করল আসেম।
- ঃ 'কেন! দীলরেস সাহেবের সাথে দেখা হয়নি? এইমাত্র তিনি তিনটে ঘোড়াই নিয়ে গেলেন। বগগোন, মুনীর নাকি এখানে জাসতে পারবেননা। জামি দাঁড়িয়ে দাঁড়িয়ে ভাবছিলাম কি করব। '

ঃ 'মরতে না চাইশে পালিয়ে যাও। আর নয়তো এফন স্থানে লুকিয়ে থাকো, জংলীরা যেন তোমায় দেখতেনা পায়।'

আদেম পেছনে ফিরল। মাঠের দিক থেকে ভেসে জাসছিল আর্তনাদ আর শ্রোগান। তাতারীরা হামলা করেছে। আসেম কি কর্বে ভেবে পেলনা। জংলীরা ধরতে পারলে হত্যা কর্বে সন্তেহ নেই। ঘোড়া ছাড়া কস্তুনভূনিয়ায়ও যাওয়া যাবেনা। ও কতক্ষণ হতভপ্তের মত দাঁড়িয়ে থেকে হেরাক্রিয়ার দিকে ছুটতে শুরু করল। সম্পূর্ন নিরস্ত হয়ে নিজের জীবন বাঁচানোর জন্য এই প্রথম বারের মত ও দৌড়াছিল। প্রচন্ড শীতেও ঘামছিল দরদর করে। অনেক্ষণ দৌড়ানোর পর ও হাফিয়ে উঠল। থামল খানিক।

আবার দৌড়াতে লাগল। শহর থেকে আধা মাইল দূরে এক তরুনী এক বৃদ্ধের হাও ধরে পথ চলছিল। পোষাকে আলাকে বুড়োকে সম্রান্ত বলেই মনে হয়। ঃ 'মা আমি ভোমার চলতে পারছিনা। ঈশ্বরের দোহাই, ত্মি নিজের জীবন বাঁচানোর চেষ্টা করো। আমাদের ফৌজ ওদেরকে বেশীক্ষণঠেকিয়েরাখভেপারবেনা।'

অসহায় অবস্থায়ও তরুনীকে শাহজাদীর মত মনে হজ্জি। ও বলছিল ঃ 'একটু সাহস করুন আববা। ওইতো শহরের ফটক দেখা যাচ্ছে।'

ওদের কাছে এসে আদেম থমকে দাঁড়াল। আবার দৌড়াতে লাগল আর সব মানুষের মত। কিছু দূর গিয়ে চকিতে পিছন ফিরল। বৃদ্ধ মাটিতে বসে আছেন। মেয়েটা ভার হাত ধরে ভোলার চেষ্টাকরছে।

বৃড়ো দাঁড়াল। কিন্তু পা টলছিল ডার। আসেম হডভারের মত দাঁড়িয়ে রইল কডক্ষণ। এর পর এক সুটে ভারে কাছে এস বলদ ৪ 'আমি আপনাদের সাহায্য করতে পারি?'

বৃদ্ধ কিছু বলার পূর্বেই আসেম তাকে কাঁধে তুলে দৌড়া লাগাল। একটু পর ক্লান্ত ঘোড়ার মত হাফাতে লাগল আসেম। তব্ত মেয়েটি তার গতির সাথে কুলিয়ে উঠতে পারছিলনা। তরা যখন ফটক থেকে শ'দ্য়েক কদম দূরে পেছনে শোনা গেল মান্ত্রের চিৎকার। আসেম পেছন ফিরে চাইল।

জংলী তাতারীদের একদল এদিকেই আসছে। সর্বশেষ শক্তি দিয়ে ছুটতে লাগল আসেম। ফটকের সামনে এবং পাঁচিলের উপর কজন সিপাই চিৎকার করে বলছিল ঃ'জংলীরা এসে গেছে। পালাও। জন্দদিপালাও।'

ফটকে ঢোকার সময় মানুষের হট্টগোলের মধ্যে ঘোড়ার পায়ের শব্দও ভেসে এল। বুড়োকে কাঁধ থেকে নামিয়ে ও একদিকে বসে পড়ল। জাসেমের পর পঞ্চাশ যাট জনের বেশী ভেতরে ঢুকতে পারেনি। জংলীরা কাছে এসে পড়ায় পাহারাদার বাধ্য হয়ে ফটক বন্ধ করে দিল। াস ব্যাহ গাঁঠে দাড়াল আসেয়। এদিক ওদিক ভাকিয়ে সিড়ি বেয়ে গাঁচলৈ উঠতে লাগল। বা সা এক এদানিদারক দৃশ্য। এদিক সেদিক পড়ে আছে লাশের স্কুপ। জংলীরা মাত্র পঞ্চাশ কি নাটিকান।

ানা খনেক নারী পুরুষকে পশুর মত হাঁকিয়ে নিয়ে যাচ্ছে। পাহারাদারদের অফিসারের মত শেখাতে এক যুবককে আসেম বলগ ঃ 'ফটক বন্ধ করার দরকার ছিলনা। দশজন ভাল জীৱশাতাই ওদের ঠেকাতে পারতো।'

- র <sup>'</sup> কে আপনি ?' অফিসারের প্রশ্ন।
- ে 'আমি এক জাগন্তুক।' বলেই আসেম পাঁচিল থেকে নেমে এল। বৃদ্ধ তাকে দেখেই ৰক্ষল ঃ 'নেখান ভূগ না হলে ভূমি নিশ্চয়ই সেই ব্যক্তি যে এ হামলা সম্পর্কে কাইজারকে সতর্ক করার নেটা নামডিলে?'
  - ঃ ' দ্বী দামি দেই।' জানেমের কণ্ঠে বিষরভা।

শুনক অফিসারটি পাঁচিল থেকে নেমে এসে বৃদ্ধকে সালাম করে বললঃ 'আমার মানি হয় লা এখনি শহর আক্রমন করার ইচ্ছে বাতিল করেছে। বাইরে এখনো যারা বেচৈ আছে এখনকে হত্যা করার পর সম্ভবত ওরা সমগ্র শক্তি দিয়ে শহর আক্রমন করবে।'

- ' আপনাদের আভ্যন্তরীণ ব্যাপারে নাক গলানোর অধিকার কোন আগপুকের নেই।

   তব্ধ আমার মনে হয়, থাকানের লক্ষ্য হেরাকল নয় কপুনত্নিয়া। এ শহর আক্রমন করার

   শিক্ষ শাক্ষে মাত্র পঞ্চাশ যাটজন এদিকে আসতনা
- । 'হেরাকল আক্রমন না করলে তো ঈশ্বরের কৃপা: এখানে দেয়ালের ইট ছাড়া ওদের মোকাবেলা করার কেউ নেই। আমি এ শহরের মুলেক। আমার চাকরটা পর্যন্ত আমায় ছেড়ে
  । গেছে। বলতো ভূমি আমার জীবন বাঁচানোর স্কেটা করলে কেন?'
  - ঃ 'জানিনা। সম্ভবত আপনার মেয়ের সাহস আমর বিবেক উসকে দিয়েছিল।'
- ঃ 'এবার বল তোমার কি খেদমত করতে পারি। জীবনের চেয়ে মৃত্যু আমাদের বেশী কাছে। শত্রনা ভরবারী আমাদের শাহরণ স্পর্শ না করা পর্যন্ত আমরা মেজবানের দায়িত্ব পাগন করি।'
- ্ব 'আমার লক্ষ্য কন্ত্নত্নিয়া। ফিন্তু খোড়া হারিয়ে এখানে আসতে বাধ্য হয়েছি। আপনি যদি একটা যোড়ার ব্যবস্থা করে দেন তাহলে কন্তুনত্নিয়া রওয়ানা হয়ে যেতে পারি।'
  - ঃ 'ঘোড়ার ব্যাপারে চিন্তা করোনা। কিন্তু এ মৃত্তুর্তে কন্তুনত্নিয়া যাওয়া কি ঠিক হবে?'
- ঃ 'ওখানে আমার এক বন্ধু আমার অপেক্ষা করছেন। বিপদের দিনে আমি তার কাছ থেকে দ্রোগাকতেচাইনা।'



ঃ 'ঠিক আছে। ঘোড়ার ব্যবস্থা করে দিচ্ছি। তবে রাতে সফর করাই তোমার জন্য নিরাপদ। কমপক্ষে অব্যক্তিত সংঘর্ষ থেকে বাঁচতে পারবে। তাতারীরা শহর অবরোধ না করলে সন্ধ্যার পরই রওয়ানা করো। তোমার সাথে একজন শক্তসামর্থ পোক দেয়ার চেষ্টা করব।'

ময়দানে কডক্ষণ জংগীদের মোকাবিদা করে রোমানরা পেছনে সরে এল। কিন্তু খাকান কাইজারকে ধরার জন্য তখনো ডার পেছনে ছুটে চলেছেন। হেরাকলের আশপানে লুটপাট করেই ওরা হেরাকলা থেকে ফিরে গেল।

তাতারীদের হাত থেকে যারা বেঁচে গিয়েছিল সূর্য ডোবার পর ওরা ফিরে স্থানতে গাগল। আসেম এক সংগী সহ ঘোড়ায় চেপে কস্তৃনতুনিয়ার পথ ধরল।



মারকাশ, ক্লেডিস এবং দীলবেদ বিষয় মনে এক কন্দে বসেছিল। জুলিয়া ডেডরের দরজা দিয়ে কন্দে প্রবেশ করে বলল ঃ ' আন্তুনি খাবার স্পর্শন্ত করছেনা। ওকে বুঝানো আমার কর্ম নয়। আদেনের ব্যাপারে কোন সংবাদ পেলে হয়তো কিছুটা শান্ত হতো। পিজার চেয়ে ও বেশী করে কাদহে আদেমের জন্য। আমি ভাকে অনেক বুঝিয়েছি। বলেছি, আদেম বেঁচে আছে। কিছু ও বলছে, আদেম বেঁচে থাকলে আরার কবরে মাটি দেয়ার জন্য হাজির হন্ত। আদেমের ছেন্টাটা দেখার জন্য ও একা একা আন্তবল পর্যন্ত গিয়েছিল।'

দীলরেস ক্লেডিসকে বললঃ 'ও ফিরে না এলে আমি আমৃত্যু নিজের কাছে অপরাধী হয়ে থাকব। নিশ্চয়ই ও ঘোড়ার খৌজে গিয়েছিলাম। যখন শুনেছি আমি ঘোড়া নিয়ে এসেছি, তখন নিশ্চয়ই মনে করেছে তাকে মৃত্যুর মুখে ফেলে আমরা পালিয়ে এসেছি। ও মৃত্যুকে ভয় পাবার মতো নয়। হলফ করে বলতে পারি ও এক বীরের মতো জীবন দিয়েছে। আমি কি ভাবছি জান ? ভাবছি জামি ওর স্থানে হলে কি করতাম। তৃমি হয়ত বিশ্বাস করবেনা ক্লেডিস আমি ওকে অনেক করে খুঁজেছি। পালানোর পূর্বে বেপরোয়া হয়ে তাবু পর্যন্ত গিয়েছিলাম। নিরাশ হয়ে আমার ঘোড়া ছেড়ে যখন তার ঘোড়ায় চাপি তখনো ভেষেছি থকে পেলেই ওর ঘোড়া থকে দিয়ে দিব। কিন্তু আমার এ কথাতো কেউ বিশ্বাস করবেনা। আসেম ফিরে এলে হয়ত বলবে পালানোর জনাই ভার দ্রুভগতি ঘোড়াটা হাতিয়ে নিয়েছি।'

মারকাশ তাকে শান্তনা দিয়ে বললেন ঃ 'বেটা। ও সৃশীল এবং ভদ্র। তর মত ছেলেরা চরম মৃত্যুর্ভেও বন্ধু সম্পর্কে এমন ধারণা করবেনা। তাকে না বলে তার ঘোড়া আনতে গিয়ে তুমি ান বিনাম পর্যন্ত পড়ে থাকরে প্রামাননের পাটে পেটে এও কুম্ভগর। হেরাকল থেকে ব্যানালালার পড়ে থাকরে রোমাননের লাল? আমাদের লক্ষ্ণ লক্ষ্ণ নারী পুরুষকে ওরা ধরে ক্যানালাল সন্ধির ব্যাপারে আমরা অনেক বেশী আশা করেছিলায়। এমন বিপর্যয় আর কখনো ক্যানের জাবনে আমেনি। হেরাক্লিয়ানের চাইতে এর জন্য আমার ছেলেই বেশী দায়ী। ক্লেডিস আনানের কাছে না গেলে তা এ বিপদ আসতোনা। আমার দোষও কম নয়ঃ সিনেট ক্যানালোক বগতে গেলে আমিই হেলাকল যেতে বাধ্য করেছি। কিন্তু আমাদের মনছিল গারাবার। নিয়তেকোনদুরভিসন্ধিছিলনা।

ি দাবা। দীপরেসের ব্যাপার তো আমাদেরতে ভিন্ন ক্লেডিসের কণ্ঠে বিষয়ভাঃ এদুর্ঘটনার জন্য নির্দেশনার প্রডিটি পোক আমাকে দায়ী করছে। কাল সিনেটের বৈঠক হচ্ছে। ওথানে আমার নামানাটি কেশী হবে। কাইজার আমায় পুরস্কৃত করার জন্য সবায় যেতে বলেননি। বলল যাবঃ নামান বন্ধ ভেবেছে তারাই আমার গালি দেবে। আরাঃ আমি চাকরী থেকে ইন্ডফা। দেবঃ নামানার সামনে আমায় ঘোষণা করতে হবে যে আমি এ দায়িত্বের যোগ্য নই।

ার্য্য শান্তনার সূর টেনে মারকাশ বগগেন ঃ 'না কেটা। যে জন্য এ অসভ্যদের কাছে নানাদেরকে বন্ধুত্বের তিথ মাঙ্গত হয়েছে সে জন্য কাইজার তোমায় দায়ী করবেননা। আমার বিরুদ্ধে মুখ খোলার সাহস পাবেনা।'

ক্রেডিন কিন্তু বলতে যাছিল। হঠাৎ বাইরে কারো পায়ের শব্দ ওলে ও দরোজার দিকে লাকালো। ভেজানো পাল্লা ঠেলে ভেলে উঠল আদেমের মুখ। ভড়াক করে উঠে ক্রেডিন ভাকে নুকে অড়িয়ে ধরল। আদেমের বিধরত চেহারা। দীলরেস নিজের চোখকেই যেন বিশ্বাস করতে লাকানা। ও দাঁড়িয়ে ধরা আওয়াজে বলল ঃ 'ভ্মি হয়তো বিশ্বাস করবেনা আদেম, আমি সম্পূর্ণ নির্দোশ তোমায় না বলে ভোমার ঘোড়া আনতে যাওয়াটাই বোকামী হয়েছিল।'

- ঃ 'আরে। ভূমি এত পেরেশান হচ্ছ কেন? আমি চাকরটার কাছে সব শুনেছি।'
- ঃ 'কোথায় দে?' ক্লেডিদের প্রশ্ন।
- । 'কে? আপনার চাকর? জানিনা। ও আপনার অপেক্ষা করছিল। আমি তাকে তাড়াতাড়ি

  শালিয়ে যেতে বলেছি।' মারকাশ আসেমের সাথে মোসাফেহা করে নিজের কাছে বসালেন।

  কলে নেমে এল বিষয় নিরবতা। চারজনই বেদনাহত দৃষ্টিতে পরস্পরের দিকে তাকাজিল।

  নিরবতাভাঙ্গ ক্লেডিস। 'আসেম। তুমি জান——'
- ঃ 'সব শুনেছি। মাঝখানে কথা কেটে খাসেম বলগ।' আমি প্রথমেই সরাইখানায় গিয়েছিলাম। তথান থেকে ভার কবর হয়ে এসেছি।'

পাসুনি দাঁড়িয়েছিল তেতরের দরজায়। ঃ 'আমি আবুনিকে সংবাদ দিছি বলেই ও চলে গেল। কিনো এল আতুনিকে নিয়ে। পর্দা ফাঁক করে আতুনি ডাকিয়ে রইল জাসেমের দিকে। আসেম

@Priyoboi.com

উঠে তাকে হাত ধরে এনে কাছে বসাল। খাঙুনি তখনো খনিমেষ চোখে আসেমের দিকে ভাকিয়ে ছিল। তার ব্যথা করুণ দৃষ্টি আসেমকে ব্যথাহত করে তুলল।

ঃ 'বোনটি আমার। ফ্রেমস ছিলেন তোমার পিতা।' ভারী শোনাল আসেয়ের কণ্ঠ। 'কিন্তু পৃথিবীতে তাকে আমার প্রয়োজন ছিল বেশী। আমার দৃত।গ্যের মেঘলা জাকাশে এক নক্ষত্র দেখেছিলাম। তাও আন্ধহারিয়ে গেল।'

আন্ত্রনি চোথ ফেটে বেরিয়ে এল অপ্রর বীধ ভাংগা জোয়ার। অনেক্ষণ কেনে চোথের পানি
মূহে ও বলনঃ 'আক্রমণের কয়েক ঘটা পূর্বে তিনি এখানে এসেছিলেন। আমি অনেক করে
কলনাম থেকে যেতে। তিনি বললেনঃ এখনো তুমি শিশুদের অভ্যাস ছাড়তে পারলেনা। তুমি
এখন বড় হয়েছ। যখন গুনলাম শত্রু শহরের কাছে এসে গেছে এক চাকরকে সাথে নিয়ে তার
খোঁজে ছুটলাম। ততোক্ষণে শহরের ফটন বন্ধ হয়ে গেছে। সব জেনেও পাহারাদাররা আমায়
মিথো প্রবোধ দিয়ে বলছিলঃ 'তিনি ভেডরে এসে গেছেন।'

- ঃ 'ক্লেডিস ?' 'জংগীরাকি তোমাদের পূর্বেই এখানে পৌছে গিয়েছিল?' আসেম প্রশ্ন করল,
- ঃ 'ওরা এসেছিল কয়েক দিক থেকে। খানিক আগেই এদেরকে এখানে পাঠিয়ে দিয়েছিল। 
  ওরা গ্রাম গুলা ধ্বংস করে দিয়েছে। আমাদের সৌভাগ্য যে তেমন বাঁধ ছাড়াই আমরা শহরে 
  চুকতে পেরেছি। নয়তো আমরা কেউ রীচতে পারভামনা। ওরা একটু সময় আমাদেরকে বাইরে 
  ঠেকিয়ে রাখতে পারলেই পেছনের ফৌজ এসে যেতো। আন্তনির আবার কথা অরণ থাকলে 
  সাথে নিয়ে আসভাম। ফটক বন্ধ হয়ে যাবার পর আমাদের সমগ্র ফৌজ নিয়ে বের হলেও 
  জংলীদের জন্য কয়েক কদমের বেশী এগুতে পারভামনা। পার্চীলের উপর থেকে ভীর মেরে 
  মেরে আমরা ওদের তাড়িয়েছি। পরে বাসায় না এসে গিয়েছি সরাইখানায়। যা দেখলাম তা 
  বলার যোগ্য নয়। বেচৈছিল মান্ত এক বুড়ো চাকর। তাও সে খাসের স্তুপের ভেতর লুকিয়েছিল।'

আসেম ভারাক্রান্ত কণ্ঠে বলল ঃ 'চাকরটা এখনো সেখানে ভার কাছেই আমি সৰ শুনেছি।' ঃ'ভূমি সোজা সরাইখানায় উঠবে,এজনাই তাকে ওখানে থাকার পারামর্শ দিয়েছিলাম।' দীলরেস বলল ঃ 'আসেম। তুমি কোথায় চলে গিয়েছিলে।'


ঃ'যোড়া হারিয়ে শহরের দিকে থাওয়া ছাড়া কোন উপায় ছিলনা। ওখানে এক ভদ্রলোক জামায় সাহায্য করেছেন। তিনি জামায় ঘোড়া এবং সাথে একজন সংগী দিয়েছেন। দৃশমনের হামলার আশংকায় জনেকটা পথ ঘুরে জাসতে হয়েছে। গতকাল একটা বনে লুকিয়েছিলাম। জামি একা হলে একমৃত্তুর্ততে দেরী করভামন। কিন্তু আমার সংগী ছিল খ্ব সতর্ক। ভাছাড়া জচেনা পথে তাকে আমার দরকারও ছিল।'

ঃ 'তোমার সে সংগী কোথায়?'

- িলে। লেভে। নজুন বুল্লার আশপাশের হলর বিদারক দৃশ্য দেখে ও সামনে এগুতে সাহস নাটান। অসম কি হবে হ'
- া বাদরা এখন কিইবা করতে পারি। আগামীকাল সিনেটের অধিবেশন বসছে। আমার দৃঢ় বিবাস এর সৰ্ব দায় দায়িত্ব চাপানো হবে আমার কাঁধে।'
  - । বা, বেটা না। এ হতেই পারেনা। মারকাশ বললেন।
- া শামার পিতা সিনেটের ব্যাপারে নিশ্চিন্ত। কিন্তু জামি জানি ওখানে একজন লোকও আমার শংক্ষ কথা বলবেনা। আমার দেশ থেকে বের না করলেও চাকরীচ্যুত করা হবে এ ব্যাপারে আমার সন্দেহ নেই।'

িশার মৃত্যুতে আন্তুনীর ভেতরটা পূড়ে যাছিল। স্বামী এবং আসেমের কথা শুনে ও চঞ্চল বল পাদের দিয়ে তাকিয়ে রইল। আসেম ক্লেডিসকে বলগ ঃ 'আমি সিনেটে যেতে পারব?'

- । 'শ্রস্থান নয়। কিন্তু তুমি ওখানে জামার অসহায়ত্ত্ব হাড়া আর কিছুই দেখবেনা।'
- া 'শতিটি রোমান আজ তোমারচে বেশী অসহায়। খাকানের বৈঈমানীর কারণে তোমাদের যে াশাশুলো নিরাশার আঁধারে হারিয়ে গেছে তা আধার চাঙ্গা করে তুলতে হবে।'
  - ঃ 'জুমি কি তাদের নতুন আশার আলো দেখাতে পারবে ডেবেছ্?'
- া 'নিজের অসহায়ত্ব সম্পর্কে আমি বেখবর নই। আজ যখন ফ্রেমসের কররের পাশে লাছিয়েছিলাম আমায় যেন তিনি বলছিলেন, আসেয়ে। তোমার বোন যে শহরে থাকে তাকে দাশেন হাত থেকে রক্ষা করে। ওর চোখের অঞ্চ কাইজারের সমস্ত সম্পদের চেয়েও দাখী।'
- । 'এমন কথা একজন রোমানের মুখে শোভা পারনা। কিন্তু একথা সভ্য যে কোন লৈব শভি-ই এখন কন্তুনভ্নিয়াকে রক্ষা করতে পারে। কাগকের সিনেট অধিবেশনের পর হয়ত শনবেশাহানশাকটাজেনাচলেগেছেন।'
- " 'আমি এক আগস্তৃক। কাইজার এবং সিনেট সদস্যদের সামনে মুখ খোলার জনুমতি পেলে আঘোর ভাল কোন পরামর্শ দিতে পারব।'
- । 'ত্মি এখনই কাইজারের কাছে যেতে পারবে। এখানে এসেই তিনি তোমায় খুঁজে বের
  নানার নির্দেশ দিয়েছেন। কিন্তু অধিবেশনে যাওয়া তোমার জন্য উচিৎ হবেনা। তিনি আমার উপর
  এতটা ক্ষেপে আছেন যে তুমি আমার পক্ষে কিছু বলতে গেলেই বিপাকে পড়বে। তা আমি সহ্য
  নাতে পারবনা। কাইজারকে তোমার সংবাদ দিয়েছি। সময় মতো তিনিই ডেকে পাঠাবেন।'
- ॥ 'না রেডিস, তোমাকে সামনে রেখেই আমি সদস্যদের কিছু বলতে চাই। আমার বিশ্বাস, ওরা আমার উপহাস করবেনা।'



- ঃ 'আমাদের ভালোর জন্য কোন পরিকল্পনা ভোমার মাথায় এসে থাকলে ভোমায় জধিবেশনে নেয়ার বিশ্বা আমি নিচ্ছি।' মারকাশ মাঝখানে বলে উঠলেন। 'হেরাকলায় যারা ভোমার সাহস দেখেছে আমার বিশ্বাস ভূমি কিছু বললে ওরা ভোমায় বিদ্রুপ করবেনা'
- ঃ 'আমার মাখায় কোন পরিকল্পনা এসেছে কিনা খলতে পারছিনা। তবে আমায় দেখলে ওদের দৃষ্টি ক্রেডিসের উপর থেকে সরে আসবে। আমার বন্ধু ফেন না ভাবে কোন কথা বলে অমি তাকে লক্ষিত করব।'

হাউজে মন্ত্রী পরিষদ এবং সিনেট সদস্যরা সবাই এসেছেন। দর্শক গ্যাগরী লোকে ঠাসা। যে সব মহিলাদের আত্মীয় স্বজন হেরাকলায় নিহত হয়েছেন অথবা পালিয়ে এসেছেন তারাও রয়েছেন দর্শকদের মাঝে। রানীকে পাশে নিয়ে বসে আছেন কাইজার। বিমর্য, কঠিন চেহারা। সিংহাসনের কয়েক কদম দূরে ক্রেডিস মাথা নীচ্ করে বসে আছে। সিনেট সদস্যরা সবাই নিজ নিজ বক্তৃতায় দূর্ঘটনার সব দায় দায়িত্ব ক্রেডিসের ঘাড়ে চাপিয়ে দিল। দূএকজন ক্রেডিসের পাক্ষে কথা বলতে গিয়ে জন্যান্য সদস্যদের প্রতিরোধের মুখে বক্তৃতা শেষ করতে পারেনি। সাইমন ছিলেন ক্রেডিসের গক্ষে। কিন্তু তিনিও অসহায়। মারকাশ দাঁড়িয়ে পুত্রের পক্ষে কিছু না বলে সমালোচনাকারীদের বিরোধিতা করতে লাগলেন। কলে বিরোধিরা আরো ক্লেপে উঠল।

নিনেটের যে সদস্য কাইজারকে কাটাজেনা খাধার পরামর্শ দিয়েছিলেন তিনি দাঁড়িয়ে বললেনঃ 'আলীজার। ক্রেডিসের অদূরদর্শীতার ফল তার বংশের মধ্যে সীমারদ্ধ থাকলে আমাদের বলার কিছ্ই ছিলনা। কিন্তু এ সমস্যা এখন জাতীয় সমস্যায় রূপ নিয়েছে। যে সব বোনের জফ্র এখনো শুকারনি ভারাও হাউজে রয়েছে। ক্লেডিসের ভূলের মাশুল দিতে গিয়ে কন্তুনভূনিয়ায় শুক হয়েছে লাখে। মানুষের আহাজারী। ক্লেডিসের জন্য মারকাশের ভেতরে রয়েছে পিতার শ্লেহ রাৎসলা। কিন্তু জংগীরা যে সব লাখ লাখ মানুষকে দামিয়ুবের ওপাড়ে উরে নিয়ে গেছে, তারা কি রোমানদের সন্তান নয়ঃ আমাদের একজন পদস্থ সামরিক কর্মকর্তা খাকানের ফাঁদে পা দেয়ায় কি এ বিপর্যায় আমাদের উপর নেমে আসেনি? আলীজাহ। প্রজালাধারনের জন্য আপনি যেকোন খূকি নেতে বাধ্য। কিন্তু শক্রর উদ্দেশ্য যাচাই না করে যারা আপনাকে এক অরক্ষিত স্থানে নিয়েছিল তারা কি ক্ষমার জযোগ্য নয়? এক আগজুক সময় মতো আমাদের সাবধান মা করলে একটি প্রামীও বেঁচে আগতে পারতাম না। এক অপরিচিত ব্যক্তি শক্রর উদ্দেশ্য জানতে পারলো ভগত ব্যবস্থাপকরা শেষ পর্যন্ত কিছুই জানতে পারলনা, এ কি কোন কথা হঙ্যো?'

হেরাক্লিয়াস ভান হাড উপরে ভূগলেন ঃ `একথা কয়েকবার বলা হয়ে গেছে।' সদস্য বসে পড়ালেন। সম্ভাট ক্লেডিসের দিকে ভাকিয়ে বললেন ঃ 'ভূমি কিছু বলবে ঃ'

পাঁড়াল ফ্রেডিস। ৪ 'আলীজহ! আমায় অপরাধী বানানোর জন্য এত দীর্ঘ বক্তৃতার প্রয়োজন ছিলনা। আমার ভূলের পরিনাম সামনেই রয়েছে। স্বকীর করি আমি এ দারিত্ পাগনের উপযুক্ত ছিলামনা। এখানে আমি নিজের পক্ষে সাফাই পেশ করার জন্য আদিনি। আমি এসেছি শান্তির নির্দেশশোনারজন্য।

হাউজে নেমে এল অথও নীরবভা। বিরোধীরা ঠোটে বিজয়ের হাসি টেনে পরস্পরের দিকে চাইতে লাগল। কাইজার বললেনঃ 'ভোমার ভূলের মধ্যে ভারাও শকীক যারা খালানের সাথে আমাদের এ মোলাকাভের সমর্থন করেছিল।'

- ঃ 'আশীজাহ! এর বিচারের ভার ভাদের বিবেকের উপর ছেড়ে দিছি।'
- ঃ 'আমার অনুমত্তি নিয়ে ভূমি খাকানের কাছে গিয়েছ একথাও বলভে চাইছনা?'
- ঃ 'আপনরে অনুমতির অর্থ এ ছিলনা যে আমার অদূরদশীতার ফলে সামাজ্যে কোন বিপদ এলে আমায় ছেড়ে দেয়া হবে?'
  - ঃ 'ভূমি জান উদ্দেশ্য সৎ হ্বার পরও ভোমার চে দূরদশী ব্যক্তিরা প্রবঞ্চিত হয়েছেন?
- ঃ 'আমি কাউকে দোষী করতে চাইনা জাঁহাপনা। খাকানের কাছ থেকে বড় আশা বুকে নিয়ে না এলে এডাবে প্রভারিত হতাম না। দুশমনের নোকবে ঢাকা চোহারায় আমরা বিভ্রান্ত হয়েছি। আমার বিক্রছে কেউ কিছু না কালেও আমি যে অযোগ্য তা নিজেই স্বীকার করতাম। কোন শাস্তি না দিলেও কমপক্ষে আমাকে সেনাবাহিনী থেকে বরখান্ত করা থোক। একথা বলার কিছান্ত নিয়েই ঘর থেকে বেরিয়েছিশাম।'
- ঃ 'ইচ্ছে করলে দুনিয়ার সব অপরাধ নিজের ঘাড়ে চাপিয়ে নিতে পার। কিন্তু শান্তি নির্ধারণ করার দায়িত্ব তোমার নয়।'

রানী কাইজারের কানে কানে কি যেন বললেন। সম্রাট ক্লেডিসকে দক্ষ্য করে বললেন ঃ 'সে আরব ছেলেটার কোন খোঁজ এখনো পাওনি?'

ঃ 'গু এখন হাউজের বাইরে দাঁড়িয়ে আছে।'

কাইজার রেগে গেলেন। তোমার কাছে এটা আশা করিনি। ওর ঝোঁজ পাওয়ার সাথে সাথে আমার কাছে নিয়ে এলেন কেন?'

- ঃ 'জালীজাহ। আমি মনে করেছিলাম এক অপরিচিতকে হাউজে প্রবেশ করানো ঠিক হবেনা। অধিবেশন শেষে ওকে আপনার কাছে নিয়ে আসার জন্য পাহারাদারকে বলে দিয়েছি।'
- ঃ 'জীবন ৰাজী রেখে যে যুৰক আমাদের সতর্ক করল আমরা ভার কৃতজ্ঞতা আদায় করবনা ভূমি ভা ভাবলে কি ভাবে?'
- ঃ 'ও স্বামার সাথে অসতে চেয়েছিল। এ অধিবেশনে স্বামি এক অপরাধী। স্বাশংকা করেছিলাম সিনেট সদস্যরা তাকে না আবার স্বামার পক্ষ সমর্থনকারী মনে করেন। ও স্বামার বন্ধু। এ স্ববস্থায় হয়ত ও মুখ বুজে থাকবে না।'
  - ঃ 'ওকে নিয়ে এস।'

ক্রেডিস সমাটকে কূর্নিশ করে বেরিয়ে গেল। বিরোধী সদস্যরা উৎকণ্ঠিত হয়ে উঠল। তরা বার বার চাইতে লাগল দারোজার দিকে। খানিক পর আদ্রেম এবং ক্রেডিস ভেতরে প্রবেশ করে কাইজার কে কূর্নিশ করল। এরপর ক্রেডিস ইংগিতেও কাইজারের সামনে এসে দাঁড়াল। কাইজার এবং রানী গভীর চোখে ভার দিকে তাকিয়ে রইলেন। অবশেষে সমাট বললেন ঃ 'নওজোন। কাইজারের জীবন রক্ষা করার জন্য কোন পুরস্কার থাকলে সে পুরস্কার ডোমার প্রাপ্য। আমরা ডোমার অপেক্ষায় ছিলাম।'

- ঃ 'জীহাণনা এ এক আক্ষিক ব্যাপার। ওখানে যাবার অনেক পরে আমি এ ষড়যন্ত্রের খবর পেয়েছি। আমি আপনার সালতানাতের আশ্রয়ে ছিলাম। কৃতজ্ঞতার দাবী হচ্ছে, যে কোন বিপদ সম্পর্কে আপনাদের অবহিত করা। এর জন্য কোন পুরস্কার পাওয়াটা আমি সংকীর্নতা এবং লক্ষ্যজনক মনে কুরি।'
- ঃ 'ভূমি নিজেকেই বিপদে ফেলেছিলে। এমনওতো হতে পারতো যে ভাংলীদের হাও থেকে বাঁচলেও আমরাই ভোমার ফাসীতে খুলিয়ে দিতাম।'
- ঃ 'আমার বিশ্বাস ছিল। ব্রেডিসের উপস্থিতিতে আমার দায়িত্ব আমি পালন করতে পারব। ক্লেডিস না থাকলেও কর্তব্য পালন করতে আমি পিছপা হতামনা।'
  - ঃ 'এখানে আসার পূর্বে তুমি ইরানী ফৌজে ছিলে?'
  - a'शी।'
  - ঃ 'সিরিয়া এবং মিসর বিজয় অংশ নিয়েছিলে?'
  - ঃ 'সিরিয়া এবং মিসরের যুদ্ধে আমি আরব ব্রিপেডের কমান্ডার ছিলাম।'
  - ঃ 'তৃষি কি হাবশার দিকে যাওয়া ফৌজের সাথে ছিলে?'
  - ঃ'আঁ।'
- ঃ 'তাহলে কন্তৃনত্নিয়ার দিকে জাসার সময় একবারও কি মনে হয়নি যে, রোমানরা ইরানীদের দুশমন। একটু জানতে পারলেই ওরা তোমায় হত্যা করবে।'
- ঃ 'মনে হয়নি তা নয়। বরং কোন মানুষ যখন নিজের পথ পরিবর্তন করে তখন কোথায় যাচ্ছে তাবেনা। যখন ক্রেডিসের সাথে আসার সিদ্ধান্ত নিয়েছিলাম তখন জীবনের চেয়ে আমি মৃত্যুর কাছাকাছি ছিলাম।'
- ঃ 'কিন্তু ক্লেডিস স্থীকার করেছে, সে ভোমার সবই জানত। এরপরও ও ভোমায় আশ্রয় দিয়েছে। আমাদেরকে না বলে ভোমায় আশ্রয় দিয়ে সে কি অপরাধ করেনি।'
- ঃ 'আমি বলব , ক্রেভিস বিশ্বাস করে ভূল করেনি। সে জানত , আমি তাকে ধোকা দেবনা।'
  কাইজার খানিকটা ডেবে নিয়ে বললেনঃ এ বিপর্যয়ের সব দায় দায়িত্ব ক্লেভিসের ঘাড়ে
  চাপানো হয়েছে। আমরা ওকে শাস্তি দিতে চাই। ভোমার এতে কি অভিমত।'
  ১৮৬ কায়সার ও কিসরা

- ঃ 'ক্লেডিসকে কথা দিয়েছি তার পক্ষে কিছুই বলবনা। তবু ওকে শান্তি দেয়ার সিদ্ধান্ত নিয়ে থাকলে বলব রোমানদের ডবিষ্যত আমার ধারনার চে' বেশী অন্ধকার।'
  - ঃ 'তৃমি ক্লেডিসকে নিরপরাধ মনে কর?'
- ঃ 'আলীজাহ। আমি ক্লেডিসকে নির্দোষ প্রমাণ করার জন্য আসিনি। আমি জানি পরিষদ আমার অনুত্তির তোয়াকা করবেনা। কিন্তু এসব সমাণিত ব্যক্তিদের উচিৎ এক শরীফ এবং সাহসী যুবকের উপর ক্রোধ না ঝেড়ে রোমের ভবিষ্যৎ নিয়ে চিন্তা করা। হেরাকগার মত এখানেও আমায় উপহাস করা না হলে আমি একটা পরামর্শ দিতে চাই।' লোকগুলো নিঃশাস বন্ধ করে আসেমের দিকে চাইতে লাগল। কাইজার চঞ্চল হয়ে বলকেনঃ 'বলো। তুমি থামলে কেন থ'
- ঃ 'রোমানরা শান্তি চায়। খাকানের দিক থেকে নিরাশ হয়ে ফাবার পর ইরানের দিকে তাকানো ছাড়া আপনাদের সামনে আর কোন পথ খোলা নেই।'

কাইজারের চোখে আশার ঝিলিক। ঃ 'আমরা গুদের দিকেই তাকিয়ে আছি। কিন্তু গুরা শান্তি এবং সন্ধি এ দুটো শদ গুনতেই নারাজ। দু'বছর পূর্বে সন্ধি প্রস্তাব নিয়ে ইরানী সিপাহসারের কাছে তিনজন লোক পাঠিয়েছিলাম। কিন্তু একজন মাঝি ছাড়া বসফরাসের গুপারে কেউ আসতে পারেনি। পরে শুনেছি আমাদের দুতদের সাথে কোন কথাবার্তা ছাড়াই তাদের হত্যা করা হয়েছে। এরও পূর্বে একজন দুত সিপাসালারের কাছে গিয়েছিলেন। কিন্তু তাদের প্রথম শর্ত ছিল কন্তুনত্নিয়ায় দুয়ার তাদের জন্য খুলে দিতে হবে।'

- ঃ 'তাদের নতুন শর্ত কি হবে এ ব্যাপারে জাপনাকে নিশ্চিত করে কিছুই বলতে পারছিনা। আমি সিপাহসালারের কাছে যাবো। আমার বিশ্বাস সিপাহসালারের সামনে না নেয়া পর্যন্ত ওরা আমায় হত্যা করবেনা। সীন যদি এখনো সেনাপতি থেকে থাকেন আমার কথা নিশ্চই শুনবেন। এককালে তিনি আমায় নিজের ছেলের মত শ্লেহ করতেন।'
- ঃ 'সীনকে এককালে আমিও বন্ধু মনে করতাম। তাকে জেল থেকে মুক্তি দেয়ার সময় তেবেছিলাম সন্ধির ব্যাপারে কিসরার সাথে আলাপ করবে। কিন্তু এছিল আত্মপ্রবঞ্চতা। রোমানদের সাথে শক্রতায় সে বরং কিসরার চেয়ে এক কলম এগিয়ে আছে।'
- ঃ 'এ ব্যাপারে আমারচে কেউ বেশী জানেনা। তিনি যুদ্ধ বন্ধের জন্য যথাসাধ্য চেষ্টা করেছিলেন। কিন্তু কিসরা তেবেছিলেন মিশর সিরিয়া জয়ের পর অতি সহজেই কন্তৃনতৃনিয়া পদানত করতে পারবেন। এজন্য তিনি সীনের প্রস্তাবে কান দেননি। এখন দীর্ঘ বর্থতার ফলে হয়ত কিসরার চিন্তাধারায় পরিবর্তন এসে যেতে পারে।'

হাউন্ডের আশা ভরা দৃষ্টিগুলো আনেমের দিকে তাকিয়েছিল। কাইজার বললেনঃ কন্তুনভূনিয়া ছাড়া ইরান্দের যে কোন প্রস্তাব আমি মেনে নিতে প্রস্তুত।'

- ঃ 'সন্ধির শর্ত নিয়ে ভাববেন কিসরা এবং কাইজার। আমি শুধু সীনের সাহায়ো কিসরার কান পর্যন্ত কথাটা পৌছে দেবার দায়িত্ব নিয়েছি। সীনের আশ্বাস পেলে আমি ফিরে আসব। ফিরে না এলে ভাববেন আমি ব্যর্থ হয়েছি। তিনি যদি আপনার সাথে কথা বলতে রাজী হন আমি সফল। তবে আপনাকে দৃঢ়ভার সাথে বলতে পারি, থাকাানের মত সীন ধোকা দেবেন না।'
  - ঃ 'আমি কি সরাসরি সীনের সাথে কথা বলব?'
  - ঃ 'অলীজাহ। সীন আপনাকে সাক্ষাতের আমন্ত্রণ জানাগে অমি ভাগ সনে করি।'
  - ঃ ' তাকে কন্তুনভূনিয়া নিয়ে খাসতে পারবে?'
- ঃ 'আপনাকে এমন আশাস দিতে পারিনা। তিনি অহংকারী নন তিনি এখানে একে একজন সিপাই পর্যন্ত তাকে ঘূপা করবে। ভূলে পেলে চলবেনা ওরা বিজয়ী। সন্ধির শর্তাবলীও হয়ত অপমানকরা হবে। কিন্তু সন্ধি রোমানদের অভিত্বের প্রশ্ন। বাজনাতীন সালতানাতকে রক্ষা করার জন্য সন্ধি তিক্ষা করা ছাড়া আপনাদের কোন উপায় নেই। কন্তুনতুনিয়ায় জেরুজালেম এবং ইতাকিয়ার পুনরাধৃত্তি ঘটুক আপনি কি তা চাইকেন?'

জন্য সময় হলে একথা বলার পর আসেম জীবন নিয়ে দিয়ে যেতে পারতোনা। কিন্তু ওরা এতটা অসহায় ছিল যে ওরা আসেমের আগমনকে গায়েবী সাহায্য মনে করছিল।

কাইজার পেরেশান হয়ে এদিক গুদিক চাইলেনঃ 'কথা বলার জন্য সীনের কাছে গোলে কোন বিপদ আসবেনা এ ব্যাপারে ভূমি কি নিশ্চিত?'

ঃ 'আলীজহে! তার সাথে কথা না বলে আপনাকে কিছুই বলতে পারছিনা।'

কাইজরে ক্লেডিসের দিকে ফিরে বলকেন ঃ 'আমার বিশ্বাস তোমার ব্যাপারে এবার সবার ভূল ভেংগে গেছে। সিনেট সদস্যরা তোমার প্রতি ক্রুন্ধ হয়েছেন। এবার নিক্য়ই তোমার সাহসিকতার প্রশংসা করবেন। আমাদের দোষগুলিও তুমি ওদের বলনি। প্রজ্ঞাদের স্বার্থে আমি খাকানের তাবৃতে পর্যন্ত যেতে চেয়েছিলাম। এরপরও আমরা তোমার কাছে কৃতক্ত: আশাকরি আগামীতে আরো বড় দায়িত্ব পালন করার জন্য প্রস্তুত থাকবে।'

হাউজে অথক্ত নীরবতা। কৃতজ্ঞতার অশ্রুতরা চোখে ক্লেডিস কাইজারের দিকে তাকিয়ে রইল। হেরাক্মিয়াস আসেয়ের দিকে ফিরে বললেনঃ 'তুমি একবার আমাদের বাঁচিয়েছ। তোমায় সন্দেহ করতে পারিনা। তবুও কোন সিদ্ধান্তের জন্য আমাদেরকে পরামর্শ করতে হবে। দৃ'তিন দিনের মধ্যে তুমি জবাব পেয়ে যাবে। কিন্তু এখন থেকে তুমি ক্লেডিসের নও আমার মেহমান। আজকেরমন্ত অধিবেশনের এখানেই সমান্তি।'

1 4



দশদিন পর। গভার রাতে বদফরাস প্রশাসী থেকে মর্যরা সাগরে পড়ল একটা সৌকা। মর্যরার জন্ম থেকে নৌকা এগিয়ে চলল পূর্ব দিকে। আরোহী আক্ষেম, ফ্লেভিস এবং দীসায়েস। দাঁড় বাহাহিশ চারজন মারা। থমধ্যে মেঘলা আকাশ থেকে গুড়িপুড়ি বৃষ্টি ক্রাহিদ

দানরেসের হাতে নৌকার হান। চোখে টানটান করে ও পাড়ের হোট ছোট টিলায় দিকে। তাকছিল। নৌকার সামনের মাধায় আসেম এবং রেডিস বসে কথা বলছিল।

আসেম বসলঃ 'ক্রেভিস বৃত্তি ভীত্র হচ্ছে। বস্থানাস পার হওয়ার পর আমায় নামিয়ে নিনেই ভাগছিশ।'

ঃ 'সতক্তায় দোৰ কি ? দীলয়েনের ধারনা, খালকুদুনের আশেপাশে ইয়ানী দিলাইয়া বেগী সর্ভাক থাকৰে। এলিকটায় গুৱা নেই তা বঙ্গহিনা বরুং গুই এলাকার্য়ে অনেকটা নিয়াপন।

আসেম নীরব হয়ে গেল। রেভিস ভার কাঁধে হাত রেখে বলনঃ 'আসেম। সাধ্যে কুলালে তোমায় এখানে না নামিয়ে ফিরিয়ে নিয়ে যেতাম। আমার কেবলি মনে হচ্ছে, আর কোনদিন একেখপরকেদেখবনা।'

ঃ 'সীন যদি এখনো দেনাপতি থেকে থাকেন তবে আমিই তোমাদের অপেকায় বাফর। উপবৃদ্ধে আন্তনজ্বলে বুক্তর আমি বেঁচে আছি।"

নৌকার ওমাধা থেকে দীলরেদের কঠ তেনে এল ঃ 'মনে হয় আমাদের আর সঞ্চল না পেলেও চলবে। আমি কিনারের নিকে চললায় কেউ কোন শব্দ করবেন না '

ৌকার গতি কমে এশ: গুরা শুনতে শাগণ নদীর তীরে আছড়ে পড়া তরঙ্গের শুদ্দমলা োণ একটা বড় পাথরে ধাককা খেয়ে নৌকা গোমে গোলা একজন মাল্লা টুপ করে নেমে পড়ল পানিতে। হাটু পানি। সে নেমেই বলগ ঃ 'নৌকা আর সামনে নেয়া যাবেনা। পানি গুর কম '

শাদেয় জুতা খুলে পানিতে নেমে পড়গ। কয়েক কদম পেছনে ঠেলে নৌকায় উঠে বসল শায়া। আন্মেয় এথিয়ে চলল হাটুপানি ভেংগে। পাড়ে এসে ছোট টিলায় চড়ে এদিক ওদিক োকান ভারপায় চোথ ফেরাল নদীর দিকে। নৌকা ভতোক্ষণে আধারে মিশে গেছে কুটি পরিছিল মুসলধারায়। জুতা পরে ও একদিকে হাঁটা দিল। গাড় আধারে সবদিকই একরকম মনে হজিল:

াপজন এদিক ওদিক খোরাগুরি করে এক জায়গায় দাঁড়িয়ে চিৎকার করে ফারসী ভাষায় বলসঃ 'কেউ আছেন। ইয়ানীদের বন্ধু আমি, সিলাহসালার আমায় চেনে। আমার সাহায্য প্রয়োজন আমি সিলাহসালায়ের বাসায়যাব। কেউ কি আছেন।' অপেমের শদগুলো বৃষ্টি বারা রাতের অখন্ত আধারে হারিয়ে গেল। খানিক পরপরই ও এভাবে ডাকতে লাগল। অবশেষে ফ্লান্ত হয়ে বঙ্গে পড়ল। হঠাৎ ভার মনে হল কয়েকটা ছায়া ভার দিকে এগিয়ে আসছে।

বৃষ্টির আওয়াজ ছাগিয়ে কারো গায়ের শব্দ তেনে এল। ও দাঁড়িয়ে গলা হেড়ে বলন ঃ 'আমি পথ ভূলে গেছি। আমি দিপাহদালারের কাছে ফাব।'

ছায়া গুলো তার চার পাশে এসে জমায়েত হল। আক্রেম বলে যেতে লাগল।

- ঃ 'তোদরা যদি ইরানী সিপাই হও আমি তোমাদের সংগী। সিপাহসালার আমায় চেনেন।' একজন প্রশ্ন করল ঃ 'এ সময় তুমি কোথেকে এসেছ?'
- ঃ 'শ্রামি কোথেকে এসেছি সিপাইসালার জানেন। সে কথা অন্য কাউকে বলা যাবে না।' ওরা নিজেদের মধ্যে ফিস ফিস করে কি সব আলাগ করে বলগ ঃ 'ভূমি একা?' ঃ'ইটা।'
- ঃ 'রোমান গোয়েন্দার সাথে আমরা কেমন ব্যবহার করি জানো ?'
- ঃ 'রোমান গোয়েন্দারা সাহায্যের জন্য ইরানী দৈন্যদের ডাককেনা। তোমরা আদেমকে চেন ?' একলিক থেকে আওয়াজ এল ঃ 'আমি আদেমকে চিনি। সে সিরিয়া এবং মিশরের ফুঙ্গে আমানের সাথে ছিল। হাবশা যাওয়ার পথে জাহত হয়ে পেছনে পড়ে গিয়েছিল। সিপাহসালার ডার সংবাদদাতার জন্য পুরস্কার ঘোষণা করেছেন। কিন্তু আয়াজের দৃঢ় বিশ্বাস সে মরে গেছে।'
  - ঃ 'সে বেঁচে আছে। তাকে সিপাহসালারের কাছে নিয়ে পুরস্কার নিতে পার। আমিই আসেম।'

সিপাই এগিয়ে এনে বলল ঃ 'আপনি আদেম হলে এতি কণ বৃষ্টিতে দাঁড় করিয়ে রাখার জন্য জমা চাইছি। কিন্তু এতো রাতে সিণাহসালারের কাছে খাওয়া সন্তব নয়। তিনি বিশ্রাম করছেন। ভোরে তাঁকে সংবাদ পাঠাব। তার নির্দেশ পেলে আপনাকে তাঁর কাছে নিয়ে যাব। এখন খামাদের সাথে ছাউনীতে যাবেন। ওখানে আপনার কোন কষ্টই হবে না।'

ঃ 'না। আমি সোজা সিপাহসানারের কাছে যাব।' আসেয়ের কন্তে দৃঢ়তা। 'ডোমরা যদি তাকে রাগাতে চাও তবে যেখানে ইঙ্গা নিয়ে যেতে পার। তোমাদের সাথে তর্ম করব না। তবে তার কাছে যাবার পূর্বে কেউ যেন সমার জাসার সংবাদ না পায়। সবচে' তাল হয় জামায় সেনাপতির কাছেনিয়েচল।'

অফিসার খানিকটা তেবে সংগীদের দিকে কিরে বলগ ঃ 'ও আসেম হলে সেনাপতিকে ক্ষেণিয়ে লাভ নেই। আর আসেম না হলে এর ব্যাপারে সেনাপতিই কোন সিদ্ধান্ত নিতে পারবেন।'

ফুন্ডিনা খুমিয়েছিল। তার বৃদ্ধ চাকর ফিরোজ আলভো তাবে দরজা খুলে ভেতরে প্রবেশ করশ। ঃ 'ফুন্ডিনা, ফুন্ডিনা। উঠো বেটি, সূর্য উঠে গেল যে।' তাকে জাগাতে চাইল বুড়ো। কৃতিনা চমকে চোখ খুলন। বুড়োকে সামনে দেখেই রেগে বলন ঃ 'চাচা। তুমি জান আরার শ্রীর অসুস্থ থাকায় আজ রাতে আমি দেরীতে ওয়েছি।'

বিদরোজ দুখ্টোমির হাসি টেনে কলনঃ 'জানি মা। কিন্তু জাজতো দেরী করে উঠা ঠিক নয়।'

- । 'কেন ? আজ আবার কি হল ?' ফুন্তিনার কন্ঠে বিরক্তি।
- ঃ 'কিছুভো আবশ্যই আছে। একট্ বেরিয়ে এসো।'
- ঃ 'বাইরে কি ভ্যার ঝরছে নাকি ?'
- ঃ না, 'আকাশ বিপকুল ফর্সা। এইতো সূর্য উঠলো খলে।'
- ফুতিনা মুখের উপর লেপ টেনে বলল ঃ'ঠিক আছে, এখনি উঠব।'
- ঃ 'ফুন্তিনা। আজ রাতে একটা আশর্য স্বপু দেখেছি। শুনবে? দেখলাম রাতে কজন সিপাই আসেমের হাত পা থেঁখে কেন্তায় নিয়ে এসেছে। মশালের আলো জ্বালিয়ে চিনতে পেরে জামি ডাকে মেছমান খানায় নিয়ে এলাম। ও নাকি

বিশেষ কোন কারণে জাত্মগোপন করেছিল। তোমার ব্যাপারে জনেক কথা জিজেস করল। আমি বললাম, ফুন্তিনার দৃঢ় বিশ্বনে তৃমি বেঁচে জাহ। ও তোমায় স্বপ্রে দেখতো, এখার ওর খপ্র শতির হয়েছে। এর পর তোমায় সংবাদ দেয়ার জন্য আসতে চাইলাম। ও বলল, এখন থাক। ওর বিশ্রামে ব্যাঘাত ঘটবে। সে ভয়ে পরতেই আমি নিঃশব্দ পায়ে এখানে এলাম। তৃমি ভখন গভীরভাবে ঘূমিয়ে আছ। জাগাতে সাহস পেলাম না। কক্ষে কিরে গিয়ে ঘূমাতে চেষ্টা করলাম। বিন্দু ঘূমুতে পার্লাম না।

আচমকা লেপ ফেলে উঠে বসল ফুন্তিনা। ঃ 'এরপর কি হল চাচা ?' ফুন্তিনার কঠে অনুনয়।
ঃ 'যথন বাইরে ফর্না হড়েয়া গুরু করল আবার উঠে এলাম। এদিক গুদিক ঘ্রে আরো কিছু
সময় কাটিয়ে এক ছুটে এসে তোমার ককে ঢুকে গেলাম।'

তন্ধ বেদনাত দুচোথ মেলে ফুন্তিনা বৃদ্ধের দিকে ভাকিয়ে রইল। আচাইত ওর সৰ আবেগ সৰ অনুভূতি অশু হয়ে বেরিয়ে এলো। ফিরোজ বললঃ 'তোমায় জিজেদ করতে এসেছি, আসেমের ব্যাপারে আজ কোন স্বপু দেখনি?' ফুন্তিনা ধরা কঠে বলল ঃ 'চাচা! আমার সাথে এভাবে রসিকতা করা ঠিক হয়নি।'

ঃ 'আমি উপহাস করছিনা। এসো আমার সাথে।'

বিশয়ে বৃদ্ধের দিকে তাকিয়ে রইল ফুন্তিনা। আচমকা ওর চোখে ভেসে উঠল আশার আলো।
ফুলের পবিত্র হাসি ছড়িয়ে পড়ল ওর সারা মুখে। বুড়ো তার মাথায় হাত বুলিয়ে বললঃ 'ও এদেছে বেটি। ভোমার এতদিনের স্বপ্তের ভাবির দেখবে তো তাড়াভাড়ি ভৈরী হয়ে নাও। '

বৃদ্ধ চাকর মূচকি হেসে কক্ষ থেকে বেরিয়ে গেল। একটু পর ফুস্তিনা বেরিয়ে এল বারান্দায়। দাঁড়াল এসে ফিরোজের পাশে। আবেগে ওর পা কীপছিল। বুড়ো একদিকে ইন্সিত করল।

কায়সার ও কিদরা ২৯১

কম্পিত পায়ে ও দরকার দিকে এগিয়ে পেশ। থমকে দাঁড়াশ। পিছন ফিয়ে চাইল একবার। জবশেষে সসংকোচে ভেডরে চুকে পড়ল। ঘূমিয়ে ছিল জাসেয়। তার চেহারায় তার উপর বয়ে যাওয়া ঝড়ের চিহ্ন স্পষ্ট। এ চিহ্ন ধরা পড়ে কেবল একজন নারীর চোখে।

ফুন্তিনা এগিয়ে কম্পিত হাতে একনিকৈ ঝুলে থাকা লেপ তার গায়ে তুলে দিন: ওর ঠোঁটে হাসি, চোখে অঞ্চর বাধ ভাংগা জোয়ার। ও অনেকক্ষণ নিঃশদে দাঁড়িয়ে রইন। আচমিত কেপে কেপে খুলে গেল আনেমের চোখের পাতা। ধরকর করে উঠে বনন ও।

, সামনে দাঁড়িয়ে এক তরুণী। এতো জেরুজালেষের পথে সরাইখানার দেখা সেই খালিকা নয়। সৃষ্টির সব রাপ লাবন্য এসে জমা হয়েছে তার ভেতর। খাসেষের হৃদপিত দাফাতে লাগলো। নত হয়ে এল দৃষ্টি। বিচ্ছেদের কঠিন দিন গুলোভে যা বলবে তেবে মনের ভিতর জমা করে রেখেছিল, এ মূহুর্তে হারিয়ে গেছে তার সবই:

জনেক করে ও মুখ খৃণলো ঃ'ফুন্তিনা। ফুন্তিনা। অসি এসেছি। আমি অনেক দুরে চলে গিয়েছিলাম ফুন্তিনা। কিন্তু পথের প্রতিটি বাঁকেই তোমার শব্দহীন আহবান আমায় বেচইন করে ভুশেছে। আমায় দেখ ফুন্তিনা। তোমার কাছ খেকে বিদায় দেয়ার সময় আমি ছিলাম এক অসহায়। আরো বেণী অসহায় রিক্তা, নিঃস্ব হয়ে আবার কিরে এসেছি।'

উদগত কান্ধা রোধ করে ফুন্তিনা বলন ৪ 'বল এ স্বন্থ নয়। তুমি যথন এখানে ছিলেনা প্রতিটি রাত কেন্টেছে ফুমন্টান চোখে। আজ তুমি এলে, অথচ আমি ঘুমিয়ে ছিলাম। আমার বিশ্বাস ছিল তুমি আমবে। কল্পনায় কতবার ভোষার সাথে অভিনয় করেছি। বিনিন্ন রাতে স্কৃতির খাতার জ্যা করেছি কত অনুযোগ। কিন্তু ফিরোল যখন তোমার আসার কথা বলন, সব অনুযোগ, সব মান অভিমান দূর হয়ে গোছে। বল আসেম, তুমি খার পালিয়ে যাবেনাং

বাইরে কারো পারের শব্দ শোনা গেল। দরজার পাল্লা ঠেলে তেতরে প্রবেশ করন ফিরেজ।

- ঃ ' এবার গিয়ে তোহার স্বার্থাকে সংবাদ দাও।'
- ঃ 'খাছি চাচা। বিজ্ঞু কথা দিন ওকে পালিয়ে বেতে দেবেন না।'

ফিরোজ মৃদু হাসল। ঃ 'আর পালাতে পারবেনা। যে সিপাইরা ওকে নিয়ে এসেছিল ওরা পুরস্কার নেওয়ার আশায় বাইরে বসে আছে। ওরা ওকে পালানের সুযোগ দেবেনা।'

ফুন্তিনা কক্ষ থেকে ধেরিয়ে দৌড়াতে লাগলো। সিপাইরা যে ডকে দেখছে এ অনুভূতিও ওর ছিলনা। সীন তথনো বিছানায় শুয়ে ছিলেন। ইউসিরা বসেছিলেন তার পাশে।

- ৪ 'আরু!! আশা!' হস্তদন্ত হয়ে কক্ষে ঢুকেই ও বলল 'ও এসেছে।'
- ঃ 'কে এসছে মা।' সীন প্রশ্ন করলেন।
- ঃ 'অন্সেম এসেছে আরা।'
- ঃ'পাদেম।কোথায়দে।'

- ঃ'মেইমান খানায়।'
- 8 'তুমি নিজে তাকে দেখেছ?'
- । 'কিন্তু ও সোজা আমার কাছে এলোনা কেন?' সীন জুঙা পরতে পরতে বলগেন।
- ঃ 'আত্মা আপনি তো যুমিয়েছিলেন।'
- ইউসিয়া বহুজেনঃ 'সভিয় করে বল তো মা, কোন স্বপু দেখিসনিতো?'
- ঃ 'না মা! স্বপ্ত নয়।' মাকে জড়িয়ে ধরে ফুলে ফুলে কাঁদতে লাগল ফুতিনা।
- । 'আমি দেখে আনি দলে সীন বেরিয়ে গেল।
- ঃ 'ও যদি স্থত্যিই এসে থাকে তথে তোমরা আমার চেয়ে বেশী আনন্দিত হবেনা।' ইউসিবা নগগেন। 'কিন্তু ও এতোদিন ছিল কোথায়?'
- ঃ 'আমি জানিনা। শুধ্ জানি ও এসেছে। ঈশর আমার প্রার্থনা কবুল করেছেন। আমা, এখন নগতে পারবেননা আমি খৃষ্টবাদের দৃশমন হয়ে গেছি।' ইউসিবার চোখে টলমল করছিল আনক্ষের অঞা ঃ 'মা আমার। আমার ফুন্তিনা। আসেমের আগমনে সবার চেয়ে আমি বেলি খুশী হয়েছি এ জন্য যে, ঈশ্বর ভোমায় গোমরা হওয়া থেকে রক্ষা করেছেন।'

ম। মেয়ে কিছুক্ষণ কথা বলে দরভায় দাঁড়িয়ে বাইরের দিকে ভাকাতে লাগলো। সীন আসেমের সাথে কথা বলতে বলতে কক্ষে থেকে বের হচ্ছেন। ইউসিবা এগিয়ে আসেমকে বাগত জানাল মায়ের স্নেহ নিয়ে। এরপর চারজন গিয়ে বসল একটা প্রশন্ত কক্ষে।

নীন বললেনঃ 'এবার তোমার কাহিনী শুনাতে পার। আমাদের কাছে শেষ সংবাদ ছিল তৃমি ভাবা রওরানা হয়ে গেছ। কিবজী মাল্লা ছাড়া সাথে এক রোমান চাকরও ছিল। তৃমি যে নৌকায় ছিলে, করেকদিন পর ভা ব্যাবিশনের অশেপাশে দেখা গেছে। অমাদের আশংকা হয়েছিল কিবজী এবং রোমান চাকরকে বিশ্বাস করে তৃমি তৃল করেছ। ওরা তোমার সাগরে কেলে আজুগোপন করেছে। আর ওরা ভোমার ধোকা না দিয়ে থাকলে মিশর অথবা সিরিয়ার কাছে কোথাও সামৃত্রিক দুর্ঘটনায় পড়েছে। কিন্তু তথন সাগরে উল্লেখযোগ্য কোন ঝড় হয়নি। এজন্যে সন্দেহ করেছিলাম যে, রোমানদের যুদ্ধভাহাজের সাথে সংঘর্ষে তোমার নৌকা ভূবে গেছে। আমাদের এসব সন্দেহ কেবল তুমিই দূর করতে পার। এতদিন তৃমি ছিলে কোথায়?'

- ঃ 'ভাবা রওয়ানা হবার পর আমি কয়েক দিন অজ্ঞান ছিলাম। জ্ঞান ফিরলে ব্ঝলাম আমায় করেনত্নিয়ার দিকে নিয়ে যাওয়া হচ্ছে।'
  - ঃ 'এতদিন পর কন্তুকতুনিয়ার জেল থেকে পালিয়ে এখানে এসেছ?' কিছুটা তেবে নিয়ে আসেম বলদ ঃ 'জ্বীনা। আমি এক রোমানের জাশ্রয়ে ছিলাম। ও বড় ভাল।'
  - ঃ 'সে ভাল রোমানটা কে?'

- ঃ 'নোভা মরুভূমি থেকে আমি ফাকে সাথে নিয়েছিগাম।'
- ঃ 'বুঝতে পারছিনা সে ভাল হলে ডোমায় থোকা দিয়ে কম্বুনতুনিয়ায় নিয়ে গেল কেন ?'
- ঃ 'আমি তথ্ন অসুস্থ হিলাম। ও ভেবেছিল আফাকে বাঁচানোর এই এনটাই মাত্র পথ শোলা। 🖫
- ঃ 'তোমার যথন জ্ঞান ফিরল, নৌকা ফিরাতে বলনি?'
- ৪ 'না। তথন আমি অনেক দূরে চলে এসেছিলাম। পেছনে তাকাখার সাহসও আমার ছিল না।'
- ৪ ' এখন এখানে এলে কিভাবে १'
- ঃ 'এ জন্য আমি সে রোমানের কাছে কৃতজ্ঞ। রাতে ও একটানৌকার ব্যবস্থা করে দিয়েছিল।' সীন আসেমের দিকে গভীর ভাবে তাকালেন।
- ঃ 'বেটা। তোমার চেহারা বলছে, তুমি কি যেন আমার কাছ থেকে গোপন কমছো।'
- ঃ 'আমার আশস্কা হচ্ছে আপনি আমার কথা বিশ্বাস করবেন না।'
- ঃ 'ভূমি আমার কাছে নত্ন নও আদেম: ভোমার কোন কথা আমি অণিবাস করব এমনটি চিন্তাইকরোনা।'
- ঃ 'যদি বলি আমি কয়েকদিন কাইজারের মেহমান ছিলাম, জাসার সগয় তিনি আমায় বন্দর পর্যন্ত এগিয়ে দিয়েছেন, আপনি বিশ্বাস করবেন? আসার সময় তিনি বলেছিলেন, রোমানরা মে কোন মূল্যে ইরানের সাথে সন্ধি করতে চায়।

আমি তার এ প্রস্তাব আপনার কাছে পৌঁছে দেবার প্রতিশূতি দিয়েছি।

নীন উদ্বেগ ভরা চোখে জাসেমের দিকে চাইডে লাগলেন। অনেকক্ষণ ভাকিয়ে থাকার পর বললেন, কাইজার যে কিসরার পায়ে পড়ার জন্য প্রস্তুত হয়ে আছে আমি ভা জানি। বিজ্ ভূমি রোমানদের দৃত হয়ে আসবে আশা করিনি।'

- ৪ 'আমি জানি জোড় হাতে যারা সন্ধির প্রার্থনা করে অংপনি তাদেরকে আখাত করেন না।'
- ঃ 'রোমানদের সাথে যুদ্ধ অথবা সন্ধি আমার এখতিয়ারে নয়। আমি কিসরার চাকর। আমার প্রতি ভার নির্দেশ হল কন্তুনভূনিয়া বিজয়ের পূর্বে রোমানদের সাথে কোন কথা নয়।'
  - s 'বিজু আপনিতো জানেন কন্তুনত্নিয়া জয় করা সহজ নয়।'
- ঃ 'জানি । কিন্তু কিসরার নির্দেশের বাইরে কিছু করলে আমার পায়ে বেড়ি লাগিয়ে তার কাছে হাজির করা হবে।'
- ঃ 'আপনি এবারও যদি ব্যর্থ হন, কি হবে? ইরানের দৃত্তেতা সেনানায়কের সাহস তেংগে দেয়ার জন্য একথা জিজ্ঞেস করিনি। আপনি তো কন্তৃনত্নিয়ার প্রতির্ক্ষা ব্যবস্থা দেখেছেন।'

সীন বিষয় কঠে বলসেন ঃ 'ভাহলে সেনাপতির পদ জার থাকবে না। এ অভিযানের সব দায়দায়িত্ব চাপান হবে জামার কাঁধে। তুমি হয়ছ জাননা আসেম। এক পরাজিত সেনাপতির পরিণতি কি করুণ হয়ে থাকে।'

- ঃ 'যুদ্ধের উদ্দেশ্য যদি হয় কিসরার মনোরঞ্জন তবে আগার বলার কিছুই নেই। বলুন আগার জন্য কি শাস্তি নির্ধারণ করছেন।'
  - ঃ 'ভূমি একথা জার কাউকে বলে না থাকলে উদ্বেগের কিছু নেই!'
- ঃ 'না, একথা ভার কাউকে যদিনি। কিন্তু ভামি তো ইরান সেনাবাহিনী ছেড়ে রোমানদের আপ্রয়ে চলে গিয়েছিলাম। এ অপরাধ ফেলে দেয়ার মত নয়।'
- 'তুমি ছিলে স্বেছাসেবক। ইরানী সৈন্যরা যেসব জাইনের অধীন তুমি ডা থেকে মৃক্ত।
  বিভিন্ন কবিশার সকল স্বেছা সেক্বরাই চলে গেছে। জামরা আগত্তি করিনি। বরং পুরস্কার দিয়ে
  ওদের বিদার করেছি। তুমি কর্ত্বত্নিয়া চলে গেছ, সাধারণ ইরানীরা তা হয়ত সহ্য করবে দা।
  এজন্য একথা তুমি আর কারো সামনে প্রকাশ করো না। আমি তোমার অপারগতা বুঝি,
  পালিয়ে যাওরাটা অপরাধ হলেও আমি তোমায় বাঁচানোর চেষ্টা করতাম।'
- ঃ 'তার মানে আমি স্বাধীনভাবে নিজের ডবিষ্যতের ফয়সালা করতে পারি? যেভে পারি যেখানেইছেহ?'
- ঃ 'বেটা। তুমি মুক্ত। স্বাধীন। ত্রতীতেও মুক্ত ছিলে। কিন্তু তুমি আমায় হেড়ে যাবে একথা ভাবতেওপারছিনা।'
- 'আমি অকৃতক্ত নই। পৃথিবীতে যখন আমার কেউ ছিলা না আপনি তখন আমার আগ্রয় দিয়েছিলেন। তখন চোখ বন্ধ করে আপনার পেছনে চলাই ছিল কৃতক্তভা। এখন কৃতক্তভা প্রকাশ করতে হলে আপনার পথে বাঁধা দিতে হয়। আমি চিৎকার দিয়ে বলব, মানবতার ধ্বংস ছাড়া এ যুদ্ধের পরিনাম আর কিছুই নয়। এ লড়াইয়ে মানুষের সামান্য উপকার হলে, প্রতিষ্ঠিত হলে সাম্য ও শান্তি, শেষ নিঃশ্বাস পর্যন্ত আমি কিনরার ফৌজের সাথে থাকভাম। কিছু কিসরার বিজয়ের মধ্যে মানবতার আশা করা, আগুলের কুছে ফুল খোঁজার শামিল। আপনারা একদিন হয়ত কল্পুনতুনিয়া পদানত করতে পায়বেন। লাশের প্রপ মাড়িয়ে ছুটে যেতে পায়বেন রোমান সামাজ্যের শেষ প্রান্ত পর্যন্ত । কিছু আপনাদের তরবারী ওই সমাজ সৃষ্টি করতে পায়বে না যেখানে বঞ্চিতদের হাহাকার শোনা যাবে না। আমি রোমানদের সমর্থন ফরছিনা। আমি জানি বাজনা তীন সালতানাত তার বিজয় যুগে রজের নদী বইয়ে দিয়েছিল। আজ ওরা মজলুম। যতদিন পর্যন্ত ইরানের সাথে হিসেব নিকেশ করার সময় না আসবে ততোদিন ওরা মজলুম থাকবে। কিতু তরা ফতদিন মজলুম থাকবে, আমার সহানুত্তি থাকবে ওদের সাথে।'

স্বাসেয়ের এতটা দৃঃসাহস সীন স্বাশা করেন নি। তিনি রেগে বললেনঃ 'প্রাসেম । তুমি থে খৃষ্টান হয়ে গেছ একথা বলহনা কেন?'

ইউসিবা এতাক্ষণ নিরবে কথা শুনেছিলেন। মুখ খুললেন এবার ঃ 'আদেম, বাবা। ভূমি নিরব হয়ে গেলে কেন? সাহস হারিও না, আমার স্বামী খুষ্টানদের ঘূণা করেন না। শুধু কাইজারের দুর্বলতাকে ক্ষমার অযোগ্য মনে করেন। খুষ্টান হওয়া অপরাধ হলে এ ঘরে তার স্তী এবং শেয়ের কেল স্থান হতে। না। তিনি খৃষ্টানদের শর্ গা। তিনি খীকার করেন এখনো খৃষ্টধর্ম শলিপুজার চাইতে ভাষ। কিন্তু তাকে কন্তুনতুনিয়া দখন করার ভার দিয়েছেন কিন্তা। তিনি ভারত্ত্বম্মানতে বাধ্য।

ঃ 'চুপ করো ইউদিরা।' দীনের কণ্ঠে বিরক্তি।

ইউসিবার চোখ পানিতে তরে গেল। ঃ 'কেন ফাছেন না আমি এক প্রাজিত কওমের মেয়ে। বিজয়ী কওমের সিপাহসালারের সামনে মুখ খোলার কোন অধিকার তার নেই।'

৪ 'আসেস তুমি আমার গর্ব। তুমি তেবোনা তোমার কথায় তিনি সাহস হারিয়ে ফেলবেন।' দীন মাহত কঠে বললেন ৪ 'ইউসিবা। ইউসিবা। চুগ কর।'

চোখের পানি মুছতে মুছতে ইউসিবা পাশের ককে চলে গেলেন। সীন দু'হাতে মাথা চেপে ধরে অনেককণ নির্বাক হয়ে বসে রইলেন। অবশেষে বললেনঃ 'আসেম। পৃথিবী আমায় কেবল কিসরার সৈন্য হিসেবেই জানে। কিন্তু ওরা জানেনা এ মুদ্ধ বন্ধ করতে আমি কত চেঠা করেছি।

আগামী দিনের ইতিহাস এ বিজ্ঞারে কাহিনী নিখনে, কিন্তু আগি যে নিজের ইচ্ছের বিরুদ্ধে যুদ্ধ করিছ একথা কেউ সিখবেনা। যুদ্ধ বজের জন্য আমি কন্তুনত্নিয়া খাডরার ঝুকি পর্যন্ত নিয়েছি। যখন জেল থেকে কিরে এলাম, ডেবেছিগাম ফোকাদের মৃত্যুর পর কিসরা কাইজারের সনির প্রস্তাব মেনে নিবেন। আমার আগাং সঞ্চল হরনি। এর পর আমার ব্রী কলা কে মজুসীদের ক্রোধ থেকে বাঁচানো ছিল আমার প্রথম কর্তব্য। কিসরার প্রতিটি নির্দেশ মেনে নেয়া ছাড়া আমার উপায় ছিল না। আমি কিসরার নির্দেশ পালন কর্যুতে অপ্রীকার করলেও ও যুদ্ধ বন্ধ হতোলা। ফল হত এই যে, খুঠানদের সহযোগী তেবে অথমায় কঠিন শাস্তি দেয়া হত। আমার স্থানে নিয়োগ করা হত আরো নিপ্তুর নির্দয় কাউকে। নাবী করছিনা আমি রহমদীল। তবে অবশাই বলব, আমার সৈন্যদের অহেত্ক রক্তপাত থেকে থথা সাধ্য বিরত রেখেছি। আমার স্থানে আর কেউ হলে আনাতোলিয়ার শহর এবং গ্রামে একজন খুটানত বেটে থাকত না। আমার বিরুদ্ধে মজুনী পাল্লী এবং ওমরাদের বড় অভিযোগ হঙ্গে, আমি খুটানদের সাথে নরম ব্যবহার করি। আমার করেকজন বন্ধু এ সংবাদও পাঠিয়েছে, পান্তীরা খোলাখোলি আমার বিরোধীতা করে বলছে যে, খুটান থেরে বিরে করে আমি ভাদের সমর্থক হয়ে গেছি। আমাকে সন্তিয়ে ওরা অন্যকাউকে কমনোর চেটা করছে। আমি ভেবেছিগাম, যুদ্ধের দীর্থসূত্রিতায় পারতেজ সন্ধি প্রভাব মেনে নেবেন। কিন্তু এও এক আত্র প্রবঞ্চনা।

বাজনাতীন দালতানাতের নাম নিশান মৃছে পেয়ার জন্য কিসরা পশ্চিমে এক বন্ধু পেরে গেছেন। শাহনেশার দৃত খাকানোর কাছে গিয়েছে। ও সফল হয়ে ফিরে এলে কন্তৃনত্নিরা পাত্রমনের জন্য থামরা হয়ত বসত্তের অপেক্ষাও করব না। ক্ষেক্দিন পূর্বে জামাদের এক গোয়েন্দা সংবাদ দিয়েছিল যে, জংলীরা আচমকা আক্রমন করে কন্তুনত্নিরা পর্যন্ত পৌছে গেছে। এ সংবাদ সভ্য হলে বলতে হবে, শাহানশার দৃত অনেক বেশী সফল হয়েছে।

ঃ 'এ সংবাদ সত্য। কিসরার বন্ধু হিসেবে নয় বরং ভংগীরা পুটগটে কররে জন্য হামলা করেছিল। এ হামলার পূর্বেই নিহত হয়েছে কিসরার দূত। হেরাকলায় লামার সামনেই ইরজকে হত্যা করা হয়েছে।' সীন হততথের মৃত অসেমের দিকে ভাকাতে লাগলেন। ইউনিবা দ্রুত পারে কক্ষে চুকল ঃ 'কি-বলকে? ইরজ নিহত হয়েছে।'

ं स्ति।

- ঃ 'এ কি করে সম্ভবং' সীনের কণ্ঠে বিষয়।
- ঃ 'ওরা কাউকে হত্যা করতে ততো ভাবে সা। চিন্তা করবেন না। জংগীরা ইরান থেকে নূরে এতোআপনাদেরসৌভাগ্য।'
- ঃ 'ড্মি ডো জান ইরজ ইরানের সবচে' প্রভাবশালী বংশের ছেলে। ভার ফুভ্যু সংবাদ পেয়ে গোটা ইয়ান জংগীদের বিরুদ্ধে ক্ষেপেউঠবেঃ'
  - ঃ 'এতে জংলীদের কিছু আসবে যাবে না। ওরা কিসরার সিপাইদের চাইতে হিংস।'
- ঃ 'ওই গবেটটাকে যদি আমি রুখতে পারতাম। ও আমায় না ভানিয়েই শাহানশার অনুমতি নিয়েনিয়েছিন। উদ্দেশ্য ছিল আমায় একটু হেয় করা।'
  - ঃ 'এখন কি কিন্দরাকে বলতে পারবেল না , রোমানদের বন্ধুত্ব জংগীদের বন্ধুত্বের চে শ্রেয়।'
  - ঃ 'হয়ত সম্ভব। ঠিক পাছে।'পামি আর একবার কিসরার কাছে যাবার ঝুঁকি নেয়।' ইউসিবা এবং ফুন্তিনা আশানিতা হয়ে সীনের নিকে তাকিয়ে রইল।
  - ৪ 'এ ঝুঁকি কি কন্তুনতুনিয়ায় ব্যর্থ হাঞ্চনা করার চাইতে বিপচ্ছনক?'
- ঃ 'অামি জানিনা আদেম।' সীনের কঠে বিষয়তা। 'প্রতিটি পথের শেষ আছে। আমি যদি কিসরার কাছে যাই, কোন সহজ শর্ডে তিনি সন্ধি করতে রাজি হবেন না। সন্ধির জন্য রোধানদেরকে অপুযানকর শর্ডও যানতে হবে।'
- ঃ 'আমি তা ভানি। এ কথা কাইজারকেও বলেছি। ইরানীরা তাপের জান মাপের হেফাজভ করবে, এ ব্যাপারে নিশ্চিত হঙ্গে কাইজার কন্তুনতুনিয়ার ফটকও খুলে দিতে প্রস্তুত।'
- ঃ ইউ্সিবা চঞ্চগ হয়ে বলল ঃ 'না, না।' ইরাধীরা কন্তুনত্নিয়া দখল ফর্লে মলুসীরা হবে সর্বেসর্বা। ওখানে ইন্তাকিয়া, দামেশক এবং জেরন্জালেমের ইতিহাসের পুনরাবৃত্তি ফটবে। ওখন আমার স্বামী থাকবেন একজন নীরব দর্শক।'
  - ঃ 'ইশরের দোহাই আন্মা একটু চুপ করুন।'
- ঃ 'হ্যাঁ মা। তোমার আমা ঠিকই বলেছেন।' সীন বললো। এরপর আসেমের লিকে ফিরে বললেন ঃ 'শহরের ফটক খুলে দিলে আমাদের সৈনারা রোমানদের জান মালের হেফাঞ্ড করবে কাইজারকে এ নিচয়তা দিতে পরেছিনা। তবুও কিসরার কাছে যাবার পূর্বে আমাকে জানতে হবে কাইজার সন্ধির কি কি শর্ত মানতে পারবেন।'

কায়দার ও কিসরা ২৯৭

- ঃ 'জাপনি কাইজারের সাংগ কথা বলবেন?'
- ঃ 'কাইভারের সাথে?'
- ঃ 'স্বী, আপনি চাইলে সে ব্যবস্থা করতে পারি।'
- ঃ 'কোথায়?'
- ঃ 'আপনি তাঁর নিরাপন্তার দায়িত্ব নিলে এখানেই ।'

ইউসিবা এবং ফুন্তিনা হতবাক হয়ে আসেমের দিকে তাকিরে রইল। সীন কক্ষময় পায়চারী শুরু করলেন। থানিক পর আসেমের দিকে তাকিয়ে বললেনঃ 'আসেম । যদি বলি আফি হেরাক্লিয়াসের সাথে কথা বলব তিনি কি এখানে আসবেন?'

## श्वी।'

- ঃ 'আমি যদি তাকে গ্রেফতার করে কিসরার কাছে পাঠিয়ে দিই !'
- ঃ 'কন্তুনত্নিয়ায় আমায় এ প্রশ্ন করা হয়েছিল। আমি জবাব দিয়েছিলাম, যদি আমায় বিশ্বাস করেন তবে তাকে অবিশ্বাস করকেন কেন, যাকে আমি সবচে' বিশ্বাস করি। কিসরাকে সন্তুষ্ট করার জন্য তিনি আমায় কোরবানী দেবেন না।'
  - ঃ 'তোমার কথা বুরালাম না।'
- ঃ 'আমি বলেছি, কাইজার ওখানে গেলে আমায় এখানে রাখবেন। তার কিছু হলে আমার জীবনআপনাদেরহাতে।'
  - ঃ 'মনে হয় স্বপ্ন দেখছি।' বলে সীন বসে পড়লেন।

তিলি খানিকটা ভেবে নিয়ে বললেনঃ 'আসেম তোমায় নিরাশ করব না। কিন্তু বলডো তোমার ভেতর এ পরিবর্তন কিভাবে এল?'

- ঃ 'আমার সব কথা এখনো বলিনি। সব গুনলে আমার এ পরিবর্তনে আন্তর্য হবেন না।'
- ঃ 'ঠিকৃ আছে। তোমার কাহিনী শোনার পরই কোন সিদ্ধান্ত নেব।'

আসেম বলা শুরু করল। সীনের সাথে শেষ সাক্ষাত থেকে শুরু করে থালকদুন পৌছা পর্যন্ত সব কাহিনী শোনাল। শেষদিকে এক ঝাঁক অনুনয় ঝরে পড়ল ভার কন্ঠ থেকে ঃ 'বড় আশায় বৃক বেঁধে আপনার কাছে এসেছি। কেবল আপনিই পারেন মানবভাকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে। আপনার অপারগতাও আমি বৃঝি। কিন্তু আপনার সাহস এবং হিমতে আমার আস্থা রয়েছে।'

ফুন্তিনা এবং ভার মা আবদার ভরা চোখে সীনের দিকে ভাকিয়ে রইল। কিছুক্ষণ ভেবে সীন বগলেন ঃ 'আসেম! আমায় যখন এত বিশ্বাস কর তোমায় নিরাল করবনা। স্বাভাবিক পরিস্থিতিতে সন্ধি প্রস্তাব নিয়ে কিসরার কাছে যাবার সাহস পেতামনা। ইরভের মৃত্যুর পর একটা বাহানা খুঁজে। পেয়েছি। কাইজারের সাথে দেখা করার পর ব্যাপারটা আরো সহজ হবে। তব্ত আমার মনে হয় না হেরাক্লিয়াস এখানে আসার ঝুঁকি নেবেন।'

ঃ 'এ ছাড়া তাঁর কোন উপায় নেই : আমার দৃঢ় বিশ্বাস তিনি আস বেন।'

ইউসিবা স্বামীকে লক্ষ্য করে বললেনঃ ' হেরাক্রিয়াসকে দাওয়াত দেয়ার পূর্বে তার নিরাপন্তার কথা চিন্তা করবেন। তার কিছু হলে কেবল জাসেমের ক্ষতি হবে তা নয়। বরং আমি সাগরে ঝাঁপিয়ে পড়ব। আমার মেয়েও হয়ত তাই করবে।'

সীন আহত কঠে বলগেন ঃ 'ইউসিবা ! তোমরা আমায় বিশ্বাস না করলে নিজেই কন্তুনতুনিয়া যাব। কিন্তু কিসরা তা সহ্য করবেন না।'

লজ্জিত হল ইউসিবা। ঃ 'না, না, আমি ভো তা বলিনি। জামি বলেছি, ভাকে এখানে দাওয়াত দেয়ার পূর্বে তাঁর নিরাপন্তার ব্যবস্থা করা দরকার।

- ঃ 'আদেম, কিসরার কাছে যাদিঃ। কদ্র সফল হব জানিনা। তব্ও আমি যাব। তার আগে আমি হেরাক্লিয়াসের সাথে কথা বগব। তাঁকে সংবাদ দিতে পার। কিন্তু ভূমি যাবে কি ভাবে?'
- ঃ 'আপনি সে চিন্তা করবেন না। আগংগী রাতে রোগানদের একটা নৌকা আসবে। সম্ধের পাড়ে আমায় শুধু আগুন জ্বালাতে হবে। তবে ওখানে কজন বিশ্বস্ত লোক ছাড়া আর কেউ যেন যেতে না পারে আপনি সতর্ক দৃষ্টি রাখবেন।'

সন্ধ্যায় ফুন্তিনা কিয়ার পাঁচিলের উপর দাঁড়িয়ে ছিল। ফটকের সামনে খুন্ফের আড়াল থেকে বেরিয়ে এল আসেম। তাকে দেখেই সিঁড়ি বেয়ে নেমে এল ফুন্তিনা। দরোজার কয়েক কলম দূরে পাঁড়িয়ে তার অপেকা করতে লাগল। আসেম কাছে আসতেই অভিমানী কর্তে বলন ঃ 'ত্মি কোথায় চলে গিয়েছিলে?'

- ঃ ' এই , একটু বাইরে বেড়াতে।'
- ঃ 'এসো।' বলেই ফুন্তিনা সিড়ির দিকে এগোডে লাগল। পেছনে চলল খাসেম। পাঁচিলে উঠে ফুন্তিনা পশ্চিমে ইশারা করে বলগ ঃ 'ঐ দেখ, আকাশে আজ নতুন চাঁদ উঠেছে।'
  - ঃ 'এ'ডো আমি আগেই দেখেছি।' জ্যাসেম মুচকি হেসে বলগ।
- ঃ 'না, তুমি জামার আগে দেখেনি। সূর্য ডোবার পূর্বেই আমি এখানে দাঁতিয়ে চাঁদ উঠার অপেক্ষা করছিলাম। প্রতিটি নঙুন চাঁদ আমার এখানে দাঁড়িয়ে থাকতে, দেখেছে। প্রতিবার মনকে প্রবোধ দিতাম, এ মাস শেষ না হতেই ভূমি আসবে।

ক্ষয়ে যাওয়া চাদ ধীরে ধীরে নিঃসীম জাঁধারে হারিয়ে বেও। আকাশে দেখা দিত নত্ন চাদ।
নতুন চাদ আমার জন্য নতুন আশার আলা নিয়ে আসতো। কাল আবার ত্মি যাক্ছ। কথা দাও,
এবার মাদের পর মাদ, বছরের পর বছর ভোমার পথ পানে তাকিয়ে থাকতে হবে না। এখন
স্থোদয় থেকে স্থান্ত পর্যন্ত তোমার অপেকা করাও আমার জন্য দুঃসহ মনে হয়। আজ তৃমি
যথন তোমার অভীত কাহিনী বলহিলে, আমার মনে হয়েছিল আফ্রিকার মল বিয়াবানে আর

কায়সার ও কিসরা ২৯১

বনবাদারে আমি তোমার সাথে ছিলাম। তুমি ক্বন আহত ছিলে, আমি বেডেজ থেখে দিয়েছি। তুমি সুস্থ হিলে, আমি সেবা করেছি। তুমি ফ্বন নিঃসঙ্গ ছিলে আমি নলেছি আমি ভোমার পাশে রয়েছি। তোমার কাহিনী শেষ হ্বার পর আমার মনে হল, তোমার নাথে মাল সাহারা পাড়ি লিয়ে আমরা স্বাবর ফিরে এসেছি। তুমি কি আমার কথা গুনত্ত ভূমি নীয়ব কেন আসম্মেত্ত

ঃ 'ফুন্তিনা! ফুন্তিনা!' অন্দেখ কম্পিত কঠে বগলঃ 'আমন্য দুজন ভিন্ন দণ্ডে চলাৱ জন্য পয়দা হয়েছি, এ তাৰনা তোমায় কথনো বিব্ৰড করেদি?'

কিছুক্ষণ ফুন্তিনার মুখে কোন কথা ফুটল লা অয়ণেণে ভারাক্রাড় কঠে বশগ ঃ 'না, আসেন! ওকথা কথনো ভারিনি। আমি কেবল জানভাম ভূমি আলকে '

- ঃ 'ফুন্তিনা ডুমি দীনের মেয়ে জার জামি.....।'
- ঃ 'নীনের মেয়েকে পরীক্ষা করতে চাইলে আমার সাথে এনো। স্বামি স্বার সামনে চিৎকার দিয়ে কাথ যে আমি ভোষায় হাড়া বাঁচনো না। ভোমায় ভালয়েসে যদি অগল্প করে থাকি, সে অপরাধের শান্তি গ্রহণ করতে প্রস্তৃত। এসো।'

ফুন্তিনা পাসেমের বাহু ধরে টানতে লাগল।

- ঃ 'অবুঝ-হয়োনা ফুন্ডিনা। এর পরিনতি কি হবে তুমি জাননা। আমার মনের কথা গুনবে। আমার পারের কাছে যদি কাইজার ও কিসরার মুকুট থাকত, তুমি হতে এক গরীব কুষকের মেয়ে, তথনো তোমায় পরোর জন্য আমি সব কিছু ত্যাগ করতে পারভাম।'
  - ঃ 'কৃষক এবং রাখালের মেয়ে হই নি একি আমার অপরাধং'
- ঃ 'না ফুন্ডিনা' তেমোর বিরুদ্ধে কোন অভিযোগ আমার নেই। কিন্তু নিঃস, অসহায় হয়েও ভোমায় চাওয়াটা কি অপরাধ নয়? ফুন্ডিনা! ফুল বিহানো পথে চলার জন্যে তোমার সৃষ্টি, আমার পথ তো কটিয়া ভরা। পর্বত পরিমান দুঃখের বোঝা বইতে পারব, কিন্তু ভোমার দুঃখ আমি সইতে পারব না। আমি তোমায় ভাগবাদি। কিন্তু আমার ব্যথা ভরা জীবনে এনে তুমিও কট্ট পাও তা চাই না।'

ফুন্তিনার চোখে অধু হলকে এল। ও দুহাতে মুখ চেকে ফাঁদতে লাগল।

ঃ 'আমি তোমার বাথা বুঝি ফুন্তিনা: এক নিঃস্ব ব্যক্তির সাথে দৃঃসহ জীবন বাপন করার জন্য নর বরং মর্মর প্রাসাদের সৌন্দর্য বাজানোর জন্য তোমার সৃষ্টি। তুমি যে আমার পাশে দাঁজিরে আছ, আমি ভোমার সাথে কথা বলছি, 'এই আমার পর্ম পাভয়া। এর বেশী চাইভে গেলে ভোমার আরু আমা আমায় পাগল ভাববেন।'

হঠাৎ কারো পায়ের শব্দ ভেদে এশ। দুজনই চমকে ভাকান সিঁভির দিকে। ফুন্তিনার মা সিঁড়ি মুখে দেখা দিলেন। ঃ 'এই ঠান্ডার মধ্যে তোমরা কি করছ।'

ফুন্তিনা এগিয়ে বলল ঃ 'আমা। যদি আব্বার সামনে বলি যে আমি ওকে ছাড়া বাঁচবো না, তিনি আমায় কি শান্তি দিবেন?'

## www.priyoboi.com

ঃ 'তোমার আরা তোমার এ পাগগামীর কথা জানেন।' এরপর আসেমের দিকে ফিরে বলদেন, 'বেটা। দাড়িয়ে দাড়িয়ে আমি তোমাদের কথা শুনেছি। তোমার ভদ্রতা এবং শালীনতার কাছে আমি এটাই আশা করেছিলাম। কিন্তু মনে করোনা আমরা ফুন্তিনার দুশমন। গেতপাপরের প্রাসাদে পশু থাকে, আমার মেয়ের তার প্রয়োজন নেই। তোমার মনের কথা ফুন্তিনার আরার কাছে গোপন নেই। আমার দৃঢ় বিশাস, তিনি দাড়িয়ে তোমাদের কথা শুনলে বেশী করে ভাবতের যে, পৃথিবীর কোথায় তোমরা নিরাপনে থাকবে।'

আদেয় নিজের কানকেই যেন বিশ্বাস করতে পারগনা। অনেকণ ও মাথা ঝুঁকিয়ে দাঁড়িয়ে রইল। মাথা তুলে ভাকান ইউদিনার দিকে। কৃতজ্ঞতার অপ্রতে তিজে গেছে ওর দুটোখ। ও ধরা গলায় বলল ঃ 'প্রার্থনা করুন, গশুদের এ পৃথিবীতে যেন মানুষের আবাদ হয়। নির্দ্ধিধায় বলতে পারি, পাহাড়, পর্বত অথবা যে কোন মরুভূমিতে হলেও আমি ফুন্তিনার হেফাজত করতে পারব। কাইজার এবং কিসরার মধ্যে সন্ধি হয়ে গেলে ফুন্তিনার দিকে হাত প্রসারিত বরার সময় ভাববনা আমি অসহায়। আগাততঃ এ প্রার্থনা করুন যেন এ কাজে সফল হতে পারি।'

ঃ 'রেটা! তুমি একটা ভাল কাজে নেমেছ। প্রার্থনা করি ইশ্বর তোমায় সফল করুন। এখানে ঠাভাপড়ছে।নীচে এস।

ইউসিবা সিঁড়ি দিয়ে নামতে লাগলেন। গেছনে চলল আসেম এবং ফুন্তিনা। সিঁড়ির মাঝামাঝি পৌঁছে আসেম ফুন্তিনরে একটা হাত নিজের মুঠোয় পূরে নিয়ে ফিস ফিস করে বলল ঃ 'ফুন্তিনা। আমার উপর রাগ করনি তো?'

- 8 5 FT 12
- ঃ 'কস্তুনতুনিয়া থেকে তাড়াতাড়ি ফিরে খাসব। তোমার খারা কিসরার কাছে গেলে খামার ও সাথে যেতে হবে। তুমি খাখার জন্য খণেক্ষা করতে পারবে?'

সাগর পাড়ে আন্তন দ্বালানে হয়েছে। সাসেম ক'জন ইরানী সৈন্যের সাথে আগুনের পাশে দাড়িয়ে। নির্মেঘ আকাশ। শিরশিরে হিমেল বাতাস বইছে। একজন সৈনিক পাশের স্তৃপ থেকে ফাঠ তুলে আগুনে ফেলল। ধীরে ধীরে লকলকিয়ে উঠল অগ্নি শিখা। আসেম আগুনের উপর হাত প্রসারিত করে বলল ঃ ' আমি সিপাহসালারের কাছে যাছি। নদীতে কোন নৌকা দেখলেই আয়ায় ডাকবে।' এক সিপাই বলণঃ ' আপনি ভাববেননাঃ কিন্তু নদীতে যা চেউ রোমানরা আসবে বলে মনে হয়না।'

- ঃ 'অবশ্যই আসবে। তোমরা জাগুন নিভতে দেবেনা।' বশেই আসেম ইটিং দিল। শ'দুয়েক কদম দুরে পাহারাদার টহল দিছে। কে একজন চিংকার দিয়ে বলগোঃ 'গামো। কে ভূমি?'
- ঃ 'জামি জাসেম।' একট্ দাঁড়িয়ে তাবুর পর্দা ফাঁক করে ডেডরে চূকে পড়গ। সীন বালিশে হেলাম দিয়ে বসে ছিলেন। আসেমকে দেখেই প্রশ্ন করলেনঃ 'ওয়া এসে গেডে?'
- ঃ 'এখনো আদেনি। এ শীতে অংশনাকে কট দেয়ার জন্য আমি দুঃগিত। আমার দৃঢ় বিশ্বাস, জংলীরা কস্তুনত্নিয়া আক্রমন না করে থাকলে ওরা অবশাই আসবে। আজ বাতাস তীর হপেও ওদের অনুকূলে। কয়েক মাইল দূর থেকে আগুনের শিখা দেখা যাবে। এতোক্ষণে ওদের এখানে পৌঁছে যাওয়ার কথা। এখোনো যখন এশ না, আপনি কি কিয়ায় গিয়ে বিশ্বাম করবেন ং'
- ঃ 'না, না, তুমি নিরাপদে পেঁতিছে এনিশ্চয়তা না নিয়ে জামি ধাবনা। জামার আশংকা হচ্ছে, দিপাইদের বিন্দুমান্ত অসতর্কতায় এ পরিকলনা তেন্তে যেতে পারে। কথা আছে, বলো।' জাসেম তার সামনে বসে পড়ল। নিঃশঙ্গে কেটে গেল ফডক্ষণ। নিরবতা ভাংলেন নীন।
- ় 'অফিসার ও সৈন্যদের কেউ যুদ্ধ চালিয়ে যেতে চাইছেনা। এরপরও ওরা যদি জানতে পারে যে জামি রোমানদের সাথে সন্ধির কথা বার্তা বলছি, তবে আমার বিরুদ্ধে আন্দোন শুরু করবে। করেকজন অফিসার আমার বিরুদ্ধে এরই মধ্যে সম্ভাটের কান ভারী করা শুরু করেছে। জামার দুর্বলতা আমার স্ত্রী। অনেকে আমার উপর রোমানদের সার্থক হওয়ার অপবাদ আরোপের জন্য কেবল কোন বাহান। খুঁলছে। বিবেকের বিরুদ্ধে এযুদ্ধে অংশ নিয়েই আমি ভূপ করেছি। আমার দ্বিতীয় ভূল ছিল এই যে, আমায় বিন্তুপ করবে জেনেও সন্ধি প্রভাব নিয়ে কিসরার কাছে গিয়েছিলাম। আমার স্ত্রী কন্যার নিরাপন্তার ব্যবস্থা করতে পারলে সব হেড়ে পালিয়ে যেতাম।'
- ঃ 'পালিয়ে গেলেই কেউ মৃক্তি পায়না। আজ সারা দুনিয়ায় চলহে বর্বরতা আর পাশবিকতার লুঃশাসন। চলছে দুর্বলের উপর সবলের অত্যাচার। অসহায় বঞ্চিতরা শতিকানের আত্রয় খুঁলছে। আপনি সে ভাগ্যবান পুরুষ, যিনি অস্ককারে ঘুরপাক খাওয়া মানুষগুলোকে আলার আলো দেখাতে পারেম। কাইজার আমার মত অসহায় মানুষকে আপনার কাছে পাঠিয়েছেন, এ কোন সাধারন কথা নয়।'
- ঃ 'ভূমি জাননা জাসেম, দূর্বল এবং পরাজিত লোকদের ব্যাপারে কিসরা এক বিজয়ীর দন নিয়ে চিন্তা করেন। একের পর এক বিজয় তাকে এমন অহংকারী করে ভূলেছে যে, সারা দূনিয়ার মানুষ এক হয়ে যদি বলে যে যুদ্ধের দীর্ঘসূতিভাগ্ন জাপনার ক্ষতি হবে, তিনি ভা মানবেননা। প্রতিটি মানুষের বিশ্বাস, কোন অলৌকিক শক্তিও কিসরার বিজয় রূপতে পারবেনা। কয়েক বছর পূর্বে কেবল ভোমাদের দেশের একজন লোক ভবিষ্যতবাদী করেছিল যে রোমানরা

বিজয়ী হবে। আমার মনে হয় আমাদের বিজয়ের পর ভার উপর বিশ্বাস স্থাপন করা লোকেরাও ভাকে উপহাস করবে।'

- ঃ 'মন্তায় একজন নব্য়তের দাবী করেছে। সে ব্যাপারে আমি অনেক কিছ্ই শুনেছি। কিন্তু রোম ই্রানের ব্যাপারে ভার ডবিষ্যভবানীর কথা আগনি কিভাবে জানলেন?'
- ঃ ' ইয়ামেন থেকে একদল ব্যবসায়ী থেরজালেয় এসেছিল। ওরা পথে কার কাছে শুনেছে। থেরজালেয়ের গভর্নর আমাদের সিপাইদেরকে ভর দেখাবার জন্য এ ওজব ছড়িয়েছে। এরপর আমি খোজ খনর নিয়েছি। কথাটা আসলেও সভিয়া আরবের স্বাই এ ভবিষ্যভবানীর কথা জানে। প্রথম প্রথম এ কথা জনে আমি হাসভাম। কিন্তু এখন মনে হয়, কোন মানুষের গোখ খদি বর্তমানের পর্বা ছিড়ে ভবিষ্যভ দেখতে পেত তবে এ লড়াই নিয়ে সে নিশ্চয় শর্যকিত হবে।'
- ঃ 'দেশ ছাড়ার পূর্বে সে মবীর ব্যাপারে অনেক জান্চর্য কথা গুনেছি। কিন্তু আয়ার বিশাস; উষর মঞ্চ এমন কাউকে জন্ম দিতে পারেনা যার প্রভাব আরবের বাইরে এসে পৌছবে। ওথানে কোন নবী যদি মানবভার মুক্তির প্রগাম নিয়ে আসেন আরবরাই ভার পথে বীধার প্রচীর জুলে দেবে। এ সেই বুসর মঞ্চ ধেখানে কোন ঝর্ণা ধারা বরনা। প্রবাহিত হয়না কোন নদী। বরং মঞ্চর গুল্প বালুকারাশি নদী ও ঝরণার সহ পানি গুবে দের। রোম ইরানের সমাটেরা চরম ধ্বংসের হাত থেকে বাঁচার জন্য তরবারী কোষবদ্ধ করতে পারে। কিন্তু আরবে কেউ শান্তির পথ দেখালে লোকজন ভার জনুসরণ করবে, এ সম্ভব নয়। চরম ধ্বংসও গুদেরকে শান্তির পথে নিতে পারবেনা।

থে কেবল ধ্বংস করতে পারে ওরা শুধু ভার নেতৃত্ব কবুল করে। আরবের সে নবী প্রথমে ভার বংশের বিরোধিভার সন্মুখীন হবে। ওই লোকগুলো পূর্ব পশ্চিমের সমাটদের চাইতে বেশী জালেম এবং অহংকারী। গোত্র যদি ভার পক্ষে দাঁড়ায় অন্য সব গোত্র তাদের বিরুদ্ধে উঠে দাঁড়াবে। ইয়াসরিব হেড়ে আসার পূর্বে যা শুনেছি, গরীব, অসহায় আর দূর্বল মানুবগুলোই কেবলভার অনুসরণ করছে।

নিজের কবিলার হাতে নিহত না হলেও ভার আগুয়াজ মন্তার বাইরে পৌহবে বলে আমার মনে হয়না। যে নবী সাম্য আর ভাতৃত্বের শিক্ষা দিক্ষেন, তিনি কামিয়াব হতে পারেন না। দুনিয়ার প্রতিটি মানুয এক মৃক্তি দূতের প্রয়োজনীয়তা অনুতব করছে। আমিও চাই এমন নেতৃত্ব, যার আগুয়াজ বংশ গোত্র এবং জাতির সীমানা ছিন্ন করতে পারে। সেদিন হবে কত সুন্দর, যেদিন উচ্—নীচ্, ধনী—দরিদ্র, কালো—শাদা , চাকর—মূনীব আর স্বল—দুর্বলে পার্থক্য ঘূছে যাবে। কথনো কথনো মনকে এই বলে শান্তনা দেই যে, মানবতার মৃক্তি দূত হয়ত এদেছেন। বিজ্ আরবের অবস্থা যারা জানে তারা দৃঢ্ভার সাথে বলবে যে, অস্বকারের এ গোলক ধাঁধায় আলো জন্ম নিতে পারেনা।

- ঃ 'তুমি জারবের ব্যাপারে যজুর নিরশে, জামি ভারতে বেশী নিরাশ ইয়ানের ব্যাপারে। জমিপুজফ পারীরা সমগ্র পৃথিবী কজা করার স্বপু দেখছে। তরা ফ্রন শুনবে আমি নারির প্রভাব নিয়ে ফিসরার কাছে গিয়েছি, তথন আমার বিরুদ্ধে উঠে পড়ে পেগে যাবে। এরপরও জামি ভোমার নিরাশ করবনা। কাইজার জ্যার সাথে দেখা করার ইচ্ছে ভাগে না করলে আমি অবশ্যই কিসরার কাছে যাব।'
- ঃ 'কাইজার অবশ্যই আপনার কাছে আসবেন্। আমার মন বগছে, সজির জন্য আপনার এবারকার চেষ্টাবিফলেযাবেনা।'

বাইরে কারো পায়ের শন্ধ শোনা গোল। একজন সিপাই হস্তদন্ত হয়ে ভানুতে প্রবেশ করে বলনঃ ' জনাব, ওরা একে গোছে। ওকের জাহাজ নদীর মাঝে থেমে আছে। একটা ছোট নৌকা আনছে কিনারের দিকে!' আসেম ভড়াক করে দাড়িয়ে দীনকে বলগ ঃ 'আপনি এখানেই থাকুম' আমি ওদের এখানে নিয়ে আসহি।'

নৌকা পাড়ে ভিড়গ। কিছুখন পর ফ্রেডিস এবং নীগরেশ নেমে এগ নৌকা থেকে। আসেম দুজনের সাথে মোসাফেই করে বলগ ঃ 'ক্রেডিস! ভেবে ছিগাম আরো লোক নিয়ে আসবে।'

- ঃ ' সাথে আরো অনেকে আছেন। কিন্তু সতর্কতার জন্য জাহাজ একটু দূরে রেখেছি। আমাদের সংগীরা এখানে আসার পূর্বে বল, ওদের কতটুকু নিরাপতা দিতে পারবে?'
- ঃ 'ইরানের সেনাগতির চাইতে সভবত নিরাপতার নিশ্বরতা আর কেউ বেশী দিতে পারবেনা।চলোতারকাছে।'
  - ৪ ' সিপাহসালার কোথায়!'

এইতো ক'কদম দূরে ভাবুতে অপেকা করছেন। তোমার সঙ্গীরা এখানে আসতে ভয় পেলে। আমাকে জামানত হিসেবে জাহাজে রেখে দাও। '

- ঃ 'ছি! ভাসেম, তোমায় ভামরা অবিশ্বাস করিনা। এখন তো কাইজার নিজে এখানে এলেও কাউকে জামানত রাখবেননা। জামার সঙ্গীরা নিরাপদ কিনা তা কেবল শুেনতে চাই। '
- ঃ 'নিরাপন্তার নিশ্চয়তা নিতে না পারলে উপকূলে আগুন জ্বালাভাম না। আমি যতটা সফল হয়েছি ভতোটা জাশা করিনি। সিপাহসালার বড় উদ্বিগ্ন হয়ে ভোমাদের জপেকা করছেন। তোমার জার সংগীরা কে থ

ক্লেভিস আসেমের কানে কানে কলন ঃ 'এদের সামনে সব প্রশ্নের জ্বাব দেয়া যাবেনা।'

- ঃ 'ক্লেডিস, এত সর্তকতার দরকার নেই। এরা সিপাহসালারের একান্ত বিশ্বন্ত। কেউ যেন রোমান ভাষা না বুঝে বাছাই করার সময় সেদিকেও শব্দ্য রাখা হয়েছে।'
  - ঃ ' সর্তকতার কারণ অবশাই আছে। জান আমার সাথে কে আছে?'

- ঃ 'না, তবে নিশ্চয়ই উচ্চপদন্ত কেউ হবেন। তাকে এ সংবাদ দিতে পার যে, আপনি নিশ্চিন্তে নেমেআসতে পারেন।'
- ঃ 'আছো আসেম, মনে কারো কাইজার নিজেই যদি আমার সাথে আসেন তাকে কন্দ্র নিরাপস্তাদিতে পারবে?'

আদেম চঞ্চল হয়ে ক্লেডিসের দিকে তাকাল ঃ 'তোমায় এন্দ্র বলতে পারি যে, এখানে যারা আছে তারা সিপাসালারের ইশারায় জীবন দিতে পারে। কাইজার তোমার সাথে এলে তোমাদের চাইতে সিপাহসালার তার নিরাপতার প্রতি বেশী দৃষ্টি দেবেন। আমি ডোমাদের এ নিশ্চয়তা দিতে পারি যে, সিপাহসালার নিজের জীবন বাজি রেখে হলেও তার হেফাজত করবেন।'

ঃ 'আমি সীনকে চিনিনা। তবু তোমার কথায় মনে হয় তিনি কোন মহান ব্যক্তি। কারন, কোন বিশ্বাসঘাতক সঙ্গীদের মনে এতটা বিশ্বাস সৃষ্টি করতে পারেনা। বন্ধু আমার। রোমানদের ভাগ্য এখন তোমার হাঁতে। ভেবে দেখ, এ জিমাদারী কদ্র পাগন করতে পারেবে। একট্ পরই হিরাক্লিয়াস তোমাদের সিপাহসালারের সামনে এসে দাঁড়াবেন। কাইজারের এখানে আসাটাকে যদি তুমি এক পরাজিত শাসকের দৃঃসাহস মনে কর অথবা তোমার মনে কোন সন্দেহ সৃষ্টি হয়, তবে এখনো ফিরে যাবার পথ খোলা রয়েছে। '

আসেম কতক্ষণ নীরবে দাঁড়িয়ে রইন। জবশেষে বলগ ঃ 'আমি কোন আশংকা করছিনা। তব্ওবন্ধ, কাইজার সত্যি দৃঃসাহস দেখিয়েছেন।'

- ঃ ' কাইজারের এ সিদ্ধান্তে আমি হতবাক হয়ে গেছি। আমরা নোম্বর ত্লছি এসময় তার দূত এসে বলল, মহামান্য সম্রাট ভগরিফ আনছেন। তিনি জাহাজে উঠলেন। আমরা নিযেধ করণাম। তিনি বললেন, সীন এক শরীফ দৃশমন। তার কাছে যেতে আমার কোন ভয় নেই। তার নিয়ত ঠিক না হলে আমায় গ্রেফভার করার জন্য হাজার হাজার লোক কোরবানী দিতে পারেন। আমি ডেবেছিলাম অর্ধেক পথ এলে তিনি ফিরে যেতে বলবেন। আমি আফর্য হজি, ক'দিন পূর্বে যিনি কাটাজেনা পালিয়ে যেতে চেয়েছিলেন, কি করে তার তেতর এ সাহস জন্য নিল। পোপ ভার সাথে ছিলেন। আমি তার সাথে আলাপ করেছি। তিনি বললেন, এ হজে মানুষের প্রার্থনার ফল। '
- ঃ 'তুমি তাকে নিয়ে এসো। আমি সিপাহসালারকে সংবাদ দিছিং। কাইজারকে ভত্যর্থনা করারজন্য তিনি নিজেই এখানে আসবেন।'
- ঃ 'সংবাদ না দিয়েই কাইজার সিপাহসালারের কাছে যেতে চাইছেন। তাঁর ধারনা, এতে তিনি প্রভাবিত হবেন।' ক্লেডিস সংগীর দিকে তাকিয়ে বলল, ' দীলরেস। সমাটকে নিয়ে এসো।'

দীলরেস ছুটে গিয়ে নৌকায় উঠল। চারজন মাগ্লা দাঁড় টানতে লাগল। আদেম ও ক্লেডিস নদীর দিকে তাকিয়ে রইল কতক্ষণ। অবশেষে ক্লেডিস বলল ঃ ' আদেম, ফুন্তিনার ব্যাপারে কিছু বল্লেনা, ও কোথায়?' ঃ 'ও পাশের বিক্লায় থাকে। জামার সাথে দেখা হয়েছে। এবার জামাদের মাঝে কোন দূরত্ব নেই। এক পথহারা মুসাফির ঘুরে ফিরে জাবার এসে গোছে, এজন্য ওই বোকাটা খুনী। ওর সাথে কথা বলার সময়, ওকে নিয়ে ভাবার সময়, এখন মনে হয়না আমি নিজকে ধোকা দিছিঃ ক্লেডিস, নিজের ভবিষ্যুত সম্পাকে জামি ততোটা জাশাবাদী নই। কিন্তু, এখন আর পালাবনা। জামাদের দু'জনের পথে কেউ বাঁধা দেবেনা এন্দুরই আমার জন্য যথেষ্ট। '

ঃ 'ও যদি এতদিন পর্যন্ত ভোমার অপেক্ষায় থেকে থাকে, আমি ভাকে বোকা বলবে। না।'

সিপাহসালারের তাবু থেকে আলো হাতে কেউ একজন বের হল। আসেম বগল ঃ ' সম্ভবত সিপাহসালার নিজেই আসছেন।' ওরা কয়েক পা এগিয়ে গেল। সীন এবং দুজন রক্ষী আসছে। তিনি আসেমকে দেখতে পেয়েই বলেন ঃ 'আমায় বড় পেরেশান করেছ। '

ঃ 'জনাব, ও ফ্রেডিস। ওর কথাই আপনাকে বলেছিলাম। ও এবং ওর এক সংগী আমাদের কাছে নিরাপত্তার নিশ্চয়তা চাইতে এমেছিল। ও জাহাজে ফিরে গেছে। এক্নি চলে আসবে।'

সীন ক্লেডিসের সাথে মোসাফেশ্ব করে বললেন ঃ ' আসেমের সকল বন্ধুকেই আমি বন্ধু মনে করি। ' কৃতজ্ঞতায় মাথা ঝুকিযে দিল ক্লেডিস।' ঃ 'এ আমার খোশ কিসমত।'

- ঃ 'শীতে আপনায় কষ্ট হবে। আসেম বলন। ' নৌকা ফিরে আশা পর্যন্ত আপনি ভাবুতে গিয়ে বিশ্রামকরুন।'
  - ঃ 'তাবৃর চাইতে এখানে আগুন পোহাতে ভাঙ্গ লাগবে। কিন্তু সিপাইরা গেঙ্গ কোথায়?'
  - ঃ 'ওরা আশ পাশেই আছে। আমি ইচ্ছে করেই সরিয়ে দিয়েছি।'

সীন ক্লেডিসের দিকে ফিরলেন। ঃ 'সন্ধির শর্ডের ব্যাপারে কাইজার দূতকে কন্দুর স্বাধীনতা দেবেন?' প্রজাদের বাঁচানোর নিশুয়তাপূর্ণ শর্ডাবদীতে সন্ধি করা যেড়ে পারে। আমরা আমাদের সম্ভাটের পক্ষ থেকে পূর্ণ স্বাধীনতা নিয়ে এসেছি। '

সীন নীরবে ক্লেডিসের দিকে তাকিয়ে রইলেন। এরপর বললেন ঃ 'ত্মি কি জান? সন্ধির ব্যাপারে কিসরা আমায় কোন স্বাধীনতা দেননি? এথানে যে এসেছি ভাও তার হকুম অমান্য করে।' ক্লেডিস নিরাশ কন্তে বলল ঃ 'আমি জানি। কিন্তু ভূবে যাওয়া ব্যক্তিকে খড় কুটোর আগ্রয় নিতেতো কেউ নিষেধ করতে পারেনা। রোমের পরাজিত শাসক আপনার মাধ্যমে 'আমরা হেরে গেছি' এ কথাটা কিসরার কান পর্যন্ত পৌছাতে চাইলে তিনি হয়ত পতিত দুশমনকে শেষ আঘাত করবেন না। এ আশাই আমাদের শেষ আগ্রয়।'

- ঃ 'যার কান তরবারীর ঝংকার আর আহত ব্যক্তির চিৎকার গুনে অভ্যস্ত, জানিনা তিনি তোমাদের ফরিয়াদ কন্দুর গুনবেন। এরপরও আমি কাইজারকে নিরাশ করবনা। কিন্তু তোমার সঙ্গী আসবে কথন?'
  - ঃ 'সম্ভবতঃ ওরা আসছে।' আসেম সাগরের দিকে তাকিয়ে বলল।

সবাই তাকাল সাগরের দিকে। একটা নৌকা এমে তীরে ঠেকল। দীলরেস এবং ভার সংগীরা একে একে নৌকা থেকে পাড়ে নামল। ক্লেডিস এবং আসেম এগিয়ে অভ্যর্থনা জানাল তাদের । সীন দাঁড়িয়ে রইলেন আগুনের কাছে। নৌকা থেকে নেমে ওরা আসেম এবং ক্লেডিসের সাথে কি যেন বলে হাটা দিল। দামী জুবা পুরা এক দীর্ঘদেহী ভদের চাইতে দুকদম সামনে। সীন পাগুনের আলোয় ভার চেহারা দেখে হতভম্বের মত দাঁড়িয়ে রইল।

ঃ 'জনাৰ, আমাদের শাহানশাহ।' ক্লেডিস বলল।

সীন চঞ্চল হয়ে হাঁটু গেড়ে বসে হেরাক্লিয়াসের হাতে চুমো খেলেন। এর পর দীড়িয়ে আদবের সাথে বললেনঃ ' আলীজাহ। আপনার এখানে আসার প্রয়োজন ছিলনা । আপনার সাথে দেখা না করেই আমি কিসরার কাছে যাবার সিদ্ধান্ত নিয়ে ফেলেছি। আপনাকে কিছু বলতে হবে না। যত শীঘ্র সম্ভব আমি কিসরার কাছে যাব। ওখানে কি বলতে হবে তা আমি জানি।'

- ঃ 'ঈশ্বর যদি আমাদের মঙ্গল চান, আপনি সফল হবেন। আমার দুঃখ হল, এর আগে আপনার কাছে আসার পথ খুঁজে পাইনি।'
- ঃ 'সন্ধির কথাবার্তা না করার জন্য কিসরা আমায় নির্দেশ দিয়েছেন। আমি কল্পনাও করিনি, এমন এক ব্যক্তি আপনার পক্ষ থেকে সঞ্জির প্রস্তাব নিয়ে আসবে যার ফলে আমাকে শাহানশার নির্দেশ অমান্য করতে হবে। এ ভাবু আপনার উপযুক্ত নয়। আপনি আসবেন জানলে আরো ভাল ব্যবস্থাকরতাম।আসুন।'

এক বৃদ্ধ এগিয়ে এলেন। চুল দাড়ি শাদা। সীনকে লক্ষ্য করে বলপেন ঃ ' এ মহান কাজের জন্য ঈশ্বর আপনাকে নির্বাচন করেছেন । দুনিয়ার সকল সম্রাট যার কাছে অসহায় আপনি চলছেন তাঁর নির্দেশে। পৃথিবীর সকল মজপুম , বঞ্চিত আর সর্বহারা মানুষ আপনার জন্য প্রার্থনা করবে। আমার দৃঢ় বিশ্বাস, আপনি ব্যর্থ হবেন না। '

পোপ স্যার হবস কে দেখেই চিনতে পারশেন সীন। হঠাৎ তিনি হাঁটু গেড়ে তার সামনে বসে পড়লেন। ঃ 'পবিত্র পিতা, আমার জন্য দোয়া করুন। আমি বিশ্বাস এবং স্বস্তি হারিয়ে ফেলেছি। জানিনা আমার মঞ্জিল কোথায়া?'

- ঃ 'প্রার্থনা করছি, পবিত্র পিতা, পবিত্র আত্মা এবং মা মেরী ভোমার সাহায্য করুন। ভূমি বিপন্ন, অসহায় মানূষকে শান্তির পয়গাম দিতে পারবে।' সীন দাড়ালেনঃ ' চলুন আলীজাহ। এখানকার ছোট্ট তাবু আপনার উপযুক্ত না হলেও ওখানেই নিশ্চিত্ত কথা বলতে পারব।
- ঃ 'ঠিক আছে চপুন। তবে বেশী দেরী করতে পারবোনা। সুর্যোদয়ের পূর্বেই ফরে যেতে হবে।' ওরা তাবুতে প্রবেশ করণ। হেরাক্লিয়াসের সামনে বসে পড়ল সবাই। নীরবে কেটে গেল কওক্ষণ। মৃথ খুললেন সীন ঃ 'বর্তমান পরিস্থিতিতে আপনার দৃতকেই কেবল কিসরার দরববার পর্যন্ত পৌছানোর দায়িত্ব নিতে পারি। আমি আশংকা করছি, দন্ধির শর্তের ব্যাপারে কিসরা

## @Priyoboi.com

ভায়দার ও কিদরা ৩০৭

অতান্ত কঠোর হবেন। একজন সৈনিক হিসেবে সাধ্যমত তাকে বুঝানোর চেষ্টা করবো যে যুদ্ধের দীর্ঘসূত্রিতা আমাদের ক্ষতি করছে। কিন্তু সন্ধির শর্ত নমনীয় করতে আমি অসহায়।'

ঃ 'তা জামি জানি। আমার দৃত সন্ধি আলোচনার ব্যাপারে পূর্ণ ক্ষমতা নিয়ে যাচ্ছে। এখন বসুন কবেনাগাদ রওয়ানা করছেন।'

ঃ 'আগামী দু'দিনের মধ্যেই রওয়ানা করব। এর মধ্যেই আপনার দৃত পাঠিয়ে দেবেন।'

হেরাক্রিয়াস এক প্রধান ব্যাক্তিকে দেখিয়ে বললেনঃ 'দুড এখানেই আছে। নাম সাইমন। আমার বড় বিশ্বস্ত। সবার সামনে তাকে বলছি সন্ধি এখন আমাদের জীবন মরন প্রশ্ন হয়ে দাড়িয়েছে। ক্রেডিস এবং দীলরেসও ভার সাথে খাছে। কিসরার জন্য কিছু উপটোকন নিয়ে। এসেছি। ওগুলো নৌকায় আছে।'

সীন খানিক ভেবে বলগেন ঃ ' এরা বার্থ হয়ে ফিরে এলে জ্ঞামার পরিনতি ভাগ হবেনা । কথা দিন আমার স্ত্রী এবং মেয়েকে বসফরাসের ওপারে মাথা গোঁজার একট্ আশ্রয় দেবেন।'

ঃ ' ওরা ব্যর্থ হয়ে ফিরে এলে বসফরাসের ওপারের কোন বসতি এবং শহর নিরাপদ থাকবেনা। ইরানীরা না হলেও জংলীরা সব বরবাদ করে দেবে। ঈশ্বর যদি আমাদের ধ্বংস না চান ওরা ব্যর্থ হয়ে ফিরবেনা। পারভেজের মানবিক অনুকম্পাই আমাদের শেষ ভরসা। পতিত দুশমনের আহাজারী যদি গবিত পারভেজের প্রাণকে দোলা দিতে না পারে তবে প্রার্থনা করুন ঈশ্বর যেন মৃত্যু দিয়ে আমাদেরকে লাঞ্চনার জীবন থেকে মৃক্তি দেন।'

ঃ 'না, না।' স্যার হবসের কঠে বেদনা। 'আমাদেরকে প্রার্থনা করতে হবে ঈশ্বর যেন জ্লুম জ্ঞাচারের বিরুদ্ধে বৃক ফুলিয়ে দাঁড়ানোর হিমত আমাদের দেন। জ্লুম যখন সীমা অতিক্রম করে, এক অদৃশ্য শক্তি জালিমকে খড় কুটোর মতই উড়িয়ে নিয়ে যায়। অসহায় মানৃষ যখন বিশ্বাসে বলিয়ান হয় , তার দুর্বল হাত ছিনিয়ে নেয় অত্যাচারী সম্রাটের রাজমুকুট । সন্ধি আলোচনায় ব্যর্থ হলে আমাদের প্রার্থনা করতে হবে, পবিত্র পিতা যেন কাইজারকে লাখো মানৃষ্টের জীবন বাঁচানোর জ্বিমাদারী পালনের হিমত দেন।'

হিরাক্সিয়াস সীনকে বললেনঃ 'পারভেজকে আমার পক্ষ থেকে বলবেন, ইরানে আমার প্রকো নিষিদ্ধ না হলে থালি মাথায় তার কাছে যেতাম। এখনতো আমি এক চোরের মত তার সেনাপতির কাছে এসেছি। হারানো এলাকা কিসরার কাছে ফিরে চাইনা। আমার অনুরোধ, বসফরাসের ওপারের ক্ষুদ্ধ সালভানাতকে তার অবস্থায় ছেড়ে দিন, তারা যেন রক্ত পিপাস্ ছংগীদের মোকাবিলা করতে পারে।'

ঃ ' আপনার দূতদের কিসরার দরবার পর্যন্ত পৌছে দেয়ার জিমা নিয়েছি। আমি তা পালন করব। সুযোগ পেলে বসফরাসের ওপারে আক্রমন ইচ্ছে ছেড়ে দেয়ার অনুরোধ করব। বিস্তৃ কন্দুর সফল হই বলতে পারিনা। আমার আশংকা ছচ্ছে, অগ্নিপূজক পান্তীরা এ কথা শুনদেই আমার বিরুদ্ধে আন্দোলন শুরু করবে। আপনাকে কথা দিচ্ছি, এবার ব্যর্থ হলে সিপাহসালার হিসেবে আমাকে এখানে দেখবেননা।

ঃ 'ক্লেডিস। সম্ভবত এবার উঠা যায়।' কাইজার বললেন। 'সীনকে আর কিছু বলার ভাছে বলে মনে করিনা। ত্মি জাহাজ থেকে উপহারগুলো নিয়ে এসো। স্যোদয়ের পূর্বেই আমাদের কল্পনতুনিয়া পৌছতে হবে।'

ক্রেডিস আসেমের দিকে চাইল। দুজনই বেরিয়ে গেল তাবু থেকে। কিছুক্ষন পর কাইজার নৌকায় চেপে বসলেন। সীন তাকিয়ে রইলেন সাগরের দিকে। নৌকা দৃষ্টির আড়াল হতেই সীন কাইজারের সংগীদের দিকে তাকিয়ে বললেন ঃ 'এবার কিল্লায় ফিরে যাওয়া উচিৎ। আপনাদের জন্য ঘোড়ার ব্যবস্থা করা হয়েছে। সিপাইরা জিনিয় পত্র নিয়ে আসবে। এতো পরিশ্রমের পর সফর করতে আপনাদের কট্ট হবেনাতো?'

৪ ' আমাদের কোন কষ্ট হবেনা।' সাইমন জবাব দিলেন।

সিপাইরা ঘোড়া নিয়ে এগ। সীন সাইমন কে বললেনঃ 'জামার সাথে থাকলে আপনাদেরকে কেউ কোন প্রশ্ন করবেনা। তবুও কিসারার কাছে না যাওয়া পর্যন্ত একটু সর্ভক থাকতে হবে। আপনারা আনাতোলিয়ার ইহদী ব্যবসায়ীদের বেশে সফর করবেন। পোষাকের ব্যবস্থা করে দেয়া হবে।এবারচপুন।'

টিলা আর উপত্যকায় নোচড় খেয়ে খেয়ে চলে গেছে সড়ক। ফুন্তিনা কিল্লার পাঁচিলে দাঁড়িয়ে পথের দিকে তাকিয়েছিল। আচানক ওর দৃষ্টি পড়ল টিলার আড়াল থেকে বেরিয়ে আসা কজন সওয়ারের প্রতি।

ওর উদাস চোখে আনন্দের ঝিলিক খেলে গেল। বেড়ে গেল হৃদম্পন্দন। আসেম ওদের সাথে। তার রাতের প্রার্থনা বিফলে যায়নি। ওর অক্ত ডেজা দুচোখে মোহন হাসির ছটা। ও অনিমের তাকিয়ে রইল আসেমের দিকে। নীচে নামার জন্য ও সিড়ির দিকে পা বাড়াল। কি তেবে থেমে গেল হঠাও। এরপর বুরুজের একটা থামের আড়ালে দাড়িয়ে পড়ল।

থোড়াসহ কিল্লায় ঢুকে পড়ল সওয়াররা। ফিরোজ হস্তদন্ত হয়ে ছুটে এসে বললঃ 'বেটি! ওয়া এসে গেছে। আসেমও এসেছে। এসো। তোমার আশা তোমায় ডাফছেন।'

ফুন্তিনা নীচে নেমে এল। সীন বারান্দায় দাঁড়িয়ে স্ত্রীকে বললেনঃ 'আমার মেহমানরা ক্ষার্ড। তুমি একুনি খাবারের ব্যবস্থা কর। তোমরা নাস্তা না করে থাকলে এক সাথেই বসব।'

- ঃ ' নাস্তা তৈরী। আমরাতো জাপনার অপেক্ষা করছিলাম।'
- ঃ 'ফুস্তিনা কোথায়? '
- ঃ ' ঐতো ত্মাপনার পেছনে। '



সীন পেছনে ফিরলেন। ফুন্তিনা খিল খিলিয়ে হেসে বাবাকে জড়িয়ে ধরলঃ 'আসেমকে কন্তুনত্নিয়া পাঠাননি কেন?' ফুন্তিনার প্রশ্ন।

- ঃ 'দরকার হয়নি। রাতে কাইজারের সাথে কথা হয়েছে।'
- ঃ' কোথায় ?'
- ঃ ' সাগর পাড়ে। তিনি আসবেন জানতামনা । নচেৎ কোন ব্যবস্থা করতাম। তোমাদেরও ডেকে নিতাম। তোমরা এখন তার দুতের সাথে দেখা করতে পারবে। দ'তিন দিলের মধ্যে আমি ওদের নিয়ে রওয়ানা হয়ে যাব। আসেমকে তোমাদের কাছে রেখে যেতে চাইর্ছিলাম। কিন্তু ও আমার সাথে যাবার জন্য জেদ ধরেছে। আমিও ভাবছি ও সাথে থাকলে আমারেও ভাল হবে। ইরানের চেয়ে এস্থানটাই তোমাদের জন্য নিরাপদ। তোমাদেরকে সথে নিলে প্রজ্মী পান্নীরা হয়ও ক্ষেপে উঠবে। যাও, টেবিলে খাবার দাও। আমি মেহমানদের নিয়ে আস্ক্রি।'

সীন মেহমানখানার দিকে চলে গেলেন।

মেহমানরা দন্তরখানে বসেছিলেন। ইউসিবা এবং ফুন্তিনা কক্ষে প্রবেশ করল । ওরা দাঁড়িযে গোল সবাই। ইউসিবা জোর করে ফুন্তিনাকে ভাল পোধাকে সাজিয়ে ছিলেন। মেহমানরা বার বার অপাঙ্গে ভার দিকে ভাকাচ্ছিল। পরিচয় পর্ব শেষ হল। ইউসিবা বসলেন সীনের ডানে, ফুন্তিনা বাঁয়ে। ফুন্তিনা খাওয়ার ফাঁকে ফাঁকে আড়চোথে আসেমকে দেখছিল।

চোখে চোখ পড়লেই লজ্জায় রাঙ্গা হযে উঠত ওর চেহারা । ইউসিবা দক্তরখানে বসেই মেহামানদের সাথে স্বাডাবিক হয়ে গেলেন। তিনি বার বার আফসোস করে বল ছিলেনঃ ' ইস। কাইজার ও পোপ এলেন। কিন্তু তাদের কদমবৃছি করার সৌডাগ্য আমার হসনা। বি

ক্লেডিস হঠাৎ ফুস্তিনার দিকে ফিরে বলনঃ 'আপনার সাথে দেখা হওয়াটেও যে কি খুশী হয়েছি, তা বলতে পারছিনা। আমি আপনাদের কাছে নতুন। এরপরও আমার মন্দে হয়, আপনার পিতাযাতা এবং আসেমের পর আমিই আপনাকে সবচে বেশি জানি।'

'আদেম শর্মে মরে যান্দিল। ও অনুনয়ের দৃষ্টিতে চাইতে লাগল রেডিসের 'দিকে। ক্লেডিস আদেমের দিকে না তাকিয়েই বলতে লাগলঃ 'ব্যাবিলন থেকে নোভা মরুভূমি পর্যন্ত এবং নোভা থেকে ক্সুনত্নিয়া পর্যন্ত আমরা একত্রে সফর করেছি। দীর্ঘ সে সফর। দিন রাভ দৃজন একান্তে বদে কথা বলেছি। আসেমের এমন কোন মৃহূর্ত ছিলনা যখন আপনার প্রসাকে বলেনি।'

ইউসিবা চঞ্চল হয়ে স্বামী আসেমের দিকে ভাকালেন। কিন্তু সীনকে দেনখে তার মনের প্রতিক্রিয়া বুঝা গেলনা। আচমিত ফুন্তিনা মাথা তুলল। শান্ত এবং নিরুদ্দেগ কঠে বলল ঃ'আপনার বন্ধু আমাদের সাথে কথা বলার ততোটা সময় পায়নি। তব্ও আপনি অপরিচিত নন। আপনার বন্ধু প্রায়ই আপনার কথা বলতেন। ফ্রেমস এবং ভার মেয়েকেও আমর্ক্রা চিনি।'

দীলরেস কিছুটা সাহস সঞ্চয় করে বললঃ 'আসেমের বন্ধু হয়ে আমি গরিতে। কিন্তু আমার নামটা আপনাদের কাছে পৌছার উপযুক্ত নয়।' মৃদু হাসল ফুন্তিনা। ঃ 'না। আপনার ব্যাপারেও অনেক কিছু শুনেছি।'

সীন বগলেন ঃ 'আমরা আসেমের কাছে কৃতক্ত। শত বিপদেও সে আমাদের ভূলে যায়নি।'

'ভাপনাদেরকে ভূলে যাওয়া ওর পক্ষে সন্তব নয়।' রেণ্ডিস বলগ। 'রোণ শয্যায় বার বার ও আপনাদের কথাই বলত। আমার মনে হয় জীবনের সাথে ওর সম্পর্ক ওধু আপনাদেরকে শরণ করার মধ্যেই সীমাবদ্ধ। আমার স্ত্রী আমায় বলত, যারা আসেমের এত প্রিয়, নিশ্চয় তারা সাধারণ মানুষ নন। আপনাদের দেখে মনে হচ্ছে, তার ধারণা অমূলক ছিলনা।'

আদেমের উৎকণ্ঠা চরমে পৌছল। ও কড়া চোখে ক্লেডিসের দিকে তাকিয়ে রইল। কিছু ক্লেডিস যেন দেখেনি এমন ভাব করে বলে যেতে লাগল আমেমের সাথে থাকার সময়ের টুকরো টুকরো ঘটনা।

জবশেষে আদেম বলগ ঃ 'এবার আমাদের বিশ্রাম করা প্রয়োজন।'

ওরা সবাই একসঙ্গে দাঁড়িয়ে গেল।

মেহমান খানায় এসে ক্লেডিসকে একা পেগ আসেম। ঝাঝের সাথে ভাকে বগণ ঃ 'আমার অসহায়তেত্ত্ব কাহিনী এভাবে প্রচার করার দরকাটা কি ছিল?'

ক্লেডিস মূচকি হেসে বলল ঃ 'আমি এক বন্ধুর কর্তব্য পালন করেছি আসেম। ওরা আমার কথায় ভুল বুঝবে এমনটি ভেবোনা: সীন একজন বাস্তববাদী। তোমার সর্ম্পকে তার মেয়ের মনোভাব নিক্যুই তার কাছে গোপন নয়। এবার ডোমার আর ফুস্তিনার ভবিষ্যত নিয়ে তার সাথে খোলাখোলি কথা বলতে পারব।'

- ঃ 'ভূমি কি বগতে চাও।' আদেমের কঠে উদ্দেগ।
- ঃ 'আমি ভাকে বলব যে আদেম এবং ফুস্তিনা একে অণরের জন্য পয়দা হয়েছে।'
- ঃ ' না না এখনো এসৰ কথা বলার সময় আসেনি। এক অনিশ্বিত ভবিষ্যত ছাড়া সীনের মেয়েকে আমি কিছুই দিতে পারবনা। '
- ঃ ' আসেম। তোমার স্থানরের বিস্তীন মাঠে ওর জন্য এমন কুঁড়ে ঘর তৈরী রাখতে পার, যা মেয়েদের কাছে শ্বেড পাথরের প্রাসাদের চাইতে আকর্যনীয়। আমি ফুন্তিনাকে দেখেছি, সিপাহসালারের মেয়ে হলেও সে এক নারী। ও এমন ভাবে তোমার পায়ের দিকে তাকাঙ্গিল যেন কাইজার ও কিসরার সমস্ত ধন ভাভার ভোমার পায়ের নীচে পড়ে আছে। ওর পিতামাতা জানেন, ও তোমায় ছাড়া আর কাউকে গ্রহণ করবেনা। তা না হলে এতদিনে ও কোন শাহজাদার প্রাসাদের সুযমা বৃদ্ধি করত।'

আদেম খানিক ভেবে বৃদদ ঃ 'আমার তয় হচ্ছে ক্লেডিস।'

ঃ 'ফৃন্তিনা তোমায় গ্রহণ করবেনা এ ভয় পাছে?' \$না।'

কায়দার ও কিদরা ৩১১

- ঃ 'সীনুকে ভয় পাও হ'
- ৪ 'না না ক্লেডিস। আমি আমার ভাগ্যকে ভয় পাই।'
- ঃ 'বন্ধু। তোমার ভাগ্য তোমায় রাতের জাঁধার থেকে বের করে ভোরের ঝগমলে আলোর মধ্যে নিয়ে এনেছে। এখন আর চোখ বন্ধ করে ভবিষ্যতের পথ খুঁজতে হবেনা। ভোমার জনুমতি পেলে আমি সীনের কাছে যাব।'
- ঃ 'ভোমায় ভো আর বাঁধা দিয়ে রাখতে পারবনা। বিজ্ব আমার মনে হয় এখনো তার সাথে কথা বলার সময় আসেনি। এ অভিযান থেকে সফল হয়ে ফিরে এলে অসংকোচে তার সামনে হাত প্রসারিত করতে পারব।'

অফিসারদেরকে প্রয়োজনীয় নির্দেশ দিতে সীনের দুদিন কেটে গেল। তৃীতদ্ব দিন তিনি কিল্লায় ফিরে এলেন। এসেই ক্লেডিস কে সংবাদ দিলেন আগামী ডোরে রওয়ানা হওয়ার জন্য যেন তৈরীথাকে।

পরদিন সুর্যোদয়ের সময় আসেম এবং ভার সংগীরা কিল্লার ফটকে সীনের অপেকা করছিল। সাথে এক প্লাটুন ইরানী সৈন্য। ফিরোজ হস্তদন্ত হয়ে ছুটে এসে আসেমকে বলল ঃ 'মনীব আপনাকেডাকছেন।'

আসেম নীরবে বুড়ো চাকরের পেছন পেছন চলল। সীন বারান্দায় দাঁড়িয়ে, পাশে ফুন্তিনা এবং তার মা। আসেম কয়েক পা দুরে দাঁড়াল।

সীন ইংগীতে তাকে কাছে ডেকে বললেনঃ 'আসেম! যাবার পূর্বে স্ত্রী এবং মেয়ের সামনে তোমায় কিছু বলতে চাই। গতকাল পর্যন্ত ভেবেছিলাম অভিযান থেকে ফিরে এসেই ফুন্তিনার ভবিয়াত নিয়ে ভাবব, কিন্তু এ নিয়ে রাতভর ডেবেছি। সম্ভবত আমায় ওখানে রেখে দেয়া হবে। তাড়াতাড়ি ফিরতে পারবনা। এমন ও হতে পারে, আমি তাবিনি এর পরিনতি ভাই হবে। আর কোন দিন এখানে ফিরে আসতে পারবনা। এ ব্য়েসে কোন কাজ অসম্পর্ণ ফেলে রাখা ঠিক না। ভূমি যেদিন ফিরে এসেছিলে সেদিন সিদ্ধান্ত নিয়েছিলাম ফুন্তিনা তোমার। ভূমি সিদ্ধি আলোচনার জন্য আমায় ওখানে যেতে বাধ্য না করলে ওর বিয়ের ব্যাপারেই চিন্তা করভাম। বলতো আসেম, পৃথিবীর কোন কোণে তোমরা স্বন্তিতে থাকতে পারবে। আমার বড় সাধ কিসরার দরবার থেকে এ সুসংবাদ নিয়ে আসব যে এ পৃথিবী তোমার। এর সব হাসি আনন্দ ভোমাদের জন্য। কিন্তু যদি এ সাধ পুরণ না হয়, মনে শান্তনা থাকবে, ওদের দেখাতানার জন্য একজন বিশ্বন্ত এবং যোগ্য বন্ধু রয়েছে। কথা দাও আসেম। বিপদের সময় ফুন্তিনা এবং তার মাকে নিরাশ করবেনা।

ভোমার বিবেকের আলো জ্বেলে যেন এরা সভ্যের পথ খুঁজে নিতে পারে। প্রচার আর খ্যাতির জন্য সারা জীবন চেষ্টা করেছি। আজ যখন স্ত্রী কন্যার জন্য বেঁচে থাকতে চাইছি, মনে হয় আমি মৃত্যুর পথে এগিয়ে চলছি। প্রতিজ্ঞা কর থাসেম! ওখানে আমার কোন বিপদ এলে এদের কাছে চলে অসবে। কিসরার বন্ধু এবং সিপাহসালার হয়ে স্ত্রী কন্যাকে যে স্থা দিতে পারিনি, ভূমি ওদেরসেস্থদেবে।'

সীলের কথা বলার সময় আসেমের চোখের পাতা তিন্ধে যাছিল। এবার জবাব দেয়ার চেষ্টা করতেই ফোটায় ফোটায় গড়িয়ে পড়গ সে অশ্রু রাশি।

স্বকৃতজ্ঞ কঠে ও বলল ঃ 'কিসরার দরবারে আপনার কি বিপদ আসতে পারে ব্ঝতে পারছিনা। তব্ও কথা দিচ্ছি, ফুন্তিনা এবং ভার মা আমায় অকৃতজ্ঞ বলতে পারবেননা।'

- ঃ 'তোমার শোকর গোজারী করছি। এবার তোমরা স্বাই আমার জন্য প্রার্থনা করবে।'
- ঃ 'দিশ্বর আপনার মঙ্গল করুন।' কাঁপা কঠে বললেন ইউসিবা।

ভারী শোনাল তার কণ্ঠ। সাথে সাথে ভার দুচোখ উপচে এল অশ্রুর বন্যা। ফুস্তিনা মায়ের এই শন্দটা বার বার আওড়াতে লাগল। অনিরুদ্ধ কারার আবেগে হারিয়ে গেল ভার কণ্ঠ।

ও সীনকৈ শুড়িয়ে ধরে বলগঃ 'আরা, আমি আপনার অপেকা করব। আপনি নিশ্চয়ই ফিরে আসবেন। শাহাশাহআপনারদৃশমননন।

একটু পর সঙ্গীদের নিয়ে ইরানের পথ ধরণেন সীন।



দিখিজয়ী পারভেজ। তার সাম্রান্ত্য কৃষ্ণে সাগর থেকে সোভা মরু এবং কোহ আলবুরুজ থেকে উত্তর পাহাড় পর্যন্ত ছড়িয়ে পড়েছিল। মালায়েন ছিল প্রনো রাজধানী। যে শহরকে কেন্দ্র করে পারভেজের জীবনে ঘটেছিল কিছু ডিক্ত ঘটনা। তাই এ শহরটাকে তিনি দুর্ভাগ্যের প্রতীক্ষ মনে করভেন। একন্য আরমেনিয়া, সিরিয়া এবং ফিলিন্তিন বিজয়ের পর দক্ষণার ওপাড়ে নতুন রাজধানী নির্মাণ শুরু করলেন।

স্থানটি মাদায়েন থেকে প্রায় ধাট মাইল উন্তরে। নতুন শহরের নাম ছিল দন্তগিরন। বিজিত এলাকার সমন্ত ধন সম্পদ এ রাজধানী নির্মাণে ব্যয় হচ্ছিল। প্রমিক হিসাবে কাজ করছিল, তাবা, ব্যাবিলন, রোম এবং এথেন্সের যুদ্ধেবন্দীরা। এ সব ফলীদের রক্তঝরা শ্রমে তৈরি হচ্ছিল এমন শহর, যার সামনে মান হয়ে পড়ছিল মাদায়েন আর প্রসিপুসের সৌন্দর্য। এখানে তৈরী হচ্ছিল বিশাল রাজ প্রাসাদ। এ প্রাসাদের চল্লিশ হাজার ন্তত্ত ছিল সোনা, রূপা এবং হাতির দীতের কাজ করা। দেয়ালে অংকিত ছিল ত্রিশ হাজার চিত্র কর্ম। মূল গন্থজের নীচে ঝলমল করছিল স্বর্ণের তৈরী একহাজার ঝারবাতি। স্বর্ণ, রৌপ্য এবং মনিমুক্তার জন্য নির্মিত ছিলো

কায়দার ও কিনরা ৩১৩

একশত গোপন কুঠ্রী। মহলের চার দেয়ালের ডিডর ছিল বার হাজার চাকর এবং ডিন হাজার সৃন্দরী চাকরানী। এদের আনা হয়েছিল বিজিও এলাকা থেকে।

বাইরে সব সময় পাহারায় থাকতো ছয় হাজার সশস্ত্র পাহারাদার। সমাটের বিশেষ বাহিনীর জন্য ছিল ন'ল ঘটটা হাতি। মহলের চার পাশে তৈরি করা হয়েছিল প্রমোদ কানন। দিগন্ত বিস্তৃত শস্য শ্যামল জমিতে গড়ে ভোলা হয়েছিল শিকার ভূমি। বিভিন্ন দেশ থেকে নানান জাতের পশুপাখি এনে ঐ বনে ছেড়ে দেয়া হয়েছিল। সম্রাট কথনো বাইরে বেরুলে এক হাজার উটে চাপানো হত বিলাস সামগ্রী।

কসরে শাহীর বাইরে অধিকাংশ বসতি ছিল সরকারী আমগা এবং রক্ষী বাহিনীর। সম্রাট পিতার করুণ পরিনতির কথা ভূলেননি। নিজের সন্তানদেরকেও তিনি বিশ্বাস করতেননা। একদিন যাকে দেখা বেড ক্ষমতার শীর্ষে জন্য দিন তাকেই খুঁলে পাওয়া যেও কয়েদখানায়। দন্তগীরদের আমীর তমরারা একে জপরের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিও ছিল। পারভেজ নিজেই এদের বিছিন্ন করে রেখেছিলেন। তার ধারনা ছিল, এরা এক হলে তার ক্ষতি হতে পারে।

সন্ধ্যা । সীন এবং খালেম সংগীদের দত্তগীরনের শাহী মেহমান খানায় রেখে রক্ষী প্রধানের বাসয়ে পৌঁছলেন। রক্ষী প্রধান ত্রজা কিসরার দ্র্নিনে তিনিও সীনের সাথে ছিলেন। ত্রজ উক্ত আসিস্থনের মাধ্যমে সীনকে অভ্যথনা জানালেন।

- ঃ 'আপনি কিভাবে এলেনঃ নিশ্চয়ই যুদ্ধের ব্যাপারে গুরুত্বপূর্ণ কোন সংবাদ নিয়ে এসেছেন। আপনাকে পেরেশান মনে হচ্ছে। শাহানশা ডেকে পাঠাননিতো।' ভুরজ এক নিঃশ্বাসে এভগুণোপ্রশ্নকরলেন।
- ঃ 'আমি এক জ্বরুরী কাজে এসেছি। যত তাড়াতাড়ি সম্ভব শাহানশার থিদমতে হাজির হতেচাই।'

ভূরন্ধ দীনের হাত ধরে এক বিশাস কক্ষে নিয়ে গেলেন। চেয়ারে বসলেন ভারা। ভূরন্ত বললো

৪ 'আমি এখনি মহলের দারোগাকে সাংবাদ পাঠাচ্ছি। কিন্তু কোন দৃঃসংবাদ নিয়ে এলে রাতে
ভাকে বিরক্ত না করলেই ভাল হবে। শাহানশাহ এখন নাচের আসরে রয়েছেন।'

- ঃ 'আমারও বিশ্রাসের প্রয়োজন। মহলের দারোগাকে ভোরের দিকে সাংবাদ পাঠলেই হবে।'
- ঃ 'যুদ্ধের কথা তো কিছু বললেননা।'
- ঃ 'কোন নতুন খবর নেই। আমাদের মাঝে এখনো বসফরাস বাধা হয়ে আছে।'
- ঃ 'ডাহলে হঠাৎ এ আসার কারন? বেচ্ছায় না শাহানশার নির্দেশে?'
- ঃ 'আমি নিকের ইচ্ছায় এসেছি।'
- ঃ 'মাফ করবেন। আপনার সংগীকে চিনতে পারসামনা। তর পরিচয় কি ?'

- ৪ 'ও এক আরব। নাম আসেম। ফিলিস্তিন এবং মিশর যুদ্ধে আমাদের সঙ্গে ছিল। ওর বন্ধুত্ব নিয়ে আমি গর্ব করতে পারি।'
  - s 'মনে হয় কোন ভাঙ্গ সংবাদ নিয়ে আসেননি।'
- ঃ 'আমি কাইজারের পক্ষ থেকে শান্তি প্রস্তাব নিয়ে এসেছি।' আসেম খণগ। 'ডার দৃত মেহমানখানায়। কিসরার সাথে দেখা হওয়ার পর দন্তগিরদে আমাদের কাজ শেষ।'

ভূরজ নিজের কানুকেই যেন বিশাস করতে পারল না। অবাক বিশয়ে জনেক্ষণ আসেমের দিকে ভাকিয়ে রইল।

অবশেষে বলগঃ 'কাইজারের দৃত মেহমান খানায় অবস্থান করছেঃ আর আপনারা তাদেরকে শাহানশার সামনে হাজির করার জিমা নিয়েছেন ?'

- ঃ 'হ্যা, গুদের আমরা সাথে নিমে এসেছি।'
- ঃ 'এর চেয়ে বড় কোন দুঃসাহসের কল্পনাও আমি করতে পারিনা।'

সীন বললেনঃ 'এ দুঃসাহস হলে এর পরিণতি ওধু আমার মধ্যেই সীমারদ্ধ থাকবে। কোন বন্ধুকে আমার অপরাধের ভাগী করবনা। ভূমেয়োন আপনাকে কাইজারের দুডের কথা বলেছি।'

- ঃ 'কিন্তু শাহী মেহমানখানায় ওরা যায়গা পেল কিভাবে?'
- ঃ 'পেরেশান হবার কারন নেই। মেহমানখানার কর্মকর্তা তাদেরকে ব্যবসায়ীর পোযাকে দেখেছে। যে সব ব্যবসায়ী কিসরার জন্য উপহার নিয়ে আসে তাদের যাচাই করা হয়না।'
  - ঃ 'জার আপনারা কিসরাকে বলবেদ যে, এরা আসলে ব্যবসায়ী নয়!'
- ঃ 'হ্যা, তাহলে আগনাকে পুরো ঘটনাই বলতে হয়। তবে তার অর্থ এই নয় যে, এ স্বতিযানে আপনি স্নামাদের সংগী। আমি স্নামার একান্ত প্রিয় বন্ধুদেরকে এর থেকে দূরে রাখতে চাই)'
  - ঃ 'বহুত আচ্ছা। বশুন। সব গুনলে হয়ত আপনাকে কোন ভাল পরামর্শ দিতে পারব।'

সীন সংক্ষেপে কাইনারের সাথে সাক্ষাৎ হওয়ার কথা বগলেন। কিন্তু আসেমের নাম বাদ রেখে কাইজারের একজন দৃতের কথা বললেন। সীনের কথা শেষ হবার পর ত্রজ হততয়ের মত কডক্ষণ ডাদের দিকে ডাকিয়ে রইল। এরপর বললঃ 'সীন। আমিডো স্বপু দেখছিনা। আপনি কি সভিত্রই আমার সামনে বসে আছেন। যদি কাইজারের সাথে আপনার সাক্ষাৎ হয়ে থাকে আর ডার দৃত জাপনার সাথে এসে থাকে ডবে জামার পরামর্শ হচ্ছে, যে পথে এসেছেন, সে পথেই ফিরে যাওয়াউচিৎ।

যুদ্ধ চলুক আমিও ভা চাইনা। কন্তুনতুনিয়া জয় করার জন্য আমাদের যে পরিমাণ দৈন্য ক্ষয় হয়েছে, তারা একটা দেশ জয় করতে পারতো। কিন্তু কিসরার সামনে সন্ধি প্রভাব পেশ করাটা ধৃষ্টতা ছাড়া কিছুই নয়। হায়। আপনি যদি জানতেন তার ভেতর কি পরিবর্তন এসেছে। খোশামুদে জার চাটুকারদের কথায় তিনি উঠেন বসেন। আপনি তার অনুমতি না নিয়ে এসেছেন এও তিনি বর্নাশত করবেননা।

কায়সার ও জিসরা ৩১৫

ঃ 'আফসোস। আপনাকে বিরক্ত করশাম।' সীন উঠতে উঠতে বললেনঃ 'আপনাকে ঝামেলায় লা ফেলে আমরা মেহমান খানায়ই থাকবো। আমরা যে এখানে এসেছি একথা কাউকে বলবেননা। কারণ আমরা অবশ্যই কিসরার কাছে যাব।'

ত্রজ ব্যথা ভরা চোখে ভাকাপেন সীনের দিকে। বললেনঃ 'বন্ধু। ত্মি এখানে থাকতে পারবেনা একথা আমি বলিনি। আমার দৃঢ় বিশ্বাস, ত্মি যে ভ্ল করেছ একথাটা ভোমাকে বুঝাতেপারবো।'

- ঃ 'না, আমরা একটা শর্তে থাকতে পারি। ভাহশ আমাদের কাজে হস্তক্ষেপ করবেননা।'
- ঃ 'এতেই যদি ভোমরা সন্তুষ্ট খাক, ভবে এশর্ড আমি মেনে নিলাম।'

খানিক পর ওরা দন্তরখানে বসে পুরনো দিনের গল্প জুড়ে দিল। কিভাবে পারভেজের সাথে সফর করেছিল, কিভাবে সীমান্ত অতিক্রম করেছিল এইসখ।'

পরদিন। কিসরার সিংহাসনের সামনে দাঁড়িয়েছিলেন সীন। কিসরার ডানে বামে সুন্দরী ভারণী। তাদের হাতে সুরা ডার্ড পানপাত্র। সীনের পেছনে দরোজার পাশে মহলের দারোগা, কজন সশস্ত সিপাই এবং চাটুকার দল। পারভেজ কতক্ষণ রক্তলাল চোখে সীনের দিকে তাকিয়ে রইলেন। এর পর ডান হাত ঈষৎ উপরে ভুললেন।

সূরা ডার্ড সোনার পিয়ালা হাতে এগিয়ে এলো এক যুবতী। পারতেজ পেয়ালা তুলে ঠোটে ছোয়ালেন। কয়েক চুমুকে পেয়ালা গুনা করে ফিরলেন সীনের দিকে। আমি ফদুর জানি কর্তৃনত্নিয়া জয় না করে স্থান ত্যাগ করতে তোমায় নিষেধ করা হয়েছিল। কোন স্মংবাদ হলেই আমার সামনে আসা উচিৎ ছিল।

- ঃ 'আলিজাহ। এ গোলাম আপনার হকুম অমান্য করার কল্পনাও করতে পারে না। আমি এক গুরুত্বপূর্ণ থবর নিয়ে এসেছি। আমি মনে করেছি অতিসত্ত্র হজুরের কদমবৃচি করার জন্য হাজির হওয়া দরকার।'
  - ঃ 'কল্বুনত্নিয়া বিজয় ছাড়া তোমার কোন সংবাদই আমার কাছে গুরুত্বপূর্ণ নয়।'
- ঃ 'আলীজাহ। বিজয় আনতে পারিনি বলে আমি লচ্ছিত। কিন্তু একটা সুসংবাদ নিয়ে এসেছি। যে উন্দেশ্যে আমরা তরবারী ধরেছিলাম তা পূর্ণ হয়েছে। কাইজার পরাজিত। তিনি আমাদের যে কোন শর্ত মানতে প্রস্তৃত। ভার জন্য দন্তগিরদের পথ রুদ্ধ না হয়ে গোলে নিজে এসে আপনার কাছে সন্ধি ভিক্ষা চাইতেন।'

আহত সিংহকে খোঁচা মেরে ঘুম থেকে জাগিয়ে দিলে যে জবস্থা হয়, পারভেজ তেমনি ক্রোধ উন্মত হয়ে উঠলেন। অনেক কটে রাগ সংহত করে বললেনঃ 'কাইজারের পায়ে বেড়ি. লাগিয়ে এখানে নিয়ে আসার হকুম তোমার্য দিয়েছিলাম। ভূমি এলে তার দূত হয়ে। এত দৃৎসাহস পেলে কোথায়?'

ঃ 'আলীজাহ। কয়েক বছরের ব্যর্থ চেষ্টার পর ব্থতে পেরেছি যে, বসফরাসের পানি ইরানী সৈন্যদের রক্ষে লাল না করে কন্তুনজুনিয়া বিজয় সম্ভব নয়। যুদ্ধের উদ্দেশ্য যদি হয় ইরানের প্রাধান্য বিস্তার, তাহলে আমাদের উদ্দেশ্য সফল হয়েছে। কাইজার একজন করদ রাজা হয়ে থাকতে প্রস্তুত। এ পরিস্থিতিতে যুদ্ধ চালি যোবার কোন মানে হয় না।

রোমানদের প্রতিপক্ষ জংগী কবিদা । না আমাদের বন্ধু হতে পারেনা। রোমানরা পরাজিত হলে ওরা বরং আমাদের চিরস্থায়ী শত হয়ে দাঁড়াবে। আমরা কাইজারকে নিরাশ করলে তিনি জংগীদের সাথে সন্ধি করে আমাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আক্রমন চালাবে। আপনি হয়ত জানেন না, যে ইরজকে জংগীদের কাছে পাঠানো হয়েছিল সে নিহত।'

কিসরা চঞ্জ হয়ে উঠলেন। শরাবের আরেক জাম নিঃশেষ করে বদলেনঃ 'না, এ অসভব। এ হতে পারেনা। খাকান এ দুঃসাহস করবেনা।'

- ঃ 'জাহাপানা, আপনার বিশাস না হলে আমি এমন ব্যাক্তিকে হাজির করতে পারি, যে তাকে শহীদ হতে দেখেছে।'
  - ঃ 'ভূমি কি মনে করেছো ইরজের নিহত হওয়ার সংবাদ শুনে আমি ভড়কে যাব ?'
- ঃ 'না জালীজাহ, জামি বলতে চাই, রোমানরা জামাদের শর্তগুলো মেনে নিলে ওদের বিশ্বাস করা যায়। কিন্তু জংগলীদের বিশ্বাস করা যায়না।'
  - ঃ 'হেরাক্লিয়াস আমাদের সকল শর্ড মেনে নেবেন, তুমি জানলে কিভাবে?'
- ঃ 'হুনুরের কদমবৃচির জন্য হেরাক্লিয়াসের দৃত এখানে এসে পৌঁছেছে। সন্ধির শর্ত নিয়ে আলোচনা করার পুরো অধিকার ওদের দেয়া হয়েছে।'

শরীরের সব রক্ত এসে কিসরার চেহারার জমা হল। ক্রোধ কাঁপা কন্ঠে তিনি বললেনঃ 'গুরা কিভাবে এখানে এল? এখন গুরা কোথায়?'

ঃ 'গুরা জামার সাথেই এসেছে। ওদের শাহী মেহমানখানায় রেখে এসেছি।'

কিসরার দৃষ্টি গিয়ে পড়ল দরজার পাশে দাঁড়ানো মহলের দারোদার উপর। কম্পিত পায়ে এগিয়ে এসে দারোগা বললঃ 'আমি বেকসূর জাঁহাপনা। মেহমানখানায় জাসেম আমায় বলেছিলেন সিপাহসালারের সাথে কজন ব্যবসায়ী সমাটের জন্য উপহার নিয়ে এসেছে।'

কিসরা ক্ষুধার্ত সিংহের মন্ত সীনের দিকে তাকিয়ে রইলেন। অবশেষে প্রশ্ন করণন ঃ 'ত্মি কবে থেকে কাইজারের সাথে সন্ধির ব্যাপারে আলাপ করছ? সে আমাদের সব শর্ত মেনে নেবে এর কি নিক্যুতা আছে।'

ঃ 'জাঁহাপনা। কেবলমাত্র কাইজারের দৃত এলে এডটা গা করতাম না। কাইজার নিজেই আপনার এ গোলামের কাছে এসেছিলেন। আমার আশংকা ছিল তার পয়গাম আপনার কাছে না পৌঁছালে আপনি হয়তো আমায় ক্ষমা করবেন না।'

কিসরা ভড়াক করে দাঁড়িয়ে গেলেন। সাকী শরাবের জাম এগিয়ে ধরল। কিন্তু ক্রোধে উন্মন্ত কিসরা থাঞ্চ মেরে সাকীর হাত থেকে পিয়ালা ফেলে দিলেন। সোনার ভৈরী পিয়ালা মাটিতে পড়ে ট্করো ট্করো হয়ে গেল। আবার তিনি মসনদে বসে পড়লেন। বললেন ঃ 'হেরাক্লিয়াস তোমারকাছে এসেছিল?'

- ঃ 'আমি মিথ্যে বলিনি। রওয়ানা হবার দুদিন পূর্বে সাগর পাড়ে তার সাথে দেখা হয়েছিল।'
- ঃ 'তখন আমাদের সৈন্যরা ছিল কোথায়?'
- ঃ 'ছাউনিতে। তার সাথে দেখা হয়েছিল ছাউনি থেকে একটু দূরে।'
- ঃ 'তার মানে হেরাক্লিয়াসের সাথে গোপন সাক্ষাতের সব ব্যবস্থা আগেই করে রেখেছিলে?'
- . ঃ 'আমি দূতের সাথে দেখা করব বলেছিলাম। কিন্তু তিনি নিজেই এসে গিয়েছিলেন।'
- ঃ 'ত্যি তাকে গ্রেফতার করতে পারলেনা? তাকে কনী করে নিয়ে আসবে আমার এ নির্দেশ কি তোমার মনে ছিলনা?'
- ঃ 'আগীজাহ! তিনি অস্ত্র ছেড়ে আমার কাছে এসেছিগেন। এ অবস্থায় আপনি তাকে গ্রেফতার ব্দরতে চাইবেন একথা আমি ভাবভেও পারিনি।'
- ঃ 'একজন খৃষ্টান মেয়ের স্বামীর কাছে তার কোন ভয় নেই একথা কেন বলছনা। কেন বলছনা হেরাক্লিয়ানের প্রেম তোমায় গান্দার বানিয়ে দিয়েছে।'
  - ঃ'আলীজাহ!'
- ঃ 'খামোশ! আমায় ধোকা দেবে ভেবেছ। আমি জানি, শুধু তোমার গাদারীর জন্যই আজ পর্যন্ত কৃত্তুনত্নিয়া বিজয় হয়নি। প্রথম থেকেই তুমি যুদ্ধ বিরোধী ছিলে পবিত্র রাহেবদের একথা না মেনে তোমায় বিশ্বাস করেছি। অথচ তুমি সবার সামনে আমায় লজ্জিত করলে। এবার ফিরে গিয়ে শত্তুর কাছ থেকে এ গাদারীর প্রতিদান নেকেনা?'
- ঃ 'আমি গাদ্দার নই আলীজাহ।' সীনের কঠে বিনয়। 'আপনার খিদমত করেই আমার চূল সাদা হয়েছে। দুশমনের জনেকগুলো শহর এবং কিল্লায় উড়িয়েছি আপনার বিজয় পতাকা।'
- ঃ 'খামোশ।' পারভেন্ধ চিৎকার করে উঠলেন। 'এ গাদ্দারকে এখান থেকে নিয়ে যাও। ওর চামড়া ভূলে ওর লাশ শহরের পশ্চিম ফটকে ঝুলিয়ে দাও। যে গোয়েন্দাগুলো এর সাথে এসেছে ওদের কে পাকড়াও করো।'

নিক্ষণ হয়ে দাঁড়িয়ে রইলেন সীন। কিস্রার সামনে আসার সময় তিনি আশংকা করেছিলেন যে, কিসরা নীরবে সন্ধির কথা শুনবেন না। হয়ত তাকে পদচূতে করে বন্দী করা হবে। তবুও তার আশা ছিল, এক সময় পারভেদ্ধের রাগ পড়ে আসবে। তখন তিনি তার হাত পায়ের বাঁধন খুলেদেবেন।

কিন্তু সীন মৃত্যুর শান্তির কথা কল্পনাও করেননি। চড় খাওয়া শিশুর মতে। তিনি পারভেজের দিকে তাকিয়ে রইলেন। দারোগা স্তব্ধ বিষয়ে কভক্ষণ সীন এবং পারভেজের দিকে তাকিয়ে ৩১৮ কায়সার ও কিসর।

রইল। অন্য কেউ হলে এডক্ষণ ওরা ক্ষ্বার্ত নেকড়ের মতো ঝাপিয়ে পড়ত। কিন্তু ইরান বাহিনীর সিপাহসালার যে পারডেজের আবাল্য বন্ধু।'

পারভেজ আবার চিৎকার দিয়ে বললেন ঃ 'কি দেখছ দাঁড়িয়ে। ওকে নিয়ে খাও।' দারোগা এগিয়ে সীনের কাঁধে হাড রেখে ক্ষীণ কঠে বলকঃ 'চপুন।'

সীনের মনে হল আচমকা তার চারপাশে আগুন জ্বালিয়ে দেয়া হয়েছে। তিনি এক ঝটকায় দারোগার হাত সরিয়ে চিৎকার দিয়ে বললেন ঃ 'হরমুজের বেটা। যখন পৃথিবীতে তোমার কেউ ছিলনা আমি তোমার সে সময়কার বন্ধু। যখন তোমার কোন আপ্রয় ছিল না আমি তখনকার সন্ধী। তৃমি আমার চামড়া তৃলে নিতে পার, পার আমায় শূলে চড়াতে। কিন্তু আমার মুখ বন্ধ রাখতে পারবে না। তৃমি জালেম। তৃমি অত্যাচারী। তৃমি তোমার পিতার পরিনতিই বরণ করবে। তৃমি শান্তির দুশমন, তৃমি হস্তারক। আমার দুঃখ, তোমার এ অত্যাচারে আমিও শরীক ছিলাম।

পাপের প্রায়ন্টিত্য করেছি, কমপক্ষে আমি এ প্রশান্তি নিয়ে মরব। কিন্তু তৃমি বেঁচে থাকবে এ অনুভূতি নিয়ে যে, তোমার প্রতিটি শ্বাস ডোমায় ধ্বংসের দিকে নিয়ে যাছে। মৃত্যুর সময় তোমার চিৎকার আমার এ আকৃতির চাইতে ভয়াবহ শোনাবে। ভবিষ্যভের দিগত রেখায় আমি সে ঝড়ের চিহ্ন দেখেছি, সে ঝড় তোমার সালভানাতকে ছিন্ন ভিন্ন করে দেবে। সকল অত্যাচারীর জন্যই শান্তি নির্ধারিত। ভোমার শেষ দিনও ঘনিয়ে এসেছে।


পারভেন্সের নির্দেশ সীনের জন্য যেমন অপ্রত্যাশিত ছিল, পারভেন্সের জন্য সীনের এ কথাগুলোও ছিল অযাচিত। প্রথমে চঞ্চলতা, এরপর তয় ধরে গোল ভার মনে। কেউ যেন কাউকে চিনছেনা। দারোগা বিমুদের মত এদিকে ওদিক চাইতে লাগল।

পারতেজের ক্রোধ বিবর্ণ মৃখ থেকে বেরিয়ে এল ঃ 'ডকে নিয়ে যাও। কিছুক্দণের মধ্যে আমি যেন শুনতে পাই ওকে শেষ করে দেয়া হয়েছে।'

নাংগা তলোয়ার নিয়ে সিপাইরা সীনকে যিরে ফেলগ। তার আগুন ঝরা দৃষ্টিতে পারভেজও থর থর করে কাঁপতে লাগলেন। দারোগা তার বাহু ধরে টানতে লাগল। বাঁধা দিলেন না তিনি। নাংগা তলোয়ারের পাহারায় লহা লহা পা ফেলে কক্ষ থেকে বেরিয়ে গেলেন।

পারভেজের কানে তখনো সীনের কন্ঠ ধানিত হচ্ছিল: তিনি মুকুট খুলে পালে দাঁড়ানো এক যুবতীর হাতে দিলেন। মাথা ধরে বসে রইলেন খানিক। আচমকা চেচিয়ে বললেন ঃ 'শরাব দাও। এত বেশী শরাব দাও খেন দব দুঃখ ভূলে যাই। এই নিরবতা আমার ভাল লাগে না। গানের আসর লাগাও। শরাব, এসময়ে শরাবের নদী বইয়ে দাও।'

বাজনার তালে তালে নাচ চলছে। তুরজ হস্ত দন্ত হয়ে কক্ষে প্রবেশ রুরে বললেন ঃ 'আলীজাহ। অসময়ে বিরক্ত করার জন্য ক্ষমা চাইছি। শহরে গুজব ছড়িয়ে পড়েছে যে আপনি নাকি সীনকে হত্যা করার নির্দেশ দিয়েছেন।'



ারভেজ মাতাল চোখে তার দিকে তাকালেন। কাঁপা হাতে শরাবের জাস তার দিকে বাড়িয়ে ধরে বললেন ঃ এই লও।' ত্রজ পাত্র হাতে নিতে নিতে বলল ঃ 'জাঁহাপনা! আমি সীনের জন্য অনুগ্রহ ভিক্ষা চাইতে এসেছি।'

- ঃ 'ওই গান্দারটা এখনো জীবিত?'
- ঃ 'আগীজাহ। আপনি ডাকে বাঁচাতে পারেন।'
- ঃ 'এখন তাকে কেউ বাঁচাতে পারবে না। তুমি এখানে বাসো।'
- **%"जानीकार्**।"
- ঃ 'বসো! এ আমার নির্দেশ। জানো, আমার হুকুম অমান্য করার শাস্তি কি १'

ত্রজ বসগ। পারভেজ অনেক্ষণ গভীর ঢোখে তার দিকে তাকিয়ে থেকে বললেন ঃ 'এই শরাব তোমার ভাগ লাগে না?'

ত্রজ এক চুমুকে গ্লাস খালি করে বলল ঃ 'জাঁহাপনা। সীন আপনার অনুগত।' পারডেজ চিৎকার করে বললেন ঃ 'ও এখনো সীনের কলা বলছে। ওকে আরো শরাব দাও।' সাকী এগিয়ে মদ ঢেলে দিল। একান্ত বাধ্য হয়ে গ্লাসে চুমুক দিল তুরজ।

- ঃ 'সীনের স্থানে আমি তোমাকে কন্তুনতুনিয়া অভিযানে পাঠাব। ভবে এখন সে সব কথা নয়। প্রাণ ওরে খাও। সীনের শ্বরণ তোমার বিব্রত করবে না। এ নাচ গান ভোমার ভাগ লাগেনি ?'
- ঃ 'দারুণ ডাল লেগেছে জীহাপনা!' বলেই গ্লাস ভূলে নিল তুরজ। পরপর কয়েক গ্লাস খেয়ে তার চঞ্চলতা অনেকটা দূর হল। সাকী আবার সোরাহী নিয়ে এগিয়ে এল। এক ঝটকায় ভার হাত থেকে সোরাহী নিয়ে তা শুন্য করে ফেলল তুরজ।

পারভেজের হাতে নৃতন গ্লাস তুলে দিল সাকী। কয়েক ঢোক পান করে তিনি নেশার চোখে ত্রজের দিকে তাকিয়ে বলগেন ঃ 'তুমি এক গান্দারের জন্য অনুগ্রহ চাইতে আমার কাছে এসেছ?'

- ঃ 'না আলীজাহ।' তুরজের কঠে জড়তা।
- ঃ 'তবে তুমি যে বললে শহরে বিশৃংখলা সৃষ্টি হয়েছে।'

আচম্বিত তুরজের নেশা ছুটে গেল। সে ভয়ার্ত কন্তে বসল ঃ 'না আলমগনা, প্রজ্ঞাদের কেউ এক গান্দারের পদে কথা বলার সাহস পাবে না।'

- ঃ 'আফসোস। ওই গাদারের চিৎকার আমার কান পর্যন্ত পৌছবে না। কিন্তু তুমি কি জান সে
  আমায় ধমক দিয়েছে?' তুরজ বললো ঃ 'আমি কাছে থাকলে ভার জিহবা ছিড়ে ফেলভাম।'
  - ১ 'সে সময় তোমার গরহাজির থাকা ঠিক হয়নি। তুমি ছিলে কেংথায় ?'
  - ঃ 'ঘটনা এদ্যুর গড়াবে জানলে অবশ্যই উপস্থিত থাকতাম।'
  - ঃ 'তোমায় নির্দেশ দিচ্ছি, দস্তগিরদে তার সমর্থক থাকলে তাকেও ফাঁসীতে ঝুলিয়ে দাও।'

- ঃ 'আপনার হৃত্ম পালন করব জাঁহাপনা। আমার বিশ্বাস, দন্তগিরদে তার পক্ষে কেউ নেই।'
- ঃ 'এ আমার খোশ কিসমত যে দন্তগিরদ মালেয়েন থেকে অনেক দূরে। দৃশমন এলিকে রোখ করার সাহস পাবে না। মাদায়েনের সব লোক এদিকে এলেও আমাদের হাতীগুলিই যথেষ্ট।'
  - ঃ 'না আলীজাহ। হাতীর চেয়ে আপনার নামটাই দুশমনের মনে কাঁপন ধরিয়ে দেয়।'
    - ঃ 'তুমি যে একটা গান গাইতে মনে আছে, গানটা আমার খুব তাল লাগত।'
    - ঃ 'আমরা যখন সীমান্তের কিন্তুায় আগ্রয় নিয়েছিলাম তখন আপনি এ গানটা গাইতে বলতেন।'
    - ঃ 'আজন্ত সে গানটা শুনতে চাই।'
    - ঃ 'আলীজাহ।এখন গানআসছেনা।'
- ঃ 'আমি তোমায় নির্দেশ দিচ্ছি।'
- ঃ 'আপনার হুকুম অমান্য করতে পারব না জীহাপনা। কিন্তু জীহাপনা, গানটা লিখেছিল সীন!'
- ঃ 'আমার সামনে তার নাম নেবেন না।' পারভেজের কর্চে ঝাঝ। 'এ গানটা লিখেছিল আমার এক বাল্য বন্ধু। আজ যাকে মৃত্যুদন্ড দিলাম সে এক গান্দার। তুমি গাও।'

তুরজ হততথের মত নর্তকীদের দিকে চাইতে লাগল। পারতেজ আবার চিৎকার দিয়ে বললেনঃ'নাচ বন্ধ করো।'

নর্তকীরা সরে গেল একদিকে। তুরজ গাইডে লাগল। গানের তালে তালে বেজে উঠল বাজনা। তুরজের আবেগহীন কন্ঠ থেকে বের হতে লাগল গানের শব্দ গুলো। কঠের তাল ঠিক রাখতে পারেনি তুরজ। বড়ো মৃশকিলে উদগত কারারোধ করহিল সে। উহলে উঠা অক্রয় ভিজে যাচ্ছিল চোখের পাতা।

পারতেজের দৃষ্টি থেকে বাঁচার জন্য সে মাথা নুয়ে রেখেছিল। গান শেষ করে তুরজ ঠৌট ছোয়াল মদের পিয়ালায়। শরাবের সাথে মিশে যেতে লাগল ফোটা ফোটা অশ্ব।

- ঃ 'ভুরজ, তোমার গান আজ ভাল লাগেনি। কণ্ঠটাও কেমন ফেন ভোতা।'
- ঃ 'আলীজাহ!' অনেক কষ্টে জবাব দিল তুরজ। 'আমি জানতাম আমার কন্ঠ আপনার তাল লাগবেনা। তবুও আপনার নির্দেশ পালন করেছি।'

পারভেজ নর্তকীদের দিকে ভাকিয়ে বললেনঃ 'দাঁড়িয়ে আছ কেন? নাচো! গাও।'

আবার নাচ গানের আসর জমে উঠল। শংকিত পায়ে ভেতরে চুকল মহলের দারোগা। কাছে এসে জীব কন্তে বলল ঃ 'জীহাপনা! আপনার হকুম পালন করা হয়েছে।'

জাচিষ্টিত থেমে গেল নর্ভকীদের নুপুরের ঝংকার। গানের কণ্ঠ। নর্ভকীরা একদৃষ্টে কিসরার দিকে তাকিয়ে রইল। পারভেজ খানিক দারোগার দিকে তাকিয়ে মদের গ্লাস তুলে ঠোঁটে ছোয়ালেন। কিন্তু ঠোঁটের পাশ বেয়ে বেয়ে তার দামী জুরা মদে রংগীন হয়ে উঠল। পারভেজ গ্লাস দেয়ালে ছুঁড়ে মারলেন। ঃ 'সে মানুষের সামনে জামার অপমানিত করেছে। তার চামড়া তোলার পূর্বে টেনে জিহ্বাটা ছিড়ে ফেলার উচিৎ ছিল।'

- ঃ 'আলীজাহ, তাকে বেশীক্ষণ চিৎকার দেয়ার স্যোগ দেইনি।'
- ঃ 'আমার ব্যাপারে সে কি বলেছিল?'
- ঃ 'কিছুই না জীহাপনা। মৃত্যুর সময় তার মাথা ঠিক ছিল না।'
- ঃ 'সে কি বলে ছিল তাই আমি জানতে চাই।' পারতেজ ঝাঝের সাথে বললেন।
- ঃ 'ও বলছিল আরবের কোন এক নবীর ভবিষ্যত বাণী পূর্ণ হবার সময় এসেছে।'
- ঃ 'তোমার কথা আমি বুঝিনি?'
- ঃ 'আলীজাহ! আরবের সে নবীর ভবিষ্যতবাণী হল, কিছুদিনের মধ্যেই রোমানরা বিজয়ী হবে। ধূলায় মিশে যাবে ইরানীদের জুলুমের হাত। খুলে নেয়া হবে দন্তগিরদের প্রতিটি ইট। আমি ভেবেছিলাম মরার সময় সে কাপুরুষতা দেখাবে না। কিন্তু সে একটা পাগলের মত চেঁচাচ্ছিল। যারা হাজির ছিল তারা সবাই বুঝে নিয়েছে ও এক গান্দার।'
  - ঃ 'আমার ব্যাপারে আর কি বলেছিল ?'
  - ঃ 'সে কথা মুখে নেয়ার সাহস পাচ্ছিনা জীহাপনা।'
  - ঃ 'তোমায় আমি নির্দেশ দিচ্ছি।'
- ঃ 'জাঁহাপনা! সে বলছিল মরনে আমার দুঃখ নেই। দুখ হল সারা জীবন এক জালিমের খেদমত করেছি। আজ আমি আমার সে কর্ম ফল ভোগ করছি। আমার দৃঢ় বিশ্বাস, আমার চেয়ে করুণ হবে তার পরিণতি। জাঁহাপনা, মানুষকে উত্তেজিত করার জন্য সে আরো বলেছিল, এক জালেম শাসকের অদম্য লোভ তোমাদের অসংখ্য জীবন নষ্ট করেছে। তোমাদের সন্তানদের জন্য যদি প্রেহ থাকে, দরদ থাকে ভায়ের জন্য, ভালবাসা থাকে স্ত্রী কন্যার জন্য তবে এখনো সন্ধির শান্তিময় পথ তোমাদের সামনে খোলা রয়েছে। আমি দেখতে পাচ্ছি, ইরান তার শেষ রক্ত বিশু তেলে দিয়ে অনুগ্রহ ভিক্ষা করতে বাধ্য হবে। কিন্তু তখন তোমাদের সে আবেদন নাকচ করা হবে। আগীজাহ। লোকজন তার কথায় প্রভাবিত হতে পারে ভেবে তাকে আর স্যোগ দেইনি।'
  - ঃ 'আমাদের সম্পর্কে ভবিষ্যত বাণী করেছে কে সে আরবের নবী?'
- ঃ 'আমরা জনিনা। সম্ভবত লোকদের ভয় পাইয়ে দেয়ার জন্য সীন একথা বলেছে। আরবের শক্তিশলী কবিলাগুলো আমাদের বন্ধু। অন্যরা সে নবীর সহযোগিতা করার সাহস পাবে না।'
  - ঃ 'গাদ্দারের পরিণতি দেখে হেরাক্লিয়াসের দৃতরা পালিয়ে যায়নি তো ?'
- ঃ 'না জাঁহাপনা। সম্ভবত এ সংবাদ ওরা এখনো শোনেনি। শুনেছি ওরা মেহমানখানায় এখনো তার অপেক্ষায় বসে আছে। তাদের সাথে এক আরব রয়েছে। সে মেহমানখানায় থাকেনি। সীনের সাথে তুরজের বাড়ীতে ছিল। তার ব্যাপারে সম্ভবত তুরজ বলতে পারবেন।'

পারভেজ তুরজের দিকে চাইলেন। নেশা ছুটে গেল তার। ফ্যাকাশে হয়ে গেল চেহারা।

ঃ 'আলিজাহ।' বলল সে। 'সীনকে হজুরের অনুগত ভেবে স্থান দিয়েছিলাম। সে যে গাদ্দার হরেল গেছে তা কল্পনাও করতে পারিনি। সে আরব যুবকের ব্যাপারে সীন বলেছিল সে নাকি ফিলিন্তিন এবং মিসরের যুদ্ধে আমাদের সাথে ছিল। সীন আরো বলেছিল, হাবশার অভিযানে সে ছিল আরব স্বেচ্ছাসেবকদের সালার। এদের জন্য আপনার গোলামের দুয়ার বন্ধ হতে পারে না।'

ঃ 'হাঁ, জেরুজালেমের যুদ্ধের সময় সীনের সাথে এক আরবকে দেখেছিলাম। সম্ভবত পুরস্কারও দিয়েছিলাম তাকে। এ সে আরব হলে তাকে পালানোর স্যোগ দেবেনা। হয়ত সীনের ধড়যন্ত্রের অনেক কিছুই ও জানে। পালাতে চাইলেই গ্রেফতার করবে।'

খানিটা সাহসে ভর করে বলল ঃ 'কাইজারের দূতদের ব্যাপারে আপনার কি নির্দেশ ?'

ঃ 'এই মুহুর্তে কোন সিন্ধান্ত দিতে পারছি না। তবে ওরা যেন পালাতে না পারে। আজ তোমরা এক গাদ্দারের পরিণাম দেখলে। কাল যেন বলো না তার সংগীরা চোখে ধূলো দিয়ে পালিয়ে গেছে।' ত্রজ কিছু বলতে চাইছিল। আচমকা পেছনের পর্দা দুলে উঠল। পারভেজের ছোট রানী পর্দা ঠেলে ভেতরে ঢুকলেন। মসনদের কাছে এসেই ঝাঁঝের সাথে প্রশ্ন করলেন ঃ 'জাঁহাপনার কি একটু নীরব সময়ের প্রয়োজন?'

আশ্বর্য হয়ে সবাই কখনো ভার দিকে কখনো পারভেজের দিকে তাকাতে লাগল। পারভেজ গরম চোখে রাণীর দিকে চাইলেন। কিন্তু রাণী ক্রেষ কঠে বললেনঃ 'তোমরা শুননি, জীহাপনা এখন একা থাকবেন?'

উপস্থিত সবাই একে একে সরে গেল। শূন্য দরবার। রাণী ব্যথা ভরা কঠে বগলেন ঃ
'আলমপানা! আপনি সভ্যিই কি সীনকে মৃত্যু দন্ড দিয়েছেন?'

- ঃ 'বসো রাণী! আমায় এখন পেরেশান করো না।' পারভেজের কঠে মিনতি।
- ঃ 'তাহলে এ কথা সত্যি?'
- ঃ 'হ্যা', সত্যি। কিন্তু এ মৃহুর্তে কে ভোমার বিশ্রাম নষ্ট করেছে?'
- ঃ 'এসব সংবাদ ইরানীদের রাণীর জজানা থাকে না। যারা মনে করেন আমি সমাটের কোন ভূল শোধরাতে পারব, আমার দরজা তাদের জন্য বন্ধ থাকতে পারে না। আলীজাহ। সীনের মত অনুগত লোককে হত্যার নির্দেশ দেবেন, আমার বিশ্বাস হয়না।'
- ঃ 'রানী। ওই গাদ্দারের ব্যাপারে ত্মি কিছুই জাননা। সবকথা শুনলে তুমিও বৃঝবে আমি ভ্ল করিনি। এখন কথা বাড়িয়ে লাভ নেই। কাজ শেষ হয়ে গেছে।'
  - ঃ 'আমি শুধু বলব, আমার স্বামী বন্ধু আর শত্রুর মধ্যে পার্থক্য করতে পারলনা।'
  - ঃ 'আমায় পেরেশান করো না রাণী। আমার বিশ্রামের প্রয়োজন।'

পারভেজ মসনদ থেকে উঠলেন। এরপর লহা লহা পা ফেলে অন্সর মহলে চলে গেলেন। রাণী শিরীর সুন্দর দৃটিচোখ ফেটে বেরিয়ে অশ্ব ধারা।



মহলের দারোগা যখন পারভেজকে সীনের মৃত্যু সংবাদ শোনাচ্ছিল, আদেম এবং ক্লেডিস তথন মেহমানখানার দরোজায়। কথা বলছিল ওরা। সাইমন আর দীলরেস সামনের খোলা জায়গায় অস্থির ভাবে পায়চারী করছিল।

ক্লেডিস বলদঃ 'আসেম! তার অনেক দেরী হয়ে গেল। আমার কেমন যেন চিন্তা লাগছে। যদি জানতাম এ মৃতুর্তে কিসরার দরবারে কি হচ্ছে?'

- ঃ 'চিন্তার কোন কারণ নেই। আমার মনে হয় কিসরা তাকে খাবার জন্য রেখে দিয়েছেন।'
  - ঃ কিন্তু তিনি বলেছিলেন আশাব্যাঞ্জক কোন জবাব পেলে আজই আমাদের ডেকে পাঠাবেন।
- ঃ 'দিনে দরবার ততোটা দীর্ঘ হয়না। দরবার শেষে হয়তো তিনি তুরজের ওখানে চলে গেছেন। এখানে না এদে ওখানেই ভার অপেক্ষা করা উচিৎ ছিল।'
  - ঃ 'তুরজ তার সাথে যাননি ?'
- ঃ 'না, সেনা ছাউনীতে তার কাজ ছিল। তবে তিনি সীনকে বলেছেন, ফিরতি পথে মেহমানদের সাথে দেখা করে যাবেন। সম্ভবত এদিকে না এসে তিনি দরবারে গিয়ে সীনকে সাথে নিয়ে ঘরে ফিরে গেছেন।'
  - ঃ 'আমার কি মনে হয় জান ? কোন ভাল সংবাদ হলে তিনি অবশ্যই ফিরে আসতেন।'
- ঃ 'ঠিক আছে। আমি ত্রজের কাছ থেকে খোঁজ নিযে আসি, ত্রজের বাড়ী শহরের শেষ মাথায়। আমি ঘোড়া নিয়েই যাচ্ছি।'
- ঃ 'আমিও তোমার সাথে যাব।' বলে ক্লেডিস আসেমের সাথে আন্তাবলের দিকে পা বাড়াল। আঙ্গিনায় সাইমন এবং দীলরেসের কাছে এসে বললঃ 'আমরা তুরক্তের বাড়ী যাচ্ছি। শাহানশার সাথে দেখা করে তিনি হয়ত সেখানে চলে গেছেন।'
- ঃ'সীনের সোজা আমাদের এখানে আসা উচিৎ ছিল। আমার মনে হয় তাকে এদিক ওদিক না খুঁজে এখানে অপেক্ষা করাই ভাল। এমনো হতে পারে যে, তিনি এখনো দরবারে ঢোকার অনুমতিই পাননি। কিসরার সাথে দেখা করার জন্য এই মেহমানখানায় আমি অনেক দূতক মাসের পর মাস বসে থাকতে দেখেছি।'

আসেম কিছু বলতে যাছিল এমন সময় এক দ্রুতগামী সওয়ার তেতরে এসে ঢুকল। চারজনই চঞ্চল দৃষ্টিতে তার দিকে তাকাল। এ সওয়ার সীনের সাথে এসেছিলেন।

324

সওয়ার আসেমের কাছে এসেই ঘোড়া থেকে নেমে চিৎকার দিয়ে বলনঃ 'আপনারা সিপাহসালারের ব্যাপারে কিছু শুনেছেন?'

ওরা উৎকণ্ঠা জড়ানো চোখে চাইতে লাগল পরস্পরের দিকে। অবশেষে আসেম ভারাক্রান্ত কণ্ঠে বললঃ 'ভোমার চেহারা বলছে কোন ভাল সংবাদ নিয়ে আসনি।' সিপাইটি বিষয় কণ্ঠে বললঃ 'তিনিনিহত হয়েছেন।'

ন্তদ্দ বিষয়ে গুরা সিপাইটির দিকে তাকিয়ে রইল। আচম্বিত আসেম এগিয়ে সৈনিকটির কাঁধ খামচে ধরল। এর পর জোরে জোরে ঝাকুনি দিয়ে বললঃ 'তুমি মিথ্যে বলহ। এ হতেই পারেনা। তুমি ছিলে ছাউনীতে আর তিনি গেছেন কিসরার দরবারে। শক্ররা তার মৃত্যুর গুজব ছড়িয়েছে।'

দৈনিকটির চোখ অফ্রণতে চিক চিক করতে লাগল। অতি কটে উদগত কান্না রোধ করে সে বলল ঃ 'হায়। এ সংবাদ যদি মিথ্যে হতো। ছাউনীতে এখবর শুনে আমিও গুজব মনে করেছিলাম। কিন্তু শহরের চৌরান্ডায় নিজের চোখে তার লাশ দেখেছি।'

ঃ 'তুমি কি নিশ্চিত যে তুমি ভুল লেখনি?'

ঃ 'লাশ দেখে চেনার উপায় নেই। দেহে চামড়া নেই। শকুন তার গেশত ছিড়ে ছিড়ে থাছে। ওখানে জনেক মানুষ ভীড় করে আছে। ওরা সবাই বলছে, এ সীনের লাশ। তার বন্ধুকে ওখানে কাঁদতে দেখেছি। তাদের কাছে আমি সব শুনেছি। যে জল্লাদকে তার চামড়া তুলে নেয়ার নির্দেশ দেয়া হয়েছিল, আমি তার সাথেও দেখা করেছি। একজন ফৌজি অফিসার আমায় তার রক্তমাথা কাপড় দেখিয়েছেন। লোকেরা যখন শুনল আমি তার সাথে এসেছি তখন সবাই আমার চারপাশে জামায়েত হতে লাগল। তরা আমায় প্রশ্ন করল, সীন কেন শাহানশার সাথে গান্দারী করলেন। বিদ্রোহ করবেনই যদি তাহলে এখানে এলেন কেন? সত্যিই কি তিনি কাইজারের সাথে দেখা করেছিলেন। আমি রাগের মাথায় কি বলেছি জানিনা। পাশেই দেখলাম এক পাদ্রী গোকদের বলছে, এ গান্দারকে সেনাপতি না করলে এডদিনে কন্তুনতুনিয়া বিজয় হতো। শাহানশাকে জনেক বলেছিলাম রোমান স্ত্রীর স্বামী ইরানের অনুগত হতে পারেনা। তাকে এ দায়িত্ব দেবেন না। কিন্তু শাহানশা আমাদের কথা কানেই তোলেননি। আমি সমগ্র শক্তি দিয়ে চিৎকার দিয়ে বললাম, মিথ্যে কথা, সীন গান্দার নয়। গান্দার তারাই, যারা এক মহান ব্যক্তির মৃত্যুতে আনন্দ প্রকাশ করছে।

কেউ কেউ আমায় তেড়ে এল। কিন্তু একজন অফিসার সিপাইদের সাহায্যে তাদের সরিয়ে দিলেন। আমায় বললেন, আমি সীনের বন্ধ। তোমার এ আবেগকে আমি সন্মান করি। কিন্তু এটা হান্ধামা করার স্থান নয়। এতে কিছু লাভ হবেনা। সীনের মত আরো কটা নিরাপরাধ মানুষের লাশ দেখতে না চাইলে এখান থেকে পালিয়ে যাও। এখন ছাউনীই তোমাদের জন্য নিরাপদ। এরপর আমি সঙ্গীদের নিয়ে পালিয়ে এসেছি। কিন্তু খানিকদ্র গিয়ে মনেহল আপনাকে খবরটা দেয়া জরুরী। তাই সঙ্গীদের ছেড়ে এদিকে এসেছি।

বিষর অবেগে আসেম হাত মুষ্ঠিবদ্ধ করে বলসঃ 'সীনের মৃত্যুর জন্য পারভেজ নয় আমিই দায়ী। আমিই তাকে এ পথ দেখিয়েছি। তাকে সন্ধির কথা বলার জন্য এখানে আসতে বাধ্য করেছি আমি। হায়। আমি যদি তার সাথে থাকতাম। তার পূর্বে আমার চামড়া তুলে নেয়া হতো। যদি বলতে পারতাম এ অপরাধের জন্য সীন নয় আমি দায়ী।

পরিনতি সম্পর্কে সীন বেখবর ছিলেন না। খালকদুন থেকে রওনা হবার সময় তিনি জানতেন যে তিনি মৃত্যুর দিকে এগিয়ে চলেছেন।'

ঃ 'দীলরেস! আন্তাবল থেকে তাড়াতাড়ি আসেমের ঘোড়াটা নিয়ে এস।' ক্লেডিস বলল। ঃ
'আসেম, এখন তোমায় সাহসী হতে হবে। আমরা যে জন্য এসেছি তার কিছু একটা এখন না
করে যাবনা। কিন্তু এক মুহূর্ত এখানে থাকাও তোমার জন্য নিরাপদ নয়। তুমি পালিয়ে যাও।
সীনের স্ত্রী কন্যার জীবন বিপন্ন হতে পারে। আমার আশংকা হচ্ছে, ওদেরকে কোন ষড়যন্ত্রে
ফাসিয়ে দিতে পারে। যত তাড়াতাড়ি সম্ভব ওদেরকে বসফরাসের ওপাড়ে পৌছে দেবে।
ওখানে কেউ তোমাকে সন্দেহ করবেনা। কিন্তু তোমার যাবার প্রেই যদি সীনের মৃত্যু সংবাদ
খালকদ্ন পৌছে থাকে তবে তুমিও ওখানে যেতে পারবেনা। এখানে তুমি আমাদের কোন
উপকার করতে পারবেনা।

কিসরা আমাদের মারবেন না। কারণ, আমরা দৃত। বড় জোর গলা ধাঞা দিয়ে আমাদেরকে দন্তগিরদ থেকে বের করে দেবে। কিন্তু ত্মি সীনের বন্ধু। তোমার সাথে কোন ভাল ব্যবহার নিশ্চয়ই করা হবেনা। আমাদের সাথে খারাপ ব্যবহার করা হলেও ত্মি আমাদের কোন উপকারকরতেপারবেনা।

আসমে সিদ্ধান্ত নেয়ার শক্তি হারিয়ে ফেলেছিল। ও অনিমেষ চোখে ক্লেভিসের দিকে ভাকিয়ে রইল। ক্লেডিস তাকে ঝাকুনি দিয়ে বলল ঃ 'আসেম, নিজেরে জন্য না হলেও ফুন্তিনার জন্য পালাও। তুমিই ওর শেষ আশ্রয়।'

আসেম আনমনে বার কয়েক ফুন্তিনার নাম উচ্চারণ করল। আচমকা স্নায়ুগুলো টান টান হয়ে উঠল ওর। চকিতে ফিরে চাইল পেছনে। দীলরেস ঘোড়া নিয়ে আসছে। ও ছুটে গেল ঘোড়ার কাছে। ঝটকা মেরে দীলরেসের হাত থেকে টেনে নিল ঘোড়ার বাগ। কিন্তু এর পরই হতভদের মত দীলরেসের দিকে ভাকিয়ে রইল।

ঃ 'ভাবাভাবির সময় নেই আসেম।' ক্লেডিস চেচিয়ে বলল। 'ঈশ্বরের দিকে চেয়ে যাও।' সিপাইটি একলাফে ঘোড়ার পিঠে উঠে বলল ঃ 'চলুন। আমিও আপনার সাথে যাচ্ছি।'

আসেম এক দীর্ঘশ্বাস ফেলে ঘোড়ার পিঠে বসল। এখনো গেট পেরোয়নি কজন সশস্ত্র লোক এসে তার পথ রোধ করে দাঁড়াল। আসেম পালাতে চাইলে তিন চারজন বীধা দিয়ে রাখতে পারতোনা। কিন্তু পাহাড় গুড়ো করে ফেলার যে হিম্মত তার মধ্যে ছিল আজ যেন তা হারিয়ে গেছে। যে রক্তধারা বিপদের সময় তার শিরা উপশিরায় সচল হয়ে উঠত আজ যেন তা শীতল হয়ে গেছে।

এ চার জনের পেছনে দেখা গেল আরো কজন অস্ত্রধারী। ঘোড়ার বাগ ঘ্রিয়ে দিল ও। পেছনের সংগীদের দিকে তাকিয়ে বললঃ 'এখন পালানোর চেষ্টা করা নিরর্থক।'

এক সৃদর্শন অফিসার এগিয়ে বলগঃ 'ত্মি বাইরে যেতে পারবে না।'

- ঃ 'একজনের পথ রোধ করার জন্য একপ্লাট্ন দরকার হয়না।' বলেই আসেম ঘোড়া থেকে নেমে পড়ল। অফিসার এক সিপাইকে ইংগিতে ডাকল। সিপাইটি আসেমের ঘোড়ার বাগ ধরে হাঁটা দিল। অপর সিপাই আসেমের সংগীর দিকে এগিয়ে আসতেই সেও ঘোড়া থেকে নামল।
  - ঃ 'এদের হাজতে নিয়ে যাও।' অফিসার বলগ।

ক্লেডিস একট্ দূরে দাঁড়িয়ে এদের কার্যকলাপ দেখছিল। সিপাইরা আসেম এবং তার সংগীকে পাকড়াও করতেই সে এগিয়ে বললঃ ' এদের গ্রেফতারের কারণ জানতে পারি?'

- ঃ 'তোমাদের কেউ পালাতে চাইলে তাকেও হাজতে পাঠিয়ে দেয়া হবে।'
- ঃ 'আপনি নিশ্তিন্ত থাকতে পারেন। আমরা পালিয়ে যাবার জন্য এখানে আসিনি। আসেমবে আমাদের কাছে রেখে গেলে আমরা ভারও জিমা নিতে পারি।'

আসেম ক্লেডিসের দিকে তাকিয়ে রোমান ভাষায় বললঃ 'এখানে আমার কাজ শেষ তোমাদের কাজ শেষ হয়নি। সীনের মৃত্যুতে উত্ত পরিস্থিতি হয়েতো তোমাদের কথা শুনত কিসরাকে বাধ্য করবে। আমার জন্য মৃখ খুলে তোমরা কেবল নিজের বিপদই ডেকে আনবে।'

অফিসার সিপাইদের বললঃ 'দাঁড়িয়ে আছ কেন? নিয়ে যাও এদের।'

নাংগা তলোয়ারের পাহারায় কয়েক পা গিয়ে আদেম হঠাৎ দাঁড়িয়ে গেল। পেছনের অফিসারকে লক্ষ্য করে চিৎকার দিয়ে বললঃ 'আমি আপনাকে কিছু বলতে চাই।'

অফিসার এগিয়ে এসে বললঃ 'তোমার কোন সাহায্য করতে পারছিনা বলে দুঃখিত।'

ঃ 'আমি জানি। কিন্তু আমি বলতে চাইছি আমার সাথে এ গরীব সিপাইটির কোন সম্পূর্নেই। সীনের দেহরক্ষীদের সাথে ও ছাউনীতে অবস্থান করছিল। ওখানে সীনের মৃত্যুর সংবা শুনে শহরে দেখতে এসেছে। আমি সীনের বন্ধু। এজন্য সংবাদটা আমায় দিতে এসেছিল। কাউন্বে মৃত্যু সংবাদ শোনালে ফেসে যেতে হবে, এ ব্যাপারটা এখনো ওর মাথায় ঢুকছেনা। ওবে আমার সাথে নেবেননা।'

অফিসার খানিক্ষণ ভেবে এক সিপাইকে বলল ঃ 'ওকে ছাউনীতে নিয়ে যাও। কড়া নজ রাখবে। পাহারাদারকে বলবে, পরবর্তী নির্দেশ ছাড়া কাউকে যেন ছাউনী হতে বের হতে ন দেয়। ঘোড়াও সাথে নিয়ে যাও। এর সাথে যাবে পাঁচজন।'

এরপর আসেমের দিকে ফিরে বলন ঃ 'আর কিছু বলবে ?'

- ঃ 'হ্যী। সম্ভব হলে এসব সম্মানিত মেহমানদের অকারণে কষ্ট দেবেননা। ওরা কাইজারের পক্ষ থেকে সন্ধি প্রস্তাব নিয়ে এসেছে। সন্ধির গুরুত্ব বুঝতে কিসরার বেশী সময় লাগবেনা।'
- ঃ 'কিসরার নির্দেশ ছাড়া ওদের কিছুই করা হবেনা। তবে ওরা যেন পালানোর চেষ্টা না করে।' আসেম সকৃতজ্ঞ দৃষ্টিতে অফিসারের দিকে তাকিয়ে সশস্ত্র পাহারায় হাঁটা দিল।

দন্ত্গিরদের কয়েদখানার অন্ধকৃঠরী। এখানে নিঃসঙ্গ ভাবে আসেমের পাঁচদিন কেটে গোছে। ভয় আর উৎকণ্ঠা মেশানো প্রহর গুলি ওর কাছে বছরের চেয়েও দীর্ঘ মনে হচ্ছিল। এ জেল ছিল অসংখ্য জীবস্ত মানুষের কবরস্থান। দীর্ঘ কারাবাসের কন্ত সইতে না পেরে অনেকেই এখন পাগল। আশপাশের বন্ধ কন্ধ থেকে কখনো ভেসে আসতো পৈচাশিক অটুহাসি। চরম দুর্দিনেও আসেমের আশার আলো নিভে যায়নি। কিন্তু অঞ্চ দিয়ে জ্বালানো তার আশার প্রদীপ এখানে এসে নিভে গিয়েছিল। ওর সোনাঝরা অতীত কয়েদখানার বাইরে হারিয়ে গেছে। সাহসী আবেগ কায়েদখানার চার দেয়ালে ধাঞা খেয়ে আছড়ে পড়ছিল মেঝেয়।

পেছনের এবড়ো থেবড়ো পথের পদ চিহ্নগুলো এখানে এসে মুছে গিয়েছিল। কখনো ওর অশান্ত আত্মা ছুটে যেতো হালার মাইল দ্রের সে খর্জুর বীথিতে, সে মরু উপত্যকায় যেখানে মুক্ত বাতাসে তেসে বেড়ায় আনন্দ সংগীতের সূর ঝংকার। ফুরফুরে বাতাস যেখানে বৃদ্দের পত্র পল্লবে চুমো খায়। যেখানে মৃদ্মন্দ বায়ুর পরণে হেসে ওঠে নানান রংগের ফুল। আচমকা জেলের প্রাচীরের গায় আটকে যেত ওর দৃষ্টি। ওর সে হারানো পৃথিবীর মুখ পিছনে ঝলমলিয়ে উঠত। চাঁদের সিন্ধ আলো সৃষ্টি করত মোহনীয় পরিবেশ। যে পৃথিবীর আকাশের অগনিত নক্ষত্র মৃদ্ হেসে ওকে স্বাগত জানাত, তার সবই এক স্বপ্রের মত মনে হতো। জেগের বন্ধ কক্ষে যখন ওর দম আটকে আসতো কক্ষময় পায়চারী শুরু করতো ও।

আবার যথন আশপাশের কক্ষ থেকে ছুটে আসতো আট্রাসি অথবা কলজে কাঁপানো চিৎকারের ভয়ংকর শব্দ, তথন ও এক কোণে বসে পড়তো। কি এক দুর্বিসহ ভাবনা পিষে মারতওকো

আমি কি বেঁচে আছি? এই কি জীবন? এরচে ভালভাবে কি মরা যেতোনা। কেন আমি এখানে এলাম? সীনের মৃত্যু সংবাদ পাবার পূর্ব পর্যন্ত মনে হয়েছিল এক মহান কাজের আজাম দিচ্ছি। কিন্তু এখন সব কিছুই উপহাস বলে মনে হয়। একপা একপা করে আমি ধ্বংসের দুয়ারে এসে পৌছেছি। রোম ইরানের যুদ্ধ অথবা সন্ধিতে আমার কি এসে যায়? কেন ভাবিনি পৃথিবীর সব অশান্তি একা আমি দূর করতে পারবনা।

সীনও জানতেন রোম ইরানের মধ্যে সন্ধি হওয়া প্রায় অসম্ভব। খালকদুন থেকে রওয়ানা করার সময় তিনি বুঝেছিলেন, এগিয়ে যাচ্ছেন মৃত্যুর দিকে। তবে কোন সে আবেগ তাকে এন্দ্র পর্যন্ত নিয়ে এসেছিল। আমি তাকে আসতে বাধ্য না করলে কি এ অবস্থার সৃষ্টি হতো? আবার ও হাত মৃষ্টিবদ্ধ করে চিৎকার করতঃ 'আমিই সীনের হত্যাকারী। আমিই তাকে মৃত্যুর পথ দেখিয়েছি। কিন্তু ......তা না হলে আমি কি করতাম? আমার কি করা উচিৎ ছিল।'

বেদনার দ্বিসহ বোঝা যখন ওর হৃদয়মন ভারী করে তৃপত, কল্পনার পাখায় ভর করে ও চলে যেত অনেক দূরে। মন ছুটে যেত খালকদুনের কেল্লায়। আচমকা ওর সামনে দেখা দিত ফুস্তিনা। অনুনয় ফুটে উঠত ওর কণ্ঠে।

ঃ 'ফুন্তিনা, আমি অপরাধী। তোমার পিতাকে যদি দন্তগিরদ যাবার পরামর্শ না দিতাম! আমায় ক্ষমা করো ফুন্তিনা। আমার দিকে তাকাও। তুমি ছাড়া যে পৃথিবীতে আমার কেউ নেই। আমি সা হারিয়েছি। কিন্তু তুমি আমার। তোমায় হারাতে চাইনা ফুন্তিনা। রোম–ইরান নিয়ে আর মাথা ঘামাবনা। ফুন্তিনা, আমায় ক্ষমা করো। তোমার চোখের অঞ্চ আমি সইতে পারিনা। তোমার কারাগুনতে পারিনা ফুন্তিনা।'

ওর কল্পনা যখন চিৎকার হয়ে বেরিয়ে আসতো, শিউরে উঠে এদিক ওদিক চাইত ও। বাস্তবে ফিরে আসতো হঠাৎ। বাইরের দুনিয়া হারিয়ে যেত কারা প্রকোষ্ঠের নিঃসঙ্গ আঁধারে। আবার ওর মনে হতো, অন্ধকারের আবর্ত থেকে বেরিয়ে এসেছে ফুন্তিনার আত্মা। কি এক মমতায় ভরিয়ে দিচ্ছে ওর শূন্য হৃদয়। বেঁচে থাকার ইচ্ছেরা ওর ভেতর মাথা উচিয়ে দাঁড়াত।

প্রতিদিন একবার করে কক্ষের দরজা খোলা হত। তার সামনে খাবার রেখে পাহারাদার ফিরে বেত। প্রথম দুদিন ও খাবার ছোঁয়নি। '

ভূতীয় দিন একজন পূলিশ অফিসার তার কাছে এসে বললেন ঃ 'ডোমার যেন কোন কষ্ট না হয় দেদিকে লক্ষ্য রাখার জন্য আমাদের নির্দেশ দেয়া হয়েছে। যেসব কয়েদী জীবনের প্রতি বীতশ্রদ্ধ হয় পড়েছে ওরাই কেবল না খেয়ে মরতে চায়। ভূরজের মত লোক তোমায় ভাল জানেন। যে ব্যক্তি সীনের সঙ্গে থেকৈছে তার পক্ষে এতটা ভেংগে পড়া সাজেনা। আমার দৃঢ় বিশ্বাস, সেনাবাহিনীতে সীনের অনেক সমর্থক রয়েছে। তারা তোমার মুক্তির ব্যাপারে চেষ্টা করবেন। জীবনের প্রতি জনীহা না এসে থাকলে তোমাকে বেঁচে থাকার চেষ্টা করতে হবে। মত পরিবর্তন করতে কিসরার সময় লাগেনা। আমি অনেক মন্ত্রী ও সিপাহসালারকে ফাঁসী কাঠে ঝুলতে দেখেছি। অনেক বন্ধীর প্রতি ফুল ছড়াতেও দেখেছি।'

- ঃ 'আমি তুরজের সাথে দেখা ্রতে চাই: তাকে কি এ সংবাদটা দেবেন?'
- ঃ 'ঠিক আছে, তাঁকে বলব। তবে সরাসরি হয়ত তিনি তোমার সাথে সাক্ষাৎ করবেননা। একহপ্তা কি এক মাসও তোমায় অপেক্ষা করতে হতে পারে এমনও তো হতে পারে যে, তোমার মৃক্তির নির্দেশ নিয়েই তিনি এখানে আসবেন।'

প্রফিসার ফিরে গেল। আঁধার কারা প্রকোষ্টে আসেমের জন্য রেখে গেল আশার ক্ষীণ আলো। এই প্রথম ও পেট পুরে খেল। এর পর নিজের মুক্তির ব্যাপারে চিন্তা করতে লাগল। ্ষষ্ঠ দিন। চারজন সশস্ত্র সিপাই আসেমকে কয়েদখানা থেকে বের করে দারোগার বাসায়। নিয়ে এল। এক বড়সড় কক্ষে দারোগা ছাড়াও তুরজ এবং এক বৃদ্ধ ছিলেন। পোষাকে বুড়োকে একজন সন্মানিত ব্যক্তি বলে মনে হচ্ছিল। তুরজ পাহারাদারদের ইংগীত করল। বেরিয়ে গোল ওরা। এরপর আসেমের দিকে ফিরে বললঃ 'ইরজের সাথে তোমার ভাল জানা শোনা আছে?'

- ঃ 'জী। ও সীনের কোন আত্মীয়ের ছেলে। তার সাথে কয়েকবার আমার দেখা হয়েছিল।'
- ঃ 'সে কি নিহত?'
- ঃ 'জ্বী। জামার চোখের সামনেই জংগীরা তাকে হত্যা করেছে।'

তুরজ বৃদ্ধের দিকে ইশারা করে বলপ ঃ 'ইনি ইরজের পিতা। পুত্রের মৃত্যুর ঘটনা শোনার জন্যমাদায়েনথেকে এসেছেন।'

আসেম বৃদ্ধকে বলল ঃ 'মৃত্যুর সময় আপনার ছেলের মাথা আমার কোলের উপর ছিল। আফসোস।তাকে বাঁচাতে পারলামনা।'

বৃদ্ধ শুদ্ধ বিশ্বয়ে আসেমের দিকে তাকিয়ে রইল। অবশেষে নিজেকে সংযত করে বলল ঃ ইরজ আমায় বলেছিল সীনের ঘরে এক আরবকে খুব গুরুত্ব দেয়া হয়। সভবতঃ এর পর ত্মি হাবশার অভিযানে চলে গিয়েছিলে। তার পর থেকেই তুমি লাপান্তা। যদি তুমি সেই হও তবে তোমার কথা আমি বিশ্বাস করি। জংলীরা আমার ছেলেকে হত্যা করে থাকলে তুমি ওখানে গেলেকিভাবে 
ভ

- ঃ 'সে এক বিরাট কাহিনী। হাবশার পথে আমি আহত হয়েছিলাম। অজ্ঞান হয়ে পড়েছিলাম প্রচন্ত জ্বরে। সেনাবাহিনী আমায় পেছনে রেখে এগিয়ে গেল। জ্ঞান ফিরলে দেখলাম রোমান চাকর এবং কিবতী মাল্লারা আমায় ব্যাবিলন না পৌছিয়ে নীলের পথে সাগরের দিকে এগিয়ে চলছে। তথানে একটা রোমান জাহাজে তুলে আমায় কস্তুনতুনিয়া নিয়ে আসা হল। এই রোমান চাকরটা ছিল প্রভাবশালী বংশের ছেলে। কস্তুনতুনিয়ায় তরা আমার সাথে দারুন ভদ্র ব্যবহার করেছে। তার সাথেই আমি তথানে গিয়েছিলাম। জানতাম না তথানে ইয়জের সাথে দেখা হবে।'
  - ঃ 'কিন্তু তুমি যে বললে আমার ছেলে জংলীদের হাতে নিহত হয়েছে?'
- ঃ 'স্ত্বী। কাইজারকে অকস্মাৎ আক্রমন করার জন্য ওরা এসেছিল। কিন্তু জংলীরা রোমানদের উপর চড়াও হবার পুর্বেই আপনার ছেলেকে হত্যা করেছে।'
- ঃ 'এ কি করে সম্ভব। ইরজ খাকানের কাছে একজন দৃত হিসেবে গিয়েছিল। তার সংগীদের কেউ ফিরে আসেনি।'
- 'আমি ওখানে আর কোন ইরানীকে দেখিনি। সম্ভবতঃ ওদেরকে পূর্বেই হত্যা করা
   হয়েছিল। এমনও হতে পারে যে ওদের বন্দী করে রাখা হয়েছে। কোন দৃতকে হত্যা করা
   জংলীদের জন্য সাধারন ব্যাপার। সন্ধির জন্য কাইজারের দৃতকে নিয়ে আসার কারনে যদি

সীনকে হত্যা করা যায় তাহলে ইরজকে হত্যা করার জন্য ওরাও হয়ত কিছু একটা বাহানা খুঁজে পেয়েছে। এমনও হতে পারে , ইরজের কোন কথায় ওরা তাকে সন্দেহ করেছিল। '

আসেম বিস্তারিত বর্ননায় গেলনা। কারন এতে হয়তো ঝামেলা বাড়তে পারে। ত্রজ এবং ইরজের পিতার বিভিন্ন প্রশ্নের জবাব দেয়া শেষ করে ও বলন ঃ 'ইরজ হেরাকলা কেন গিয়েছিল জানিনা। এও জানিনা জংলীরা ওর উপর ক্ষেপে গিয়েছিল কেন। রথ খেলার সময় ওকে নিয়ে জংলীরা জটলা করছিল। হঠাৎ ও দৌড়ে রোমানদেরর দিকে ছুটে এল।

কিন্তু রোমানরা কোন সাহায্য করার পূর্বেই ও এক জংগীর বল্লমের আঘাতে পূটিয়ে পড়গ। এরপর খাকানের ফৌজ ঝড়ের বেগে এসে রোমানদের উপর ঝাপিয়ে পড়গ। প্রশ্ন হল, আপনার ছেলেকে কেন ওরা হত্যা করল। এর জবাব শুধু ইরজের সঙ্গীরাই দিতে পারে। কিন্তু আমার মনে হয় ওদের কেউ বেঁচে নেই।'

বুড়ো খানিক ভেবে বললেন ঃ ' আমার ছেলেকে কি রোমানরা হত্যা করতে পারেনা।' আসেম বলল ঃ 'রোমানরা দোষী হলে জংলীদেরকে অপবাদ দিতে যাব কেন?' ঃ 'তুমি যে রোমানদের সাথী।'

আসেম ভারাক্রান্ত কঠে বলন ঃ ' আমি সীনের সংগী ছিলাম। গুধু জানতাম সীনের বন্ধুরা আমার বন্ধু, তার শক্র আমার ও শক্র। তিনি বেঁচে নেই। এখন আমার বন্ধু অথবা শক্র কেউ নেই। ইরজের মৃত্যুর সঠিক কোন কারন আপনাকে দিতে পারলাম না বলে দুঃখিত। তবে এতট্কু সত্য যে, জংলীরাই ওকে হত্যা করেছে। মৃত্যুর সময় আমি তাকে সাহায্য করার চেষ্টা করেছিলাম। আমরা ছিলাম একে অপরের বন্ধু। কিন্তু দুঃখ হচ্ছে, আমরা কেন আরো কাছাকাছি আসিনি। আপনাকে সন্তুষ্ট করার জন্য একথা বলিনি। আমি জানি আপনাদের খুনী অখুনীতে আমারকিছুআসবেয়াবেনা।'

ঃ 'আমার বিশ্বাস তুমি মিথ্যে বলছনা। তোমার শোকর গোজারী করছি। মৃত্যুর সময় যে আমার ছেলেকে সাহায্য করেছে তার কোন সাহায্য করতে পারছিনা বলে দুঃখিত।'

ভারী হয়ে এল বুড়োর কণ্ঠ। তুরজ্ব দারোগাকে বললঃ 'তৃমি একে গেট পর্যন্ত দিয়ে এস। আমি কয়েদীর সাথে কিছু দরকারী জালাপ করব।'

দারোগা চলে গেল। কিছুক্ষণ নীরব থেকে ত্রজ বলল ঃ 'কেউ সিংহের মুখে মাথা গলিয়ে দিলে আপন বন্ধুরাও ভার কোন উপকার করতে পারেনা সীনের ক্ষেত্রে আমি জসহায়। তবে তুমি একট্ বৃদ্ধি খাটালে বৈঁচে যেতে পারো। আমার কথা মত চললে শাহানশা হয়তো ভোমায় মুক্ত করে দিতে পারেন। সীনের রক্ত বৃথা যাবেনা। এখন আমি কি বলছি শোন।

সীনকে হত্যা করার কারনে বিভিন্ন শহরে শাহানশার বিরুদ্ধে বিদ্রোহের আশংকা দেখা দিয়েছে। ফৌছের এক বিরাট অংশ এখন আর যুদ্ধ চায়না। এই প্রথম দন্তগিরদের আমীর ওমরা এবং অফিসারদের পরামর্শের জন্য ডাকা হয়েছে। রোমের দৃতদের সাথে কেমন ব্যবহার করা

হবে সভায় এব্যাপারেই আলোচনা হয়েছে। অনেকেই বলেছেন, ওদের সাথে দেখা করুন। কেউ বলেছেন, ওদের দেশে ফেরত পাঠিয়ে দিন। অল্প কজন তাদেরকে শাস্তি দেয়ার প্রস্তাব পেশ করেছিল। এখন শাহানশা ওদের সাথে দেখা করবেন। এখন থেকে ওরা রাজকীয় অতিথি। কিছুদিনের মধ্যেই ওদের ডেকে পাঠান হবে। রোমানরা সকল শর্ত মেনে নিলে সন্ধি হয়ে যাবে হয়ত।

আজ আমি কইজারের দূতদের সাথে দেখা করেছি। ওরা বলেছে, সর্বপ্রথম শাহের কাছে তোমার মুক্তির কথা বলবে। আমি নিষেধ করে দিয়েছি। বলেছি এমন হলে পরিস্থিতি অন্যদিকে মোড় নিতে পারে। তোমরা নিরাশ হয়োনা। আশা করি ওর মুক্তির একটা পথ বের হবেই।'

দারোগা ভেতরে ঢুকল। তুরজ তাকে ইংগিত করল সরে যেতে। দারোগা বেরিয়ে যেতেই তুরজ আবার বলতে লাগল। ঃ 'তোমায় বলেছি, সীনের মৃত্যুর কারনে সৃষ্ট পরিস্থিতিতে শাহ উদ্বিগ্ন। তুমি ইচ্ছে করলে তার এ উদ্বেগ দূর করে দিতে পার।'

ঃ ' আমি! আমি কি ভাবে শাহানশার উৎকণ্ঠা দূর করব ?'

ত্মি অনেকদিন সীনের সংগে ছিলে। তার ব্যাপারে তোমার যে কোন কথাই বিশ্বাস করা হবে। ত্মিতো জান শাহানশা কথনো নিজের ভূগ স্বীকার করেন না। তিনি সবসময় এমন লোক থোঁজেন যে জনগনের সামনে তার ভূগকে সঠিক প্রমান করবে।'

- ঃ 'আপনার কথা আমি বুঝতে পারগাম না।' আসেমের কর্ন্তে উদ্বেগ।
- ঃ 'নিজের জীবন বার্টানোর জন্য তোমাকে তরজ্পসায় বলতে হবে যে, আসলেও সীন এক গান্দার। রোমানদের বার্টানার জন্য সে সেনাবাহিনী ভুল পথে পরিচালনা করেছিল। আরো বলবে, সীন খৃষ্টান হয়ে গিয়েছিলেন। তার অনুগত সৈন্যরা রোমানদের সাহায্য করত।'

ক্রোধে বিবর্ণ হয়ে গেল আসেমের চেহারা। সে চিৎকার দিয়ে বললঃ 'না, না, মরার পূর্বেই আমি মরতে চাইনা। তার সাথে সম্পক থাকার কারনে আমি বেঁচে আছি। তার প্রতি আনুগত্য আমার জীবনের শেষ সম্বল।'

- ঃ 'বোকামী করোনা। সীনের সাথে সম্পক তো তোমায় মৃত্যুর পথ দেখাবে। তাকে তুমি ফিরিয়ে আনতে পারবেনা। তার প্রশংসায় পঞ্চমুখ হলে দারোগা জেলের দুয়ার খুলে তোমায় বলবেনা যে তুমি মৃক্ত। কিন্তু তাকে গালি দিলে তোমার ভাল হবে। মৃত্যুর সাথে সাথে তার সাথে তোমার সব সম্পক শেষ হয়ে গেছে। কিন্তু কিসরা বেছে আছে। তার হাতে তোমার জীবন মরন। নিজের জন্য না হলেও সীনের অসহায় পরিবারের জন্য আমার কথা শোন। তুমি বেঁচে থাকলে তার স্ত্রীর দুঃখ দূর করতে পারবে। পারবে তার মেয়ের চোখের পানি মুছে দিতে।'
- ঃ 'পতিত ব্যক্তি কারো সাহায্য করতে পারেনা। আমি জানি, মৃত্যুর রূপ অতি ভয়ংকর। কিন্তু আপনি আমাকে তারচে ভয়ংকর এক পথ দেখাচ্ছেন। যদি আমাকে পরীক্ষা করতে চান, শাহানশার কাছে নিয়ে চলুন। ভরজলসায় বুক ফুলিয়ে বলব, আমি সীনের বন্ধু। সীনের

হত্যাকারীর কাছে আমি জীবন ভিক্ষা চাইনা। সীনের মত আমার চামড়াও তুলে নিতে পার। কোন ভয় অথবা লোভ আমার মুখ থেকে এ মহান ব্যক্তির বিরুদ্ধে কিছু বের করতে পারবেনা। আমার জীবনের প্রতি এতটা গুরুত্ব দিচ্ছেন বলে আপনাকে ধন্যবাদ। কিন্তু অপমানকর জীবনের ঘানিটানা আমার পক্ষে সম্ভব নয়।

ত্রজ অপলক চোখে আসেমের দিকে তাকিয়ে রইলেন। অকমাৎ দাঁড়িয়ে আসেমের কাঁধে হাত রেখে বললেনঃ 'বদ্ধু। আমি অসহায়। হুকুম দেয়ার অধিকার থাকলে আমার প্রথম নির্দেশ হুতো একে মুক্ত করে দাও। ইরানের সকল সম্পদ এনে ওর পায়ের কাছে জমা করো।'

ঃ 'আমার উপর যদি না রেগে গিয়ে থাকেন তবে একটা অনুরোধ করব। সীনের স্ত্রী এবং মেয়েকে একটু দেখবেন। আমার আশংকা হচ্ছে, তাদের পরিনতি সীনের চাইতে ভয়াবহ হবে।'

় 'রাগ করিনি বরং তোমায় ঈর্যা করছি। এ মৃহুর্তে কিসরা ওদের দিকে দৃষ্টি দেবেন না। তবুও আমি ওদের দিকে পূর্ণ দৃষ্টি রাখব। তোমার ব্যাপারেও আমি নিরাশ নই। আমার মন বলছে, সন্ধি হয়ে গেলে তোমায় মৃক্ত করা ততো কঠিন হবেনা। কিসরা সেনাপতির দায়িত্ব আমায় দিতে চাইছেন। রোমের দৃতদের সাথে কথা বলার জন্য আপাততঃ 'তা স্থগিত রাখা হয়েছে। সন্ধি হয়ে গেলে তো তার দরকারই হবেনা।'

ত্রজ হাত তালি দিল। দারোগা এবং কজন সশস্ত সিপাই ঢুকল ভেতরে। ত্রজ আসেমকে নিয়েযেতেবললেন।



কাইজারের দৃতদের সাথে দেখা করার পূর্বে সন্ধির শর্ত নিয়ে আলোচনাশ জন্য মন্ত্রী পরিষদের সদস্য, সামরিক অফিসার এবং পাদ্রীদেরকে দায়িত্ব দেয়া হল। এরা ওদের সামনে এমন অপমানকর প্রস্তাব পেশ করল যা পরাজিত দৃশমনের বুকে ছুরি ধরে স্বীকার করানো হয়। কিন্তু শর্তগুলো মেনে নেয়া ছাড়া রোমানদের কোন উপায় ছিল না।

পারভেজকে সংবাদ দেওয়া হল যে, কাইজারের দৃত সন্ধির সকল শর্ত মেনে নিয়েছে। কিসরা অত্যন্ত শান শওকতের সাথে দরবার বসালেন। দৃতদেরকে বন্দীর মত দরবারে হাজির করা হল। মসনদের পাশে কার্পেট মোড়া উঁচু স্তম্ভে 'পবিত্র আগুন' জ্বলছিল। সামনে ছিলেন সালতানাতের আমীর ওমরাগণ। শাহানশার পাশে বসেছিলেন রাণী শিরী। দরবার মহলের সুসজ্জিত দেয়ালে শোভাপাঙ্কিল সোনার কারুকাজ করা বিচিত্র আর দুর্লভ শিল্পকর্ম। মেঝেয় দামী কার্পেট। ছাদে ঝুলানো অসংখ্য ঝারবাতি। রোমানদের কাছে দরবার কক্ষটি স্বপুরীর মত

মনে হক্ষিল। দরবারীদের পরণে ছিল শাহী পোশাক, জওহারের কারুকার্যময় টুপী। যেন পৃথিবীর সব সম্পদ এখানে এনে জমা করা হয়েছে। ওরা এ আলা নিয়ে এসেছিল যে ওদের বিনয় আবদারে শাহ হয়তো সন্ধির শর্তাবলী সহজ করবেন।

বিস্তৃ ওরা যখন মসনদ থেকে কয়েক কদম দূরে এসে দাঁড়াল সিপাইরা জাের করে তাদের মাথা মাটিতে ঠুকে দিল। কিসরার ইঙ্গিতে ওদের আবার হাত ধরে দাঁড় করিয়ে দেয়া হল।

ঘোষক চিৎকার দিয়ে রোমান ভাষায় বললঃ 'দিখিজয়ী সম্রাটের সামনে হাত জোড় করে দীড়াও। প্রাণের মায়া থাকলে দৃষ্টি অবনত কর।' ওরা নির্দেশ পালন করল। সাইমন অনেকটা সাহসে তর করে বললঃ 'আলীজাহ। আমরা হেরাক্লিয়াসের পক্ষ থেকে.....।

জাবার নকীবের কণ্ঠ গর্জে উঠল ঃ 'থামোশ! রাজাধিরাজের সাথে সরাসরি কথা বলার দুঃসাহসদেখিওনা।'

নির্বাক হয়ে গেল সাইমন। উজীর কিসরাকে বলগেন ঃ 'জাহাপনা! ত্থাপনার এ গোলাম সন্ধির শর্তাবলী ঘোষণা করার অনুমতি চাইছে।'

কিসরা ঈষৎ মাথা নাড়গেন। উজীর বলতে লাগলঃ 'দিশ্বিজয়ী বীর মহানুতব সমাট খসরু পারতেজ রোম সমাটের আবেদন কবুল করেছেন। হেরাক্লিয়াসের দৃতদের সাথে সন্ধির শর্তাবলী নিয়ে আলোচনা হয়েছে। হেরাক্লিয়াস সিরিয়া, ফিলিস্তিন, আরমেনিয়া এবং পশ্চিম এশিয়ায় শাহানশাহে ইরানের অধিকার স্বীকার করে নিয়েছেন। শাহানশাহ বলছেন বসফরাসের ওপাড়ের জার কোন এলাকা দখল করা হবে না।

রোম সমাটকে এক হাজার সোনার বাট, এক হাজার রৌপ্য বাট, এক হাজার রেশমের জুরা, উন্নত মানের এক হাজার ঘোড়া এবং এক হাজার রোমান যুবতী খেরাজ হিসেবে ইরানকে দেবেন। দু'মাসের মধ্যে শর্ত পূরণ নাহলে সন্ধি নাকচ বলে বিবেচেত হবে। মহামান্য সমাট দৃতদের জিজ্জেস করছেন, তারা কি এ সব শর্তে রাজী?'

সাইমন কিসরার দিকে তাকিয়ে ভারাক্রান্ত কণ্ঠে বললেন ঃ 'আলীজাহ! হেরাক্রিয়াস আপনার শর্ত পালন করতে অধীকার করবেন না। কিন্তু রোমের অবস্থা আপনার অজানা নয়। এত সম্পদ জমা করার জন্য আমাদের কিছু সময়ের প্রয়োজন।'

রাণী চাপা স্বরে কিসরাকে কি যেন বললেন। কিসরা এই প্রথম ওদের লক্ষ্য করে বললেন ঃ' আমাদের শর্ত মেনে নেবে, হেরাক্লিয়াস আমাদেরকে এ ব্যাপারে আশ্বস্ত করতে পারলে তাকে কিছু সময় দেয়ার কথা চিন্তা করতে পারি।

ঃ 'স্বালীকাহ। আমরা আপনাকে এ আশ্বাস দিচ্ছি যে, হেরাক্লিয়াস এসব শর্ভাবলী মেনে নেবেন। কয়েক দিনের মধ্যেই তার লিখিত প্রতিশ্রুতি আপনার কাছে পৌছে যাবে।'

হেরাক্সিয়াসকে বলবেঃ কোন রকমের চালাকী করলে আমার সিপাইরা পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত তাঁকে ধাওয়া করবে। দুনিয়ার বুক থেকে কন্তুনতুনিয়ার নাম নিশানা মৃছে দেবে।

- ঃ 'জাঁহাপনা। আপনাকে ক্ষেপালে আমাদের যে কি অবস্থা দাঁড়াবে হেরাক্রিয়াস তা জানেন। মহামান্য শাহানশার অনুমতি পেলে একটা আবদার করতে চাই।'
  - ः 'वरणां, कि वनरव।'
- ঃ 'আলীজাহ। এক আরব দস্তগিরদ পর্যন্ত আমাদের পথ দেখিয়ে এনেছে। যে এখন আপনার বন্দী। তার অপরাধ, সে রোম ইরানের মধ্যে সন্ধি চাইছিল। মহামান্য সম্রাটের কাছে তার মৃক্তির আবেদনকরছি।'

পারভেজ ক্রুদ্ধ কণ্ঠে বললেন ঃ'সে এমন এক গান্দারের সঙ্গী যাকে হত্যা করা হয়েছে। আর একটা কথাও বলবেনা। এবার যেতে পারো।' সাইমন কিসরাকে কূর্ণিশ করে উন্টো পায়ে বেরিয়েগেল।

দস্তগিরদের বড় পাদ্রী মসনদের কাছে এগিয়ে এসে বলগঃ 'আদীজাহ। এ মহান বিজয়ের জন্য প্রজাদের পক্ষ থেকে আমি আপনাকে মোবারকবাদ দিচ্ছি। এবার ইরানের প্রতিটি লোক বৃক ফুলিয়ে বলতে পারবে যে, কাইজার তাদের শাহানশাহের এক নিকৃষ্ট গোলাম।'

এক উজীর শ্লোগান ত্লল ঃ ' দিখিজয়ী কিসরা, জিন্দাবাদ, ইরানের শক্ররা ধ্বংস হোক।'

সমিলিত কণ্ঠের শ্লোগানে কেঁপে উঠল সমগ্র দরবার কক্ষ। হঠাৎ পারভেজ হাত তুললেন। শ্লোগান থেমে গেল, তিনি বললেন ঃ 'এ বিজয়ের জন্য এক হপ্তা আনন্দ উৎসব করা হবে।'

কাইজারের দৃত পরদিন কন্তুনতুনিয়ার পথ ধরল।

সূর্য ডুবেছে অনেক আগে। বিছানায় গা এলিয়ে দিয়েছেন ইউসিবা। পাশের পালংকে বালিশে ঠেশ দিয়ে ফুন্তিনা সুইয়ের কাজ করছিল। হঠাৎ দরজায় আলতো টোকা পড়ল। চমকে ফুন্তিনা প্রশ্ন করলঃ 'কে?'

ঃ'আমি ফিরোজ।'

হাতের কাপড় একদিকে রেখে ও দরজা খুলে দিল। বুড়ো চাকর হতভয়ের মত ইউসিবার বিছানার দিকে চাইতে লাগল। ঃ 'কি হয়েছে চাচা। আম্মাকে তুলে দেব?'

ঃ 'না, তার ঘুম ভাংগানো ঠিক হবেনা। তুমি আমার সাথে এসো। দন্তগিরদ থেকে ক'জন লোক কি সংবাদ নিয়ে এসেছে।'

ক্ষণিকের জন্য শিহরিত হল ফুন্তিনা। দৃশ্চিন্তা আড়াল করে বলল <sup>৫</sup> তারা এখন কোথায়?

- ঃ 'বৈঠকখানায়বসিয়েরেখে এসেছি।'
- ঃ 'ফুন্তিনা বেরিয়ে এল। শক্ত হবার চেষ্টা করার পরও পা কাঁপছিল ওর। চকিতে দাঁড়িয়ে প্রশ্ন করল ঃ 'চাচা! ওদেরকে আরার কথা জিজ্ঞেস করনি।'
  - ঃ 'জিজ্ঞেস করেছি। কিন্তু ওরা তোমার আশা বা তোমাকে ছাড়া কাউকে কিছু বলবে না।'
  - ঃ 'ওরা অপরিচিত হলে আত্মাকে তুলে দিই।'

- ঃ 'ওদের সাথে ক্লেডিস রয়েছে।'
- ঃ 'রেডিস। তই যে আরার সাথে গিয়েছিল?' ঃ'হাাঁ।'
- s 'তা আগে বলনি কেন ?' বলেই ফুন্তিনা দ্রুত পা বাড়াল।

ক্লেডিস পায়চারী করছিল কক্ষময়। ফুস্তিনা কামরায় ঢুকেই প্রশ্ন করর ঃ 'আপনি কখন এসেছেন? আত্না কোথায়? আপনারা একা কেন? আপনার বন্ধু সাথে আসেনি?'

এক নিঃশ্বাদে কথা কটি বলে ক্লেডিসের দিকে ভাকিয়ে রইল ফুন্তিনা। ক্লেভিস নির্বাক চোখে কতক্ষণ ফুন্তিনার দিকে চেয়ে রইল। এরপর তার কণ্ঠ থেকে ঝরে পড়ল একরাশ বেদনা।

- ঃ 'আপনার আরা এবাং আসমে আমাদের সাথে আসতে পারেনি। আমরা সূর্যান্তের সময় এখানে পৌছেছি। অবস্থান করছি বাইরের সেনা ছাউনীতে। আগামীকাল ভোরে দেশে চলে যাব। আশংকা ছিল, যাবার পূর্বে হয়তো আপনাকে দেখব না। কেল্লার মুহাফিজের কাছে বলে অনেক কর্টে ভেতরে ঢোকার অনুমতি নিয়েছি। আপনার আশা কেমন আছেন?'
- ঃ 'কদিন থেকেই আশ্বার শরীরটা খারাপ যাচ্ছে, এজন্য একট্ তাভাতাড়িই শুয়ে পড়েছেন। কোন জরন্রী কথা থাকলে তুলে দিই।'
  - ঃ 'না থাক। তাঁকে কষ্ট দেয়ার দরকার নেই। আপনি বস্ন। কিছু প্রয়োজনীয় কথা বলব।'

ফুস্তিনা উৎকণ্ঠা নিয়ে একটা চেয়ারে বসে পড়ল। ক্লেডিস খানিক্ষণ পেরেশান চোখে তাকিয়ে রইর দরোজায় দাঁড়ানো ফিরোক্ষের দিকে। এরপর ফুস্তিনার দিকে ফিরে বললঃ 'আপনার এ বুড়ো চাকর কতটা বিশ্বস্ত?'

- ঃ 'আরা ওকে কখনো সন্দেহ করেন নি। আমি তো তাকে ফিরোজ চাচা বলেই ডাকি।' কিছুক্ষণ ভেবে নিয়ে ক্লেডিস বলল ঃ ' আমি যে আসেমের বন্ধু আপনি তা জানেন?'
- ঃ 'হাঁ। জানি। আমিও আপনাকে আমার ভায়ের মতই মনে করি। কিন্তু কি হয়েছে? ঈশ্বরের দোহাই জাঘায় সব খুলে বগুন।'

ক্রেডিস এগিয়ে এল। ফুন্তিনার মাথায় হাত রেখে ভারাক্রান্ত কণ্ঠে বলল ঃ 'বোন। আমি কোন ভাল খবর নিয়ে আসিনি। ভোমায় শান্তনা দেয়ার সময়টুকু পর্যন্ত আমার হাতে নেই। ভোমাদেরকে অনাগত বিপদ থেকে বাঁচানো আমার কর্তব্য। ভূমি হিম্মত না হারালেই কেবল আমি সে দায়িত্ব পালন করতে পারব। আমি জানি, দন্তগিরদের সংবাদ বরদাশত করার জন্য পর্বতের মত কঠিন প্রাণের প্রয়োজন। এখন পরিস্থিতির দাবী হচ্ছে, ভোমাদের কারার শব্দ মুখ থেকে যেননা বেরোয়।'

ফুন্তিনা হততরের মত ক্লেভিসের দিকে তাকিয়ে রইগ। ক্লেডিসের মুখে জার কোন কথা -ফুটলনা। কিছুক্ষণ নিঃশব্দে কেটে যাবার পর ও বললঃ 'ফুন্তিনা। তোমার পিতা জার কোনদিন ফিরে আসবেন না। যদি কোন দিন জেল থেকে বেরোতে পারে তবে হয়তো আসেম ফিরে আসবে। কিন্তু দন্তগিরদে তোমার আরার বন্ধদের আশংকা হচ্ছে, তোমাদের ব্যাপারেও পারডেজের নিয়ত ভাল না। মৃজ্সী পান্তীরা কিসরাকে তোমাদের বিরুদ্ধে উত্তেজিত করবে। ওরা যদি বলে, তোমরা খৃষ্টান তাহলেই হলো। তোমার আরার বন্ধদের কেউই এখন আর নিরাপদনয়।

এখন আমার প্রথম কাজ হল, তোমাদেরকে কন্তুনত্নিয়া পৌছে দেয়া। ইরানের দৃত আমাদের সাথে যাছে। পরও রাতে যদি তোমরা বেরোতে পার, শহর থেকে মাইল তিনেক দক্ষিণে চলে যাবে। সাগর পাড়ে দেখবে একটা পতিত গীর্জা। তখানে কল্পন লোক তোমাদের জন্য অপেক্ষা করবে। কোন কারণে আমি না এলে দীলরেস অবশ্যই আসবে। আমাদের জাহাজ থাকবে উপকূল থেকে একট্ দূরে। রাতে তোমাদের জন্য নৌকার ব্যবস্থা করা হবে।

ফুন্ডিনা কোন জবাব দিলনা। পাথর প্রতিমার মত ও নিথর হয়ে বসে রইল। হঠাৎ কেঁপে কেঁপে উঠল ওর শরীর। চোখ ভরে এল অঞ্চতে।'

ক্রেডিস ধরা আওয়াজে বলল ঃ 'তোমাদেরকে অগ্নিপূজারীদের হাত থেকে রক্ষা করাই হয়ত তোমার পিতার অন্তিম ইচ্ছা ছিল। জানিনা তোমরা কন্তুনত্নিয়ায় কন্দুর নিরাপদ থাকবে। কথা দিচ্ছি, বসফরাসের পানি আমাদের রক্তে লাল হয়ে যাবে, কন্তুনত্নিয়ার অলি গলি ভরে যাবে আমাদের লাশে, তবুও তোমাদের জীবন এবং সম্রমের হেফাযত করব। কমপক্ষে তোমরা এ অনুযোগ করবেনা যে কাইজারের সিপাইরা সীনের গ্রী কন্যার অসহায়ত্তে বিদ্রুপ করেছে। সীনের অাত্মদানের বিনিময়ে কিসরা আমাদের লাথে কথা বলেছেন।

তার সন্ধির শর্তাবলী একজন কাপুরুষ রোমানও বরদাশত করবেনা। তার কথা না মানলে আমরা দন্তগিরদ থেকে প্রাণ নিয়ে ফিরে আসতে পারতামনা। এখন মনে হচ্ছে, যুদ্ধ থামেনি। বরং রোম ইরান চূড়ান্ত সংঘর্ষের মুখোমুখী হয়েছে। তুমি বুঝতেই পারছো যুদ্ধ গেগে গেলে আমরা আর কোন সহযোগিতাই করতে পারব না। এখানে এখনো সীনের মৃত্যু সংবাদ প্রকাশ পায়িনি। দন্তগিরদ থেকে আসা ইরানীরা প্রম্ন ক'জন দায়িত্বশীল অফিসারের সাথে আলাপ করেছে। এ সংবাদ সাধারণ সৈন্যদের কাছে প্রকাশ করতে তারা কঠোর ভাবে নিষেধ করে দিয়েছেন।

কিন্তু আমার ধারণা, খুব শীঘ্রই এ খবর ছড়িয়ে পড়বে। তখন তোমরা কিল্লা থেকে বেরোতে পারবে না। আর দুচারদিনের মধ্যে যদি তোমাদেরকে দন্তগিরদ পৌছানোর জন্য পারভেজের নির্দেশ পৌছে যায়, তাহলে তোমার আত্মার বন্ধুরাও কিছু বলতে পারবে না। তোমরা যে এ সংবাদ পেয়েছো একথাও যেন কেউ জানতে না পারে। বোন! আমি বৃঝি তোমার মনের অবস্থা। কিন্তু এখন যে কারার সময় নয়। ফুন্তিনা অনেক কট্টে অনিরুদ্ধ কান্নার আবেগ সংযত করে বলল ঃ 'পারভেজ আর্বাকে হত্যা করেছে, কেন যেন বিশ্বাস করতে পারছিনা। এ কি করে সম্ভব? আমা বলতেন, তারা দৃ'জন খাল্য বন্ধু। আপনার কথা যদি সত্যি হয়, আমি কেন বেঁচে থাকব?'

রেডিসের দৃ'চোখে অফ টলমল করছিল। ও বিষয় কঠে বলল ঃ 'ফুন্ডিনা! ভোমার আরা বেঁচে নেই। কিন্তু আসেম ভো আছে। তার জন্য ভোমায় বেঁচে থাকতে হবে। আমার দৃঢ় বিশ্বাস, ছাড়া পেয়েই সে পৃথিবীর প্রতিটি স্থানে ভোমায় খুজবে। তুমি কি বন্দিনী হয়ে কিসরার হারেমে যেতে চাও। তুমি কি চাও ভোমার আর আসেমের মাঝে বীধা হয়ে থাকুক কিসরার মহলের পাখাণ প্রাচীর। তুমি কি জান, হারেমে এখনো ভোমার মত তিন হাজার তরুনী রয়েছে। ওদের করুণ ফরিয়াদ ওদের পিতা মাতা, স্বামীর কান পর্যন্ত পৌছছেনা, পৌছবে না কোন দিন।' অন্তহীন বিষয়ভায় ফুন্তিনা হাত মুঠো পাকাতে লাগল।

কিছুক্ষণ থেমে ক্রেডিস ফিরোজের দিকে ফিরে বলল ঃ ' তুমি যদি সীনের অনুগত হও ভাহলে এদের সাহায্য করতে পার। পরশু রাতে আমার লোকেরা এদের এখান থেকে বের করে নেয়ার চেষ্টা করবে। এ চেষ্টা হবে প্রথম এবং শেষ। এরপর হয়ত এমন সুযোগ আর পাব না। ফৌজের কোন বড় অফিসার থাকলে আমার কথার সত্যতা যাচাই করতে পারতো।'

ফিরোজের চোখ থেকে অক্র ঝরছিল। ঃ ' কোন ফৌজি অফিসার এ সংবাদ আমার কাছে গোপন করবে না। আপনার কথা আমি অবিশ্বাস করিনি। মুনীব যাবার সময়ই বৃঝতে পেরেছিলেন দস্তগিরদ থেকে আর ফিরে আসবেন না। গরশু পর্যন্ত কোন ঝুট ঝামেলা না এলে আমরা সাগর পাড়ে আপনাদের অপেক্ষায় থাকব। পুরনো গীর্জা আমি কয়েক বার দেখেছি।'

ঃ 'ফুন্তিনা! ভোমার মাকে সান্ত্রনা দিয়ে যেতে পারগাম না। তিনি এখানে থাকলে হয়ত আমি আরো বিপাকে পড়তাম। এবার আমায় যেতে হয়।'

ফুন্তিনা তার চোখে চোখ রাখল। অনেক চেষ্টা করেও একটা শব্দও বলতে পারল না। ক্লেডিস 'খোদা হাফেল্ল' বলে দরজার দিকে পা বাড়াল। ফিরোজ অনুগমন করল তার।

রোম সাম্রাজ্যের ঐতিহ্য-গৌরব ধূলায় মিশে গেছে। ইরান বিজয় গর্বে মদমন্ত। রোমানরা ওদের করদ প্রজা। ইরানের জনগণ আনন্দ উৎসবে মুখর। মদের ভাভগুলো শূন্য হয়ে গেছে। বিজিত এলাকার সৈন্যুরা এ সংবাদ পেয়েছিল একটু দেরীতে। ওরাও হপ্তা ভর উৎসব করল। কিন্তু এসব এলাকার জনসাধারণের উপর নেমে এসেছিল সীমাহীন বিপর্যয়। মদে মাতাল ইরানী

সিপাইরা রোমানদের বাড়ীতে ঢুকে পড়ত। ওদের চিৎকারে কেঁপে উঠত নিথর প্রকৃতি। যুদ্ধ সময়কার বর্বরতার ঝড় আবার ফিরে এসেছিল ওদের কাছে। মজলুমের মর্সিয়া আর জালেমের অট্টহাসিতে ভারী হয়ে উঠেছিল মিসর, সিরিয়া এাবং পশ্চিম এশিয়ার বাভাস।

কিসরা প্রতিদিন উৎসব করতেন। সাধারণতঃ মাতাল হয়ে পড়ে থাকতেন তিনি। মদ আর নাচ গানের জলসায় হাফিয়ে উঠলে চাট্কারদের ডেকে নিভেন। ওরা কিসরার বিজয়কে দারার বিজয়ের সাথে তুলনা করে বোঝাতে চাইত যে, পৃথিবীতে কিসরার সমান আর কেউই নেই। অগ্নিপূজারী পাদ্রীরা তাঁকে দেবতার মত পূজা করত। বিজিত এলাকার গীর্জাগুলি জগ্নিবেদীতে রূপান্তরিত না করায় এদের দুঃখের জন্ত ছিল না।

একদিন ইরানের গড়পর খাজনা জমা দেয়ার জন্য দপ্তগিরদ এসে পৌছল। পারভেজ তাকে ডেকে পাঠালেন। ইয়াসেন সম্পর্কে কয়েকটি প্রশ্ন করে বললেন ঃ 'আরবের এক লোক নবুওতের দাবী করছে। তার ব্যাপারে তুমি কি জান?'

- ঃ 'আলীজাহ। শুনেছি মক্কায় তার জন্ম। তাঁর দাবী, তাঁর কাছে খোদার কালাম আসে।
- ঃ 'তুমি কি জান সে রোমানদের হাতে আমাদের পরাজয়ের ভবিষ্যতবাণী করেছে?'
- ঃ 'শুনেছি জাঁহাপনা। কিন্তু আপনি পেরেশান হবেন না। মঞ্চার লোকেরা তার অনুসারী ক'জন অসহায়কে দেশ থেকে বের করে দিয়েছে। ওরা আশ্রয় নিয়েছে ইয়াসরিবে। মঞ্চা থেকে আমি সংবাদ পেয়েছি যে, তার নিজের কবিলাই তার দৃশমন। ওরা তাকে ইয়াসরিবে বেশীদিন থাকতে দেবেনা। সিরিয়া থেকে মঞ্চা হয়ে যে সব ব্যবসায়ীরা ইয়ামেন আসে আমি তাদের মাধ্যমে আরবের সব থবর জানতে পাই। ইরানীদের বিজয় সংবাদ শুনলে ওথানকার লোকেরা সে নবীকে বিদ্রুপকরে।

কাইজারের দূতদের দূরাবস্থা দেখলে এরা আবার মাথা তুলে দীড়াবে আরবের কোন পাগলও তা বিশ্বাস করবেন!। সম্ভবত সন্ধির খবর এখনো ইয়াসরিব পৌছেনি। গুনলে ইয়াসরিবের লোকেরাও তাকে উপহাস করবে। জাঁহাপনা। আমি আশ্চর্য হচ্ছি ওইসব লোকদের দৃঃসাহস দেখে, যারা আপনাকে এ ভবিষ্যত বাণী গুনিয়ে পেরেশান করছে।'

কিসরা ক্রুন্ধ কণ্ঠে বললেনঃ 'এ সংবাদে আমি পেরেশান নই। আমি কাইজারের অহংকার চিরদিনের জন্য ধূলায় মিশিয়ে দিয়েছি। ওরা আর কোনদিন মাথা তুলে দাঁড়াতে পারবে না। কিন্তু আমার বুঝে আসছেনা, এক আরব কেন আমাদের বিরুদ্ধে ভবিষ্যতবাণী করল। আমাদের শক্তির খবর জানেনা, পৃথিবীতে কি এমন লোকও আছে!'

ঃ 'আলীজাহ। রোমানদের ফুসফুসে যখন খানিকটা বাতাস ছিল, আরবের নবী তখন তবিষ্যতবাণী করেছিলেন। ওরা ভেবেছিল, যুদ্ধের গতি ফিরে যাবে। আমি তো পাঁচ বছর পূর্বেই এ সংবাদ পেয়েছিলাম। কিন্তু তখন কেউই এ ভবিষ্যতবাণীর কোন গুরুত্ব দেইনি।'

পারভেজ ঝাঁঝের সাথে বলগেনঃ 'পাঁচবছর পূর্বে খবর পেয়ে থাকলে জামায় জানাওনি কেন?'

ঃ 'জাঁহাপনা! দ্নিয়ার কোন শক্তি আপনাকে পরাজিত করতে পারে, এ ব্যাপারে আমার দুন্যতম আশংকা থাকদেও আপনার খিদমতে হাজির হতাম। কিন্তু আপনার বিজয় সরগাবের সামনে এ ভবিষ্যতবাণী অর্থহীন। খৃষ্টান পান্তীরাওতো বলেছিল, ইরানী ফৌজ জেরুজালেমের প্রাচীর লংঘন করতে পারবে না।' কিসরার নির্দয় ঠোটে ফুটে উঠল এক চিলতে কৃটিল হাসি। গভর্ণরের মনে হল অককাৎ খড়গটি ভার মাথার উপর থেকে নেমে গেছে।

আপাতঃ দৃষ্টিতে সবাই দেখছিল রোমদের অপমানকর পতন। কন্তুনত্নিয়ার শাসকরা আধারের গতীর আবর্তে ঘুরপাক থাছিল। নিঃশেষ হয়ে গিয়েছিল আবার মাথা ভূলে দাঁড়াবার সব সম্ভাবনা। দিগন্তে হারিয়ে গিয়েছিল হেরাক্লিয়াসের সৌভাগ্য সূর্য। ভার ভাগ্যের কালো রাতের নিস্প্রদীপ আকাশে কে দেবে ভোরের পয়গাম।

কিন্তু পৃথিবীর এক কোণের কিছু মানুষের কাছে জয় পরাজয় তখনো নির্ধারিত হয়নি।
ইরানীদের বিজয় সংবাদে কোরেশরা তাদের উত্যক্তত করতো। পরিশেষে রোমানরা বিজয়ী
হবে, মহানবীর (সঃ) এ ভবিষ্যতবাণী ওরা মনে প্রাণে বিশ্বাস করেছিল। যুগের কোন পরিবর্তন,
কোন ইনকিলাব তাদের এ বিশ্বাসে চিড় ধরাতে পারেনি।

রোমানরা বিজয়ী হবে মকার কাফেরদের কাছে এ ছিল অবাস্তব। ওরা আন্তর্য হতো এই ভেবে যে, এ ভবিষ্যতবাণীর সাথে সাথে মুসলমানদের বিজয়ের সংবাদও দেয়া হয়েছিল। আর তাই ওরা রোমানদের পরাজয়ের অপেক্ষা করছিল। কিসরার যেমন দৃঢ় বিশ্বাস ছিল, রোমানরা মাথা তুলবেনা, মুহামদের (সঃ) অনুসারী সেই মুষ্টিমেয় মানুষেরও তেমনি দৃঢ় বিশ্বাস ছিল, রোমানরাই বিজয়ীহবে।

রাতের অধারে পালিয়ে যাওয়া অসহায় মানুযগুলো কোন ময়দানে জয়লাভ করবে, কোরেশদের ফাছে এ হাস্যকর মনে হতো। তবু তারা বলতো পরাজিত হলেও কাইজার রোম সম্রাট। বসকরাসের পাড়ে রয়েছে তার বিশাল সেনা ছাউনী। গীর্জা তার পক্ষে। দেশের হাজার হাজার মানুষ তার ডাকে সাড়া দেবে। কিন্তু মুহমদ (দঃ)। অল্প ক'জন চাকর বাকর সহ তাঁকে দেশ ত্যাগে বাধ্য করা হয়েছে। কি আছে তার থ সেও নাকি বিজয়ের স্বপুদেখে।

আত্মীয় স্বজন জার আপনজনদের অত্যাচারে অতিষ্ঠ হয়ে অসহায় এবং নিঃসংগ অবস্থায় যিনি একদিন মদিনার পথ ধরেছিলে, কে জানতো তার এ ক্ষুদ্র কাফেলার প্রতিটি কদম বিজয়ের দিকে এগিয়ে চলছে কে জানতো, পথের দুধারের যে পর্বত উপত্যকা এদের অসহায় ছবি দেখেছিল তারাই একদিন এদের পদভারে কেঁপে উঠবে। কুফরের কুজঝটিকা থেকে বাঁচার জন্য যে আলো অন্যত্র আশ্রয় খুঁজছিল, তারই আলোকছটায় মন্ধার দিকবিদিক ঝলমলিয়ে উঠবে একথা কি করে ভাববে সাধারণ মানুয়। পৃথিবী চেয়ে চেয়ে দেখছিল আববের সর্বত্রই কেবল ইসলামের দুশমন আর জনারবে রোমানদের শক্রে। ওদের কাছে ইসলামের ভাগ্য ছিল মন্ধার মূশরিকদের হাতে। আর রোমানদের ভাগ্য ছিল ইরানীদের হাতে।

শরদশতের ধর্ম খৃষ্টবাদের উপরে বিজয়ী হয়েছে, এ ডেবে অগ্নিপূজারীরা উল্লাস করছিল। লাত মানাড ইসলাম কে নিঃশেষ করতে পেরেছে ডেবে কোরেশরা ছিল আনন্দিত। কিন্তু মহানবীর (সঃ) ভবিষ্যতবাণী অবিশ্বাস করার মত একজন মুসলমানও ছিল না। ওরা ছিল তাঁর সে চিন্তাধারার সাথে একাজা। অনাগত ভবিষ্যতের স্বপ্নীল আশায় ওরা নির্যাতন সয়ে যাছিল। পৃথিবীর কেউ ওদের মত এতটা অত্যাচার সরনি। আবার নিজের ভবিষ্যত নিয়ে ওদের মত এতটা অত্যাচার সরনি। আবার নিজের ভবিষ্যত নিয়ে ওদের মত এতটা আশাবালীও কেউ ছিল না। রোমানরা কিভাবে বিজয়ী হবে, অসহায় মুসলমানরা কাফিরদের পরাজিত করবে কি ভাবে, তাদের এসব ভাববার দরকার ছিল না। ওরা শুধু জানত, মহানবী (সঃ) বিজয়ের ভবিষ্যত বাণী করেছেন।

রোমান সৈন্যরা ময়দান ছেড়েছে। কোষাগার শূন্য। গর্বিত দূশমন তাদেরকে অপমানকর শর্তে লিম্ন করতে বাধ্য করেছে। প্রজা সাধারণ নিরাশ। ওরা উপহাস করছে হেরাক্লিয়াসকে। রোমের রাজমুকুটে গোলামীর শৃংখল। তার নৌকায় এখন শতছিদ্র। কিছু দিন পূর্বেও রোমানরা যাকে মৃতিদাতা মনে করত, যার পথে ফুল বিছিয়ে দিতো, আজ তাকে উটকো ঝামেলা মনে করছে।

কিন্তু তারা কি কানতো, পতনের সর্ব নিমে অবস্থান করে হঠাৎ করেই এক অদেখা শক্তি ভংপর হয়ে উঠবে। যে শক্তি রহমতের বৃষ্টি বর্ষণ করেন, শীতের প্রকোপে পাতা ঝরা মরা বৃদ্দে যার ইশারায় হেনে ওঠে জীবনের স্পন্দন, গাছে গাছে দেখা দেয় সবৃদ্ধের সমারোহ। সে শক্তিই তো মান্বের কপালে একৈ দেয় ভাগ্য লেখা। ওরা কি জানতো, তাদের অলন, বিলাস গ্রিয় সমাট হঠাৎ গা ঝাড়া দিয়ে উঠবেন। অগ্নিতাপে যে শিরা উপশিরা স্পন্দিত হয়নি তাতেই ভাগ হবে উগবগে খুনের সন্তরণ। কোন রোমান কর্মনাও করেনি কোন ঐশী শক্তি এক মৃত সমাটকে কবরের গভীর থেকে টেনে দুঃসাহসী মান্বের কাতারে এনে দাঁড় করাবে।

হেরাক্লিয়াসের অপাংশুের অতীত ওদেরকে একথা ভাবতে বাধ্য করেছিল যে, কুদরত যদি তাদের কল্যাণ চান তবে আগে এ অযোগ্য সম্রাটের বোঝা তাদের ঘাড় থেকে সরিয়ে দেবেন। যে সম্রাট পরাজয় আর অপমান ছাড়া ওদের কিছুই দিতে পারে নি।

এই ক'বছর পূর্বেও মক্কার অলি গলিতে ইসলামের নবীর ভবিষ্যত বাণীকে উপহাস করা হয়েছিল। আজ তারই রূপায়নের সময় এসেছে। সবাই যখন নিরাল, হেরাক্লিয়াস তখনি জড়তার নিরা থেকে আড়মোড়া দিয়ে উঠলেন। বাহু যখন দূর্বল তখনি মরচে পড়া তরবারী হাতে ভূলে নিলেন। পৃথিবীর সব অপমান আর জিল্লাভীর বোঝা যখন তার কাঁধে চাপিয়ে দেয়া হল, তখনি তিনি ইজ্জতের পথ বেছে নিলেন।

কিসরার মত এক শক্তিয়ান দৃশমনের মোকাবিদা করার জন্য সেনাবাহিনীকে শক্তিশাদী নদার প্রয়োজন ছিল। তার জন্য প্রয়োজন ছিল প্রচুর অর্থ। পারভেন্ড তাকে খেরাজ জমা করার জন্য যে সময়টুকু দিয়েছিলেন, তিনি যুদ্ধের প্রস্তৃতিতে তা ব্যয় করলেন। কোষাগার শূন্য। সুতরাং হেরাক্লিয়াস গীর্জা এবং খানকায় দীর্ঘ দিনের জমা করা সম্পদে হাত দিলেন।

পাদ্রীরা এ সম্পদ হাতছাড়া করতে সহজে রাজি হলনা। কাইজার তাদের বললেন ঃ
'তোমাদের কাছ থেকে ধার নিচ্ছি। সময়মত সৃদসহ এর সব ফিরিয়ে দেব। ইরানী খেরাজ
দেয়ার পরও যে শান্তি আসবেনা, পাদ্রীরা তা জানতো। ওরা জানতো, এ সম্পদ একদিন
ইরানীদের হাতে চলে যাবে। এজন্য ইচ্ছা— জনিচ্ছায় হোক পাদ্রীরা তাদের শৃকানো সম্পদ
কাইজারের হাতে তুলে দিল।

ইরানের সাথে একটা যৃদ্ধ জরুরী হয়ে পড়েছিল। ওরা এক হাজার তরুলী দাবী না করণে কাইজার হয়তো প্রজাদের হাত থেকে শুকনো রুটির টুকরা ছিনিয়ে হলেও কিসরার দাবী মেটাতেন। দুতদের মুখে কিসরার শর্তাবলী তনে তার করণীয় ছিল দুটো, অসহায় প্রজাদেরকে ইরানীদের হাতে ছেড়ে দেয়া অথবা জীবন মৃত্যু সম্পর্কে বেপরোয়া হয়ে ইরানের বিরুদ্ধে শড়াই করা। কাইজার দ্বিতীয় পথই গ্রহণ করলেন। আধমরা প্রজাদে মনে হল, দুর্বল, অসহায় এবাং বিলাসপ্রিয় সমাটের মনে হঠাৎ করে পরিবর্তন এসেছে।

যে সব গরীব প্রজারা কেব্লমাত্র বেঁচে থাকার জন্য সকল অপমান নীরবে সহ্য করছিল, ওদের তেতর এল নতুন উদ্দীপনা। ওরা মৃত্তির শ্লোগান তুলে কাইজারের পতাকা তলে জমায়েত হতে লাগল। যে সেনাবাহিনী শুধুমাত্ত কন্তৃনতুনিয়ার হিফাজভের জন্য যুদ্ধ করতে পারতো, পৃথিবীর এক প্রান্ত থেকে অপরপ্রান্ত পর্যন্ত অভিযান পরিচালনার হিম্মত সৃষ্টি হল ওদের ভেভর। বাজনাতীন সালভানের সম্রাট এবং প্রজাদের এ পরিবর্তন ইভিহাসের এক অবিশ্বাস্য ঘটনা।

সেনাবাহিনীতে নতুন ভর্তি এবং মর্মরা সাগরে নৌ—শক্তি বৃদ্ধির কাজে ব্যস্ত রইলেন কাইজার। তথনো বসফরাসের ওপারে দেখা যাচ্ছিল ইরান বাহিনীর সেনা ছাউনী। পূর্ণ প্রভৃতির পরও হেরাক্রিয়াস ইরানীদেরকে হামলা করার ঝুঁকি নিলেন না। তিনি জানতেন, খ্যর্থ হলে ওদের জবাবী আক্রমনে কন্তুনতুনিয়া ধ্বংস হয়ে যাবে। আর বিজয়ী হয়ে তার ফৌজ পূব দিকে এগিয়ে গোলে পেছন দিকে বিপজ্জনক রূপ নিতে পারে। '

চূড়ান্ত প্রস্তুতি সম্পন্ন হল। কন্তুনভূনিয়ার দায়িত্ব সিনেটের উপর ছেড়ে দিয়ে হেরাক্রিয়াস সমৈন্যে জাহাজে চেপে বসলেন। মর্মরার চেউ কেটে তর তর করে এগিয়ে চলল রোমানদের যুদ্ধ জাহাজ। সিরিয়ার পশ্চিমে ইস্কন্দারিয়ার উপসাগরে জাহাজ নোংগর করল। এককালে এখানেই আলেকজাভার দারাকে পরাজিত করেছিলেন। হেরাক্রিয়াসের এ অভিযান ছিল যুকিপূর্ণ। ইরানীরা ইচ্ছে করলে বসফরাসের পূর্ব পাড় ধরে এগিয়ে কন্তুনভূনিয়ায় আঘাত হানতেগারতো।

এ জন্যই সিনেটকে তিনি নির্দেশ দিয়ে গিয়েছিলেন যে, পরান্তিত হলে যেন জাতাসমর্পণ করে। কিন্তু খালকদুনের আশপাশের ইরানীরা ডড়িৎ কোন ফয়সালা করতে পারেনি। হেরাক্লিয়াস হেরাক্রিয়াস এরপর এমন স্থানে পৌছলেন যেখান থেকে সিরিয়া এবং জারমেনিয়া জরক্ষিত হয়ে পড়ল। ইরানীরা ভয়ে কন্তৃনভূনিয়া হামলা করল না। এশিয়া সীমান্তের পাহাড়ী কবিলাগুলোর সাথে ভার ছোট খাট সংঘর্ষ হল। ফিন্তু কন্তৃনভূনিয়ার পরিস্থিতি ভাকে ফিরে যেতে বাধ্য করল। এ অভিযানে কোন লাভ না হলেও এর প্রভাব ছিল স্পুরপ্রসারী।

এই প্রথমবার রোমানরা ব্রাল যে তাদের অলস সমটি প্রজাদের জন্য যে কোন ঝুঁকি নিতে পারেন। এর ফলে নিস্প্রাণ জনগণের মধ্যে জেগে উঠল বেঁচে থাকার অনুপ্রেরণা। ফিরে এলো হিমত ও সাহস। অপরদিকে উত্তর পশ্চিম এশিয়ায় নিপিড়ীত খৃষ্টানদের ডেতর জ্বলে উঠল আশার ক্ষীণ আলো। প্রতিটি বিজিত এলাকায় খৃষ্টানরা সীমাহীন আবেগ নিয়ে রোমান সৈন্যদেরকে অভ্যর্থনা করতে লাগল। হেয়াঝ্লিয়াস ব্র্থপেন, এরা এখনো তাহলে ভোলেনি।

একবার ইরানীদের পরাজিত করতে পারলে চারদিকে বিদ্রোহে জাগুন জ্বলে উঠবে। কিন্তু ইরানীরা হেরাক্লিয়াদের এ অভিযানে কৌতৃক কোধ করছিল। দন্তগিরদে ভার এ আক্রমনের সংবাদ পৌছার পর পোরোহিতরা কিসরাকে বলতে লাগল ঃ 'জাঁহাপনা, এবার হেরাক্লিয়াসের অভিয সময় ঘনিয়ে এসেছে।' হেরাক্লিয়াসের ফিরে যাবার সংবাদ পেয়ে পারভেজ ভার মোসাহেবরা অট্টহাসিতে ফেটে পড়ল। হেরাক্লিয়াস তখন নিনুয়া অভিযানের প্রস্তুতি নিচ্ছিলেন।

কৃষ্ণসাগরে প্রবেশ করণ হেরাক্লিয়াসের যুদ্ধ জাহাজ। তরাবজনের কাছে এক স্থানে জাহাজ নোংগর ফেলল। জারমেনিয়ার খ্রীষ্টনরা দলে দলে কাইজারের পতাকা তলে সমবেত হতে লাগল। কোন ফয়সালা করার পূর্বেই কিসরার কাছে পরপর এ সংবাদ পৌছতে লাগল। হেরাক্লিয়াসতখন আজারবাইজানে প্রবেশ করেছেন।

একদিন খবর এপ, যরদশতের জন্ম স্থান ইরানীদের প্রাচীন শহর আরমিয়া রোমানরা জয় করে নিয়েছে। নিতিয়ে দেয়া হয়েছে ওদের পবিত্র জগ্নিকৃত। যেরুজালেমের যে মর্যাদা খৃষ্টানদের কাছে জারমিয়ার সে মর্যাদা ছিল। খৃষ্টানদের মতোই এরা এ শহরকে জপরাজ্যে মনে করতো। এ শহরের পতনের ফলে ইরানীরা ভড়কে গেল। ক'দিন পূর্বে রোমানদের অবস্থার মত হল এদের অবস্থা।

কুদরত এবার ভাগ্যের পাতা উন্টে দিছিলেন। ইতিহাস সোনার অক্ষরে নিখে রেখেছে এ সময়ের থারেক বিজয়ের কাহিনী। যে কাহিনী বদরের ময়দানে ভিনশত তেরজনের বিজয়ের কাহিনী। বিজয়ী হল যে দীন, দে দীন শুধু খারবই নয় বরং পৃথিবীর সকল জুলুমের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিল। এ বিজয় কোন ব্যক্তি বা বংশের নয়। এ বিজয় সত্যের। এ বিজয় শাশত বিধানের। এর পতাকা ভূলেছিলেন প্রিয় নবী হয়রত মুহম্মদ (সঃ)।

একদিকে ইরানীদের পরাজিত করে রোমানরা উল্লাস করছিল। অপরদিকে বদরের বিজয়ে মহানবীর অনুসারীরা আল্লার দরবারে ছিল সিজদায় রত। একদিকে ইরানে অপরদিকে মঞ্জার কাঞ্চিরদের ঘরে ঘরে শুরু হল আহাজারী। পূর্ণ হল মহানবীর (সঃ) ভবিষ্যৎ বাণী। রোমানরা

কয়েসার ও কিসরা ৩৪৩

ইরানীদের উপর আর মুসলমানরা কাফেরদের উপর বিজয়ী হতে লাগল। এরপর ও ইরানীদের মতো কোরেশরাও আশাবাদী ছিল যে, ওরা আবার পরাজিত করবে প্রতিপক্ষকে।

উত্তর পূর্ব এলাকাগুলি পদানত করে কাইজার কাজওয়াইন এবং ইস্পাহানের দিকে এগিয়ে চললেন। ছড়িয়ে ছিটিয়ে থাকা সেনাবাহিনীকে ডেকে পাঠালেন কিসরা। কিসরার ফৌজ পাসার পূর্বেই কাইজার সিরিয়া এবং জট্রিয়া দখল করে নিদেন। যুদ্ধের পলিসি পান্টে দিলেন কাইজার। নিয়মিত লড়াই বাদ দিয়ে তিনি বিভিন্ন শহর এবং কেল্লায় হামলা করতে লাগলেন। কোন ময়দানে ইরানী ফৌজের জমায়েত হওয়ার সংবাদ পেলেই হঠাৎ তার গতিপথ বদলে যেত। মাসের পথ অতিক্রম করতেন হপ্তায়। ওখানে গিয়ে ইরানীদের অপর কিল্লায় আঘাত হানতেন।

পারভেজ দেনাবাহিনীকে তিন ভাগে ভাগ করলেন। পঞ্চাশ হাজার অভিজ্ঞ ফৌজ পাঠালেন হেরাক্লিয়াসের সাথে যোকাবিলা করার জন্য। অন্য দশ হাজার পাঠালেন রোমানদের পেছনে রসদ আসার পথ বন্ধ করে দিতে। তৃতীয় দলকে পাঠালেন কল্তৃনত্নিয়া আক্রমণ করার জন্য। বাধ্য হয়ে কাইজারকে কৃষ্ণ সাগরের দিকে সরে আসতে হল। এখানকার লোকেরা একজন বিজয়ী বীর হিসেবে তাকে অভার্থনা জানাল। হাজার হাজার খৃষ্টান তার পতাকা তলে জনায়েত হতে লাগল। কৃষ্ণ সাগরের পাড়ে ছাউনী ফেলে তিনি নতুন আক্রমণের প্রস্তুতি নিতে লাগলেন।

পেছনে শক্তিশালী নৌবহব। রসদ আগমনের পথ তার জন্য খোলা ছিল। কিন্তু যখনই ইরানীরা পূর্ব ডৎপর হয়ে উঠল অবস্থারও কিছুটা পরিবর্তন হতে দাগল। বিজিত এলাকার যে সব খৃষ্টানরা হেয়াক্লিয়াসের বিজয়ের মধ্যে দেখেছিল সুখের হাতছানি ওরা এবার নিচিত্তে বসে থাকতে পারল না। যে ইরানী সেনাপতি কল্তুনত্নিয়ায় হামলা করার জন্য এগিয়ে আসছিলেন তিনি তখন খালকদুন। রোমনরা খাকান কে এক লক্ষ আশ্রাফি দিয়েছিলেন। কিন্তু ওরা শেষ পর্যন্ত ইরানীদের সাথে মিশে গেল। এছিল ইয়ান সেনাপতির প্রথম বিজয়। জংলীরা গ্রামগঞ্জ মাড়িয়ে কল্তুনত্নিয়ার দিকে এগিয়ে আস্তে লাগল।

রোমের রাজধানীর জন্য এর চেয়ে বড় বিপদ জার কখনো আসেনি। খাকানের সাথে সন্ধির চেটা করে ব্যর্থ হলো কন্তুনতুনিয়ার নেতারা। রাজধানী থেকে সরকারী প্রতিনিধি দল যখন খাকানের কাছে পৌছল খাকানের দৃপাশে তখন ইরানের দৃত। রোমানরা জনেক সোনা রূপার উপটোকন নিয়েছিল। ওদের কথা গুনে খাকান তাঞ্ছিল্যের সাথে বললঃ এ সামান্য উপহারে আমার মন ভরবেনা। আমাকে কন্তুনতুনিয়া শহরটা নজরানা দিতে হবে। তোমাদের সম্রাট পালিয়ে গিয়ে না থাকলে এতাঙ্কণে নিশ্বয় ইরানীদের হাতে কন্দী হয়েছে। কন্তুনতুনিয়া এখন জামার করুণার তিখারী। তোমরা পাখী হয়ে উড়ে গেলে অথবা মাছ হয়ে সাগর পাড়ি দিলেও আমার হাত থেকে বাঁচতে পারবে না।' রোমের প্রতিনিধি দল যখন খাকানের ক্যাম্প থেকে বেরিয়ে এল তখন ওদের পরনে জাইঙ্গা ছাড়া আর কিছুই ছিল না। এরপর জংলীদের উপর্যুপরী হামলায় কন্তুনতুনিয়ার জনলীবনে নেমে এল চরম বিপর্যয়।

ইরানী জেনারেশ বসক্রাসের ওপাড়ে বসে অর্ধমৃত শিকারের উপর চ্ড়ান্ত আঘাত হানার অপেকার ছিলেন। রোমানদের প্রতিরোধ শক্তি নিঃশেষ প্রায়। যে আবেগ হেরাক্নিয়াসের জন্য বিজয়ের পুরার খুলে দিয়েছিল সে আবেগে ভাটা পড়ে এসেছিল। হেরাক্রিয়াস কোথায় ওরা জানতনা। যুগ যুগ থেকে যে বিপর্যয় ওরা দূরে ঠেলে রেখেছিল,ভাই এখন মাথার উপরে।

একদিন আচারিত বসকরাসের কালো জলরাশির বৃক চিরে এগিয়ে এল একটা যুদ্ধ জাহাজ। জাননে চিৎকার করে উঠল পাঁচিলের উপর পাহারারত সিপাইরাা। হেরাক্রিয়াস আসহেন। ঈশ্বর শুনেছেন তাদের প্রার্থনা। কিন্তু কাইজার এ জাহাজে ছিলেন না। তিনি কন্তুনতুনিয়ার হেফাজতের জন্য বার হাজার সৈন্য পাঠিয়েছিলেন। এই বিশাল নৌবহর সমন্ত শক্র জাহাজ ধ্বংস করে দিল। একজন নীরব দর্শকের মত ইরানী সিপাহসালার এ দৃশ্য দেখছিলেন। তাতারীরাও ভরকে

গেল। লুটপাট করার জন্য এসেছিল ওরা। কিন্তু এবার ওরা নিরাশ হয়ে অবরোধ ভূলে নিল।

এছিল কন্তৃনত্নিয়ার জন্য সবচে চরম অবস্থা। কিন্তু তখনো রোমানদের আকাশ থেকে বিপদের কাল মেঘ কেটে যায়নি। পারভেজ তখনো পাঁচ লাখ সৈন্য ময়দানে হাজির করতে পারতেন। তাতারীরা ফিরে গেলেও খালকদুনের ইরানী ছাউনীতে হতাশা নেমে আসে নি। ওরা তখনো বিজয় সম্পর্কে আশাবাদী। ওরা যে কোন সময় কন্তুনত্নিয়া ধূলায় মিশিয়ে দিতে পারে।

হেরাক্রিয়াস নত্ন চাল চাললেন। ভলগার ওপরের ত্কী সমাটের কাছে ভিনি বন্ধুত্বের প্রগাম পাঠালেন। ওরা ছিল জাভ থোদ্ধা। সমাটের নাম জ্বেল। কাইজার তৈফলসের কাছে ভাকে জর্ভার্থনা জানালেন। নিজের মৃকুট খুলে তার মাথায় পরিয়ে দিয়ে বললেনঃ 'ভূমি জামার ছেলে।' এরপর এক প্রীতি ভোজের ব্যবস্থা করলেন। সন্মানিত স্বাইকে দামী উপহার দেয়া হল। নিজের রূপসী মেয়েকে যুবক সম্রাটের কাছে বিয়ে দেয়ার প্রভাব দিলেন হেরাক্রিয়াস।

ভূকী সমাট এতে দারূপ প্রভাবিত হলেন। চল্লিশ হাজার গড়াকু শামিল হল কাইজারের সাথে। এনিয়ে রোমান সৈন্য সংখ্যা দাঁড়াল সত্তর হাজারে। এরপর কাইজার মধ্য ইরানে গিয়ে জসংখ্য ইরানীর মোকাবিলা ফরার ঝুকি নিডে চাইলেন না। তিনি কখনো আরমেনিয়া, কখনো সিরিয়ার ইরানী চৌকিতে হামলা করতে লাগলেন। এভাবে কাটল ক'দিন। বসফরাসের পূর্ব পাড়ের সেনা ছাউনী কাইজারের জন্য বিপদ হয়ে দেখা দিল। পূর্ব দিকে এগিয়ে আসাও তার জন্য বিপজনক ছিল। কিছু কুদরত আর একবার তাকে সাহায্য করলেন।

একদিন সহকারী সেনাপতির কাছে পৌছণ পারভেজের দৃত। সাথে সরকারী হৃকুম নামা। হকুমনামায় দিখা ছিল সেনাপতিকে হত্যা করে তার মাথা আমার কাছে পাঠিয়ে দাও। তৃমি নিজেগ্রহণ কর সেনাপতির দায়িত্।

দৃত ভূগ করে চিঠি ভূলে দিশ সেনাপতির। তার মন বিষিয়ে উঠল। তিনি চিঠি লিখলেন। তাতে পারতেজের সীলপ্রায় চারশো ফৌজি অফিসারকে জমায়েত করলেন তিনি। তর জলসায় পারতেজের এ নির্দেশনামা শুনিয়ে সহকারী সেনাপতিকে জিজ্ঞেস করলেনঃ 'ত্মি এ চারশো

কায়দার ও কিসরা ৩৪৫

@Priyoboi.com

ফৌজি অফিসারকে হও্যা করার নির্দেশ পেয়েছো। পারভেজের নির্দেশ পালন করতে কি ভূমি প্রস্তৃত?'

কোন জবাৰ দিল না দে। ফৌজি অফিসাররা অত্যাচারী সম্রাটের বিরুদ্ধে ঐক্যবস্ক হল। কিন্তু দেনাপতি বললেনঃ 'রোমানদের সাথে মিশে আমরা নিজের দেশ আক্রমণ করব না। আমার পরামর্শ হল, এ মুদ্ধে আমরা নিস্কুপ বসে থাকব।'

অফিনাররা সেনাগতির এ নির্দেশ মেনে নিল। সেনাগতি কাইজারের কাছে লিখে পাঠালেন যে, 'আমার সৈন্যরা ভবিষ্যতে আপনার বিরুদ্ধে কোন যুদ্ধে অংশ নেবেনা।'

## বিসমিক্সাহির রাহ্যানির রাহীম।

'আল্লার রাসুল মুহম্মদ (সাঃ) এর পক্ষ থেকে ইরান সম্রাট কিসরার নামে। তাকে সালাম, যে হেদায়েতের অনুসরন করে। আল্লাই এবং তার নাসুলের (সঃ) উপর ঈশান আনার পর ঘোষনা করে যে আল্লাহ এক, এককা তিনি আমাকে সমগ্র বিশ্বের জান্য নবী করে পাঠিয়েছেন। প্রতিটি মানুষকে তিনি আল্লার ভয় দেখাতে পারেন। যদি তুমি ইসলাম গ্রহণ কর শান্তি পাবে। আর যদি ফিরে যাও তবে প্রজাদের সকল দায় দাগ্রিত্ব তোমার।'

'কারসু নদী'র পাড়ে ছাউনী ফেলেছেন কিসরা। মহানবীর (সাঃ) এ চিঠি পৌছল তার কাছে। সিরিয়া এবং আরমেনিয়া থেকে রোমানদের অগ্রাভিয়ানের খবর আসছিল। এরপর ও পারভেজের যেন কোন দৃঃশ্চিন্তা ছিলনা। শিকার এবং নাচ গানের আসর জমিয়ে রাখতেন তিনি। প্রতিটি নতুন সংবাদ পাওয়ার পর চাটুকাররা তাকে বলত ঃ 'কাইজারের অন্তিম সময় ঘনিয়ে এসেছে।'

খোলা ময়দানে এলে সমগ্র বাহিনীসহ সে ধ্বংস হয়ে খাবে। পারতেজের অহংকারের কারণ রোমানদের চে' কয়েকগুন কেশী ছিল তার ফৌজ। তার হাতীগুলোই রোমান সেনাবাহিনীকে পিষে ফেলার জন্য যথেষ্ট। পারতেজ রোমানদেরকে উত্তর—পশ্চিম সীমান্তে বাঁধা দিতে চাইলেন না। তিনি ওদেরকে এগিয়ে আসার সুযোগ দিলেন যেখান থেকে ওরা পালিয়ে যেতে পারবেনা। এমন এক পরিস্থিতিতে জাল্লার নবী কিসরার কাছে দৃত পাঠালেন, যার সামাজ্য মকার ক'জন মৃহাজির এবং মদিনার ক'জন আনসারের মধ্যে সীমাবদ্ধ ছিল। এমন এক ব্যক্তি পরাক্রমশালী সম্রাটকে জানুগত্যের দাওয়াত দিলেন, যার অনুসারীরা দৃ'বেলা পেট পুরে খেতে পায়না। যার ছিলনা কোন দৃর্গ অথবা নিয়মিত সেনাবাহিনী। শক্তি প্রদর্শনের জন্য যা প্রয়োজন তার কিছুই তার ছিলনা। এর আগে ইরান সম্রাটের নামের পূর্বে নিজের নাম লিখার দৃঃসাহস্ব কেউ করেনি।

দোভাষী সম্রাটকে চিঠির ভাষা বুঝাচ্ছিল। দরবারী হাসি চেপে রাখছিল বড় মুশকিলে। ওদের কাছে এ চিঠি এক উপহাস। রক্তলাল চোখে দূতের দিকে তাকালেন পারভেজ। হঠাৎ দোভাষীর হাত থেকে টেনে নিলেন মহানবীর পবিত্র চিঠি। টুকরো টুকরো করে ছিড়ে ফেললেন তা। এরপর ইয়ামেনের গভর্মর বাজানকে নির্দেশ দিলেন, যে নবী আমার কাছে চিঠি লিখার দুঃসাহস দেখিয়েছে, তাকে গ্রেফতার করে আমার কাছে পাঠিয়ে দাও।'

ইরানের অহংকারী শাসক রাস্পের (সঃ) চিঠির কোন গুরুত্বই দেননি। এমনকি দৃতকে শান্তি দেয়াও নিজের জন্য অপমানকর মনে করলেন। কিন্তু পারভেন্ধ কি জানতেন, যে চিঠি তিনি ছিড়ে ফেললেন, তা লৌহ মাহফুজে লিখা হয়ে গেছে। দৃত যখন রিক্ত হাতে ফিরে আসছিলেন, তখন কে বলতে পারতো, এসব নিঃস্ব মৃজাহিদদের পদভারে প্রকল্পিত হবে কিসরারসালতানাত।

কিসরা এবং তার দরবারীরা ভাবতো বাজানের একজন দৃত গিয়ে মদিনাবাসীকে বলবে, মৃহমদকে জামাদের হাতে ছেড়ে দাও। কার সাধ্য তখন তাকে আটকে রাখে।

প্রারব সাগরের আশপাশ মাড়িয়ে দক্ষিণ দিকে এগিয়ে গেলেন কাইজার। ছাউনী ফেললেন দক্ষার পাড়ের বিশাল ময়দানে। এ বিস্তীর্ণ মাঠে আজাে নিনায়ার ভাংগা চিহ্ন চােথে পড়ে। এতদিন পর্যন্ত রােমানদের পিছু ধাওয়া করার মধ্যেই ইরানীদের তৎপরতা সীমাবদ্ধ ছিল। এবার ওরা চ্ড়ান্ত লড়াইর নির্দেশ পেল।

এক প্রভাতে রোম ইরানের সৈন্যরা পরস্পরের মুখোমুখী দাঁড়ান। তৎপর হয়ে উঠন দ্'দল।
ধূলায় ছেয়ে গেল নিনোয়ার বিশাল বিস্তীর্ন ময়দান। হেরাক্রিয়াসের বীরত্ব হওবাক করে দিয়েছিল
সবাইকে। দুশমনের সারি ভেদ করে ডিনি ভেতরে ঢুকে পড়লেন। সাথে অল্প কজন সিপাই।
ইরানের সেনাপতি ছাড়াও ভার হাতে নিহত হল আরো দুজন বিখ্যাত সালার। নেজার আঘাতে
ভার ঠোঁট কেটে গেল। কেটে গেল ঘোড়ার একটা পা।

দুশমনের বৃহ্য ভেৎগে আবার তিনি নিজের দলে ফিরে এলেন। রোমানদের ভিতর ফিরে এল অমিত তেল্র। কিন্তু সেনাপতির মৃত্যুতে ইরানীরা তয় পেয়ে পিছু হটতে লাগল।

কায়সার ও কিমরা ৩৪৭

@Priyoboi.com

ধীরে ধীরে পরিস্থার হয়ে এল ময়দান। শক্তিমান ইরানীরা ছেড়ে গেল অসংখ্য লাশ এবং জন্ত্র সম্ভার। কয়েকবার পান্ধী হামলা করেছিল ইরানীরা। কিন্তু রোমানদের প্রচন্ড বিক্রমের সামনে দাঁড়াতে পারেনি ওরা। সূর্যান্ডের সময় ওরা পিছু সরে নতুন করে সারিবদ্ধ হতে লাগল। ময়দানে এখন জার তলোয়ারের ঝংকার নেই। গোধূলির বাতাস ভারী করে ভুগছিল আহতদের চিৎকার।

রোমানরা ডেবেছিল ইরানীরা পাশাবেনা। আবার ফিরে আসবে ময়দানে। কিন্তু রাতের আঁধার নেমে আসার সাথে সাথে ওরা আচমিত ছাউনীর দিকে সরে যেতে লাগল। রোমানরা নিহতদের সংকার জার আহতদের সেবা করল রাভডর। ডোরে দেখা গোল ইরানী ছাউনী শূন্য। এ অথাচিত বিজয়ের পর ওদের বিশ্রামের প্রয়োজন ছিল। কিন্তু শক্রের পিছু নেয়াকে ওরা জরুরী মনে করল।

এই প্রথম সমূদানে বিজয় পতাকা উড়িয়ে রোমানরা সামনে এগোতে লাগল। ক'দিন পর ধাংসের মুখোমুখী হল দন্তগিরদের বিশাল শহর। দূর থেকে দেখা গেল শাহী মহলের লেলিহান অগ্নি শিখা। রোমানদের আসার ন'দিন পূর্বে গারভেজ মাদায়েনের লিকে গালিয়ে গেলেন।

ইয়ামেনের গতর্নরের দরবার বসেছে। দরবারে সরকারী কর্মকর্তা ছাড়াও হাজির হয়েছে স্থানীয় ক'জন আরব এবং ক'জন ইহুদী সদার।

এক ফৌজি অফিসার ডেতরে ঢুকে মসনদের কাছে এসে বললঃ 'জনাব, মদিনা থেকে আমালের দৃত ফিরে এসেছে। ওরা আপনার খিদমতে হাজির হওয়ার অনুমতি চাইছে।'

্বাজান চঞ্চল হয়ে বললঃ 'এক্ষুনি ওদের নিয়ে এসো'

বেরিয়ে গেল অফিসার। ফিরে এক দুডকে সংগে করে। দৃভ দুজনের একজনের নাম বাবুইয়া, অন্যজন খসরু। ওরা ডেভরে ঢুকেই পিট পিট করে বাজানের দিকে চাইতে লাগল।

- ঃ 'চেহারা বলছে এ অভিযানে ভোমরা সফল হওনি।' বাজানের কণ্ঠ।
- ঃ 'ঠিকই ধরেছেন আলীজাহঃ' বাবুইয়া বলল। 'ধমক ধামকে কাজ না হলে কোন বাড়াবাড়ি করতে আপনি নিষেধ করেছিলেন।'
  - ঃ 'ভোমরা কি বলনি মহামান্য শাহানশার নির্দেশে তাকে গ্রেফতার করতে গিয়েছ।'
- ঃ 'বলেছি জাঁহাপনা। আমরা আরে। বলেছি, ভোমরা শাহানশার এ হকুম অমান্য করলে তার ইশারায় সমগ্র আরব মাটির সাথে মিশিয়ে দেয়া হবে।'
  - ঃ 'দে কি বলগ।'

বাব্ইয়া উৎকর্তিত চোখে এদিকে ওদিকে ভাকিয়ে বলগঃ'আলীজাহ। আপনার গোলাম এ ভর জনসায় সে কথা মুখে আনতে পারবেনা।'

ঃ 'আমি সে কথা গুনতে চাই।' বাজানের কণ্ঠে ক্রোধ।

বাবুইয়া সসংকোচে বলল ঃ 'আলীজাহ! সে বলল, ভোমার সম্রাটকে বলগে যে, খৃব শীঘ্রই মুসলমানদের হুকুমত কিসরার রাজ দরবার পর্যন্ত পৌছবে।' বিশ্বয়ে থ হয়ে রইল দরবারীরা। কক্ষে নেমে এল নিরবতা। এরপর পরস্পরের ফিসফিসানীর শব্দের সাথে ওদের ঠোঁটে ফুটে উঠল বিক্রুপের হাসি। ধীরে ধীরে অটহাসিতে দরবার কক্ষ্ ভেংগে পড়তে লাগল।

কিন্তু বাজান গন্তীর চোখে দূতের দিকে তাকিয়ে রইল। তার শীতল দৃষ্টি দরবারীদের হাসি থামিয়ে দিল। আবার দরবারে নেমে এল নিরবভা।

- ঃ 'ডোমরা মদিনার সদারদের বগনি যে শাহানশাকে ক্যাপালে তার পরিনতি ভয়াবহ হবে?'
- ঃ 'আলিজাহ। সে নবীকে (সঃ) যারা বিশাস করেছে আমাদের কথা তারা কানেই তোলেনি।
  তাদের হকুমত ইরান পর্যন্ত পৌছবে এজন্য তারা আনন্দিত। আমরা আকর্য হয়েছি এজন্য যে,
  তর জলসায় এ ঘোষনা দেয়ার পর কেউ টু শব্দটি করলনা। কেউ জিজ্জেস করলনা কি দিয়ে
  তারা এত বড় একটা সাম্রাজ্যকে পরাজিত করবে। আমাদের তখন মনে হয়েছে, তিনি যদি
  বলেন আকাশের সব তারাগুলো এনে ভোমাদের হাতে তুলে দেব, কেউ তাকে প্রশ্ন করবেনা
  তখান পর্যন্ত আপনার হাত পৌছবে কিভাবে?'
- ঃ 'জাঁহাপনা!' বনন বাবুইয়া 'তাদের তয় দেখানোর জন্য আমরা আমাদের অসংখ্য সৈন্য এবং হাতীর উল্লেখ করেছি। কিন্তু ওদের কথায় মনে হল এগুলোকে ওরা ভেড়া বকরীর চেয়ে বেশী কিছু মনে করেনা।

ওদের শিশু কিশোর যুবক বৃদ্ধ সবার কঠে একটাই শ্লোগান ঃ 'খোদার জমিনে আমরা তার দ্বীন কারেম করব। এজন্যই আমাদেরকে পয়দা করা হয়েছে। আমাদের নেতা যখন আমাদেরকৈ জিহাদের হুকুম দেবেন, পৃথিবীর কোন শক্তিই আমাদের মোকাবিলা করতে পারবেনা।'

বাজান প্রশ্ন করণ ঃ 'মদিনার মুসলমানদের জিজ্ঞেস করলেনা যে তোমাদের হাতী গোড়া কতগুলো। আর ইরানকে পরাজিত করার জন্য তোমাদের সেনাবাহিনী কোথায়?'

2 'তার দরকার ছিলনা। নিজের চোখে ওদের অসহায়ত্ব দেখেছি। ওরা কত যে নিঃস। তাদের নবী খেজুর পাতার চাটাইতে বিশ্রাম করে। গুনেছি মন্ধার শোকদের সাথে যুদ্ধে ওদের দারুন ক্ষতি হয়েছে। কোরেশদের সাথে আরবের আরো কটা কবিলা এক হয়ে গেলে ওরা আরবেই থাকভেগারবেনা।

ভায়েফের পথে আদার সময় বুঝেছি গোকজন ওদের উপর কতটা স্থ্যাপা। ওদের বুকে ক্রোধের যে আগুন জ্বাছে তা মুসলমানদের ঘর পর্যন্ত পৌছতে বেশী দেরী হবেনা। আমরা ইয়াসরেবের ইহুদীদের সাথে কথা বলেছি। মুসলমানদেরকে মদিনা থেকে বের করে দিতে ওরা একাই যথেষ্ঠ।'

ঃ 'আরেকটা প্রশ্ন। মুসলমানদের নবীকে শ্রেফতার করার জন্য কজন সিপাই মদিনা পাঠালে এর ফলাফল কি দাঁড়াবে?'

- ঃ 'আমার বিশ্বাস পথের সকল কবিলা এবং মদিনার ইছদীয়া আমাদের সাহায্য করবে। কিন্তু মুসলমানরা তাদের নবীর জন্য দেহের শেষ রক্ত বিলুও বিলিয়ে দেবে।'
  - ঃ ' ভার মানে ওরা আমাদের শক্তি দেখলেও ভর পাবেনা ?'
  - ঃ 'জাঁহাপনা। ওরা খোদাকে ছাড়া কাউকে ভয় পায়না।'
  - এক ইহুদী বললঃ 'গোস্তাখী না হলে একটা কথা বলতে চাই।'

\$'বলো।'

ঃ 'এ সৰ আমার কাছে উপহাসের মত লাগছে। মদিনা কজন সিপাই পাঠিয়েই দেখুন। আমার দৃঢ় বিশ্বাস, কোন বৃদ্ধিমান তাদেরকে বাঁধা দেবেনা। যেমন রিস্ত হাতে ওরা মকা থেকে বেরিয়েছে, তারচে অসহায় হয়ে ওরা মদিনা থেকে পালাবে।'

এক আরব রইস বরে উঠলঃ 'আদীজাহ। মুসলমানদের কে তাদের নিজের অবস্থায় ছেড়ে নিলেও আপনার বিপদের কারণ হবেনা। এ মৃত্তুর্তে আমরা কিসরার বিজয় তার কাইজারের পরাজয়ের খবর শুনতে চাই। নিনোয়ার যুদ্ধের সংবাদে আপনার প্রজারা দারুন পেরেশ্যন।'

- ঃ 'আমাদের প্রজাদের এ আশ্বাস দিতে পার যে, হেরাক্রিয়াস আর এক কদম এগোলে তার ধ্বংস কেউ রুখতে পারবেনা। দন্তগিরদ অভিযানের ইচ্ছে না বদলে থাকলে তোমরা তার চরম পরাজয়েরখবরইশুনবে।'
- ঃ 'জাহাপনা।' বাবুইয়া বলল 'নয় বছর পার হয়ে যাবার পরও মুসলমানরা সে ভবিষ্যতবাণী বিশাস করছে। ওদের ধারনা শেষতক হেরাক্রিয়াসই বিজয়ী হবেন। আমরা তাদের সামনে যখন আমাদের সেনাপতির কথা বলছিলাম, তখন ওরা সরাই বলল যে, সে ভবিষ্যত বাণী পূর্ণ হবার সময়এসেছে।'

এক ফৌজি অফিসার গরম চোখে বাবৃইয়ার দিকে ভাকাল। বাজান নিজের উৎকণ্ঠা লুকোন্ডে গিয়ে বললঃ 'যুদ্ধের ফয়সালা যদি ভরবারীতে লেখা হয়, তবে রোমানদের কিসমন্ডের ফয়সালা করবে ইরানীদের তলোয়ার। কিন্তু যদি আমাদের বিরুদ্ধে কোন অদৃশ্য শক্তি ময়দানে এসে যায় তবে আমি কিছুই বলতে পারছিনা।'

এক ইছদী বললঃ 'যে নবী দেশ ছাড়া হয়ে মদিনায় গিয়ে অসহায় অবস্থায় জীবন কাটাচ্ছে, তার তবিষ্যতবাণীর এমন কি গুরুত্ব আছে?'

বাজান কিছু বলতে চাইছিল। এক যুবক হস্তদন্ত হয়ে কক্ষে প্রবেশ করে বললঃ 'আলীজাহ। মাদায়েন থেকে দৃত এসেছে। এক্দিন আপনার খিদমতে হাজির হবার অনুমতি চাইছে।'

পাহারাদারদের বাঁধা উপেক্ষা করে তিন ব্যক্তি ভেতরে ঢ্কল। পোশাক ধূলা মলিন। একজনের হাতে চিঠি। মসনদের কাছে এগিয়ে সে বললঃ 'গোন্তাখীর জন্য ক্ষমা চাইছি। কিন্তু পোপনার খিদমতে হাজির হওয়া জরুরী ছিল। আমরা মাদায়েন থেকে এক গুরুত্বপূর্ণ খবর নিয়ে এমেছি। এই নিনচিঠি।'

## www.priyoboi.com

বাজান চিঠি হাতে নিয়ে বললঃ 'মনে হয় মাদায়েন থেকে কোন ভাল সংবাদ নিয়ে আসনি।' মাথা নুইয়ে ফেলল দূত। বাজান কাঁপা হাতে চিঠি খুলল। বাকরুদ্ধ দরবারীরা বিষ্ট্রের মত ভার চেহারার পরিবর্তন দেখতে লাগল। অবশেষে বাজান গভীর খাস টেনে বললঃ 'মুসলমানদের

স্তব্ধ বিষয়ে নীরব হয়ে গেল দরবার। নিরবতা ভাংল বাজানের ডানপাশে বসা পুরোহিত।

নবীর ভবিষ্যতবাণী পূর্ণ হয়েছে। দন্তগিরদ ধ্বংস হয়ে গেছে।'

- ঃ 'এ নিস্তর্য দৃঃসংবাদ। কিন্তু দন্তগিরদ পতন হলেও আমাদের নিরাশ হওয়া ঠিক হবেনা। চূড়ান্ত লড়াই হবে মাদায়েনের গলিতে। আমাদের শাহ দৃশমনকে পরাজিত করে কন্তুনত্নিয়ার মহল পর্যন্ত কাইজারকে ধাওয়া করবেন।'
- ঃ 'ইরানের যে শাহের নাম ছিল পারভেজ, তার মৃত্যু ঘটেছে।' বাজান বলল। 'তোমাদের নত্ন সমাটের নাম শেরওয়া।'

এরপর বাজান দূতের দিকে ফিরে বললঃ 'চিঠি খৃব সংক্ষিপ্ত। আমি তোমার মুখে সব গুনতে চাই।'

দৃত বলতে লাগল। দরবারীরা গাঁঢ় নিরবতায় শুনতে লাগল পারভেন্ধের চরম বিপর্যয়ের কাহিনী।

কি এক আশ্বর্য তার অকল্পনীয় বিজয়। হেরাক্রিয়াস দন্তগিরদ আসহে নিনোয়ার জয়ের পর এ সংবাদ পারভেজের সনে তয় ধরিয়ে দিয়েছিল। রোমানরা আসার ন'দিন পূবেই কারো সাথে পরাদর্শ না করে মহলের গোপন পথে মাদায়েনের দিকে ভেগে গেলেন তিনি।

হারেমের তিন শত তরুনীর মধ্যে মাত্র তিন জন এবং বেগম শিরীকে নিয়েছিলেন সাথে। বাকী রাত কাটালেন দন্তগিরদের কাছে এক কৃষকের ঝুপড়িতে। তৃতীয় দিন প্রবেশ করলেন মাদায়েন। তথন সেনাবাহিনীর কথা মনে পড়ল। মনে জাগল ধনরত্ব সংরক্ষণ করার চিন্তা।

দন্তগিরদের সেনাবাহিনী ভার চাইতে রোমানদের ভয়ে তার হকুম মানতে বাধ্য হল। হাতের সামনে যা পেয়েছিলেন তা নিয়েই তিনি মাদায়েনের পথ ধরেছিলেন। পরে তিন হাজার নর্তকীকে দন্তগিরদের পাশেই এক কিল্লায় পৌঁছে দেয়া হয়েছিল। ঝড়ের থেগে দন্তগিরদ প্রবেশ করল রোমান ফৌজ। কিসরার মহল থেকে লকলকিয়ে উঠল আগুনের লেলিহান শিখা। রোমানরা আসার পূর্বেই তাদের কাজ শেষ করে রেখেছিল বিজিত এলাকার বন্দী গোলামরা।

ইরানী ফৌজ শহর থেকে বেরিয়ে যেতেই ওরা দুটপাট শুরু করল। রোমানরা শহরে চুকে দেখল শহরের অলি গলিতে ছড়িয়ে ছিটিয়ে থাকা ইরানীদের লাশ। ইরানীরা ধন সম্পদ সাথে করে নিয়ে গিয়েছিল। এরপরও যে স্বর্ণ রৌপ্য কাইজারের হাতে এল তা ছিল আশাতিরিক্ত। গুড়গিরদ ধুলায় মিশিয়ে দেয়া হল। শাহী মহল পুড়িয়ে কাইজার মাদায়েনের পথ ধরলেন।

মাদায়েনের কাছে গিয়ে তিনি অনুভব করলেন সৈন্যরা ক্লান্ত। কয়েক হণ্ডার লাগাতার গরিশ্রমে ওয়া ভেংগে পড়েন্ডে। ভাছাড়া মাদায়েনের লোকেরা সেনাবাহিনীর সহযোগিতা ছাড়াই কয়েকদিন পর্যন্ত রোমানদের মোকাবিলা করতে পারবে। পারভেজের কাপুরুষতার কারণে দন্তগিরদের বিজয় সম্ভব হয়েছে। কিন্তু মাদায়েন ইরানীদের অন্তিত্ত।

এ শহর রক্ষায় ওয়া শরীরের শেষ রক্তবিন্দু টুকুনও বিলিয়ে দেবে। এত বড় বির্জয়ের পর হেরাক্রিয়াস এ খৃকি নিতে চাইলেননা। পূর্ণ প্রস্তৃতি নিয়ে ওদের আঘাত করতে হবে। সুওরাং তিনি সেনাবাহিনীকে ফিরে যাবার নির্দেশ দিলেন।

এবার ভার লক্ষ্য হল তাবরীজ। আসিরিয়ার ময়দান থেকে বেরিয়ে ফৌজ যখন পার্বভ্য এপাকায় প্রবেশ করল, শুরু হল তুখার পর্বভ। কিন্তু এ তুখার পর্বভ উপোক্ষা করে এগিয়ে চলল বিজয়ী গশকর। প্রায় পাঁচ হপ্তা পর গুরা ছাউনী ফেলগ ভাবরিজের কাছে।

সামনে বিপদ। এজন্য ইরানীরা পারভেজের নির্দেশ থেনে নিয়েছিল। কিন্তু এখন বিপদ সরে গৈছে। ওরা ঘৃণা ভরে তাকাতে লাগল বুযদীল সমাটের দিকে। নওশেরওয়ার নাডি তখন দেবতা নন। প্রতিটি অগ্নিপিন্ডে পুরোহিতরা এখন আর ভার জন্য প্রার্থনা করেনা। বরং এ উটকো ঝামেলা থেকে ওরা নিস্কৃতি চায়।

মাদায়েনের অলি গলি কেপে উঠল মিছিলে মিছিলে। পারতেজ সীনের হত্যাকারী। নিনোয়ার আর দন্তগিরদের পরাজয়ের জন্য দায়ী পারতেজ। এ সব যুদ্ধে নিহত হয়েছে ইরানের লক্ষ্ণ লক্ষ্ণ তরুন। রোমানরা যুদ্ধের প্রস্তুতি নিচ্ছে। পারতেজকে হত্যা করপেই আমরা তাদের সাথে সন্ধি করতেপারব।

পারভেজও জন সাধারণের মনের অবস্থা বুঝতেন। তিনি জ্ञানতেন, আওয়াম তাকে ঘূণা ছাড়া আর কিছুই দেবেনা। তিনি বর্তমান নিয়ে পেরেশান এবং ভবিষ্যতের ব্যাগারে নিয়াশ হয়ে পড়েছিগেন। তার সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা লোপ পেয়েছিল। মদে মাতাল হলে ও তার কানে ভেমে আসত সে সব মানুষের চিৎকার, যাদের তিনি হত্যা করেছিলেন।

জবশেষে একদিন গুমরাদের সভা ভেকে নিজের ছেলে মুরোজার শিরে মুক্ট পরাবার ইচ্ছে ব্যক্ত করলেন। বিজ্ঞু পরাজিও সম্রাটের প্রতিটি ইচ্ছেই অর্থহীন। গুমরাদের একটা দল ওখন ভার অপর ছেলে শেরওয়ার সাথে নিজেদের ভবিষ্যত জুড়ে দিয়েছে। সে ছিল পিতার চাইতে হিংস্ত, রক্ত পিপাসু।

মরোজা জন্যসূত্রে নিজকে মসনদের দাবীদার ভাবত শেরওয়া। সিপাইদের বেতন বাড়াবার প্রতিশ্রুতি দিয়ে এবং আওয়ামকে যুদ্ধের ঝামেলা থেকে মুক্ত করার আশ্বাস দিয়ে তাদের সাথে নিয়ে নিল। কিসরা যখন ব্যাপারটা অনুভব করলেন, তখন আর সময় নেই। তিনি পালানোর চেষ্টা করলেন। সিপাইরা তাকে সে সুযোগও দিলনা। পারভেজকে পাকড়াও করে শেরওয়ার সামনে নিয়ে এল।

শেরওয়া পিতার চোখের সামনেই নিজের আঠারোজন ভাইকে হত্যা করণ। পারভেঞ্চকে নিক্ষেপ করণ কয়েদখানার ক্ষম কোঠায়। ইরানের প্রভাপশালী শাসককে খেন জীবন্ত করর দেয়া

হয়েছে। হাজার হাজার মানুষকে তিনি যে যন্ত্রণা দিয়েছিলেন এখন ছেলের হাতে নিজেই তা ভোগকরছেন।

শুধা তৃষ্ণার কাতর পারডেজের চিৎকার, জার আবেদন দেয়াগে ধারা খেয়ে জবাব হয়ে তার কাহে ফিরে আসতো। যে ছিল চরম অহংকারী অত্যাচারী সে নিজেই অসহায় হয়ে কারা কক্ষের কঠিন যন্ত্রণা ভোগ করছিল।

শেরওয়া পিতার হাত থেকে নিষ্কৃতি পেতে চাইল: পাঁচদিন পর্যন্ত খুঁজল উপযুক্ত ব্যক্তি। অবশেষে এক যুবক এল। নাম হরমুজ। পারভেজ তার পিতাকে হত্যা করেছিলেন। সে বললঃ'আমায় পিভৃহত্যার প্রতিশোধ নিতে দিন।'

ঃ 'খ্যাঁ। তৃমি তোমার পিতার হত্যার প্রতিশোধ নিতে পার।' জবাব দিল শেরওয়া।

এর একট্ পরই ভেলে এল ইরান সমাটের জন্তিম চিৎকার। রক্ত মাখা পোশাক নিয়ে হরমূজ শেরওয়ার সামনে এসে বললঃ 'আপনার হকুম পালন করেছি। আমি পিভৃহত্যার প্রতিশোধ নিয়েছি।'

শেরওয়ার ঠোঁটে ফুটে উঠল বিডৎস হাসি। ঃ 'তুমি তোমার পিতৃ হত্যার প্রতিশোধ নিয়েছ। কিন্তু সামি এখনো সামার পিতৃহত্যার প্রতিশোধ নেইনি।'

ফ্যাকাশে হয়ে গেল হরমুজের চেহারা। চিৎকার দিয়ে বললঃ 'আলিজাহ! আমি শুধু আপনার নির্দেশপালন করেছি।'

শেরওয়া সশস্ত্র পাহারাদারদের ইঙ্গিত করলেন। ওরা এগিয়ে এল, এক সংগে উচ্ হল চারটে তলোয়ার। এক চিৎকারের সাথে শেরওয়ার পায়ের কাছে গড়িয়ে গড়ল হরমুক্তের লাশ।



করেদখানার অন্ধ কোঠায় আপেমের দ্বছর কেটে গেছে। ও এখন আর হঙা এবং মাসের হিসাব করে না। প্রথম তার সাথে ত্রন্ধ এবং মেহরান দেখা করতেন। এর ফলে জেলর তার সাথে ডাল ব্যবহার করত। জেলরের সহযোগিতায় সীনের বন্ধু ফৌন্ধি অফিসারদের সাথেও তার মোলাকাও হতো। পরিস্থিতির পরিবর্তন হলে এসব অফিসাররা যে আসেম কে তুলবেনা জেলর তাও বুঝাতে পেরেছিল। এ জন্য আন্দেমের সাথে তার হুদ্যতা ছিল বেশী।

প্রথম প্রথম দন্তগিরদের আওয়ামের মত জেশরও সীনকে গাদ্দার মনে করত। কিন্তু জাসেমের সাথে কথা বলে তার ধারণা সম্পূর্ণ পান্টে গেল। ফলে, জাসেমের সাথে ও জারো ভাল ব্যবহার করতে লাগল। কিন্তু এ ভাল ব্যবহার তার দুঃখ লাঘব করতে পার্ডনা। অতীত ছেড়ে, ভবিষ্যত

কায়সার ও কিনরা ৩৫৩

বাদ দিয়ে এ বন্দী জীবন তর কাছে অবজনীয় হিন্দ। একদিন কর্মের দরোজা খুলে গেস। জেলর ভেতরে চুকে বলগেনঃ 'শুনলাম দু'দিন থেকে তুমি খাবারে হাত লাগাও না?'

আসেম ভার দিকে চাইল। নিলীপ্ত দৃষ্টি। কিন্তু কোন জবাব দিগনা। জেলর এগিয়ে তার কাঁধে হাত রেখে বলল 'তোমার শরীর খারাপ হয়ে যাছে। আগামী দিন থেকে আমার বাসা থেকে তোমার জন্য খাবার পাঠাব।'

আদেম গভীর চোখে তার দিকে তাকিয়ে বললঃ 'বুঝতে পারছিনা এক বদনদীব, কয়েক মাস অথবা কয়েক বছর এ অন্ধ কুঠুরীতে পড়ে থাকলে আপনার কি লাভ হবে?'

ঃ 'তোমার স্বাস্থ্যের প্রতি লক্ষ্য রাখা আমার দায়িত্ব। আজ থেকে কয়েদখানার চার দেয়ালের ডেভর খোলাখুলি হাঁটাহাঁটি করার অনুমতি পাবে।'

আনলের ঝিলিক খেলে গেল আসেমের চোখে মুখে। জেলর হঠাৎ বর পাল্টে ফেললেন। হঠাৎ হাঁটার কথা শুনে এত উতলা হয়ে না। এ জেলে প্রায় তিন লো জনের মত লোককে শাহের হকুমে গ্রেফতার করা হয়েছে। শুধু তার নির্দেশেই এদের মুক্তি দেয়া যেতে পারে। কয়েনীদের অধিকাংশই এমন বংশের, যাদের দ্বারা বিদ্রোহের সম্ভাবনা রয়েছে। শাহানশা জানেন, এরা যতোদিন বনী থাকবে, তভোদিন পর্যন্ত বিদ্রোহের সম্ভাবনা নেই। এদের দেখা শোনার ভার পড়েছে আমার উপর। শাহানশা চাইলেই এদেরকে তার সামনে হাজির করতে হবে।

জামায় কেন এ দায়িত্ব দেয়া হয়েছে জানং জামার পাঁচ সন্তান। জামার জবহেলার কারণে কোন কয়েদী বদি পালিয়ে বায়, তবে আমার সামনে আমার পাঁচ সন্তানকে হন্ডা করা হবে। জামার আত্মীয় কলনকে দেয়া হবে কঠিন শান্তি। তোমায় ঘোরাফেরা করার জনুমতি দিছি, কারণ জামি জানি, নিজের মৃক্তির জন্য তুমি ওদের জীবন বিপর করবে না। পালানোর চেটা করলেও পারবে না। তুমি এতটা ভেংগে পড়েছ কেনং এইতো কিসরার পরালয় সবে মাত্র ভক্ত। এবার হয়তো তিনি গ্রহণযোগ্য শর্তে রোমানদের সাথে সন্ধি করবেন। রোমানরা ভোমার উপকার ভ্লে গিয়ে না থাকলে শর্তের মধ্যে তোমার মৃক্তির ব্যাপারটাও জানবে। এমনও হতে পারে যে, নিপাইরা কিসরার বিরুক্তে কোন বিপ্লব ঘটাতে পারে। নতুন বিপ্লব এলে সীনের বন্ধুরা তোমায় নিভয়ই ভূগবেনা।

ভূমি আর্বের এক নবীর ভবিষ্যত বাণীর কথা বলেছিলে। আর্মিয়ার পতনের পর আমার কেবলি মনে হয়, সে ভবিষ্যতবাণী সভ্য হওয়ার সময় এসেছে। সাহস হারিও না। এখন ভোমারজন্য খাবার পাঠিয়ে দিছি।'

জেলর বেরিয়ে গেল। আসেয়ের চোথে তেসে উঠল দন্তগিরদের কয়েদখানা থেকে শত্ মাইল দূরে এক নতুন মঞ্জিলের নতুন মহলের আলোর ঝলক। । 'ফুনিনা। কৃতিনা।' নিজের মনে বশহিল ও, 'তুমি কি আমার লথ চেয়ে থাকবে? প্রাণ আমার। আমার আসা পর্যন্ত কি তুমি ইন্ডেজার করবে?' সাথে সাথে তার করনার জগতে ছড়িয়ে পড়ত ফুন্তিনার ফুলেল হাসি।

সন্ধ্যা। জেপের চারদেয়ালের ডেওর ঘুরছিল আসেম কয়েফজন কয়েদীর সাথে কথা বলে তার মনে হল, সে একাই মজ্জ্যুম নয়। জিলানখানার জনেক খন্দী তার চেয়ে বেশী ওড্যাচারিত।

কেটে গেল আরো কমাস। একদিন ও শূনল রোমানরা নিনোয়ার ময়দানে ইরানীদের পরাজিত করে দন্তগিরদের দিকে এগিয়ে আসহে। কিসরা পালিয়ে গেছেন। আসেমের মনে হল বিপদের দিন শেয হয়ে আসছে। জেলর বলেছিলেন রোমানরা দন্তগিরদে প্রবেশ করলে আমাকে করেদখানার কথাট খুলে দিতে হবে। বিন্তু কিসরা মালায়েন পৌছেই হারেমের নর্তকী এবং এসব কয়েদীদের জন্য পাঁচশো সিপাই পাঠালেম।

নাপো তপোয়ারের পাহারায় ওদের নিয়ে যাওয়া হল মাদায়েন থেকে খানিক দুরের এক পূরনো কিল্লায়া কিল্লার দায়িত্বে ছিলেন মেহরান। সে ছিল এমন কঠিন প্রাণ, জালিম শাসকের চরম নির্দেশ গুলো পালন করে সে মন্ধা পেত। কিসরা ভাকে বলেছিলেন ঃ 'মাদায়েনে কিছু হলে আমার শৃক্ষের অপেকা না করেই এদের হত্যা করে ফেল্বো।'

নন্তগিরদের জেলরকে ধন সম্পদ বহনকারী সিপাইদের দায়িত্ব দেয়া হয়েছিল। ভবিষ্যতের আকাশে অন্সম যে আশার ক্ষীণ আলো দেখেছিল তা আবার হতাশায় কালো মেথে ছেয়ে গেল। কিল্লার ডেতর থেকে ও বাইরের দুনিয়া সম্পর্কে বে খবর ছিল। কয়েদীদের সাথে কলা খলার অনুমতি ছিল না কোন পাহারাদারেরও। ,কয়েকদিন পর্যন্ত চরম উৎকর্তা নিয়ে ও রোমানদের অপেক্ষায় রইল। কিন্তু ওয়া এলনা। ও প্রায়ই ভারত, দন্তগিরদ আসার ইচ্ছে বাদ দিয়ে কাইজার কি করে ফিরে গেলেন। ভাহলে কি রোমানরা পরাজিত গ এমন কি হতে পারে যে, মাদায়েন বিজয়ের পর রুগত সিপাইরা এ অখ্যাত কেল্লার প্রতি নজর দেয়নি গ

কিল্লার মৃহাফিল বন্দীদেরকে ভাংগা দেয়াল মেরামত এবং পরিখা খৌড়ার কাজে লাগিয়ে দিয়েছিল। একজন পাহারাদার বেত নিয়ে দাড়িয়ে থাকত। কোন কমেদী ক্ষুধা তৃহ্বায় কাহিল হয়ে পড়লে তাকে বেড মারা হত। কথনো উপোস কথনো আধপেটা খাইয়ে তদেরকে অমানুষিক কাজ করানো হত। তার উপর ছিল দৈহিক শান্তি। কয়েকজন কয়েদী এতে অসুস্ হয়ে পড়ল। প্রতি হপ্তায় বেড়ে থেডে লাগল মৃত কয়েদীর সংখ্যা।

একরাতে কয়েকজন বন্দী পালানোর চেষ্টা করল। কিন্তু টের পেল পাহারাদাররা। ওরা নানাদের ধাওয়া করল। বাঁধা দিতে গিয়ে মারা পড়ল কজন। চারজন ধরা পড়ল। বাকীরা দজলা পাড়ি দিয়ে পালাতে সক্ষম হল।

গরা পড়া চারজনকে কিল্লার ফটকের সামনে ফাঁসীতে ঝুলান হল। কয়েকদিন পর্যন্ত ফাঁসী কাটে মূপে রইণ ওদের লাশ। লাশ যখন কঙ্কাগ, একদল দ্রুতগামী সওয়ার কিল্লার ফটকে

কায়সার ও কিমরা ৩৫৫

এনে থামল। পোষাকে আশাকে যাকে অফিসার মনে হচ্ছিল। তিনি পাঁচিলের উপর পাহারারত সিপাইদের দিকে তাকিয়ে বললেনঃ 'দর্জা খোল। শাহানশা ভামাদের পাঠিয়েছেন।'

কেল্লার ফটক খুলে গেল। ক'জন সিপাই সাথে নিয়ে বেরিয়ে এল মুহাফিজ।

ঃ 'আমায় চেন?' বৃদ্ধ তাকে বললেন।

কিছুক্দণ তার মূখে কোন কথা ফুটল না। অবশেষে বলগ ঃ 'তৃত্বি শাসান। এ কেল্লা থেকে পালিয়েগিয়েছিলে।'

শাসান বললো ঃ 'সরণ শক্তি লোপ না পেগে দেখ আরো দৃ'জন লোক আমার সাথে রয়েছে।' কিছ্রার মৃহাফিজ জন্য সওয়ার দিকে তাকিয়ে চিৎকার দিয়ে নিজের সিপাইদের বলন ঃ 'ওদের গ্রেফডার কর।'

ঃ 'তোমার লোকেরা শাহানশার সিপাইদের গায় হাত ডোলার সাহস গাবে না। এখন থেকে আমি এ কিল্লার মৃহাফিজ। আমি ডোমাকে গ্রেফভার করার হকুম দিচ্ছি।'

মুহাফিজের ক্রোধ এবার উৎকণ্ঠায় রূপান্তরিত হল। সে একবার নিজের সিপাইদের দিকে আবার সন্তয়ারদের দিকে চাইতে লাগল। শাসান পেছনে এক অফিসারের দিকে তাকাল।

অফিসার ঘোড়াসহ এগিয়ে মুহাফিজকে একটা চিঠি দিতে দিতে বলগঃ 'ইনি সভি্য কথাই বলছেন। ইরানের শাহানশার হকুমনামা পড়ে দেখতে পার।'

মেহরান চিঠির ভীজ খুলে পড়তে লাগল। ভার চোখেমুখে ডেসে উঠল মৃত্যুর ছায়া। শাসনি কিলার সিপাইদের বলগেন ও পারডেজের হকুমত খড়ম। নত্ন সম্রাটের আনুগত্যের মাঝেই তোমাদের কল্যাণ। মাদায়েন এখান থেকে দূরে নয়। আমার কথা বিশ্বাস না হলে কাউকে ওখানে পাঠাতে পার।

৪ 'কাউকে না পাঠিয়ে আমি নিজেই মাদায়েন যাব।'

ঃ ' না, তোমায় কোথাও পাঠানো ফাবেনা।' বলেই শাসান সংগীদের দিকে চাইগ। চার ব্যক্তি খোড়া থেকে নেমে বেঁধে ফেলল মেহরানের হাত। এরপর ফটকের সামনে ব্লস্ত চারটে কংকালের সাথে ঝুলতে লাগল আরেকটা নত্ন লাশ।

থে পাহারাদার চাবুকের আঘাতে কয়েদীদের চামড়া ভূলে নিত, ভাদের শাগানো হল পাঁচিল মেরামত ভার পরিখা খনলের কাজে। অগরদিকে এদের দেখা শোনার জন্য কভক কয়েদীর হাতে ভূলে দেয়া হল চাবুক।

ইরানের নড়ন ইনকিলাবের খবর এখন আর কারো কাছে গোপন নয়। চারদিন পর মাদায়েন থেকে একজন দৃত এদে বলল ঃ 'কয়েদখানার অন্ধ কোঠায় পারডেজকে হড়া। করা হয়েছে।' শাসান ছিলেন উত্তর ইরানের এক প্রভাবশালী কবিলার সন্তান। তিনি পারভেজের বন্দী হিসেবে কাটিয়েছিলেন দশ বছর। যে সব কবিলার সাথে ভার আত্মীয়তা রয়েছে অথবা ভবিষ্যতে কাজে আদতে পারে, শেরওয়ার কাছ থেকে এমন সব বলীদেরকে মৃক্তি দেয়ার জন্মতি নিয়ে এসেছিলেন্ডিনি।

হপ্তাখানেকের মধ্যে শেরওয়ার প্রতি জানুগত্যের শপথ নিয়ে প্রায় দেড়গো বন্দীকে মুক্তি দেয়া হল। ওয়া ফিরে গেল নিজ নিজ বাড়ীতে। তাদের শূন্যস্থান পূরনের জন্য মাদায়েন থেকে নড়ন নড়ন বন্দী আসতে লাগল। পূরনো বন্দীদের মধ্যে তায়াই রয়ে গেল, যায়া দূরেয়। জথবা যাদের দিয়ে বিদ্রোহের সম্ভবনা ছিল।

আনেমের অবস্থা ছিল অন্যসব কয়েদী থেকে ভিন্ন। তার চার্জশীটে রোমের গোয়েন্দা শব্দটি লিখা ছিল। কয়েকদিন পর আসেমকে শাসানের সামনে হাজির করা হল। শাসান তাকে শান্তনা দিয়ে বললেনঃ 'তৃমি আমার কাছে অপরিচিত নও। আমি তোমার সব ব্যাপার জেনেছি। কিন্তু শেরওয়ার অনুমতি ছাড়া ভোমায় ছাড়তে পারছিনা বলে দুঃখিত। রিপোর্টে ভোমায় গোয়েন্দা হিসেবে উল্লেখ করা হয়েছে।

আমি জেনেছি, এ অভিযোগ সভ্য নয়। বিজু রোমানসের হামলার আশংকা দূর না হওয়া পর্যন্ত তোমার পক্ষে কিছু বলা যাবে না। তোমার জন্য সূসংবাদ হল, ইরানের নতুন শাসক রোমানদের সাথে সন্ধী করার পক্ষপাতি। প্রতিনিধিদল তাবরিজ রওয়ানা হয়ে গেছে। কাইজারকে খুশী করার জন্য ওরা জেরুজালেমের ক্রুণও সাথে নিয়ে গেছে। ওরা সফল হলে সে ব্যক্তি কে ভুলবেনা, যে জীবন দিয়ে ইরানকে মুদ্ধের ধ্বংস থেকে বাঁচাতে চেয়েছিল। ভাছাড়া ভোমার রোমান বন্ধুরা ভোমার ভুলে গিয়ে না থাকলে সন্ধী আলোচনার সময় নিভায় ভোমার ব্যাপারেও আলাপ করবে।

- ঃ 'তার মানে রোম ইরানের মধ্যে সন্ধী না হলে আমার ছাড়া পাওয়ার সম্ববনা নেই।' আসেমের কঠে বিষরতা।
- ঃ 'আমি তা বলিনি। তুমি বৃঝছনা কেন' কি পরিস্থিতিতে শেরওয়া ক্ষমতা হাতে নিয়েছেন। তোমায় কথা দিচ্ছি, তিনি একটু নিশ্চিত হতে পারলে ভার সাথে আমি নিজেই 'তোমার প্রসংগে আলাপ করব।'
- ঃ 'ভেবেছিলাম তুরন্ধ আমায় তৃগবেনা। আমি যে নিরপরাধ তিনি তা জানেন। আমি যে বেঁচে আছি এ সংবাদটা কি তাকে পৌঁছাতে পারবেন? সীনের সাথে আমি যখন দন্তগিরদ আসি তখন তিনি তথানকার ফৌজের সিপাহসালার ছিলেন।'
  - ঃ 'ত্রজ বেঁচে নেই। নিনোয়ার অভিযানে তিনি নিহত হয়েছেন।'

শাসানের সাথে কথা বলার পর আসেমের অবস্থা হল বিশাল বিস্তীর্ণ মরু বিয়াবানে নিঃসঙ্গ পথ চলা মুসাফিরের মত। সীনের কাছে ও শিখেছিল আশার দ্দীণ আলোর পেছনে ছুটে চলার উদ্যাম গতি। কিন্তু তিনি তাকে ছেড়ে গেছেন। ফুন্তিনা ওর জীবনে ভুলেছিল মরুভূমির ঝড়। কিন্তু ও বেঁচে আছে কিনা ভাও ডার জানা নেই। ও প্রারই ভাবত, কিয়ার বাইরে কোথায় দু'দন্ড নিন্ডিন্তে থাকডে পারবে। ফুস্তিনা যদি না থাকে তবে ছাড়া পেয়ে আমি যাবো কোথায়?

জারো জাড়াই মান কেটে গেছে। এক সন্ধায় শাসানের কাছে একজন দৃত এল। রাতের শেষ প্রহরে তিনি মাদায়েন রওয়ানা হয়ে গেলেন। এর দশদিন পর ও কক্ষের বাইরে পায়চারী করছিল, এক সিপাই এসে বলল ঃ শাসান আপনাকে মরণ করেছেন।'

- ঃ 'তিনি মাদায়েন থেকে ফিরে এসেছেন ?'
- ः जी।
- ঃ'ক্বে?'
- ঃ 'প্রায় যাঝ রাতে।'

থানিক পর জাসেম প্রবেশ করল এক প্রশন্ত কক্ষে। শাসানের পাশে বসে আছেন এক বৃদ্ধ। ভার ক্রয়গল পর্যন্ত সাদা হয়ে গেছে। ঃ 'ভূমি একে চেনং' আসেমকে দেখেই শাসান প্রশ্ন করল। আসেম গভীর চোখে বৃদ্ধের দিকে ভাকিয়ে বললঃ 'এক বন্দীর স্বরণ শক্তির পরীক্ষা নেয়া কি উচিৎ? এখন আমি দুঃখ মুসিবত ছাড়া জার কিছুই চিনিনা।' -

ঃ 'আমি মেহরান।' বৃদ্ধ বললেন 'জার ভূমি কিন্তু বন্দী নও।'

আসেয় অবাক বিশয়ে তাকিয়ে রইল তার দিকে। বেড়ে গেল তার হাদকম্পন। তানস্বের আবেগে চোখ ফেটে বেরিয়ে এল অশু রাশি।

- ঃ 'ত্মি মৃক্ত।' বৃদ্ধের কণ্ঠ। 'জেলের বাইরে তোমার জন্য ঘোড়া প্রত্ত।' আসেম শাসানের দিকে তাকিয়ে কাঁপা আওয়াজে বলগঃ 'আমি কি সত্যিই মৃক্ত?'
- ঃ 'হাাঁ, ভূমি মৃক্ত। আমাদের প্রতিনিধি দল কাইজারের সাথে আলোচনা শেষে ফিরে এসেছেন। খবর শুনেই শাহানশাহর সাথে ভোমার ব্যাপারে আলাপ করাব জন্য গেলাম। কিন্তু তার প্রয়োজন হয়নি। আমার যাবার পূর্বেই এমন এক সন্যানিত ব্যক্তি শাহানশাহর কাছ থেকে ভোমার মৃত্তির ফরমান হাসিল করেছেন, যিনি প্রতিনিধি দলের একজন।'

শাসান টেবিলের উপর থেকে একটা কাগজ আসেমের হাতে তুলে দিলেন। আসেম স্বকৃতজ্ঞ লৃষ্টিতে প্রথমে শাসানের দিকে পরে বৃদ্ধের দিকে তাকিয়ে বললঃ 'আমি জানি কে সে সমানিত ব্যক্তি, আমি আপনার কাছে কৃতজ্ঞ।'

- ঃ 'আমি চেষ্টা না করলেও কয়েক হপ্তার মধ্যেই ত্মি ছাড়া পেয়ে যেতে। দুঃখ হচ্ছে, এর পূর্বে তোমার ব্যাপারে মনযোগ দিতে পারিনি।'
  - ঃ ' সীনের সাথে যারা দক্তগিরদ এনেছিল; আপনারা ডাদের সাথে দেখা করেছেন ং'
  - ঃ 'ওদের সাথে আমার পরিচয় ছিলনা।'
  - ঃ 'কোন রোমান জামার কথা জিজ্ঞেস করেনি ?'

ঃ 'না । ওখানে কেউ তোমার কথা জিল্পেস করেনি। আমরা যখন কাইজারের ছাউনীতে প্রবেশ করি, তখন ওরা বিজয়ের আনন্দে মন্ত।'

নিরাশার কাল মেঘ আসেমের চেহারা ঢেকে ফেলল। শাসান তাকে শান্তনা দিয়ে বললেন ঃ
'তোমার রোমান বন্ধুরা তোমায় ত্লে গেছে বলে চিন্তা করো না। এত বড় বিজয়ের পর পুরনো
বন্ধুদের কথা কারই বা মনে থাকে।'

ঃ 'আমার দৃঢ় বিশ্বাস আমার বন্ধুরা কেউ কাইজারের সাথে ছিল না। থাকলে অবশ্যই আমার কথা জিজেস করত। আচ্ছ, সীনের স্ত্রী যে খালকলুন ছেড়ে গেছে তা কি আপনি জানেন?'

इ'कांनि।'

- ঃ 'তরা এখন কাথায়?'
- ঃ 'সীনের মৃত্যুর পর পারভেজ সীনের স্ত্রী কন্যাকে দন্তগীরদ নিয়ে আসার নির্দেশ দিয়েছিল। কিন্তু তার হুকুম শৌছার দুদিন পূর্বেই ওরা কোথাও পালিয়ে গিয়েছিল। কিল্লার মৃহাফিজ বলেছে, ওরা বৈকালিক ভ্রমনে বেরিয়ে জার ফিরে আসেনি। ভাদের এক চাকরও ভাদের সাথে গায়েবহুয়ে গেছে।'

আশার ঝিলিক খেলে গেল আদেমের চোখে মুখে। ঃ ' কিসরার থে দৃত মাদায়েন এসেছিল ওরা কি কন্তৃনত্নিয়া যেতে পেরেছে?'

- ঃ 'হাঁ। আমাদের দৈন্যরাই ওদেরকে বরফরাদের ওপাড়ে পৌছে দিয়েছে। কিন্তু থেরাজ আনার জন্য যে সব ইরানী ওখানে গিয়েছিল, ওরা জার ফিরে আসেনি। পরে শুনেছি, ওদের হত্যা করা হয়েছে।'
  - ঃ 'কাইজারের দূতরা ফিরতি পথে খালকদুন অবস্থান করেছিল?'
- 'হ্যা। ওরা খালকদূল ছিল এক রাত। ওলের একজন কেল্লায় গিয়ে সীলের যেয়ের সাথে দেখাও করেছিল। যদি মলে কর ওরাই তাদের কে পালাতে সাহায্য করেছে তবে তুল করবে। কারন, ওরা পালিয়েছে রোমানদের চলে যাবার দুদিন পর। পারতেজ এসংখাদ শুনে কিল্লার বিশজন পাহারাদারকে হত্যা করেছেন। যে নিপাইরা তার নির্দেশনামা নিয়ে দেরী করে খালকদূল পৌছৈছিল, ওদের ও শাস্তি দেরা হয়েছে। ফিরতি পথে ভাদের গতি ছিল তীর। আমরা জেনেছি, ওরা কোন মঞ্জিলে একদভ বিশ্রাম করেনি। এজন্য ওদের উপর আমার খানিকটা সন্দেহ হয়।'
- ঃ 'ভাহলে জাপনি বলছেন, যারা সীনের স্ত্রী কন্যাকে গ্রেফভার করতে গিয়েছিল, ওরা খালকদুন পৌঁছেছিগ রোমানদের পরে?'
- ঃ 'হ্যা। দেরীতে পৌঁহার কারণ ওরা চলে যাবার পর পুরোহিতদের পরামশে পারতেজ ওদের গ্রেফতারীর হকুম পিয়েছিলেন। তাছাড়া সিপাইরাও তাড়াতাড়ি পৌঁহার প্রয়োজন মনে করেনি। তবে একথা ঠিক ফে, সীনের স্ত্রী কন্যা রোমানদের সাথে যায়নি। যখন ওদের খোঁজ করা ইচ্ছিল আমি তখন প্রায়ই দন্তগীরদ খেতাম। ত্রজের মত আমার ও ধারণা ছিল ওদেরকে হত্যা করা

কায়সার ও কিসরা ৩৫৯

হয়েছে। অণরাধ ঢাকার জন্যই শুধু এই খোঁজংখুজি। খালকদূনে সে সেনাবাহিনীর অনেকের সাথেই আমি কথা বলেছি। ওরা সবাই বলেছে, সত্যি ওদেরকে পাওয়া যাচ্ছেনা। রাতের আঁধারে কিয়ার বাইরে কিছু একটা হয়ে থাকলে ভার জন্য সেনাবাহিনী দয়ী নয়।'

অখিরতায় আসেম যেজগদি উঠে গঁড়াল। শাসানের দিকে ভাকিয়ে বিষর কঠে বলসঃ 'আমি কি এখন যেতে পারি?'

শাসান উঠে দাঁড়ালেন। ঃ 'না। আগে কক্ষে গিয়ে নাস্তা করে নাও। আমি কাপড় পাঠাছি।। তোমার প্রয়োজনীয় জিনিবপত্র ঘোড়ার সাথের থপিতে দিয়ে দেয়া হবে।'

- ঃ 'অমেরা কেল্লার ফটকে ভোমার অপেক্ষা করব। কিন্তু তৃমি এখন কোথায় যাবে ?'
- ঃ 'জানিনা।' তারী শোনাগ আসেমের কণ্ঠ। সাথে সাথে এতোক্ষমে ধরে রাখা অশু বিন্দু বিন্দু হয়ে ঝরে পড়গ। মেহরান দাঁড়াগেন।

আদেমের কাঁধে প্লেহের হাত বৃশিয়ে বগগেন ঃ 'ভূমি হয়তো জাননা আদেম, সীন ছিল আমার একান্ত বন্ধু। ইরজ থেকে থাকলে ফুন্তিনা হতো আমায় পুত্র বধু।'

ঃ 'না। আমার উপকারী বন্ধুকে খুশী করার জন্য মিথ্যে বলবনা। মৃত্যুর পূর্বে ইরজ আপনার কাছে কথা বলতে পারলে বলতো ফুন্তিনা আপনার ছেলের মুখে হাসি ফোটানোর পরিবর্তে এমন এক বদনসীবকে হাদ্য দিয়েছিল, যে তাকে ভালবাসার অঞ্চ ছাড়া জার কিছুই দিতে পারবেনা। মর্মরের প্রাসাদ থেকে মুখ ফিরিয়ে সে বোকা মেয়ে এমন একজনকৈ গ্রহন করতে চেয়েছিল যে ভাকে কুঁড়ে ঘরও দিতে পারবে না।'

মেহরান হতবাক হয়ে আসেমের দিকে তাকিয়ে রইলেন। বললেনঃ 'ত্মি যদি ফুন্তিনাকে খুঁজে পাও তবে কুঁড়ে যরে থাকার দরকার হবে না। আমার ঘরের দুয়ার তোমার জন্য সব সময় খোলা থাকবে। তুমি এলে আমি বুঝব ইরজ নতুন রূপ নিয়ে আমার কাছে ফিরে এসেছে।'

- ঃ 'কোন দিন হয়ত আপনার কাছে ফিরে আসব। কিন্তু এখন কথা দিতে পারছিনা।'
- ঃ 'তুমি কন্তৃনত্নিয়া যাবে ?'
- इंखी।'
- ঃ'ভারপর ?'
- ঃ 'জীবন ভর ফুন্তিনাকে খুঁজে ফিরব।'

শাসান বললেনঃ 'ফুন্তিনা ভোমাকে এতটা ভালবেসে থাকলে ওকে বোকা বলা যায় না। আমার বিশ্বাস, মাদায়েনের সকল শ্বেত পাথরের প্রাসাদের চাইতে ভোমার কুঁড়েই ওর কাছে বেশী সুন্দর মনে হবে।'

কিছু না বলে হাঁটা দিল আসেম। খানিক পর নতুন পোযাক পরে ও পৌঁছল কেল্লার ফটকে। একটা সুন্দর যোড়ার লগোম ধরে দাঁড়িয়ে এক সিপাই। শাসান এবং ইরজের পিতা ছাড়াও কেল্লার কয়েকজন মুহাফিজ ভার অপেক্ষা করছিলেন। একে একে সবার সাথে মোসাফেহা করে ও ঘোড়ায় চেপে বসল। শাসান তার সাথে কয়েক কদম এগিয়ে আবার মোসাফেহা করে বগলেন ঃ 'ঘোড়ায় বাঁধা থলিতে হাড দিলে ছোট্ট একটা ব্যাগ পাবে। ওটা তোমার পথ খরচের জন্য দেয়া উপহার।'



ফোরাডের তীর ঘেঁষে চলতে লাগল আসেম। বিদায় বেলা মেহমান যে থলি দিয়েছিল ভা ছিল আশরাফিতে ভরা। এজন্য পথে ওর কোন অসুবিধা হয়নি। ইরানের পুরনো শহর পার হয়ে ও সিরিয়ার পথটাকে নিরাপদ মনে করল। এপথ আবাদী এলাকা দিয়ে অতিক্রম করেছে।

এক দুপুরে ও হলব থেকে কয়েক ক্রোশ দূরের এক গাঁয়ে গ্রবেশ করল। সরাইখানায় চারটে খেয়েই ঘোড়া পান্টে ও চলে এল নদীর পাড়ে। যাত্রীদের আনার জন্য নৌকাগুলো কখন ওপাড়ে চলে গেছে। সন্ধ্যার পূর্বেই ও সামনের মঞ্জিলে পৌছাতে চেয়েছিল। চরম উৎকণ্ঠা নিয়ে ও নৌকা ফিরে আসার অপেক্ষা করতে লাগল।

থানিক পর দেখা গেল যাত্রী বোঝাই পাঁচটা নৌকা ফিরে আসছে। যাত্রীদের পোধাকে আশাকে ইরানী সিপাই মনে হঙ্ছে। কিন্তু সামনের নৌকার আটজনের গায়ে রোমান পোবাক।

থামের কয়েক ব্যক্তি নদীর পাড়ে জটলা করছিল। ওদের ক্রুদ্ধ চোখগুলো তাকিয়ে ছিল ইরানী সিপাইদের প্রতি। এক বৃদ্ধ সিরীয় পাদ্রী খললেনঃ 'আন্ধ ইরানীরা রোমানদের বন্ধু সেজেছে। ওদের আমি এগ্রামের ভেতর দিয়ে যেতে দেব না।'

এক যুবক এগিয়ে বলসঃ ' পবিত্র পিতা। ওদর সাথে তো আমাদের যুদ্ধ শেষ হয়ে গেছে। ওরা ফিরে যাত্থে নিজ নিজ বাড়ীতে।'

ঃ 'না, না, অগ্নি পূজারীদের সাথে আমাদের লড়াই শেষ হয়নি। ইন্তাকিয়া, হলব, দামেশক এবং জেরুজালেম যারা ধ্বংস করেছে ওদের জীবিত রাখা যায় না।'

যুবক বিরক্ত কণ্ঠে বললঃ 'আপনি লড়তে চাইলে বাঁধা দেবনা। কিন্তু আপনার জন্য আমরা আর রক্ত বারাতে পারবনা। রোমানরাও হয় তো আপনার জন্য কোন ঝামেলার জড়িয়ে পড়তে চাইবে না। দেখুন, ওরা এসে গেছে প্রায়। মুখ সামলে রাখতে না পারলে অনুগ্রহ করে সরে যান। নয়তো —————"

- ঃ 'নয়তো। নয়তো কি? কি করবে ভূমি?'
- ঃ 'নয়তো আপনাকে এই নদীতে ফেলে দেব। আমি জানি আপনি সাঁতারও জানেন না।'

পাদ্রী কিছু বলতে চাইছিল। কিন্তু দর্শকদের অট্রহাসিতে তা হারিয়ে গেল। বুড়ো পাদ্রী গজর গজর করতে করতে অন্যদিকে হাঁটা দিল। নৌকা নিকটে এসে গেছে: আসেম অনিমেয চোখে তাকিয়ে রইল প্রথম নৌকার এক আরোহীর দিকে। বুকের ডেতর হ্বদপিভটা লাফিয়ে উঠল। থেমে গেল আরার। জানন্দের উচ্ছুসিত জাবেগে একবার বিচরণ করছিল সপ্তম আকাশে। আবার ভূবে যাচ্ছিল হতালার গহীন সাগরে।

আরোহী এক ইরানীর সাথে কথা বলে জাচমকা তীরের দিকে চাইল। দৃষ্টি এসে আটকে রইল আসেমের উপর। হঠাৎ দুহাত উপরে তুলে ধরল। তীরে ঠেকল নৌকা। আসেম খোড়ার বাগ ছেড়ে এগিয়ে এল। দীলরেস একলাফে নৌকা থেকে নেমে আসেমকে জড়িয়ে ধরল।

ঃ 'ঈশ্বরের শোকর ভোমায় এখানে পেয়েছি। আমি ভোমায় যুঁজতে মাদায়েন যাছিলাম। ইরানের কত শহরে যে ঘূরতে হত তা জানা ছিলনা।'

আদেম কিছু বলতে চাইল। কিন্তু তার বাকরক্ষ। ওধু নির্ণিমেষ নয়নে তাকিয়ে রইল দীলরেসের দিকে। ও তার কাধে হাত রেখে বলগঃ 'আদেম। ফুন্তিনা বেঁচে আছে।'

পৃথিবীর সৰ হাসি আনন্দ, নেচে উঠল তার চোখের সামনে।

- ঃ 'কোথায় ও!' কেঁপে উঠল আনেমের কণ্ঠ। এর সাথে সাথে চোখে উছলে এল আঁসুর দরিয়া।
- ঃ 'ও এখন কন্তুনতুনিয়া। আমরা খুব ভাড়া তাড়ি সেখানে পৌছে যাব।'

ততোক্ষণে কতক রোমান এবং ইরানী তাদের আশ পাশে জমা হল। দীলরেস এক ইরানী জফিসারকে বলন ঃ 'ঈশ্বর জামায় এক দীর্ঘ সফর থেকে বাচিয়েছেন। আমি এখান থেকেই ফিরে যাব। এ হলো জাসেম। একে খোঁলার জন্মই আমি মাদায়েন যাঞ্ছিলমে।'

ইরানী অফিসার এগিয়ে আসেমের সাথে হাড মেলাল। একে একে সবাই মোসাফেহা করল তার সাথে। থানিক পর দীলরেস এবং আসেম ওপারে যাবার জন্য ইরানীদের কাছ থেকে বিদায় নিয়ে নৌকায় চেপে বসল।

- ঃ 'ভূমি তো জিজ্জেদ করলেনা, ফৃন্তিনা কিভাবে ক্র্নেড্নিয়া পৌঁছল।'
- ং তার দরকার নেই। ও বেঁচে আছে এই আমার জন্য যথেষ্ঠ। করেদ থেকে ছাড়া পাওয়ার সময় গুনেছি ওরা কিল্লা থেকে পালিয়ে গেছে। ভাছাড়া ভোমরা ওখানে একরাত ছিলে। তোমাদের মধ্যে কে একজন তার সাথে দেখাও করেছ। কিন্তু ওরা ভোমাদের সাথে যায়নি। আমার ধারণা, সীনের কোন বন্ধুই হয়ত ওদের বসক্রাসের ওপাড়ে পৌছে দিয়েছিল।
- ঃ 'খালকদুনে সীনের একজন বন্ধুকেই জামরা বিশ্বাস করতে পারতাম। সে তার বুড়ো চাকর ফিরোজ। ক্লেডিসের কথা মত জামাদের চলে যাবার তিন দিন পর সে বুড়ো ওদেরকে নদী তীরে পৌছে দিয়েছিল। রাতে জামরা নৌকা নিয়ে এসেছিলাম। কাইজারের অভিযানের সময় আযাদের সামনে বড় সমস্যা ছিল তোমায় খুঁজে বের করা। ফুন্তিনাকে দেখা শোনার দায়িত্ব নিয়েছিল ক্লেডিস। রসদ সামানের জন্য আমায় কয়েকবার কার্টাক্রেনা থেতে হয়েছে।'

- ঃ 'ক্লেডিস এখন কোথায় ?'
- ঃ 'রাজধানীতেই আছে। এক সাথে আসার ছিলাম। কিন্তু হেরারিন্মাস তরাবজ্ঞান থেকে কিরে আসছেন গুনে ও রয়ে গেছে। কন্তুনত্নিয়ায় আমাদের শাহানশার বিজয় মিছিল দেখতে পারনা জেবে বন্ধুরা দুঃখ করছিল। এখনতো আমরা সময়মত পৌছে যাছি। ইন্তাকিয়া গেলেই আমরা ভাষাজ পেয়ে যাব। বাতাস অনুকুলে থাকলে অল্ল কদিনেই পৌছে যেতে পারব। ঘোড়ায় সওয়ারী করতে আর ইচ্ছে করছেনা।'
  - ঃ 'ইরানীরা কি খালকদুন থেকেই আপনার সাথে এসেছে?'
- ঃ 'হাঁ। সন্ধির পর ক্রেডিস ওখানে গিয়েছিল। সিপাহসালার তোমায় খুঁজে বের করবেন বলে কথাও দিয়েছিলেন। আনাতোলিয়ার পথে ইরানীরা যখন ফিরে যাচ্ছিল, ক্লেডিসের ধারণা ছিল যে, ওরা খুব শীঘ্র ভোমার সংবাদ দেবে। ওদের কোন সংবাদ না পেয়ে আমরা মাদায়েন যাবার সিদ্ধান্ত নিয়েছি। ইরানীদের বসকরাসের ওপাড়ের ছাউনী শূন্য প্রায়া সিপাহসালার ও চলে গেছেন। আমার সাথে যাগ্রা এসেছে এরা হল জরাবজোনের কয়েদী। ওদের বন্দী করে কন্ত্রন্ত্নিয়াপাঠানো হয়েছিল। এযার ভোমায় একটা দুঃসংবাদ দেব।'
  - s ' ফুন্তিনার মারের ব্যাপারে?' আলেমের কণ্ঠে উদ্বেগ।
- ঃ ' খ্রা। কন্তুনত্নিয়া যাবার তিন মাস পর তিনি ইন্তেকাল করেছেন। এর কয়েকমাস পর ফিরোলও মারা গেছে। এতে দারুণ ব্যথা পেয়েছে ফুন্তিনা। ক্রেডিসের স্ত্রী এবং বোন না থাকলে যে ওর কি হতো ঈশরই জানেন। মায়ের মৃত্যুর পর তার ধারণা জন্মেছে যে ঈশ্বর তার উপর নাখাশ। ও বার বার একটা কথাই বলে, জেরুজালেমে রাহেবা হয়ে গেলে জামার পিডা মাতার উপর এ বিপদ আসতোনা। ও কয়েকবারই রাহেবা হতে চেয়েছিল। কিন্তু ক্রেডিসের স্ত্রী এবং বোন ওকে বৃঝিয়েছে যে, জাসেম বেঁচে আছে। অম্ব কদিনের মধ্যেই ও এখানে আসবে।

গড বছর হঠাৎ একদিন ওকে পাওয়া গেলনা। দুদিন গরও কোন খোঁজ নেই। ফিরে এল তৃতীয় দিন ডোরে। ওনাকি রাহেবা হওয়ার জন্য গীর্জায় চলে গিয়েছিল। রাভে স্বপ্রে দেখে তৃমি এনেছ। খার থাকতে পারেনি। ভোরেই পালিয়ে এসেছে। এর পর থেকে গীর্জায় পারীয়া লেগেছে তার পেছনে। প্রায়ই ক্রেডিসের বাড়ীতে এসে ফুন্তিনাকে ফুসলায়। ফুন্তিনা প্রতিবার ওদের বলে, জামি তো রাহেবা হতে অধীকার করিনি। অধ্য কদিন সময় চাইছি মাত্র। ক্লেডিসের আশংকা, কবে আবার ও গীর্জায় চলে যায়। একবার ওখানে তৃকলে আর বের হবার পথ থাকবেনা।

আসেম নিক্নন্তর। ওর মাথায় তখন ফুন্তিনার চিন্তা। কানে বাজছে ওর কারার মৃদু শব্দ। ঃ.'আরেক কথা। আমি বিয়ে করেছি আসেম।' আসেম মৃচকি হেসে বলল ঃ 'যোবারকবাদ। কনের নাম নিশ্চয়ই জুলিয়া।' ঃ 'হ্যাঁ। কিন্তু এ আমার কাছে স্বপ্তের মত মনে হয়। বিশ্বের এক হপ্তা পূর্বেও আশা করিনি জ্লিয়ার পিতা আমার উপর এতটা মেহেরবান হবেন। আমি জ্লিয়াকে ভালবাসতাম। কিন্তু মারকাশের বংশ গৌরব বাঁধার প্রাচীর হয়ে দাঁড়িয়েছিল। ক্লেভিস আমার একান্ত বন্ধু হলেও নিজের ব্যাপারে আমি সচেতন ছিলাম। দন্তগিরদ থেকে ফিরে আসার পর মারকাশ এই প্রথম আমার সাথে কোলাকুলি করলেন। সব শুনে তিনি ঘোষণা করলেনঃ 'কন্তুনতুনিয়ার উপর নতুন করে কোন বিপদ না এলে চলতি সপ্তার মধ্যে জ্লিয়ার বিশ্বে হবে।'

আমি শজ্জা জড়িত কণ্ঠে বরের কথা জিজ্জেস করায় তিনি বশলেনঃ 'এক যুদ্ধ বিজয়ী বিশ্বস্ত যুবক হবে আমার জামাতা। তার নাম দীলরেস।'

দীলরেস বিয়ের সব ঘটনা শোনাতে চাইছিল। কিন্তু আসেমের চেহারা বলছিল ও এখন কল্পনার আকাশে বিচরণ করছে। তাকে অন্যমনশ্ব দেখে দীলরেসও কথার যোড় ঘুরিয়ে দিল।

কয়েকদিন পর ওরা ইন্তাকিয়া প্রবেশ করল। তখন দুপুর। ওরা শুনল বন্দরে একটা জাহাজ দাঁড়িয়ে আছে। বন্দরের দিকে ছুটল ওরা। গিয়ে দেখল জাহাজে জায়গা নেই। জাহাজে স্থান না পেয়ে কয়েকজন যাত্রী কেপ্টেনের সাথে ঝগড়া করছে। এক গাস্সানী রইস গলা ফাটিয়ে বলছিলেনঃ 'আমি আমাদের সম্রাটের দেয়া উপহার নিয়ে কাইজারের কাছে হাছি। যদি এ জাহাজে যেতে না পারি তবে ইন্তাকিয়ার গভর্মরের কাছে তোমার নামে অভিযোগ করব। বিজয় মিছিলের পূর্বেই আমায়রাজধানীতে পৌছতে হবে।'

ক্যাণ্টেন বড় কষ্টে ক্রোধ সংবরণ করে বললঃ 'ঠিক আছে, ভোমার উপহার আমি পৌছে দেব। বিন্দু আমার জাহাজে আর কাউকে তোলা যাবে না। বিজয় আনন্দ একদিনেই শেষ হয়ে যাবে না। দু' তিন দিনের মধ্যে ভূমি অন্য জাহাজ পেয়ে যাবে।'

- ঃ 'বিস্তু আমি কাইজারের মিছিল দেখতে চাই। আমি জানি তিনি খব শীঘ্রই পৌছে যাবেন।'
- ঃ 'এরা সবাই মিছিল দেখার জন্য যাছে। জাহাজে কাকে ভূলব ভার কাকে ভূলব না দে ভামার ইছে। ভূমি হয়ত জাননা, ইস্তাকিয়ার প্রতিটি যাত্রী কাইজারের জন্য কিছু না কিছু উপহার নিয়ে যাছে। মিছিল দেখতে চায়না যাত্রীদের মাঝে এমন কেউ নেই।'

দীপরেস এগিয়ে এল। ঃ 'তোমার জাহাজে একজন অভিজ্ঞ সারেং এর স্থান হবেনা?'

- ঃ 'আপনি ?' চমকে উঠল ক্যাপ্টেন। 'আপনি এত শীঘ্র ফিরে এসেছেন? আমি তো শুনেছি 'আপনিমাদায়েন্যাচ্ছেন।'
- ঃ 'সাদায়েন যাওয়া লাগেনি। এখন যত শীঘ্র সম্ভব আমায় রাজধানীতে পৌঁছতে হবে। আমার সংগীরা ঘোড়ার পিঠেই সফর করবে। ভোমার কিন্তু আরো একজন যাত্রীকে স্থান দিতে হবে।'
  - ঃ 'আপনারা জাহাজে উঠবেন, ভাতে জামার অনুমতির দরকার নেই।'
  - ঃ 'তৃমি না বললে জাহান্তে স্থান নেই।' গাসসানীর কঠে অনুযোগ।

ঃ 'আমি ঠিকই বশেছি। তুমি হয়ত জান না এ হুকুম করলে জাহাজের সব যাত্রীকে নামিয়ে দিতেআমিবাধ্য।'

দীলরেস আর আসেম জাহাজে উঠল। বাতাস অনুকূপে পেয়ে তর তর করে এনিয়ে চলল জাহাজ। করেকদিন পর মর্মরা থেকে বেরিয়ে জাহাজ বসফরাসে পড়ল। বায়ে কন্ত্নত্নিয়ার পাঁচিল। পাঁচিলের উপর নারীপুরুষের ভীড়। বন্দর থেষে নদীর দৃপাশে জাহাজের সারি। কৃষ্ণ সাগরের দিক থেকে এনিয়ে আসছে বিশটি যুদ্ধ জাহাজ। সামনের জাহাজে কাইজারের পতাকা।

দীলরেস, আসেম এবং আরো কজন যাত্রী জাহাজের সামনে দাঁড়িছে এ দৃশ্য দেখছিল। ক্যাপ্টেন দীলরেসকে বলল ঃ 'জনাব! মহামান্য কাইজার আসছেন। আমাদেরকে এখন বন্দর থেকে একট্ দুরে অপেক্ষা করতে হবে। আপনার কি হকুম।'

- ঃ ' আমার তো মনে হয় জংগী জাহাজ আদার পূর্বেই আমরা বন্দরে পৌছতে পারব।'
- ঃ 'কিন্তু কন্দরে দাঁড়িয়ে থাকা লোকেরা আমাদের এ দুঃসাহস কে ভাল চোখে দেখবে না।'
- ঃ 'ঠিক আছে। একট্ এগিয়ে জাহাজ নোংগর কর। আমরা টুপ করে নেমে যাব।'

যাত্রীরা হৈহল্লা শুরু করণ ঃ 'আমরাও কাইজারের মিছিল দেখব।' আমরা কতদূর থেকে এসেছি। কত বছর ধরে এ মিছিলের ইন্তেজারে ছিলাম।'

ঃ 'এখন জামাদের জাহাজ বন্দরের কাছে যেতে পারছেনা। জার মিছিল তোমরা অবশ্যই দেখবে। সে ব্যবস্থা জামি করব।'

রশির সিঁড়ি বেয়ে নেমে এল আসেম, দীলরেস এবং আরো কজন যাত্রী। কিন্তু ভীত্র গভিতে একটা নৌকা ওদের দিকে ছুটে এল। কাছে এসেই এক রোমান ওফিসার চিৎকার দিয়ে বলল ঃ 'থামো। ভোমাদের নৌকা এখন বন্দরের দিকে যেতে পারবেনা।'

যাড় ফিরিয়ে অফিসারের দিকে ভাকাল দীলরেন। অফিসারের মুখের কথা আটকে গেল।

- ঃ 'কন্তুনত্নিয়ার কন্দর এত ছোট নয় যে এ ছোট নৌকা কাইজারের পথ আটকে ফেলবে।'
- ঃ 'আমি আপনাকে চিনতে পারিনি। জাহাজ নিকটে এসে গেছে। একটু তাড়াতাড়ি করুন।'
- ঃ 'ত্মি কিছু ভেবনা। জাহাজ এখনো বেশ দূরে। এর মধ্যে জাহাজের যাত্রীদের নামিয়ে নিতে পারব। দুটো নৌকাই যথেষ্ট। এরা সবাই শাহানশার মিছিল দেখতে চায়।'
  - ঃ 'ঠিক খাছে। আমি নিজেই তার ব্যবস্থা করছি।'

হেরাক্লিয়াদের জাহাল এসে বন্ধরে লাগল। উল্লাস ধ্বনিতে মুখরিত হল জাকাশ বাতাস। তিনি লাহান্ধ থেকে নামলেন। হান্ধার হান্ধার দর্শক হাটু গেড়ে কুর্নিশ করল বিজয়ী সম্রাটকে। পথে বিছানো লাল গলিচায় ফুলের স্কুপ। সামনে দ্যাড়িয়ে রাজকীয় রথ। রথে শাদা ঘোড়া জুড়ে দেয়াহয়েছে। ধীর পায়ে এগিয়ে এলেন সমাট। রথে চেপেই তিনি ডান হাত উপরে তুললেন। দিক দিবিক প্রকল্পিত হতে লাগল শ্লোগানে শ্লোগানে। ফুলে ফুলে ছেয়ে গেল রথ। নাকারা হাতে দাঁড়িয়ে আছে অসংখ্য মানুষ। সিপাইরা তীড় সামাল দিছিল। কখনো হাত উপরে ডুলে কখনো ডানে যায়ে জার পাঁচিলের উপর চোখ বুলাছিলেন তিনি। তার প্রতিটি তৎপরতা বলছিল, 'খোলার এ পৃথিবীতে আমি ছাড়া জার কেউ নেই।'

দীলরেসের কারণে ভীড়ের মাঝেও একটা বুরুজের নীচে স্থান পেল আসেম। বিজয় গর্বে গর্বিত সম্রাটকে দেখে ও বারবার বলহিলঃ 'এ যে সেই হেরাক্লিয়াস স্বামার বিশ্বাস হচ্ছেনা।'

ঃ 'আমার বন্ধু।' দীপরেস বলগ। 'ভূমি এই প্রথম তাকে এক বিজয়ীর বেশে দেখছ। কল্টুনভূনিয়া আজ চিনতে পারবেনা। পৃথিবীর সব অহংকার আজ রোমানদের জন্য। আজ শাহী মহলে যখন তার বন্ধৃতা শুনবে তখন বুঝবে, এ কণ্ঠ তোমার অচেনা।'

আসেম ডানে বায়ে দেখছিল। অনেকের হাতে মদের পিপে। ওরা কাইজারের দিকে ভাকিয়ে শ্লোগান দিছে। প্রতিটি শ্লোগানের পর পরই মদ ঢালছে গলায়। অনেক মেয়ে মদে মাতাল হয়ে পুরুষের গলা জড়িয়ে আছে।

এক দীর্ঘ দেহী রোমান কাঁধে ভূলে নিয়েছে এক যুবতীকে। থেলে শুটুপুটি খাছে ও। অন্য এক রোমান আকণ্ঠ মদ গিলে ভার সংগীকে বলছেঃ 'পাঁচিলের উপর থেকে লাফ দিয়ে আমি বলফরাদের ওপাড় পৌঁছে থেতে পারি।' সঙ্গীটি বলছে ঃ 'মিগ্যে। ভূমি মিথ্যে বলছ।' রোমান এক ভরুবীর দিকে ভাকিয়ে বললঃ 'ভূমি বল, আমি কি মিথ্যে বলছি?'

- ঃ 'হাাঁ।' মাতাল তক্লণী জবাব দিল।
- ঃ 'ঈশ্বরের দোহাই আমি সত্য কথা বলছি।' মেয়েটির চুসের মৃটি ধরে কটা ঘূসি মেরে রোমান পাঁচিলের উপর থেকে ফেলে দিল। পরিখার ভেতর ছটফট করতে লাগল ভরুনী। দর্শকরা ফেটে পড়ল অট্টহাসিতে।

দীশরেস তার এক গ্রীক বন্ধুর কাছ থেকে দু'জাম পান করে ভৃতীয় জাম আসেমের দিকে বাড়িয়ে ধরল। কিন্তু হাতে নিল না আসেম।

- ং 'বন্ধ। খুব তাল শরাব। জার এমন দিনতো দব সময় জাসবেনা। এথানে অপেকা করতে ভোমার কট হচ্ছে বৃঝি। কিন্তু এ মৃহুর্তে তাকেও তো খুঁজে পাবেনা। আমার বিশ্বাস, ফুন্তিনা এখন জান্তুনি এবং জুলিয়ার সাথে। মিছিল শেষ না হলে ওরা ঘরেও ফিরবেনা। কয়েক ঢোক গলায় ঢোল দেখ তোমার সকল পেরেশানী দূর হয়ে যাবে।'
- ঃ 'শিক্স পরা দিনগুলোতে সব কিছু ভূসে থাকার জন্য এমন কোন নেশার দরকার হয়নি। আজ মাভাল হব কেন?'

দীলরেসের গ্রীক বন্ধু আসেগের কথা ব্ঝন্তে পার্লনা। এক চমুকে হাতের গ্রাস শেষ করে সে বলল ঃ 'তোমার কথা ব্ঝলাম না, পৃথিবীতে মদ ছাড়া কেউ কি বেচে থাকতে পারে? দুশমন যথন আমাদের মাথার উপর তথনো মদ পান করেছি। এখন তো আমরা বিজয়ী। একটু আনন্দ বস্তাবো তাতো মদ নিয়েই। দীগরেস! দনে হয় ভোমার বস্ত্র জয় পরাজয় চেনেনা। তার জীবনে কোন দুঃখ অথবা আনন্দ আমেনি।'

বিজয় মিছিল শুরু হয়েছে। পাচিল থেকে নেমে মিছিলে শরীক হচ্ছে লোকজন। দীলরেস বলল ঃ 'আসেম। এই মাত্র ক্রেডিসকে একপদক দেখছি। কিন্তু এই ভীড়ের মধ্যে ওকে খুঁজে বের করা সম্ভব নয়। মিছিলে না গিয়ে চলো আমরা জন্য পথে মহদের কাছে চলো যাই। মিছিল শেষে কাইজার বখন ভাষণ দেবেন তখন আমরা তাকে নিকট থেকে দেখতে পাব। আসেম। কাইজার ইরান বিজয় করে ফিরে আসার পর আমরা তার বিজয় মিছিল দেখেছি, কয়েক বছর পর একথা বলে তুমি গর্ব করতে পারবে। তোমার ছেলেমেয়ে একথা গুনলে আশ্বর্য হবে।'

আদেম এদিক ওদিক তাকান। দীপরেনের গ্রীক বন্ধু নেই। বারা মিছিলে যায়নি তারা গড়ীর উৎসুক্য নিয়ে মিছিল দেখছিল।

ঃ 'দীলরেস।' আসেম বহুল 'জীবনে জনেক কিছুই দেখেছি। যা এখন অবিশ্বাস্য বলে মনে হয়। যে সম্রাটের ইন্সিতে পূর্ব পশ্চিমের ভাগ্য নির্ধারিত হয় তার শান শওকত দেখেছি। দেখেছি সে সম্রাটকে, বার ক্ষমভার নৌকা মানব খুনে রংগীন হয়েছে। আমি দেখেছি সে দেনবাহিনীর বিভায়, খাদের গতির কাছে পৃথিবী সংকীর্ণ হয়ে এসেছিল। জেরুজালেম বিজয়ের পর মাতাল ইরানীদের অউহাসির সাথে ওমেছি জসহায় নারীর আর্ড চিৎকার। সে কারা আজা আমার কানে বাজছে। আমি ভূলতে চাই সে জতীত, যেখানে জালেম ও মজনুমের কাহিনী ছাড়া কিছুই নেই।'

ঃ ' পারভেন্সের সাথে সাথে ভার জুলুমও শেষ হয়ে গেছে। আমরা মানবভার ইতিহাসে নতুন অধ্যায় সংযোজন করেছি। কিন্তু আমার মনে হয় রোমানদের ও বিজয়ে তুমি সতুষ্ট নও।'

আসেমের ঠোটে ফুটে উঠল এক চিলতে বিষয় হাসি। ৪ 'যায়া অসম্ভবকে বিশ্বাস করে জামি হয়ত তাদের একজন। কতগুলো স্থাগত্র ঘটনার পর আমি তেবেছিলাম, যুদ্ধ বন্ধ হওয়ার মধ্যেই মানুষের মৃক্তি। আবার নিজকে প্রবোধ দিয়েছি এই তেবে যে, শক্তিশর সম্রাটের বিজয়ে ক্রিলা, গোত্র এবং সকল বংশীয় কোনুল থেমে যাবে। আমি পারতেজকে সে সম্রাট মনে করতাম। বিন্দু আমি বৃথাতে পেরেছি, অন্যাচারীরা ক্ষমতা পেলেও ইনসাফ রাখতে পারেনা। বরং আরো জালিম হয়ে ওঠে।

এক দুর্ঘটনা আমায় কর্ত্বত্নিয়া নিয়ে এদেছিল। কাইজারের পক্ষ সমর্থন করতে আমার বিধেক আমায় বাধ্য করেছিল। চেষ্টা করেছি যুদ্ধ বন্ধ করতে। চেয়েছিলাম বসফরাদের এপাড়ের মজ্বুম মানুষগুলো একট্ স্বস্তিতে থাক। কিন্তু সীনের সাদ্ধির চেষ্টা ব্যর্থ হয়েছে। এর পর কাইজারের বিজয় আমার কাছে ছিল এক অলৌকিক ঘটনা। কয়েদ থেকে ছাড়া পেরে মনে হয়েছিল কাইজারের এ বিজয় সীনের স্বপ্র। তার স্বপ্র ছিল শান্তি এবং ইনসাম্বর্ণ সমাজ গড়ার। যদি কিছু মনে না কর ভবে বলব, একট্ আগে কাইজারকে রগে চড়তে দেখলাম।

কায়দার ও কিনর। ৩৬৭

আমার মনে হয়েছিল কিসরা পারডেজ আবার ফিরে এসেছেন। জেরুজালেম বিজয়ের পর কিসরার যে ছবি আমি দেখেছিলাম কাইজারের ছবি তারতে তির ছিল না। পারডেজকে দেখে যারা শ্লোগান তুলত তাদের জার এদের মধ্যে কোন পার্থক্য খুঁজে পাইনি।'

দীলরেস তিক্ত কণ্ঠে বলগঃ 'তুমি বলতে চাইছ ইরানীদের এত খড় পরাজ্যে কাইজার এবং তার প্রজারা খুশী হবেনা?'

ঃ 'না বন্ধু। আমি শুধু বলছি, যে বিজয়ে মানুষ দেবতার মত অহংকারী হয়তো শান্তির পরিবর্তে যুদ্ধের নভুন দার খুলে দের। আমার মনে হচ্ছে, কোন মানুষ, কোন কওম অথবা কোন রাষ্ট্র অপর মানুষ, কওম অথবা রাষ্ট্রের উপর বিজয়ী হলেই শান্তি আসেনা। আমার কথায় চিন্তিত হত্তয়র কারণ নেই। আমি এফটা পাগলের মত বক্কব করছি। পৃথিবীতে এর বাস্তবায়ন সম্ভব নয়। এখানে জালেম মজলুম হবে, মজলুম হবে জালেম।

ভবিষ্যাভ নিয়ে আমি ভাবিনা। দুঃখ যা পাবার তা পেয়েছি। যুদ্ধ শেষ হয়েছে। এবার আশা করব কাইজার যেন এ বিজয়ে সমুষ্ট থাকেন জার আমরা বাকী জীবন সুখে কাটাতে পারি। যদি কোনদিন কাইজারের ভেতর ফিরে আসে কিসরার আত্মা, তখন পরবর্তী বংশধরের কি হচ্ছে দেখার জন্য আমরা বেঁচে থাকব না।'

 দীশরেদের চোখে মৃথে মদের নেশা। ঃ 'তোমার কথার জবাব দিতে পারবে ক্লেডিস।' জড়িয়ে জড়িয়ে বলল সে। 'আমি কিছ্ বৃঝিনা, এখন চল, বস্তৃতা শুনব।'

ঃ 'না, ত্মি যাও। আমি সোজা ক্লেডিসদের বাড়ী যাব। ফুন্তিনা হয়ত এখন ওখানে থাকতে পারে। না থাকলেও ওখানে বসে বসে তার অপেক্ষা করা সহজ হবে।'

ক্লেডিসদের বাড়ীতে এক বৃড়ো চাকর ছাড়া কেউ ছিলনা। বৃদ্ধ গভীর চোখে আসেমের দিকে তাকিয়ে বলল ঃ 'আপনি আসেম না? মাফ করুন। আমি আপনাকে চিনতে পারিনি। ঈশ্বরকে ধন্যবাদ আপনি এসে গেছেন। ক্লেডিস এবং তার পিতা আপনাকে দেখলে খুব খুশী হছেন।'

ঃ 'ফুন্তিনা কেমন আছে ?'

ঃ 'মায়ের মৃত্যু শোক ও এখনো ভ্লতে পারেনি। প্রতিদিন গীর্জায় গিয়ে আপনার জন্য প্রার্থনা করে। অধিকাংশ সময় আমি তার সাথে থাকি। প্রার্থনা করার সময় তার চোখে পানি দেখেছি। এইতো সে বেরিয়ে গেল। একটু আগেও এখানে ছিল। আন্তুনি আর জুলিয়া মিছিলে নেয়ার জন্য অনেক জোরাজুরী করেছে। কিন্তু ও ধায়নি। গীর্জা আর কবরস্থান ছাড়া এখন আর ও কোথাও যায়না। জুলিয়ারা চলে যাবার পর ও আমায় বলল 'গীর্জায় থাছি।'

আমি বললামঃ' গীর্জায় কাউকে পাবেনা। গীর্জার দুয়ারও হয়তো খোলা নেই।'

কিছুক্ষণ বসে থাকার পর হঠাৎ বনল ঃ 'আমি কবরস্থানে ফাচ্ছি।'

এর পর কতগুলি ফুল ছিড়ে বেরিয়ে গেল। বাড়ী খালি না হলে আমি ওর সাথে যেতাম। জাপনি বসুন। কবরস্থান বেশী দূরে নয়। ও খুব শীঘ্রই ফিরে জাসবে।'

- ঃ'কবরস্থান কোন দিকে?'
- ঃ 'পশ্চিম ফটকের বাইরে। বসুন, আমি তকে ডেকে নিয়ে আসহি।'
- ঃ ' না, আমি নিজেই যাচ্ছি।' বলে আদেম দাঁড়াল। বাগান থেকে কভগুলো ফুল ছিড়ে নিয়ে বৈরিয়ে এল বাড়ী থেকে।

খানিক পর পশ্চিম ফটকের বাইরে কবরস্থানে প্রবেশ করল ও। টিলার উপর কবর। দূর থেকে কালো কাপড়ে ঢাকা নারী মূর্তি দেখা যাছে। ছুটগ ও। দীড়াল আবার। এরপর ক্রেত টিলায় উঠতে লাগল। বুকের ডেভর হাড়্ড়ি পেটার শব্দ। পা টলছে। এগোচেছ ও। আচরিত পেছনে ফিরল ফুডিলা। মাটির দাথে সেটে গেল যেন আসেমের পা। একজন ভারেকজনের দিকে নির্নিমেষ তাকিয়ে রইল। হৃদয়ের শান্ত সাগেরে ঝড় উঠল হঠাৎ। ছুটে এসে জড়িয়ে ধরল একে অপরকে।

ঃ 'ফৃন্তিনা। স্বামি এদেছি। স্বামি বেঁচে স্বাছি ফুন্তিনা। এখন প্রামি প্রান্ন কোঞ্চাও যাবনা।'

ফুন্তিনার কাঁপা ঠোঁট থেকে স্ফীণ কারার শব্দ ছাড়া কিছু গুনা গেলনা। গুর চোখের পানিতে আসেমের বুক ভিজে উঠল। একপা পেছমে সরে দাড়াল গু।

এগোল আসেম। থুডনীর নীতে ধরে ওর মুখ উপরে তুলতে চাইল। ঃ 'আমার দিকে তাকাও ফুন্তিনা। দেখোআমি সন্ত্যিই বেঁচে আছি।' .

দৃ'হাতে মুখ ঢেকে ফুফিয়ে ফুফিয়ে কাঁদতে লাগল ফুন্তিনা। আসেম ধরা কণ্ঠে বলল ঃ 'হায়। যদি ডোমার ঠোঁটের হায়ানো হাসি ফিরিয়ে দিতে পারভাষ। এই কি ডোমার আত্মার কবর?'

আদেমের দিকে না ভাকিয়েই উপর নীচে মাথা দোগাল ফুন্তিনা। হাতের ফুলগুলি কবরে ছড়িয়ে দিয়ে ফুন্তিনার দিকে ফিরল আদেম। বলল ঃ 'ফুন্তিনা। আমি জানি আমার ভালবাসা গোসায় অব্দ ছাড়া কিছুই দিতে পারেনি। কিছু দুর্ভাগোর কালো রাতে ভোমার চোথের লোতিই ছিল আমার শেষ সংলা ফুন্তিনা, আমার দিকে ভাকাও।'

কৃতিনা চৌথ মূছে তার দিকে ফিরল। ঃ 'আসেম। তোমাকে অনেক কিছুই বলার আছে, নসো।' দাসের উপর সামনা সামনি বসল ওরা।

দৃতিনা মাথা নৃইয়ে চিন্তা করল থানিক। বলগ ঃ 'এ সিন্টির জন্যই আমি প্রার্থনা করতাম।
বাবার ঈশ্বরকে দেয়া প্রতিশ্রুতি পূর্ণ করার জন্য তোমার সাহায্য প্রয়োজন হবে। আমার
কথাতাশো সনযোগ দিয়ে শোন। আর্বার বেদনাদায়ক মৃত্যুর খবর শোনার পর আমি অনভর
কর্মেন্সাম যে আমার পাপের কারণে তিনি এ শান্তি পেয়েছেন। মাদার হওয়ার চাইতে আমি
দান্যার কীবনকে প্রাধান্য দিয়েছিলাম। জেরুজালেমের গীর্জার বিশপের কথাকে অমি উপহাস
কর্মেন্সাম শান্তি মাদার হইনি কারণ আমার স্বার্থা ইরান ফৌজের সিপাহসালার।

এক পৃথান মায়ের সন্তান হওয়া সত্তেও আমার সম্পর্ক ছিল এক বিজয়ী কওমের সাথে। ভারন পানতেই দুনিয়া থেকে সরে যাব মা–ও তা চাইতেদনা। তিনি গীর্জাকে কররের ডেয়াঞ্চ মনে করতেন। কিন্তু মৃত্যুর সময় তিনি বৃষ্ণতে পেরেছিলেন যে, আমায় রাহেবা হতে না দিয়ে তিনি মহা পাপ করেছেন। মায়ের মৃত্যুর পর আমি আমার পাপের প্রায়ন্টিত্য করব তেবেছি। তথু তোমার করনা বীধা হয়ে দাঁড়াল। অত্নেনি বার বার আমায় বৃষ্ণাঞ্জিল যে, আসেম ফিরে এসে তোমায় না পেলে ভার কি অবস্থা হবে। মাদার হলে ভার সাথে কথাও বলতে পারবেনা। এরপর তুমি যথন এলেনা, ভাবলাম আমার পাপের কারণেই। তোমার বন্দী জীবন দীর্ঘস্থায়ী হঙ্গে। আমানের পরস্পরের দেখা হোক ঈশ্বর হয়ত তা চান না।

একদিন গীর্দ্ধায় চলে গেলাম। রাতে স্থপে দেখলাম ভূমি এসেছ। ভোরে পালিরে এলাম। আলার সময় প্রতিক্তা করলাম, ভূমি ফিরে এলে আমি মাদার হব। ঈশ্বর আমার প্রার্থনা কবুল করেছেন। এবার ঈশ্বরকে দেয়া প্রতিশ্রুতি পূর্ণ করতে হবে। আমার ইচ্ছে যদি বদলে যায় ভবে ভার পরিণতি হবে ভয়াবহ। সব শান্তি আমি সইতে পারব। কিন্তু আমার কারণে ঈশ্বর ভোমায় শান্তি দেবেন তা আমি সইতে পারবনা।

আদেম বিষয় কণ্ঠে কাল ঃ 'ভূমি বেচৈ আছ অথচ এ দুচোখ তা দেখবেনা, তোমার কণ্ঠ শুনবেনা এ দু'টো কান, আমার শ্বন্য এরচে বড় শান্তি আর কি আছে?'

- ঃ 'ইশরের দোহাই আক্ষেয়। এভাবে আমার দিকে তাকিওনা। আমি আজ চরম পরীক্ষার মুখোসুখী। কেবলমাত্র তুমিই আমাকে এ পরীক্ষায় উতরে যাবার সাহস দিওে পার। আজ সূর্য ডোবার পূর্বেই আমি গীর্জায় চলে যাব। তার আগে তুমি বল, আমায় তুলে যাবে।'
- ঃ 'কোন মানুষ মরার আগে মরতে পারেনা। আর আমার মরার সময় এখনো হয়নি। শোন ফুন্ডিনা! জিন্দানখানার প্রতিটি মৃত্তুর্ত কেটেছে তোমার খারণে। এরপরও বদি এমনটি বিশ্বাস করতে পারতাম যে, আমায় ছাড়াই তুমি সস্তুষ্ট থাকতে পারবে, তবে এখান থেকেই ফিরে যেতেপারতাম।

মক্তৃদির নিঃসংগ বিজনে চলার অভ্যাস আমার আছে। কিন্তু আমি জানি, তোমার গীর্জা হবে আমার কয়েদখানার অন্ধকশ্বের চেয়েও ভয়ংকর। তৃমি সীনের মেয়ে। তোমার আমি সে সব পাদ্রীদের কুরুণার উপর ছেড়ে দিতে পারিনা, যারা মানবভার অপমানকেই পূণ্য মনে করে।

- ঃ 'বিন্তু এ অপমানই যে জামার পাপের প্রায়ণ্চিত্য।'
- ঃ 'ফুন্ডিন।' আদেমের কণ্ঠে প্রতিবাদ। 'তৃমি কোন পাপ করনি। তোমায় জীবত কবর দেয়ার অধিকার কারো নেই। আমি তোমায় ভালবাসি ফুন্ডিনা। আমার বুকের ভেতর তোমার গীর্জা। আমূনি আর ক্রেডিস কি তোমায় বলেনি ওই গীর্জাগুলোয় মানুষের সাথে কি বাবহার করা হয়? তৃমি কি সে সব ফাদার মাদারকে দেখনি যাদের চেহারা বিগড়ে দেয়া ইয়েছে।

ফুন্তিনাঃ আমি একজন শাহজাদাকে তোমার সামনে এনে বলতে পারব ও আমারচে সুদর্শন, বাহাদুর আর বিত্তশালী। এক সহায়হীন তোমায় বে সুখ দিতে পারবেনা এ খুবক তোমায় তাই

িতে পরেষে। বিন্তু খোদার কসম! গীর্জার পাদ্রীরা বাতাসে উড়ে এলেও কারো সুন্দর চেহারা নাঃ করে দেবে আমি তা মেনে নেবনা। ত্মি যে গীর্জায়ই যাবে তার লৌহ কবাট আমার গতি ক্রি করতে পার্বে না। আমি নিঃস্ব, রিক্ত। এরপরও বলব, গীর্জায় যেতে হয় যাও, তবে আমার লাশ না মাড়িয়ে নয়।'

্যৃতিনা অক্রতেজা কণ্ঠে বলল ঃ 'ভেবেছিলাম তুমি আমায় সাহস দেবে। কিন্তু তুমি আমার

দৃশ্ভিতাই বড়িয়ে দিলে ভধা'

ঃ 'ফুন্তিনা!' আসেম তার মাথায় হাত বুলাতে বুলাতে বলল 'জেরজালেম থেকে যে মেয়েটি আমার সাথে সফর করেছিল এ মেয়েটিকে ভার চাইতে বোকা মনে হচ্ছে। তোমার পাপ আমি মাথা পেতে নেব। তুমি আমার। তধু আমার।'

ফুন্তিনা আসেমের বুকে মুখ লুকাল।

ঃ 'আসেম। আমি তোমার ছিলাম, তোমার থাকব। তোমার বৃকে আমায় একটু স্থান দাও।
আমায় এমন স্থানে নিয়ে চলো যেখানে কোন তয় নেই। তোমায় ছাড়া আমি থাকতে পারবনা।
আমি আয়াকে ধোকা দিছিলাম। আমার ভাগো ফদি আগুন থাকে তাহলে দ্জনই একসাথে
মরব। তুমি আয়ায়। আমি তোমায়। এখন আমি কাউকে ভয় পাইনা। থে তোমার সাথে
দামেশকেয় পথে সফর করেছিল আমি সেই অসহায়া। কিন্তু তুমি এখানে এলে কিভাবে? বাসায়
গিয়েছিলে? বুড়ো চাকরটা বলেছে, সেই বোকা মেয়েটা এখন কররস্থানে। তাই না? আমার
কেবলি মনে হছিল তুমি আসছ। এজন্য হেয়ারিয়াসের বিজয় গিছিলেও আমি যাইনি।'

মৃদ্ মৃদ্ হাসছিল ফুন্তিনা। কিন্তু বিন্দু বিন্দু অঞ্চ জমা হঞ্জিল আসেমের চোখে। আচমকা ফুন্তিনা একটু দুরে সরে গেল। চোখে মুখে কৃত্রিম রাগ ফুটিয়ে বলল ঃ 'তুমি যে বললে একজন শাহজাদাকে ধরে এনে বলবে, সে তোমার চাইতে ভাল। কেন বললে? তুমি কি আমার শাহজাদা নত?' আসেম ওর সোনালী চুলে আঙ্গুলে বিলি কাটতে কাটতে বলল ঃ 'কি জানি, তখন কি বলেছি মনে নেই। কিন্তু আমি চিরদিন ডোমারই থাকব।'

এর পর একজনকৈ আর একজন নিজের অতীত কাহিনী শোনাতে লাগল। সূর্য মাথার উপর উঠে এলে এক চিনার বৃদ্দের ছায়ার এসে বসল ওরা। ঃ 'ভোমার ক্ধা পেয়েছ। বাড়ী চল।'

- ঃ 'এখন আমি ক্ষুধা ভৃষ্ণা আর ক্লান্তির উধ্বে। বাড়ী যাবার পূর্বে তোমায় একটা প্রশ্ন করব। ভূমি কি এমন ব্যক্তিকে স্বামী হিসেবে গ্রহণ করবে, যে তোমাকে ভালবাসা ছাড়া আর কিছুই দিতে পারবে নাং'
  - ৪ ' এ প্রশ্নটা কি এখন অর্থহীন মনে হয়না ?'
- ঃ 'ফুন্তিনা। আমার প্রশ্ন হচ্ছে, বিয়েটা করে। এবং কোঞ্চায় হচ্ছে? বিয়ের পরা ত্মি কোথায় থাকতে চাও।'

ফুন্তিনা বললোঃ 'এ ব্যাপারটা আমার চাইতে তুমি ভাল বোঝবে।'

কায়সার ও কিসরা ৩৭১

- ঃ ' যদি বলি জাজই আমাদের বিয়ে হয়ে যাবে গ'
- ঃ 'মাদার হওয়ার প্রতিজ্ঞা ভেংগে ফেলেছি। এখন ক্লেডিসদের বাড়ী নিয়ে যদি খোনপা করা যে আযাদের বিয়ে হয়ে গেছে, জামি একটুও লক্ষ্যা পাব নাঃ বিন্তু জামার জাশংকা হক্ষে, ভূমি ফিরে একেছ জানতে পারলে পান্তীরা আমার পিছু নেবে। তখন কোন পান্তী বিয়ের জনুষ্ঠান সম্পন্ন করতে রাজী হবেনা। ভূমি খৃষ্টান নও একথা বলগেই সাধারণ লোকেরা আমাদের উপর কেপে উঠবে। হায়। জামি যদি ওদের বোঝাতে পারতাম, বন্দুনভূনিয়ার সব খৃষ্টানের চাইতে ভূমি জনেক ভাল।'
- ঃ ' আরবে কডগুলি রসম রোভয়াজ ছিল আয়ার ধর্মের ভিত্তি। সেকথা বগতেও এখন শজা লাগে। আয়ারা হজরত ইরাইীয়ের ধোদাকে মানলেও পূজা করতাম অসংখ্য লেব দেবীর। আয়ারা মনে করতাম, পুঁলোট, মারামারি ইত্যাদিতে তালের সাহায্য প্রয়োজন। ইরাসরিবে জনালের মত আয়ারও দেবতা ছিল মানাত। তা ছিল এক নিজ্ঞান পাগর। কিছু মনে করতাম, জনা কবিশাকে প্রাজিত করতে এবং প্রিয়জনদের রতের বদলা নিতে সে আয়ানের সাহায্য করতে পারে। এখন কবিশার সাথে আয়ার কোন সম্পর্ক নেই। এ জনা আরবের ছোট বড় সকল দ্বেতার সাথে আয়ার সম্পর্ক লেব হয়ে গেছে। রক্ত করানোর জন্য এখন তাদের প্রয়োজন পড়েনা। তুমি বলতে পার, এখন আয়ার কোন ধর্ম নেই।

আমি এমন এক ধর্ম খুঁলছি যেখানে একে জগরের উপর মুপুম করবেনা। দেশ ছাড়ার সময় মন্ত্রায় একজন নবীর আবিভাবের কথা শুনেছিলাম। আরবের মন্ত্রাবিয়াবানে কোন ঝর্না সৃষ্টি হতে পারে তা আমার বিশ্বাস হয় নি। কিন্তু ভার একটা কথা আমার কাছে আশুর্যজনক মনে হয়। চারদিকে মথন বিসরার বিজয় পতাকা উভ্তে, পরাজিত হচ্ছিলেন কাইলার তথন তিনি রোমানদেরবিজয়েরভবিষ্যভবাণীকরেছিলেন।

ভোষার পিতা মৃত্যুর সময়ও এ ভবিষ্যত বাণী বিশ্বাস করতেন। আমি সে নবীকে কথনো দেখিনি। কিন্তু আরবের অবস্থাতো জানি। মানবভার কণ্যাণকার্মী কোন দ্বীন সেখানে প্রতিষ্ঠা লাভ করতে পারেনা। হয় তো তিনি গায়েব জানেন। তিনি মানি সমগ্র পৃথিবীকে শান্তির পর্যগাম না গুনিয়ে কেবসমাত্র আরবের গোরীয় সংঘাত দূর করতে পারেন তাকেই আমি ইতিহাসের মহান বিজয় বলে মনে করব। আরবের অধারপুরী থেকে আলোক শিখা সমন্ত পৃথিবীকে আলোকিত করবে তেমন সভাবনা নেই। যদি এমনটি হয়, তবে তার পদতলে আশ্রয় নিয়ে আমি গবিত হবো। আপাততঃ সব ধর্মই আমার কাছে সমান। আমায় বৃষ্টান বললে যদি তুমি চিত্তামৃক্ত হও, আমার কোন আপত্তি নেই।

ঃ 'মাদার হওয়ার ইচ্ছে ভ্যাগ করায় এখন ধর্মের দৃষ্টিতে আমি অপরাধী। এ জন্য ভূমি কোন ধর্মের ভা নিয়ে আমায় কোন মাথা ব্যাথা নেই। আগেও ছিল না। আমি জানি, ভূমি বেই হও আমায় পাশে ভূমি থাকলে আমি গীর্জাকে ভয় পাইনা। কিন্তু বিয়ের জন্য এখানকার নিয়য়— কানুন মানতেই হবে। আঙুনি বগেছে, আমার ধন সম্পদের প্রতি পাদ্রীণের লোভ। ওরা মনে করে দ্বানের সিপাহসাগারের মেয়ের কাছে নিশ্চরই অজন্ত সম্পদ রয়েছে।

মাঝো মৃত্যুর পর আমার সবকিছু গীলার দান করতে চেয়েছিলায়। কিন্তু অন্ত্রনি আমার হাররে দেশনার পুথিয়ে বলেছিল, ভোমার বিয়েতে প্রয়োজন হবে, এগুলি আমার কাছে আমানত থাক। ওর দৃঢ় বিশ্বাস ছিল, গুমি আসবে। আমিও ভেবেছি, গুমি এলে আমার সম্পদ ভোমার কাছে আমরে। গোপনে গীর্লায় যাবার পূর্বে আন্তুনিকে বলেছিলাম, আমার কিছু একটা হরে গেলে সব কিছু যেন ভোমার হতে তুলে দের। আমি দুর্শদিন গীর্লায় ছিলায়। পারী বারবার আমার বলেছে, বনি কিছু ছেড়ে এসে থাক তার মানে পুনিয়ার সাথে তুমি এখনো সম্পর্ক ছাড়তে পারনি। আযা হয়ে তাকে কথা দিতে হয়েছে যে, মাদার হলোর জন্য এলে আমার সব কিছু আপনার হাতে তুলে দেব। এরপর তৌ আমি ওখান থেকে পালিয়ে ছলে এলায়। গানী কয়েকবার রেছিলদের বাড়ী এসে আমায় থমকে গেছে। 'ওর এক আপন জন ইরানীদের কয়েদখনায়। ও এলেই ফুন্ডিনা আপনার কাছে চলে থাবে' বলে আন্তুনি অনেক করে পানীকে বিদায় করে। সে অন্তেনির উপরও ক্ষেপে গিয়েছিল।

শামি বনন প্রতিঞা করলাম আদেম জীবিত কিরে এলে গীর্জায় চলে যাব পান্ত্রী তথন শান্ত হয়েছে। এর পর থেকে বিশপ নিজে আদেননি। প্রতিয়াসে নুজন মাদারকে পাঠিয়ে দিতেন। কর্ত্বপূনিয়ার আরো দুটো গীর্জা কিতাবে যে আমার খবর জানল ঈশ্বরই জানেন। প্রত্যেকটি গার্জার পান্তীরা আমার পেছনে সাগলো। কিন্তু কি আন্তর্য জানত আমার কাছে এসে এক পান্ত্রী থারেক পান্তীর কলনাম করতো। আমি শুনে শুনে হাসতাম।

- ঃ 'ভবে তো আছাই পালাতে হয়। নয়তো পান্তীরা এক হয়ে নিজেরা মারামারি ভরু করবে।'
- ঃ 'বা, ত্বত চিন্তার কারণ নেই। আমার বিশ্বাস, বিয়ের বিরুদ্ধে কোন প্রতিবাদ ইবেনাঃ খিশুণ নাইখন আমার মধ্যেই ত্বেই করেন। তিনি তোমার সাথে দন্তগিরদ গিয়েছিলেন। আল্লাকে তিনি বুইবাদের বন্ধু মনে করেন। তিনি একদিন কিসরার দিখিত ফ্রেমান নিয়ে হাজিয়ঃ বদ্দদেন, এখন থেকে দামেশখের তোমার নানার সব সম্পত্তি তোমার। তিনি বলেছিলেন, আমি যদি গোনে বাই ভার সব বাবস্থাই তিনি করবেন।

িনি গোমাকেও ভাগবাসেন। আমার বিশ্বাস, তার কাছে থেলে ভিনি আমানের বিদ্রের সন্
নাবছা করবেন। কিছু 'আমি মাদার হব' সংবাদটি এমস রটে গেছে যে কজুনভূনিরা বাকাই
বামার কর্না মুশকিল হরে পড়বে। আমি আমার জন্য ভাবিনা। তথু ভোমার করাই পার্ন্তাদের
অভিশাপকে ভয় পাই।'

া 'তুজিনা যদি আমার সাথে থাকে, তবে কন্তুনতুনিয়া থাকলাম না দামেশুকে থাকনাম তাথে কিছু এসে যায় না। সাইমন যদি বেঁচে থাকেন তাকে আমি বিশ্বাস করি। এখন চলো। নজার পুর্বে আমানেরকে অনেক কিছুই করতে হবে।' 7

সাইমন অসুস্থ। শরীরের প্রতিটি জোড়ায় জোড়ায় ব্যথা। বিহানায় পড়ে কাতরাজিলেন তিনি। চাকর ডেভরে ঢুকে বলনঃ 'পবিত্র পিতা, কজন লোক আপনার সাথে দেখা করতে চাইছে।'

- ঃ 'গাধা! ওদের বলতে পারিসনি পবিত্র পিতা অসুস্থ। এখন কারো সাথে দেখা হবেনা।'
- ঃ 'বলেছি। বলেছি আপনি ভয়ে আছেন। কিন্তু ভরা দেখা না করে যাবেনা।'
- ঃ 'গল্পৰ পড়ুক তোৱ উপর। ওরা তো মলে করেছে আমি বিছানায় গুয়ে আরাম করছি।'
- 'আমি ওদের বগেছি আপনার খ্ব কট। কিন্তু ওরা বলছে, আপনার যে বন্ধকে দন্তগিরদে গ্রেফতার করা হয়েছিল সে ফিরে এসেছে। ওর নাম আসেম। আমি যখন বললাম দেখা হবেনা, তখন সে বলল, সে দেখা না করে ফিরে গেলে নাকি আপনি রাগ করবেন।'

সাই মন ধড়ফড় করে বিছালা ছেড়ে উঠলেন। লাঠি হাতে নিয়ে কক্ষ থেকে বেরুতে বেরুতে বললেনঃ 'ঈশ্বরের দোহাই। ও দেখা না করে ফিরে গেলে তোর চামড়া তুলে ফেলতাম।'

হলকমে চুকলেন সাইমন। দীলরেস, আসেম এবং ক্লেডিস তড়াক করে দাঁড়িয়ে গেল। সাইমন লাঠি একদিকে ফেলে দিয়ে আসেমকে জড়িয়ে ধরলেন। ঃ 'কাইজার আসায় যদ্র খুণী হয়েছি, ডুমি আসায় তার চে কম খুণী হইনি। তোমায় এত জলদি ফিরে পাবো আশা করিনি।'

ঃ 'পবিত্র গিভা। ইস্তাকিয়ার পথেই ওকে পেয়েছি। আমাকে মাদায়েন যেতে হয়নি।'

ওরা বসল সবাই। সাইমনের প্রশ্নের জবাবে আসমে সংক্ষেপে পুরো কাহিনী শোনাল। তার কথা শেষ হলে বৃদ্ধ বলকেনঃ ' আমি অসুস্থ ছিলাম। মিছিলে যাইনি। যাইনি বলে মনে দৃঃখ ছিল, কিন্তু এখন আর সে দৃঃখ নেই।'

- ঃ ' আপনাকে অসময়ে কষ্ট দেয়ার জন্য আমি দুঃখিত।'
- ঃ 'না, না, একটু আগেও ব্যথার কষ্ট হচ্ছিল। বিজু এখন কোন কষ্ট জনুভব করছিনা। এবার বল কি করতে পারি। ত্রিশ বছরের পুরনো মদ আছে। তোমরাই এর উত্তম হকদার।'
- ঃ 'আপনি তো জানেন আমি মদ খাইনা। বন্ধুদের চোখমুখ দেখে মনে হচ্ছে আজকে অনেক বেশী গিলে ফেলেছে।'
  - ঃ ' দূর ছাই। তৃমি যে মদ খাওনা মনেই ছিলনা। আচ্ছা আর কি খেদমত করতে পারি?' আদেশ ক্লেডিসের দিকে তাকাল। ক্লেডিস বলল ঃ 'পবিত্র পিতা। আসেমের ইচ্ছে তার বিয়ে

হবে জাপনার গীর্জায়। কিন্তু আমালের দুর্ভাগ্য জাপনি অসুস্থ।'

নাইমন মৃদু খাসলেন। ঃ 'জন্য কেউ হলে বলতাম আমি অসুস্থ। কিন্তু আসেমের কথা
আলাদা।'

এর পর আসেমের দিকে তাকিয়ে বললেন, 'বেটা! আমার ভূগ না হলে কনে নিশ্চয়ই সীনের মেয়ে। আহ। দে ছিল গীর্জার বড় খেদমতগার। তার মেয়ের বিয়ের রসম পালন করা তো আমি আমার কর্তক্য মনে করি। ভোরেই তুমি অমার গীর্জায় চলে এসো। আমি বেঁতে থাকলে জবশ্যই আসম। ফুন্তিনার দুন্ডিন্তার কারণ আমি জানি। ভূমি ফিরে এসেছ ডালই হয়েছে।'

- ঃ ' আপনার কট হবে। ভারচে আমরা এখানে চলে আসলে হয়না।'
- ঃ ' না। আমার কোন কট্টই হবেনা। যদি নিরাপতার কথা চিন্তা কর তবে বলব, আমার গীর্জা এই ঘরের চেয়েওনিরাপদ।'

পরদিন ভোরে সাইমনের গীর্জায় আসেমের বিয়ের রসম পালিত হল। ক্লেভিসের বাসায় বৌভাভের ব্যবস্থা করা হল। ল দু'য়েক সেহমান দন্তরখানে বসেছে। একটা টাংগা এসে থামল দরোজায়। দু'ব্যক্তি কাঠের তৈরী একটা বড় মটকা গাড়ী থেকে নামাল। এরপর সাইমন গাড়ী থোকে নেমে এলেন। ক্লেভিস তাড়াভাড়ি অভ্যর্থনা করল ভাকে।

সাইমন ক্লেভিসের পিতাকে বলপেনঃ 'মারকাশ। তোমার এখানে কিছুর অতাব নেই। বিশেষ কোন উপলক্ষের জন্য ত্রিশ বছর ধরে এ মটকা আমি সংরক্ষণ করেছি। আমার কাছে এ অনুষ্ঠানই মটকার মূথ খোলার উপযুক্ত সময়। বিস্তৃ যার বিয়েতে এখাম, এক জারব হয়েও সে মদ পান করেনা। জাশা করি তার বন্ধুরা নিরাশ করবেনা।

একজন বলগ ঃ 'পবিত্র পিতা! মটকায় পানি না হলে অবশ্যই আপনাকে নিরাশ করবনা।' গ্রায় মাঝ রাতে মেহমানরা চলে গেল। দোতালার এক কক্ষে তৈরী হয়েছিগ ওদের বাসর।

ঃ 'ফুস্তিনা। আমি বেঁচে আছি। কত ঝড় ঝাপটা গেছে , তবুও আমি বেঁচে আছি।'

ফুস্তিনা তার মুখে হাও চাপা দিয়ে বঙ্গল ঃ 'অতীত নিয়ে ভাবার দরকার নেই। চোরাবালি থেকে আমাদের পা ছুটে এসেছে। ভবিষ্যত নিয়েও উদ্বিগ হবার কারণ নেই।'

- ঃ ' কাল জার জাজকের ঘটনা গুলো আমার কাছে স্বপ্রের মত মনে হয়।'
- ঃ 'এ স্বপুই আমার জীবনের পরম পাওয়া। যুগের পর যুগ পেরিয়েও যদি এ স্বপ্তের ঘোর কখনো না ভাংতো।'
- ঃ 'ফুন্তিনা, পৃথিবীর অসংখ্য মানুষ বর্তমান থেকে নিরাশ হয়ে ভবিষ্যতের আশা নিয়ে বেঁছে আছে। অনেকের আগামী দিন হবে বর্তমানের চাইতেও নিকৃষ্ট। ওরা চায়, চোখের পলকে সময় শেষ হয়ে যাক। আমার কথনো কখনো মনে হয়, সময়ই মানবঙার সবচে বড়ো দৃশমন।'
- 'এ যুগটা সভাই মানবভার দৃশমন। কিন্তু যে জন্য এ যুগটা মানুষের শক্র হয়েছে আগায়ীতে ভা থাকবেনা। আমরা এমন কেন ভাবতে পারিনা যে, আমাদের চলার পথে থাকবে স্দৃশ্য উপভ্যকা। যে পথ অভিক্রম করার সময় মনে হবে সময়টা এভ ভাড়াভাড়ি চেলে গেল।'
- ঃ 'কুদরত যদি এফন কোন শিক্ষক পাঠান যিনি মানবতাকে মানুষ হবার প্রশিক্ষণ দেবেন, যিনি প্রতিটি মানুষকে এ অনুভূতি দেবেন যে, পরম্পরের অঞ্চ ঝরানোর জন্য নয় বরং অপরের মুখে হাসি ফোটানোর জন্যই মানুষের সৃষ্টি, তখনই কেবল ভা সম্বব।'
  - ৪ 'আবার কি সেই নবীকে নিয়ে ভাবছ ?'

3

ঃ 'যানুযের চরম চাওয়াকে নিয়ে না তেবে যে পারিনা ৷'

ফুন্তিনা মুচকি হেসে বলল ঃ 'এ মুহূতে তোমার পরম চাওয়া হজে সেই মেয়ে, যার জন্য পেরিয়ে এসেছ দূতর পারাবার। তোমার সে চাওয়া বৃথা যায়নি। শাহভাদা, আমার আকাশের টাদ সান্দী, সান্দী এ মরুর হাওয়া, তৃমি আমার শান্তি আর আমি তোমার সৃথ। আগমী দিনের পৃথিবী কেবল তোমার আমার।'



বিয়ের পাঁচ দিন পরের ঘটনা। বৈকালীন ভ্রমণ শেষে ফিরে এসেছে জাসেম এবং ফুন্তিনা। মারকাশ, ব্লেডিস, দীগরেস, জান্তুনি এবং জুলিয়া হলক্রমে তাদের আসার অপেক্ষা করছিলেন। ফুন্তিনা এসে আনুনি জার জুলিয়ার মাঝখানে বসে পড়ল।

তাদেমকে নিজের বামপাশে বসিয়ে ক্লেডিস বলগ ঃ 'এইমাত্র কবরস্থান থেকে এসাম। কিন্তু তোমাদের তো কোথাও দেখলাম না।'

- ঃ 'ফুস্তিনার মায়ের কবর দেখে আমরা ফ্রেমসের কবরে গিয়েছিলাম।'
- ঃ 'জাপনি জাব্বার কবরে গেগেন, আমায় সাথে নিজেন না কেন?' আন্তুনির কণ্ঠে অভিমান।
- ঃ 'ভাজকে যাবার ইচ্ছে ছিলনা। কিন্তু বাড়ী থেকে বেরিয়ে হঠাৎ মনে পড়ল কাল সারা দিন সফরের প্রস্তুতি নিতে হবে। সময় লাও পেতে পারি। এজন্য ফুন্তিনার মার কবর বিয়ারত শেষে ওখানেচলে গিয়েছিলাম।'
- ঃ 'আরাজান ভোমাদেরকে এত তাড়াতাড়ি যেতে দিতে চাইছেন না। আরো ক'হপ্তা এখানে থাকলে হয় না! কাইজারের সাথে আমায় হয়ত জেরুজালেম যেতে হবে, তখন না হয় একসঙ্গেয়াথাবে।'
- ঃ 'না ভাই। আমরা দামেশকে ভোমার অপেকা করব। কিন্তু এ মৃহূর্তে আমায় না অটকালেই ভাল হয়।'
- ঃ 'বেটা। মারকাশ বললেন।' 'গীর্জাওয়ালারা ডোমার স্ত্রীকে জোর করে নিয়ে যাবে এই ভেবেই কি পালিয়ে যাচ্ছ? আমি ভোমাদের হেফাজতের জিমা নিলাম। ভূমি হয়তো জাননা, বিবাহিতা মেয়েরা মাদার হতে পারে না।'
  - ঃ 'জাপনার আশ্রয়ে থাকলে পাদ্রীদের জয় নেই। দামেশকে মন না টিকলে ফিরেই আসব।'
- ঃ 'ঠিক আছে। তোমায় থাকতে বাধ্য করব না। কিন্তু কাইজারের সাথে তোমার দেখা হল না বলে আমায় দুঃখ রয়ে গেল।'

- ঃ'কাইজার খৃব ব্যন্ত। এইমাত্র যুদ্ধ থেকে ফিরে এসেছেন। এখন বিরক্ত করা ঠিক হবে না।'
- ৪ 'ইরানের নতুন শাসক যে মরে গেছে শুনেছ?' ক্লেডিস বণগ
- ঃ 'নাডো!ক্বে শুনলে?'
- ঃ 'কাইজারের কাছে মাদায়েন থেকে আজকেই দৃত এসেছে। আমি তার সাথে দেখা করে এসেছি। তার কথার মনে হল, তোমার জেল থেকে ছাড়া পাওয়ার কয়েকদিন পরই শেরওয়ার মৃত্যু ঘটেছে। বর্তমান ক্ষমতাসীন কিসরা কাইজারের কাছে পয়গাম পাঠিয়েছেন যে, তিনি রোমের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বহাল রাখবেন।'

মারকাশ বললেনঃ 'আমরাই পারভেজকে তার হারানো সালতানাৎ ফিরিয়ে দিয়েছিলাম। তথন কি জানতাম, তার দেনাধাহিনী আমাদের পূর্বাঞ্চল ধ্বংস করে রাজধানী পর্যন্ত তাকে পৌছাবে। এখনো আমার বিশ্বাস, অগ্নি পূজারীরা বেশীদিন মিশরে বসে থাকবে না। এ সামান্য পরাজয়ে ইরানের শক্তি হ্রাস পায়নি। ইরানের শেষ প্রান্ত পর্যন্ত ওদের ধাত্য়া করা উচিৎ ছিল।'

- ঃ 'জেলে থাকায় বাইরের জনেক খবরই আমি জানতাম না। তব্ও আশার পথে বিভিন্ন প্রাম এবং শহর থেকে যেটুকু খবর পেয়েছি, তাতে বলতে পারি, সন্ধি করে কাইজার ভূল করেননি। ইরানী লশকর দিখা বিভক্ত হয়ে পড়েছিল, এ কুদরতের অদৃশ্য সাহায্য। তাছাড়া নিনোয়ার পরাজয়ের পর পারতেজ সাহস না হারালে দন্তগীরদ পর্যন্ত রোমানরা প্রচন্ত বাধার সম্পান হতো। এরপর মাদায়েনে সৈন্যদের জমা করার জন্য ওরা কয়েক হপ্তা সময় পেলে পরিস্থিতি হয়তো পান্টে যেত। পুত্রের হাতে পিতার নিহত হওয়াও খোদারই ইশারা। আমি অনুভব করছি, পারতেজের বিরুদ্ধে এক অদৃশ্য শক্তি ময়দানে এসেছিল। সেখানেই তার ধ্বংসের সিদ্ধান্ত হয়েছে।'
- ঃ 'আমিও শুনেছি। বি্জু আমার বুঝে আসছে না, যে আরবে কোন ভাল কাজের আশা করা খায় না, সেখানে কিভাবে নবীর স্থান হতে পারে?'
- 'আমি খোদা প্রমিক ব্জর্গদের মুখে গুনেছি, একজন নবীর আগমনের সময় এসেছে।
  আমার দৃঢ় বিশ্বাস, আরবে কোন নবী জন্ম নিয়ে থাকলে গুধু আরবে তার প্রতাব সীমাবদ্ধ
  থাকবে না। তাঁর পক্ষ থেকে আমাদের কাছে কোন প্রগাম এলে ভখন বুঝা যাবে। আপাততঃ
  তাকে নিয়ে পেরেশান হওয়ায় কোন কারণ নেই। এ মৃহুর্তে আমাদের সামনে বড় প্রশ্ন হল, এত
  বড় বিজয়ের পর আম্রা কতদিন নিশ্চিন্তে থাকতে পারব।'

- ঃ 'আপনি কিছু মনে না করলে বলব, যতদিন মানুষের জাগ্য কোন কাইজার অথবা কিসরার হাতে থাকবে, ততোদিন শান্তি ফিরে জাসবে না। মানুষের প্রতৃত্বে মুজি নেই। মুজি রয়েছে সাম্যের তেতর। তা না হলে আজকের জালেম হবে আগামী দিনের মজনুম। এতদিন রোমানরা মজনুম ছিল। ইরানীরা আজ নিজেদেরকে মজনুম ভাবছে। কাইজারের বিজয় না হয়ে যদি এমন আদর্শের বিজয় হতো, শক্তিমান–দুর্বল, উচ্নীত্, রোমান–ইরানীর মধ্যে কোন পার্থক্য থাকবে না, সবাই তথন বলতে পারতো, কোন রাজাবাদশার নায়, বরং বিজয় হয়েছে মানবতার।'
- ঃ 'আমি মলে করি এমন আদর্শের পতাকাবাহীকে সকল বংশ, গোত্র এবং সকল রাজা বাদশার বিরোধিতার মুখোমুখী হভে হবে। সে শড়াই হবে রোম – ইরান লড়াইর চাইতে প্রচন্ত।'
- ঃ 'তা ঠিক। তবে কৃদরত যদি মানবভার কল্যাণ চান, শত প্রতিকৃলতার মাঝেও তার জন্য বিজয়ের দুয়ার খুলে দেবেন। যেখানে তার রক্ত ঝরবে, সেখানে ফুঁড়ে বের হবে সাম্য, ইনসাফ জার ভাতৃত্বের ঝণাধারা। তরা ভেঙ্কে গুঁড়িয়ে দেবে বংশ, গোত্র আর কৌলিন্যের দেরাল। মানুষে মানুষে ভেদাভেদ খুতে গেলে যুদ্ধের সম্ভাবনাও থাকবে না। গোত্র প্রধান আর সম্রাটরা সমস্ত শক্তি দিয়ে সে আদর্শকে ঠেকানোর চেষ্টা করবে। জনৈকাই ওদের ক্ষমতার উৎস। কাইজার, কিসরা এবং পৃথিবীর ছোট বড় ক্ষমতাসীনরা তাকে চরম দুশমন মনে করবে। বিস্তু যারা ভবিষ্যত প্রজনোর জন্য শান্তি এবং মৃত্তির প্রত্যাশা করবে, তাদের উচিত এ আদর্শের জন্য জীবন দেয়া।'
- ঃ 'ভাহলে ত্মি বলতে চাও, মানুবের কাংখিত মুক্তিদৃত পূর্ব এবং পশ্চিমের সাথে একসঙ্গে যুদ্ধ ঘোষণা করবে?'
  - ঃ 'হ্যা। এটাই যুগেরদাবী।'
- ং 'ভূমি জন্য কোন গ্রহের কথা বলছ। তবুও বলছি, কোন খোদার বান্দা যদি সান্ধের এ ভেদাভেদ ঘূচিয়ে দিতে পারে তবে এ বৃড়ো বয়সেও ভার পতাকা ভলে একত্রিত হয়ে জাত্মদান করে নিজকে ধন্য মনে করব। আমার পূর্বে আমার পূর্ব পুরুষ কাইজারের জন্য প্রাণ দিতেন। কিন্তু, মানবভার খাভিরে কেউ যদি পৃথিবীর সকল রাজা খাদশার মুকুট ছিনিয়ে নেয়, জামি বরং খুশী হব। আসেম, সত্যিই কি ভূমি কোন মুক্তিদৃতের আগমন প্রত্যাশা করছ?'
- ঃ 'পৃথিবীর কোটি কোটি মান্য অতীভের আঁধার থেকে বেরিয়ে আসতে চায়। ওরা চায় প্রভাতের নির্মল রশ্মি। আমি তো ভাদেরই একজন। হায়! যদি জানতাম কবে এবং কোথায় সে আলো ফুটবে। আমার মুক্তি পিয়াসী মন একজন শান্তি দূতের অপেক্ষা করছে। কিন্তু হায়। তিনি আসবেন এ বিশ্বাস নিয়ে যদি তার পথ পানে চেয়ে থাকতে পারতাম!'
- ৪ 'তোমার এ স্বপু মূছে দেয়া কোন মানুষের পক্ষে সম্ভব নয়। তৃমি তো দামেশক য়াছ। ওখানে কেউ হয়তো সে আলোর সন্ধান তোমায় দিতে পারবে।'

তৃতীয় দিন। জাহাজে সওয়ার হল আসেয় ও ফুন্তিনা। মারকাশ, ক্লেডিস, দীলরেস, অন্তুনি, জুলিয়া, সাইমন এবং আরো ক'জন গন্যমান্য ব্যক্তি কিনারে দীড়িয়ে। জাহাজ ছেড়ে দিয়েছে। হাত নেড়ে নেড়ে বিদায় অভিনন্দন জানাচ্ছেন তারা। বন্দর ধীরে ধীরে ওদের চোখের আড়ালে হয়ে গেল। ঃ 'আসেয়া' ফুন্তিনা বলল, 'দামেলক থেকে কি আবার আমরা জেরুজালেম ছেতে পারিনা। যে পথে কৈশোরে হেন্টেছি, তোমার সাথে আর একবার সে পথটা দেখতে ইচ্ছে হয়।'

রাজকীয় শান শতকত নিয়ে বিজয়ী কাইজার কন্তুনত্নিয়া থেকে রওয়ানা হলেন। সাথে জেরুজালেমের উদ্ধারকৃত ক্রুশ। ইরানীরা আবার তা ফিরিয়ে দিয়েছিল। ক্রুশ দেখার জন্য পথে পথে ভীড় জমাচ্ছিল অসংখ্য মানুষ। তাদের স্বার্থক সমাট পবিত্র ক্রুশ আবার উদ্ধার করেছেন।

ঃ 'যেতে পারি। কিন্তু হায়। অতীত যদি আমরা ফিরিয়ে আনতে পারতাম।'

প্রতিটি বন্দরে ভিড়ত তার জাহাজ। কদিন পূর্বে যারা তাকে কাপুরুষ বলে গালি দিয়েছিল তাদের বিজয় শ্লোগানে আজ আকাশ বাতাস মুখরিত। সম্রাটের হাতে একটু চুমু খাওয়া অথবা তাকে এক নজর দেখাও যেন পূণ্যের কাজ। পবিত্র ক্র্শে সামনে আনা হলে ওরা পাগলের মত যাঁপিয়ে পড়ত। একটু ছুঁতে পারলেই যেন জীবন স্বার্থক। খনিক পর বন্দর হেড়ে কাইজার এগিয়ে যেতেন। নদী পথের সকর শেষে হল পথে চলার সময় লক্ষ লক্ষ মানুয তাকে প্রাণ ভরে দেখত। প্রতিটি মঞ্জিলে বেড়ে যাছিল মিছিলকারীদের সংখ্যা। এই সেই সম্রাট, খিনি চরম নিরাশ মুহূর্তেও প্রজাদেরকে আশ্রয় দিয়েছিলেন। আজ কৃতজ্ঞতার অঞ্চ দিয়ে প্রতিটি মানুষ তাকে স্বাণত জানাছিল। ক্রেশে পূর্বের স্থানে স্থাপন করা হল। ভক্তরা ভালবাসার নজরানা দিয়ে তাকে অভিযিক্ত করেন। পান্তীরা প্রাথনা করল প্রাণ ভরে। অনুষ্ঠিত হল বিশাল সমাবেশ।

ভার ভাবৃ ছিল শহরের বাইরে এক উচু টিলার উপর। কয়েক বছর আগে এখানেই ছিল কিসরার ভাবৃ। এমন এক সময়, যখন কাইজার ভাবছিলেন যে, আজ আকাশের নীচে আমার চে' বড় বিজয়ী আর কেউ নেই। পৃথিবীতে অমিই শক্তিমান। ঠিক তখনি মহানবীর চিঠি মোবারক ভার সামনে পেশ করা হল।

'বিসমিক্সাহির রাহমানির রাহিম। আঞ্জার বান্দা এবং রসুর মুহগাদের (সং) পক্ষ থেকে রোম সম্লাট হেরাক্রিয়াসের নামে। যে হেদায়েতের অনুসরণ করবে তার জন্য সালাম। আগনাকে আমি ইসলামের দিকে আহবান করিছি। ইসলাম এহণ করলে শান্তিতে থাকবেন। আঞ্জার কাছে পাবেন দিওও প্রতিদান। যদি ইসলাম এহণ না করেন আপনার অনুসারীদের সকল গাণের বোঝা আগনার উপর চাপবে। হে কেতাব ধারীগণ। এসোনা এমন এক ব্যাপারে আগরা একমত হই, যেখানে দু'জনের নিয়ম নীতিই সমান। তাহল, আমরা আল্লাহ ছাড়া কারো ইবাদত করব না। অনা কাউকে তার শরীক করব না। তুমি যদি এ প্রভাব গ্রহণে অসমত হও তবে গুলোরাখ, এ নীতিমালা আমি যেনে নিলাম।'

মন্ধা বাসীর চাইতে ইসলামের এ আহবান ওদের কাছে নতুন মনে হল। এরা জো সে বিজয়ী সেনানী নিনোয়ার ময়দানে যারা সময়কার সবচে' বড় শক্তিকে গরাজিত করেছে। এতো সে



সমাটি, খিনি কিসরার অত্যাচার, বর্ধরতা আর জুলমের অভিশাপ থেকে মৃক্ত করেছেন জাতিকে। থিনি সিরিয়া, ফিনিন্তিন, আরমেনিয়া এবং আরো অ নেক স্থানে ভালা গীর্নাগুলো পুনঃ নির্মাণ করেছেন। জরেব মরুর এক নবী এমন প্রভাপশালী সমাটকে আনুগভা করার জন্য চিঠি লিখবে, এ যে অকল্পনীয়। কিন্তু হেরারিয়াস পারভেজ ছিলেন না। মহানবীর (সঃ) চিঠি হাতে পেয়েই তিনি নির্দেশ দিলেনঃ 'আরবের কাউকে পেলে এখানে নিয়ে এসো।'

আরবের এক ব্যবসায়ী কাফেলা তথন গাজায় অবস্থান করছিল। কোরেশ নেতা আবু সুফিয়ান ছিল তাদের সাথে। কাইজারের লোকেরা তাকে জেরুজালেম নিয়ে এল। হেরাক্রিয়াস ভাকিজমকের সাথে দরবার বসালেন। দরবারে হাজির হলো বড় বড় সরকারী কর্মকর্তা এবং পোল পাদ্রীরা। আরব ব্যবসায়ীদেরকে দরবারে নিয়ে আসার নির্দেশ দেয়া হল। আরবরা অবাক্ বিশয়ে তাকিয়ে রইল ভাকিজমকপূর্ণ দরবারের দিকে। হেরাক্রিয়াস দোভাষীর মাধ্যমে প্রশ্ন করলেন ঃ 'তোমাদের মধ্যে নব্ততের দাবীদারের আত্মীয় কে?'

আরবদের চোখগুলো ভাবু সুঞ্চিয়ানকে ঘিরে ধরল। তিনি বলগেন ঃ 'আমি।'

- ঃ 'বলতো সে নবীর বংশটা কেমন ?'
- ঃ 'তিনি সগ্রান্ত বংশের সন্তান।'
- ঃ 'এ বংশে এর আগে কেউ কি নবী হবার দাবী করেছিল?'
- ঃ'না,করেনি।'
- ঃ 'এ বংশের কেউ কখনো রাজ্যবাদশা হয়েহিলেন ?'
- ঃ 'নাঃ তার বংশের কেউ কোনদিন বাদশা হয়নি।'
- ৪ 'ইসলাম গ্রহণকরৌরা শক্তিমান না দুর্বল ?'
- ও 'কেবল দুর্বল জার জসহায়রাই ইসলাথ গ্রহণ করছে।' আবু স্ফিয়ানের কন্তে গর্ব।
- ঃ 'তার জনুসারীর সংখ্যা দিন দিন বাড়ছে লা কমছে?'
- #বড়িছে।'
- ঃ 'তিনি কি কখনো মিথ্যে কথা বলেছেন?'
- र्ष क्या ।
- ঃ 'প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন ?'
- ঃ 'এওকাল তো করেননি। ভবিষ্যতে বলা যাবে কন্দ্র রক্ষা করে।'
- ঃ 'ডার সাথে ভোমাদের কোন বুদ্ধ হয়েছিল ?'
- इंस्ट्रा।
- इ 'स्नायन कि?'
- ঃ 'কখনো ভামরা জয়লাভ করি কখনো সে।'

ঃ 'তিনি বঙ্গেন, এক আল্লার ইবাদত কর। তার সাথে কাউকে শরীক করোনা। নামাজ পড়ো, সভ্য কথা বলো। আত্মীয়দের সাথে ভাল ব্যবহার করো। নিজে ভাল হও।'

হেরাক্সিয়াস মাথা নুইয়ে খানিক ভাবলেন। এরপর মাথা তুলে বলপেনঃ 'ভূমি স্বীকার করেছ তার বংশ সম্রাপ্ত। দবীরা কুদীন বংশেই জন্ম নিয়ে থাকেন। ভূমি বলছ, তার বংশে কেউ কথলো নবুওয়তের দাবী করেনি। এমন হলে ভাবতাম এ হতে বংশের প্রভাব। ভূমি মেনে নিয়েছ, তার বংশে কোন রাজা বাদশা জন্মেনি। ভাহলে মনে করতাম সেও বাদশা হতে চাইছে। ল তুমি এও স্বীকার করেছ, তিনি কথনো মিথা। বলেনি। যে ব্যক্তি মানুষের সাথে মিথা। বলেনা সে ইশরের সাথেও মিথা। বলতে পারেনা।

তুমি বশহ, অসহায় নিঃস্বরাই তার অনুসরণ করছে। আমরা কানি, চিরদিন গরীবরাই নবীদের অনুসরণ করে। ভূমি বললে, দিন দিন তার অনুসারীদের সংখ্যা বৃদ্ধি পাছে। এও ভার দীনের সভ্যতার পরিচয়। তুমি বলছ, ভিন্নি কখনো প্রভারণা করেননি। নবীরা কখনো প্রভারণা করেন না। তিনি নামাজ পঁড়তে বলেন, ভাগ হতে যলেন, বলেন অপরের ফল্যাণ করতে। তাই যদি হয়, তবে আমার পায়ের নীচের মাটি পর্যন্ত তার অধিকারে চলে যাবে। জানতাম, একজন নবী আসবেন। কিন্তু তিনি যে আরবে আসবেন তা জানতাম না। তার কাছে যেতে পারলে আমি তার পাধ্য়ে দিতাম।'

শালতানাডের বড় বড় কর্মকর্তা এবং পান্তীপোপদের সামনে এমন এক স্বাভিন্ন মৃথ থেকে এ কথাগুলো বের হল, থাকে তারা খৃষ্টবাদের শ্রেষ্ঠ রক্ষক মনে করেন। ওরা ঐসব আরবদের মুথে তাঁর প্রশংসা শুনল' যারা ইসলামের বড় দৃশমন। ওদের বুকে স্কুলে উঠল বিদ্রোহের দাউ দাউ অগ্নি শিথা। কিন্তু কাইজারের সক্ষানে নির্বাক হয়ে রইল সবাই। কাইজার তরজনসায় চিঠিটি পড়ে শোনালেন। প্রতিবাদী দৃষ্টিগুলো ভাষায় রূপ পেয়ে সরব হয়ে উঠল। সে অনির্বাদ ল্যোতি নিজের বুকে স্থান দেওয়ার দৃঃসাহস তিনি করলেন, বৈধয়িক খার্থ আর ক্ষমতার লোড যার সামনে অন্তরায় হয়ে দাঁভাল। কিন্তু সহসা দলিত ফুলের দিকে এগিয়ে খাওয়া পা তয়ে ফিরে এল। যে সাহস হতাশার পাঁক থেকে তাকে নিনোয়ার ময়দান পর্যন্ত নিয়ে বিয়েছিল, তা হারিয়ে গেল সহসা। দরবারীদের উৎকঠা দূর করার জন্য তিনি আরবদের দরবার থেকে যেয় করে দিলেন। হাসি ফুটল পান্তীদের ঠোঁটে। তাঁকে মোবারকবাদ জানাল সরকারী কর্তা ব্যক্তিরা। তৃযিত মুসাফিরকে ঝর্ণার শীতল পানি থেকে ফিরাডে পেরে ওরা উল্লুসিভ। কিন্তু ওরা কি জানত, মঙ্কর বুক চিয়ে বেরিয়ে আনা এ ঝর্ণাধারার তরঙ্গে তরঙ্গে গুড়িয়ে যাবে খৃষ্টবাদ আর অগ্নি পূজারীদের বার্ধার দেয়াল। কাইজারের হাত ওরা রুদ্ধ করবে কিতাবে।

কারসার ও কিসরা ৩৮১



মক্র বিয়াবানের পথহারা মুসাফির খর্জুর বীথির শীতল ছায়ায় জাশ্রয় পেলে তার অবস্থা খেমন হয়, দামেশকে এসে জাসেমের অবস্থাও হল তাই। দামেশকের গতর্ণরকে শাহী ফরমান দেখাল . ফুন্তিনা। নানার সম্পত্তি তাকে ফিরিয়ে দেয়া হল। তার নিজের তাগেও ছিল অজস্র সম্পদ। কমেক টুকরা হীরাই তার সমন্ত জীবনের জন্য যথেষ্ঠ ছিল। তাছাড়া আসেমের কাছে ছিল মেহরানের দেয়া পোলা। ও ব্যবসায় নামতে চাইছিল। কিন্তু ফুন্তিনা এক মুহূর্তও স্বামী সংগ ছাড়তে চাইল না। আসেম শহরের বাইরে একটা বাগান বাড়ী এবং কিছু জমি কিনে নিল।

বিয়ের এক বছর পর ওদের ঘর আলো করে জন্য নিল এক ফুটফুটে ছেলে। ওরা তার নাম রাখল ইউনুস। ধীরে ধীরে আদেমের মন থেকে বিক্তাতার অনূভূতি সরে যেতে লাগল। জভীতের দৃঃখ ভরা নিনগুলো এখন মনে হয় স্বপুর মত। দামেশকের সবাই ওকে সন্মান করত। ও ছিল এমন এক মেয়ের সামী, যার পিতা ছিলেন ইরানী ফৌজের সিপাহসালার ধিনি কিনরার বদ্ধু হয়েও রোমানদেরকে ধ্বংসের হাত থেকে বাঁচাতে চেয়েছিলেন। এ জন্য নিজের জীবন পর্যন্ত বিলিয়ে দিয়েছিলেন। পাদ্রীরা জন্তর দিয়ে না হলেও উপরে উপরে একে ঠিকই সন্মান দেখাত। ধ্বমীয় ব্যাপারে স্বামী স্ত্রী দৃ'জনের দৃষ্টি ছিল তির। ফুন্তিনা মনে করত, সিপাহসালার হিসেবে পিতার বিজয়গুলো ইশ্বর পছন্দ করেননি। ডা নিয়ে গর্ব করা পাপ।

সে অভিশাপ থেকে বঁচের জন্য ভার 'মাদার' হওয়া উচিত ছিন। কিন্তু মাঝখানে বাগড়া দিল আসেয়। তার দুর্বল কাঁপা হাতে তুলে দিল জিন্দেগীর বোঝা। আনন্দ ঘন মুহুওগুলোতে ও শর্থকিত থাকত, কখন না জানি ঈশ্বর নাখোশ হয়ে নতুন বিপদ পাঠিয়ে দেন। রাভের বেলা ও কেঁদে কেঁদে আকুল হত। ঈশরের কাছে প্রার্থনা করত স্বামী সন্তানের জন্য। কখনো চলে যেত গীর্জায়। যে সব পাদ্বীদের প্রার্থনায় যে কোন বিপদ কেটে যায় বলে শুনভো ও তালেরই খেদমতে মূল্যবান নজরানা পেশ করত। আসেমকেও বলত খুষ্টান হওয়ার জন্য। ফুন্তিনাকে খুণী করার জন্য আসেমত মাঝে সাঝে গীর্জায় চলে যেত। তবুও খুষ্টবাদের ব্যাপারে ওর তেমন আগ্রহ ছিল না।

এ জনাগ্রহ ঘৃণা অথবা বিছেষের কারণে নয়। ও মনে করত, জারবের মূর্তি পূজার মৃতই অগ্নিপূজা বা গীর্জার প্রার্থনা ও চাইছিল এমন এক দ্বীন, যা মানুষকে ন্যায় ও ইনসাফের পথ দেখাবে। কিন্তু কিরূপ হবে যে দ্বীনের ভা ও জান্তনা।

ও পৃথিবীর মানুষগুলোকে দেখেছিল মূর্যভা আর সার্থপরতার শৃংখলে আবদ্ধ। এ শিকল ভাংগার জন্য সে দ্বীনের একান্ত প্রয়োজন। দামেশকের হাটে মাঠে কোন আরব ব্যবসায়ী দেখলে ও নিজের বাড়ীতে নিয়ে বেত। যত্ব আতি করত ওদের। এরপর জিজ্জেস করত দেশের কথা। ওরা বলত, মন্ধার যে অসহায় কাফেলা রিক্ত হাতে ইয়াসরিব পৌছেছিল, দুর্বার হিক্ষত আর দৃঢ় মনোবদের কারণে ওরাই আজ সমগ্র আরবের কেন্দ্র বিন্দৃ। গুটিকভক মুসলমান বদরের ময়দানে কোরেশকে পরাজিত করেছে।

সংবাদটা ওর কাছে কেমন যেন জবিশ্বাসা মনে হল। এরপর যখন মুসলমানদের একটানা বিজয়ের খবর জাসতে লাগল, ওর মনে হল আরবে সত্যি কোন বিপ্লব এসেছে। ইসলামের শিক্ষার কথা জনে ভেতরে ভেতরে ও এক প্রশান্তি জন্তব করত। কিছু প্রবল প্রতাপশালী সম্রাটদের পৃথিবী পান্টানোর জন্য যে শক্তির প্রয়োজন তা আসবে আরব থেকে, একথা ও তথনো বিশ্বাস করতে চাইত না।

হেরারিয়াসের সাথে জেরজালেম এসে ক্লেডিস তার ফিরে যায়নি। এখানেই রোমান সেনাবাহিনীর কমাভিং অফিসার হিসেবে দারিত্ব পালন করতে লাগল। কয়েক মাস পর আন্তুনিও চলে এল জেরজালেম।

সীমান্তের গাসসানী রইসর! রোমানদেরকে নিয়মিত জারবের সংবাদ জানাত। জাসেমের কাছে প্রায়ই চিঠি লিখত ক্রেডিন। সে চিঠির পাতা ভরে থাকত জারবের অবিশ্বাস্য বিপ্লবের আশ্বর্য কাহিনীতে। দত্যের পতাকাবাহী অল্প ক'জন মুসলমানদের উপর যে নির্যাভন হত, আসেম তাতে অবাক হত না। মহানবী (সঃ) কেন হিজরত করেছেন তার কারণত সে বৃকত। কিছু ইয়াসরিবের জাওস, খাজরাজ এবং অন্য নব গোত্র এক হয়ে তার অনুসরণ গুরু করেছে, সহায়হীন মুসলমানরা পরাজিত করেছে কোরেশদের, এ তার ব্যেই জাসহিল না।

আরব ব্যবসায়ীদের মৃখে ও গুনেছে বদর, ওহোদ আর খনকের কাহিনী। ও অনুতব করছিল, ইয়াসরিবের প্রতিটি ঘর ধুনায় না মিশিয়ে কোরেশরা বিশ্রাম নেবে না। হোদাইবিয়ার সন্ধির পর সমাটিদের নামে মহানবীর (সঃ) চিঠি পাঠানো ওর কাছে উপহাস মনে হজিল। কিন্তু আরব ব্যবসায়ী ওক্লেডিসের চিঠিতে মনে হজিল এ কৌতুক বা উপহাস নয় বরং বাস্তব সভা।

ইউনুদের বয়স এখন চার। খবর এশ এক গাসসানী রইসের কাছ থেকে দৃত হত্যার প্রতিশোধ নেয়ার জন্য মূতা আক্রমণ করেছে মুসলমানরা। ও যেন নিজের কানকেই বিশাস করতে পারণ না। কয়েক মাস পর ও ক্রেডিসের এক দীর্ঘ চিঠি পেশ।

## ' ব্রুআমার।

গত কয়েক মাস অসত্তব ব্যস্ত ছিলাম। তাই তোমায় লিখতে পারিনি। সীমাতের চৌকিওলো দেখাগুনা করতে গিয়েছিলাম। তথানে এমন কিছু পরিস্থিতি সৃষ্টি হচ্ছে, ধার কারণে মাসের পর

ক্যাসার ও কিসুরা ৩৮৩

মাস আমায় জেরুজাপেমের বাইরে কাটাতে হয়েছে। তুমি মৃতায় মৃসলমানদের অভিযানের কথা শুনেছ। মরুতারী তিন হাজার বেদুঈন দৃত হস্তার প্রতিশোধ নেয়ার জন্য মৃতায় সমবেত হয়েছিল। এই প্রথম কোন বিশাল শক্তির সাথে সংঘর্ষে আসার সাহস করল ওরা। গাসসানীরা আমাদের করল প্রজা। মুসলমানদের তা জলানা নয়। গাসসানীদের কাছে ছিল লাখ খানেক প্রশিক্ষণ প্রাপ্ত সৈন্য। আমাদের সেনাবাহিনী ছড়িয়ে আছে সমগ্র সিরিয়ায়। এত কিছুর পরও মুসলমানরা তয় পায়নি।

সেনাবাহিনী কোথাও হামলা করে বিজয়ের উদ্দেশ্যে। কিন্তু মুসলমানদের তৎপরতা দেখলে মনে হয়, জয়-পরাজয় ওদের কাম্য নয়। ওদের পরাজয় নিশ্চিত ছিল। কিন্তু যুদ্দে অংশরহণকারী অনেকে আমায় বলেছে, যে দুর্দম সাহসিকতা আর হিম্মত ওরা দেখিয়েছে, এর পূর্বে কেউ তা দেখায় নি। গাসসানীদের গর্ব ওরা মুসলমানদের এগোতে দেয়নি। জাসলে পিছনে সরে যাবার সময় ওরা গাস্সানীদের এতটা তয় পাইয়ে দিয়েছিল যে ওরা তাদের পিছু নেয়ার সাহসও করেনি। তিন হাজার মুসলমানের বিপক্ষে একলাখ লোকের এ ঠুনকু বিজয়কে বিজয় বলতে আমার লক্ষা হয়। এ ছিল ভূমিকা মারে। মুসলমানরা আরবদের সমিলিতি শক্তিকে কয়েকটি ময়দানেই পরাজিত করেছে। ওরা দখল করে নিয়েছে আরবের কেন্দ্র বিন্দু মঞ্চা। ওেম্বে গুড়িযে দিয়েছে গোর্তীয় ব্যবধানের লৌহ প্রাচীর। তুমি বলতে, এক জারব নিজের কবিলার বিরুদ্ধে ওরখারী তোলেনা। অনেক আরব ব্যবসায়ীর সাথে আমার কথা হয়েছে। ওরা বলছে, মুসলমানরা ইসলামের শব্রুদের বিরুদ্ধে যুদ্ধ করার সময় রক্তের সম্পার্কের দিকে খেয়াল রাখেনা। তুমি বলতে, রক্তের প্রতিশোধ নেয়। এক জারবের জীবনের চরম লক্ষ্য। আমি ওনেছি, যারা একে অপরের খুনের পিয়ানী ছিল তারাই এখন কারে কার্য মিলিকে লড়াই করছে।

## বনু আমার।

ভারবে এমন কোন বিপ্লব এসেছে যা ভোমার ভামার সন্তবভঃ পৃথিবীর সবারই বোধের বাইরে। ভূমি বলতে, ভারবের ইহুদীরা এক প্রভাবশাদী শক্তি। ওলের কেন্দ্র খায়বর। ইহুদীরা খায়বরে পরাজিও হয়ে সিরিয়ার দিকে পালিয়ে গেছে। ওরা বলছে, ভারবের নতুন দ্বীনের সাথে জন্ম নিয়েছে বিশাল সামরিক শক্তি। ওদের যখন হাতে গোনা মেত ভখনই ভারবের ভেতরে বাইরে কাউকে ভয় পায়নি। ওদেরকে নিঃশেষ করার জন্য যখন সম্ম্য ভারব এক হয়েছে ভখন ভাদের নেতা পূর্ব পশ্চিমের সকল প্রভাপশাদী সম্রাটদের কাছে ইসলামের দাওয়াত পাঠিয়েছেন। তিনি ঘুচাতে চাইছেন মুনীব ভূত্যের ব্যবধান। যে দ্বীন শুধু ভারবেই নয় বরং সমগ্র পৃথিবীকে সাম্যের বাণী শিক্ষা দিছে। এ দ্বীন ভামীর-গরীব, ধনী-নির্ধন, উচ্-নীচু ভার মুনীব-ভূত্যের ব্যবধান ঘৃচিয়ে দিতে চাইছে তা গোটা সমাজ ব্যবস্থার বিরুদ্ধে সরাসরি যুদ্ধের ঘোষণা। ভাজ কাইজারও যদি বলেন, রোমান, সিরিয়া, মিশর সব এক সমান। ঈশ্বরের সামনে কেউ বড় বয়,

কান পান পোপ এবং সমাজপতিরা সব শক্তি দিয়ে এর বিরোধিতা করবে। আমারতো মনে হয় আন গানের ছান হবে না গীলা, রাজপ্রাসাদ অথবা পৃথিবীর কোঞ্চাও। আমার কি মনে হয় আন? নানা সমান বাবস্থার বিরুদ্ধে আরবের নবী (সঃ) যে মৃদ্ধ আয়বা করলেন, এ মৃদ্ধি তিনি চিতে আকতে পারবেনতো! আরবের ভবিষ্যুত্ত সম্পর্কে নিরাশ হয়েই তুমি দেশ ছেড়েছিলে। এ কচ মন্ নিয়ে আমিও আশাবাদী নই। কিন্তু তুমি তনে আকর্য হবে বে, তার চরম দৃশমনও বাতে, শত বিপদ মৃসিবতেও তার অনুসারীরা হতাশ হয় না। তরা ওদের নবীর কথাকে মৃদ্দের বিশে বিশাস করে। কদিন পূর্বে মন্থার এক অবসায়ী মদীলা হয়ে জেরুজালেম পৌর্ছেছে। সেবাল, মুসসমানরা যদি আকাশের তারাওলো ছিড়ে আনে আমি আকর্য হবো না। আমি মনে কার, মাতৃত্ব এবং সাম্যের শিক্ষা আকাশের তারা হেড়ারতে কম নয়।

#### क्षा (अस्।

শানে আকর্য হবে, মৃতার যুদ্ধের পর আমরা শংকিত হয়ে পড়েছিঃ অপেক্ষা করছি আমাদের বন নামান্তে কথন ওরা এগিয়ে আসে। গত চার মাস ধরে গাস্দানীদের কিল্লা এবং নামান্তে কথন ওরা এগিয়ে আসে। গত চার মাস ধরে গাস্দানীদের কিল্লা এবং নামান্তার পর্যবেক্ষণ শেষ করে জেরুজালেম কিরে এসেছি। এ যুদ্ধে ওরা আমাদের শক্তির করা দি নিতরাই আঁচ করতে পেরেছে। এরপরও ওরা যদি সিরিয়া আক্রমণের দুঃসাহস করে, নামান্তার কাঁটা ঘেরা ধূ–ধু মরু পর্যন্ত আমরা ওদের ধাত্যা করতে কাধ্য হবো। কথনো আরবের সে ননাকে দেখার হড় ইতেই করে। তা কি সওব হবে কোন দিনং

াই আর নত্ন নবী এবং ভার অনুসারীদের সাথে সংঘর্ষে যেতে চাইছেন না। কিন্তু গীর্জা এবং দেশের কর্তা ব্যক্তিরা আশংকা করছেন, যে শক্তি আরবদের ঐক্যক্ত করতে পারে, কাদন পর ভারা রোমানদের জন্য বিপদের কারণ হবে না এর নিশ্চয়তা কোথার। সিরিয়া, নাক্ষ এশিয়া এবং মিনরের আওয়ামকে আমাদের বিরুদ্ধে কেপাতে পারে এমন যে কোন আমোনদের বিরোধিতা করতে হবে। তাদের মতে, প্রয়োজন ছলে আমরা আরবে হমেলা করব। নাম ইরান মুদ্ধে আমি হাফিয়ে উঠেছি। এখন আর যুদ্ধ ভাল লাগে না। কিন্তু শান্তি আর নিরাশ্যা চাইলেও অমি একজন সৈনিক। ভবিষ্যত নিধারণ করি একজন সৈনিকের মন নিরে।

শাননের নবীর কাছে আমি এমন শক্তি দেখি না, যা দিয়ে তিনি রোমানদের সাথে বৃদ্ধের বৃদ্ধারদ বরবেন। আর করলেও তাদের পরিণতি নিশ্চিত ধ্বংশ ছাড়া কিছুই হবে না। তাদের বৃত্তি শুদু পার্বে সীমাবদ্ধ থাকলে হয়তো অজ্ঞতার পাঁক থেকে বেরিয়ে আরবরা সত্য জাতিতে নানবাদ হতে পারতো। কিছু স্চমাতেই ভারা পূর্ব পশ্চিমের সকল সম্রাটদের দৃষ্টি আকর্যণ করে নিয়েছে। বর্গ মানে পালি, নিরাপত্তা এবং ন্যায় ইনসাম্থের বড় প্রয়োজন। পারম্পরিক সমম্মিতা, পাল্ল, মান সামা ছাড়া তা সম্ভব্ত নয়। কিছু যেখানে মুনীয় স্ত্রের স্বাধ্যান থাকবে না, নাম ইনানের সমোটরাতো সে নিরাপত্তা চান না।

কায়দার ও কিমরা ৩৮৫

কখনো ভাবি, কোন্ শক্তির বলে জারবের নবী রোম ইরানের সম্রাটকে জান্গত্যের দাওয়াত দিলেন? সে কোন্ শক্তি যার আখাসে তার অনুসারীরা নিজেদের বিজয় নিয়ে এতটা জাশাবাদী? যতই ভাবি, আমার উদ্বেগ ততই বেড়ে যায়। আমার এ উদ্বেগের জারেক কারণ হল, জেরজ্জালেমের অনেক পান্তী আমার শশুরের মত একজন নবীর আবির্তাবকে বিশাস করেন।

আরবের বেশ ক'জন ব্যবসায়ীর সাথে আমার কথা হয়েছে। তাদের অনেকেই মন্কার অধিবাসী। ওদের স্বাই বলেছে, ইরানীয়া ধ্রখন আমাদের মাথার উপর, তাদের সমিলিত চাপে আমাদের নিঃশাস ধর্মন বন্ধ হয়ে আসছিল, তথন সে নবী দৃঢ়তার সঙ্গে ঘোষণা করেছিলেন যে, এ যুদ্ধে শেষতক রোমানরাই বিজয়ী হবে। ইশ্বর তার কোন বান্ধাকে হয়ত অনাগত ভবিষ্যতের সংবাদ জানিয়ে দিয়েছিলেন। এক অদৃশ্য শক্তি এ নবীকে সাহায্য করছে। কিত্ অদৃশ্য শক্তি বলে হলেও তারা আমাদের বিরুদ্ধে দাঁভাবে একথা আমি স্বীকার করি না।

এ বিপর্যন্ত অবস্থায়ত ইরানীদের পর আমরা দ্বিতীয় শক্তি। পরাজয়ের গ্লানিময় দিনেও আমাদের মনে ক্ষীণ আশা ছিল যে আমাদের অবস্থা এমন থাকবে না। আমাদের শানবের দুর্বল হাত একদিন তুলে ধরবে বিজয় পতাকা। কিন্তু রোম আর আরবদের শক্তির মধ্যে অনেক তফাৎ। আরবরা আমাদের জন্য বিপদের কারণ হতে পারে, স্ব পাদ্রীরা এক হয়ে বলগেও আমি বিশ্বাস করবনা।

মুসলমানদের দৃঢ়চেতা নবী রোম ইরান ছাড়াও আরো ক'জন সমাটের কাছে টিঠি লিখেছেন। মুসলমানদের দৃঢ় বিশ্বাস, পৃথিবীর কোনশক্তি তাদের মোকাবিলা করতে পারবে না।

### আসেমা

আমার বিশাস, যে সর্গাব মূতা পর্যন্ত পৌহেছিল তা কোন দিন সিরিয়া মূখো হবে না। কথনো মনে হয়, তোমার ফত আরব হলে জীবনে একবার হলেও সে নবীকে এক নজর দেখার চেষ্টা করতাম। সে নবীকে দেখার ইচ্ছে মনে জাগে য়ার শিক্ষা সমগ্র পৃথিবীর জন্য চ্যালেজ, যার নিঃশ্ব অনুসারীরা নিজেদের বিজয় সম্পর্কে চ্ড়ান্ত আশাবাদী। তাকে দেখে ফিরে এফে আমার রোমান বক্ষদের বলতায়, তিনি আমার চোখের পর্দা খুলে দিয়েছেন। পৃথিবীর মানুষের একমাত্র আগ্রয় হতে পারেন তিনি। সজ্যের সে কাফেলা যখন আরবের সীমান্ত ছাড়িয়ে বের হবে তোমাদের ভরবারী তখন তার পথ রোধ করতে পারবেনা।

# বৰু আমার!

জাফি কাইজারের একজন নিবেদিত সৈনিক। সকাশ সন্ধ্যা প্রার্থনা করি বাজনাতীন সালতানাতের নিরাপন্তার জন্য। এরপরও ভেতরে ভেতরে শংকিত হয় পড়ি। সে নবী যদি সভ্য ননা হন, তিনিই যদি হন প্রতিশ্রুত পয়গহর, তবে কি নিজের বিবেকের বিরুদ্ধে তার সাথে সংঘর্য পিত হতে পারবং

নাগানে নাগেই আমি হতবৃদ্ধি হয়ে পড়ি। নিজকে এই বলে শান্তনা দেই, য়েণ্ডিল। তৃদি লোমান, নাইআনের নির্বেদিত সৈনিক। সালতানাতের সীমান্ত পাহারা পেয়াই ভোমার দায়িত্। তখন মনে হয়, হৃদয়ের বোঝান্তার থানিকটা হালকা হয়েছে। আমি তোমার কাছে থাকলে তেনোয়া অনুনাই ইয়াসরিব পাঠিয়ে দিতাম। সব দেখে শুনে ফিরে এসে তৃমি হরত আমাদের তেনারা খুর করতে পারতে। জেরুজালোমের মত দামেশকেও নিক্রই আরব ব্যবসায়ীর আসা নালা। আছে। ওদের কথাবার্তা শুনলেও কি ডোমার দেশে যেতে ইছে করে নাও এ প্রশ্নটা লালনা নাছি যে, কথনো আরবের পরিস্থিতি জানার প্রয়োজন হলে তৃমি ছাড়া আর কারো উপর নিতর করতে পারব না।।

তোমার বন্ধ 'ক্লেডিস।'

াচিঠি পড়া শেষ করে আদেম অনেক্ষণ নির্বাক হয়ে বসে রইল। হঠাৎ ইউন্স ছুটে এসে গিতার হাত ধরে টানটিনি করডে স্থাগল। আদেমের দৃষ্টি আকর্ষণ করতে না পেরে ও মায়ের কোলেগিয়ে বসল।

- ঃ 'কি ভাবছ?' ফৃস্তিনা প্রশ্ন করগ।
- ঃ 'বিদ্যুই না।' আসেমের নির্লীপ্ত জবাব।

ফুন্তিনা খানিকটা ভেবে নিয়ে বলল ঃ 'তৃমি তো জান, জামি তোমার পথে বাঁধা দেব না।' চমকে উঠল আদেম। ফুন্তিনার দিকে ভাকিয়ে বললঃ 'কোন পথ?'

- ঃ 'তৃমি তোমার দেশটা দেখতে চাইছ। ওখানে তোমার নিরাপত্তা সম্পর্কে নিচিত হতে পারণে দিন কয়েকের বিরহ ব্যঞ্জা সইতে পারব।'
- ঃ 'এ পৃথিবীতে ভোমার ঘর ছাড়া আমার আর কোন ঘর নেই।' বলেই আদেম ইউনুদের দিকে হাত বাড়িয়ে দিল। ও মায়ের কোল ছেড়ে পিতার কোলে ঝাঁপিয়ে পড়ল। ফুস্তিনার বিষয় ঠোটে ফুটে উঠল একটুকরো মিষ্টি হাসি।
- ঃ 'ফুন্তিনা, তোমার ঠোঁটের একচিলতে হাসি আর ইউনুসের মনকাড়া উচ্ছুসিত হাসি ছাড়া আমি আর কিছুই চাই না। হায় ফুন্তিনা, মুনীব ভূড্যের এ পৃথিবীতে কেউ যদি শেখাত চির শান্তির পদ্ধতি। বলে দিত ভোমায় আনন্দ দেবার পথ। যদি তোমার জন্য খুঁজে পেতাম এমন নিকুঞ্জ শেখানে চির দিন বয়ে যায় বাসন্তি বাতাস। আরবের প্রতি আমার কোন আকর্ষণ নেই।

যদি শুঝভাম, সে নতুন দ্বীনের বিজয়ে সমগ্র মানবতা উপকৃত হতে, যে দ্বীনের সূরের চমকে আন্তর অধানবাজ পেয়েছে পথের দিশা, সে আলো একদিন এখানেও পৌছবে, যুগের বিষ্ণুক

কায়দার ও কিদরা ৩৮৭

@Priyoboi.com

জাধার থেকে রক্ষা করবে জনপদ, তবে সে নবীর আনুগত্য আমার জন্য জপরিহার্য। তথানে যাবার সিদ্ধান্ত নিলে বুঝবে, একজন মানুষ হিসেবে, স্বামী হিসেবে এবং এক পিতা হিসেবে নিজের কর্তব্য পালন করছি। মৃত্যুর সময় এ নিশ্চয়তা নিয়ে মরতে পারব যে, আমার সতানের পৃথিবী আমার চে ভাল হবে।'

ফুন্তিনা ভারাক্রান্ত কঠে বললঃ 'ত্থি সত্য–সুন্দরের সন্ধানে বের হবে জার আমরা ভোমার সাথে থাক্ষ না, ভূমি এমনটি ভাবলে কেন?' ,

ইউনুস চোখ বড় বড় করে একবার মা আবার বাবার দিকে চাইতে গাগশ। ও ব্ঝেছে, ভার পিতা কোথায়ও যাতে। চঞ্জ হয়ে উঠল সেঃ ঃ 'আরু। আমিও আপনার সাথে যাব।'

জাসেম তাকে বুকে টেনে আদর করে বন্দঃ 'না, জারু। আমি কোথাও হাব না।' কথাটা বনতে পেরে ওর মনে হল মনের ভার ধীরে ধীরে নেমে যাচ্ছে। পরদিন ও ক্রেডিসের কাছে চিঠি লিখল। 'আমি দ্রী সভান নিয়ে সন্তুষ্ট। আমার বাড়ীর চার দেয়ালের বাইরে কি হচ্ছে তা আমার জানার দরকার নেই।' কথার ফাঁকে ও ইউন্সের দৃষ্ট্মীর কথাও উল্লেখ করল। আরব প্রসংগে ও লিখল, জন্য জার কোন মজিলের দিকে আমার আকর্ষণ নেই। লিখতে গিয়ে ও জনুভব করল, ক্রদয়ের ভেতর থেকে এখনো বিপ্লবের কথা জানার অগ্রহ ওর প্রাণের গধীনে মোচড় দিয়ে উঠেছে। সব শেবে ক্রেডিসকে দামেশক আসার জন্য দাওয়াত দিয়ে ও চিঠি শেষ করল।

এরপর প্রায় প্রতিদিনই ইয়াদরিব থেকে নত্ন নত্ন সংবাদ আসত। ব্যবসায়ীরা নিয়ে আসতো নতুন বিজয়ের থবর। আরবদের ঐক্য, বাহাল্রী এবং ইসলামের সাফল্যের কথা শুনত ও। দেশ থেকে বের করে দেয়া ইহদীরা এদব সংবাদ বেশী করে প্রচার করত। এরা মনে করত, মুসলমানদের কাছ থেকে প্রতিশোধ নিতে হলে রোমানদের সাথে ওদের যুদ্ধ বাঁধিয়ে দিতে হবে।

সিরিয়ার রোমান গভর্ণরদেরকে মৃদলমানদের বিরুদ্ধে উত্তেজিত করার জন্য গার্ন্সনী রইসরাও তৎপর হিল। এরা ছিল খৃষ্টান। গাস্সানী নেতারা আরব আক্রমণের জন্য সব সময় রোমানদের ক্ষেপাতে চাইত। গীর্জা থেকে ফিরে এসে ফুন্তিনা আসেমকে অবিশ্বাস্য সব ঘটনা শোলাত। আমেস কৌতৃকছলে উড়িয়ে দিত তার কথাগুলো। কিন্তু ও বুঝত, এত সব মিথ্যে হতে পারেনা। মদিনা এবং খ্রুবর থেকে বিতাড়িত ইহুদীরা, রোমান, সিরিয়া এবং খৃষ্টানদেরকে উদ্রেজিত করার জন্য বানিয়ে বানিরে কথা বলতে পারে। কিন্তু যে জারব মরার সময়ও পরাজয় শ্বীকার করেনা তারা জহেতুক কেনইবা প্রতিপক্ষের গুণগান করতে যাবে?

একদিন দামেশকের চৌরাস্তায় দাঁড়িয়ে এক ব্যবসায়ী বলতে লাগল ঃ 'মুসলমানরা মকা বিজয়করেনিয়েছে।'

ভীড় জমে গেল চারদিকে। ইয়ামেনের ব্যবসায়ী খারো বললঃ 'ইসলামের নবীর শক্তি সাহস খামি নিজের চোখে দেখেছি। ওখানে শুনেছি আল্লাহ্ থাকবরের আজ্ঞান ধ্বনি। কাবায় স্থাপিত প্রতিয়াওলো তেরতে কেলা হয়েছে। মাটির সাথে যিশে প্রেছ কোরেশ স্পারদের উদ্বত প্রকল্যার। আরবে এখন ইসলামের মোকাবিদা করার মত আর কোন শক্তি নেই। আমি যথন মনা থেকে রক্ত্যানা করেছি, আমি দেখেছি মুসদমানরা অওতাসের দিকে এগিয়ে যাছে। সদিনা প্রকোষ্ট্রানা কেরেশদের মত হাওয়াজেন আর সকীফ কবিলাও পরাজিত।

এ সংশারণ গটনা নয়। মুসলমানরা হখন বল্প পর্যন্ত গিয়ে ফিরে এসেছিল আমি তখন তাদের উপহাস করে ছিলাম। কিন্তু এখন ওদের কিছুই অবিশাস করিনা। যদি শুনি ওরা দামেশকের দিকে এগিয়ে আসতে, তবুও অবিশাস করবনা।'

এক দিরীয় ক্ষেপে গিয়ে ব্যবসায়ীর খাড় চেপে ধরে বলনঃ 'বাজে কথা। ত্মি ফিথ্যে বলছ। নিচয়াই তুমি আমাদের শত্রপক্ষের চর।'

ভীড ঠিলে এগিয়ে গেল আসেম। সিরীয়টিকে এক ঝটকায় সরিয়ে দিয়ে বলল ঃ 'শত্র চর চৌরান্তারা দীড়িয়েবক্তৃতা করেনা।'

অবস্থা সূবিধের নয় দেখে ব্যবসায়ী থমকে গেল। বললঃ 'ভায়েরা, আমি মুসলমান নই। আমি তথ্ ভোমাদেরকৈ ওদের অবস্থা জানাতে চাইছিলাম। আমার কবিলার করেজন মুসলমান হয়েছে। বিস্তু আমি বাপ দাদার ধর্ম ভ্যাগ করিনি।'

আসেম ভীত্তের দিকে লক্ষ্য করে বলল ঃ 'আরে, তোমরা একটা গবেটের কথায় কান দিওনাঃ' এরপর ব্যবসায়ীয় হাত ধরে একদিকে হাঁটা দিল। খানিক পর নিজের বাড়ীর একটা বড়সড় কব্দে মুখোমুখী বসে আসেম ভাকে প্রশ্ন করল ঃ 'সত্যিই ভূমি মকা হয়ে এসেছ?'

- ঃ ' খ্রী। মিথো বলায় আমার লাভ কি १'
- ঃ 'মুসলমানরা কি মঙ্কা দখল করে নিয়েছে?'
- ঃ 'খী।'
- ঃ 'যুদ্ধের মূহুর্তে ত্মি ওখানে ছিলে?'
- ঃ 'মন্তা বিজয়ে মুসলমানদের যুদ্ধ করতে হয়নি। কোরেশদের একদল সামান্য বাঁধা দিয়েই পাগিয়ে হিয়েছিল। এরপর মন্তাবাসীরা অস্ত্র সমর্পন করেছে।'
  - ঃ ' অসম্ভব। প্রাণ থাকতে ক্যেরেশরা পরাজয় মেনে নেবে তা হতে পারেনা।'

ব্যবসায়ী মৃদু হাসন। ঃ 'পথে যতগুলি কবিলার সাথে আমার দেখা হরেছে, এদের সবারই কথা কোরেশরা পরাজয় মেনে নিতে পারেনা। কিন্তু লোকের বলায় কি এমে যায়। ঘটনা ভো আমিনিজের চোখেই দেখেছি।'

- ঃ ' আচ্ছা, এবার বলো, পরাজিত শক্রর সাথে মুসলমানরা কেমন ব্যবহার করেছে?'
- ঃ 'আলতক কোন বিজয়ীদল যা করেনি মুসলমানরা কোরেশদের সাথে তাই করেছে। মকায় প্রবেশ করেই ওরা শত্রুদের ক্ষমা করে দিয়েছে। যারা নবীর (সঃ) চগার পথে কাঁটা বিছিয়ে রাখিতো, তাদেরকেও কিছু জিজেস করা হয়নি। একদিন যাদের হাত রংগীন হয়েছে অসহায়

কামসার ও কিসরা ৩৮৯

মুসলমানদের খুনে, ভাদেরকেও খোঁজ করা হয়নি। মুসলমানরা যখন মকা জভিমুখে রওয়ানা হয়েছিল, কোরেশরা ভেবেছিল, কুদরত ধ্বংস আর বিপর্যয়ের ঝড়ের গতি ওদের দিকে ফিরিয়ে দিয়েছেন। কয়েক ঘন্টা পরই সব শেষ হয়ে যাবে।

কিন্তু একট্ পরই সে ঝড় রহমতের বৃষ্টি হয়ে ঝরে পড়ল। অযথা মুসলমানদের সাথে সংঘর্ষে গিয়ে তেরজন লোক মরে যাওয়ায় ওরা পরে আফসোস করেছে। আমি মুসলমানদের নবীকে সেদিনই প্রথম দেখেছিলাম যেদিন কোরেশ নেভারা মাথা নীচু করে ভার সামনে দাড়িয়েছিল। তিনি জিজেস করছিলেন ঃ 'ভোমাদের সাথে কি ব্যবহার করা হবে ভান ?'

কোরেশ নেতারা বলেছিল ঃ 'আপনি এক শরীফ ঘরের সুশীল সভান।' জাসেম চঞ্চল হয়ে প্রশ্ন করল ঃ 'এর পর মুসলগানদের নবী কি বললেন?' তিনি বললেন ঃ 'তোমাদের বিরুদ্ধে আমার কোন অতিযোগ নেই। খাও তোমরা মুক্ত।'

আদেয় আবেগ জাপ্পুত হয়ে বললঃ 'যে নবী (সঃ) পরাজিত দুশমনের সাথে এমন ব্যবহার করতে পারেন, ডিনিই সমগ্র মানবভার মুক্তির দিশারী। খোদার কসম। হাতে পেয়েও যারা শক্রিকে ক্ষমা করে, রোম ইরানের লশকর ভাদের পথ রোধ করতে পারবেনা।'

- ঃ ' আমি আশ্চর্য হচ্ছি কেন জানেন? দেশ ভ্যাগের সময় ওরা যতটা মজপুম ছিল, বিজয়ের সময় ছিল ভার চে'বেশী রহমদীল। কোরেশরা বিপর্যন্ত। ধুশায় সৃষ্ঠিত ওদের পভাকা। কাবার তিনশো খাটটি প্রতিমা পায়ে পিয়ে ফেলা হয়েছে। এভবড় বিজয়ের পরও মুসলমানদের চেহারায় অহৎকারের চিহ্ন মাত্র দেখা যায়নি। বিভিন্ন কবিলার মুসলমানদের সাথে আমি দেখা করেছি। দ্বীনের সম্পর্ক ওদের কাছে রত্তের সম্পর্কের চাইতে অনেক বেশী দামী। যে গোত্রীয় সম্পর্ক আরবদের গর্ব, মুসলমান হওয়ার গর ওরা যেন দে অনুভৃতি হারিয়ে ফেলেছে।'
  - ঃ ' নিজের চোখে এত কিছু দেখেও মুসলমান হলেনা ?'
- ঃ ' এক ভারবের জীবন পদ্ধতি ত্যাগ করার ইচ্ছে এখনো করিনি। এখনো দুতাইয়ের রক্তের প্রতিশোধ নেয়া বাকী রয়ে গেছে। মুদলমান হলে বুকের তেতরের প্রতিশোধের আগুন নিডে যায়। প্রতিশোধ নিতে না পারলে জীবনটাই হবে অর্থহীন।'
- 'বক্ষু। তুমি আমার চেয়েও হওডাগা। যৌবনে আরব ছাড়া হলাম এ আশায় যে, উষর মরু
  জন্ম দেবে কোন মহামানব। তার ছায়ায় আরবের তৃষিত বালুকার পিপাসা হয়ত কোন দিন
  মিটবে। কিন্তু তুমি রহমতের দরিয়ার শীভদ পানি পেয়েও তৃষ্ণার্ত রয়ে গেছ।'

ব্যবসায়ী কি যেন ভেবে বলগঃ 'মকার কটা দিন মনে হয়েছিল আমি স্বপ্ত দেখছি। এখন মনে হয়, যে নুরের জ্যোতি আমি দেখেছি তা মৃতু পর্যন্ত আমায় তাড়া করে ফিরবে। হয়তো কোন দিন সে বীনকে বিশ্বাস করব। যে দীন আমার মত অহংকারী অনেকের মন বলগে দিয়েছে, কদিন আর সেদীন থেকে দূরে থাকা যাবে? অনুভব করছি, আরবরা সর্ব শক্তি দিয়ে যে দ্বীনের বিরোধিতা করেছিল, আরবের বিশাসভায় দেও ভার বিস্তার ঘটতে যাছে।'

মুচকি হেসে আসেম ৰূপণ ঃ 'মুসলমান না হয়েই কিন্তু ইসলামের প্রচার করছ।'

ঃ ' আমি কেবল জামার অনুভূতি প্রকাশ করলাম। আরবের ইহুদীদের সাথে কথা বলে দেখো ওরা আমার'চে বেশী শংকিত।'

আনেম নির্ণীপ্ত চোথে ছাদের দিকে তাকাল। এরপর ব্যবসায়ীর দিকে ফিরে ফলনঃ 'তুমি আমার মেহমান। ফুচনিন দামেশক থাকবে এ বাড়ীকে নিজের বাড়ী মনে করো।'

ঃ 'আমি কালই সেশে ফিরে যান্ডি। আমার সংগীরা সরাইখানায় আমার অপেক্ষা করছে।'

তাকে বিদায় দিতে গিয়ে আসেম বলল ঃ 'আমান্ন এখানে থাকলেনা বলে আমি দৃঃখিত। তবে মনে রেখো, মুসলমানদের ব্যাপারে কথা বলতে সতর্ক থেকো। আরবরা ওদের বিপদের কারণ হতে পারে, ইরানকে পরাজিত করার পর রোমানরা এ কথা গুনতে চায়না।'

ঃ 'আপনার এ পরাদর্শ আমার মনে থাকবে। আজকের বোকামীটা হওয়ার কারণ, বাজারে এক গাস্সানী মুসলামানদের সম্পর্কে কিছু কথা বলেছিল। ইহুদীরা সায় দিয়ে যাছিল ভার সাথে সাথে। যেহেতু মুসলমানদের সম্পর্কে আমি বেশী জানি, এজন্য নিশ্চুপ থাকতে পারিনি।'

কদিন পর খবর রটলো যে, দিরীয়ার সীমান্তে রোমান সৈন্য সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে। আরো কদিন পর কস্থ্নত্নিয়া থেকে রোমান ফৌজ দিরিয়া অভিমূখে রওয়ানা করল। একদিন শোনা গেল, রোমান ফৌজ কিছু দিনের মধ্যেই আরবে হামলা করবে।

ভারব জাক্রান্ত হলে আসেয় কি করবে ভেবে পেগনা। নিজের ভবিষ্যত নিয়ে চিন্তা করতে গেগেই ওর মনে হত সিরিয়া ছাড়াভো আমার কোন আগ্রয় নেই। একে শক্রম্ভ রাখতেই হবে। কিন্তু গভীর ডাবে চিন্তা করলে ওর মনে হত, ইসলামের নবীর পরাজয়ের সাথে জারব আবার জক্তভার নিশ্চিদ্র আধারে ভ্বে যাবে। সে জনুত্ব করত, যে দ্বীন সমগ্র জারবকে বিষয়বদ্ধ করতে পেরেছে, তা দুর্বল হয়ে পড়লে জাবার গুরু হবে গোত্রীয় সংঘর্ষ। নিজের জলাত্তেই ওর মুখ থেকে বেরিয়ে ভাসতো ঃ 'হায়। রোমান আর সিরীয়রা যদি জারব আক্রমনের ইচ্ছা ত্যাগ করতো।।'



এক সন্ধ্যা। আসেম ও ফুন্তিনা বাগানে বসে ভাছে। পাশেই ভীর ধনু নিয়ে খেলা করছে ইউনুস। এক চাকর হস্তদন্ত হয়ে ছুটে এসে বলসঃ 'জনাব' আপনার চিঠি। জেরন্জালেম থেকে এসেছে।' জাসেম চিঠি হাতে নিয়ে ফুন্তিনার দিকে এগিয়ে ধরল। খাম খুলে পড়তে লাগল ফুন্তিনা। ক্লেডিস শিখেছেঃ

## श्रियवत्।

মুদলমানদের নত্ন সংবাদ হল তাদের নবী ত্রিশ হাজার সৈন্য নিয়ে ভাবৃক শীছেছেন। ব্যাপারটা এভই অকেমিক যে, গাস্নানীদের সাহায়ে আমরা কোন সৈন্য পাঠাতে পারিনি। তাঁর বাহিনীতে রয়েছে দশ হাজার সভয়ার। গুনেছি, ইলার সর্বার ভয় পেয়ে জিজিয়া কর দিতে রাজি হয়েছে। তাবৃকে ওরা ছাউনি ফেলেছে। সম্ভবত আর সামনে এগোবেনা। কিছু আমাদের গোমেনারা কলছে, তাদের একজন সালার কিছু সৈন্য নিয়ে ভাবৃক ছেড়ে সামনের দিকে এপিয়ে গেছে। ওয়া যাবে কোথায় বুঝা যায়িন। ভবৃও আমার মনে হয়, ভাবৃকের আরো সামনে এগোলে ওদের প্রতিটি পা ধ্রুংসের দিকে এপিয়ে য়াবে। ওদের এ দৃঃসাহস প্রশংসা পাবার মত। আমি তোমার মত আরব হলে জানতে চাইতাম, কিসের আশায় ওয়া সিরিয়ার দিকে যাত্রা করেছে। আর ওদের বিজয়ের সভাবনাইবা কতট্কু।

আরবের সাথে ভোমার আকর্ষণ একেবারে শেষ না হয়ে থাকলে বগব, একবার তাবুক খুরে এসো। আমাদের গোয়েলার অভাব নেই। প্রতি মৃহুর্ভেই ওরা আমাদের সবকিছু অবহিত করছে। কিন্তু আরবদের এ দৃঃসাহস কোথেকে এল এর সন্তোবজনক কোন জবাব ওরা দিতে পারছেনা। মুসলমানরা তাবুক থেকে ফিরে গিয়ে থাকলে বলব, একবার ইয়াসরিষ থেকে ঘুরে এসো। ওদের সার্বিক অবস্থা আমি জানতে চাই।

আমাদের শক্তি সম্পর্কে তুমি বললে হয়ত মুসলমানরা বিশ্বাস করবে। ওদের বলো, যে যুদ্ধে ধ্বংস অনিবার্থ তা যেন শুরু না করে। দিন দিন মুসলমানদের শক্তি বৃদ্ধি পাছে কাইজারের কাছে তা গোপন নয়। আমাদের ফৌজি তৎপরতায় কেবল ওদের তয় পাইয়ে দিতে চাই। রোমান ফৌজের অনেকেই নতুন যুদ্ধ চাইছেনা। আসলে এজন্যেই তাবুকে যাওয়া হয়নি, তার মানে আরবদের ব্যাপারে আমরা নিক্রিয় বসে থাকব এমন নয়।

তাবুকে যুগ্ধ বাঁধলে আমরা যে বিজয়ী হব এতে কোন সন্দেহ নেই। ওদের ধাওয়া করব মরুভূমির শেব প্রান্ত পর্যন্ত। লড়াই যাদের কাছে খেলা, কাইজার গুধু তাদের পরামর্শই গ্রহণ করবেন। এমনও হতে পারে যে, আমার চিঠি পাবার দু'চার দিন পরই গুনবে যুদ্ধ গুরু হয়ে গেছে। প্রথম চাপেই মুসলমানরা সরে গেছে কয়েক মাইল পেছনে। তখন এমন এক ব্যক্তির প্রয়োজন, যে, তাদের বুঝাতে পারবে যে অস্ত্রের দিক থেকে রোম আরবের মধ্যে কভ ব্যবধান। আমার মনে হয় একাজ তুমি ছাড়া আর কাউকে দিয়ে সভব নয়। এ সব লিখলাম রোমান সেনাবাহিনীর একজন অফিসার হিসেবে। কিন্তু একজন মানুহ হিসেবে আমি অনুভব করছি, যে আলোর সন্ধানে তুমি ঘর হেড়েছ, সে আলো ফুটেছে তোমার দেশেই।

ফ্রেমস যে সময়ের কথা বলভেন, আমার ধারণা ইতিহানের সে সময় গুরু হয়ে গেছে। এ ক্ষেত্রেও তোমার দেশে যাওয়া জরুরী। এজন্য জরুরী যে, নতুন বিপ্লব সম্পর্কে তোমার কথা ছাড়া অন্য কারো কথায় বিশ্বাস করতে পার্রছিনা। ভাবুকে মুসলমানদের ছাউনী পর্বন্ত যেতে নমগতে তোমার কোন অসুবিধা হবেনা। কয়েকদিন তাদের সাথে থাকণে ব্বাতে পার্থে, ওরা নোমানদের বিশাস ফৌজি শক্তিকে তর পাছে না কোন গুলা তাবুক থেকে ফিরে গেলেও তুমি দেশে যেতে পারবে। পৃথিবীর বর্তমান ভবিধ্যত সম্পর্কে তোমার আবেগে ভাটা না পড়ে থাকলে বুব তাড়াতাড়ি জেরস্কালেম চলে এসো।

> ভোমারবন্ধু ক্রেডিস

যুস্তিনা চিঠি শেষ করে প্রশ্নমাখা দৃষ্টিতে আসেমের দিকে তাকাল। আসেমের নির্লীপ্ত নিরবতা যখন অসত্য হয়ে উঠল, ও আন্তে করে বলনঃ 'ত্মি তথানে যাবে?'

- इ'कानिना।'
- ঃ 'বিস্তু জামি জানি।' ওর ঠোঁটে ফুটে উঠল হিতীয়া চাঁদের হাসি।
- ঃ কি জান তৃমি?'
- ঃ 'একদিন না একদিন ত্মি অবশ্যই তথানে যাবে। আমি তোমার ইচ্ছের ফুটন্ত শতদশ মাড়িয়েদিতেচাইনা।'
  - ঃ 'ওখানে যাওয়া আমার জীবনের চরম আকাংখা, একথা কখনো বলিনি।'
- ঃ 'বলার দরকার হয়না। আমি ডোমার মনের কথা বৃঝি। আমার ব্যাপারে চিন্তা করোনা। কদিন হয় একা থাকলমে। বুড়ো বয়সে বরং একা থাকতে কট হবে। আমি চাই ত্থি ভাড়াভাড়ি গিয়ে ভাড়াভাড়ি ফিরে এসো।'
  - ঃ 'গুখানে গিয়ে কি করব?'
- 'জানিনা। আমি শুধু এন্দুর জানি থে, আমার অশ্রু এবং শন্ত বাঁধা নিযেধও ভোমার আচমকা সিস্কান্তকে বদলাতে পারবেনা। কথা দিচ্ছি, আমার ভালবাসার আঁচলে ভোমায় জড়িয়ে রাখবনা। জীবন চলার পথে আমি ভোমার সংগীনি। বিস্তু ইম্পিড মঞ্জিল খুঁজে নেয়া ভোমার কাজ।'

আনেম দুহাতে ফুন্তিনার মুখ নিজের দিকে ফিরিয়ে বলগ ঃ 'এ মৃহুর্তে আমার মঞ্জিল আমার সামনে। এখন জীবনের চরম চাওয়া কি জান? মন চায় তোমার কাবল কালো চোখের ওই দুটো নীল পথের গভীরতায় হারিয়ে যাই।'

- ঃ 'আমার চোখের গভীরতায় তুমি হয়ত খুঁজে পাবে তোমার প্রিয় মরণ্লান।' হাজল ফুন্তিনা।
- ঃ 'মরুভূমির যে নিকৃত্ত আমি চিরদিনের জন্য ছেড়ে এদেছি, ওথানে গেলে বিযাদময় অতীত ছাড়াতো জামি আর কিছ্ই পাবনা।'

কায়সার ও কিসরা ৩৯৩

ঃ 'তুমি যে দেশ ছেজে ছিলে তা ছিল হিংস হায়েনার চারন তুমি। কিন্তু এখন দেখানে বেজে উঠেছে মানবতার জয়গান। সত্য সুন্দরের কেন্দ্র বিন্দু হয়ে উঠছে সে লেশ। ক্লেডিসের চিঠি পড়ে আমি ব্ৰেছি, যে জমিন ছিল কাঁটায় ভরা , দেখানে ফুলের ভালি সাজিয়ে তোমার অপেক্ষা করা হচ্ছে। ওখান থেকে ফিরে এসে বলবে, ভোমাদের জন্য এমন স্থান খুঁজে পেয়েছি, যেখানে একজনের হাত আরেকজনে টুটি চেপে ধরেনা।

দিরিয়ার চাইতেও সেখানে রয়েছে আমাদের সন্তানের জন্য শুপীল ভবিন্তত। এজন্য তোমার নেখানে যাওয়া দরকার, যাতে তুমি সে নবী এবং তার জনুসারীদেরকে নিকট থেকে দেখতে পার। যদি তোমার দীর্ঘদিনের লালিত স্বপু পূরণ না হয়, তবে আগামী দিনগুলো নিশ্চিতে কাটাতে পারবে। ভবিষ্যুতের ক্ষীণ জাশা তোমায় আর চঙ্কল করে তুলবেনা। ভোরের আলো ফোটার অপেক্ষায় থাকলেই কেবল রাত দীর্ঘ মনে হয়। ওখান থেকে ব্যর্থ হয়ে ফিরে এলে এ বাড়ীর চার দেয়ালের মধ্যেই খুঁজে নেবে চিরায়ত জানন্দ। তথন সকলে সন্ধ্যা দেখকনা তোমার উদাস করা বিষয় দৃষ্টি। দেখব না, নির্দ্ধ রাত কাটাক্ষে জামার স্বামী। অথবা বিছানা হেড়ে কক্ষময় পায়চারী করছ কেন, তথন এ চিন্তা জামায় পেরেশান করবেনা।

'ত্মি জামার জীবনের সেরা উপহার ফুন্তিনা! ত্মি জামার যে উদাস দৃষ্টি আর চঞ্চল পদক্ষেপ দেখেছ, তা কেবল ভোমানের নিরাপন্তার কথা তেনেই। জামি দেখেছি নিরপরাধ মানুষের খুনের দরিয়া। দেখেছি, মজলুমের অলু মাটির সাথে মিশে যেতে। অসহায় মানুষের বৃক ফাটা কালার জবাবে গুনেছি জালিমের অইহাসি। গোলাম ভূত্যের হাড়গোড়ের উপর প্রতিষ্ঠিত হতে দেখেছি সমাটদের রংমহল। অহংকারের অগ্নিপিডে জ্লাতে দেখেছি ভালধাসার শতদল। আমার জীবনে এমনও সময় ছিল, যখন এর সবকিছু সইতে পারতাম।

কিন্তু ইউনুসের পৃথিবী আমার মতো হোক তা চাইনা। হায়। ওর জন্য যদি এমন দুনিয়া বুঁজে পেতাম ফেখানে দুর্বল তার মজলুমের অঞ্চ দেখে কেঁপে উঠে মানবতার বিবেক। যেখানে অসহায়ের ভাষা থেকে ফরিয়াদ নয় কৃতজ্ঞতা বের হবে। আরবের নতুন দ্বীন যদি এ আশার ফুল গুলো ফোটাতে পারত।'

- ঃ 'আপনি করে যাচ্ছেন ?' ফুন্তিনা প্রশ্ন করল।
- ঃ 'এখনো কোন সিশ্ধান্ত নেইনি। তৃমি খুশী মনে অনুমতি দিলে ডেবে দেখব।'

পরদিন তোরে ঘোড়া নিয়ে বেরিয়ে পরল জাসেম। ফিরে এল তাড়াতাড়ি। তাকে দেখেই ফুন্তিনা প্রশ্ন করল ঃ'এড তাড়া–তাড়ি ফিরলে ফে?'

- ঃ 'একটা অবিশ্বাস্য খবর শুনলায়। মুসলমানদের একটা দল আচহিত দুমাতুল জন্দল আক্রমন করেছে। ওখানকার সর্দারকে গ্রেফভার করে ভার ভাইকে হত্যা করেছে।'
  - ঃ 'অসম্ভব্।'
  - ঃ 'আমি একজন দায়িত্বশীল অফিসারের মুখে একথা শৃনেছি।'

- ঃ 'এ কি করে সম্ভব? ওরা কি এছই বেশী হিল বে আমাদের সৈন্যয়া বাঁধা দিতে পারগনা।'
- ঃ 'ওরা চার পাঁচ শো সওয়ারের বেশী ছিলনা। রোমানদের সাহায্য যাবার পূর্বেই তারা সব কাজ শেষ করে চলে গেছে। একজন রোমান বলল, এ খবর সভিঃ হলে বলতে হবে, মুসলমানরা বাতাসে তর করে উড়ে গিয়েছিল।,
  - ঃ 'এখন কি হবে ?'
- ঃ 'কিছুইনা। রোমানরা ভেবেছিগ সেনা তৎপরতা দেখিয়ে ওদের ভয় পাইয়ে দেবে। কিন্তু মুসলমানরা প্রমান করণ, সিরিয়ার যে কোন শহরে ওরা হামলা করতে সক্ষম।'
  - ঃ 'কিন্তু এ তো কাইজারের অপমান। রোমানরা তা কোনদিন সইবেনাঃ'
- ঃ 'এবার হয়তো মুসণমানদের শক্তি সম্পর্কে কাইজার নিজের মত গান্টাবেন। তবে তিনি এ মুহূর্তে হয়তো তা নাও করতে পারেন।'
- ৪ 'পোপ পাদ্রীদের পরামর্শ কাইজারকে মানতেই হবে। আরবরা শক্তিমান প্রতিবেশী হোক তাঁরা নিশ্চয়ই তা চাইবেননা। আমার বিশ্বাস, জওয়াবী হামলা করতে কাইজার আর গড়িমসি করবেন না। এবার বল তুমি কি চিন্তা করলে?'
- ঃ 'সফরের কথা জিজ্জেদ করলে বলবো, এখনে! কোন সিন্ধান্ত নেইনি। রোম আরবের মধ্যে নিয়মিত ফুদ্ধ শুরু হয়ে গেলে ওখানে ফেডেও পারবনা। রোডিসও হয়তো আমায় যেতে বলবেনা।'

কিছুদিন পর সংবাদ এগ মুসলিম বাহিনী তাবুক ছেড়ে চলে গেছে। এরপর আজ নয় কাল করে আসেমের জেরুজালেম যাডয়া মানের পর মাস পিছিয়ে যেতে লাগল। ক্রেডিসও আর কোন চিঠি দেয়নি। এডাবে কেটে গেল প্রায় এক বছর। এরমধ্যে সিরিয়া সীমান্ত থেকে উল্লেখযোগ্য কোন খবর আসেনি। কি এক আশ্চর্য গতিময়ভায় ইসলাম নিজের করে নিতে লাগল আরব উপদীপের বিশাল বিস্তারকে। রোমানদের কাছে আরব ঐক্য ছিল ইতিহাসের অবিশাস্য ঘটনা। তরা আরবদের ব্যাপারে সচেতন ছিল।

এক সন্ধ্যা। কাইরে খানিক ছোরাঘূরি করে আসেম বাসায় ফিরে এল। গেটে আসতেই চাকর বললঃ 'একজন মেহমান আপনার অপেক্ষা করছেন।'

ও দ্রুত পা বাড়াল। হলরূমে আলো জ্বলছে। দরজার কাছে আসতেই পরিচিত শব্দ ডেসে এল। ঃ 'ও রেডিস।' বলে ছুটে গেল আসেম। ইউনুসকে কোল থেকে নামিয়ে উঠে দাঁড়াল ক্রেডিস। বুকে বুক মিলালো দু'জন।

ঃ 'ভূমি কথন এলে। জামায় সংবাদ দাওনি কেন? জাস্কুনি, ভোমার ছেলে কেমন জাছে? ওদের সাথে জানোনি কেন?' এক নিঃশ্বানে প্রশ্নগুলো করন জাসেম।

- ঃ 'ওরা সবাই ভাগ। এখানে থাকার ইচ্ছে থাকলে ওদের নিয়ে আসভাম। আমি ভোরেই ইস্তাকিয়াচলেয়াছি।'
  - ঃ 'কাইজারও নাকি ওখানে যাচ্ছেন?'
  - ঃ 'হ্যা। আরবের পরিস্থিতি তাকে পুরের এলাকাগুলো সক্ষর করতে বাধ্য করেছে।'
- ঃ 'তোদার দাওয়াতে জেরুজালেম যেতে পারিনি বলে দৃঃখিত। কয়েক বারই যাবার ইচ্ছে করেছি। কিন্তু শেষ পর্যন্ত যাওয়া হয়ে ওঠেনি। আসলে বয়স বাজুলে সিদ্ধান্ত নেয়ার শক্তিও দুর্বল হতে থাকে। কি যেন বললে, আরবরা কাইজারকে ইন্তাকিয়া যেতে বাধ্য করেছে। আমার মনে হয়, তাবুক থেকে ফিরে গিয়ে মুসলমানরা মত পরিবর্তন করেছে। মুতার গতর্শর দৃতকে হত্যা করার মত বোকামী না করলে ওরা সিরিয়ার সীমান্তের দিকেই ভাকাতে। না।'
- ঃ 'মৃদশমানদের পরিকল্পনার কথা কিছ্ই বলা যায়না। তবে এন্দ্র বলা যায়, ইসলাম জারবে যে বিপ্লব নিয়ে এসেছে তা ইতিহাসের এক জালৌকিক ঘটনা। মূভা অথবা ভাবুকে ওদের আক্রমনে আমরা ততোটা উদ্বিম নই। কিন্তু ইতিমধ্যে জারবের আভ্যন্তরীপ পরিবর্তনে আমরা চিন্তিত। প্রথম যে বছর ভোমায় জেরুলালেম যেতে বলেছিলাম, ভেবেছিলাম আরবের অবস্থা তনকেই তুমি তথালে চলে যাবে। রোমানদের গোয়েন্দা হিসেবে নয়, ভোমায় পাঠাতে তেয়েছিলাম এমন বন্ধু হিসেবে, যার কথা আমি বিশাস করতে পারি।

তাবুক এবং মুভায় মুসলমানরা আক্রমন করেছে। কিন্তু আমি হতবাক হয়েছি কিসে জান? ইসলাম মদ, জুয়া এবং সুদকে নিষিদ্ধ করার পরও আরবরা দলে দলে মুসলমান হচ্ছে। ইসলাম চ্রি এবং রাভিচারের জন্য রেখেছে কঠিন শান্তির বিধান। অথচ কি আন্তর্য, যে অপকর্ম ছিল আরবদের জন্য গৌরবের তাই তারা ছেড়ে দিয়েছে। মন্তায় কোরেশরা পরাজিত হল। ভেংগে দেয়া হল কাবায় প্রতিষ্ঠিত দেব দেবীগুলো। আমি ভেবেছিলাম, এতে সমগ্র আরব মুসলমাদের বিরুদ্ধে ক্লেপে যাবে। বে দ্বীন বংশ, গোত্র আর কবিলার ব্যবধান ঘূর্চিয়ে দিতে চায়, আরবরা নিক্র তার বিরোধিতা করবে। আমাদের আশা ছিল, ওরা মন্ত্রা থেকে সামনের দিকে পা বাড়ালে হাজারো কবিলা ওদের পথে বাঁধা হয়ে দাঁড়াবে। ত্যুজার্ড বালুকায় মত শুবে নেবে মুসলামদের গতির সমলাব।

কিন্তু গত এক বছরে আরবদের তৎপরতার কিছুই আমরা বুঝে উঠতে পারিনি। আমরা শুধু শুনেছি, আজ অমৃক দল কাল তমুক দল ইসলাম কবুল করছে। কয়েক বছর আগে যারা ইসলাম প্রচারকদের হত্যা করত, তারাই দল বেঁধে মদিনা গিয়ে মুসলমান হয়ে যাছে। তুমি শুনলে আতর্য হবে। হাজরামাতত এবং ইয়ামেন থেকে ইয়ামামা পর্যন্ত বেশীর ভাগ কবিলাই মুসলমান হয়ে গেছে। কয়েক বছর বিরোধিতার পর আত্মসমর্পন করেছিল কোরেশরা। অথচ ইসলামের শিক্ষার কাছে সমগ্র আরব আজ মাথা নুইয়ে দিয়েছে।

পূর্ব পূর্বাবের পড়া দেব দেবীর মূর্তি ওরা শিজের হাতে ভেংগে ফেলছে। সমগ্র আরব এই প্রথম এক প্রাকার নীচে সমবেত হছে। জামি অনুভব করছি জীবনের রাজপথে এ নতুন ফায়েলা যখন মনজিপের পিকে পা বাড়াবে, তাদের পথের ধুণার সাথে নিভিন্ন হয়ে যাঙে রোমইরানেরবিশালসাপ্তানাত।'

থামল ক্লেডিস। আসেম ফুন্তিনা অবাক বিশয়ে ওর দিকে ভাকিয়ে রইল। অসেম বলগঃ 'ভূমি আবার আমায় দেশে যেতে বলছ। আমার আশংকা হচ্ছে এবার হয়ত 'না' করতে পারবলা।'

ঃ 'আদেম! আমি যদি আরব হতাম, দেশ ছাতৃতাম তোমার মত হতাশ হয়ে, কেউ এসে বলত লে অক্ততা আর জুলুমের আধার ভূবনে এখন জুলাই নায়ে ইনসাফের অনিবানদ্বীপ শিখা, অবশাই আমি ছুটে যেতাম সে আলোর সন্ধানে। আসেম। তুমি আমার বন্ধু। জীবনে অনেক উপকার করেছ ভূমি। তুলে এনেছ ভয়াল মৃত্যুকুপ থেকে। এ উপকারের প্রতিদান দেয়ার জন্যই তোমায় কন্তুনতুনিয়া নিয়ে গিয়েছিলাম।

এখন আমার মনে হচ্ছে, আরব দশ্পর্কে যা গুনেছি ভা যদি সক্তির হয়, তবে দেখানে তৃমি এমন প্রশান্তি পাবে, কিসরা এবং কাইজারের রাজপ্রাসাদও যা তোমায় দিতে পারবেন। রহমতের বারিধারায় দক্তিই যদি আরব প্লাবিত হয়ে থাকে, তোমায় আমি বলব, ওথানে গিয়ে আজ্লা ভরে দে পানি পান করো। আমার ভো মনে হয়, তৃমি একবার ওথানে গেলে ইউনুছ আর ফুন্তিনাকেও নিয়ে নেবে। এরপর হয়তো কোনদিন তোমার দাথে দেখা হবেনা। কিন্তু যেখানেই থাকি, তুমি সুখে আছ ভেবে আনন্ধিত হব।

- ঃ 'সভিয় করে বলতো ক্রেডিস, দামেশক আমার জন্য নিরাপদ নয় ভেবেই কি তৃমি এতটা উতলা হওনিং'
  - ঃ 'ৰঞ্জু। ভূমি তো ভান, তোমার নিরাপন্তার জন্য আমার জীবনও বিশিয়ে দিতে পারি।'
  - ঃ 'ডা জানি। বিস্কু তৃষি আমার প্রশ্নের জবাব দাওনি।'

ক্রেডিস থানিক ভাবল। এরপর বললঃ 'একান্তই যদি প্রশ্নের জবাব ওনতে চাও তবে শোন, আরবরা রোগানদের সাথে যুদ্ধ করবে তা আয়ার মনে হয়না। শূনলাম, নালরানের খুটান এবং অনেক গাস্সানী রইস মুসলমান হয়েগেছে। এবার পান্তীরা কাইজারকে নীরব থাকতে দেবেলা। খুটবাদ রক্ষার নাম করে মুসলমানদের বিরুদ্ধে তরবারী ধরতে কাইজারকে বাঁধ্য করবে। আরবের সাথে সিরিয়ার যুদ্ধ বাধলে তুমি চুপ করে করে বসে থাকতে পারবেলা। তুমি এ দেশের জন্য কি করেছ তা দেখবে না কেউ।

কোন পাদ্রী যদি বলে তৃমি আরব, মুসলমানদের জন্য ডোখার দরদ বেশী, ব্যাস, রোমানরা ভোখার উপর ক্ষেপে উঠবে: তথন আরবদের বিরুদ্ধে তরবারী ধরতে বাধ্য হবে তৃমি। আমি ভোগাকে এ চরম পরীকা থেকে বাঁচাভে চাই। আমি জানি, তৃমি গড়বে শঙ্কে বিরুদ্ধে নয় নিজের বিবেকের বিরুদ্ধে। বিবেকের মৃত্যুর পর যারা বেচে থাকে তুমি তাদের মধ্যে নও। মনে নেই, এত কিছু করার পরও এ রোমানরাই ফুস্তিনার নানাকে ফাসীতে ঝুলিয়েছিল?'

ফুন্তিনা রোডিসকে বন্ধ ঃ 'আমার স্বামীর বিধেক কোরবান করেও এ বাড়ীতে থাকব এমনটি তেবে থাকলে ভ্ল করেছেন। ঈশ্বরের দোহাই! দামেশকবাসী যদি এডই অকৃতক্ত হয়ে থাকে তবে এ মৃত্তুর্তে আমি দামেশক ছাড়তে প্রস্তুত। এ রাজপ্রাসাদের চাইতে মরুর ফুন্ত কুঁড়ে ঘরেও আমি সুখে থাকব।'

ঃ 'বোন। তুমি সীনের মেয়ে। যুদ্ধের সময় জাতির ভাগ্য এমন সব লোকদের হাতে থাকে যারা আপন পর চিনতে পারেনা। যুদ্ধ হয়তো হবেনা। এ দামেশকে ভোমাদের সারা জীবন আনন্দেই ক্রাটবে। কিন্তু যুদ্ধ শুক্ত হলে যারা লড়াই করবেনা তাদের মনে করা হবে জাতির শুক্ত। আমার কথায় মনে কিছু নিওনা। যা বলেছি বন্ধুর কর্তব্য পালন করতে গিয়ে বলেছি।'

ক্রেডিস থামল। আদেম মাথা নুইয়ে কি ভাবলঃ অনেশুল। অবশেষে মাথা ভূলল। তাকাল ফুস্তিনার দিকে। ঃ 'ফুস্তিনা আমি ওখানে যান্ধি। যান্ধি আমরা তিনজন। ভূমি তৈরী হতে থাক। ভিন দিনের মধ্যেই আমরা এখান থেকে রওয়ানা করব।'

- ঃ 'অযেরা জাগামী কালই রওয়ানা করতে গারি।'
- ঃ 'না জাসেম। আমি ইস্তাকিয়া থেকে আসি। এরপর আরব সীমান্ত পর্যন্ত তোমার সাথে যাব।'
- ঃ 'কবে নাগাদ ফিরবে ?'
- ঃ 'দিন দশেকের বেনী লাগবেনা।'
- ঃ 'আমার আশংকা হচ্ছে, ও যদি যাবার ইচ্ছে বদলে ফেলে?' ফুন্তিনার কণ্ঠ। আসেম মৃদ্ হাসল। 'আমি আমার জন্য নয়, যাব ইউনুসের জন্য। এখন যদি সমস্ত রোমান ফৌল এসে আমার পথ রোধ করে তব্ও আমার ইচ্ছে পরিবর্তন হবেনা।'



একমাস পর। এক শান্ত বিকেলে আসেম ও ফুস্তিনা একটা টিগার পাশে যোড়া থামাল। সামনে ইয়াসরিবের পাহাড় শ্রেণী আর খর্জুর বীথির মনোরম দৃশ্য। মরুর তপ্ত বাডাসে ইউন্সের চেহারা লাল হয়ে গিয়েছিল। ও ছিল জাসেমের কোলে।

- ঃ 'আববু! এটাইকি আপনার শহর ?'
- ৪ ' হ্যাঁ আববু ৷'
- ঃ ' তাহলে থামলেন কেন? খামার খুব তৃষ্ণা পেয়েছে!'

- া ।।।।। একান পৌতে যাব।' বঙ্গেই ঘোড়ার পিঠে চাবুক মারগ আদেম।
- ে পাৰবু। জ্যানে পানি পাজয়া যায় ?'
- ে সাহিত্যটা। প্রথানে তোমায় কিচ্ছুর জভাব হবেনা।'
- ারে। চনতে লাগল ওরা। অনেমের প্রাণের গতীর থেকে মাথা তুলতে লাগল হারানো সমানের কথা। ইয়াসরিবকে এক ঝলক দেখার পর ডিজে উঠেছিল ওর চোখের পাতা। সমান্যন ফোটা ফোটা হয়ে ঝরে পড়তে লাগল।
- ্রা এক খেতুর বাগানের পাশ দিয়ে যাছিল। চোখ ঘুরিয়ে চাইল অসেম। ছোড়া থামিরে। এবং 'এই সে সামিরাদের বাড়ী। ওখানে আমাকে চেনার মত কেউ হয়তো বেঁচে নেইং'
  - ঃ 'আবৰু। এখানকায় লোকেরা কাউকে না চিনলে পানি দেয়না ?'
  - । 'নেটা। এ বাড়ীর শোকেয়া পানি চাইলে দুধ এনে দেয়।'
  - শানমনা হয়ে গেল আসেম। অতীতের বিশালভায় হারিয়ে গেল ও।
  - । ' এ বাড়ীতে যাবে?' ফুন্তিনার প্রশ্ন।
  - ঃ ' নিজের বাড়ীর চে' এরা আমায় কম আদর করতনা। দেখা না করে। চলে যাই কি করে।'
  - ঃ ' নোমান কে আবব্?'
  - ঃ ' আমার এক বন্ধু।'
  - " 'তাহলে আপনি পানি নিচ্ছেননা কেন?'
  - বছর দশেকের একটা কিশোর বাগান থেকে বেরিয়ে এল। ইউনুসের কথা শুনে সে
  - ঃ 'আপনাদের পানি লাগবে ?'
  - ঃ ' হাাঁ। এ বাড়ী তোমাদের?' আনেম বলন।
  - 2 \* A | 1"
  - ঃ 'তোমার নাম কি?'
  - ঃ'আবদ্লা।'
  - ঃ ' নোমান ভোমার কি হয়?'
  - ঃ ' তিনি আমার ভাববা। আসুন, তেতরে আসুন।'
  - আন্দুল্লা আদেমের ঘোড়ার বাগ হাতে নিগ। আদেম ইউনুসকে বোড়া থেকে নামিয়ে বলগ
  - ঃ 'তুমি এ ছোট্ট মেহমানকে পানি খাইয়ে অনি।'
  - ু 'আস্যাদের বাড়ীতে মেহমান হতে আপনাদের ভাল লগেবেনা ?'
  - ঃ ' না তা নয়। আমরা তো আরো সামনে যাচ্ছি। তুমি একে তাড়াভাড়ি নিয়ে এসো।'

- ঃ 'ঠিক আছে।' বলে আবদ্দ্র ইউন্সের হাও ধরে বাগানের তেতর অদৃশ্য হয়ে গেল। ফিরে এল খানিক গর। সাথে এক সুদর্শন যুধক। আসেমকে দেখে বলসঃ 'আমার ছেলের অনুযোগ, দুজন মুসাফির ভৃষ্ণার্ভ হয়েও বাড়ী আসতে চাইছেননা। আপনারা কোথেকে এসেছেন?'
  - ঃ ' আমরা অনেক দূর থেকে এসেছি।'
- ঃ ' আমার হেলে বলগ জাপনি নাকি আমার নামও জানেন। একথা দত্যি হলে আপনি তো নিশ্চয়ই জানেন এ যরের দরোজা দব সময় মেহমানের জন্য উপুক্ত থাকে।'
  - ঃ ' জামি জানি এ বাড়ীর লোকেরা শক্রকেও ঘৃণা করেনা।' সাথে সাথ তর চোখে উছলে এল অঞ্চর ধারা।
  - ঃ ' আববা, আমি পানি চেয়েছিলাম, আমায় জোৱ করে দৃধ খাইয়ে দিয়েছে।' ইউনুসের কণ্ঠঃ' আসেমের ধৈর্যের বাঁধ টুটে গেলঃ ঃ' নোমান, ভূষি আমায় চিনতে পারনি?'

নোমান অবাক বিশয়ে অনিমেষ চোখে আনেমের দিকে তাকিয়ে রইণ। এরপর 'আদেম, আদেম' বলে জড়িয়ে ধরদ তাকে।

ঃ 'বন্ধু আমার। আমার ভাই! এতকাল তুমি কোথায় ছিলে? সালেম জার আমি তোষায় হন্যে হয়ে কত খুঁজেজি। খুঁজেছি আরব ইয়াসরিবের প্রতিটি শহরে। আর এখন তুমি জামার ঘরের বাইরেদ্যাঁড়িয়েজাছ।

নোমানের চোথে অঞ্চ। ঠোঁটের কোণে মৃদ্ হাসি। এক সময় ও আসেমকে হেড়ে দিয়ে ফুন্তিনার দিকে ফিরশ।ঃ 'ও আমার স্ত্রী।' আসেম কলল।

ঃ 'আসুন।' নোমান ফুজিনার আর আবদুল্লা আসেমের যোড়ার বলগা হাতে জুলে নিল। বাগানে প্রবেশ করল ওরা। একদিন এখানেই ঘটেছিল আসেমের প্রেমের সমাধি।

নোমান বললঃ 'আয়েকটু আগে এলে সালেমের সাথে এখাথেই দেখা হতো।'

- ঃ ' সাইদা কেমন আছে ?' আসেম প্রশ্ন করল।
- ঃ ভালা'
- ঃ ' ওবায়েদ বেচৈ পাছে?'
- ঃ ' না, ভূমি যাতয়ার বছর দ্'য়েক পরই সে মারা যায়। মৃভ্যুর পূর্বে তার বড় সাফল্য ছিল শম্নকে হত্যা করা।'

বাগান পেরিয়ে বাড়ীর উঠানে পা দিল ওরা। বারালায় বসে বসে একজন মহিলা সূতা কাটছেন। এক শিশু খেলা করছে তার পাশে: নোমানের সাথে অপরিচিত লোক দেখে মহিলা তাড়াতাড়ি তেতরে চলে গেল। একটা চাকর এসে আস্তাবলের দিকে নিয়ে গেল ওদের বোড়াগুলো।

## www.priyoboi.com

ত সালে। লালা লাল্যায় চটিছি বিছিয়ে বসে পড়গ ওরা। বোমান পানি আনগ। এরপর সংগ্রাম বাবা "আন্মন্ত্রা। লাগেমকে ডেকে নিয়ে এসো।"

র ' দুনার খালে আমি সাম্বদাকে দেখতে চাই।

্ন সংগতে কেই জোমান অপরিচিত নয়: বসো। 'সাইদা নিজেই এখানে আসনে।'

ালাল সম্পান সহলে চলে গেল। কিয়ে এল একজন মহিলাকে নিয়ে। খানিক পূর্বে এ দালাল দলা নাটাচ্যোল। আসেম তাকাল ওর দিকে। এক ঝাঁক জানন হৃদয় ছুঁয়ে গেল ওর। দল্মান কলা লাড়িয়ে পড়ল ওঃ মহিলা কেমন থানিকটা অস্তি বোধ করছিলেন।

ামাৰ বাগা ঃ ' নাইদা, ত্তকে তৃমি চিনতে পারনি?'

া নামান বিশ্বাস ছিল আগনি বেঁচে আছেন। একদিন অবশ্যই ফিরে আসবেন। প্রতিটি লামাজ নাম আমি দোয়া করেছি আপনি ফিরে আসা পর্যন্ত আমি যেন বেঁচে থাকতে পারি।' ভারী হয়ে নাম নামান কঠা ওর অনিরুদ্ধ কারা শব্দ হয়ে ধের হতে লাগল। হোট মেয়েটা কভক্ষণ মায়ের নিয়ক ক্ষাক্রয়ে থেকে ইঠাৎ ফুলে ফুলে কাঁদতে লাগল।

প্রতিবার কোলে তুলে নিল ওকে। সাইদা চোখ মুছে ফুন্তিনার দিকে ফিরে বলল ঃ ' ক্ষ্মা কলা কানা কিছুক্ষণের জন্য মেহ্মানসারীর শিষ্টতা তুলে গিয়েছিলাম।'

া ' আগনার মনের অবস্থা আমি বৃঝি। আপনার ভাই প্রায়ই আপনার কথা রহতেন। তখন আগনাকে করানা করে মনে হতো আপনাকে পেলে স্বজন ও দেশ ছাড়ার যন্ত্রণা ভূলে বাব।'

া এখানে লাগনাকে কেউ না চিনলে দেশ ছেড়ে আসায় হয়ত কট পেতেন। আমরা মানকতার দিনকে একে একের সম্পর্কেচে' কেশী দাম দিই। আফসোস, আপনারা এলেন এমন সময়, যখন আলালের নেতা গুনিয়া থেকে বিদায় নিয়ে চলে গেছেন। তিনি এমন এক অনির্বান দ্বীপ শিখা লাগন লোকে, যে আলোয় আমরা মানকতার পথ খুঁজে পেয়েছি। এই সেই জমীন যেখানে বংশীর কাচ, কালারা দক্ষ আর গোত্রীয় বিভেদের আগুন দাউদাউ করে জ্বাছিল। সে জমীন আজ দালালে আনালাভূত্রের কেন্দ্র। এখানে কেউ কারো পর নয়। সবাই আপন—। এক সূত্রে গাঁথা।'

ানাবান, মহাননীর (সঃ) ওফাভের সংবাদ জামি গত কাল পেয়েছি। পথে কারো কারো

কান মনে মনে হল ওরা ইসলাম ছেড়ে দেবে। শত বছরের পংকিল সমাজ ব্যবস্থায় জড়ান্ত

কান মনে মনে হল ওরা কোঝা মনে করছে। আমার মনে হয়, জাল্লার নবীর ওফাভের পর

কান বান প্রান্তিন ঘটেছে। মদ, জ্য়া, স্দ, ব্যতিচার, হত্যা, লুগ্ঠন এবং জুলুম জড়ানার যে

কানবান প্রান্তান সাথে মিশে গিয়েছে, ওরা ইসলামের বিরুদ্ধে এখন সর্ব শক্তি নিয়োগ করবে।

কায়দার ও কিসরা ৪০১

- ঃ ' এ পরিস্থিতি জামাদের জন্য অথাচিত নয়। যারা অনিচ্ছা সত্ত্বে মৃসলমান হয়েছে ভাদের আমরা চিনি। ভগু নবীরা যে ওদের প্রভারিত করহে তাও জানি। ইসলাম খোদার দ্বীন। এ দ্বীনের পতাকাধারীরা যে কোন পরীক্ষার জন্য প্রস্তুত। শুধু জারবেই নয়, জারবের বাইরেও যাদের সাথে সংঘর্ষ হবে, উপড়ে ফেলা হবে সব বীধা। বানের ভোড়ে ভেসে খাওয়া থড়কুটোর মতোই ভারা নিশ্বিক হয়ে যাবে।'
  - ঃ ' সৃত্যুর পূর্বে মহানবী (সঃ) সিরিয়া জাক্রমনের প্রস্তুতি নিচ্ছিলেন একথা কি সত্য !'
- ঃ 'হ্যা। আমি আর সালেম সে ফৌজে সামিল ছিলাম। কিন্তু রাস্তার (সঃ) অসুস্থতার কারণেই আমাদেরকে থামতে হয়েছে।'
  - ঃ ' বর্তমান পরিস্থিতির কারণে সম্ভবত তার কোনদিন সে পরিকলনা পুরণ হবেনা।'
- ঃ 'কে বলল তোমায়। পরিস্থিতির কারণে সিরিয়ার অভিযান মূলতবী করার জন্য লোকেরা যাকে পরামর্শ দিলে তিনি কি বলেছেন জান ? বলেছেন, জামি যদি নিশ্চিত হই যে, বনের হিংচ পশুরা মদিনা ঢুকে আমায় নিয়ে যাবে, তব্ও যে অভিযানের নিদেশ স্থাং মহানবী (সঃ) দিয়েছেন, আমিভাকে রুখতে পারবনা।'

আসেমের চোখে মৃথে উদ্বেশের চিহ্ন ফুটে উঠল। ঃ' বিদ্রোহী কবিশগুলো মদিনা জ্যক্রমন করবে আর এখানকার ফৌজ যাবে সিরিয়া, এ পদক্ষেপ কি ভাল হবে?'

মৃদ্ হাদল লোমান। ঃ ° নবীর (সঃ) হুকুম পালনই জামাদের বড় ভাফল্য।'

- ঃ : সিপাহসালার কে থাকবেন?'
- s 'মহানবীর চ্যকর যায়েদ বিন হারিসের ছেলে উসামা।'
- ঃ ' কি। একটা চাকরের ছেলে রোম খাক্রমনে আরবদের নেতৃত্ব দিচ্ছে?'
- ৪ ' লা। একজন রাসুল গ্রেফিককে মুসলফানদের নেতৃত্ব দেয়া হয়েছে।'
- ঃ ' ওকি খুব বেনী অভিজ্ঞ?'
- ঃ ' ওর বয়েস বছর বিশেকের মত হবে **হয়ত।**'
- ঃ 'আরবরা তার নেতৃত্ব মেনে নিলে একে এক অলৌকিক কান্ধ মনে করব।'
- ঃ \* আরবরা যে মুসলমান হয়েছে এইতো বড় অলৌকিক কাজ।'
- ঃ ' নোমান, ইসলাম সম্পর্কে জামাকে জনেক কিছুই জানতে হবে। এর আগে বল, আওস ও খাজরাজ সন্ত্যিই কি পরস্পর মিলে গেছে?'
- ঃ ' আমরা যে একে অপরের দৃশমন ছিলাম এখনতো বিশ্বাসই হয়না। শেষ সংঘর্ষ হয়েছে তুমি চলে যাবার কদিন পরঃ ইয়াসরিবের তৃষিত বালি আমাদের শরীরের অবাঞ্চিত রক্ত ওবে নিয়েছিল সে যুদ্ধে। এরপর তোমার মত সত্যসন্ধানী ক'জন গোক গিয়েছিল মরায়। আগামীর দিকবলয়ে দেখলাম নত্ন অলোর হাতছানি। আল্লার রসুল (সঃ) মকা ছেড়ে মদিনা চলে এলেন।

্রনালন নানতে লাগণ শোদার রহমতের বৃষ্টি। ইয়াসরিবকে এখন আমরা মদিনতুন নবী নেবীর গুরুৱা গুলি। সংক্ষেপে বুলি মদিনা।

ন নান্য মাটিতে এখন কেবল কল্যাণ জন্ম নেয়। আসেম। যেদিন ত্মি বেরিয়ে গেলে, কে নান্য নান্তের আওস ও খাজরাজ এক হয়ে যাবে। ত্মি যাবার তিনদিন পর একরাতে ওবায়েদ নান্যনা নাথে আমার সাক্ষাতের ব্যবস্থা করেছিল। আমরা প্রতিজ্ঞা করেছিলাম, ইয়াসরিবের নান্যনান নাই হোক, আমরা পরস্পরের উপর তরবারী তুলবনা। কিন্তু পরদিন মনে হল, আওস য খালায়াজের সংঘর্ষ অবশ্যভাবী।

াগানে পাকলে এ প্রতিজ্ঞা আছরা রক্ষা করতে পারবলাঃ একরাতে পালিয়ে মালায়েন চলে নাগান। তিন বছর ছিলাম ওখানে। পরে এক ব্যবসায়ী কাফেলার সাথে বেরজালেম এবং নালেশক এমন করগাম। ধারণা ছিল, তোমার হরত কোলাও পেয়ে বেতে পারি। যথন ফিরে নাগ, দেশবাম এ জমীন রহমতের পূস্প হাতে আমাদের জনা অপেকা করছে।'

্বালের বিষয় কণ্ঠে বঙ্গল ঃ 'কি বন্দনীৰ আমি। জাফসোদ। সে মহামানবকে এক নজৰ দেখার সৌভাগা ও হলোন আমার।'

় ' না খাদেয়, যদি ভূমি সভ্যের সন্ধানে বেরিয়ে থাক, তবে ভূমি বদদদীব নতঃ নবীজি নানবংগর মৃতির যে পথ দেখিয়েছেন তঃ মধ্য দিনের আলোর চাইতেও জ্যোতিময়। আসর নামাদের সময় চলে যাছেঃ নামাজ শেষে বলব আরবে কতবড় বিপ্লব সংঘটিত হয়েছে।'

াদেয় ও ফুন্তিনা জবাক হয়ে শুনছির নোমানের কথা। নোমান বনহির মঞ্চাবাসীয়া কি দ্রান নারেছে মুসলমানদের উপর। বদর, ওহােদ জার খলকে কেমন করে যুদ্ধ হয়েছিল, কেমন করে মহাননীর ভবিষ্যতবাণী সভ্য বলে প্রছাণিত হল সে সর্ব কথা। বনহিল, নবী এবং নাজনাদের হিজরতের কাহিনী। শুনতে শুনতে ভিজে উঠেছিল আসেমের চােষের পাতা। নােয়ানের কথা শেষ হল। আসেমের মনে হল মনের উপর চেপে থাকা জতীতের সকল বােঝা শার হালকা হয়ে গেছে।

ঃ 'নেয়েন। কিসরার ফৌজ যখন সিরিয়ায়, তিনি নাকি তখন রোমানদের কিজয়ের তবিখাত নাগাকচেতিয়েনং'

া' খা। কোনান শরীফেও এর উল্লেখ আছে।'

নোখান সুৱা রোমের সে কটা জায়াত তাকে গুনিয়ে দিশ।

- া 'নাজুনাজুনিয়া গিয়ে যদি কেউ এমন কথা বলত, লোকেরা তাকে বলত পাগল।'
- া তাল মতার গোকেরাও তাকে উপহাস করেছে। আসেমা আমি একজন সাধারণ মানুষ। ললা লাকনের কোল একটা দিক ভালভাবে বলার সাধ্যও আমার নেই। কিন্তু মদিলায় এমন কলেক লোক আছেন, মাদের প্রতিটি মৃত্তুর্ত কেটেছে ভার সাধিধ্যে। তাদের ভেডর দেখবে

রাসুলে খোদার রূপ। কিন্তু ওদের সাথে কথা কললে ওরাও বলবে, সাগরের সীমাহীন জনরাশি থেকে এক বিন্দু পরিমান নিয়েছি।"

- ঃ ' রোমের মত বিশাল সাগতানাতের সাথে সংঘর্ষে যাবার হত মনের বল কি ওদের আছে ?'
- ঃ ' হাঁ। ওদের দৃঢ় বিশ্বাস, একলিন ওদের পায়ের নীতে দৃট্পুটি খাবে কাইজারের রাজমুকুটঃ এ বিশ্বাস না থাকলেও রোম আক্রমন করার জন্য মহানবীর (সঃ) নির্দেশই যথেষ্ঠ। আল্লার রাস্তায় শহীদ হওয়াকে মুসলমানরা বড় সৌভাগ্য যনে করে।'
  - ঃ ' তার মানে মুসলমান বিজয়ের ভাশা না নিয়েই যুদ্ধ করে?'
- ং ' হ্যাঁ, শহীদ হওয়ার জ্বাকাংখায় ওরা জয় পরাজয়ের চিন্তা করেনা। ওই তো সালেম এসে গেছে।' জ্বাসেম পেছনে ভাকিয়ে উঠে দাঁড়াগ। সালেম সালাম করে অবাক চোখে আসেমের দিকে ভাকিয়ে রইল।
- ঃ 'ডাইয়া!আপনি আসেমকে চিন্তে পারেননি?' সাঈদা বলল। সালেমকে বিমূদের মত দাঁভিয়ে থাকতে দেখে জাসেম বলল ঃ' সালেম, আমি আসেম।' গুভিত হয়ে ও থানিক দাঁভিয়ে রইল। এর পর ছুটে এসে জাপটে ধরল আসেমকে। সালেমের সাথে কিছুক্ষণ কথা বলে আসেম আবার নোমানের দিকে ফিরগ।
  - ঃ ' সন্ধ্যা হয়ে গেছে। চল একটু ঘুরে আসি।' বলল আসেম।
- ঃ ' চুল। মদিনার অলি গলিতে আজ আনন্দ নেই। নবীর বিচ্ছেদ ব্যথা মৃসলামানরা এখনো ভূলতে পারেনি। আসেম! এখনো একটা কর্তব্য আমি শেষ করিনি। ইসলামের দাওয়াত দেইনি ডোমায়। তোমার বন্ধুরা বেশী খুশী হবে যদি ভূমি মুসলমান হও।

মহানবীর (সঃ) কথা বলার সময় ভোমার চোথে পানি দেখে আমি ব্বেছি, তুমি বেশী দিন ইসলামের বাইরে থাকতে পারবেনা। আমার ইচ্ছে, তুমি একজন মৃসলমান হিসেবে মদিনার অদিগদিতে মুরবে।

- ঃ ' জামি ভোমার দাওয়াত কবুল করলাম। খলিকা যদি আমার মুসলমান করতে পারেন তবে আমাকে ভার কাছে নিয়ে চল।'
- ঃ ' মুসলমান হওয়ার জন্য কোন জানুষ্ঠানিকভার প্রয়োজন হয়নাঃ প্রয়োজন হয়না। খলিফার কাছে যাবার। কয়েকটা শব্দ মুখে উচ্চারণ করলেই যথেষ্ঠ।

ফুন্তিনা গ্রীক ভাষায় আসেমকে কি ফেন বলতেই ও নোমানকে বলল ঃ 'নোমান। ফুন্তিনার অনুযোগ, তুমি ওকে ইসলামের দাওয়াত দাওনি।'

ঃ 'দু'জনকে কালিমা পড়ানো তো জামার সৌভাগ্য।'

সূর্য ভোরার খানিক পর আসেম, নোমান এবং সালেম বাড়ী থেকে বের হল। মনের উপর চেপে থাকা দুঃসহ বোঝা নেমে গেছে আসেমের। মুক্তি পেয়েছে অতীতের শৃংখণিত আজা। নোমান এবং সালেম দরুদ পড়তে লাগল। আসেম ও কণ্ঠ মিলাল তাদের সাথে। ধীরে ধীরে দারণার শাশগুলো কারার গমকে হারিয়ে থেতে লাগলঃ আসেম ভারাক্রান্ত কঠে বলগ ঃ ' নোমানং আমাকে তাঁর রওলা পাকে নিয়ে চলোঃ'

- श'णामहा ७ शात्न**३ या**ष्टि।'
- পথে দেখা হল এক যুবকের সাথে।
- ঃ 'নোমান ভাই , আপনি খলিফার খোখনা শুনেছেন?'
- ঃ ' নাতে। ?'

ঃ থলিকা নির্দেশ দিয়েছেন, সিরিয়ার অভিযানে অংশ গ্রহণকারী সকল মুজাহিদ যেন মদিনা থেকে এক ক্রোশ দূরে 'জরকে' জামায়েত হয়। পরও ভোরে ওখান থেকে রওয়ানা করা হবে।'

নোমান এবং সালেম কিছুকণ যুবকের সাথে কথা বলে হাঁটা দিল। তরা পৌছল মসজিদে নববীতে। এখানে মানুষের প্রচন্ত ভীড়া একজন একজন করে তেতরে প্রবেশ করছে। একটু পর আসেমরাও ভেতরে চুকল। ভেতরে আলো জ্বলছে। রওজার পাশে দাড়িয়ে দোয়া পড়ছে সবাই। অনেক্ষণ চুপচাপ দাড়িয়ে রইল ও। চোখে অঞ্চা বুকে দীর্ঘদিনের সঞ্চিত বেদনার অগ্নেয় লাভা। যেন বহুকাল পর জ্বালামুখের সন্ধান পেয়েছে দে লাভাৱোত। অবিরল গড়িয়ে পড়ছে অঞ্চ রাশি।

সে বলছিলঃ 'মূনীব আমার। জ্ঞাপনার রওজায় যক্ত্রক খোদার জনন্ত রহমতের বৃষ্টিধারা। আমি অনেক দেরীতে এসেছি। হায়। জীবনে যদি জ্ঞাপনাকে এক নজর দেখতে পেতাম।' ভারী হয়ে এব আসেমের কণ্ঠ। 'এরপরও জামি আপনার গ্রভূর রহমত চাই।'

এ কেবল আসেমেরই মনের কথা ছিল্না। বরং তার এ এক লাখো মানুষের মনের কথা বলছিল। এছিল নেই সব মানুষের বুকের গভীর থেকে উঠে জাসে আবেগ নবীজি যাদের প্রকৃত সুখের পথ দেখিয়েছিলেন।

্তৃতীয় দিন ধলপহরে 'জুরুক্ফ' চলে গেল আসেম। একপাশে লাড়িয়ে ও দেখতে লাগল সুসলিম ফৌজের অভিযান প্রভৃতি। জারবের সীমানা ছাড়িয়ে দূরে জনেক দূরে এরা নিয়ে খাছে ভৌহিদের পতাকা। পিতা নোমান এবং ছাছা সালেমকে বিদায় দিতে জাবদুয়াও সাথে এসেছিল। আসেমের খোড়ার বাগ ধরে এক পাশে দাঁড়িয়েছিল ও।

ইসলাম এহণ করার পূর্বে যেসব রইসরা উচ্ নীচ্র পার্থকা ধরে রাখতেন প্রচল্ডভাবে ভারাও ছিলেন ও বাহিনীতে। স্বীয় কবিলার প্রাধান্য বিস্তারে যারা বইয়ে দিতেন রক্তের নদী, এখানে ছিলেন, ভারাও। ছিলেন সে সব মর্যাদা সম্পন্ন সাহাব্যরা, যাঁদের সমন্ত্র কেটেছে রাস্লের (সঃ) সামিধ্যে। এ বাহিনীতে ছিলেন অসংখ্য বীর ধোদ্ধা। অথচ সেনা বাহিনীর নেতৃত্ব দেয়া হল এমন এক যুবককে, রস্প প্রেমই ফার সংল। নবীজীর গোলামী করে বে পেয়েছিল মন্যত্বের মর্যাদা। দেনাপতি যুবক ওলামা ছিলেন ঘোড়ার পিঠে। মীচে দাঁড়িয়ে ভাকে পরামর্থ এবং নির্দেশ দিছিলেন গাল্বাকর। কারো কোন উদ্বেশ নেই।

কেউ বলছেনা, এত বড় বড় সাহাবা, অভিজ্ঞ সালার এবং বিভিন্ন কবিলার প্রভাবশালী সদরিরা থাকতে এই কি যুবককে কেন সেনাবাহিনীর নেতৃত্ব দেয়া হল। কতইবা হবে তার বয়েস। সতের কি বিশ। ইসলাম ঘুচিয়ে দিয়েছে গোলাম ভৃত্যের ভেদাভেদ। খোদায়ী জ্যোতির বালমলে আলো নিভিয়ে দিয়েছে জাহেলী অহমিকার অন্ধকার। যারা উসামার পরিবর্তে একজন অভিজ্ঞ সালারকে নেতৃত্ব দেয়ার পরামর্শ দিয়েছিলেন, খলিফা তাদের বলেছিলেনঃ 'উসামাকে নির্বাচন করেছেন আল্লার রাস্ল (সঃ)। কোন অবস্থাতেই আমি তার সিদ্ধান্ত বদলাতে পারবনা।'

চলতে শুরু করেছে মুসলিম বাহিনী। ঘোড়ায় সপ্তয়ার উসামা (রাঃ)। খলিফা আব্বকর (রাঃ) তার সাথে হেঁটে যাচ্ছেন। খলিফার মর্যাদা সম্পর্কে উসামা (রাঃ) বেখবর ছিলেননা। তার কণ্ঠ থেকে বিনয় ঝরে পড়লঃ 'খলিফাতুল মুসলিমীন। আমায় লজ্জা দিবেননা। আপনিও ঘোড়ায় চেপে বস্ন, নয়তো আমি নেমে যাচ্ছি।'

ঃ ' না উসামা।' খলিফা বললেন 'এ পায়ে খোদার পথের ধুলো মাখতে দাও।'

ইসলামী লশকর এখনো দিগন্তে মিলিয়ে যায়নি। আসেম আবদুল্লার হাত থেকে বলগা তুলে নিয়ে বললঃ 'আবদুল্লা। আমি তোমার আববা এবং মামার সাথে যাচ্ছি।'

ঃ ' কিন্তু আপনি তো তাদেরকে শুধু বিদায় জানাতে এসেছিলেন!'


আসমে ঘোড়ায় চড়ে বলল ঃ 'তোমার আম্মাকে বলবে, আমার ফিরে আসা পর্যন্ত ইউনুসরা তোমাদের বাড়ীতেই থাকবে।'

ঘোড়া ছ্টিয়ে দিল আসম। মরুর বাতাসে ঝড় তুলে ছুটে চলল তার ঘোড়া। একট্ পর গিয়ে সামিল হলে কাফেলার সাথে। এই সেই কাফেলা, যাদের ঘোড়ার পায়ের খটাখট শব্দে কেঁপে উঠবে কাইজারও কিসরার রাজপ্রাসাদ। সাহসে সাহসে ভরা মূজাহিদদের অন্তর। ইয়ারমৃক, কাদেসিয়া আর আজনাদাইনের প্রান্তরে ওদের জন্য অপেক্ষা করছে 'বিজয়'।

মুসলিম বাহিনী চলে যাবার পর অল্প কজন মাত্র সাহাবী ছিলেন মদিনা। এরা রয়ে গেছেন মদিনাকে হেফাজত করার জন্য। প্রিয়জনদের বিদায় জানাতে যারা এসেছিলেন, খলিফা তাদের মাঝে দাঁড়ালেন। তাকালেন সবার মুখের দিকে। ধর্মত্যাগীদের পক্ষ থেকে মদিনায় কি বিপদ আসতে পারে এরা তা জানতেন। কিন্তু কারো চোখে মুখে ভয়ের চিহ্ন নেই। নেতার অন্তিম নির্দেশ পালন করতে পেরে ওরা আজ আনন্দিত। ওদের ঠোট নড়ছে। মুজাহিদদের জন্য বেরিয়ে আসছে হৃদয় থেকে প্রার্থনা।

এ দোয়া যে কবৃল হবে তা খলিফার চাইতে কে বেশী জানত। এদের পথের ধূলায় হারিয়ে যাবে কাইজার ও কিসরার রাজপ্রাসাদ। মুসলিম শিশু কিশোরদের চোখে আশার ঝিলিক। অনারবের বর্বরতা আর অজ্ঞতার পতাকা ধূলায় লুটাবে যারা এ কাফেলা তো তাদেরই অগ্রবাহিনী। এরা যখন ফিরবে বিজয়ীর বেশে, আমরাইতো তাদের অভ্যর্থনা জানাব। া কিশোররাই হবে আগামী দিনের মুজাহিদ। এরাই ইসলামের পতাকা বয়ে নিয়ে যাবে আরবের সীমানা ছাড়িয়ে। যেখানে থেমে গিয়েছিল সাইরাস আর আলেকজাভারের গতি। কিন্তু গারা বৈশানিক শক্তিতে বিশ্বাসী, কিসরার বিজয় মৃত্বুর্তে যারা উপহাস করেছিল কোরানের ভালিয়াত বাণীকে, যারা রাসুলের ওফাতের সংবাদ শুনে হেরার জ্যোতি ছেড়ে ডুব দিয়েছিল কুলারার গহীনে— ইসলামী লশকর রোম পর্যন্ত যেতে পারবে এ বিশ্বাস তাদের ছিলনা। ওরা তেবেছিল, সিরিয়ায় মুসলমানরা পরাজিত হলে মদিনা হবে তাদের করুণার পাত্র।

বিদ্ধু কদিন পর ওরা টের পেল মদিনা আক্রমনের চেষ্টা ব্যর্থ। বিজয়ীর বেশে ফিরে আসছেন য্যাত উসামা (রাঃ)। রাসুলের মৃত্যুতে যারা ভেবেছিল নিডে যাবে সত্যের আলো, হারিয়ে যাবে হালামের নূর, থেমে যাবে মোজাহিদদের কাফেলা, উৎকট পেরেশানী নিয়ে ওরা তাকিয়ে নাইল বিজয়ী সে কাফেলার দিকে। তাদের অবাক করা চোখে একটাই প্রশ্ন, ইসলামের আলোকিক শক্তিক যুগ এখনো কি শেষ হয়নি? এর আধিপত্য কি তবে শেষ হবার নয়! ইসলামের শক্তির উৎস কি রাসুল তথা নেতার সাথে সম্পর্কিত নয়? ইসলামের আলো কি তলে সত্যি চিরন্তন এবং শাশ্বত। কিন্তু সে চিরন্তনতা কতদিনের? এর কোন জবাব তাদর কছে ছিলনা। আজো এ প্রশ্ন বিশ্বের এ প্রান্ত থেকে ওপ্রান্ত পর্যন্ত প্রতিধ্বনি তোলে। আল্লার দ্বীনকে যারা দ্বিয়ার বুক থেকে চিরতরে মিটিয়ে দিতে চায় এ প্রশ্ন আজো তাদের বুকে জাগায় ভয়ের কালন। মহাকালের যে প্রান্তরেই ওরা চোখ মেলে ধরে, দেখতে পায় বিজয়ীর শিরোপা নিয়ে ছটে আসছে মর্দে মুমীন ছুয়ে আসছেন হয়রত উসামা (রাঃ) বা তার পরবর্তী কোন সালার, নতুন কোন মূজাহিদ—যুগের জীবন্ত নকীব।



## SCANNED by

Bandhan 1983

send books at this address priyoboi@gmail.com

pdf by ttorongo

